

নবী (স্ল্যাঞ্চ) জীবনের অত্যাশ্চর্য ঘটনাবলী

১ম খন্ড



অনুবাদ

খাসারেন্দুল কুবরা

রচনা

জালালুদ্দীন আবদুর রহমান সিয়ুত্তী (রাহঃ)

অনুবাদ

মুহিউদ্দীন খান

সম্পাদক : মাসিক মদীনা, ঢাকা

মদীনা পাবলিকেশন্স

খাসায়েসুল কুবরা
 জালালুদ্দীন আব্দুর রহমান সিয়ুতী (রাহঃ)
 অনুবাদ : মুহিউদ্দীন খান
 সম্পাদক : মাসিক মদীনা, ঢাকা

প্রকাশকের কথা

আল্লাহ পাকের অশেষ রহমতে বিশ্ববিখ্যাত গ্রন্থ আল খাসায়েসুল কুবরার বাংলা অনুবাদ প্রকাশিত হল। এজন্য আমরা মহান আল্লাহর দরবারে অশেষ শুকরিয়া আদায় করছি।

সীরাত পাঠক মাত্রই ‘খাসায়েসুল কুবরা’ গ্রন্থটির নামের সাথে সম্যক পরিচিত। কারণ সীরাতের বিখ্যাত প্রায় সকল কিতাবেই উক্ত গ্রন্থের উদ্বৃত্তি রয়েছে। এ পরিচিতির ফলেই বাংলা ভাষাভাষী পাঠকগণ দীর্ঘদিন যাবত পুস্তকটির বাংলা অনুবাদের তৈরি প্রয়োজনীয়তা উপলক্ষ্য করে আসছিলেন। সকলের সে চাহিদার কথা বিবেচনা করেই আমরা এ মর্যাদাবান গ্রন্থটির বাংলা অনুবাদ পাঠকগণের হাতে তুলে দিতে পেরে নিজেদের ধন্য মনে করছি।

প্রতিষ্ঠাকাল থেকেই মদীনা পাবলিকেশান্স ইসলামের মৌলিক বিষয়াবলীর উপর গুরুত্বপূর্ণ পুস্তকসমূহ প্রকাশের কাজে ব্রতী রয়েছে। এক্ষেত্রে বাণিজ্যিক লক্ষ্য অর্জনের বিষয়টিকে প্রাধান্য না দিয়ে পাঠকগণের প্রয়োজনীয়তা ও সহজ লভ্যতার দিকেই আমরা বেশি যত্নবান থাকার চেষ্টা করি। আমাদের দেশের যারা বই পুস্তক পড়ার ক্ষেত্রে বেশি আগ্রহী তাদের বেশিরভাগই অর্থনৈতিক দিক থেকে তেমন সামর্থ্যবান নন। আবার যারা সামর্থ্যবান তাদের অধিকাংশই বই পুস্তক পাঠে উদাসীন। এ অবস্থাটি বিবেচনায় রেখেই আমরা যতটুকু সম্ভব কর্মসূলে পাঠকগণের হাতে বিভিন্ন বই পুস্তক তুলে দিতে সচেষ্ট রয়েছি।

মাসিক মদীনা সম্পাদক আমাদের সকলের পরম শ্রদ্ধাভাজন মওলানা মুহিউদ্দীন খান সাহেব নিরস্তর কঠোর পরিশ্রমের দ্বারা বাংলা ভাষায় দিনী বই পুস্তকের বিপুল চাহিদা পূরণে তাঁর সাধ্যমত কাজ করে যাচ্ছেন। তাঁর এ একাধি সাধনা ও শ্রম যে কত ব্যপক তা প্রত্যক্ষ না করলে অনুধাবন করাও সম্ভব নয়। আমরা সকলের নিকট দোয়াপ্রার্থী আল্লাহ পাক যেন তাঁর এ সাধনা ও মেধা কবুল করেন। তাঁকে সুস্থতা ও দীর্ঘ হায়াত দানের মাধ্যমে দ্বিনের খেদমত করার তোফিক দান করেন।

আমরা যতশীত্র সম্ভব এ গ্রন্থের দ্বিতীয় খণ্ডসহ আরো নতুন কিছু বই পুস্তক পাঠকগণের হাতে তুলে দেয়ার আশা রাখি। সকলের সহযোগিতা আমাদের পাথেয়।

বিমীত

প্রথম প্রকাশ :
 রবিউল আওয়াল : ১৪১৯ হিজরী
 শ্রাবণ : ১৪০৫ বাংলা

তৃতীয় সংস্করণ :
 শাওয়াল : ১৪১৯ হিজরী
 মাঘ : ১৪০৫ বাংলা
 ফেব্রুয়ারী : ১৯৯৯ ইংরেজী

প্রকাশক :
 মদীনা পাবলিকেশান্স-এর পক্ষে
 মোস্তফা মঙ্গলউদ্দীন খান
 ৩৮/২, বাংলাবাজার, ঢাকা-১১০০

বর্ণ বিন্যাস :
 ডিজিটাল কম্পিউটার

প্রচ্ছদ পরিকল্পনায় :
 মোস্তফা মঙ্গলউদ্দীন খান

মুদ্রণ ও বাঁধাই :
 মদীনা প্রিন্টার্স
 ৩৮/২ বাংলাবাজার, ঢাকা-১১০০।

মোস্তফা মঙ্গলউদ্দীন খান

‘খাসায়েসুল কুবরা’ বিশ্ববিখ্যাত ইসলামী মনীষা আল্লামা জালালুদ্দীন আবদুর রহমান সিয়ুতীর (রাহঃ) একটি বিশ্বয়কর রচনা। আখেরী নবী হযরত মুহম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহে ওয়া ছাল্লামের মহোত্তম জীবনের আশ্চর্যজনক দিকগুলো সম্পর্কিত ছহীহ বর্ণনার এক অপূর্ব সমাহার এই মহাগ্রন্থটি। হিজরী নবম শতাব্দীর পর সারা দুনিয়াতে সীরাতে নববীর (সাঃ) যতগুলো পরিপূর্ণ গ্রন্থ রচিত হয়েছে, সেগুলোর মধ্যে এমন গ্রন্থ খুব কমই পাওয়া যাবে যাতে ‘খাসায়েসুল কুবরা’ নামক গ্রন্থটির উদ্ভৃতি দেখা যায় না।

দুই খণ্ডে সমাপ্ত এই অসাধারণ গ্রন্থটি সম্পর্কে খোদ আল্লামা সিয়ুতী (রাহঃ) গ্রন্থের ভূমিকায় লেখেছেন, “আমার শ্রমসাধ্য এই রচনাটি এমন উচ্চ মর্তবাসম্পন্ন একখানা কিতাব যার অনন্য বৈশিষ্ট্য সম্পর্কে আলেম ব্যক্তিমাত্রই সাক্ষ্য দিবেন। এটি এমন এক রহমতের মেঘশওয় যার কল্যাণকর বারি সিঞ্চনে নিকটের এবং দূরের সবাই উপকৃত হবেন। নিঃসন্দেহে এটি একটি অসাধারণ মূল্যবান রচনা। অন্যান্য সীরাত গ্রন্থের মোকাবেলায় এটি এমন এক কিতাব যাকে কোন স্মাটের মাথার মুকুটে সংস্থাপিত একখানা উজ্জ্বল হীরক খণ্ডের সাথেই তুলনা করা যেতে পারে।.... এটি এমন একটি সুগঞ্জি ফুলের সাথেই শুধু তুল্য হতে পারে, যার সুর্গন্ধ কখনও বিনষ্ট হয় না। হাদয়-মন আলোকোজ্জ্বলকারী এই অনন্য গ্রন্থটি পাঠ করে সবাই উপকৃত হবেন, আলোকিত হবেন এবং অসীম পুণ্যের অধিকারী হবেন।

আমার এই গ্রন্থটি অন্যান্য সকল কিতাবের তুলনায় শ্রেষ্ঠত্বের দাবী রাখে। মুমিনগণের অন্তরে এই কিতাব দৃঢ় প্রত্যয় সৃষ্টিতে সহায়ক হবে, ঈমান বৃদ্ধি করার মাধ্যম প্রতিপন্ন হবে। কেননা, বিশেষ সর্তকর্তার সাথে অত্যন্ত পুণ্যবান বুয়ুর্গগণের বর্ণনা চয়ন করে এই কিতাবে সন্নিবিষ্ট করা হয়েছে।

জালালুদ্দীন সুয়ুতীর (রাহঃ) জন্ম ৮৪৯ হিজরীর ১লা রজব মোতাবেক ১৪৪৫ খ্রিষ্টাব্দের ৩৩ অক্টোবর তারিখে মিসরের রাজধানী কায়রোতে। তাঁর পিতা শায়খ কামালুদ্দীন (মৃ-৮৫৫ হিঃ) ছিলেন একজন বিশিষ্ট আলেম ও কাজী। কায়রোতে খলীফার প্রাসাদে ইমামের দায়িত্ব পালনকালে সিয়ুতীর (রাহঃ) জন্ম হয়। সে যুগের দুইজন সেরা আলেম তাঁর মহিমময় জীবন গঠনের মূল স্থপতি ছিলেন। শিশুকালে পবিত্র কোরআন হেফজ করার পর পরই পিতা শায়খ কামাল উদ্দীনের ইন্দ্রেকাল হয়ে যাওয়ার পরও তাঁর উচ্চশিক্ষা গ্রহণে কোন বিষয় সৃষ্টি হয়নি। তিনি হাদীস শাস্ত্রে ইবনে হাজার আস্কালানীর (রাহঃ) নিকট থেকে সনদপ্রাপ্ত ছিলেন। হাদীস, তফসীর, উল্মুল-কোরআন, ফেকাহ, ইতিহাস, দর্শনসহ দ্বীনি এলেমের সবক’টি শাখাতেই সিয়ুতীর (রাহঃ) অসাধারণ দৃঢ়পুরি ছিল এবং সরু ক’টি বিষয়েই তিনি

অত্যন্ত মূল্যবান রচনা রেখে গেছেন। বিশ্ববিখ্যাত তফসীর জালালাইন শরীফের প্রথম অর্ধাংশ জালালুদ্দীন সিয়ুতীর (রাহহঃ) রচনা। কথিত আছে যে, মাত্র চাপ্পিশ দিনের মধ্যে তিনি এই কিতাবটির রচনা সমাপ্ত করেন। এ ছাড়াও হাদীস, তফসীর, ফেকাহ, কোরআনের তত্ত্বজ্ঞান, ইতিহাস প্রভৃতি দ্বিনি এলেমের গুরুত্বপূর্ণ সবক'টি বিষয়েই তাঁর রচিত মূল্যবান গ্রন্থ সারা দুনিয়াতেই অত্যন্ত যত্নের সাথে পঢ়িত হয়ে থাকে। সিয়ুতীর (রাহহঃ) রচিত পুস্তক-পুস্তিকার সংখ্যা ছিল সহস্রাধিক। তন্মধ্যে নানা বিতর্কিত বিষয়ে রচিত কিছু পুস্তিকা তিনি নিজ হাতে বিনষ্ট করে দিয়েছিলেন। তারপরও এখনও পর্যন্ত যেসব গ্রন্থ সমগ্র বিশ্বময় প্রচলিত আছে সেগুলোর সংখ্যা বিখ্যাত প্রাচ্যবিদ ক্রিকল্ম্যানের মতে চারশো পনেরোটি।

আল্লামা সিয়ুতীর (রাহহঃ) জীবনীকার শামসুদ্দীন দাউদী (মৃ ১৪৫ হিঃ) লেখেছেন যে, হাদীস, তফসীর, ইতিহাস এবং দ্বিনি এলেমের অন্যান্য শাখায় সিয়ুতী (রাহহঃ) ছিলেন তাঁর যুগের সর্বশেষ বিশেষজ্ঞ। তাঁর তুল্য আর কেউ ছিলেন না।

সিয়ুতীর (রাহহঃ) পূর্বপুরুষগণ ছিলেন ইরানের অধিবাসী। ‘আস্যুত’ নামক জনপদে তাঁরা বসতি স্থাপন করেছিলেন বলেই তিনি নামের সাথে সিয়ুতী লেখতেন।

সিয়ুতী (রাহহঃ) কর্মজীবনের সূচনা করেছিলেন তখনকার মিসরের সর্বোচ্চ ইসলামী বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার মাধ্যমে। কিন্তু ১০৬ হিজরীতে অধ্যাপনা ত্যাগ করে আরোখা নামক একটি দ্বীপে বসবাস করে অবশিষ্ট জীবন গ্রন্থ রচনায় নিমগ্ন থাকেন। এখানেই ১১১ হিজরীর ১৯শে জুমাদাল-উলা (খ ১৫০৫) ইন্তেকাল করেন।

‘খাসায়েসুল কুবরা আমার সর্বাপেক্ষা প্রিয় গ্রন্থগুলোর একটি। বাংলাভাষাভাষা পাঠক-পাঠিকাগণের খেদমতে এই মহৎ গ্রন্থটি পেশ করতে পেরে নিজেকে ধন্য মনে করছি। আপাততঃ প্রথম খণ্ডটি প্রকাশ করা হলো। দ্বিতীয় খণ্ডটিরও অনুবাদ সমাপ্ত হয়েছে। খুব শীঘ্ৰই সে খণ্ডটি ও আগ্রহী পাঠকগণের খেদমতে পেশ করা যাবে বলে আশা করছি। সকলের নিকট দোয়ার আবেদন রাইল।

বিনয়াবন্ত

মুহিউদ্দীন খান

রবিউল আওয়াল, ১৯১৪

মদীনা ভবন

বাংলাবাজার, ঢাকা

সূচীপত্র

১	পৃষ্ঠা
১	১
১০	১০
১২	১২
১৪	১৪
১৭	১৭
১৮	১৮
১৯	১৯
২০	২০
৩৬	৩৬
৬৫	৬৫
৭০	৭০
৭৭	৭৭
৮২	৮২
৮৩	৮৩
৮৭	৮৭
১০১	১০১
১০১	১০১
১১২	১১২
১১৫	১১৫
১১৬	১১৬
১১৮	১১৮
১১৯	১১৯
১২০	১২০
১২৪	১২৪
১২৫	১২৫
১২৮	১২৮
১৩৬	১৩৬
১৩৮	১৩৮
১৩৯	১৩৯
১৪০	১৪০
১৪১	১৪১
	৪৪

রসূলুল্লাহ (সাঃ)-এর সৃষ্টি ও নবুওয়ত সকল পয়গাওয়ারের অগ্রে
জ্ঞাতব্য বিষয়
নবীগণের কাছ থেকে দৈমান ও সাহায্যের অঙ্গীকার নেয়া খেলাফতের
জন্যে বয়াত নেয়ার অনুরূপ
রসূলুল্লাহ (সাঃ)-এর মোবারক নাম আল্লাহর নামের সাথে আরশে নির্খিত আছে
হ্যরত আদম (আঃ) -এর আমলে এবং আকাশে আয়ানে
রসূলুল্লাহ (সাঃ)-এর পবিত্র নাম
হ্জুর (সাঃ)-এর জন্যে নবীগণের কাছ থেকে দৈমানের অঙ্গীকার নেয়া
আল্লাহ তায়ালা হ্যরত ইবরাহীম (আঃ) ও তাঁর সন্তানদেরকে
রসূলুল্লাহ (সাঃ)-এর আগমন সম্পর্কে অবগত করে দিয়েছিলেন
আল্লাহ তায়ালা হ্যরত মৃসাকে (আঃ) রসূলুল্লাহ (সাঃ)-এর
আগমন সম্পর্কে অবগত করেছেন
রসূলুল্লাহ (সাঃ)-এর আবির্ভাবের পূর্বে খৃষ্টান, ইহুদী
আলেম ও সন্ন্যাসীদের ঘটনাবলী
নবী করীম (সাঃ)-এর আবির্ভাব সম্পর্কে অতীন্দ্রিয়বাদীদের খবর
পবিত্র নাম পাথরে খোদিত পাওয়া গেছে
রসূলুল্লাহ (সাঃ)-এর বংশগত পবিত্রতা
হ্যরত আবদুল মোতালিবের স্বপ্ন
মাতগর্তে অবস্থানকালে যে সকল মোজেয়া প্রকাশ পায়
হস্তীবাহিনীর ঘটনা রসূলুল্লাহ (সাঃ) ও তাঁর শহরের সম্মান
আবদুল মোতালিব কর্তৃক যমযম খননকালে
শবে মীলাদের মোজেয়া
দোলনায় চাঁদের সাথে কথাবার্তা
দুঃখপানকালে প্রকাশিত মোজেয়া
মোহরে-নবুওয়ত সম্পর্কে রেওয়ায়েত
চক্ষু সম্পর্কিত মোজেয়া ও বৈশিষ্ট্য
পবিত্র মুখ ও থথু সম্পর্কিত মোজেয়া
নূরোজ্জল মুখমণ্ডল সম্পর্কিত মোজেয়া
কথাবার্তা
অন্তর মোবারক
কর্ণ
কর্তৃপক্ষ, বুদ্ধিজ্ঞান, ঘর্ম
রসূলুল্লাহ (সাঃ)-এর মহান গুণাবলী
মোবারক নামসমূহ
রসূলুল্লাহ (সাঃ)-এর নাম আল্লাহ তায়ালার নাম থেকে উদ্ভৃত
মাতুলালয়ে প্রকাশিত মোজেয়া
জননীর মৃত্যুর সময় প্রকাশিত মোজেয়া
সকল কাজে সাফল্য
আবদুল মোতালিব নবী করীম (সাঃ)-এর মর্যাদা সম্পর্কে জ্ঞাত ছিলেন

আবু তালেবের পালনকালে প্রকাশিত মোজেয়া
 আবু তালেবের সঙ্গে সিরিয়া সফর
 হ্যরত আবু তালেব তাঁর মাধ্যমে বৃষ্টির জন্য দোয়া করেন
 রসূলুল্লাহকে (সাঃ) দেখে ইহুদীদের পলায়ন
 আবু লাহাবের মনে বিদ্বেশ সৃষ্টি হওয়ার সূচনা
 মূর্খতা যুগের আচার-আচরণ থেকে রসূলুল্লাহ (সাঃ)-এর হেফাজত
 যৌবনে কোরায়শরা রসূলুল্লাহকে (সাঃ) 'আমীন' বলত
 হ্যরত খাদিজা (রাঃ)-এর পশ্চসামৰী নিয়ে সিরিয়া সফর
 নবুয়ত প্রাপ্তির সময় যে সকল মোজেয়ার প্রকাশ ঘটেছে
 অভিন্নিয়বাদীদের কথা ও গায়েবী আওয়াজ
 আবির্ভাবের সময় প্রতিমা উপড় হয়ে পড়ে গেল
 নবী (সাঃ)-এর আবির্ভাবের কারণে আকাশের হেফাজত
 কোরআনের মোজেয়া
 কোরআনী মোজেয়ার প্রকারভেদ
 নবী করীম (সাঃ) জিবরাস্লিকে (আঃ) আসল আকৃতিতে দেখেছেন
 আবির্ভাব ও হিজরতের মধ্যবর্তী সময়ে প্রকাশিত মোজেয়া
 ছাগল ছানার দুধ বের করা
 হ্যরত খালেদ ইবনে সায়িদ ইবনে আছ (রাঃ)-এর স্বপ্ন
 একটি পাত্রে চলিষ্ঠ জনকে তৃষ্ণি সহকারে আহার করানো
 মাটি থেকে পানি বের হওয়া
 চন্দ্র দ্বিখণ্ডিত করার মোজেয়া
 মানুষের অনিষ্ট থেকে হেফায়তের ওয়াদা
 আবু জাহেলের অনিষ্ট থেকে হেফায়ত
 মখ্যুমাদের অনিষ্ট থেকে হেফায়ত
 কুস্তিতে রোকানা পাহলোয়ানকে ধর্মাশারী করা
 ওসমান (রাঃ)-এর ইসলাম গ্রহণের সময়কার মোজেয়া
 হ্যরত ওমর (রাঃ)-এর ইসলাম গ্রহণের সময়কার মোজেয়া
 হ্যরত যেমাদের ইসলাম গ্রহণের দৃশ্য
 তোফায়ল ইবনে আমর দওসীর ইসলাম গ্রহণ
 জিনদের ইসলাম গ্রহণ
 রোম যুদ্ধ
 পরীক্ষার ছলে কাফেরদের প্রশ্ন করা
 মুশরিকদের নির্যাতনের সময়কার মোজেয়া
 আল্লাহতায়ালা মুশরিকদের গালিগালাজ সরিয়ে দেন
 আবু লাহাবের পুত্রের জন্যে বদ দোয়া
 কোরায়শদের জন্যে দুর্ভিক্ষের বদ দোয়া
 আবিসিনিয়ায় হিজরত
 চুক্তিপত্রের ঘটনায় প্রকাশিত মোজেয়া
 মেরাজের ঘটনা
 মেরাজ সম্পর্কে হ্যরত আয়েশার (রাঃ) হাদীস
 হ্যরত উম্মে সালামাহর (রাঃ) হাদীস
 হ্যরত আয়েশার (রাঃ) সাথে বিবাহ

১৪৫	হ্যরত রেফায়ার (রাঃ) ইসলাম গ্রহণ
১৪৬	গোত্রসমূহের সামনে নিজেকে পেশ করা
১৫১	হিজরত
১৫২	ইহুদীদের আগমন ও বিভিন্ন প্রশ্ন করা
১৫২	মদীনা থেকে মহামারী, ভুর ও প্রেগ অপসারিত
১৫৪	মসজিদে নববীর নির্মাণ
১৫৯	বিভিন্ন যুদ্ধে মোজেয়ার প্রকাশ
১৬১	গাতফান যুদ্ধ
১৬২	ইহুদীদের ছুক্তি লজ্জন ও নির্বাসন
১৮২	কাব ইবনে আশরাফের হত্যা
১৯৮	গুরু যুদ্ধ
১৯৯	হামরাউল আসাদের ঘটনা
২০৩	বৌরে মাউনার ঘটনা
২১৪	যাতুর-রিকার যুদ্ধ
২২১	খন্দক যুদ্ধ
২২৩	বীরী কুরায়মা যুদ্ধ
২২৪	অপবাদের ঘটনা
২২৫	আচহাবে ওরায়নার ঘটনা
২২৭	দওয়াতুল-জন্দলের যুদ্ধ, হোদায়বিয়ার ঘটনা
২২৯	ঝীকার্দ যুদ্ধ
২৩১	খয়বর যুদ্ধ
২৩৩	আবদুল্লাহ ইবনে রাওয়াহার লশকর
২৩৩	ওমরাত্তল কায়া
২৩৭	গালেব লায়ছীর অভিযান, মৃতা অভিযান
২৩৯	যাতুস সালাসিল অভিযান
২৪৩	সাইফুল বাহর অভিযান
২৪৪	মক্কা বিজয়
২৫০	হুনায়ন যুদ্ধ
২৫২	তায়েফ যুদ্ধ
২৫৫	তাবুক যুদ্ধ
২৬৭	আসওয়াদ অভিযান
২৬৯	
২৭১	
২৭৫	
২৭৬	
২৭৯	
২৮০	
২৮৩	
২৮৬	
৩৩৩	
৩৩৮	
৩৪৩	

শুক্রি

পুস্তকটির ৪০০ পৃষ্ঠায় পরিত্র কোরআনের আয়াতের উদ্ধৃতি

..... مافی একটি শব্দ বাদ পড়েছে।

سبح لَّهُ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ

سبح পড়তে হবে।

৩৪৪
৩৪৫
৩৪৯
৩৬১
৩৬৮
৩৭০
৩৭৩
৩৯৮
৪০০
৪০৩
৪০৩
৪১৮
৪২৩
৪২৫
৪৩০
৪৪৩
৪৪৫
৪৫২
৪৫৩
৪৭২
৪৭৬
৪৮৫
৪৮৬
৪৮৭
৪৯২
৪৯৩
৪৯৩
৫০৫
৫০৮
৫১০
৫১৯

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

نَحْمَدُهُ وَنُصَلِّى عَلَى رَسُولِهِ الْكَرِيمِ

রসূলুল্লাহ (সা:) -এর সৃষ্টি ও নবুওয়ত

সকল পয়গাম্বরের অংশে

আল্লাহ পাক এরশাদ করেছেন—

وَإِذَا أَخَذْنَا مِنَ النَّبِيِّينَ مِثْقَالَهُمْ

শ্বরণ কর যখন আমি নবীগণের কাছ থেকে তাদের অঙ্গীকার গ্রহণ করলাম।

ইবনে আবী হাতেম স্বীয় তফসীর গ্রন্থে এবং আবু নায়ীম তাঁর “আদ্দালায়েল” গ্রন্থে উপরোক্ত আয়াতের তফসীর প্রসঙ্গে কাতাদাহ, হাসান ও আবু হুরায়রা (রাঃ) থেকে রসূলুল্লাহ (সা:) -এর এই উক্তি উদ্ভৃত করেছেন- “আল্লাহ তায়ালা আমাকে সকল পয়গাম্বরের অংশে সৃষ্টি করেছেন এবং সকলের শেষে প্রেরণ করেছেন। এ কারণেই তিনি আমার কাছ থেকে অঙ্গীকারও সকলের অংশে নিয়েছেন।

আবু সহল কাতান স্বীয় ‘ইমামী’ গ্রন্থে সহল ইবনে সালেহ হামদানী থেকে রেওয়ায়েত করেছেন যে, তিনি আবু জাফর মোহাম্মদ ইবনে আলীকে জিজ্ঞাসা করলেন : নবী করীম (সা:) সকলের শেষে প্রেরিত হয়েও সকল পয়গাম্বরের অংশে কিরূপে হলেন? জবাবে আবু জাফর মোহাম্মদ ইবনে আলী বললেন : আল্লাহ তায়ালা যখন আদম (আঃ)-এর ওরস থেকে তাঁর সমস্ত বংশধরকে সৃষ্টি করেন, তখন তাদের কাছ থেকে সাক্ষ্য নেন যে, আমি কি তোমাদের প্রতিপালক নই? জবাবে সকলের অংশে হ্যরত মোহাম্মদ (সা:) বললেন : "بَلٰى" (হ্যাঁ)। এ কারণেই তিনি সকল পয়গাম্বরের অংশে, যদিও তিনি প্রেরিত হয়েছেন সকলের শেষে।

আহমদ, বোখারী (স্ব-স্ব ইতিহাস গ্রন্থে), তিবরানী, হাকেম ও আবু নায়ীম সাহাবী মায়সারাতুল ফজর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি জিজ্ঞাসা করলেন : ইয়া রসূলুল্লাহ! আপনি কখন নবী মনোনীত হয়েছেন? তিনি বললেন : যখন আদম (আঃ) আঢ়া ও দেহের মধ্যবর্তী অবস্থায় ছিলেন।

আহমদ, হাকেম ও বায়হাকী ইরবায ইবনে সারিয়া (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, তিনি রসূলুল্লাহ (সা:) -কে এ কথা বলতে শুনেছেন : আমি আল্লাহ তায়ালার কাছে “উস্মুল কিতাবে” (লওহে মাহফুয়ে) তখন নবী ছিলাম, যখন আদম (আঃ) মৃত্তিকায় লটোপুটি খাচ্ছিলেন। হাকেম, বায়হাকী ও আবু নায়ীম হ্যরত

আবৃ ভুবায়রা (রাঃ) থেকে বর্ণনা করেন- নবী করীম (সাঃ)-কে জিজ্ঞাসা করা হল, আপনাকে কখন নবী নিযুক্ত করা হল? তিনি বললেনঃ তখন, যখন আদম (আঃ) জন্ম ও আত্মা ফুঁকার মধ্যবর্তী পর্যায়ে ছিলেন।

আবৃ নায়িম সালেজী থেকে রেওয়ায়েত করেন, হযরত ওমর (রাঃ) রসূলুল্লাহ (সাঃ) কে প্রশ্ন করেনঃ আপনি কখন নবী নিযুক্ত হয়েছেন? উত্তর হলঃ তখন, যখন আদম (আঃ) মৃত্তিকায় লুটোপুটি খাচ্ছিলেন।

ইবনে সাদ ইবনে আবুল জাদআ (রাঃ) থেকে বর্ণনা করেন, তিনি রসূলুল্লাহ (সাঃ)-কে জিজ্ঞাসা করলেনঃ আপনি কবে নবী মনোনীত হয়েছেন? তিনি বললেনঃ তখন, যখন আদম (আঃ) রূহ ও দেহের মাঝখানে ছিলেন।

ইবনে সাদ মুতরিফ ইবনে আবদুল্লাহ ইবনে শাখীর (রাঃ) থেকে বর্ণনা করেন যে, এক ব্যক্তি রসূলুল্লাহ (সাঃ)কে প্রশ্ন করলঃ আপনি কবে নবী হিসাবে মনোনীত হয়েছেন? তিনি বললেনঃ আদম (আঃ) যখন রূহ ও দেহের মাঝখানে ছিলেন, তখন আমার কাছ থেকে অঙ্গীকার নেওয়া হয়।

তিবরানী ও আবৃ নায়িম আবৃ মরিয়ম গামমানী থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেছেন- জনৈক বেদুঈন নবী করীম (সাঃ)-কে জিজ্ঞাসা করলঃ আপনার নবুওয়তের পূর্বে কি কি ঘটনা সংঘটিত হয়েছিল? তিনি বললেনঃ সকল পয়গাম্বরের ন্যায় আল্লাহ তায়ালা আমার কাছ থেকেও অঙ্গীকার নেন। ইবরাহিম (আঃ) আমার আগমনের জন্যে দোয়া করেন। ঈসা (আঃ) আমার আগমনের সুসংবাদ দেন। এছাড়া আমার জননী স্বপ্নে দেখেন, তাঁর পদযুগল থেকে একটি প্রদীপ প্রজ্বলিত হয়েছে, যার আলোকে সিরিয়ার রাজপ্রাসাদ পর্যন্ত আলোকিত হয়ে গেছে।

জ্ঞাতব্য বিষয়

শায়খ তকীউদ্দীন সুবকী (রহঃ) স্বীয় প্রস্তুত আয়াতের **لَتُؤْمِنُنَّ بِهِ تَوْصِيْلَهُ (তোমরা অবশ্যই তাঁর প্রতি ঈমান আনবে এবং তাঁর সাহায্য করবে।)** অংশের তফসীর প্রসঙ্গে বলেনঃ এই অংশে নবী করীম (সাঃ)-এর বিরাট মাহাত্ম্য বর্ণনা করা হয়েছে এবং ইঙ্গিত করা হয়েছে যে, তিনি অতীত পয়গাম্বরগণের আমলে প্রেরিত হলে তাঁদেরও নবী হতেন। কেন্দ্রা, তাঁর নবুওয়ত রেসালত সকল কাল ও সকল সৃষ্টিতে পরিবেষ্টিত এবং শামিল। এ কারণেই তিনি এরশাদ করেছেনঃ আমি সমগ্র সৃষ্টির জন্যে নবীরূপে প্রেরিত হয়েছি। এই “সমগ্র সৃষ্টি” বলতে কেবল ভবিষ্যৎ সৃষ্টিই নয়; বরং অতীত সৃষ্টি ও শামিল আছে। এ জন্যেই তো তিনি বলেছেন- আমি তখনও নবী ছিলাম, যখন আদম (আঃ)-এর মৃত্তিকান্বিমিত প্রতিকৃতি রূহ থেকে খালি ছিল।

কোন কোন আলেম এই শেষোক্ত হাদীসের অর্থ এই বর্ণনা করেছেন যে, রসূলুল্লাহ (সাঃ) আল্লাহ তায়ালার জ্ঞানে তখনও নবী ছিলেন। আমরা বলি, এটা ঠিক নয়। কেননা, আল্লাহ তায়ালার জ্ঞান তো সকল বস্তু ও সকল ঘটনাতেই পরিবেষ্টিত। আদম সৃষ্টির প্রাক্তলে রসূলুল্লাহ (সাঃ)-এর নবুওয়তের বিশেষভাবে উল্লেখ করা কেবল খোদায়ী জ্ঞান বর্ণনা করার জন্যে নয়; বরং এ কথা বলা উদ্দেশ্য যে, তাঁর নবুওয়ত সে সময়েই প্রতিষ্ঠিত হয়ে গিয়েছিল। এ কারণেই আদম (আঃ) চক্ষু খুলেই আরশে “মোহাম্মাদুর রসূলুল্লাহ” লিখিত দেখতে পান। যদি এই অর্থ নেয়া হয় যে, রসূলুল্লাহ (সাঃ) আল্লাহ তায়ালার জ্ঞানে ভবিষ্যৎ নবী ছিলেন, তবে এটা কেবল তাঁর বৈশিষ্ট্য নয়; বরং সকল পয়গাম্বরই আল্লাহর জ্ঞান অনুযায়ী ভবিষ্যৎ নবী ছিলেন। এ থেকে জানা গেল, কেবল রসূলুল্লাহ (সাঃ)-এরই বৈশিষ্ট্য ছিল যে, সকল পয়গাম্বরের পূর্বে তাঁকে নবুওয়তের মর্যাদায় অবিষ্টিত করা হয়। এরপর গুরুত্ব সহকারে এই বৈশিষ্ট্য ঘোষণা করা হয়েছে, যাতে তাঁর উম্মত তাঁর উচ্চ মর্যাদার সাথে পরিচিত হয়ে যায় এবং এটা উম্মতের জন্যে কল্যাণ ও বরকতের কারণ হয়।

এখানে কেউ প্রশ্ন করতে পারে যে, নবুওয়ত একটি গুণ। তাই এই গুণে যিনি গুণাবিত হবেন, তাঁর বিদ্যমান থাকা জরুরী। এছাড়া নবুওয়তের জন্যে চাল্লিশ বছর বয়ঃক্রম নির্ধারিত। এমতাবস্থায় রসূলুল্লাহ (সাঃ) প্রেরিত হওয়ার পূর্বেই কিরণে নবী মনোনীত হয়ে গেলেন? তখন তো তিনি জন্মগ্রহণও করেননি এবং প্রেরিতও হননি।

আমি বলি, আল্লাহ তায়ালা দেহ সৃষ্টি করার পূর্বে রূহ সৃষ্টি করেছেন। তাই উল্লিখিত হাদীসে ইশারা নবী করীম (সাঃ)-এর পবিত্র রূহ অথবা তাঁর হকীকত তথা স্বরূপের দিকে হতে পারে। আল্লাহ তায়ালা সকল স্বরূপ “আসল” তথা আদিকালে সৃষ্টি করে রেখেছেন। তিনি যখন ইচ্ছা করেন এ সকল স্বরূপের মধ্য থেকে কোন একটিকে অস্তিত্ব জগতে আনয়ন করেন। এ সব স্বরূপের সামগ্রিক উপলক্ষ করতে আমরা অক্ষম। কেবল আল্লাহ পাকাই সমস্ত স্বরূপ সম্পর্কে ওয়াকিফহাল অথবা যাদেরকে তিনি আপন নূরের আলোকে স্বরূপ পর্যন্ত পৌঁছার সামর্থ্য দান করেছেন। নবী করীম (সাঃ)-এর পবিত্র স্বরূপ আদম সৃষ্টির পূর্বেই আল্লাহ তায়ালা সৃষ্টি করেছেন এবং তাঁকে নবুওয়তের গুণে ভূষিত করেছেন। তাই তিনি তখনই নবী হয়ে যান। আরশে তাঁর পবিত্র নাম লিখিত হয় এবং ফেরেশতাগমসহ সমগ্র সৃষ্টিকে আল্লাহর দরবারে তাঁর সুউচ্চ মর্যাদা সম্পর্কে জ্ঞাত করে দেয়া হয়, যদিও তিনি শারীরিক দিক দিয়ে আল্লাহ প্রদত্ত সমস্ত গুণ ও বৈশিষ্ট্যসহ এ দুনিয়ায় পরে আগমন করেন। আবির্ভাব, ধর্ম প্রচার এবং বাহ্যিক জগতে নবুওয়তের যোগ্য হওয়ার দিক দিয়ে তিনি নিঃসন্দেহে সকল পয়গাম্বরের পক্ষাতে; কিন্তু তাঁর পবিত্র স্বরূপ এবং কিংবা ও আদেশ দানের দিক দিয়ে তিনি আদম (আঃ)-এরও অগ্রে।

এতে কোন সন্দেহ নেই যে, বিশ্ব চরাচরে যা কিছু ঘটে, আল্লাহ তায়ালা সে সম্পর্কে আদিকাল থেকে জ্ঞাত। আমরা যৌক্তিক ও শরীয়তের প্রমাণাদি দ্বারা সে সম্পর্কে জ্ঞান লাভ করি। আর সাধারণ মানুষ তখন জানতে পারে, যখন সেই ঘটনা বাহ্য জগতে সংঘটিত হয়ে যায়। উদাহরণতঃ নবী করীম (সাঃ)-এর নবুওয়ত সম্পর্কে সাধারণ মানুষ তখন জ্ঞাত হয়েছে, যখন তাঁর প্রতি কোরআন অবতরণ শুরু হয়েছে এবং জিবরাস্ল (আঃ) তাঁর কাছে আসতে শুরু করেছেন।

আল্লাহ তায়ালার যে সকল কর্ম কোন বিশেষ পাত্রে আল্লাহর কুদরত, ইচ্ছা ও ক্ষমতার চিহ্ন স্বরূপ হয়ে থাকে, কোরআন অবতরণ সেগুলোর মধ্যে একটি। এর দুটি স্তর রয়েছে। প্রথম স্তর সাধারণ মানুষের জন্যে প্রকাশ পায় এবং দ্বিতীয় স্তরে সেই পাত্রের জন্যে আল্লাহর এই কর্ম থেকে পূর্ণতা অর্জিত হয়ে যায়। যদিও মানুষ এই পূর্ণতা সম্পর্কে জানতে পারে না; বরং আমরা “খবরে-হাদেক” তথা বিশুদ্ধ হাদীসের মাধ্যমে এই পূর্ণতা সম্পর্কে অবগত হই। নবী করীম (সাঃ) সমগ্র সৃষ্টির সেরা সৃষ্টি। তাই তিনি সমগ্র সৃষ্টির মধ্যে সর্বাধিক পূর্ণতাপ্রাপ্ত এবং সর্বাধিক মনোনয়নযোগ্য। সহীহ হাদীসের মাধ্যমে আমরা জানতে পারি যে, নবী করীম (সাঃ)কে নবুওয়তের পূর্ণতা ও মানবতার পূর্ণতার মর্যাদা হ্যবরত আদম (আঃ) কে সৃষ্টি করার পূর্বেই দান করা হয়েছিল। আল্লাহ তায়ালা মানব সৃষ্টির পূর্বেই সকল নবীর পবিত্র আস্তাসমূহের কাছ থেকে তাঁর সম্পর্কে অঙ্গীকার নিয়েছিলেন যে, তাঁরা সকলেই তার প্রতি ঈমান আনবে এবং তাঁকে সাহায্য করবে। উদ্দেশ্য, সকল নবী জনে নিক যে, তিনি সকলের অগ্রে এবং সর্বশ্রেষ্ঠ। তিনি নবীগণের জন্যেও তেমনি নবী ও রসূল, যেমন সকল মানুষের জন্যে। তাই **لَتُؤْمِنُنَّ بِهِ وَلَتُنَصِّرُّ** ‘বাক্যাংশে কসমের লাম’ অঙ্গরাটি দাখিল করা হয়েছে।

নবীগণের কাছ থেকে ঈমান ও সাহায্যের অঙ্গীকার নেয়া খেলাফতের জন্যে বয়াত নেয়ার অনুরূপ

এ অঙ্গীকার এমন, যেমন খলিফাগণের জন্যে বয়াত নেয়া। সম্ভবতঃ খলিফাগণের জন্যে বয়াত নেয়ার পদ্ধতিটি এ অঙ্গীকার থেকেই নেয়া হয়েছে। পরওয়ারদেগোরের কাছে নবী করীম (সাঃ)-এর মাহাত্ম্য একটু অনুমান করুন। তিনি সকল নবীর নবী। সেমতে কেয়ামতের দিন সকল নবী তাঁরই পতাকাতলে সমবেত হবেন। শবে মে'রাজেও নবীগণ তাঁর এক্সেন্দো করে নামায আদায় করেছেন। যদি তিনি আদম, নূহ, ইবরাহীম, মূসা ও ঈসা (আঃ)-এর সময়কালে আগমন করতেন, তবে এই নবীগণের উপরও তাঁর অনুসরণ ও তাঁর প্রতি ঈমান আনা তেমনি জরুরী হত, যেমন তাঁদের উপরও হত। এ কারণেই আল্লাহ তায়ালা সকল নবীর কাছ থেকে অঙ্গীকার নিয়েছেন। তাই সকল পয়গাম্বরের জন্যে রসূলুল্লাহ (সাঃ)-এর নবুওয়ত ও বেসালত স্বীকার করে নেয়া অপরিহার্য। কেবল এই পয়গাম্বরণ এবং

তাঁর সন্তার সমসাময়িক হওয়া বাকী ছিল। কিন্তু তাঁর শেষ যমানায় আগমন করার কারণে এই গুণগত দাবীতে কোন পরিবর্তন আসেনি।

দু'টি বিষয় প্রণিধানযোগ্য- এক, কোন কাজ এ কারণে না হওয়া যে, সেই কাজের পাত্র উপস্থিত নেই। দুই, কর্তা সূচনাতে কাজের যোগ্যতাই রাখে না। রসূলুল্লাহ (সাঃ)-এর নবুওয়তের প্রতি নবীগণের ঈমান ও তাঁকে সাহায্য এ কারণে অস্তিত্ব লাভ করেনি যে, তিনি এই নবীগণের সময়কালে উপস্থিতই ছিলেন না। যেন পাত্র উপস্থিত ছিল না যদিও তাঁর পবিত্র সন্তার দাবীদার ছিল। এ কারণেই বলা হয়েছে যে, যদি তিনি এই নবীগণের সময়কালে আগমন করতেন, তবে তাঁদের জন্যে তাঁর অনুসরণ অপরিহার্য হয়ে যেত। সেমতে শেষ যমানায় যখন হ্যবরত ঈসা (আঃ) আগমন করবেন, তখন তিনি যথারীতি নবীও হবেন এবং রসূলুল্লাহ (সাঃ)-এর শরীয়তও জারি এবং প্রয়োগ করবেন। এ কথা বলা ঠিক হবে না যে, হ্যবরত ঈসা (আঃ) যখন শেষ যমানায় আগমন করবেন, তখন তিনি নবী হবেন না; বরং রসূলে করীম (সাঃ)-এর উপস্থিত হবেন। অবশ্যই তিনি উপস্থিত হবেন; কিন্তু উপস্থিত হওয়া হ্যবরত ঈসা (আঃ)-এর নবী হ্যবরার বিপরীত নয়। যেমন পূর্বেই বর্ণিত হয়েছে যে, নবী করীম (সাঃ) পূর্ববর্তী নবীগণের আমলে প্রেরিত হলে তাঁদের উপর তাঁর অনুসরণ ওয়াজিব হত এবং তাঁরা যথারীতি নবীও থাকতেন। কেননা, রসূলুল্লাহ (সাঃ)-এর নবুওয়ত সকল নবীর নবুওয়তকে শামিল ও পরিবেষ্টিত করে। তাঁদের শরীয়ত ও মৌলিক নীতিসমূহও রসূলুল্লাহ (সাঃ)-এর শরীয়তের সাথে সম্পর্কিত। কোথাও শাখাগত বিরোধ থাকলে তা বিশেষীকরণ কিংবা রহিতকরণের বিরোধ বৈ নয়। অথবা বলা যায় যে, বিশেষীকরণ ও রহিতকরণ কিছুই নেই; বরং যে সময় যে নবীর শরীয়ত এসেছে সে সময় তা যেন রসূলুল্লাহরই (সাঃ)-শরীয়ত ছিল এবং সেই যুগের চাহিদার সাথে সামঞ্জস্যশীল ছিল। পক্ষান্তরে তিনি নিজে যে শরীয়ত নিয়ে আগমন করেছেন, তা তাঁর উপস্থিতের সাথে সামঞ্জস্যশীল।

উপরোক্ত বর্ণনা দ্বারা দু'টি হাদীসের অর্থ বোধগম্য হয়ে গেছে। প্রথম হাদীস এই : “আমি সমগ্র মানব জাতির জন্যে নবীরূপে প্রেরিত হয়েছি।” এর অর্থ এরপ মনে করা হত যে, তিনি পূর্ববর্তী সকল মানুষের জন্যে নবী। কিন্তু উপরোক্ত ব্যাখ্যা দ্বারা পরিষ্কার হয়ে গেছে যে, তিনি পূর্ববর্তী ও পরবর্তী সকল মানুষের নবী।

দ্বিতীয় হাদীস এই : “আমি তখন নবী ছিলাম, যখন আদম (আঃ) রূহ ও দেহের মাঝখানে ছিলেন।” এর অর্থ একুশ ধারণা করা হত যে, এর উদ্দেশ্য আল্লাহর জ্ঞানে তিনি নবী ছিলেন। কিন্তু উপরোক্ত বর্ণনা দ্বারা জানা গেল যে, রসূলুল্লাহ (সাঃ)-এর শেষ যমানায় প্রেরিত হওয়া মানবতার যোগ্যতার ভিত্তিতে হয়েছে। মানবতা যখন তাঁর বিধানাবলী অনুসরণ করার যোগ্য হয়েছে, তখন তিনি

প্রেরিত হয়েছেন। পূর্বেই এই যোগ্যতা অস্তিত্ব লাভ করলে তিনি পূর্বেই প্রেরিত হয়ে যেতেন। সুতরাং পাত্রের সাথে মিল রেখে তিনি প্রেরিত হয়েছেন। মানুষ যখন তার পয়গাম শুনতে এবং তাঁর শরীয়ত অনুসরণ করতে সক্ষম হয়েছে, তখন তিনি প্রেরিত হয়েছেন। এটা এমন, যেমন কেউ তার কন্যার বিবাহের জন্যে কাউকে উকিল নিযুক্ত করে দেয়। এই নিযুক্ত করা এবং সেই ব্যক্তির উকিল হওয়া সঠিক পদক্ষেপ। কিন্তু এই দায়িত্ব তখনই পূর্ণ হবে, যখন কুফু তথা কন্যার উপযুক্ত বর পাওয়া যাবে এবং অন্যান্য জরুরী সরঞ্জামাদিও সংগৃহীত হবে। এ কারণে বিবাহে পিলম্ব হলে উকিলের ওকালতি বিস্তৃত হবে না। (তকীউদ্দীন সুবকীর বক্তব্য সমাপ্ত হল।)

রসূলুল্লাহ (সাঃ)-এর মোবারক নাম আল্লাহর নামের সাথে আরশে লিখিত আছে

হাকেম, বায়হাকী ও তিবরানী স্বীয় গ্রন্থ “আচছগীরে” এবং আবু নয়ীম ও ইবনে আসাকির হ্যরত ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বলেছেন : হ্যরত আদম (আঃ)-এর প্রশাদ হয়ে গেলে তিনি আল্লাহর দরবারে আরজ করলেন- পরওয়ারদেগার! আপনি হ্যরত মোহাম্মদ (সাঃ)-এর উসিলায় আমার মাগফেরাত করে দেন। এতে আল্লাহ পাক এরশাদ করলেন : হে আদম! তুমি মোহাম্মদকে (সাঃ) চিনলে কি রূপে? আদম (আঃ) বললেন : যখন আপনি আমাকে আপনার পবিত্র হস্তে সৃষ্টি করে আমার মধ্যে ঝুঁকে দিলেন, তখন আমি মাথা তুলে আরশের গায়ে “লা ইলাহা ইল্লাহু মোহাম্মাদুর রসূলুল্লাহ” লিখিত দেখলাম। এ থেকে অনুধাবন করতে পারি যে, ইন্হি আপনার সর্বাধিক প্রিয়। আল্লাহ তায়ালা বললেন : হে আদম! তুমি সত্য বলেছ। মোহাম্মদ না হলে আমি তোমাকেও সৃষ্টি করতাম না।”

ইবনে আসাকির কাঁবে আহবার থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহ তায়ালা হ্যরত আদম (আঃ)-এর প্রতি পয়গামৰণের সমসংখ্যক লাঠি নাফিল করেন। (খাসায়েসে কুবরার বিভিন্ন কপিতে এ ধরনের শব্দই রয়েছে।) অতঃপর হ্যরত আদম (আঃ) আপন পুত্র হ্যরত শীছ (আঃ)কে সম্মোধন করে বললেন : প্রিয় বৎস! তুমি আমার পরে আমার খলিফা হবে। তুমি তাকওয়া (খোদাতীতি) অবলম্বন কর। তুমি যখনই আল্লাহর যিকির করবে, তার সাথে মোহাম্মদ (সাঃ)-এর নাম অবশ্যই উচ্চারণ করবে। কেননা, আমি তার নাম আরশের গায়ে তখন লিখিত দেখেছি, যখন আমি ঝুঁত ও মৃত্তিকার মধ্যবর্তী অবস্থায় ছিলাম। এরপর আমি সমগ্র আকাশমণ্ডল পরিভ্রমণ করেছি। আমি নভোমণ্ডলে এমন কোন জ্যায়গা দেখিনি, যেখানে হ্যরত মোহাম্মদ (সাঃ)-এর নাম লিখিত নেই। আমার পরওয়ারদেগার আমাকে জান্নাতে

রেখেছেন। আমি জান্নাতে কোন প্রাসাদ ও বাতায়ন এমন দেখিনি, যাতে মোহাম্মদ (সাঃ)-এর নাম লিখিত নেই। আমি তাঁর নাম হুরদের বক্ষে, ফেরেশতাগণের চোখের পুতলীতে, ‘তুরা’র পত্রাজিতে এবং সিদরাতুল-মুনতাহার পল্লবসমূহে লিখিত দেখেছি। তুমি ও অধিক পরিমাণে তাঁর নাম স্মরণ করবে। কেননা, ফেরেশতারাও সর্বক্ষণ তাঁর পৃত নাম স্মরণ করতে থাকে।

ইবনে আদী ও ইবনে আসাকির হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন : যখন আমার মে'রাজ হয়, তখন আমি আরশের পায়ায় “লা ইলাহা ইল্লাহু মোহাম্মাদুর রসূলুল্লাহ” লিখিত দেখেছি।

ইবনে আসাকির হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) এরশাদ করেছেন : যে রজনীতে আমার মে'রাজ হয়, সেই রজনীতে আমি আরশে “লা ইলাহা ইল্লাহু মোহাম্মাদুর রসূলুল্লাহ” লিখিত দেখেছি। এর সাথে আবু বকর সিদ্দীক, ওমর ফারুক ও ওছমান যুন্নুরাইন (রাঃ)-এর নামও লিখিত ছিল।

আবু ইয়ালা, তিবরানী স্বীয় গ্রন্থ আওসাতে এবং ইবনে আসাকির ও হাসান ইবনে আরফা আপন প্রসিদ্ধ গ্রন্থ জুয়ে হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন : আমি মে'রাজ রজনীতে যে আকাশেই গমন করেছি, সেখানেই “মোহাম্মাদুর রসূলুল্লাহ” ও “আবু বকর সিদ্দীক” লিখিত ছিল।

বায়বায় আবদুল্লাহ ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন : মে'রাজ রজনীতে আমি যে আকাশেই গমন করেছি, তথায় আমার নাম ‘মোহাম্মদ রসূলুল্লাহ’ লিখিত পেয়েছি।

দারে-কুতনী স্বীয় “আফরাদ” গ্রন্থে এবং খৰ্তীব ও ইবনে আসাকির হ্যরত আবু দারদা (রাঃ) থেকে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন : আমি আরশে একটি সবুজ কাপড়ে শুভ নূর দ্বারা “মোহাম্মাদুর রসূলুল্লাহ”, “আবু বকর সিদ্দীক” এবং “ওমর ফারুক” লিখিত পেয়েছি।

ইবনে আসাকির হ্যরত জাবের (রাঃ) থেকে বর্ণনা করেন যে, রসূলে করীম (সাঃ) বলেছেন : জান্নাতের দরজায় “লা ইলাহা ইল্লাহু মোহাম্মাদুর রসূলুল্লাহ” লিখিত আছে।

আবু নয়ীম স্বীয় গ্রন্থ ‘আল-হিলইয়া’য় হ্যরত আবদুল্লাহ ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন : জান্নাতের কোন পাতা এমন নেই, যাতে “লা ইলাহা ইল্লাহু মোহাম্মাদুর রসূলুল্লাহ” লিখিত নেই।

হাকেম ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহ তায়ালা হ্যরত ঈসা (আঃ)-এর প্রতি ওহী পাঠালেন- হ্যরত মোহাম্মদের প্রতি ঈসান আন

এবং তোমার উন্মত্তের যে ব্যক্তিই তাঁর সময়কাল পাবে, তাকে তাঁর প্রতি দৈনন্দিন
আনতে আদেশ কর। কেননা, মোহাম্মদ না হলে আমি আদমকে সৃষ্টি করতাম না
এবং জাগ্নাত ও দোষথও সৃষ্টি করতাম না। আমি আরশকে পানির পৃষ্ঠে সৃষ্টি
করলাম। সে হেলতে দুলতে লাগল। এরপর যখন তাতে “লা ইলাহা ইল্লাহুল্লাহ
মোহাম্মাদুর রসূলুল্লাহ” লিখে দিলাম, তখন নিশ্চল হয়ে গেল। হাফেয় যাহাবী
(রহঃ) বলেন : এই রেওয়ায়েতের সনদে আমর ইবনে আউস রয়েছে। সে
অজ্ঞাত।

ଅଞ୍ଜାତ ।
ଇବେ ଆସକିର ଆବୁୟ ଯୁବାୟରେର ମଧ୍ୟଶ୍ରତୀୟ ହୟରତ ଜାବେର (ରାଃ) ଥେକେ
ରେଓୟାଯେତ କରେନ ଯେ, ହୟରତ ଆଦମ (ଆଃ)-ଏର ଉତ୍ତର କାଂଧେର ମାବାଖାନେ
“ମୋହାମ୍ମାଦର ରସଲୁଲାଇ ଖାତେମୁନ୍ବାରୀଯାନୀଁ” ଲିଖିତ ଛିଲ ।

বায়ব্যায হ্যরত আবু ঘর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কোরআনে যে কান্য (ধনতাণ্ডি)-এর উল্লেখ আছে, তা একটি শৰ্ণের ফালি, যাতে লিখিত আছে- “বিসমিল্লাহির রাহমানির রাহীম” আমি সেই ব্যক্তির জন্যে বিশ্বিত, যে তকদীরে বিশ্বাস রাখে না। আমি সেই ব্যক্তির জন্যে বিশ্বিত, যে জাহানামের কথা বলেও হাস্য করে। আমি সেই ব্যক্তির আচরণে অবাক, যে মৃত্যুকে শ্রবণ করেও গাফেল থাকে। ‘লা ইলাহা ইল্লাল্লাহ মোহাম্মদুর রসূলুল্লাহ’। এমনি ধরনের রেওয়ায়েত হ্যরত ওমর ও হ্যরত আলী (রাঃ) থেকেও বর্ণিত আছে, যা বায়হাকী বর্ণনা করেছেন। হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকেও রেওয়ায়েত আছে, যা খারায়েতী “কামউল হিরচ” প্রস্ত্রে উদ্ভৃত করেছেন।

তিবরানী ওবাদা ইবনে সামেত (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ
 (সাঃ) এরশাদ করেছেন- “হ্যরত দাউদ (আঃ)-এর আংটির মণিকাটি আকাশ
 থেকে প্রেরিত হয়েছিল। তিনি সেটিকে স্বীয় আংটিতে সংযুক্ত করে নেন। এতে
 ‘আমাকে ছাড়া কোন (সৃষ্টিকর্তা) নেই, মোহাম্মদ আমার বান্দা ও রসূল লিখিত
 ছিল।

ইবনে আসাকির ও ইবনে ফিজার স্ব-স্ব ইতিহাস গ্রন্থে আবুল হাসান আল্লাহ ইবনে আবদুল্লাহ হাশেমী থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আমি ভারতবর্ষের কোন এক এলাকায় পৌঁছে একটি কাল রঙের গোলাপ গাছ দেখলাম। এর বড় কাল ফুলের সুগন্ধি অত্যন্ত মনোমুক্তকর ছিল। ফুলের গায়ে সাদা হরফে “লা ইলাহা ইল্লাল্লাহ” মোহাম্মদুর রসসূলল্লাহ আবু বকর ছিন্দীক, ওমর ফারুক” লিখিত ছিল। আমার সন্দেহ হল যে, সম্ভবতঃ এটা কারও কাজ হবে। তাই আমি একটি বন্ধ কলি খুলে দেখলাম। আশ্চর্যের বিষয়, তাতেও এরূপ লিখিত ছিল। এ ধরনের গোলাপ গাছ সেখানে প্রচুর পরিমাণে ছিল। কিন্তু সেই গ্রামের লোকেরা

ହ୍ୟରତ ଆଦମ (ଆଃ)-ଏର ଆମଲେ ଏବଂ ଆକାଶେ ଆୟାନେ
ରସୁଲୁଲ୍ଲାହ (ସାଃ)-ଏର ପବିତ୍ର ନାମ

ଆବୁ ନୟୀମ ହିଲଇଯା ଥିଲେ ଏବଂ ଇବନେ ଆସାକିର ଆତା ଥେକେ, ତିନି ହ୍ୟରତ ଆବୁ ହୃଦୟରା (ରାଃ) ଥେକେ ରେଓୟାଯେତ କରେନ ଯେ, ରସ୍ତୁଲୁହାହ (ସାଃ) ବଲେଛେ : ହ୍ୟରତ ଆଦମ (ଆଃ) ଭାରତବର୍ଷେ ଅବତରଣ କରେନ । ଅବତରଣେର ପର ବିମର୍ଶତା ଅନୁଭବ କରିଲେ ଜିବରାଈଲ (ଆଃ) ଆଗମନ କରେନ ଏବଂ ଆୟାନ ଦେନ- ଆଲ୍ଲାହୁ ଆକବାର, ଆଲ୍ଲାହୁ ଆକବାର, ଆଶହାଦୁ ଆଲ୍ଲା ଇଲାହା ଇଲାହା ଇଲାହା (ଦୁ'ବାର), ଆଶହାଦୁ ଆନ୍ନା ମୋହାମ୍ମଦାର ରସ୍ତୁଲୁହାହ (ଦୁ'ବାର) । ଆଦମ (ଆଃ) ଜିଜ୍ଞାସା କରିଲେନ : ଏହି ମୋହମ୍ମଦ କେ ? ଜିବରାଈଲ ବଲିଲେନ : ଇନି ଆପନାର ସନ୍ତାନଦେର ମଧ୍ୟେ ସର୍ବଶୈଷ୍ୟ ନାହିଁ ।

বায়ার হ্যৱত আলী (ৰাঃ) থেকে ৱেওয়ায়েত কৱেন যে, যখন আল্লাহ তায়ালা
তাঁর রসূল (সাঃ)কে আয়ান শিক্ষা দেয়াৱ ইচ্ছা কৱলেন, তখন জিবৱাস্তৈল (আঃ)
বোৱাকে চড়ে আগমন কৱলেন। তিনি নবী কৱীম (সাঃ)-কে বোৱাকে সওয়াৱ
কৱাতে চাইলৈ বোৱাক ক্ষিণ হয়ে ছুটাছুটি কৱতে লাগল। জিবৱাস্তৈল (আঃ)
বললেন : থেমে যা। আল্লাহৰ কাছে মোহাম্মদ (সাঃ)-এৱ চেয়ে বেশী মনোনীত
কোন বান্দা তোৱ উপৰ কথনও সওয়াৱ হয়নি। অতঃপৰ রসূলুল্লাহ (সাঃ) সওয়াৱ
হয়ে গেলেন। যখন সেই পৰ্দা পৰ্যন্ত পৌছালেন, যা আল্লাহ তায়ালাৱ মাৰখানে
অন্তৰায় ছিল, তখন এক ফেৱেশতা আত্মপ্ৰকাশ কৱল। সে বলল : আল্লাহৰ
আকবাৱ, আল্লাহৰ আকবাৱ। পৰ্দাৱ পিছন থেকে আওয়াজ এল : আমাৱ বান্দা
ঠিকই বলেছে। আমিই সুমহান। ফেৱেশতা বলল : আশহাদু আল্লা ইলাহা
ইল্লাল্লাহ। পৰ্দাৱ পিছন থেকে আওয়াজ এলঃ আমাৱ বান্দা ঠিক বলেছে। আমি
ছাড়া কোন মাৰুদ নেই। ফেৱেশতা বলল : আশহাদু আল্লা মোহাম্মদার রসূলুল্লাহ।
পৰ্দাৱ পিছন থেকে আওয়াজ এল : আমাৱ বান্দা ঠিক বলেছে। আমিই
মোহাম্মদকে নবী কৱে প্ৰেৱণ কৱেছি। ফেৱেশতা বলল : হাইয়া আলাচ্ছালাহ,
হাইয়া আলাল ফালাহ, কাদ কামাতিছ-ছালাহ, আল্লাহৰ আকবাৱ, আল্লাহৰ আকবাৱ।
আবাৱ আওয়াজ এল : আমাৱ বান্দা ঠিক বলেছে। আমি ছাড়া কোন মাৰুদ নেই।

এরপর ফেরেশতা রসূলুল্লাহ (সাঃ)-এর হাত ধরে ইমামতির জন্যে অগ্রে বাড়িয়ে দিল। তিনি সমগ্র আকাশবাসীর ইমাম হলেন। তাদের মধ্যে হ্যরাত আদম ও নূহ (আঃ)ও ছিলেন। এভাবে আল্লাহ তায়ালা রসূলে করীম (সাঃ)কে সমস্ত নতোমঙ্গল ও ভূমগুলের সৃষ্টির উপর শ্রেষ্ঠত্ব দান করলেন।

(১) হ্যৱত আদম (আঃ) ভাৱতবৰ্ষেৱ সৱণঘাপে অবতৱণ কৱেন। সেখানে এক পাহাড়ে তাঁৰ পদচিহ্ন মৌজুদ আছে।

হ্যুর (সাঃ)-এর জন্যে নবীগণের কাছ থেকে ঈমানের অঙ্গীকার নেয়া

আল্লাহ তায়ালা এরশাদ করেন :

وَإِذَا حَدَّ اللَّهُ مِنْ شَاقَ التَّبِيِّنَ لَمَّا أَتَيْتُكُمْ مِنْ كِتَابٍ
وَحْكَمَةٌ ثُمَّ جَاءَكُمْ رَسُولٌ مَصْدِقٌ لِمَا مَعَكُمْ لِتُؤْمِنُنَّ بِهِ
وَلَتُنَصِّرَنَّهُ قَالَ الْأَقْرَرُتُمْ وَأَخْذُتُمْ عَلَى ذَلِكُمْ أَصْرِئُ قَالُواْ أَقْرَرْنَا
قَالَ فَأَشْهَدُواْ وَإِنَّا مَعَكُمْ مِنَ الشُّهَدَاءِ

: আর আল্লাহ যখন নবীগণের কাছ থেকে অঙ্গীকার নিলেন যে, আমি যা কিছু তোমাদেরকে দান করেছি কিতাব ও জ্ঞান এবং অতঃপর তোমাদের নিকট কোন রসূল আসেন তোমাদের কিতাবের সত্যায়নের জন্যে, তখন সেই রসূলের প্রতি ঈমান আনবে এবং তাঁকে সাহায্য করবে। আল্লাহ বললেন : তোমরা কি এই শর্তে ঈমান প্রদত্ত অঙ্গীকার গ্রহণ করে নিয়েছ? তারা বলল : আমরা স্বীকার করছি। আল্লাহ বললেন : তাহলে এবার সাক্ষী থাক, আর আমিও তোমাদের সাথে সাক্ষী রইলাম।-(সূরা আলে এমরান, আয়াত ৮১)

এই আয়াত সম্পর্কে ইবনে আবী হাতেম সুন্দী (রাহঃ) থেকে বর্ণনা করেন যে, আল্লাহ তায়ালা হ্যরত নূহ (আঃ)-এর পর যে কোন নবী প্রেরণ করেছেন, তাঁর কাছ থেকে এই মর্মে অঙ্গীকার নিয়েছেন যে, তিনি মোহাম্মদ (সাঃ)-এর প্রতি ঈমান আনবেন এবং তাঁর সাহায্য করবেন, যদি তিনি তাঁর যুগে আসেন। নতুন আপন উম্মতের কাছ থেকে ঈমান আনা ও সাহায্য করার অঙ্গীকার নিবেন।

ইবনে আসাকির কুরায়ব থেকে এবং তিনি ইবনে আবুস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন ----- অবশ্যে তিনি সর্বশ্রেষ্ঠ উম্মত, সর্বশ্রেষ্ঠ কাল এবং সর্বশ্রেষ্ঠ সঙ্গীদের মধ্যে আত্মপ্রকাশ করলেন এবং সর্বশ্রেষ্ঠ শহরে জন্মগ্রহণ করলেন। এরপর আল্লাহ তায়ালা যত দিন চেয়েছেন, তিনি ইবরাহীম (আঃ)-এর হেরেমে বসবাস করলেন। এরপর তিনি “হেরেমে-মোহাম্মদ” অর্থাৎ মদীনায় চলে এলেন। এভাবে তিনি যেন এক হেরেমে জন্মগ্রহণ করলেন এবং অন্য হেরেমের দিকে হিজরত করলেন।

রসূলুল্লাহ (সাঃ) সম্পর্কে হ্যরত ইবরাহীম (আঃ)-এর দোয়া

ইবনে জরীর স্মীয় তফসীরে আবুল আলিয়া থেকে রেওয়ায়েত করেন যে, ইবরাহীম (আঃ) দোয়া করলেন : পরওয়ারদেগার! আমার সন্তানদের মধ্যে একজন রসূল প্রেরণ করো।

আল্লাহর পক্ষ থেকে জবাব এল : তোমার দোয়া করুল হয়েছে। এই রসূল শেষ যুগে আগমন করবেন। আহমদ, হাকেম ও বায়হাকী এরবায ইবনে সারিয়া থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন : “আমি আমার পিতা ইবরাহীমের দোয়া এবং ঈসার সুসংবাদ।”

ইবনে আসাকির ওবাদা ইবনে সামেত (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ)-কে বলা হল : আপনি নিজের সম্পর্কে বলুন। তিনি বললেন : হ্যাঁ, আমি পিতা ইবরাহীমের দোয়া এবং আমার আগমনের সুসংবাদ সকলের শেষে ঈসা ইবনে মরিয়মও (আঃ) দিয়েছেন।

ইবনে সাদ জরীর থেকে এবং তিনি যাহাক থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন : আমার আগমনের জন্যে আমার পিতা ইবরাহীম তখন দোয়া করেন, যখন তিনি বায়তুল্লাহর ভিত্তি স্থাপন করছিলেন। আল্লাহ তায়ালা তাঁর দোয়া করুল করে নেন।

আল্লাহ তায়ালা হ্যরত ইবরাহীম (আঃ) ও তাঁর সন্তানদেরকে রসূলুল্লাহ (সাঃ)-এর আগমন সম্পর্কে অবগত করে দিয়েছিলেন

ইবনে সাদ হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন- হ্যরত ইবরাহীম (আঃ) যখন বিবি হাজেরার দেশত্যাগের আদেশ পান, তখন তাঁদেরকে বোরাকে সওয়ার করানো হয়। তাঁরা যখনই কোন উর্বর ও নরম ভূমি অতিক্রম করতেন, তখনই হ্যরত ইবরাহীম (আঃ) বলতেন : হে জিবরাস্তল, এখানেই নেমে পড়ুন। জিবরাস্তল (আঃ) অঙ্গীকার করতেন। অবশ্যে যক্কা এসে গেলে জিবরাস্তল (আঃ) বললেন : হে ইবরাহীম! এখানে অবতরণ করুন। ইবরাহীম (আঃ) বললেন : এখানে, এই ঘাস-পানিবিহীন প্রান্তরে? জিবরাস্তল (আঃ) বললেন : হ্যাঁ, এখানেই আপনার সন্তানদের মধ্যে উক্মী নবী আবির্ভূত হবেন।

ইবনে সাদ শা'বী থেকে আরও রেওয়ায়েত করেন যে, হ্যরত ইবরাহীম (আঃ)-এর সহিফায় বর্ণিত আছে, তাঁর অনেক সন্তান-সন্ততি হবে। অবশ্যে তাঁর সন্তানদের মধ্যে উক্মী নবী ও খাতেমুনবীয়ীন আসবেন।

ইবনে সাদ মোহাম্মদ ইবনে কাব থেকে আরও রেওয়ায়েত করেন- যখন হাজেরা আপন পুত্র ইসমাইলকে নিয়ে রওয়ানা হলেন, তখন পথিগ্রামে এক ব্যক্তির সাথে সাক্ষাৎ হল। সে বলল : হাজেরা, তোমার পুত্র অনেক গোত্র ও প্রজন্মের পিতা হবে। তারই বংশধরের মধ্যে হেরেমে বসবাসকারী নবী উক্মী পয়দা হবেন।

ইবনে সাদ মোহাম্মদ ইবনে কাব থেকে আরও রেওয়ায়েত করেন- আল্লাহ তায়ালা হ্যরত ইয়াকুব (আঃ)-এর নিকট এ মর্মে ওহী পাঠান যে, আমি তোমার সন্তানদের মধ্যে এমন নবী প্রেরণ করব, যিনি খাতেমুনবীয়ীন হবেন এবং যাঁর নাম হবে ‘আহমদ’। তাঁর উম্মতগ্রহণ বায়তুল-মোকাদ্দাসের প্রাসাদরাজি পুনঃ নির্মাণ করবে।

আল্লাহ তায়ালা হ্যরত মূসা (আঃ)-কে রসূলুল্লাহ (সাঃ)-এর আগমন সম্পর্কে অবহিত করেছেন

আল্লাহ তায়ালা কোরআন পাকে এরশাদ করেন-

যারা নবী উচ্চীর অনুসরণ করে, তাঁরা তার আলোচনা তওরাত ও ইঞ্জিলে
লিখিত দেখতে পায়। আরও এরশাদ হয়েছে-

مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ وَالَّذِينَ مَعَهُ أَشْدَاءُ عَلَى الْكُفَّارِ رَحْمَةٌ
بَيْنَهُمْ تَرَاهُمْ رَكْعًا سُجَّدًا يَبْتَغُونَ فَضْلًا مِنَ اللَّهِ وَرِضْوَانًا
سِيمْهُمْ فِي جُوهُهُمْ مِنْ أَثْرِ السُّجُودِ ذَلِكَ مَثَلُهُمْ فِي
الْتَّوْرَاةِ وَمَثَلُهُمْ فِي الْإِنْجِيلِ كَزْرِعٍ أَخْرَجَ شَطَأَهُ فَازَهُ -

ঃ মোহাম্মদ আল্লাহর প্রেরিত রসূল; তাঁর সহচরগণ কাফেরদের প্রতি কঠোর
এবং নিজেদের মধ্যে পরম্পরের প্রতি সহানুভূতিশীল। আল্লাহর অনুগ্রহ ও সন্তুষ্টি
কামনায় তুমি তাদেরকে কুকু ও সেজদায় অবনত দেখবে। তাদের মুখমণ্ডলে
সেজদার চিহ্ন থাকবে। তওরাতে তাদের বর্ণনা এরপই এবং ইনজালেও। তাদের
দৃষ্টান্ত একটি চারাগাছ, যা থেকে নির্গত হয় কিশলয়।

বোঝারীর রেওয়ায়েতে আতা ইবনে ইয়াসার বলেন : আমি একবার আমার
ইবনুল ‘আস (রাঃ)-এর সাথে দেখা করলাম এবং বললাম- রসূলুল্লাহ (সাঃ)-এর
গুণ বর্ণনা করুন। তিনি বললেন : শুন। কোরআনে উল্লিখিত তাঁর কতক গুণের
উল্লেখ তওরাতেও আছে। তওরাতে আছ- হে নবী! আমি আপনাকে শাহেদ
(সাক্ষ্যদাতা), মুবাশির (সুস্বাদদাতা) এবং নবীর (সতর্ককারী) রূপে প্রেরণ
করেছি। আপনি উচ্চীদের আশ্রয়স্থল, আমার বান্দা ও রসূল। আমি আপনার নাম
“মুতাওয়াকিল” (ভরসাকারী) রেখেছি। আপনি অসচ্ছিরিত ও কঠোর নন এবং
বাজারেও ঘুরাফিরা করেন না। আপনি মন্দের জবাবে মন্দ করেন না; বরং মাফ
করে দেন। আল্লাহ আপনাকে তুলে নিবেন না, যে পর্যন্ত আপনার জাতি পথভ্রষ্টতা
মুক্ত না হয়ে যায় এবং তারা “লা ইলাহা ইল্লাল্লাহ” না বলে। আল্লাহ আপনার
মাধ্যমে অন্ধ চক্ষুসমূহকে দৃষ্টিশক্তি, বধির কর্ণসমূহকে শ্রবণশক্তি এবং পথভ্রষ্ট
অন্তরসমূহকে সংপথের দিশা দান করবেন।

ইবনে আসাকির “তারীখে দামেশক”-এ মোহাম্মদ ইবনে হাময়া থেকে
রেওয়ায়েত করেন এবং তিনি তাঁর পিতামহ আবদুল্লাহ ইবনে সালাম থেকে বর্ণনা

করেন- যখন আমি নবী করীম (সাঃ)-এর আবির্ভাব সম্পর্কে জ্ঞাত হলাম, তখন
তাঁর সাথে সাক্ষাতের উদ্দেশে রওয়ানা হলাম। রসূলুল্লাহ (সাঃ) আমাকে বললেন :
তুম ইয়াসরিব ভূখণের আলেম ইবনে সালাম! আমি তোমাকে কসম দিয়ে
জিজ্ঞাসা করছি, তওরাতে আমার কেন উল্লেখ আছে কি? আমি বললাম : প্রথমে
আপনি আপনার প্রতিপালক সম্পর্কে বলুন। এ কথা শুনে তিনি কাঁপতে লাগলেন।
জিবরাইল তৎক্ষণাত্মে আগমন করলেন এবং এই আয়াতগুলো তেলাওয়াত করলেনঃ
..... বলুন, তিনি আল্লাহ এক। আল্লাহ সর্ব বিষয়ের নির্ভর। তিনি জনক নহেন
এবং জাতকও নহেন এবং তাঁর সমতুল্য কেউই নেই।

এই আয়াতগুলো শুনে আবদুল্লাহ ইবনে সালাম বললেন : আমি সাক্ষ্য দেই
যে, আপনি আল্লাহর রসূল। নিচ্যাই আল্লাহ তাপনাকে এবং আপনার ধর্মকে সকল
ধর্মের উপর বিজয়ী করবেন। তওরাতে আপমার গুণ এভাবে উল্লিখিত আছেঃ

হে নবী! আমি আপনাকে “শাহেদ”, “মুবাশির” ও “নবীর”রূপে প্রেরণ
করেছি। আপনি আমার বান্দা ও রসূল। আমি আপনার নাম “মুতাওয়াকিল”
রেখেছি। আপনি না কটুভাষী, না কঠোর মেজাজী। আপনি বাজারে ঘুরাফিরা করেন
না। আপনি মন্দের জওয়াবে মন্দ করেন না; বরং মাফ করে দেন। আল্লাহ
আপনাকে তুলে নিবেন না, যে পর্যন্ত আপনার শিক্ষায় উন্নত সঠিক পথে চলতে না
থাকে এবং তারা সকলে লা ইলাহা ইল্লাল্লাহ না বলে। আল্লাহ আপনার মাধ্যমে
অন্ধ চক্ষুসমূহকে দৃষ্টিশক্তি, বধির কর্ণসমূহকে শ্রবণশক্তি এবং তালাযুক্ত
অন্তরসমূহকে উন্মোচন করেন।-(ইবনে আসাকির যায়দ ইবনে আসলাম থেকেও
একই রেওয়ায়েত বর্ণনা করেছেন।)

দারেমী স্বীয় মসনদে এবং ইবনে আসাকির রেওয়ায়েত করেন, কা’ব
উপরোক্ত রেওয়ায়েতে আরও সংযোজন করেছেন, “মোহাম্মদ রসূলুল্লাহ আমার
মনোনীত বান্দা। তিনি বদমেয়াজ ও কঠোর স্বভাব নন। বাজারেও ঘুরাফিরা করেন
না। মন্দের জবাবে মন্দ আচরণ করেন না; বরং ক্ষমা ও মার্জনা করে দেন। তাঁর
জন্মস্থান মক্কা এবং হিজরতের স্থান মদীনা। তাঁর রাজত্ব শামদেশ পর্যন্ত বিস্তৃত
হবে। তিনি আল্লাহর রসূল। তাঁর উন্নত আল্লাহর সর্বাধিক প্রশংসাকারী। তারা
অভাব-অন্টনেও হস্তিচিত্তে আল্লাহর প্রশংসা করে। তারা যখন কোন জায়গায়
পৌঁছবে, তখন আল্লাহর প্রশংসা ও তাঁর মাহাত্ম্য বর্ণনা করবে। রৌদ্রের মাধ্যমে
সময়ের অনুমান করবে এবং নামায সময়মত আদায় করবে। দেহের মাঝাখানে
লুঙ্গি বাঁধবে। তারা হাত, পা ধোত করবে। রাত্রিকালে তাদের এমন শুনা যাবে,
যেমন মৌমাছির ভন ভন শব্দ।”

দারেমী, ইবনে সাদ ও ইবনে আসাকির, আবু ফরওয়া থেকে রেওয়ায়েত
করেন যে, তিনি ইবনে আববাস এবং ইবনে আববাস (রাঃ) কা’বে আহবারকে

জিজ্ঞাসা করলেন : রসূলুল্লাহ (সাঃ)-এর গুণ তওরাতে কিভাবে উল্লেখিত হয়েছে? কা'ব বললেন : তওরাতে তিনি এভাবে আলোচিত হয়েছেন- “মোহাম্মদ ইবনে আবদুল্লাহ মকায় জন্মগ্রহণ করবেন এবং মদীনায় হিজরত করবেন। তাঁর রাজত্ব মূলকে শাম পর্যন্ত বিস্তৃত হবেন। তিনি বাজারে ঘুরাফিরাকারী হবেন না। মন্দের জবাবে মন্দ আচরণ করবেন না; বরং ক্ষমা ও মার্জনা করে দিবেন। তাঁর উম্মত আল্লাহর প্রভৃত প্রশংসকারী হবে। তারা প্রতিটি আনন্দের ক্ষেত্রে আল্লাহর প্রশংসা করবে এবং তাঁর মাহাত্ম্য বর্ণনা করবে। তারা আপন হাত, পা ধৌত করবে এবং কোমরে লুঙ্গি বাঁধবে। নামায়ের জন্যে যুদ্ধের ন্যায় সারিবদ্ধ হয়ে দাঁড়াবে। মসজিদ সম্মূহে তাদের দোয়া ও তেলাওয়াতের গুজন মৌমাছির ভন্ডন শব্দের মত শৃঙ্খল হবে। তাদের দোয়া আকাশে-শুনা যাবে।”

যুবায়র ইবনে বাক্সার “আখবারে-মদীনা” গ্রন্থে এবং আবু নয়ীম হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন- আমার গুণ এবং অনুপ : আহমদ, মুতাওয়াক্সিল। জন্মস্থান মক্কা। হিজরতভূমি মদীনা। না বদমেয়াজ, না কঠোর স্বভাব। সদাচরণের প্রত্যুত্তরে সদাচরণ করেন এবং অসদাচরণের জবাবে অসদাচরণ করেন না। তাঁর উম্মত সর্বাবস্থায় আল্লাহর খুব গুণগান করে। তারা কোমরে লুঙ্গি বাঁধে। আপন হাত, পা ধৌত করে। তাদের ‘ইনজীল’ তাদের বক্ষে সংবর্ক্ষিত। তারা নামায়ের জন্যে জেহাদের ন্যায় সারিবদ্ধ হয়ে দাঁড়ায়। তারা সৃষ্টিকর্তার সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে নিজেদের প্রাণ উৎসর্গ করে। তারা রাতের বেলায় সন্ন্যাসী এবং দিবাতাঙ্গে সিংহ হয়ে যায়।”

ইবনে সাদ, হাকেম, বায়হাকী ও আবু নয়ীম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) সম্পর্কে ইনজীলে এভাবে উল্লেখ আছে- : তিনি না বদমেয়াজ, না কঠোর স্বভাব। তিনি বাজারে ঘুরাফিরাও করেন না। মন্দের প্রতিদান মন্দ দিয়ে দেন না; বরং ক্ষমা ও মার্জনা করে দেন।

বায়হাকী ও আবু নয়ীম উল্লেখ দারদা থেকে রেওয়ায়েত করেন যে, তিনি কা'বকে জিজ্ঞাসা করলেন : তওরাতে নবী করীম (সাঃ)-এর উল্লেখ কিভাবে করা হয়েছে? কা'ব বললেন : তওরাতে তাঁর উল্লেখ এভাবে করা হয়েছে-

: তিনি আল্লাহর রসূল। তিনি না বদমেয়াজ, না কঠোর স্বভাব, না বাজারে ঘুরাফিরা করেন। তাঁকে ধনভাণ্ডার দান করা হয়েছে। আল্লাহ তায়ালা তাঁর মাধ্যমে অন্ধদেরকে দৃষ্টিশক্তি দান করবেন। বধির কর্মসূহকে শ্রবণ শক্তি দান করবেন এবং বিপত্তগামীদেরকে পথে আনবেন। অবশ্যে সকলেই সাক্ষ্য দিবে “লা ইলাহা ইল্লাহাহ।” তিনি উৎপূর্ণভাবে সাহায্য করবেন এবং দুর্বলদের হেফায়ত করবেন।

আবু নয়ীম হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন- হ্যরত মুসা-(আঃ)-এর প্রতি তওরাত নাখিল হলে পর

তিনি তাতে উম্মতে মোহাম্মদীর উল্লেখ দেখে বললেন : পরওয়ারদেগার! আমি তওরাতে এক উম্মতের উল্লেখ দেখতে পাচ্ছি, যারা সকলের শেষে আগমন করবে এবং প্রতিযোগিতায় সকলের অগ্রে চলে যাবে। আপনি তাদেরকে আমার উম্মত করে দিন। আল্লাহ বললেন : এরা আহমদের উম্মত। মুসা (আঃ) বললেন : পরওয়ারদেগার! তওরাতে এক উম্মতের উল্লেখ আছে, যারা আপনাকে ডাকবে এবং তাদের দোয়া করুন হবে। তাদেরকে আমার উম্মত করে দিন। আল্লাহ তায়ালা বললেন : এরা তো আহমদের উম্মত। মুসা (আঃ) বললেন : পরওয়ারদেগার, তওরাতে এমন লোকদের কথা আছে, যাদের ‘ইনজীল’ তাদের বক্ষে সংরক্ষিত থাকবে। তারা সেটি মুখে মুখে তেলাওয়াত করবে। তাদেরকে আমার উম্মত করে দিন। আল্লাহ তায়ালা বললেন : এরাতো আহমদের উম্মত। মুসা (আঃ) বললেন : প্রভু, তওরাতে এমন লোকদের উল্লেখ আছে, যাদের জন্যে গন্মীত তথা যুদ্ধলক্ষ সম্পদ হালাল। তাদেরকে আমার উম্মত করে দিন। আল্লাহ তায়ালা বললেন : এরা আহমদের উম্মত। মুসা (আঃ) বললেন : হে রব! তওরাতে এমন উম্মতের কথা আছে, যারা নিজেদেরই আত্মীয়-স্বজনকে খ্যরাত দিবে এবং এ জন্যে তাদেরকে পুরুষ্ট করা হবে। এদেরকে আমার উম্মত করে দিন। আল্লাহ পাক বললেন : এরা তো আহমদের উম্মত। মুসা (আঃ) বললেন : পরওয়ারদেগার! তওরাতে তাদের উল্লেখ আছে, যারা সংক্ষেপে করার ইচ্ছা করলে এবং অন্জাম না দিলেও তাদেরকে এক পুণ্যের সওয়াব দেয়া হবে, আর অন্জাম দিলে দশ পুণ্যের সওয়াব দান করা হবে। তাদেরকেই আমার উম্মত করে দিন। আল্লাহ তায়ালা বললেন : এরাও আহমদের উম্মত। মুসা (আঃ) বললেন : প্রভু হে! তওরাতে এমন লোকদের কথা আছে, যারা কেবল পাপ কাজের ইচ্ছা করে তা অন্জাম না দিলে তাদের কোন পাপ লেখা হবে না। আর যদি অন্জামও দেয়, তবে কেবল একটি পাপই লেখা হবে। পরওয়ারদেগার! তাদেরকে আমার উম্মত করে দিন। আল্লাহ বললেন : এরাও আহমদের উম্মত। মুসা (আঃ) বললেন : হে রব! তওরাতে এমন লোকদের উল্লেখ আছে, যাদেরকে পূর্ববর্তী ও পরবর্তীদের সম্পর্কে জ্ঞান দান করা হবে এবং যারা পথভ্রষ্টতা মিটিয়ে দিবে ও মসীহ দাজ্জালকে হত্যা করবে। পরওয়ারদেগার, তাদেরকে আমার উম্মত করে দিন। আল্লাহ বললেন : এরাও আহমদের উম্মত হবে। অতঃপর মুসা (আঃ) বললেন : পরওয়ারদেগার! তাহলে আমাকেও আহমদের উম্মতের একজন করে দিন। এতে আল্লাহ তায়ালা মুসা (আঃ)কেও দু'টি স্বাতন্ত্র্য দান করলেন; বললেন : হে মুসা! আমি তোমাকে আমার পয়গাম (রেসালত) ও কালামের জন্যে বেছে নিয়েছি। অতএব, আমি যা দিচ্ছি, তা নাও এবং কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হয়ে যাও। এ কথা শুনার পর হ্যরত মুসা (আঃ) আরজ করলেন : পরওয়ারদেগার! আমি রায়ী।

আবু নয়ীম আবদুর রহমান মুয়াফেরী থেকে রেওয়ায়েত করেন যে, কা'বে আহবার জন্মেক ইহুদী আলেমকে ক্রন্দনরত দেখে জিজ্ঞাসা করলেন : ব্যাপার কি? আলেম বলল : কোন একটি কথা মনে পড়েছে। কা'ব বললেন : আমি তোমাকে আল্লাহর কসম দিয়ে বলছি, যদি আমি তোমার ক্রন্দনের কারণ বলে দেই তবে তুমি আমার প্রশ্নসমূহের সঠিক জবাব দিবে কি? সে বলল : হ্যাঁ, দিব। কা'ব বললেন: তোমাকে আল্লাহর কসম দিয়ে জিজ্ঞাসা করছি। মুসা (আঃ) তওরাত পাঠ করে পরওয়ারদেগারকে বললেন : পরওয়ারদেগার! তওরাতে একটি শ্রেষ্ঠ উম্মতের উল্লেখ আছে, যারা মানুষকে সৎ কাজের আদেশ দিবে এবং অসৎ কাজ করতে নিষেধ করবে। তারা অতীত ও সর্বশেষ কিতাবসমূহের প্রতি ঈমান আনবে। পথভ্রষ্টদের বিরুদ্ধে যুদ্ধ করবে। অবশ্যে কানা দাজ্জালকেও হত্যা করবে। পরওয়ারদেগার! তাদেরকে আমার উম্মত করে দাও। আল্লাহ বললেন : এরা আহমদের উম্মত হবে। এ কথা শুনে ইহুদী আলেম বলল : হ্যাঁ, এটা ঠিক।

অতঃপর কা'ব বললেন : তোমাকে আল্লাহর কসম দিয়ে জিজ্ঞাসা করছি, আল্লাহর কিতাবে এ কথাও আছে কি যে, তওরাত পাঠ করার পর মুসা (আঃ) আল্লাহকে বললেন : হে রব, এই কিতাবে এমন লোকদের কথা আছে, যারা তোমার সর্বাধিক প্রশংসা করবে। সময়ের অনুবর্তিতা করবে, সংকলনে দৃঢ় হবে। কোন কাজের ইচ্ছা করলে ইনশাআল্লাহ বলবে। হে রব! তাদেরকে আমার উম্মত করে দিন। আল্লাহ বললেন : এরা তো আহমদের উম্মত। এ প্রশ্ন শুনে ইহুদী আলেম বলল : হ্যাঁ, ঐশ্বী কিতাবে এরূপ আছে।

কা'ব বললেন : আমি তোমাকে আল্লাহর কসম দিয়ে বলছি- কিতাবে এ কথা আছে কি যে, মুসা (আঃ) তওরাত পাঠ করার পর বললেন, হে আল্লাহ! তওরাতে এমন লোকদের উল্লেখ আছে, যারা উচ্চ ভূমিতে আরোহণ করার সময় আল্লাহর হামদ করবে। আর যখন কোন নিম্নভূমিতে অবতরণ করে, তখনও আল্লাহর হামদ করবে। মাটি তাদের জন্যে পবিত্র। সমগ্র ভূপৃষ্ঠ তাদের সেজদার স্থান। তারা 'জানাবত' থেকে পবিত্র থাকবে। পানি না পাওয়া গেলে মাটিও তাদের জন্যে পাক হওয়ার উপাদানরূপে গণ্য হবে। তাদের মুখমণ্ডল ও ঘূর কারণে ঝলমল করবে। হে রব! তাদেরকে আমার উম্মত করে দাও। আল্লাহ বললেন : এরাও আহমদের উম্মত। এ কথা শুনে ইহুদী আলেম বলল : এটাও ঠিক।

কা'ব বললেন : তোমাকে কসম দিয়ে জিজ্ঞাসা করছি- তুমি কি ঐশ্বী গ্রন্থে এ কথাও পাও যে, হ্যরত মুসা (আঃ) তওরাত পাঠ করে আরজ করলেন : প্রভু হে! এই কিতাবে এমন লোকদের উল্লেখ আছে, যাদের প্রতি তুমি রহমত করেছ। যারা দুর্বল হওয়া সত্ত্বেও কিতাবের উন্নতাধিকার লাভ করবে! তুমি তাদেরকে মনোনীত

করেছ। তাদের কেউ কেউ নিজের উপর জুলুম করবে। কেউ কেউ মধ্যবর্তী পথে চলবে এবং কেউ কেউ সৎ কাজের দিকে দ্রুত ধাবিত হবে। তবে তোমার রহমত তাদের সকলের উপর সমভাবে বর্ষিত হবে। তাদেরকেই আমার উম্মত করে দাও। আল্লাহ বললেন : এরা তো আহমদের উম্মত। ইহুদী আলেম বলল: হ্যাঁ, তাই।

কা'ব বললেন : আমি তোমাকে কসম দিয়ে জিজ্ঞেস করছি- হ্যরত মুসা (আঃ) তওরাত পাঠ করার পর আরজ করলেন : হে আল্লাহ! তোমার কিতাবে এমন লোকদের উল্লেখ দেখা যায়, যাদের কোরআন বুকের মধ্যে সংরক্ষিত থাকবে। তারা জান্নাতীদের অনুরূপ বন্ধ পরিধান করবে। নামায়ের সারি এমন বানাবে, যেমন ফেরেশতারা তোমার দরবারে সারিবদ্ধ হয়ে দাঁড়িয়ে থাকে। মসজিদসমূহে তাদের তেলাওয়াতের শব্দ মৌমাছির গুঞ্জনের মত শৃঙ্খল হবে। তাদের কেউ জাহানামে যাবে না, যে পর্যন্ত সে পুণ্য কাজ থেকে এমনভাবে খালি না হয়, যেমন প্রস্তরখণ্ডের উপরিভাগ ঘাস থেকে খালি থাকে। হে আল্লাহ! তাদেরকে আমার উম্মত করে দাও। আল্লাহ বললেন, এরা তো আহমদের উম্মত। ইহুদী আলেম বলল, হ্যাঁ, এটাও সঠিক।

আল্লাহ তাআলার জবাব শুনে মুসা (আঃ) বিস্মিত হলেন যে, আল্লাহ তায়ালা হ্যরত মোহাম্মদ (সাঃ) এবং তাঁর উম্মতকে কি পরিমাণ কল্যাণ ও সৌভাগ্য দান করেছেন! তিনি বললেন, হায়! আমি নিজেও যদি হ্যরত মোহাম্মদ (সাঃ)-এর উম্মত হতাম! এরপর আল্লাহ তাঁকে এই আয়াত ওহী করলেন,

إِمْوَأْسِي إِنِّي أَصْطَفْتُكَ عَلَى النَّاسِ بِرِسْلَتِي وَبِكَلَامِي.

ঃ হে মুসা (আঃ)! আমি তোমাকে আমার পয়গাম ও কালামের জন্যে মনোনীত করেছি। এতে মুসা (আঃ) খুশী হয়ে গেলেন।

আবু নয়ীম সায়ীদ ইবনে আবী হেলাল থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল্লাহ ইবনে ওমর (রাঃ) কা'বে আহবারকে বললেন : বলুন, অতীত ঐশ্বী গ্রন্থসমূহে হ্যরত মোহাম্মদ (সাঃ) ও তাঁর উম্মতের উল্লেখ কিতাবে করা হয়েছে? কা'ব বললেন : পূর্ববর্তী কিতাবে বলা হয়েছে যে, হ্যরত মোহাম্মদ (সাঃ) ও তাঁর উম্মত আল্লাহ তায়ালার খুব প্রশংসা করবে। তারা প্রত্যেক ভাল-মন্দ বিষয়ে আল্লাহর তারীফ করবে। উচ্চভূমিতে আরোহণ করার সময় আল্লাহর মাহাত্ম্য ঘোষণা করবে এবং নিম্ন ভূমিতে অবতরণ করার সময় তাঁর পবিত্রতা পাঠ করবে। তাদের দোয়া আকাশ পর্যন্ত পৌছবে এবং তাদের নামায়ের গুঞ্জন মৌমাছিদের শব্দের মত হবে। তারা নামায়ে সারিবদ্ধ হয়ে দাঁড়ায়, যেমন ফেরেশতারা তাদের প্রতিপালকের দরবারে দণ্ডযান হয়। যুদ্ধক্ষেত্রেও তারা নামায়ের ন্যায় সারিবদ্ধ হবে। তারা

জেহাদের জন্যে বের হলে ফেরেশতারা তাদের অগ্রে ও পশ্চাতে বর্ণা নিয়ে বের হবে। আল্লাহর পক্ষে বের হওয়ার সময় আল্লাহ তাদেরকে ছায়াদান করবেন, যেমন বাজপাখী তার বাসায় থাকে। (এ স্থলে কা'ব ইশারার মাধ্যমে বাজের বাসায় পাখা বিস্তার করার দৃশ্য দেখিয়ে দেন।) তারা কোন কঠিন স্থানে পিছপা হয় না। এরূপ ক্ষেত্রে জিবরাস্ট তাদের সাহায্যার্থে চলে আসেন।

আবু নয়ীম হিলইয়া গ্রন্থে হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) এরশাদ করেছেন— আল্লাহ তায়ালা হ্যরত মুসা (আঃ)-এর প্রতি ওই পাঠলেন— যে ব্যক্তি আহমদকে অঙ্গীকার করবে, আমি তাকে জাহানামে নিক্ষেপ করব। মুসা (আঃ) জিজ্ঞাসা করলেন : আহমদ কে? আল্লাহ তায়ালা বললেন : আহমদ সেই ব্যক্তি, সমগ্র সৃষ্টির মধ্যে যার চেয়ে উত্তম কেউ নেই। তার নাম নভোমগুল ও ভূমগুল সৃষ্টির পূর্বেই আমি আরশে লিখে দিয়েছিলাম। জানাতে কেউ দাখিল হবে না, যে পর্যন্ত সে নিজে এবং তাঁর সমস্ত উম্মত দাখিল না হয়ে যায়।

হ্যরত মুসা (আঃ) জিজ্ঞাসা করলেন : তাঁর উম্মত কেমন? আল্লাহ বললেন : তারা আল্লাহর খুব হামদ করবে। প্রত্যেক উচু নীচু স্থানে আল্লাহর প্রশংসা করবে। শরীরের মাঝখানে লুঙ্গি বাঁধবে। ওয়ু করবে। দিনে রোয়া রাখবে এবং রাতে এবাদত করবে। আমি তাদের নিন্দিতম পর্যায়ের আমলও করুল করে নিব। তাদেরকে কেবল লা ইলাহা ইল্লাল্লাহের সাক্ষ্যের ভিত্তিতে জানাতে দাখিল করব।

হ্যরত মুসা (আঃ) বললেন : আমাকে তাদের নবী করে দিন। আল্লাহ তায়ালা এরশাদ করলেন : তাদের নবী তাদের মধ্য থেকেই হবে। মুসা (আঃ) বললেন : তা হলে আমাকে সেই নবীর উম্মত করে দিন। আল্লাহ বললেন : সেই নবী পরবর্তীকালে আগমন করবেন। তবে তুমি জানাতে তাঁর সাথে থাকবে।”

ইবনে আবী হাতেম ও আবু নয়ীম ওয়াহাব ইবনে মুনাবেহ থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহ তায়ালা ইউশা নবীর কাছে ওই পাঠলেন : আমি একজন নবী উম্মী প্রেরণ করব, যার মাধ্যমে বধির কর্গসমূহকে, বন্ধ অন্তরসমূহকে এবং অঙ্গ চক্ষুসমূহকে উন্মোচন করব। সেই নবী মকায় জন্মগ্রহণ করবেন। মদীনায় হিজরত করবেন এবং তাঁর রাজত্ব শামদেশ পর্যন্ত বিস্তৃত হবে। আমার এই বান্দার নাম মুতাওয়াক্লিল, মুস্তফা, মরফু, হাবীব, মাহবুব ও মুখতার হবে। মন্দের জবাবে মন্দ আচরণ করবে না; বরং মাফ করে দিবে। ঈমানদারদের প্রতি অত্যন্ত দঁয়াশীল হবে। জন্মুর পিঠে বোঝা দেখে এবং এতিমকে বিধবার কোলে দেখে অশ্রসজল হয়ে যাবে। সে না বদ্বভাব হবে, না কঠোর মেয়াজ। বাজারে ঘুরাফির করবে না। অশোভন ও অমার্জিত কথাবার্তা বলবে না। এতটুকু গঁজির যে, প্রদীপের পার্শ্ব দিয়ে

চলে গেলে তার শিখা সামান্যও নড়বে না। বাঁশের উপর দিয়ে হাঁটলেও পায়ের শব্দ শুনা যাবে না। সে সুসংবাদদাতা ও সতর্ককারী, প্রতিটি ভাল কাজের জন্যে প্রস্তুত, সচরিত্রায় ভূষিত, গাঞ্জীর্য তাঁর পোশাক, সতত তাঁর ভূষণ, খোদাতীতি তাঁর বিবেক। প্রজ্ঞা তাঁর বুদ্ধিমত্তা। সত্যবাদিতা তাঁর মজ্জা। ক্ষমা ও অনুগ্রহ তাঁর চরিত্র, ন্যায়বিচার তাঁর স্বভাব, সত্যতা তাঁর শরীয়ত। হৈদ্যাত তাঁর পথ প্রদর্শক। ইসলাম তাঁর ধর্ম এবং আহমদ তাঁর নাম। আমি তাঁর মাধ্যমে পথভুষ্টদেরকে হেদায়েত এবং অভ্যন্তরেকে জ্ঞান দান করব। তাঁর মাধ্যমে অনুন্নতদেরকে উন্নত করব। অখ্যাতদেরকে সম্মান দান করব। দরিদ্রদেরকে প্রচুর ধন-সম্পদ দান করব। নিঃস্বদের ধনাজ্য করব। বিচ্ছিন্নতার পর মিলন ঘটাব। ভিন্ন মতাবলম্বীদেরকে পরম্পরে মিলিত করব এবং তাঁর উম্মতকে সর্বশ্রেষ্ঠ উম্মত করব। তারা মানুষকে সৎকাজের আদেশ করবে এবং অসৎ কাজ থেকে বিরত রাখবে। আমার প্রতি এবং আমার তওহাদের প্রতি সাক্ষা ঈমান রাখবে। আমার সকল পয়গাম্বরের কিতাবে বিশ্বাস রাখবে। তারা সময়ের খেয়াল রাখবে। তারা সেসব লোকের অস্তর্ভুক্ত হবে যাদের অস্তর, মুখমগুল ও রূহ আমার হয়ে গেছে। তাদেরকে মোবারকবাদ! আমি তাদেরকেই সেই মর্যাদায় অধিষ্ঠিত করব যারা মসজিদে, মজলিসে, নিদ্রাস্ত্রে এবং ঠিকানায় সর্বদা আমার পরিত্রাতা, প্রশংসা, মহস্ত ও একত্ব বর্ণনা করবে। তারা নামাযে এমনভাবে সারিবদ্ধ হবে, যেমন ফেরেশতারা আমার আরশের চারপাশে সারিবদ্ধ হয়। তারা আমার দোষ ও আনসার। আমি তাদের খাতিরে আমার দুশ্মন মৃত্তিপূজারীদের কাছ থেকে প্রতিশোধ নিব। তারা দাঁড়িয়ে, বসে, রুক্ষ করে ও সেজদা করে নামায আদায় করবে। তাদের হাজারো লোক আমার খাতিরে জানমাল বিসর্জন দিতে বের হয়ে পড়বে এবং আমার পথে সারিবদ্ধ হয়ে লড়াই করবে। তাদের ধর্মগ্রন্থ সর্বশেষ, তাদের শরীয়ত সর্বশেষ এবং তাদের ধর্ম সর্বশেষ হবে। সুতরাং যে ব্যক্তি তাদের আমলে তাদের কিতাব, তাদের শরীয়ত এবং তাদের ধর্মে ঈমান আনবে না, আমার সাথে তার কোন সম্পর্ক থাকবে না এবং আমি তার তরফ থেকে মুক্ত। আমি তাদেরকে সর্বশ্রেষ্ঠ উম্মত করব। তারা কিয়ামতের দিন সকলের জন্যে সাক্ষ্যদাতা হবে। তারা যখন ত্রুদ্ধ হয়, তখন লা ইলাহা ইল্লাল্লাহ বলবে। কোন বিষয়ে তিঙ্গতা অনুভব করলে “আল্লাহ আকবার” বলবে। তাদের মধ্যে কোন কলহ সৃষ্টি হয়ে গেলে “সোবহানাল্লাহ” বলবে। তারা হাত মুখ ও পাধৌত করে এবং লুঙ্গ মাঝখানে বাঁধবে। উচু স্থানে উঠার সময় “লা ইলাহা ইল্লাল্লাহ” বলবে। আল্লাহর পথে প্রাণ উৎসর্গ করবে। তাদের ইঞ্জিল তাদের বক্ষে সংরক্ষিত থাকবে। তারা রাতে আবেদ, যাহেদ এবং দিনে সিংহের ন্যায় সংগ্রামী হবে। তাদের মুয়ায়িন শূন্য পরিমতলে আহ্বান ছড়িয়ে দেবে। তাদের তেলাওয়াতের গুঞ্জন মৌমাছির আওয়াজের মত হবে। সেই ব্যক্তি সফলকাম, যে তাদের সাথে থাকবে এবং তাদের শরীয়ত মেনে চলবে। এটা আমার প্রক্ষার।

আমি যাকে ইচ্ছা এই পুরক্ষার দান করি। আমার পুরক্ষারের বিস্তৃতির কোন পারাপার নেই।

বায়হাকী হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে বর্ণনা করেছেন : ইবনে আববাস (রাঃ) বর্ণনা করেন যে, জারগ্দ ইবনে আবদুল্লাহ নবী করীম (সাঃ)-এর খেদমতে হাজির হয়ে ইসলাম গ্রহণ করলেন এবং বললেন : সেই আল্লাহর কসম, যিনি আপনাকে নবী করে প্রেরণ করেছেন— আমি আপনার আলোচনা তওরাতে পেয়েছি এবং হ্যরত ঈসা (আঃ) আপনার আগমনের সুসংবাদ দিয়েছেন।

আবু নয়ীম সায়ীদ ইবনে মুসাইয়িব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল্লাহ ইবনে আববাস (রাঃ) কা'ব আহবারকে জিজাসা করলেন : আপনি নবী করীম (সাঃ) ও হ্যরত আবু বকর (রাঃ)-এর আমলে ইসলাম গ্রহণ করলেন না কেন? এখন হ্যরত ওমর (রাঃ)-এর খেলাফতকালে ইসলাম গ্রহণ করেছেন। কা'ব বললেন : আমার পিতা তওরাতের কিছু অংশ লেখে আমাকে দিয়েছিলেন এবং বলেছিলেন যে, ব্যস এটুকুই মেনে চলবে এবং এই আমলই অব্যাহত রাখবে। তিনি অবশিষ্ট তওরাত মোহরবন্দ করে বললেন : এই মোহর ভেঙ্গে তওরাত পাঠ করার চেষ্টা করবে না। এরপর যখন ইসলাম সমগ্র কল্যাণ নিয়ে আগমন করল, তখন আমি ভাবলাম, আমার পিতা কোন গুরুত্বপূর্ণ বিষয় আমার কাছ থেকে গোপন করেছেন? সেমতে আমি মোহর ভেঙ্গে দিলাম এবং তওরাতে হ্যরত মোহাম্মদ (সাঃ)-এর আলোচনা পেয়ে গেলাম। তাই আমি এখন মুসলমান হয়ে গেছি।

আবু নয়ীম শহর ইবনে হাওশাবের বরাত দিয়ে বর্ণনা করেন যে, কা'ব বলেন : আমার পিতা তওরাতের বড় আলেম ছিলেন। তিনি আমার কাছে কখনও কোন কথা গোপন করেননি। অন্তিম সময় উপস্থিত হলে তিনি আমাকে ডেকে বললেন : আমি আমার জ্ঞানভাণ্ডার থেকে কোন কথা তোমার কাছে গোপন রাখিনি। হ্যা, দু'টি পৃষ্ঠা আমি লুকিয়ে রেখেছিলাম, যার মধ্যে ভবিষ্যৎ নবীর আলোচনা ছিল। তাঁর আগমনের সময় সন্নিকটে। আমি দু'টি পৃষ্ঠার বিষয়বস্তু এজনে বলিনি, যাতে তুমি কোন মিথ্যা নবীর খপ্পরে না পড়ে যাও। আমি পৃষ্ঠা দু'টি এই তাকে রেখে উপরিভাগ লেপে দিয়েছি। তুমি এগুলো এখনই বের করবে না। কেননা, যদি আল্লাহ তোমার কল্যাণ চান এবং শেষ নবীর আবির্ভাব ঘটে, তবে তুমি তাঁর অনুসারী হয়ে যাবে। এরপর আমার পিতা মারা গেলেন এবং আমরা তাঁকে দাফন করে দিলাম। এখন আমার মধ্যে দু'টি পৃষ্ঠা দেখার আগ্রহ মাথাচাঢ়া দিয়ে উঠল। সেমতে আমি এগুলো বের করলাম। তাতে এই বিষয়বস্তু ছিল : যোহাম্মদ আল্লাহর রসূল ও সর্বশেষ নবী। তাঁর পরে আর কোন নবী আগমন করবেন না। তাঁর জন্মস্থান মকা এবং হিজরতের স্থান মদীনা। তিনি না বদমেয়াজ, না কঠোর, না বাজারে

ঘূরাফিরা করবেন। তিনি মন্দের জবাবে মন্দ আচরণ করবেন না; বরং ক্ষমা ও মার্জনা করবেন। তাঁর উদ্ধৃত আল্লাহর অত্যধিক প্রশংসাকারী হবে। তারা সর্বাবস্থায় আল্লাহর গুণকীর্তন করবে। আল্লাহর পক্ষ থেকে তাদের নবীকে সর্বাবস্থায় মন্দ করা হবে। তারা আপন লজ্জাস্থান ধোত করবে। কোমরে লুঙ্গি পরিধান করবে। তাদের ‘ইনজীল’ তাদের বক্ষে সুরক্ষিত থাকবে। তারা পরম্পরে এমন সহানৃতিশীল হবে, যেমন এক মায়ের সন্তান। এই উদ্ধৃত সর্বপ্রথম জান্মাতে প্রবেশ করবে।

এই বিষয়বস্তু দেখার কিছুদিন পরেই আমি সংবাদ পেলাম যে, নবী করীম (সাঃ) আবির্ভূত হয়েছেন। কিন্তু আমি ইসলাম গ্রহণে বিলম্ব করলাম, যাতে উত্তমরূপে প্রমাণ পেয়ে যাই। ইতিমধ্যে নবী করীম (সাঃ)-এর ওফাত হয়ে গেল এবং তাঁর একজন খলিফা নিযুক্ত হলেন। তাঁর সেনাবাহিনী আমাদের এলাকায় পৌছল। আমি মনে মনে বললাম : আমি এই ধর্মে দাখিল হব না, যে পর্যন্ত তাদের চালচলন না দেখে নেই। এমনিভাবে আমি ইসলাম গ্রহণ বিলম্বিত করতে লাগলাম। অবশ্যে হ্যরত ওমর (রাঃ)-এর নিয়োজিত কর্মচারীরা এসে গেল। যখন আমি তাদের অঙ্গীকার পূরণের অবস্থা দেখলাম এবং শক্র মোকাবিলায় খোদায়ী সাহায্য প্রত্যক্ষ করলাম, তখন বুঝে নিলাম যে, আমি তাদেরই অপেক্ষায় ছিলাম। এক রাতে আমি গৃহের ছাদে কাউকে এই আয়াত তেলাওয়াত করতে শুনলাম—

يَٰ يٰ هَا الَّذِينَ أَتُوا إِلَيْكُمْ كِتَابَ أَمْنُوا بِمَا نَزَّلْنَا مُصَدِّقًا لِّمَا
مَعَكُمْ مِّنْ قَبْلِهِ أَنْ نَظِمَّ وَجْهًا .

হে ঐশী গ্রন্থের অধিকারীবৃন্দ! আমি যা নাখিল করেছি (অর্থাৎ কোরআন) তার প্রতি ঈমান আন। এটি তোমাদের কাছে যে কিতাব আছে, তার সত্যায়ন করে। (সৈমান আন) এমন হওয়ার আগেই যে, আমি চেহারাসমূহকে বিকৃত করে পশ্চাদ্বিকে ঘূরিয়ে দিব। (সূরা নিসা, আয়াত-৪৭)

এই আয়াত শুনে আমি খুবই ভীত হয়ে পড়লাম। মনে হল যেন সকাল হওয়ার আগেই আল্লাহ তায়ালা আমার মুখ্যমণ্ডল পশ্চাদ্বিকে ঘূরিয়ে দিবেন। সেমতে তোর হওয়ার সাথে সাথে আমি মুসলমানদের অবস্থানের দিকে ধাবিত হলাম।

এ রেওয়ায়েতটিই ইবনে আসাকির• শয়াইন, টর্বনে রাফে ও অন্য রাবীদের থেকেও বর্ণনা করেছেন।

বায়হাকী ওয়াহাব ইবনে মুনাবেহ থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহ তায়ালা হ্যরত দাউদ (আঃ)-এর প্রতি ওহী পাঠ করেন এবং এটি পাঠের সময়ে

একজন নবী আসবেন। তাঁর নাম হবে “আহমদ” ও “মোহাম্মদ”। আমি কথনও তাঁর প্রতি অসন্তুষ্ট হব না। তিনি কখনও আমার নাফরমানী করবেন না। আমি তাঁর আগে পিছের সমস্ত গোনাহ মাফ করে দিয়েছি। তাঁর উশ্মত রহম প্রাণ হবে। আমি এই উশ্মতকে সেই সব নফল দিয়েছি, যা পয়গাস্তরগণকে দিয়েছি এবং সেই সব ফরয অর্পণ করেছি, যা পয়গাস্তরগণকে অর্পণ করেছি। কিয়ামতের দিন তারা পয়গাস্তরগণের মত নূর নিয়ে আমার কাছে আসবে। আমি তাদের উপর প্রত্যেক নামাযের জন্যে পবিত্রতা অর্জন করা ফরয করেছি। এটা পয়গাস্তরগণের জন্যেও জরুরী ছিল। আমি তাদেরকে জানাবাতের গোসল করার আদেশ দিয়েছি। পয়গাস্তরগণকেও তা দিয়েছিলাম। আমি তাদেরকে হজ্জ ও জেহাদ করারও আদেশ দিয়েছি, যেমন পয়গাস্তরগণকে দিয়েছিলাম। হে দাউদ! আমি মোহাম্মদ ও তাঁর উশ্মতকে সকল উশ্মতের উপর শ্রেষ্ঠ দান করেছি। আমি তাদেরকে ছয়টি গুণ দান করেছি, যা অন্য কোন উশ্মতকে দেইনি। আমি ভূল-আন্তির কারণে তাদেরকে ধৃত করব না। (হাদীসের অবশিষ্টাংশ পরে আসছে।)

তিবরানী, বায়হাকী, আবু নয়ীম ও ইবনে আসাকির কালতান ইবনে আসেম (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আমরা নবী করীম (সাঃ)-এর কাছে উপবিষ্ট ছিলাম, এমন সময় এক ব্যক্তি আগমন করল। রসূলুল্লাহ (সাঃ) তাকে জিজ্ঞাসা করলেন : তুমি তওরাত পড়েছো? সে বলল : হ্যাঁ। আবার প্রশ্ন করলেন : ইঞ্জিলও পড়েছো? সে বলল : হ্যাঁ। অতঃপর রসূলুল্লাহ (সাঃ) তাকে কসম দিয়ে জিজ্ঞাসা করলেনঃ তুমি তওরাত ও ইন্জীলে আমার আলোচনা পেয়েছো? লোকটি বলল : হ্যাঁ হ্যাঁ আপনার অভ্যাস ও আপনার আপাদমস্তক অবস্থা বর্ণিত হয়েছে। আমাদের ধারণা ছিল যে, এই শেষ নবী আমাদের মধ্য থেকে আবির্ভূত হবেন। আপনার আবির্ভাবের পর আমাদের আশংকা হয় যে, আপনিই হয়তো সেই নবী। কিন্তু অনেক চিন্তাভাবনার পর জানা গেল যে, আপনি সেই নবী নন। কেননা, আমাদের কিতাবে আছে যে, সেই নবীর সঙ্গে সন্তুর হাজার উশ্মত এমন থাকবে, যারা বিনা হিসাব-নিকাশে বেহশতে যাবে। আপনার সঙ্গে সামান্য সংখ্যক লোক রয়েছে। রসূলুল্লাহ (সাঃ) বললেন : সেই আল্লাহর কসম, যাঁর কজায় আমার প্রাণ; আমিই সেই প্রতিশ্রুত নবী। বিনা হিসাবে যারা বেহশতে যাবে, তারা আমারই উশ্মত। আর তারা সন্তুর হাজার কেন, সন্তুর হাজারেও অনেক বেশি হবে।

তিবরানী, ইবনে হাকবান, হাকেম, বায়হাকী ও আবু নয়ীম আবদুল্লাহ ইবনে সালাম (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, আল্লাহ তায়ালা যখন যায়দ ইবনে সাঁ'নাকে হেদায়ত করার ইচ্ছা করলেন, তখন যায়দ ইবনে সাঁ'না বলতে লাগল : নবুওয়তের সকল আলামতই আমি চিনে নিয়েছি; কেবল দু'টি আলামতই বাকী রয়েছে। এক, মূর্খতার উপর তাঁর সহনশীলতা ও গান্ধীর প্রবল হবে এবং দুই, মূর্খতা যত বেশি

প্রকাশ পাবে, তাঁর সহনশীলতা তত বেড়ে যাবে। সেমতে আমি রসূলুল্লাহ (সাঃ)-এর সহনশীলতা ও গান্ধীর পরীক্ষা করার জন্যে তাঁর খুব কাছাকাছি থাকতে শুরু করলাম। অতঃপর আমি তাঁর সাথে অগ্রিম খেজুর ত্রয়ের লেনদেন করলাম এবং মূল্য পরিশোধ করে দিলাম। খেজুর সমর্পণের তারিখ আমার দু'অর্থবা তিনি দিন বাকী থাকতে আমি তাঁর কাছে যেয়ে তাঁর চাদর ধরে ফেললাম এবং কর্কশ ভাষায় বললাম : হে মোহাম্মদ! আমার প্রাপ্য খেজুর পরিশোধ করবে না? তোমরা আব্দুল মুতালিবের পরিবার। দাবী পরিশোধে টালবাহানা করাই তোমাদের অভ্যাস, আমি পূর্বেই তা জানতাম। হ্যরত ওমর (রাঃ) ক্রুদ্ধ হয়ে দাঁড়িয়ে গেলেন এবং বললেন : হে আল্লাহর দুশ্মন! তুই আল্লাহর রসূল (সাঃ)-এর সাথে এভাবে কথা বলছিস? এক্ষণে আমার হাতে তলোয়ার থাকলে আমি তোর গর্দান উড়িয়ে দিতাম। এসময়ে রসূলুল্লাহ (সাঃ) হ্যরত ওমরের দিকে গান্ধীরপূর্ণ দৃষ্টিতে তাকিয়ে রইলেন। অতঃপর মুঢ়কি হেসে বললেন : হে ওমর! এ ব্যক্তি অন্য কোন আচরণের যোগ্য। তোমার উচিত আমাকে দাবী পরিশোধ করতে বলা এবং তাকে ভদ্রভাবে দাবী করতে বলা। যাও, তাকে তার দাবী মিটিয়ে দাও। তুমি যে তাকে ভয় দেখিয়েছ এবং ধর্মক দিয়েছ, এর বিনিময়ে বিশ ‘ছা’ খেজুর অতিরিক্ত দিয়ে দাও। একথা শুনে আমি ওমর (রাঃ)-কে বললাম : হে ওমর! আমি নবুওয়তের সকল আলামতই পরীক্ষা করে চিনে নিয়েছিলাম; কেবল দু'টি আলামত বাকী ছিল। এক, তাঁর ধৈর্য ও সহনশীলতা মূর্খতার উর্ধ্বে থাকবে এবং দুই, মূর্খতার বৃদ্ধি সহনশীলতা বৃদ্ধির কারণ হবে। আজ আমি এ দু'টি আলামতও জেনে নিলাম। অতএব তুমি সাক্ষী থাক, আমি আল্লাহকে আমার রব, ইসলামকে ধর্ম এবং মুহাম্মদ (সাঃ) নবীরপে সন্তুষ্ট চিত্তে গ্রহণ করলাম।

ইবনে সাঁ'দে যুহুরীর রেওয়ায়েতে আছে— জনৈক ইহুদী বলল : আমি তওরাতে উল্লিখিত রসূলুল্লাহ (সাঃ)-এর সকল গুণই পরীক্ষা করলাম, ধৈর্য ও সহনশীলতা ছাড়া। সেমতে আমি খেজুর ক্রয় করার জন্যে তাঁকে অগ্রিম বিশ দীনার দিলাম। এরপর উপরে উল্লিখিত রেওয়ায়েতের শেষাংশে বলা হয়েছে— ইহুদী হ্যরত ওমর (রাঃ)-কে বলল : হে ওমর! ইতিপূর্বে আমি তওরাতে উল্লিখিত সকল গুণই তাঁর মধ্যে পেয়েছি ধৈর্য ও সহনশীলতা ছাড়া। আজ আমি তাঁর সহনশীলতা পরীক্ষা করে তাই পেয়েছি, যা তওরাতে বর্ণিত হয়েছে। এরপর সেই ইহুদী ও তার পরিবারের সকলেই সামন্দে ইসলাম গ্রহণ করল।

আবু নয়ীম ইউসুফ ইবনে আবদুল্লাহ এবং তিনি পিতা আবদুল্লাহ ইবনে সালাম থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেছেন : আমি ঐশ্বী গ্রহসমূহ পাঠ করেছি : মকাব একটি ঝাঙা সমুন্নত হবে। এই ঝাঙাবাহকের সাথে তাঁর আল্লাহ এবং তিনি আল্লাহর সাথে থাকবেন। এরপর আল্লাহ তাঁকে সকল শহরের উপর বিজয় দান করবেন।

ইবনে সাদ ও ইবনে আসাকির মূসা ইবনে এয়াকুব যমরী থেকে রেওয়ায়েত করেন এবং তিনি গোছায়মার গোলাম থেকে বর্ণনা করেন যে, মরিসের খৃষ্টান সহল এতীম অবস্থায় আপন চাচার কাছে লালিত-পালিত হয়। সে বলে : একবার আমি ইন্জীল পাঠ করতে শুরু করলাম। তাতে দু'টি পাতা পরম্পরে সংলগ্ন ও জড়ানো ছিল। আমি পাতাগুলো আলাদা করলে তাতে হ্যরত মোহাম্মদ (সাঃ)-এর গুণাবলী এভাবে বর্ণিত ছিল : তিনি না দীর্ঘদেহী, না খর্বাকৃতি। তাঁর উভয় কাঁধের মাঝখানে “মোহরে নবুওয়ত” থাকবে। তিনি অধিকাংশ সময় দু'পা খাড়া করে বসবেন। সদকা করুল করবেন না। গাধা ও খচের আরোহণ করবেন। ছাগলের দুধ দোহন করবেন। তালিযুক্ত জামা পরিধান করবেন। এরূপ লোক অহংকারমুক্ত হয়ে থাকে। তিনি হ্যরত ইসমাইল (আঃ)-এর বংশধর এবং তাঁর নাম হবে আহমদ। আমি এ পর্যন্ত পড়ার পর আমার চাচা এসে গেলেন এবং আমার হাতে পাতা দু'টি দেখে আমাকে শাসিয়ে বললেন : তুমি এই পাতাগুলো খুললে কেন? আমি বললামঃ এতে আহমদ নবীর কথা আছে। তিনি বললেন : এই নবী এখনও আত্মপ্রকাশ করেননি।”

বায়হাকী ওমর ইবনে হাকাম ইবনে রাফে’ ইবনে সিনানের মাধ্যমে বর্ণনা করেন— “আমাকে আমার চাচা ও পিতৃপুরুষেরা বলেছেন, তাদের কাছে একটি লিখিত বস্তু ছিল, যা মূর্খতা যুগ থেকে বংশ পরম্পরায় তাদের নিকট স্থানান্তরিত হয়ে আসছিল। অবশেষে ইসলামের আগমন ঘটল এবং নবী করীম (সাঃ) হিজরত করে মদীনায় আগমন করলেন। আমরা সেই লেখাটি নিয়ে তাঁর খেদমতে হায়ির হলাম। তাতে লেখা ছিল :

“আল্লাহর নামে শুরু, যাঁর উক্তি সত্য। মিথ্যাবাদীদের উক্তি ধৰ্ম ও বরবাদী ছাড়া কিছু নয়। শেষ যমনায় এক উম্মত আসবে, যারা স্ব স্ব অঙ্গ-প্রত্যঙ্গ ধৌত করবে। তারা কোমরে পাজামা বাঁধবে। শক্রদের পশ্চাদ্বাবন সমুদ্রেও করবে। তাদের নামায এমন হবে যে, এই নামায নৃহের সম্প্রদায়ে থাকলে তারা প্লাবনে ধৰ্ম হত না। ‘আদ সম্প্রদায়ে থাকলে তারা ঝঁঝাবায়ুতে নিশ্চিহ্ন হয়ে যেত না এবং ছামুদ গোত্রে থাকলে তারা বিকট শব্দে ভূমিসাং হত না।’”

আমি এই লেখাটি পাঠ করে রসূলুল্লাহ (সাঃ)-কে শুনালে তিনি বিশ্বয় প্রকাশ করলেন।

ইবনে মানদাহ হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন : আল্লাহ তায়ালা আমাকে সমগ্র বিশ্বের জন্যে হেদায়াত ও রহমত করে প্রেরণ করেছেন। তিনি আমাকে এজন্যে প্রেরণ করেছেন, যাতে আমি সকল প্রকার বাদুয়ান তেসে ফেলি। একথা শুনে আউস ইবনে সামআন বলতে লাগল :

আল্লাহর কসম, যিনি আপনাকে রসূল করে প্রেরণ করেছেন— আমি তওরাতে এরূপই পাঠ করেছি।

বায়হাকী ও আবু নবীম রেওয়ায়েত করেন যে, কা’বে আহবার (রাঃ) এক ব্যক্তিকে বলতে শুনলেন— আমি স্বপ্নে দেখেছি যে, সমস্ত মানুষ হিসাব নিকাশের জন্যে হাশরের ময়দানে সমবেত হয়েছে। পয়গাষ্ঠেরগণকেও ডাকা হয়েছে। প্রত্যেক পয়গাষ্ঠের উষ্মত তাঁদের সাথে রয়েছে। প্রত্যেক নবীর সঙ্গে দু'টি করে নূর ছিল এবং তাঁর অনুসারীদের সাথে একটি করে নূর ছিল। যখন নবী করীম (সাঃ) আগমন করলেন, তখন তাঁর এক একটি কেশ ও পবিত্র মুখমণ্ডল থেকে অজস্র ধারায় নূর বিচ্ছুরিত হচ্ছিল। ফলে সকলের দৃষ্টি তাঁর প্রতি নিবন্ধ হয়ে গেল। তাঁর অনুসারীদের প্রত্যেকের সঙ্গে অন্য পয়গাষ্ঠেরগণের ন্যায় দু'টি করে নূর ছিল। এই নূরের সাহায্যে তাঁরা পথ চলছিল। কা’ব বলেন : আমি লোকটিকে জিজ্ঞাসা করলাম : বাস্তবিকই তুমি এ স্বপ্ন দেখেছো? সে বলল : হ্যাঁ দেখেছি। কা’ব বললেনঃ সেই সন্তার কসম, যাঁর কবজ্জায় আমার প্রাণ, আল্লাহর কিতাবে হ্যরত মোহাম্মদ, তাঁর উষ্মত, নবীগণ এবং তাঁদের উষ্মতের গুণাবলী এমনিভাবেই ব্যক্ত হয়েছে। মনে হয় লোকটি এসকল বিবরণ তওরাতে পাঠ করেছে।

ইবনে আসাকির হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে বর্ণনা করেন যে, পাঁচ জন নবীর আগমনের সুসংবাদ তাঁদের নবুওয়তপ্রাণ্তির পূর্বেই মানুষকে শুনিয়ে দেয়া হয়েছে। সেমতে ইসহাক ও ইয়াকুব (আঃ)-এর সুসংবাদ দিয়ে বলা হয়েছে—“আমি সুসংবাদ দিয়েছি ইসহাকের এবং ইসহাকের পরে ইয়াকুবের।” হ্যরত ইয়াহইয়া (আঃ)-এর সুসংবাদ দিতে গিয়ে বলা হয়েছে—“আল্লাহ আপনাকে ইয়াহইয়ার সুসংবাদ দিচ্ছেন।” হ্যরত ঈসা (আঃ) সম্পর্কে বলা হয়েছে—“আল্লাহ আপনাকে কলেমাতুল্লার সুসংবাদ দিচ্ছেন।” হ্যরত মোহাম্মদ (সাঃ)-এর সুসংবাদের ঘোষণা এভাবে করা হয়েছে—“আমি সুসংবাদদাতা আমার পরে আগমনকারী রসূলের, যাঁর নাম আহমদ।”

আবু নবীম হিলইয়া গ্রহে ওয়াহাব থেকে রেওয়ায়েত করেন যে, বনী ইসরাইলের এক ব্যক্তি দু'শ' বছর পর্যন্ত আল্লাহর নাফরমানী করতে থাকে। তার মৃত্যু হলে লোকেরা তার মৃতদেহ আবর্জনার স্তুপে নিক্ষেপ করল। এতে আল্লাহ’ তায়ালা ওহী পাঠালেন : হে মূসা! এই ব্যক্তিকে বের করে তার জানায়ার নামায পড়। মূসা (আঃ) আরজ করলেন : হে আল্লাহ! বনী-ইসরাইল সাক্ষ্য দেয় যে, লোকটি দু'শ' বছর পর্যন্ত তোমার নাফরমানী করেছে। আল্লাহ ওহী পাঠালেন : হ্যাঁ, তাইই করেছে। কিন্তু সে যখন তওরাত খুলত এবং মোহাম্মদের নামের উপর তাঁ

দৃষ্টি পড়ত, তখন সেটিতে ছুবন করত, তার উপর চোখ রাখত এবং তার প্রতি দর্শন প্রেরণ করত। আমি তার এই এবাদত কবুল করে তার সমস্ত গোনাহ মাফ করে দিয়েছি। সত্ত্বে জন হৃতও তার বিবাহে দান করেছি।

ইবনে সা'দ হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) একবার মদীনার ইহুদীদের একটি পাঠাগারে গমন করলেন এবং তাদেরকে বললেন : তোমাদের মধ্যে সর্বাপেক্ষা বড় আলেম কে? তারা বলল : আবদুল্লাহ ইবনে ছুরিয়া। রসূলুল্লাহ (সাঃ) তাকে একান্তে নিয়ে গেলেন এবং বললেন : আমি তোমার ধর্মের কসম দিচ্ছি এবং সেসব নেয়ামতের কসম দিচ্ছি, যা আল্লাহ তায়ালা তোমাদেরকে দান করেছেন; অর্থাৎ মান্না, সলওয়া ও মেষমালার ছায়া দান-আমি যে আল্লাহর রসূল, একথা কি তুমি জান? ইবনে ছুরিয়া বলল : হ্যাঁ, আমি জানি; বরং সমগ্র ইহুদী সম্প্রদায় জানে। কেননা, তওরাতে আপনার গুণাবলী ও বৈশিষ্ট্যসমূহ বর্ণিত আছে। কিন্তু এরা আপনার প্রতিহিংসাপরায়ণ। রসূলুল্লাহ (সাঃ) বললেন : তোমার বাধা কিসের? সে বলল : আমি আমার সম্প্রদায়ের বিরোধিতাকে ভয় করি। কিন্তু এদের ইসলাম গ্রহণ করারও সংভাবনা আছে। তখন আমার পক্ষেও ইসলাম কবুল করা সহজ হবে।

আহমদ ও ইবনে সা'দ আবু ছথর ওকায়লী থেকে রেওয়ায়েত করেন- আমাকে জনৈক বেদুইন বলেছে যে, একবার নবী করীম (সাঃ) এক ইহুদীর কাছ দিয়ে গমন করেন। তার পুত্র অসুস্থ ছিল এবং সে অসুস্থ পুত্রের কাছে বসে তওরাত পাঠ করছিল। রসূলুল্লাহ (সাঃ) তাকে বললেন : আমি তোমাকে আল্লাহর কসম দিয়ে জিজ্ঞাসা করছি- তওরাতে আমার গুণাবলী ও আবির্ভাবের বিষয় উল্লেখ আছে কি? ইহুদী মাথা নেড়ে অঙ্গীকার করল। কিন্তু তার পুত্র বলল : আমি আল্লাহকে সাক্ষী করে বলছি, যিনি মূসা (আঃ)-এর প্রতি তওরাত নাযিল করেছেন-আমার পিতা আপনার গুণাবলী, আপনার সময়কাল ও আপনার আবির্ভাবের কথা তওরাতে উল্লিখিত দেখেছেন। আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া কোন মারুদ নেই এবং আপনি আল্লাহর রসূল। রসূলুল্লাহ (সাঃ) ইহুদীকে পুত্রের কাছ থেকে সরিয়ে দিলেন। এরপর পুত্রের মৃত্যু হয়ে গেলে হ্যাঁর (সাঃ) তার জানায়ার নামায পড়ালেন। বায়হাকী এমনি ধরনের রেওয়ায়েত হ্যরত আনাস ও ইবনে মসউদ (রাঃ) থেকে বর্ণনা করেছেন।

ইবনে সাদ কলবী থেকে, তিনি আবু ছালেহ থেকে এবং তিনি হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কোরায়শরা ন্যায় ইবনে হারেস ও ওকবা ইবনে আবী মুয়াত্ত প্রমুখকে মদীনায় ইহুদীদের কাছে রসূলুল্লাহ (সাঃ) সম্পর্কে জিজ্ঞাসা করার জন্য প্রেরণ করল। মদীনাবাসীদের নিকট গিয়ে বলল :

আমরা তোমাদের কাছে পরামর্শ করার জন্যে এসেছি। আমাদের এক পিতৃ-মাতৃহীন নগণ্য ব্যক্তি অনেক বড় কথা বলে। তার দাবী এই যে, সে আল্লাহর নবী। ইহুদীরা বলল : তার কিছু গুণাগুণ বর্ণনা কর। তারা কিছু গুণাগুণ বর্ণনা করল। ইহুদীরা জিজ্ঞাসা করল : এখন পর্যন্ত কোনু শ্রেণীর লোক তাঁর অনুসারী হয়েছে? তারা বলল : নিম্ন শ্রেণীর লোক। এতে একজন ইহুদী আলেম হেসে বললঃ মনে হচ্ছে ইনিই সেই নবী, যাঁর গুণাবলী আমরা আমাদের কিতাবে পাই। তাঁর কওম তাঁর সর্বাধিক দুশ্মন হবে।

আহমদ, বায়হাকী ও ইবনে আসাকির হ্যরত আলী ইবনে আবু তালেব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ)-এর কাছে জনৈক ইহুদীর কিছু দীনার পাওনা ছিল। সে তা দাবী করলে রসূলুল্লাহ (সাঃ) বললেন : এক্ষণে আমার কাছে নেই। ইহুদী বলল : দীনার না দেওয়া পর্যন্ত আমি আপনাকে যেতে দিব না। তিনি বললেন : তাহলে আমি তোমার কাছে বসলাম। একথা বলে তিনি বসে পড়লেন। তিনি যোহুর, আছুর, মাগরিব, এশা এবং পরবর্তী দিনের ফজরের নামায সেখানেই পড়লেন। সাহাবায়ে কেরাম ইহুদীকে শাসালেন এবং রসূলুল্লাহ (সাঃ)-কে বললেন : হে আল্লাহর রসূল! এক ইহুদী আপনাকে আটকে রেখেছে! তিনি বললেন : আমার প্রতিপালক আমাকে কারও উপর ঝুলুম করতে মানা করেছেন। এমনিভাবে বেলা বেড়ে গেলে ইহুদী মুসলমান হয়ে গেল এবং নিজের অর্ধেক মাল আল্লাহর পথে দান করল। সে বলল : আল্লাহর কসম! আমি যা কিছু করেছি, কেবল তওরাতে বর্ণিত আপনার গুণাবলী পরীক্ষা করার জন্যেই করেছি। কেননা, তওরাতে আপনার সম্পর্কে বলা হয়েছে :

ঃ মোহাম্মদ আল্লাহর বান্দা। তাঁর জন্মস্থান মঙ্গা এবং হিজরতের স্থান মদীনা। তাঁর রাজত্ব শাম পর্যন্ত বিস্তৃত। তিনি না কঠোরভাষী, না কঠোর স্বভাব এবং না বাজারে ঘুরাফিরাকারী। তিনি মন্দ কাজ করেন না। মিথ্যা বলেন না।

আবুশ শায়খ স্থীর তফসীরে সায়ীদ ইবনে জুবায়র থেকে বর্ণনা করেন যে, স্মাট নাজাশীর কয়েকজন সহচর তাঁকে বলেছিলেন : আমাদেরকে সেই নবীর কাছে যাওয়ার অনুমতি দেয়া হোক, যাঁর আলোচনা আমরা আমাদের কিতাবে পাই। সেমতে তারা নবী করীম (সাঃ)-এর খেদমতে উপস্থিত হয়ে ইসলাম গ্রহণ করেন এবং ওহু যুদ্ধে যোগদান করেন।

যুবায়র ইবনে বাকার কা'ব থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহ তায়ালা হ্যরত মূসা (আঃ)-এর প্রতি যে কিতাব নাযিল করেন, তাতে মদীনাকে সংশোধন করে বলা হয়েছে- হে তাইয়েবা, তাবা, মিসকীনা! ধনভাণ্ডার কবুল করো না; বরং স্থীর পৃষ্ঠদেশ সকল শহরের পৃষ্ঠদেশের উর্ধ্বে তুলে ধর।

যুবায়র ইবনে বাকার কাসেম ইবনে মোহাম্মদ থেকে বর্ণনা করেন যে, তওরাতে মদীনার চল্লিশটি নাম উল্লেখ করা হয়েছে।

রসূলুল্লাহ (সা):-এর আবির্ভাবের পূর্বে খৃষ্টান, ইহুদী আলেম ও সন্ধ্যাসীদের ঘটনাবলী

হাকেম ও বায়হাকী হ্যরত সালমান ফারেসী (রা:) থেকে বর্ণনা করেন, হ্যরত সালমান ফারেসী (রা:) তাঁর নিজের ইসলাম গ্রহণের ঘটনা বর্ণনা প্রসঙ্গে বলেন : আমি রামহরমুয়ের একজন সাধারণ বালক ছিলাম। আমার পিতা কৃষক ছিলেন। আমাকে একজন ওস্তাদের কাছে কিছু শিক্ষা লাভ করার জন্য দেয়া হয়েছিল। পিতার ঘৃত্যুর পর আমি সেই ওস্তাদের শিষ্যত্ব গ্রহণ করলাম। আমার বড় ভাই স্বনির্ভর ছিল, কিন্তু আমি একেবারে নিঃশ্বাস ছিলাম। ওস্তাদ যখন মজলিস ত্যাগ করতেন, তখন সকল শিষ্য সবক মুখস্থ করার জন্যে প্রস্থান করত। এদিকে ওস্তাদ গায়ে চাদর জড়িয়ে পাহাড়ে আরোহণ করতেন। ওস্তাদকে কয়েকবার এরূপ করতে দেখে আমি বললাম : আমাকেও সঙ্গে করে পাহাড়ে নিয়ে যান। ওস্তাদ বললেন : তুমি ছেলে মানুষ। ভয় পেতে পার। আমি বললাম : না, আমি ভয় পাব না। ওস্তাদ বললেন : এই পাহাড়ে কিছু লোক থাকে। তারা সর্বদা এবাদত, সাধনা এবং খোদার ধ্যানে মগ্ন থাকে। তারা বলে যে, আমরা অগ্নি ও প্রতিমার পূজা করি। অথচ এটা ঠিক নয়। আমি বললাম : আমাকে তাদের কাছে নিয়ে চলুন। ওস্তাদ বললেন : আচ্ছা : আমি তাদের কাছ থেকে অনুমতি নিছি। শেষ পর্যন্ত অনুমতি দিলেন। আমি ওস্তাদের সাথে তাদের কাছে পৌছে গেলাম। তারা সাত অথবা ছয় জন ছিল। অধিক এবাদতের কারণে তারা অস্থির্মসার হয়ে গিয়েছিল। তারা দিনে রোয়া রাখত এবং রাতভর নামায পড়ত। গাছের পাতা এবং যা কিছু পাওয়া যেত ভক্ষণ করে নিত। আমরা গিয়ে তাদের কাছে বসলে তারা আল্লাহর হামদ ও প্রশংসা বর্ণনা করল। অতীত পয়গাম্বরগণের কথা বলল। অবশ্যে হ্যরত ঈসা (আ:) -এর কথা বর্ণনা করত যে, তিনি পিতা ছাড়াই জন্মগ্রহণ করেছেন। আল্লাহ তাঁকে রসূল করেছেন এবং মৃতকে জীবিত করার, পারী সৃষ্টি করার, অঙ্গ, বোবা ও কুষ্ঠরোগীকে নিরাময় করার মোজেয়া দান করেছেন। কিন্তু লোক তাঁকে মেনে নেয় এবং কিছু লোক অস্বীকার করে। তিনি বললেন : বৎসগণ! তোমাদের আল্লাহ আছেন। তোমাদেরকে পুনরুজ্জীবিত হতে হবে। তোমাদের সম্মুখে রয়েছে জান্নাত ও জাহানাম। এতদুভয়ের কোন একটিতে তোমাদের যেতে হবে। যারা অগ্নির পূজা করে, তারা কাফের ও পথব্রহ্ম। আল্লাহ তাদের কাজে সন্তুষ্ট নন এবং তাদের কোন ধর্ম নেই। এসব কথাবার্তা শুনে আমরা চলে এলাম এবং পরের দিন আবার গেলাম। তারা পুনরায় এমনি ধরনের ভাল ভাল কথা বলল। শেষ পর্যন্ত আমি তাদের কাছেই রয়ে গেলাম। তারা বলল : সালমান! তুমি এখনও ছেলেমানুষ। আমরা যে পরিমাণ এবাদত করি, তুমি তা করতে পারবে না। তুমি কেবল নামায পড়বে আব ঘুমিয়ে পড়বে। এরপর পানাহার করবে।

এরপর সমসাময়িক বাদশাহের কানে তাদের সংবাদ পৌছে গেল। বাদশাহ তাদেরকে বহিকারের নির্দেশ দিলে আমি বললাম : আমি আপনাদেরকে ত্যাগ করতে পারব না। সেমতে আমিও তাদের সাথে রওয়ানা হয়ে গেলাম। অবশ্যে আমরা মুসলে পৌছে গেলাম। এখনকার লোকেরা আমাদের খুব সশ্রান্ত করল। একদিন এক ব্যক্তি শুহা থেকে বের হয়ে এল। সে এসে সালাম করত : আমার সঙ্গীদের কাছে বসে গেল। সঙ্গীরা তার প্রতি অত্যন্ত সশ্রান্ত প্রদর্শন করছিল। সে তাদেরকে জিজাসা করল : আপনারা কোথা থেকে এসেছেন? তারা সমুদ্র ঘটনা বর্ণনা করল। এরপর সে আমার সম্পর্কে জিজাসা করল এবং সঙ্গীরা আমার সপ্রশংস পরিচয় প্রদান করল। এরপর আগস্তুক আল্লাহর হামদ ও প্রশংসা বর্ণনা করল এবং নবীগণের ইতিহাস তুলে ধরল। সবশ্যে হ্যরত ঈসা (আ:) -এর কথা আলোচনা করে উপদেশ দিল যে, তোমরা আল্লাহকে ভয় কর এবং ঈসা (আ:) -এর শরীয়ত মেনে চল। আল্লাহর বিধি-বিধানের বিরুদ্ধাচরণ করো না। এই উপদেশদানের পর যখন সে গমনোদ্যত হল, তখন আমি বললাম : আমি আপনার সঙ্গে যাব। সে বলল : বৎস! তুমি আমার সাথে থাকতে পারবে না। আমি কেবল রবিবারে এই শুহা থেকে বাইরে আসি। আমি বললাম : যা-ই হোক, আমি আপনার সাথে থাকব। এই বলে আমি তার পিছনে পিছনে শুহায় পৌছে গেলাম। প্রবর্তী রবিবার পর্যন্ত তিনি কিছুই খেলেন না এবং নিদ্রাও গেলেন না। কেবল ঝুক্ত ও সেজদায় পড়ে রইলেন। রবিবার এলে আমরা বাইরে বের হলাম। লোকজন সমবেত হয়ে গেল। তিনি পূর্বের ন্যায় উপদেশ দিতে শুরু করলেন। এরপর পুনরায় শুহায় ফিরে এলেন। আমিও তাঁর সঙ্গে এলাম। এভাবে সে প্রতি রবিবারে বাইরে বের হত এবং মানুষকে সদুপদেশ দিত। এক রবিবারে সে লোকজনকে বলল : আমি অতিশয় বৃদ্ধ হয়ে গেছি। অস্থিতে ধ্বনি নেই। অস্তিম সময় আসন্ন। দীর্ঘ দিন হয় বায়তুল-মোকাদ্দাসের যিয়ারাত করিনি। এখন সেখানে যেতে চাই। একথা শুনেই আমি বললাম : আমিও সঙ্গে যাব। এরপর আমরা বায়তুল মোকাদ্দাসে পৌছে গেলাম। সে ভিতরে যেয়ে নামায শুরু করে দিল। সে প্রায়ই আমাকে বলত, সালমান! আল্লাহ তায়ালা “আহমদ” নামে একজন রসূল পাঠ্বেন। তিনি তেহামায় অর্থাৎ মক্কায় আবির্ভূত হবেন। তাঁর চিহ্ন এই যে, তিনি উপহার থাবেন, সদকা থাবেন না। তাঁর কাঁধের মাঝখানে নবুওয়তের মোহর থাকবে। তাঁর আত্মপ্রকাশের সময় সন্নিকটে। আমি তো এত বুঢ়ো হয়ে গেছি যে, তাঁর সময়কাল পাব বলে আশা করতে পারি না। যদি তুমি তাঁর সময়কাল পাও, তবে তাঁকে সত্য বলে বিশ্বাস করবে এবং তাঁর অনুসরণ করবে। আমি বললাম : যদিও তিনি আপনার ধর্ম ত্যাগ করতে বলেন, সে বলল : হ্যাঁ যদিও তিনি আমার ধর্ম বর্জন করতে বলেন, তবুও তাঁর প্রতি ঈমান আনবে। এরপর তিনি বায়তুল মোকাদ্দাস থেকে বের হলে শহরের বাইরে এসেই তিনি রহস্যময়ভাবে নিখোঁজ হয়ে গেলেন।

আমি তাঁকে অনেক তালাশ করলাম কিন্তু সন্ধান করতে পারলাম না। এভাবে তালাশ করতে করতেই অবশেষে বনু কালবের একটি কাফেলার দেখা পাওয়া গেল। আমি তাদেরকেও জিজ্ঞাসা করলাম। আমার ভাষা শুনে তাদের এক ব্যক্তি আমাকে নিজের উটের পিঠে বসিয়ে নিল। সে আমাকে নিজের শহরে এনে এক মহিলার হাতে বিক্রয় করে দিল। সে আমাকে বাগানের কাজে নিযুক্ত করল। এভাবেই আমি মদীনায় উপনীত হলাম।

রসূলুল্লাহ (সাঃ) মদীনায় আগমন করলে আমি বাগানের কিছু খেজুর নিয়ে তাঁর খেদমতে হাজির হলাম। তাঁর কাছে কিছু লোকজন উপবিষ্ট ছিল। আমি খেজুর সামনে রেখে দিলাম। তিনি জিজ্ঞাসা করলেন : কিসের খেজুর? আমি বললাম : সদকা। তিনি উপস্থিত লোকদেরকে বললেন : তোমরা খাও। তিনি নিজে খেলেন না। আমি কিছুক্ষণ সেখানে অবস্থান করে পুনরায় কিছু খেজুর নিয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর সামনে রেখে দিলাম। তিনি জিজ্ঞাসা করলেন : কিসের খেজুর? আমি বললাম : হাদিয়া (উপহার)। অতঃপর তিনি বিসমিল্লাহ বলে নিজেও খেলেন এবং সঙ্গীদেরকেও খাওয়ালেন। আমি মনে মনে বললাম : একটি চিহ্ন তো সত্য প্রমাণিত হল। এরপর আমি ঘুরে তাঁর পশ্চাদ্দিকে এলাম। তিনি আমার মতলব ঠাহর করে গায়ের চাদর সরিয়ে দিলেন। আমি তাঁর বাম কাঁধে নবুওয়তের মোহর স্পষ্ট দেখতে পেলাম। এরপর আমি সামনে এসে বসলাম এবং কলেমা পাঠ করলাম— আশহাদু আল্লাইলাহু ওয়া আল্লাকা রসূলুল্লাহ।

ইবনে সাদ, বাযহাকী ও আবু নয়ীম ইবনে ইসহাক থেকে, তিনি আসেম ইবনে আমর থেকে, তিনি মাহমুদ ইবনে লবীদ থেকে এবং তিনি ইবনে আবুবাস (রাঃ) থেকে বর্ণনা করেন যে, হ্যারত সালমান ফারেসী বলেছেন : আমি পারস্যের এক সম্পন্ন কৃষকের সন্তান। আমার প্রতি আমার পিতার স্নেহ-মমতা এত গভীর ছিল যে, তিনি আমাকে কন্যাদের মত গৃহে অস্তরীণ করে রেখেছিলেন। অগ্নিপূজায় আমার অনুরাগ এত তীব্র ছিল যে, আমি সেই অগ্নিরই সেবাদাস হয়ে রইলাম, যা আমার পিতা প্রজ্ঞালিত করত। তাই বাইরের জগৎ সম্পর্কে আমার তেমন কোন খবরই ছিল না। একবার আমার পিতা আমাকে ডেকে বললেন : বৎস! ক্ষেত-খামারের কোন খবর নেই। এর খবর নেয়া জরুরী। তুমি চলে যাও এবং মজুরদেরকে কাজ বলে চলে এস। দেখ, দেরী করো না। তুমি দেরী করলে আমার সমস্ত চিন্তা তোমাতেই নিরবন্ধ থাকবে। সেমতে আমি ক্ষেত্রের উদ্দেশে রওয়ানা হয়ে গেলাম। পথিমধ্যে আমি খৃষ্টানদের একটি গির্জা পেলাম। তাদের শব্দ শুনে আমি একজনকে জিজ্ঞাসা করলাম : এখানে কি হচ্ছে? সে বলল : খৃষ্টানরা নামায পড়ছে। আমি ভিতরে প্রবেশ করে দেখতে লাগলাম। দৃশ্যটি আমার কাছে খুব মনোরম মনে হল। আমি সর্বাঙ্গ পর্যন্ত সেখানেই বসে রইলাম।

এদিকে আমার পিতা আমার খোজে লোকজন পাঠিয়ে দিলেন। আমি তো ক্ষেত্রে যাইনি। সন্ধ্যায় গৃহে পৌছলে পিতা বললেন, কোথায় ছিলে? আমি বলেছিলাম না শীত্র চলে আসতে?

আমি বললাম : আমি খৃষ্টানদেরকে দেখেছি। তাদের নামায আমার খুব পছন্দ হয়েছে। ফলে অপলক নেত্রে তাদের উপাসনা প্রত্যক্ষ করেছি। পিতা বললেন : তোমার এবং তোমার বাপদার ধর্ম তাদের ধর্মের চেয়ে উত্তম।

আমি বললাম, অসম্ভব। তাদের ধর্মই উত্তম। কারণ, তারা আল্লাহর এবাদত করে, তাঁকেই ডাকে এবং তাঁরই নামায পড়ে। আর আমরা সেই অগ্নির পূজা করি, যা নিজেরাই প্রজ্ঞালিত করি। যখন ছেড়ে দেই, তখন নির্বাপিত হয়ে যায়।

আমার পিতা এসব কথাবার্তা শুনে ভীত হয়ে পড়লেন। তিনি আমার হাতে পায়ে শিকল পরিয়ে দিলেন। কিন্তু আমি গোপনে খৃষ্টানদেরকে লোক মারফত জিজ্ঞাসা করলাম যে, তোমাদের ধর্ম সম্পর্কে উচ্চতর জ্ঞান অর্জন করার উপায় কি? তারা বলল, তোমাকে শাম দেশে যেতে হবে। অতঃপর আমি তাদের কাছে পয়াগাম পাঠালাম যে, শাম দেশের কোন কাফেলা আগমন করলে আমাকে যেন সংবাদ দেয়া হয়। কিছুদিন পর তাদের কাছে ব্যবসায়ীদের একটি কাফেলা আগমন করলে তারা আমাকে সংবাদ দিল। এরপর বাণিজ্যিক কাফেলা প্রয়োজনাদি শেষ করে ফিরে যাওয়ার উদ্দ্যোগ নিলে খৃষ্টানরা আমার কাছে লোক পাঠিয়ে দিল। আমি শিকল খুলে কাফেলার সাথে রওয়ানা হয়ে গেলাম এবং বাইতুল মোকাদাসে পৌছে গেলাম।

সেখানে যেয়ে লোকজনকে জিজ্ঞাসা করলাম যে, এই ধর্মের সর্বাপেক্ষা বড় আলেম কে? লোকেরা বলল, গির্জার পাদ্রী। আমি তার কাছে গেলাম এবং বললাম, আমি আপনার সাথে গির্জায় থাকতে চাই, যাতে এবাদত ও শিক্ষা লাভ করতে পারি। পাদ্রীর সম্মতি পেয়ে আমি তার সাথে থাকতে লাগলাম। কিন্তু সেই পাদ্রী তেমন ভাল লোক ছিল না। সে মানুষকে দান-খয়রাতের উপদেশ দিত। মানুষ যখন টাকা পয়সা ও ধন সম্পদ তার কাছে আনত, তখন সে সেগুলো গরীবদেরকে দেয়ার পরিবর্তে নিজের কাছে রেখে দিত। তার এ কাজ আমি মোটেই পছন্দ করতে পারতাম না। কিছুদিন পর এই পাদ্রী মারা গেলে মানুষ তাকে সমাহিত করার জন্যে সমবেত হলে আমি তাদেরকে পাদ্রীর অন্যায়ভাবে ধনসম্পদ আহরণের কথা বলে দিলাম। লোকেরা বলল, এই অভিযোগের প্রমাণ কি? একথা শুনে আমি পাদ্রীর সমস্ত ধনভাণ্ডার বাইরে নিয়ে এলাম। এগুলো ছিল সোনা রূপায় ভর্তি সাতটি বৃহৎ মৃৎপাত্ৰ। লোকেরা তার এই কাণ্ড দেখে বলতে লাগল, আমরা তাকে দাফন করব না। তারা পাদ্রীর মৃত দেহ একটি কাঠে ঝুলিয়ে প্রস্তর বর্ষণ করল। এরপর তারা একজনকে এনে পাদ্রী নিযুক্ত করল। আল্লাহর কসম, আমি তার মত উপাসনাকারী কাউকে দেখিনি। সে দিবারাত্রি এবাদতে ডুবে থাকত। ফলে আমি তাকে অত্যাধিক

মহবত করতে লাগলাম। আমি সর্বক্ষণ তার সঙ্গে থাকতাম। অবশ্যে যখন তার ওফাত নিকটবর্তী হল, তখন একদিন বললাম, এখন আপনার অন্তিম সময়। আপনার সাথে আমার ঘনিষ্ঠ ভালবাসার সম্পর্ক ছিল। এখন আপনিই বলে দিন আপনার পরে আমি কার কাছে যাব।

পাদ্রী বললেন, মুসেলে এক ব্যক্তি আছে। তার কাছে চলে যাও। তাকেও আমার মতই পাবে। মোট কথা, এই পাদ্রীর ওফাতের পর আমি মুসেলে পৌছে গেলাম। এখানে নতুন পাদ্রীর সাথে সাক্ষাতের পর তাকেও পূর্বের পাদ্রীর ন্যায় অত্যন্ত এবাদতকারী ও সৎসারত্যাগী পেলাম। আমি তাকে বললাম, অমুক পাদ্রী আমাকে আপনার কাছে থাকার জন্যে পাঠিয়েছে। এরপর আমি তার কাছে থাকতে লাগলাম। সবশ্যে তারও ওফাত নিকটবর্তী হল। আমি তাকে বললাম, এখন আমি কার কাছে যাব? তিনি বললেন, বৎস! নসীবায়নে এক ব্যক্তি আছে। সেও আমাদের মতই। তার কাছে চলে যেয়ো। সেমতে আমি তার কাছে চলে গেলাম এবং বললাম, অমুক পাদ্রী আমাকে আপনার কাছে প্রেরণ করেছে। তিনি বললেন, বৎস, তুমি আমার কাছে থাক। আমি থাকতে লাগলাম। অবশ্যে তারও অন্তিম সময় ঘনিয়ে এল। আমি বললাম, এখন আপনি আমাকে কার কাছে পাঠাবেন? তিনি বললেন, রোম দেশে ওমুরিয়া নামক স্থানে একজন পাদ্রী আছেন। তুমি তার কাছে চলে যেয়ো। তিনিও আমাদের মত। মোট কথা, তার মৃত্যুর পর আমি ওমুরিয়া পৌছে গেলাম। এই পাদ্রীকেও পূর্ববর্তী পাদ্রীদের ন্যায় এবাদতকারী ও সন্ন্যাসী পেলাম। তার কাছে থাকাকালে কিছু উপার্জন করে আমি কিছু সংখ্যক ছাগল ও গরুর মালিক হয়ে গেলাম। কিন্তু শেষ পর্যন্ত তারও শেষ সময় উপস্থিত হলে আমি বললাম, আপনার শেষ সময় এসে গেছে। এখন আমি কার কাছে যাব? তিনি বললেন, প্রিয় বৎস! এখন এমন কোন লোক নেই, যার কাছে আমি তোমাকে পাঠাব। কিন্তু একজন নবীর আগমনের সময়কাল সন্তুষ্টিকর্তৃ। তিনি হেরেমে আত্মপ্রকাশ করবেন এবং খর্জুরশোভিত লবণাক্ত ভূমিতে হিজরত করবেন। তাঁর নবুওয়তের সুস্পষ্ট নির্দশনাবলী থাকবে। ক্ষম্বের মাঝখানে থাকবে নবুওয়তের মোহর। তিনি উপহার গ্রহণ করবেন, কিন্তু সদকা তথা দান থাবেন না। সম্ভব হলে তুমি সেখানে পৌছে যেয়ো। কারণ, তাঁর আবির্ভাবের সময়কাল খুব নিকটে এসে গেছে।

এই পাদ্রীর ওফাতের অল্প কয়েকদিন পরেই বনু-কলবের কয়েকজন আরব ব্যবসায়ী সেখানে গমন করল। আমি তাদের সাথে দেখা করে বললাম, তোমরা আমাকে সঙ্গে করে আরব দেশে নিয়ে চল। এর বিনিময়ে আমি তোমাদেরকে আমার পশ্চপাল দিয়ে দিব। আমি তাদেরকে ছাগলগুলো দিয়ে দিলাম এবং তারা আমাকে সঙ্গে নিয়ে নিল। কিন্তু কুবা উপত্যকায় পৌছে কাফেলার লোকেরা আমার

উপর ভুলুম করল। তারা আমাকে এক ইহুদীর হাতে বিক্রয় করে দিল। আমি সেখানে খর্জুর বৃক্ষ দেখে অনুমান করলাম যে, এটাই সেই দেশ, যার সম্পর্কে পাদ্রী বলেছিল। এরপর বনু কুবায়ায় এক ইহুদী কুবা উপত্যকায় আগমন করল। সে আমাকে ক্রয় করে মদীনায় নিয়ে এল। আল্লাহর কসম, মদীনাকে দেখার সাথে সাথে আমার চিনতে বাকী রইল না যে, এটাই আমার ইঙ্গিত দেশ। আমি গোলামীর জীবন অতিবাহিত করতে লাগলাম।

রসূলুল্লাহ (সাঃ) মক্কায় আবির্ভূত হলেন; কিন্তু আমি তা জানতে পারলাম না। অবশ্যে তিনি হিজরত করে মদীনার অদূরে কুবা পন্থীতে পৌছে গেলেন। আমি মালিকের বাগানে কাজ করছিলাম। তার আত্মপ্রত আমার কাছে এসে বলতে লাগল, বনী কায়লার সর্বনাশ হোক। মক্কা থেকে এক ব্যক্তি এসেছে। তারা সকলেই তার চারপাশে সমবেত হয়ে বলে বেড়াচ্ছে যে, সে নবী।

একথা শুনামাত্রই আমার সর্বাঙ্গে কম্পন এসে গেল। আমি মালিকের উপর পড়ে যেতে লাগলাম। বললাম, এ কেমন সংবাদ! মালিক আমাকে একটি শুধি মেরে বলল, এতে তোর কি? তুই নিজের কাজ কর। আমি বললাম, না, না! আমার কিছু না। অতঃপর আমার মধ্যে এই সংবাদের সত্যাসত্য জানার আগ্রহ মাথাচাঢ়া দিয়ে উঠল। আমি সেখান থেকে বের হলাম। পথিমধ্যে আমি আমার এক স্বদেশীনী মহিলাকে পেলাম। তার গোটা পরিবার ইসলামে দীক্ষিত ছিল। সে আমাকে রসূলুল্লাহ (সাঃ)-এর ঠিকানা বলে দিল। আমার কাছে কিছু খাদ্য সামগ্রী ছিল। সেগুলো নিয়ে কুবায় রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে হায়ির হয়ে গেলাম। আমি আরজ করলাম, আমি জেনেছি আপনি একজন মহান ব্যক্তি এবং আপনার সাথে কিছু প্রবাসী লোক আছে। আমার কাছে কিছু সদকার খাদ্য সামগ্রী আছে। ভাবলাম, আপনারাই এর সর্বাধিক হকদার। তাই নিয়ে এসেছি। নিন, খান।

নবী করীম (সাঃ) নিজের হাত গুটিয়ে রাখলেন এবং সাহাবীগণকে খেতে বললেন। আমি মনে মনে বললাম, এক চিহ্ন তো দেখ হল। আমি ফিরে এলাম। রসূলুল্লাহ (সাঃ) কুবা থেকে মদীনায় চলে এলেন। আমি আবার কিছু সঞ্চয় করে তাঁর খেদমতে উপস্থিত হলাম। আরজ করলাম, আমি দেখেছি যে, আপনি সদকা খান না। তাই এই হাদিয়া নিয়ে এসেছি। একথা শুনে তিনি নিজেও তা খেলেন এবং সাহাবীগণকেও খেতে বললেন। আমি মনে মনে বললাম, উভয় চিহ্ন দেখা হয়ে গেল। এরপর আমি রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে গেলাম। তিনি এক জানায়ার সাথে হেঁটে যাচ্ছিলেন। তাঁর গায়ে দু'টি পশমী চাদর ছিল। আমি নবুওয়তের মোহর দেখার উদ্দেশ্যে যুরে তাঁর পিছনে এলাম। এতে তিনি বুরে নিলেন যে, আমি একটি কথিত চিহ্নের খৌজ করছি। সম্ভবতঃ এটা বুবাতে গিয়েই তিনি পৃষ্ঠদেশ থেকে চাদর সরিয়ে নিলেন। আমি নবুওয়তের মোহর দেখতে পেলাম।

আমি ক্রন্দন করছিলাম এবং মোহর চুম্বন করে যাচ্ছিলাম। রসূলুল্লাহ (সা:) বললেন, সালমান! সামনে এস। আমি সামনে এসে বসে পড়লাম। তাঁর মনোবাঞ্ছা ছিল যে, আমার ঘটনাবলী সাহাবীগণও শুনুন। সেমতে আমি আমার জীবনের সকল ঘটনা শুনালাম। রসূলুল্লাহ (সা:) বললেন, সালমান! তুমি তোমার মালিকের সাথে মুকাতাবাতের চুক্তি সম্পাদন করে নাও। (অর্থাৎ শর্তাধীনে মুক্তি লাভের চুক্তি কর।) আমি মালিকের সাথে তিনশ' খর্জুর বৃক্ষ রোপণ ও চল্লিশ ওকিয়া স্বর্ণের বিনিময়ে চুক্তি সম্পাদন করলাম। সাহাবীগণের প্রত্যেকেই আমাকে খর্জুর চারা দিলেন; কেউ ত্রিশটি, কেউ বিশটি এবং অন্যরা একটি করে দিলেন। নবী করীম (সা:) বললেন, এসব চারা রোপণের জন্যে মালিকের যমিনে গর্ত খনন কর। খননের পর চারা রোপণের জন্যে আমাকে খবর দিয়ো। আমি গর্ত খনন করলাম। এ কাজে সাহাবীগণ আমাকে সাহায্য করলেন। খনন সমাপ্ত হলে রসূলুল্লাহ (সা:) আগমন করলেন। আমরা চারা তুলে তুলে তাঁর হাতে দিতে লাগলাম এবং তিনি সেগুলো পর্তে স্থাপন করতে লাগলেন। সেই আল্লাহর কসম, যিনি তাঁকে সত্যসহ প্রেরণ করেছেন, এগুলোর মধ্যে একটি চারাও বিনষ্ট হল না। এরপর আমার যিশ্বায় চল্লিশ ওকিয়া সোনা রয়ে গেল। রসূলুল্লাহ (সা:)-এর কাছে কোন খনি থেকে করুতরের ডিমসম স্বর্ণ এল। তিনি বললেন, সালমান! এই স্বর্ণ নিয়ে নাও এবং তোমার কাছে যে পাওনা রয়ে গেছে, এ থেকে মালিককে তা চুকিয়ে দাও। আমি আরজ করলাম, ইয়া রসূলুল্লাহ! এটা তো আমার ঝণ পরিশোধের জন্যে যথেষ্ট হবে না। তিনি বললেন, আল্লাহ তাআলা এ থেকেই পরিশোধ করে দিবেন। সেই আল্লাহর কসম, যার কবজায় আমার প্রাণ, আমি সেই স্বর্ণখণ্ড থেকে চল্লিশ ওকিয়া মালিককে শোধ করে দিলাম এবং সেই পরিমাণ আমার কাছেও রয়ে গেল।

আবু নয়ীম আবু সালামা ইবনে আবদুর রহমান থেকে রেওয়ায়েত করেন যে, সালমান (রাঃ) বর্ণনা করেছেন, আমি রামহরমুয়ে জন্মগ্রহণ করেছিলাম এবং গ্রামের শিশুদের সাথে খেলাধুল করতাম। সেখানে একটি পাহাড় ছিল, যাতে গুহা ও ছিল। একদিন আমি একাই সেদিকে চলে গেলাম। গুহার ভিতর থেকে একজন দীর্ঘদেহী ব্যক্তি বের হয়ে এল। সে পশ্চমী চাদর ও জুতা পরিহিত ছিল। সে আমাকে ইশারায় ডাকল। আমি তার নিকটে গেলে সে বলল : হে বালক, হ্যরত ঈসা (আঃ)কে জান? আমি জবাব দিলাম : আমি তো কথনও এ নামও শুনিন।

সে বলল : ঈসা (আঃ) আল্লাহর রসূল। যে ঈসা (আঃ)-এর প্রতি এবং তাঁর পরে আগমনকারী আহমদ (সা:)-এর প্রতি ঈমান আনবে, সে দুনিয়ার দুঃখ-কষ্ট থেকে মুক্ত হয়ে আখেরাতের অগণিত নেয়ামতে পৌছে যাবে।

আমি দেখলাম যে, লোকটির মুখ থেকে নূরের জ্যোতি বের হচ্ছে। আমার মন তার কথায় আটকে গেল। সে আমাকে শিক্ষা দিল যে, আল্লাহ ছাড়া কোন মাবুদ নেই। ঈসা ইবনে মরিয়ম (আঃ) আল্লাহর রসূল। তাঁর পরে মোহাম্মদ (সা:)।

আল্লাহর রসূল। মৃত্যুর পর পুনরুজ্জীবন সত্য। সে আমারকে নামায়ের পদ্ধতিও শিখিয়ে দিল এবং বলল : যখন তুমি নামায়ে দাঁড়াবে এবং কেবলামুখী হয়ে যাবে, তখন তোমার চতুর্দিকে অগ্নি প্রজ্ঞালিত করা হলেও এদিক ওদিক দেখবে না। ফরয নামায়ে পিতামাতা ডাক দিলেও জবাব দিবে না। হাঁ, আল্লাহর রসূল তোমাকে ডাকলে ফরয নামাযও ছেড়ে দিবে। কেননা, রসূলের ডাক আল্লাহর পক্ষ থেকেই ডাকের নামান্তর হয়ে থাকে। অতঃপর সে বলল : যদি তুমি মোহাম্মদ ইবনে আবদুল্লাহ (সা:)-কে পাও, তবে তাঁর প্রতি ঈমান আনবে এবং আমার সালাম বলবে। তিনি মুক্তার পাহাড় থেকে আবির্ভূত হবেন। আমি বললাম : তার কিছু বৈশিষ্ট্য বর্ণনা করুন। সে বলল : তিনি রহমতের নবী। তাঁর নাম মোহাম্মদ ইবনে আবদুল্লাহ। তিনি মুক্তার পাহাড় থেকে আবির্ভূত হবেন। উট, গাঢ়া, ঘোড়া ও খচরে আরোহণ করবেন। স্বাধীন ও গোলাম তাঁর দৃষ্টিতে সমান হবে। রহমত তাঁর অন্তরে ও অঙ্গ-প্রত্যঙ্গে মিশ্রিত হয়ে থাকবে। তাঁর উভয় কাঁধের মাঝখানে করুতরের ডিমের ন্যায় চিহ্ন থাকবে। সেটির অভ্যন্তর ভাগে লেখা থাকবে – আল্লাহ এক। তাঁর কোন শরীক নেই। মোহাম্মদ আল্লাহর রসূল। আর বহির্ভাগে লেখা থাকবে— যথা ইচ্ছ যাও। তুমি সফল। তিনি হাদিয়া খাবেন; কিন্তু সদকা করুল করবেন না। তিনি হিংসা ও বিদ্রেশপরায়ণ হবেন না। কোন যিশ্বী ও মুসলমানের প্রতি অবিচার করবেন না।

তিবরানী ও আবু নয়ীম শুরাহবিল ইবনে সহল থেকে বর্ণনা করেন যে, সালমান ফারেসী (রাঃ) বলেছেন : যখন আমি ধর্মের খোজে বের হলাম, তখন সন্ন্যাসীদের কাছে পৌছলাম। তারা বলত, এ যুগে আরবভূমি থেকে একজন নবী আবির্ভূত হবেন। তাঁর কাঁধে নবুয়াতের মোহর থাকবে। সেমতে আমি আরব দেশে পৌছলাম এবং নবী করীম (সা:)-এর আবির্ভাব ঘটল। সন্ন্যাসীরা যে সকল চিহ্ন বর্ণনা করেছিল, সেগুলো আমি স্বচক্ষে দেখে নিলাম। নবুয়াতের মোহরও দেখলাম। এরপর আমি সাক্ষ্য দিলাম যে, আল্লাহ এক এবং মোহাম্মদ (সা:) আল্লাহর রসূল।

বায়হাকী ও আবু নয়ীম বুরায়দা থেকে রেওয়ায়েত করেন যে, সালমান ফারেসী (রাঃ) এ শর্তে মুক্তি চুক্তি করেছিলেন যে, তিনি মালিকের জন্যে খর্জুরের চারা লাগাবেন এবং পূর্ণ এক বছর পর্যন্ত সেগুলোর দেখাশুনা করবেন। এ চুক্তির পূর্ব রসূলুল্লাহ (সা:) সমস্ত চারা আপন পবিত্র হাতে রোপণ করেন, একটি চারা ছাড়া। সেটি হ্যরত ওমর (রাঃ) রোপণ করেছিলেন। বছর পূর্ণ হওয়ার পর সকল চারাতেই ফল ধরল; কিন্তু হ্যরত ওমর (রাঃ)-এর রোপণ করা চারায় ফল ধরল না। রসূলুল্লাহ (সা:) জিজ্ঞাসা করলেনঃ এটি কে রোপণ করেছে? বলা হল ওমর। রসূলুল্লাহ (সা:) সেটি উপড়ে সেখানেই আপণ হাতে চারটি পুনরায় রোপন করলেন। তাতে সে বছরই ফল ধরল।

ইবনে সা'দ ও আবু নয়ীম আবু ওহুদী থেকে রেওয়ায়েত করেন যে; সালমান ফারেসী (রাঃ) বলেছেন আমি মুক্তির জন্যে মালিকের সকল চারা আবির্ভাব হয়েছে।

করেছিলাম যে, তার জন্যে পাঁচশ চারা রোপণ করবে। সবগুলো গাছে যথন ফল ধরবে, তখন আমি মুক্ত হয়ে যাবো। এ চুক্তির পর রসূলুল্লাহ (সাঃ) আগমন করলেন এবং সমস্ত চারা নিজ হাতে রোপণ করলেন একটি ছাড়া, যেটি আমি রোপণ করেছিলাম। তাঁর রোপণকরা সকল চারাই ফলত হল; কিন্তু আমার রোপণ করা চারাটা ফলত হল না।

হাকেম ও বায়হাকী আবু তোফায়ল থেকে রেওয়ায়েত করেন যে, সালমান ফারেসী (রাঃ) বলেছেন : নবী করীম (সাঃ) আমাকে এ পরিমাণ সোনা দিয়ে ছিলেন। এ সময় সালমান (রাঃ) বৃক্ষগুলি ও শাহাদতের অঙ্গুলি মিলিয়ে স্বর্ণ পরিমাণে গোলাকৃতি দেখালেন। তিনি বলেনঃ এ স্বর্ণটিকু এক পাল্লায় এবং উভদ পাহাড় এক পাল্লায় রাখা হলে স্বর্ণের পাল্লা ভারী হয়ে যেত।

অন্য এক রেওয়ায়েতে আহমদ ও বায়হাকী বর্ণনা করেন যে, সালমান (রাঃ) বলেছেন : নবী করীম (সাঃ) যখন আমাকে সোনা দিলেন এবং বললেন যে, এ দ্বারা মালিকের পাওনা চুকিয়ে দাও, তখন আমি আরঘ করলাম ; এর দ্বারা পাওনা পূর্ণ হবে কি রূপে? অতঃপর তিনি স্বর্ণখণ্ডটি মুখে লাগালেন এবং আমাকে ফিরিয়ে দিয়ে বললেনঃ যাও, এটা নিয়ে যাও। আল্লাহ তায়ালা তোমার খণ্ড শোধ করে দিবেন। সেমতে আমি মালিকের কাছে গেলাম এবং তা থেকে চল্লিশ ওকিয়া তাকে শোধ করে দিলাম।

ইবনে ইসহাক, ইবনে সাদ বায়হাকী ও আবু নবীম রেওয়ায়েত করেন যে, আছে ইবনে আমর ইবনে কাতাদাহ এক ব্যক্তি থেকে এবং সেই ব্যক্তি হ্যরত ওমর ইবনে আব্দুল আজীজ (রহঃ) থেকে শুনেছে যে, তিনি বলেনঃ আমাকে সালমান ফারেসী (রাঃ) বলেছেন যে, আসুরিয়ার পদ্মীর মৃত্যু নিকটবর্তী হলে সে আমাকে বললঃ শামদেশে দুটি খর্জুরপূর্ণ ভূমিতে পৌছে যাও। সেখানে প্রতি বছর এক ব্যক্তি এক খর্জুরপূর্ণ ভূমি থেকে বের হয়ে অন্য খর্জুরপূর্ণ ভূমির দিকে যায়। সে পথি মধ্যে রোগীদের জন্যে দোয়া করতে করতে যায়। ফলে রোগীরা আরোগ্য লাভ করে। সে ব্যক্তিকে ধর্ম সম্পর্কে জিজ্ঞাসা করবে, যে সম্পর্কে আমাকে জিজ্ঞাসা করছ।

সেমতে আমি সেখানে গেলাম এবং এক বছর সেখানে অবস্থান করলাম। সে ব্যক্তি বাইরে এলে আমি তার বাহুতে হাত রেখে বললামঃ আল্লাহ আপনার প্রতি রহম করুন – ইবরাইম (আঃ)-এর সনাতন ধর্ম কোনটি?

সে বললঃ একজন নবীর আগমন আসন্ন। তিনি হেরেম থেকে আবির্ভূত হবেন এবং তিনিই সে সনাতন ধর্মকে পুনরুজ্জীবিত করবেন।

হ্যরত সালমান (রাঃ) এ ঘটনা নবী করীম (সাঃ)-এর কাছে ব্যক্ত করলে তিনি বললেনঃ হে সালমান! যদি বিশ্বাস কর, তবে তুমি হ্যরত ঈসা (আঃ)-কে দেখেছ। (সুহায়লী বলেন, এ হাদিসের সনদ বিচ্ছিন্ন এবং এক রাবী অজ্ঞাত।)

ইবনে ইসহাক ও বায়হাকীর রেওয়ায়েতে আছে ইবনে আমর ইবনে কাতাদাহ বলেনঃ আমাদের মুরব্বীগণ আমাকে বলেছেন যে, আরববাসীদের মধ্যে কেউ রসূলুল্লাহ (সাঃ)-এর অবস্থা আমাদের চেয়ে বেশী জানে না। আমাদের সাথে কিতাবধারী ইহুদী সম্প্রদায় বাস করত। আমরা ছিলাম পৌত্রলিক। আমাদের কোন বিষয় ইহুদীদের খারাপ লাগলে তারা বলতঃ একজন নবীর আগমন আসন্ন। আমরা তাঁর অনুসূরণ করব এবং তোমাদেরকে আদ ও সামুদ জনগোষ্ঠীর ন্যায় ধ্রংস করে দিব। কিন্তু যখন আল্লাহ তায়ালা নবী পাক (সাঃ)-কে প্রেরণ করলেন, তখন আমরা ঈমান আনলাম, আর তারা পূর্ববৎ কুফরে অটল রইল। এর প্রেক্ষাপটে কোরআনের এই আয়াত নাযিল হয়ঃ

ذَكَانُوا مِنْ قَبْلٍ يَسْتَفْتِحُونَ عَلَى الْذِينَ كَفَرُوا

ঃ কিতাবধারীরা ইতিপূর্বে কাফেরদের বিরুদ্ধে বিজয় কামনা করত।

বায়হাকী ও আবু নবীম আলী ইয়দী থেকে রেওয়ায়েত করেন যে, ইহুদীরা এ বলে দোয়া করতঃ হে আল্লাহ! এ (আখেরী) নবীকে আমাদের মধ্যে প্রেরণ কর, যাতে তিনি আমাদের মধ্যে ও অন্যদের মধ্যে ফয়ছালা করে দেন।

হাকেম ও বায়হাকী হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন আরবের গাতফান গোত্র ও খায়বরের ইহুদীদের মধ্যে যুদ্ধ সংঘটিত হল, তখন ইহুদীরা পরাজিত হলে এই মর্মে দোয়া করতে লাগলঃ হে আল্লাহ! আমরা তোমার কাছে প্রতিশ্রুত নবী-উম্মীর উছিলায় আবেদন করি যে, এ নবীকে আমাদের মধ্যে প্রেরণ কর এবং আমাদেরকে বিজয় দান কর। এরপর পুনরায় যুদ্ধ হলে গাতফান গোত্র হেরে গেল এবং ইহুদীরা বিজয়ী হল। কিন্তু নবী করীম (সাঃ) প্রেরিত হলে তারা যথায়ীতি কুফরিতে অটল রইল। তখন আল্লাহ তায়ালা উপরোক্ত আয়াত নাযিল করলেন।

ইবনে ইসহাক, আহমদ, বুখারী, হাকেম, বায়হাকী, তিবরানী ও আবু নবীম মাহমুদ ইবনে লবীদ থেকে এবং তিনি সালাম ইবনে সালামাহ থেকে রেওয়ায়েত করেছেন যে, তিনি বলেছেনঃ আমাদের এলাকায় এক ইহুদী ছিল। এক বার সে বনী আবদে আশহালে মজলিসে আগমন করে বক্তৃতা দিতে লাগল। সে মৃত্যুর পর পুনরুজ্জীবন, কিয়ামত, জাহানাম, হিসাব-নিকাশ ও দাড়িপাল্লা সম্পর্কে আলোচনা করল। পৌত্রলিক বনী আবদে আশহাল মৃত্যুর পর পুনরুজ্জীবনে বিশ্বাসী ছিল না। তার আলোচনা শুনে তারা বললঃ এটা কিরণে সম্ভবপর যে, মানুষ মৃত্যুর পর পুনরায় জীবিত হবে? আমল অনুযায়ী জাহানামে প্রবেশ করবে? ইহুদী বললঃ হ্যাঁ! সে কসম থেঁয়ে আরও বললঃ যদি তোমরা বিবাট অগ্নি প্রজ্ঞালিত করে

আমাকে তাতে নিষ্কেপ কর, অতঃপর আমার ভস্য মাটিতে মিশ্রিত করে দাও, তবুও আমি কিরামতে জীবিত হয়ে যাব। লোকেরা বললঃ আচ্ছা, কোন নির্দশন বর্ণনা কর।

ইহুদী মক্কা ও এয়ামনের দিকে ইশারা করে বললঃ দেশের এ দিক থেকে একজন নবী আবির্ভূত হবেন।

লোকেরা প্রশ্ন করলঃ এই নবী কবে আসবেন? উপস্থিত লোকদের মধ্যে আমি ছিলাম সর্বকণিষ্ঠ। ইহুদী আমার দিকে ইশারা করে বললঃ এ যুবক পূর্ণ বয়স প্রাপ্ত হলে অবশ্যই নবীর সাক্ষাত পাবে। এ ঘটনার কিছু দিন পরেই নবী করীম (সাঃ) প্রেরিত হয়ে গেলেন। সে ইহুদী তখনও জীবিত ছিল। আমরা ঈমান আনলাম; কিন্তু সে অবাধ্যতা ও প্রতিহিংসার কারণে কুফরেই অটল রইল। আমি তাকে বললামঃ তুমি তো এমন এমন বলতে। এখন ঈমান আন না কেন? ইহুদী বললঃ আমার সেই কথা এই নবীর সম্পর্কে ছিল না।

বায়হাকী, তিবরানী, আবু নয়ীম খলিফা ইবনে সাওদাহ থেকে বর্ণনা করেন - আমি মোহাম্মদ ইবনে আদী ইবনে রবীয়াকে প্রশ্ন করলামঃ মূর্খতা যুগে তোমার পিতা তোমার নাম ‘মোহাম্মদ’ রাখল কেন? সে বললঃ আমি আমার পিতাকে এ প্রশ্ন করলে তিনি বললেনঃ আমরা বনী-তামীমের চার ব্যক্তি সিরিয়ার সফরে রওয়ানা হই - আমি, সুফিয়ান ইবনে মাজাশে, এযাখিদ ইবনে ওমর এবং উসাতা ইবনে মালেক। সিরিয়া পৌছে আমরা একটি ছোট জলাশয়ের পাড়ে অবস্থান করলাম। সেখানে বৃক্ষ ছিল। এক সন্ধ্যাসী এসে বললঃ তোমরা কে? আমরা বললামঃ আমরা আরবের মুঘার গোত্রের লোক। সে বললঃ তোমাদের মধ্যে সত্ত্বরই একজন নবী আত্মপ্রকাশ করবেন। তাড়াতাড়ি যাও এবং তাঁর কাছ থেকে হেদায়াত হাতিল কর। কেননা, তিনি সর্বশেষ নবী।

আমরা বললামঃ তাঁর নাম কি? সে বললঃ তাঁর নাম মোহাম্মদ।

আমরা সফর থেকে গৃহে ফিরে এলে সকলেরই পুত্র সন্তান জন্মগ্রহণ করল এবং সকলেই আপন আপন পুত্রের নাম “মোহাম্মদ” রেখেছিলাম।

ইবনে সাদ সায়দ ইবনে মুসাইয়ির থেকে রেওয়ায়েত করেন যে, আরবরা অতীল্মিয়বাদী ও কিতাবধারীদের মুখ থেকে “মোহাম্মদ” নামের একজন নবীর আগমন সম্পর্কে প্রায়ই শুনত। যে-ই একথা শুনত, সে-ই নবুওয়তের আকাঙ্ক্ষায় স্বীয় পুত্রের নাম “মোহাম্মদ” রাখত।

ইবনে সাদ কাতাদাহ ইবনে সাকান ওরফী থেকে রেওয়ায়েত করেন যে, বনু তামীমে এক ব্যক্তির নাম ছিল মোহাম্মদ ইবনে সুফিয়ান ইবনে জামাশে। কেননা,

এক পাত্রী তার পিতাকে বলেছিল যে, আবরদের মধ্যে মোহাম্মদ নামীয় একজন নবী পয়দা হবেন। তাই তার পিতা পুত্রের নাম মোহাম্মদ রেখে দেয়।

বায়হাকী মারওয়ান ইবনে হাকাম থেকে, তিনি মোঘাবিয়া ইবনে আবু সুফিয়ান (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তার পিতা আবু সুফিয়ান বলেছেন- আমি এবং উমাইয়া ইবনে আবী সলত সিরিয়া গেলাম। সেখানে খৃষ্টানদের এক বস্তীদিয়ে যাওয়ার সময় তারা উমাইয়াকে দেখে অত্যন্ত সশ্রান্ত প্রদর্শন করল এবং তাকে সঙ্গে নিয়ে যেতে লাগল। উমাইয়া আমাকে বললঃ তুমি ও চল। আমি বললামঃ না, আমি যাব না। অতঃপর উমাইয়া তাদের সাথে চলে গেল। ফিরে এসে আমাকে বললঃ তুমি আমার কাছ থেকে কিছু গোপন করছ। আমি বললামঃ হ্যাঁ। সে বললঃ পবিত্র গ্রন্থ সম্পর্কে জ্ঞানী এক ব্যক্তি আমাকে বলেছে যে, একজন নবী আবির্ভূত হবেন। আমি বললামঃ সম্ভবতঃ আমিই। জ্ঞানী ব্যক্তি বললঃ না, সে তোমাদের মধ্য থেকে নয়। সে মক্কাবাসীদের মধ্য থেকে হবে। আমি জিজ্ঞাসা করলামঃ তার বংশপরিচয় কি? সে বললঃ আপন সম্প্রদায়ের মধ্যবিত্ত লোকদের মধ্য থেকে হবে। তাঁর আত্মপ্রকাশের নির্দশন এই যে, হযরত ঈসা (আঃ)-এর পর থেকে শামদেশে আশি বার ভূমিকম্প হয়েছে। আরও একবার ভূমিকম্প হবে। এতে শামবাসীদের প্রভূত বিপদ ও কষ্ট হবে।

আমাদের দেশে ফিরে আসার পর এক অশ্঵ারোহী আগমন করল। আমরা জিজ্ঞাসা করলামঃ কোথেকে আগমন করছ? সে বললঃ সিরিয়া থেকে। আমরা বললামঃ সেখানে কোন ঘটনা ঘটেছে? সে বললঃ হ্যাঁ। সিরিয়ায় ভয়াবহ ভূমিকম্প হয়েছে। ফলে সে দেশবাসী বিপদ ও পেরেশানীতে পতিত আছে।

আবু নয়ীম কা'ব ও ওয়াহাব ইবনে মুনাবেহ থেকে রেওয়ায়েত করেন যে, সম্রাট বখতে নছুর একটি ভয়াবহ স্বপ্ন দেখেন। কিন্তু জাহত হওয়ার পর ভুলে যান। তিনি যাদুকর ও অতীল্মিয়বাদীদেরকে ডেকে বললেনঃ স্বপ্নটি দেখার পর আমি অত্যন্ত পেরেশান আছি। তারা বললঃ স্বপ্নটি আমাদেরকে শুনান। সম্রাট বললেনঃ স্বপ্নের বিবরণ আমি ভুলে গেছি। তারা বললঃ তা হলে আমরা কি বলতে পারি? বখতেনছুর দানিয়ালকে তলব করে নিজের পেরেশানীর কথা বললেন। দানিয়াল বললঃ আপনি স্বপ্নে একটি বিশালকায় প্রতিমা দেখেছেন, যার পা মাটিতে এবং মস্তক আকাশে। এর উপরিভাগ স্বর্ণের মধ্যভাগ রৌপ্যের এবং নিম্নভাগ তামার। এর গোছা লোহার এবং পা মাটির। আপনি প্রতিমাটি দেখেছেন এবং এর সৌন্দর্যে ও কারুকার্যে বিশ্বয় প্রকাশ করছেন। এমন সময় আল্লাহ তায়ালা আকাশ থেকে একটি পাথর প্রতিমার মাথায় নিষ্কেপ করলেন। ফলে গোটা প্রতিমাটি ভেঙ্গে থান থান হয়ে গেল। এর স্বর্ণ, রৌপ্য, তামা, লোহা ও মাটি পরম্পরে মিশ্রিত হয়ে গেল। আপনি তাবতে লাগলেন, এখন সমগ্র মানব ও জিন মিলেও এর

অংশসমূহকে আলাদা করতে পারবে না। বায়ু প্রাবাহিত হলে এর সমষ্ট কণা উড়ে যাবে। এরপর আকাশ থেকে যে পাথর এসেছিল, সেটি বড় হতে লাগল এবং চতুর্দিকে ছড়িয়ে পড়ল। ফলে সমগ্র পৃথিবী আচ্ছন্ন হয়ে গেল। পাথর ও আকাশ ছাড়া কিছুই অবশিষ্ট রইল না।

একথা শুনে বখতেনছুর বললেনঃ হাঁ, আমি এ স্বপ্নই দেখেছি। এখন এর র্যাখ্যা দাও। দানিয়াল বললঃ প্রতিমার অর্থ হচ্ছে বিশ্বের সমগ্র জাতি। আকাশ থেকে আগত পাথর হচ্ছে আল্লাহর দ্বীন, যা শেষ যমানায় ছড়িয়ে পড়বে। এ দ্বীন নিয়ে আরবদেশে একজন নবীয়ে উশী আবির্ভূত হবেন। আল্লাহ তায়ালা এ দ্বীনের মাধ্যমে সমগ্র বিশ্বের জাতিসমূহকে মিছমার করে দিবেন, যেমন প্রতিমা টুকরা টুকরা হয়ে গেছে। এ দ্বীনকে আল্লাহ তায়ালা সারা বিশ্বের উপর বিজয়ী করবেন, যেমন এ পাথর সারা পৃথিবীকে ছেঁয়ে ফেলেছে।

ইবনে আসাকির “তারীখে-দামেশ্ক” গ্রন্থে স্ট্রা ইবনে দাব থেকে রেওয়ায়েত করেছেন যে, আবু বকর ছিদ্রীক (রাঃ) বলেছেন – আমি কা’বার আঙিনায় উপবিষ্ট ছিলাম। যায়দ ইবনে আমর ইবনে নুফায়লও সেখানেই বসা ছিল। এমন সময় উমাইয়া ইবনে আবীসলত সেখান দিয়ে গমন করছিল। সে বললঃ যে নবীর অপেক্ষা করা হচ্ছে, সে তোমাদের মধ্য থেকে হবে, না আমাদের মধ্য থেকে, না ফিলিস্তিনবাসীদের মধ্য থেকে? যায়দ ইবনে আমর বললঃ কোন নবী প্রেরিত হবে কি না, তা আমার জানা নেই। এ কথাবার্তা শুনে আমি ওয়ারাকা ইবনে নওফেলের কাছে গেলাম এবং তাঁকে সব কিছু শুনালাম। তিনি বললেনঃ হাঁ তাতিজা! কিতাবধারীরা আমাদেরকে বলেছে যে, প্রতীক্ষিত নবী আরবদের মধ্যবিত্ত ধরনের একটি বংশের মধ্য থেকে হবেন। বংশের জ্ঞান আমার আছে। তোমাদের কওম আরবদের মধ্যে সন্তুষ্ট এবং মধ্যবিত্ত ধরনের বংশধর।

আমি বললামঃ, চাচাজান, এ নবী কি বলবেন?

ওয়ারাকা বললেন, তাই বলবেন, যা তাঁকে বলতে বলা হবে। কিন্তু তিনি নিজে যুনুম করবেন না এবং তাঁর উপরও যুনুম করা হবে না।

হ্যরত আবু বকর (রাঃ) বলেন, যখন রসূলে করীম (সাঃ) আবির্ভূত হলেন, তখন আমি তাঁকে সত্য বলে বিশ্বাস করি এবং তাঁর প্রতি ঈমান আনি।

তায়ালেসী, বায়হাকী ও আবুনয়াম সায়ীদ ইবনে যায়দ ইবনে আমর ইবনে নুফায়ল থেকে রেওয়ায়েত করেন যে, একবার সায়দ ইবনে আমর ইবনে নুফায়ল এবং ওয়ারাকা ইবনে নওফেল দ্বীনের খোঁজে বের হয়ে যুছলের এক সন্ন্যাসীর কাছে পৌছে যায়। সন্ন্যাসী যায়দকে প্রশ্ন করল, কোথেকে এসেছ? যায়দ বলল, ইবরাহিম (আঃ)-এর নির্মিত ইমারতের শহর থেকে।

প্রশ্ন হল, উদ্দেশ্য কি? যায়দ বলল, দ্বীনের খোঁজে এসেছি। সন্ন্যাসী বলল, দেশে ফিরে যাও। তোমরা যে ধর্মের তালাশ করছ, তা খোদ তোমাদের ভূখণ্ডে প্রকাশ পাবে।

আবু ইয়ালা, বগভী, তিবরানী, হাকেম, বায়হাকী ও আবু নয়ীম উসাতা ইবনে যায়দ থেকে, তিনি যায়দ ইবনে হারেছা থেকে বর্ণনা করেন যে, যায়দ ইবনে আমর ইবনে নওফেলের সাথে রসূলুল্লাহ (সাঃ)-এর সাক্ষাৎ হয়েছে। তিনি যায়দকে বললেন, চাচাজান, মানুষ আপনার দুশ্মন হয়ে গেল কেন? প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, উল্লেখিত ব্যক্তিগণ মৃত্তিপূজার বিরুদ্ধাচরণের কারণে প্রবল বিরোধিতার সম্মুখীন হয়েছিলেন।

যায়দ বলল, আল্লাহর কসম, আমার পক্ষ থেকে কিছু হয়নি। তবে আমি তাদেরকে প্রথমেই মনে করতাম। তাই আমি দ্বীনের তালাশে বের হয়ে পড়ি এবং দ্বীপের এক শায়খের কাছে পৌছে যাই। সে আমাকে বলল, তুমি কোন স্পন্দায়ের লোক? আমি বললাম, বায়তুল্লাহর প্রতিবেশীদের একজন। সে বলল, তোমাদের দেশ থেকে একজন নবী প্রকাশ পাবেন। তাঁর নক্ষত্র উদ্দিত হয়ে গেছে। ফিরে গিয়ে তাঁর প্রতি ঈমান আন। আমি ফিরে এলাম; কিন্তু কিছুই অনুভব করলাম না। যায়দ ইবনে হারেছা বলেন, নবী করীম (সাঃ)-এর সাথে সাক্ষাতের পূর্বেই যায়দ ইবনে আমরের ইস্তেকাল হয়ে যায়।

ইবনে সাদ ও আবু নয়ীম আমের ইবনে রবিয়া থেকে বর্ণনা করেন যে, আমের বলেছেন- আমি যায়দ ইবনে আমর ইবনে নওফেলের সাথে সাক্ষাৎ করলাম। তখন সে মক্কা থেকে হেরা অভিমুখে যাচ্ছিল এবং তার ও তার কওমের মধ্যে কলহ সৃষ্টি হয়ে গিয়েছিল। কেন না, যায়দ ইবনে আমর কওমের বিরুদ্ধে তাদের প্রতিমাপূজা থেকে আলাদা থাকত। সাক্ষাতের পর যায়দ বলল, হে আমের! আমি আমার কওমের বিরুদ্ধাচরণ করে ইবরাহিমী দ্বীনের অনুসরণ করি। আমি একজন নবীর অপেক্ষায় আছি, যিনি হ্যরত ইসমাইল (আঃ) ও আব্দুল মুত্তালিবের সন্তানদের মধ্য থেকে হবেন। তার নাম হবে আহমদ। আমি সন্তুষ্ট তাকে পাব না। আমি এই মুহূর্তে তার প্রতি ঈমান আনছি, তাকে সত্য বলে বিশ্বাস করছি এবং সাক্ষ্য দিচ্ছি যে, তিনি নবী। যদি তুমি অধিক দিন জীবিত থাক এবং এ নবীর সাথে সাক্ষাৎ পাও, তবে আমার পক্ষ থেকে তাঁকে সালাম বলবে। হে আমের, আমি তোমাকে তাঁর কিছু বৈশিষ্ট্যও বলে দিচ্ছি, যাতে তুমি সহজে চিনতে পার। তিনি না খর্বাকৃতি হবেন, না লঞ্চাটে। কেশ বেশী হবে না, কমও হবে না। তাঁর চক্ষুদ্বয় লালচে হবে। উভয় কাঁধের মাঝখানে নবুয়তের মোহর থাকবে। তাঁর নাম হবে আহমদ। এ শহর তাঁর জন্মস্থান ও নবুয়তের স্থান হবে। কিন্তু তাঁর কওম তাঁকে শহর থেকে বহিষ্ঠার করবে। কেন না, তারা তাঁর দাওয়াত অপচল্দ করবে। অবশেষে তিনি মদীনায় হিজরত করবেন। সেখানে তিনি প্রাধান্য লাভ করবেন। তাঁর ব্যাপারে তুমি কখনও

প্ররোচিত হবে না। আমি ইবরাহিমী দ্বিনের তালাশে সমর্থ দেশ ঘূরেছি। যে ইহুদী, খ্রীষ্টান ও অগ্নিপূজারীকেই আমি জিজেস করেছি, সে এসব বৈশিষ্ট্যই বলেছে, যা আমি বর্ণনা করলাম। তারা আরও বলেছে যে, এ নবী ছাড়া এখন আর কোন নবী অবশিষ্ট নেই।

আমের বললেন, নবী করীম (সাঃ) নবুয়ত প্রাণ হওয়ার পর আমি এসব কথা তাঁকে বললাম। তিনি তিন বার যায়দ ইবনে আমরের জন্যে রহমতের দোয়া করলেন। অতঃপর বললেন, আমি তাঁকে জানাতে আপন চাদর মাটিতে ছড়িয়ে চলতে দেখতে পাচ্ছি।

ইবনে সাদ শা'বী থেকে, তিনি আবদুর রহমান ইবনে যায়দ ইবনে খাতাব থেকে রেওয়ায়েত করেন যে, যায়দ ইবনে আমর ইবনে নওফেল বলেছেন - আমি সিরিয়ার এক সন্ন্যাসীর কাছে গেলাম এবং তাকে বললাম, আমি মূর্তিপূজা, ইহুদীবাদ ও খৃষ্টবাদ কিছুই পছন্দ করি না। সন্ন্যাসী বলল, তুমি আসলে ইবরাহিমী দ্বিনের তালাশে আছ। হে মক্কাবাসী ভাই! তুমি যে ধর্ম খুঁজে বেড়াচ্ছ, তা তো আজ নেই। তোমাদের নিজের শহরে সত্য প্রকাশ পাবে। তোমাদের কওমে এবং তোমাদের শহরেই সে একজন নবী ইবরাহিমী দ্বিন নিয়ে আগমন করবেন। তিনি আল্লাহর কাছে সর্বাধিক সম্মানিত বান্দা হবেন।

আবু নয়ীম আবু উমামা বাহেলী থেকে রেওয়ায়েত করেন যে, আমর ইবনে আবসা সালমা বর্ণনা করেছেন - আমি মূর্ত্তা যুগে আমার কওমের বাতিল কর্মকাণ্ড ত্যাগ করেছিলাম। জনৈক কিতাবধারী ব্যক্তির সাথে আমার সাক্ষাৎ হলে আমি তাকে সর্বোত্তম ধর্ম সম্পর্কে জিজ্ঞাসা করলাম। সে বলল, মক্কা থেকে এক ব্যক্তির আবির্ভাব ঘটবে, তিনি নিজের কওমের প্রতিমাদের থেকে মুখ ফিরিয়ে নিবেন। তিনিই-ই সর্বোত্তম ধর্ম নিয়ে আগমন করবেন। তাঁকে পেলে তাঁর অনুসরণ করবে। এরপর আমি মক্কায় এলাম এবং লোকজনের কাছে জিজ্ঞাসা করলাম কোন ঘটনা ঘটেছে কি না? তারা বলল, না। এরপর আমি মক্কা থেকে আগমনকারী কাফেলার সাথে সাক্ষাৎ করে খোঁজ-খবর নিতে লাগলাম। তারা না সুচক জওয়াব দিতে থাকে। একবার এমনিভাবে পথিমধ্যে বসা ছিলাম। এমন সময় এক অশ্বারোহী আগমন করল। আমি তাকে জিজেস করলাম, কোথেকে এসেছ? সে বলল, মক্কা থেকে। আমি বললাম, সেখানকার খবর কি? সে বলল, হ্যাঁ, এক ব্যক্তি নিজের কওমের প্রতিমাদেরকে তাগ করে অন্য এক খোদার দিকে দাওয়াত দেয়। আমি মনে মনে বললাম, এ সেই ব্যক্তি, যাকে আমি তালাশ করি। আমি তার কাছে গেলাম। কিন্তু তিনি তখন আস্তগোপন করার মত অবস্থায় ছিলেন। আমি তাঁকে প্রশ্ন করলাম, আপনি কে? তিনি বললেন, নবী। আমি বললাম, নবী কি? তিনি বললেন, রসূল। আমি জিজেস কলাম, আপনাকে কে প্রেরণ করেছে? তিনি বললেন, আল্লাহ। আমি বললাম, কি পয়গাম দিয়েছেন? তিনি বললেন, আঢ়ায়াতার

সম্পর্ক বজায় রাখতে হবে। প্রাণের হেফায়ত করতে হবে। পথঘাট শান্তিপূর্ণ রাখতে হবে। প্রতিমাসমূহ ভেঙ্গে দিতে হবে। একমাত্র আল্লাহর এবাদত করতে হবে। তাঁর সাথে কাউকে শরীক করা যাবে না।

আমি বললাম, আপনার আনিত পয়গাম কি চর্চকার! আমি আপনার প্রতি ঈমান আনলাম এবং আপনাকে সত্য বলে বিশ্বাস করলাম। আমি আপনার সাথে থাকতে পারি কি? আপনি কি বলেন?

তিনি বললেন, তুমি মানুষের বিরোধিতা দেখতেই পাচ্ছ। আপাততঃ আপন পরিবারের মধ্যে যেয়েই থাক। যখন শুনবে যে, পরিস্থিতি আমার অনুকূলে এসে গেছে, তখন তুমি আমার অনুসরণ করো। সেমতে আমি যখন শুনলাম যে, রসূলল্লাহ (সাঃ) মদীনায় হিজরত করেছেন, তখন আমি তাঁর কাছে পৌছে গেলাম। ইবনে সাদ এ রেওয়ায়েতটি শহুর ইবনে হাওশাব থেকে বর্ণনা করেছেন।

আবু নয়ীম ও ইবনে আসাকির রেওয়ায়েত করেন যে, হ্যরত আবু হুরায়রা (রাঃ) বলেছেন, সন্ত্রাট বখ্তে নছরের পক্ষ থেকে ব্যাপক ধ্বংসলীলা আসার পর বনী ইসরাইল এদিক-ওদিক ছড়িয়ে পড়ে। তাদের কিতাবে মোহাম্মদ রসূলল্লাহ (সাঃ)-এর গুণাবলী বর্ণিত ছিল। একথাও ছিল যে, তিনি আরবের কোন খর্জুর বিশিষ্ট বংশীতে আঘাতকাশ করবেন। সেমতে বনী-ইসরাইল যখন সিরিয়া থেকে রওয়ানা হল, তখন সিরিয়া ও ইয়ামানের মধ্যবর্তী প্রতিটি আরব বংশ সম্পর্কে তারা ধারণা করত যে, এটা ইয়াসরিবের অনুরূপ। এরপর তাদের একটি দল সেখানে বসতি স্থাপন করত। তারা সকলেই হ্যরত মোহাম্মদ (সাঃ)-এর সাথে সাক্ষাৎ ও তাঁর অনুসরণ করার অপেক্ষায় ছিল। বনী-হারুনের যাদের কাছে তওরাত ছিল, তাদের একটি দল ইয়াসরিবে বসতি স্থাপন করে। তাদের বিশ্বাস ছিল যে, হ্যরত মোহাম্মদ (সাঃ) এখানেই আগমন করবেন। তারা আপন সন্তানদেরকে তাঁর অনুসরণে উত্তুন করত। কিন্তু তাদের সন্তানরা যখন রসূলল্লাহ (সাঃ)-এর সম্মুকাল পেল, তখন উত্তমরূপে চিনাজানা সত্ত্বেও কুফরের উপর অটল হয়ে রইল।

আবু নয়ীম বর্ণনা করেন যে, হ্যরত হাসসান ইবনে ছাবেত (রাঃ) বলেছেন - সাত বছর বয়সে গৃহে অবস্থান কালে আমি যা কিছু দেখতাম, মনে রাখতাম এবং যা কিছু শুনতাম, শৃঙ্খল মণিকোঠায় সংরক্ষিত রাখতাম। একবার আমাদের কাছে ছাবেত ইবনে যাহাক নামক এক যুবক আগমন করল। সে বলতে লাগল যে, বনী কুরায়য়ার এক ইহুদী তার সাথে তর্ক করছিল এবং বলছিল - একজন নবীর আগমন অভ্যাসন। তিনি এক কিতাব নিয়ে আসবেন, যা আমাদের কিতাবের অনুরূপ। তিনি তোমাদের সকলকে আদ জাতির ন্যায় ধ্বংস করে দিবে। হাসসান (রাঃ) বলেন, আমি যাদুর কারণে অনুভব করলাম যেন আমি একটি সুরম্য প্রাসাদের উপরে আছি।

আমি একটি উচ্চকগ্র শুনলাম। এক ইহুদী মদীনার সুউচ ভূমিতে আরোহণ করেছে। তার কাছে অগ্নি প্রজ্ঞালিত আছে। মানুষ তার কাছে সমবেত হয়েছে এবং জিজ্ঞাসা করছে - কি বলছ? ইহুদী বলল, আহমদের নক্ষত্র উদিত হয়ে গেছে। কোন নবীর আগমন আসন্ন হলৈই এ নক্ষত্র উদিত হয়। আহমদ ছাড়া কোন নবী এখন অবশিষ্ট নেই। মানুষ একথা শুনে হাসতে লাগল এবং বিশ্বাস প্রকাশ করতে লাগল। (হ্যারত হাসপান (রাঃ) একশ বিশ বছর বয়ঃক্রম পান। ষাট বছর মূর্খতা যুগে এবং ষাট বছর ইসলামোত্তর যুগে অতিবাহিত করেন।)

ওয়াকেদী ও আবু নয়ীম হ্যায়সা ইবনে সউদ থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আমাদের মধ্যে যে সকল ইহুদী বাস করত, তারা থায়ই একজন নবীর কথা বলাবলি করত, যিনি মক্কায় প্রেরিত হবেন। তাঁর নাম হবে আহমদ। তিনিই হবেন সর্বশেষ নবী। তাদের কিতাবে তাঁর শুণাবলী ও বর্ণিত আছে। হ্যায়সা বলেন, আমি শিশু ছিলাম; কিন্তু যা দেখতাম এবং শুনতাম, সবই মনে রাখতে পারতাম। একবার আমি বনী আব'দে-আশহালের দিক থেকে একটি চীৎকার শুনলাম। এতে আমার কওমের লোকেরা ঘাবড়ে গেল যে, কি জানি হল! পুনরায় চীৎকার শুনা গেল। আমরা এই আওয়াজ শুনলাম এবং বুঝতেও পারলাম। এক ব্যক্তি বলছিল - হে মদীনাবাসীগণ, এই দেখ আহমদের নক্ষত্র। তিনি পয়দা হয়ে গেছেন। একথা শুনে আমরা বিশ্বিত হলাম। এরপর দীর্ঘদিন অতিবাহিত হয়ে গেল। আমরা একথা ভুলেও গেলাম। আমার কওমের অনেকে মারা গেল এবং শিশু যুবকে পরিণত হল। আমি নিজেও যুবক হয়ে গেলাম। এ সময় আমি আবার সেই আওয়াজ শুনলাম। বলা হচ্ছিল, হে মদীনাবাসীগণ, মোহস্দ আত্মপ্রকাশ করেছেন এবং মন্দ্যুত্ত পেয়ে গেছেন। তাঁর কাছে জিবরাইল (আঃ)-ও এসে গেছেন, যিনি হ্যারত মূসা (আঃ)-এর কাছে আসতেন। এর কিছু দিন পরেই মক্কা থেকে খবর এল যে, এক ব্যক্তি নবুয়ত দাবী করেছে। এরপর কিছু লোক ইসলাম গ্রহণ করল এবং কিছু পিছে রয়ে গেল। আমি তখন ইসলাম গ্রহণ করলাম, যখন রসূলুল্লাহ (সাঃ) মদীনায় হিজরত করে এলেন।

ইন্মনে সাদ ও আবু নয়ীম রেওয়ায়েত করেন যে, হ্যারত ইবনে আববাস (রাঃ) বলেছেন - কুরায়া, মুয়ায়র, ফদক ও খয়বরের ইহুদীরা রসূলুল্লাহ (সাঃ)-এর আবির্ভাবের পূর্বে তাঁর শুণাবলী বর্ণনা করত। তারা তাঁর মদীনায় হিজরত করার কথাও বলত। তিনি যখন জন্মগ্রহণ করলেন, তখন ইহুদী আলেমরা বলতে লাগল, এ রাতে আহমদ জন্মগ্রহণ করেছেন এবং তাঁর নক্ষত্র উদিত হয়ে গেছে। যখন তিনি নবুয়ত লাভ করলেন, তখনও তারা বলতে লাগল, তিনি নবুয়ত পেয়ে গেছেন। সত্যিই ইহুদীরা তাঁকে উত্তমরূপে চিনত। তাঁকে স্বীকার করত এবং তাঁর শুণাবলী বর্ণনা করত।

আবু নয়ীম, ইবনে সাদ ও ইবনে আসাকির বর্ণনা করেন যে, আবু মহলা বলেছেন, বনী কুরায়ার ইহুদীরা রসূলুল্লাহ (সাঃ)-এর আলোচনা তাদের কিতাবে পাঠ করত। সন্তানদের কাছে তাঁর শুণাবলী বর্ণনা করত। মাস বলত এবং একথাও বলত যে, তিনি মদীনায় হিজরত করবেন। কিন্তু যখন তিনি আগমন করলেন, তখন হিস্সা করতে লাগল এবং তাঁকে অস্বীকার করল।

আবু নয়ীম রেওয়ায়েত করেন যে, আবু সায়িদ খুদরী (রাঃ) বলেছেন, আমি আমার পিতা মালেক ইবনে সিনানের কাছে শুনেছি যে, একবার তিনি বনী আব'দে আশহালের কাছে গমন করেন কথাবার্তা বলার জন্য। সেখানে তিনি ইউশা' নামক এক ইহুদীকে বলতে শুনেন যে, একজন নবীর আগমন আসন্ন। তাঁর নাম আহমদ। তিনি হেরেম থেকে আত্মপ্রকাশ করবেন। কেউ তাঁকে প্রশ্ন করল, তাঁর বৈশিষ্ট্য কি? সে বলল, তিনি না খর্বাকৃতি হবেন, না লঢ়াটে। তাঁর চমুদ্বয় লালচে হবে। তিনি পাগড়ী পরবেন এবং গাধার পিঠে সওয়ার হবেন। তরবারি তাঁর বুঁটিতে থাকবে। তিনি এ শহরে হিজরত করবেন। আমি বিশ্বিত হয়ে আপন কওম বনী-হায়রায় চলে এলাম। আমার কওমের এক ব্যক্তি বলল, কেবল ইউশাই এ কথা বলে না; বরং সমগ্র ইয়াসরিবের ইহুদীও তাই বলে। একথা শুনে আমি বনী-কুরায়ার একটি সমাবেশে এলাম। সেখানেও এ আলোচনাই চলছিল। যুবায়র ইবনে আতা বলছিল, সেই লাল নক্ষত্র উদিত হয়েছে, যা কেবল কোন নবীর আগমনেই উদিত হয়। এখন মোহাম্মদ ছাড়া কোন নবী অবশিষ্ট নেই।

আবু নয়ীম মাহমুদ ইবনে লবীদ থেকে এবং তিনি মোহাম্মদ ইবনে সালামাহ থেকে বর্ণনা করেন যে, বনী আবদে আশহালে এক ইউশা' নামীয় ইহুদী ছিল। আমি যখন শিশু ছিলাম, তখন এ ইহুদী বলত একজন নবীর আগমন নিকটে। তিনি জনপদে প্রেরিত হবেন। একথা বলার সময় সে হাত দিয়ে মক্কার দিকে ইশারা করত। যে তাঁকে পায়, সে যেন তাঁকে সত্য বলে বিশ্বাস করে। যখন রসূলুল্লাহ (সাঃ) প্রেরিত হলেন, তখন আমরা ইসলাম গ্রহণ করলাম; কিন্তু সে অবাধ্যতা ও হিংসার বশবর্তী হয়ে ইসলাম গ্রহণ করল না।

আবু নয়ীম আবদুল্লাহ ইবনে সালাম থেকে বর্ণনা করেন যে, স্বাক্ষর ভূমি রসূলুল্লাহ (সাঃ)-এর সত্যায়ন না করা পর্যন্ত মৃত্যুবরণ করেন নি। কেন না, ইয়াসরিবের ইহুদীরা তাঁর কাছে রসূলুল্লাহ (সাঃ)-এর সংবাদ বর্ণনা করেছিল।

ইবনে সাদ ইকবারামা থেকে, তিনি হ্যারত ইবনে আববাস (রাঃ) থেকে এবং তিনি উবাই ইবনে কা'ব থেকে বর্ণনা করেন যে, তুকাবা যখন সম্মেলন মদীনায় আগমন করলেন, তখন কানাত উপত্যকায় অবস্থান গ্রহণ করলেন। তিনি ইহুদী আলেমদেরকে বলে পাঠালেন যে, আমি এ বন্তীকে উজাড় করে দিব। ইহুদীদের মধ্যে শামুন ছিল বড় আলেম। সে বললঃ

হে মহান বাদশাহ! এ শহরে বনী-ইসমাইলের নবী হিজরত করবেন, যিনি মকায় জন্মগ্রহণ করবেন এবং যাঁর নাম হবে আহমদ। যে জায়গায় আপনি অবস্থান করছেন, সেখানে তাঁর সঙ্গী ও তাঁর শক্তিদের মধ্যে অনেক খুনখারাবী হবে।

তুর্কা বললেন, তাঁর সাথে যুদ্ধ কে করবে?

শামুন জবাব দিল, তাঁর কওম তাঁর সাথে যুদ্ধ করবে।

তুর্কা প্রশ্ন করলেন, তাঁর সমাধি কোথায় হবে?

শামুন বলল, এ শহরেই।

তুর্কা জিজ্ঞাসা করলেন, যুদ্ধে কে পরাজিত হবে?

শামুন বলল, জয়-পরাজয় উভয়ই হবে। যে মাঠে আপনি আছেন, এখানে পরাজয় হবে এবং তাঁর সঙ্গীসাথী এত বেশী পরিমাণে নিহত হবে যে, যা অন্য কোথাও এমনটা হবে না। কিন্তু পরিণামে তিনিই বিজয়ী হবেন। তখন কেউ তাঁর মোকাবিলা করবে না।

তুর্কা জিজ্ঞাসা করলেন, তাঁর গুণাবলী কি? শামুন বলল, তিনি না লঘাটে হবেন, না ধর্মাক্তি। তাঁর চক্ষুদ্বয় লালচে হবে। তিনি গাধার পিঠে সওয়ার হবেন। পাগড়ী বাঁধবেন। তরবারি তাঁর ঝুঁটিতে থাকবে। তিনি পরওয়া করবেন না যে, কার সাথে দেখা করছেন।

ইবনে সাদ আবদুল হামিদ ইবনে জাফর থেকে, তিনি আপন পিতা থেকে রেওয়ায়েত করেন যে, যুবায়র ইবনে বাততা ইহুদীদের মধ্যে সর্বাপেক্ষা বড় আলেম ছিল। সে বলত, আমার পিতা আমার কাছ থেকে একটি কিতাব গোপন করেছিল। কিতাবটি যখন পাই, তখন তাতে আহমদ নবীর উল্লেখ ছিল, যিনি মকায় আবির্ভূত হবেন এবং তাঁর এ গুণাবলী থাকবে। যুবায়র একথা তাঁর পিতার মৃত্যুর পর বর্ণনা করেছিল এবং তখন পর্যন্ত রসূলুল্লাহ (সাঃ) প্রেরিত হননি। অল্পদিন পরেই সে শুনল যে, রসূলুল্লাহ (সাঃ) মকায় আবির্ভূত হয়ে গেছেন। এ খবর শুনে সে নিজের হেফাজতে রাখা কিতাব থেকে রসূলুল্লাহ (সাঃ)-এর আলোচনা মিটিয়ে দিল এবং বলল, এ আলোচনা এ ব্যক্তি সম্পর্কে নয়।

আবু নয়ীম সাদ ইবনে ছাবেত থেকে রেওয়ায়েত করেন যে, বনু কুরায়য়া ও বনু ন্যায়রের ইহুদী আলেমরা নবী করীম (সাঃ)-এর গুণাবলী বর্ণনা করত। লাল নক্ষত্র উদিত হলে তারা বলল, এটা নবীর জন্মের নক্ষত্র এবং তিনি আখেরী নবী। তাঁর নাম আহমদ এবং তিনি ইয়াসরিবের দিকে হিজরত করবেন। কিন্তু যখন নবী করীম (সাঃ) আগমন করলেন, তখন তারা তাঁর নবুয়ত অবস্থাকার করল এবং হিংসায় জুলে উঠল।

আবু নয়ীমের রেওয়ায়েতে যিয়াদ ইবনে লবীদ বর্ণনা করেন যে, তিনি মদীনার ঢিলাসমূহে এ আওয়াজ শুনতে পান- হে ইয়াসরিববাসীগণ! বনী-ইসরাইলের মধ্য থেকে নবুয়ত খ্তম হয়ে গেছে। এখন আখেরী নবী আহমদ পয়দা হবেন। তিনি ইয়াসরিবের দিকে হিজরত করবেন।

ইবনে সাদ ও আবু নয়ীম রেওয়ায়েত করেন যে, আম্বারা ইবনে খুয়ায়মা ইবনে ছাবেত আপন পিতার কাছ থেকে উদ্ভৃত করেছেন - আবু আমের নামক জনৈক সন্ন্যাসী আটস ও খায়রাজের ইহুদীদের মধ্যে সর্বাধিক রসূলুল্লাহ (সাঃ)-এর গুণাবলী বর্ণনা করত। ইহুদীদের কাছে যেয়ে ধর্ম সম্পর্কে জিজ্ঞাসাবাদ করত। ইহুদীরা রসূলুল্লাহ (সাঃ)-এর গুণাবলী বর্ণনা করত এবং মদীনায় হিজরত করার কথা ও বলত। এরপর সে তায়মার ইহুদীদের কাছে গেল। তারাও একথাই বলল। এরপর আবু আমের সিরিয়ায় গেল। সেখানকার খৃষ্টানদেরকে জিজ্ঞাসা করলে তারাও রসূলুল্লাহ (সাঃ)-এর বৈশিষ্ট্য বর্ণনা করল এবং বলল যে, মদীনা হবে তাঁর হিজরত ভূমি। আবু আমের সিরিয়া থেকে ফিরে এসে বলতে লাগল যে, সে সন্তান ধর্মের অনুসারী। পশ্চমী বন্দু পরিধান করল, সন্ন্যাসব্রত অবলম্বন করল এবং দাবী করল যে, সে হ্যরত ইবরাহীম (আঃ)-এর ধর্ম অনুসরণ করে। কিন্তু রসূলুল্লাহ (সাঃ) যখন মকায় নবুয়ত ঘোষণা করলেন, তখন সে মকায় আসেনি; বরং স্বীয় অবস্থায় অটল রইল। যখন নবী করীম (সাঃ) মদীনায় এলেন, তখন সে হিংসা ও কপটতার পথ অবলম্বন করল। সে রসূলুল্লাহ (সাঃ) এর কাছে এসে বলল, “আপনি কোন্ ধর্ম নিয়ে প্রেরিত হয়েছেন?” রসূলুল্লাহ (সাঃ) বললেন, “সন্তান ধর্ম নিয়ে এসেছি।” সে বলল, “আপনি এতে মিশ্রণ করেছেন।” নবী করীম (সাঃ) বললেন, আমি তো পরিষ্কার পরিচ্ছন্ন ও সুস্পষ্ট সন্তান ধর্ম নিয়ে এসেছি। ইহুদী ও খৃষ্টানরা তোমার কাছে আমার যেসব গুণ ও বৈশিষ্ট্য বর্ণনা করেছিল, সেগুলোর কি ফল হল? আবু আমের বলল, আপনি সেই ব্যক্তি নন, যাঁর গুণাবলী তাঁরা বর্ণনা করেছিল। রসূলুল্লাহ (সাঃ) বললেন, তুমি মিথ্যাবাদী। সে বলল, আমি মিথ্যা বলি না। রসূলুল্লাহ (সাঃ) বললেন, আল্লাহ তায়ালা মিথ্যাবাদীকে নিঃসঙ্গ ও ধিকৃত মৃত্যু দান করুন। সে বলল, আমিন।

এরপর আবু আমের মকায় চলে এল এবং আপন ধর্ম ত্যাগ করে কোরায়শদের পৌত্রিক ধর্মে দীক্ষিত হয়ে গেল।

আবু নয়ীম ইবনে ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, জাফর ইবনে আবদুল্লাহ ইবনে আবুল হাকীমও উপরোক্ত রেওয়ায়েতটি বর্ণনা করেছেন এবং তাতে আরও সংযোজন করেছেন যে, মক্কা বিজয়ের পর আবু আমের তায়েকে চলে গেল। তায়েকের অধিবাসীরা ও মুসলমান হয়ে গেলে সে সিরিয়া চলে গেল এবং সেখানে নিঃসঙ্গ ও ধিকৃত অবস্থায় মারা গেল।

আবু নয়ীম আবু সালামা ইবনে আবদুর রহমান ইবনে আওফ থেকে বর্ণনা করেন যে, কা'ব ইবনে লুওয়াই ইবনে গালেব শুক্রবারে কওমের লোকদেরকে একত্রিত করে এ ভাষণ দিত—শুন এবং শিখ, অঙ্ককার রাত, উজ্জ্বল দিন, দিগন্ত বিস্তৃত ভূমি, সুউচ্চ আকাশ, স্তম্ভসম পাহাড়, নির্দশন বিশিষ্ট নষ্ঠত্রমালা, পূর্ববর্তী ও পরবর্তী নারী পুরুষ সকলই ধ্রুব হয়ে যাবে। আত্মীয়তার সম্পর্ক বজায় রাখ, বংশ সংবর্জন কর। ধন সম্পদ বৃদ্ধি কর। মৃত্যুর পর কেউ ফিরে এসেছে কি? কোন মৃত্যু জীবিত হয়েছে কি? গৃহ তোমাদের সম্মুখে। তোমরা যেমন বল, তেমন নয়। হেরেমের সৌন্দর্য বৃদ্ধি কর এবং তার প্রতি সম্মান প্রদর্শন কর। একে আঁকড়ে থাক। কেন না, এর সাথে এক মহাসংবাদ জড়িত আছে। এখান থেকে নবীর আবির্ভাব হবে। আমাদের উপর দিয়ে দিবারাত্রি লাগাতার অতিবাহিত হয়ে যাচ্ছে। যে কোন সময় নবী মোহাম্মদ এসে যাবেন। তিনি সত্য সত্য খবর শুনাবেন। আল্লাহর কসম, আমার চক্ষ, কর্ণ ও হাত পা সুস্থ থাকলে আমি তাঁর সাহায্যার্থে উঠে দাঁড়াতাম।

কা'ব ইবনে লুওয়াইরের ওফাত রসূলুল্লাহ (সাঃ)-এর আবির্ভাবের পাঁচ শ ঘাট বছর পূর্বে হয়েছিল।

আবু নয়ীম ও ইবনে ইসহাক যুহরী থেকে, তিনি সায়ীদ ইবনে মুসাইয়িব থেকে এবং তিনি ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কায়স্ ইবনে সায়েদা ওকায়ের মেলায় তার সম্প্রদায়ের সামনে বক্তৃতায় বলল— মুক্তার দিক থেকে তোমাদের কাছে সত্য আসবে। শ্রোতারা প্রশ্ন করল, কোন্ত প্রকার সত্য? সে বলল, এক ব্যক্তি উজ্জ্বল মুখমণ্ডল, কাল চক্ষু লুওয়াই ইবনে গালেবের সজ্ঞানদের মধ্যে হবে, সে তোমাদেরকে অনন্ত জীবন ও অক্ষয় নেয়ামতের দিকে আহবান করবে। তোমরা তাঁর দাওয়াতে সাড়া দিয়ো। যদি আমি তাঁর আবির্ভাব পর্যন্ত জীবিত থাকতাম, তবে সর্বাঙ্গে তাঁর দিকে ধাবিত হতাম।

খারায়েতী ও ইবনে আসাকির জামে ইবনে জেরান ইবনে জামী ইবনে শুহুমান ইবনে সিমাল ইবনে আবিল হিতুন ইবনে সামাওয়াল ইবনে আদিয়া থেকে রেওয়ায়েত করেন যে, যখন আউস ইবনে হারেছার মৃত্যু সন্নিকটবর্তী হল, তখন সে আপন পুত্র মালেককে কিছু উপদেশ দেওয়ার পর বলল, আল্লাহর একটি ডাক আসবে, যদ্বারা সৎকর্মপ্রায়ণরা সাফল্য লাভ করবে। যখন গালেবের বংশধর থেকে মকায় যমযম ও হাজারে-আসওয়াদের মধ্যাহ্নে এক ব্যক্তি প্রেরিত হবে, তখন তাঁর সাফল্যের জন্যে চেষ্টা করবে। হে বনী আমের। তাঁকে সাহায্য করলেই কামিয়াবী অর্জিত হবে।

ইবনে সাদ হারাম ইবনে শুহুমান আনছারী থেকে রেওয়ায়েত করেন যে, আসআদ ইবনে বুরাবাত চালিশজন সঙ্গীসহ সিরিয়া থেকে বাণিজ্যের উদ্দেশ্যে

আগমন করেন। তিনি স্বপ্নে দেখলেন যে, কোন আগস্তক তাঁকে বলছেন, হে আবু উমামা! মুক্তায় একজন নবী আবির্ভূত হবেন। তুমি তাঁর অনুসরণ করো। তাঁর চিহ্ন এই যে, তুমি যখন মন্ত্রিলে অবতরণ করবে, তখন তোমার সকল সঙ্গী মহামারীতে আক্রান্ত হয়ে মারা যাবে। তুমি বেঁচে যাবে এবং অযুক ব্যক্তির চক্ষু বিনষ্ট হয়ে যাবে। সে মতে সে যখন মন্ত্রিলে অবতরণ করল, তখন সকলেই প্রেগ রোগে আক্রান্ত হল। আবু উমামা ছাড়া সকলেই মারা গেল এবং তার এক সঙ্গীর একটি চক্ষু নষ্ট হয়ে গেল।

ইবনে আবিদুনিয়া, বায়হাকী ও আবু নয়ীম শা'বী থেকে, তিনি জুহায়নার এক শায়খ থেকে বর্ণনা করেন যে, মূর্খতা যুগে এক ব্যক্তি ওমায়র ইবনে হাবীব অসুস্থ হয়ে জ্বান হারিয়ে ফেলল। আমরা তার মুখমণ্ডল ঢেকে দিলাম এবং মনে করলাম যে, সে মারা যাবে। অবশেষে তার কবর খননের জন্যেও লোকজনকে বলে দিলাম। আমরা তার কাছেই বসা ছিলাম, এমতাবস্থায় হঠাৎ সে উঠে বসল এবং বলল, আমি এখন সেই জায়গায় গিয়েছিলাম, যেখানে বেহেশ হয়েছিলাম। আমাকে কেউ বলল, হোবল তোকে ধিকৃত করুক! তোর কবর খনন করা হচ্ছে এবং তোর মা তোর জন্যে কাঁদতে বসবে। তুই কি চাস না যে, তোর স্থলে “কঢ়ল” (এক ব্যক্তির নাম)-কে কবরে নিষ্কেপ করে তার উপর মাটি চাপা দিয়ে দেই? তুইকি প্রেরিত নবীর প্রতি ঈমান আনবি? পরওয়ারদেগুরের শোকের করবি এবং শিরক ও গোমরাহী ছেড়ে দিবি? আমি বললাম, হঁ। এরপর আমাকে ছেড়ে দেয়া হল। এদিকে আমরা কছলের কাছে যেয়ে দেখলাম যে, সে মৃত পড়ে আছে। তাকে ওমায়রের জন্য খননকৃত কবরে দাফন করা হল। ওমায়র জীবিত রইল এবং ইসলাম গ্রহণ করল।

ইবনে আসাকির কা'ব থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আবু বকর হিন্দীক (রাঃ)-এর ইসলাম গ্রহণের কারণ ছিল ঐশ্বী নির্দেশ। ঘটনা এই যে, হ্যরত আবু বকর (রাঃ) বাণিজ্যের উদ্দেশ্যে সিরিয়া গমন করেন। সেখানে তিনি একটি স্বপ্ন দেখে বুহায়রা নামক সন্ন্যাসীর গোচরীভূত করেন। সে জিজ্ঞাসা করল, আপনি কোথাকে এসেছেন? তিনি বললেন মুক্তায় থেকে। প্রশ্ন হল, আপনি কোন গোত্রের লোক? তিনি বললেন, কোরায়শ গোত্রে। প্রশ্ন হল, কি করেন? তিনি বললেন, ব্যবসা-বাণিজ্য।

এ কথা শুনে সন্ন্যাসী বলল, আল্লাহ আপনার স্বপ্ন সত্য করে দেখাবেন। তিনি আপনার কওমে একজন নবী পাঠাবেন। আপনি তাঁর উহীর হবেন এবং তাঁর ওফাতের পর তাঁর খলিফা হবেন।

হ্যরত আবু বকর (রাঃ) এ ঘটনাটি গোপন রাখলেন। রসূলুল্লাহ (সাঃ) আবির্ভূত হলে তাঁর কাছে এলেন এবং বললেন, ইয়া মোহাম্মদ! আপনার কাছে আপনার দাবীর

স্বপ্নক্ষে কোন দলীল আছে কি? রসূলুল্লাহ (সা:) বললেন, আমার দলীল সেই স্বপ্ন, যা আপনি সিরিয়াতে দেখেছিলেন।

একথা শুনে হ্যরত আবু বকর (রাঃ) তাঁকে বুকে জড়িয়ে ধরলেন, কপালে চুম্বন করলেন এবং বললেন, আমি সাক্ষ দেই যে, আপনি আল্লাহর রসূল।

ইবনে আসাকির মোহাম্মদ ইবনে আবদুর রহমান বায়াসী থেকে বর্ণনা করেছেন যে, তিনি স্বীয় পিতার কাছ থেকে, পিতা তাঁর পিতার কাছ থেকে শুনেছেন যে, হ্যরত আবু বকর (রাঃ)-কে কেউ প্রশ্ন করল, ইসলামের পূর্বে আপনি কি হ্যরত মোহাম্মদ (সা:) এর নবুওয়তের কোন চিহ্ন দেখেছেন? তিনি বললেন, হাঁ, দেখেছি। শুধু আমি কেন, কোরায়শ-অকুরায়শ যে-ই হোক না কেন, প্রত্যেকের জন্যে আল্লাহ তায়ালা তাঁর নবুওয়তের নির্দেশন স্পষ্ট করে দিয়েছেন। আমি মূর্খতা যুগে এক বৃক্ষের নীচে উপবিষ্ট ছিলাম। হঠাতে সে বৃক্ষের শাখাগুলো আমার মাথার উপর ঝুকে পড়ল। আমি হতভম্ব হয়ে সেগুলোর দিকে তাকাতে শুরু করলে তৎক্ষণাতে বৃক্ষ থেকে আওয়াজ এল, অমুক নবী অমুক সময়ে আত্মপ্রকাশ করবেন। তুমি সকলের মধ্যে সর্বাধিক সৌভাগ্যশালী হয়ে যাও।

অতীত কিতাব সমূহে ছাহাবায়ে-কেরামের উল্লেখ :

ইবনে আবীহাতেম স্বীয় তফসীরগুলোতে হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে উল্লিখিত করেছেন যে, আল্লাহ তায়ালা তওরাত, যবূর এবং আকাশ ও পৃথিবী সৃষ্টি করার পূর্বে স্বীয় জ্ঞানে একথা বিধিবন্ধ করে দেন যে, উল্লতে-মোহাম্মদীকে পৃথিবীর উত্তরাধিকারী করা হবে।

আল্লাহ পাক এরশাদ করেন,

إِنَّ الْأَرْضَ بِرِثْهَا عَبَادٍ الصَّالِحُونَ -

ঃ নিশ্চয় আমার সৎকর্মপরায়ণ বান্দারা পৃথিবীর উত্তরাধিকারী হবে।

ইবনে আবীহাতেম বর্ণনা করেন যে, হ্যরত আবুদ্বারদা (রাঃ) উপরোক্ত আয়ত তেলোওয়াত করার পর বললেন, আমরাই সৎকর্মপরায়ণ বান্দা। আমি বলছি - আমি যবূরের এক কপিতে একশ পঞ্চাশটি সূরা দেখেছি। চতুর্থ সূরায় একথা ছিল - হে দাউদ, শুন এবং সোলায়মানকে বলে দাও, মানুষকে যেন বলে দেয় যে, পৃথিবী আমার। আমি মোহাম্মদ (সা:) ও তাঁর উল্লতকে এই পৃথিবীর ওয়ারিস করব।

ইবনে আসাকির ইবনে মসউদ (রাঃ) থেকে বর্ণনা করেন যে, হ্যরত আবু বকর (রাঃ) বলেছেন - আমি ইসলামের আগমনের পূর্বে ইয়ামন গিয়েছিলাম এবং জনেক ইন্দুরী শায়খের গাত্র অবস্থান করেছিলাম। তার বয়স ছিল দশ বছর কম চার'শ

বছর। তিনি অত্যন্ত সুপ্তিত ছিলেন এবং প্রাচীন প্রস্তুত অধ্যয়ন করেছিলেন। তিনি আমাকে বলল, তুমি হেরেমের লোক না? আমি বললাম, জী হাঁ। শায়খ প্রশ্ন করলেন, তুমি কোরায়শী? আমি বললাম, জী হাঁ। তিনি জিজ্ঞাস করলেনঃ তুমি জায়মী? আমি জওয়াব দিলামঃ জী হাঁ। তিনি বললেন, ব্যস একটি বিষয় রয়ে গেল। আমি বললাম, সেটি কি? তিনি বললেন, তোমার পেট খুলে দেখাও। আমি বললাম, কেন? শায়খ বললেন, আমি সত্য জ্ঞানে একথা পেয়েছি যে, হেরেমে একজন নবী প্রেরিত হবেন। তাঁর সাহায্যকারী হবে একজন যুবক ও একজন বৃক্ষ। যুবক হবে অকুতোভয় প্রতিরক্ষাকারী। বৃক্ষ দুর্বল ও শ্঵েতকায় হবে। তাঁর পেটে থাকবে তিল এবং বাম উরুতে একটি চিহ্ন থাকবে। আমাকে পেট দেখিয়ে দিলে তোমার ক্ষতি কি? আমি তোমার সকল গুণ দেখেছি। কেবল এটিই দেখা হয়নি। হ্যরত আবু বকর (রাঃ) বলেন, আমি পেট খুলে দিলাম। সে আমার পেটে কাল তিল দেখে বলল, কাবার গ্রস্ত কসম, তুমই সেই ব্যক্তি।

ইবনে আসাকির রেওয়ায়েত করেন যে, রবী, ইবনে আনাম বর্ণনা করেছেন - অতীত কিতাবসমূহে হ্যরত আবু বকর (রাঃ)-কে বৃষ্টির পানির সাথে তুলনা করা হয়েছে, যা যেখানেই পড়ে, উপকার করে।

ইবনে আসাকির রেওয়ায়েত করেন যে, আবু বকরাহ বলেছেন, আমি হ্যরত ওমর (রাঃ)-এর কাছে গেলাম। তখন তাঁর কাছে কিছু লোক বসে আহার করছিল। হ্যরত ওমর (রাঃ) পিছনে বসা এক ব্যক্তির দিকে চোখে ইশারা করে জিজ্ঞাস করলেন, তোমাদের কিতাবে তার সম্পর্কে কি লেখা আছে? আমি বললাম, ইনি নবীর খলিফা ও বন্ধু।

দীন্যরী ও ইবনে আসাকির রেওয়ায়েত করেন যে, যায়দ ইবনে আসলাম বলেন, হ্যরত ওমর (রাঃ) আমাকে বলেছেন - মূর্খতা যুগে আমি কোরায়শের কিছু লোকের সঙ্গে বাণিজ্যের উদ্দেশ্যে সিরিয়া গিয়েছিলাম। কাফেলা মকায় প্রত্যাবর্তন শুরু করলে আমার একটি কাজ মনে পড়ে গেল। সঙ্গীদেরকে বললাম, তোমারা চলতে থাক। আমি তোমাদের সাথে মিলিত হব। আমি সিরিয়ার এক বাজারে ঘুরাফেরা করছিলাম, এমন সময় এক পান্তি এসে আমার ঘাড় চেপে ধরল। সে আমাকে গীর্জায় নিয়ে গেল। সেখানে মাটির একটি প্রকান্ত স্তুপ ছিল। সে আমাকে একটি কোদাল, একটি কুড়াল ও একটি ঝুড়ি এনে দিল এবং বলল, এই মাটি তুলে বাইরে নিয়ে যাও। আমি বসে ভাবতে লাগলাম যে, এ কিরূপে সরাব। দ্বিতীয়ে পান্তি এল এবং বলল, মাটি সরাওনি কেন? এপর সে আমায় ঘুষি মারল। আমি ও কোদাল তুলে তাঁর মাথায় আঘাত করলাম। ফলে মাথা কেটে গেল। সেখান থেকে বের হওয়ার পর আমি পথ ভুলে গেলাম। দিবাৰতি চলত লাগলাম।

সকালে এক গীর্জার নিকটে পৌছলাম এবং ছায়ায় বসে পড়লাম। গীর্জা থেকে এক ব্যক্তি বের হয়ে এল এবং বলল, এখানে বসে আছ কেন? আমি বললাম, আমি পথ ভুলে গেছি। সে আমার জন্য খাদ্য নিয়ে এল এবং আমার আপাদমন্তক নিরীক্ষণ করতে লাগল। সে বলল, এ সময়ে আমি কিভাবের সর্বভূত আলেম। তুমিই আমাদেরকে গীর্জা থেকে বহিকার করে দিবে এবং এ শহর দখল করে নিবে। আমি বললাম তুমি আমার ব্যাপারে ভুল বুঝাবুঝিতে লিপ্ত আছ। সে বলল, আচ্ছা, তোমার নাম কি? আমি বললাম, ওমর ইবনে খাতাব। সে বলল, নিঃসন্দেহে তুমিই সেই ব্যক্তি। এ গীর্জা এবং এর ভিতরে যা আছে, সব তুমি আমার নামে লিখে দাও।

আমি বললাম: তুমি আমার সাথে সদয় আচরণ করেছ। এখন এটাকে ঘলীন করছ কেন? সে বলল: ব্যস তুমি এটা লিখে দাও যে, এ গীর্জার উপর তোমার কোন দখল নেই। তুমি প্রকৃতই সেই ব্যক্তি হলে আমার উদ্দেশ্য সফল হবে। নতুন্বা এতে তোমার কোন লোকসান নেই।

আমি বললাম: আচ্ছা আন। আমি তাকে লিখিত দিয়ে তাতে মোহর লাগিয়ে দিলাম।

হ্যরত ওমর (রাঃ) তাঁর খেলাফতকালে যখন বাইতুল মোকাদ্দাসে যান, তখন সেই সন্ধ্যাসী লিখিত দলীল নিয়ে উপস্থিত হয়। তিনি এতে খুব আশচর্য বোধ করেন। হ্যরত ওমর (রাঃ) সমস্ত ঘটনা আমাকে শুনান এবং বলেনঃ এই গীর্জায় ওমর কিংবা ইবনে ওমরের কোন অংশ নেই।

আবদুল্লাহ ইবনে আহমদ আবু ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, আবু ওবায়দা বর্ণনা করেছেন - নবী করীম (সাঃ)-এর যমানায় একবার হ্যরত ওমর (রাঃ) যখন নিজের ঘোড়া চালনা করছিলেন, তখন তাঁর উরু খুলে যায়। নাজরানের এক ব্যক্তি তাঁর উরুতে তিল দেখে বললঃ এ সে ব্যক্তি, যার সম্পর্কে আমাদের কিভাবে লেখা আছে যে সে আমাদেরকে আমাদের গৃহ থেকে বহিকার করবে।

আবু নয়ীম শহর ইবনে নাওশাব থেকে রেওয়ায়েত করেন যে, কা'ব বর্ণনা করেছেন, হ্যরত ওমর (রাঃ) যখন বাইতুল মোকাদ্দাসে ছিলেন, তখন আমি তাঁকে বললামঃ অতীতের কিভাবসমূহে লেখা আছে যে, এ দেশ একজন সাধু ব্যক্তি জয় করবে। সে মুসলমানদের প্রতি সহানুভূতিশীল এবং কাফেরদের প্রতি কঠোর হবে। তার মনে তাই থাকবে, যা মুখে থাকবে। তার কর্ম তার কথার সত্যায়ন করবে। ন্যায়ের ব্যাপারে আপন-পর তার দৃষ্টিতে সমান হবে। তার অনুসারী রাতে দরবেশ এবং দিনে সিংহের ন্যায় পরাক্রমশালী হবে। তারা পরম্পরে ন্যায় আচরণ করবে, আঞ্চলিক সম্পর্ক বজায় রাখবে এবং সৎকাজে একে অপরের চেয়ে অগ্রণী

হবে। একথা শুনে হ্যরত ওমর (রাঃ) বললেনঃ তুমি যা বলছ, ঠিক? আমি বললামঃ আল্লাহর কসম, ঠিক। তিনি বললেনঃ আল্লাহ তায়ালার শোকর, যিনি আমাদেরকে ইয়েত দিয়েছেন, সম্মান ও গৌরবে ভূষিত করেছেন এবং মোহাম্মদ (সাঃ)-এর মাধ্যমে আমাদের প্রতি রহম করেছেন।

ইবনে আসাকির ওবায়দ ইবনে আদম, আবু মরিয়ম ও আবু শোয়ায়ব থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত ওমর যখন জাবিয়া নামক স্থানে ছিলেন, তখন খালিদ ইবনে ওলীদ (রাঃ) বায়তুল মোকাদ্দাস পৌছেন। লোকেরা তাঁকে জিজ্ঞাসা করলঃ আপনার নাম কি? তিনি বললেনঃ খালিদ ইবনে ওলীদ। তারা জিজ্ঞাসা করলঃ আপনাদের আমীরের নাম কি? তিনি বললেনঃ ওমর ইবনে খাতাব। তারা বললঃ তাঁর কিছু গুণবলী বর্ণনা করুন।

খালিদ ইবনে ওলীদ হ্যরত ওমর (রাঃ)-এর দেহাবয়ব বর্ণনা করলেন। তারা বললঃ বায়তুল মোকাদ্দাস আপনি জয় করবেন না, বরং ওমর জয় করবেন। কারণ, আমাদের কিভাবে লেখা আছে যে, বায়তুল মোকাদ্দাসের আগে সকল শহর জয় করবে। যে ব্যক্তি বায়তুল মোকাদ্দাস জয় করবে, তার এ গুণ হবে। দ্বিতীয়তঃ কায়সারিয়া বায়তুল-মোকাদ্দাসের আগে জয় হবে। যান, প্রথমে কায়সারিয়া জয় করুন। এরপর আপনাদের আমীরকে সঙ্গে নিয়ে আসুন।

তিবরানী ও আবু নয়ীম মুগীছ আওয়ায়ী থেকে বর্ণনা করেন যে, হ্যরত ওমর (রাঃ) কাঁবে আহবারকে জিজ্ঞাসা করলেনঃ তওরাতে আমার কি গুণবলী বর্ণিত আছে? তিনি বললেনঃ আপনার সম্পর্কে বলা হয়েছে - একজন কঠোরহস্ত খলিফা, যে আল্লাহর ব্যাপারে কারও তিরক্ষারে ভীত হবে না। এরপর এক খলিফা হবে, যাকে একটি যালেম দল শহীদ করবে। এরপর পরীক্ষার যুগ শুরু হয়ে যাবে।

ইবনে আসাকির হ্যরত ওমর (রাঃ)-এর মুয়ায়ফিন আকরা থেকে বর্ণনা করেন যে, হ্যরত ওমর (রাঃ) এক পদ্মীকে ডেকে জিজ্ঞেস করলেনঃ তোমাদের কিভাবে আমাদের সম্পর্কে কি লেখা আছে? সে বললঃ আপনার বৈশিষ্ট্য ও ক্রিয়াকর্মের উল্লেখ আছে ঠিকই; কিন্তু আপনার নাম নেই। হ্যরত ওমর (রাঃ) প্রশ্ন করলেনঃ আমার সম্পর্কে কি আছে? পদ্মী বলল, ইস্পাত-কঠিন শিং। হ্যরত ওমর (রাঃ) বললেনঃ এর মানে? সে বললঃ এর মানে কঠোর খলিফা। হ্যরত ওমর (রাঃ) বললেনঃ আল্লাহ আকরা। এরপর আমার পরে কে? পদ্মী বললঃ একজন সৎ ব্যক্তি, যে আঞ্চলিকদেরকে অগ্রাধিকার দিবে। হ্যরত ওমর (রাঃ) বললেনঃ আল্লাহ তায়ালা ইবনে আফকানের প্রতি রহম করুন। তারপরে কে হবে? উন্নত হলঃ তরবারির বৎকার। খলিফা বললেনঃ এটা তো পরিতাপের কথা। পদ্মী বললঃ আমিরুল-মুমিনীন, যদিও তিনি নিজে সংলোক হবেন। কিন্তু তাঁর খেলাফতে রাজ্ঞি প্রবাহিত হবে এবং তরবারি কোষমুক্ত হবে।

ইবনে আসাকির ইবনে সিরীন থেকে রেওয়ায়েত করেন যে, কা'বে আহবার হ্যরত ওমর (রাঃ)-কে জিজ্ঞাসা করেন : আমিরুল্ল-মুমিনীন, আপনি স্পন্দে কিছু দেখেন? হ্যরত ওমর (রাঃ) অস্বীকার করলে কা'ব বললেন : আমি এমন ব্যক্তি সম্পর্কে ওয়াকিফহাল, যিনি উচ্চতের মঙ্গলের ব্যাপারাদি স্পন্দে দেখে থাকেন।

ইবনে রাহওয়াইহি আবু আইউব আনছারীর মুক্ত ক্রীতদাস হাসান ইবনে আফলাহ থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল্লাহ ইবনে সালাম মিসরীয়দের বিদ্রোহের পূর্বে মদীনায় আসতেন এবং কোরায়শ নেতৃবৃন্দকে বলতেন - ওছমানকে হত্যা করো না। তারা বলতঃ আল্লাহর কসম, তাঁকে হত্যা করার কোন ইচ্ছা আমাদের নেই। একথা শুনে আশ্বস্ত হয়ে আবদুল্লাহ ইবনে সালাম চলে যেতেন এবং একথা বলতে বলতে যেতেন যে, তারা তাঁকে অবশ্যই হত্যা করবে। অতঃপর তিনি পুনরায় এলেন এবং বললেন : তোমরা তাকে হত্যা করো না। তিনি নিজেই চল্লিশ দিনের মধ্যে ইন্তেকাল করবেন। তারা আবার পূর্বের কথাই বলল যে, তাঁকে হত্যা করা হবে না। এরপর আবার এলেন এবং হত্যা না করার জন্যে অনুরোধ করে বললেনঃ ওছমান নিজেই চল্লিশ দিনের মধ্যে ইন্তেকাল করবেন।

ইবনে সাঁদ ও ইবনে আসাকির তাউস থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত ওছমান (রাঃ)-কে শহীদ করা হলে আবদুল্লাহ ইবনে সালামকে প্রশ্ন করা হলঃ আপনি তওরাতে হ্যরত ওছমান (রাঃ)-এর আলোচনা কিভাবে পেয়েছেন? তিনি বললেনঃ আমরা তাঁকে ঘাতক ও অবমাননাকারীদের আমীর রূপে পেয়েছি।

ইবনে আসাকির মোহাম্মদ ইবনে ইউসুফ থেকে, তিনি নিজের দাদা থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল্লাহ ইবনে সালাম হ্যরত ওছমান (রাঃ)-এর কাছে এলে তিনি তাঁকে জিজ্ঞেস করলেন : যুদ্ধ ও সংক্ষি সম্পর্কে আপনার অভিমত কি? আবদুল্লাহ বললেন : সংক্ষি উপযুক্ত। কিন্তু আমাদের কিভাবে আছে আপনি কিয়ামতের দিন ঘাতক ও অবমাননাকারীদের বিরুদ্ধে অভিযোগকারী হবেন।

ইবনে আসাকির এ সনদেই রেওয়ায়েত করেছেন যে, আবদুল্লাহ ইবনে সালাম মিসরীয়দেরকে বললেন : তোমরা ওছমানকে (রাঃ) হত্যা করো না। কেননা, এই যিলহজ্জ মাস শেষ হওয়ার আগেই তাঁর ইন্তেকাল হয়ে যাবে।

আবুল কাসেম বগভী সারীদ ইবনে আবদুল আজীজ থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সাঃ)-এর ওফাত হয়ে গেলে ইহুদী আলেম যীকুরুবাত হেমেইয়ারীকে জিজ্ঞাসা করা হলঃ রাসূলুল্লাহ (সাঃ)-এর পরে কে হবে? সে বললঃ “আল-আমীন” (অর্থাৎ আবু বকর রাঃ)। জিজ্ঞাসা করা হলঃ তারপরে? সে বললঃ ইস্পাত কঠিন শিং (অর্থাৎ হ্যরত ওমর রাঃ)। প্রশ্ন করা হলঃ তারপরে? সে বললঃ

আযহার (অর্থাৎ হ্যরত ওছমান রাঃ) প্রশ্ন করা হলঃ তারপরে? উত্তর হলঃ উজ্জ্বল মুখমণ্ডল (অর্থাৎ হ্যরত আলী রাঃ)।

ইবনে রাহওয়াইহি ও তিবরানী আবদুল্লাহ ইবনে মুগাফফাল থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আলী (রাঃ)-এর শাহাদাতের পর আবদুল্লাহ ইবনে সালাম আমাকে বললেন : চল্লিশ বছর পূর্ণ হয়ে গেছে। এখন সংক্ষি হয়ে যাবে। ইবনে সাঁদ আবু সালেহ থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত ওছমান (রাঃ)-এর “হৃদী” (উট চালনার গান) গায়ক এই হৃদী গাইতঃ তারপরে আলী আমীর হবেন। যুবায়রের সাথে তার মতবিরোধ হবে। কা'ব বলেন : উদ্দেশ্য মোয়াবিয়া। মোয়াবিয়াকে বলা হলে তিনি বললেনঃ হে আবু ইসহাক! এটা কি রূপে হতে পারে। এখনে তো মোহাম্মদ (সাঃ)-এর ছাহাবী আলী ও যুবায়র উদ্দেশ্য। আবু ইসহাক বললেনঃ না, আপনিই উদ্দেশ্য।

দারেমী ও ইবনে রাহওয়াইহি আবু জরীর ইয়দী থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল্লাহ ইবনে সালাম নবী করীম (সাঃ)-কে বললেনঃ আমরা অতীত কিভাবসমূহে কিয়ামতের দিন আপনাকে পরওয়ারদেগারের সামনে মুখমণ্ডল অপ্রসন্ন অবস্থায় দণ্ডযান দেখতে পাই, এ কারণে যে, আপনার পরে আপনার উপর নতুন নতুন বিষয় গড়ে নিয়েছে।

তিবরানী ও বায়হাকী মোহাম্মদ ইবনে এয়াযিদ থেকে বর্ণনা করেন যে, কায়স ইবনে খারশাহ ও কা'বে আহবার এক সঙ্গে যাচ্ছিলেন। ছিফফীন নামক স্থানে পৌছে কা'ব থেমে গেলেন এবং গভীর দৃষ্টিপাত করার পর বললেনঃ এ স্থানে মুসলমানদের অনেক রক্ত প্রবাহিত হবে, যা পৃথিবীর কোন অংশে প্রবাহিত হবে না। কায়স বললেনঃ আপনি কিরণে জানলেন? গায়েবের খবর তো আল্লাহ ছাড়া কেউ জানে না। কা'ব বললেনঃ পৃথিবীর প্রতি অংশে যা কিছু হবে এবং যা কিছু আবিস্তৃত হবে সব আল্লাহর অবতীর্ণ কিভাবে তওরাতে উল্লেখিত আছে।

হাকেম মুস্তাদরাক গ্রন্থে আবদুল্লাহ ইবনে যুবায়র (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মুখতারের খণ্ডিত শির আনা হলে আবদুল্লাহ ইবনে যুবায়র (রাঃ) বললেনঃ কা'ব যা কিছু বর্ণনা করেছিলেন, আমি সবগুলোর সত্যতা পেয়ে গেছি - একটি ছাড়া। তা এই যে, এক ছকফী আমাকে হত্যা করবে। আ'মাশ বলেনঃ আবদুল্লাহ ইবনে যুবায়র জানতেন না যে, হাজার তার সম্পর্কে কি সংকল্প করে রেখেছিল। হাকেম মুস্তাদরাকে বর্ণনা করেন যে, আবদুল্লাহ ইবনে আমর বলেছেনঃ কিভাবে উল্লেখিত আছে যে, মোয়াবিয়ার বৎসে এক ব্যক্তি রক্তপিপাসু হবে। সে মানুষের ধন-সম্পদকে বৈধ মনে করবে এবং বায়তুল্লাহ ভেঙ্গে দিবে। আমার

সামনেই একপ হয়ে গেলে ভাল। নতুনা আমাকে স্মরণ করো। (বনু কোরায়সে বসবাসকারিনী বনু মুগীরার এক মহিলাকে সংশোধন করে একথা বলা হয়েছিল।) হাজ্জাজ ও ইবনে মুবায়রের আমল আসার পর এই মহিলা বায়তুল্লাহর ভগ্নদশা দেখে বললঃ আল্লাহ, আবদুল্লাহ ইবনে আমরের প্রতি সদয় হোন।

আবদুল্লাহ ইবনে আহমদ হেশাম ইবনে খালেদ থেকে রেওয়ায়েত করেছেন যে, তিনি বলেনঃ আমি তওরাতে পাঠ করেছি যে, আকাশ ও পৃথিবী ওমর ইবনে আবদুল আজীজের জন্যে চল্লিশ বছর পর্যন্ত ক্রন্দন করবে।

মোহাম্মদ ইবনে ফুয়ালা জনৈক সন্ন্যাসীর এই উক্তি বর্ণনা করেন যে, ন্যায়পরায়ণ শাসকদের মধ্যে ওমর ইবনে আবদুল আজীজের মর্তবা এমন, যেমন পবিত্র মাসসমূহের মধ্যে রজব মাসের মর্তবা।

ওলীদ ইবনে হেশাম বর্ণনা করেন, আমরা প্রবাসে এক জায়গায় অবস্থান করলে জনৈক সন্ন্যাসী বললঃ আমিরুল-মুয়িনীন সোলায়মান ওফাত পেয়ে গেছেন। আমরা বললামঃ তারপরে কে খলিফা হবে? সে বললঃ ওমর ইবনে আবদুল আজীজ। আমরা সিরিয়ায় পৌছলে একথা সত্য সাব্যস্ত হল। চার বছরপর আমরা আবার সেই জায়গায় অবস্থান করে সন্ন্যাসীকে বললামঃ আপনার কথা সত্য ছিল। সে বললঃ এখন ওমর ইবনে আবদুল আজীজকে বিষ প্রদান করা হয়েছে। আমরা দেশে ফিরে এসে এখবরও সত্য পেলাম।

ইবনে আসাকির মুগীরা ইবনে নোমান থেকে বর্ণনা করেন যে, বছরার এক ব্যক্তি বলেছে - আমি বায়তুল-মোকাদ্দাসের উদ্দেশে গমন করছিলাম, বৃষ্টি আমাকে এক গির্জায় আশ্রয় নিতে বাধ্য করল। গির্জার সন্ন্যাসী আমাকে বললঃ আমাদের কিতাবে আছে যে, তোমাদের ধর্মাবলম্বীরা আসরায় (সিরিয়ার একটি স্থানের নাম) যুদ্ধ করবে। তারা হিসাব নিকাশ ও আয়াবের উর্দ্ধে থাকবে। এ খবর শুনার কিছু দিন পরেই হাজার ইবনে আদী ও তার সঙ্গীরা আসরায় আসে এবং পরম্পরে যুদ্ধে লিপ্ত হয়।

বায়হাকী ক'বে আহবার থেকে বর্ণনা করেন যে, বনু-আবাসের কালো পতাকা প্রকাশ পাবে। সিরিয়ায় তাদের হাতে অনেক যালেম নিহত হবে।

কৃলায়বী হাম্মাদ ইবনে সালামাহ থেকে, তিনি ইয়ালা ইবনে আতা থেকে এবং তিনি বুজায়র আবু ওবায়দ থেকে রেওয়ায়েত করেন যে, কিতাবধারী সারাহ ইয়ারমূকী বর্ণনা করেছেন -- আমি কিতাবে পাই যে, এ উচ্চতের নবীসহ বারজন শীর্ষ নেতা হবেন। তাদের সময়কাল পূর্ণ হয়ে গেলো উচ্চত অবাধ্যতা ও বিদ্রোহ করতে শুরু করবে এবং তাদের শক্তি পরম্পরের মধ্যে ব্যয় হবে।

নবী করীম (সাঃ) -এর আবির্ভাব সম্পর্কে

অতীন্দ্রিয়বাদীদের খবর

আবু নয়ীম ও ইবনে আসাকির ইসমাইল ইবনে আইয়াশ থেকে, তিনি এয়াহইয়া ইবনে আমর শায়বানী থেকে এবং তিনি আবদুল্লাহ ইবনে দায়লামী থেকে রেওয়ায়েত করেন যে, এক ব্যক্তি হ্যরত ইবনে আববাস (রাঃ)-এর কাছে এসে বললঃ আমি জানতে পারলাম, আপনি সাতীহ নামক এক অতীন্দ্রিয়বাদী সম্পর্কে বলেন যে, আল্লাহ তায়ালা সমগ্র মানব জাতির মধ্যে তার মত কাউকে সৃষ্টি করেননি। হ্যরত ইবনে আববাস (রাঃ) বললেনঃ হাঁ, আল্লাহ তায়ালা সাতীহকে কসাইয়ের চাটাইয়ের উপর পড়ে থাকা মাস্পিণ্ডের মত করে সৃষ্টি করেছেন। সে যেখানে যেত, চাটাইসহ তুলে নেয়া হত। কেননা, তার মধ্যে না ছিল কোন ছাড়ি, না ছিল কোন প্রাণি। কেবল মাথার খুলি, ঘাড় ও হাতের তালু ছিল। তাকে পা থেকে ঘাড় পর্যন্ত কাপড়ের ন্যায় তাঁজ করে নেয়া হত। জিহ্বা ব্যতীত শরীরের কোন অংশে স্পন্দন ছিল না। সে যখন মকায় আসার ইচ্ছা করল, তখন তাকে চাটাইসহ বহন করে আনা হল। কুছাইয়ের পুত্রদ্বয় আবদে শামস ও আবদে মানাফ, আহওয়াস ইবনে ফেহের এবং আকীল ইবনে আববাস কোরায়শ বংশের এই চার ব্যক্তি তার সাথে সাক্ষাৎ করতে এলে সে তাদের পরিচয় জিজ্ঞাসা করল। তারা জবাবে নিজেদের বংশপরিচয় পরিবর্তন করে বললঃ আমরা জুমাহ গোত্রের লোক। আপনার আগমনের সংবাদ শুনে সাক্ষাৎ করতে এসেছি। কেননা, আপনার সাথে সাক্ষাৎ করা আমাদের জন্যে অপরিহার্য ছিল। আকীল তাকে হিন্দী তলোয়ার ও রুশী বর্ণা উপহার দিল। কিন্তু প্রথমে তারা এ দু'টি বস্তু বায়তুল্লাহর দরজায় রেখে দিল এটা পরীক্ষা করার জন্যে যে, সাতীহ এগুলো দেখে কি না?

সাতীহ বললঃ আকীল, তোমার দু'টি হাত আমাকে দাও। আকীল নিজের হাত তার হাতে ধরিয়ে দিল।

সাতীহ বললঃ সেই সন্তার কসম, যিনি গোপন বিষয়াদি জানেন, যিনি গোনাহ মার্জিবাকারী, কসম সেই দায়িত্বের, যা পূর্ণ করা হয় এবং কসম কা'বা গৃহের - তুমি আমার কাছে হিন্দী তলোয়ার ও রুশী বর্ণা উপহার নিয়ে এসেছ।

কোরায়শী নেতারা বললঃ হে সাতীহ, তুমি সত্য বলেছ।

সাতীহ বললঃ কসম লাতের ও রামধনুর, কসম অগ্রগামী নওজোয়ান অশ্বের এবং সেই অশ্বের, যার ললাটের শুভ্রতা এক দিকে ঝুকে আছে, কসম বর্জুর বৃক্ষের এবং কাঁচা পাকা খেজুরের- কাক উড়ত অবস্থায় সংবাদ দিয়েছে যে, তোমরা জুমাহ গোত্রের লোক নও। বরং বাতহা উপত্যকার অধিবাসী কোরায়শী।

তারা সকলে বললঃ তুমি ঠিক বলেছ। আমরা মকাব বাসিন্দা। তোমার জ্ঞান-গরিমার কথা শুনে তোমার সাথে সাক্ষাৎ করতে এসেছি। আমাদেরকে বল,

আমাদের কালে এবং আমাদের পরবর্তীকালে কি কি ঘটনা সংঘটিত হবে? সাতীহ বললঃ এবার তোমরা সত্যকথা বলেছ। শুন যেসব বিষয় খোদা আমাকে ইলহাম করেছেন— হে আরবের লোক সকল! তোমরা বার্ধক্যে উপনীত হয়েছ। তোমাদের ও অনারবদের অঙ্গর্জানে এখন আর কোন তফাত নেই। তোমাদের মধ্যে কোন জ্ঞান-গরিমা ও বুদ্ধিমত্তা অবশিষ্ট নেই। তোমাদের বংশধর থেকে একটি দল সৃষ্টি হবে, যারা সকল প্রকার জ্ঞান-বিজ্ঞানের অনুসন্ধানকারী হবে। তারা বাঁধ পর্যন্ত পৌছে যাবে, অনারবদেরকে হত্যা করবে এবং গৌণিত্ব হাসিল করবে। কোরায়শ নেতারা প্রশ্ন করলঃ হে সাতীহ, তারা কোন বংশের লোক হবে?

সাতীহ বললঃ কসম স্তুতিবিশিষ্ট গৃহের, শাস্তির ও স্ম্রাটের- তারা তোমাদেরই বংশধর থেকে হবে, যারা প্রতিমা চূর্ণ করে দিবে এবং শয়তানের এবাদত ছেড়ে এক রহমানের এবাদত করবে। খোদার ধর্ম প্রতিষ্ঠিত করবে এবং অন্ধের অগ্নে চলে যাবে।

কোরায়শরা বললঃ হে সাতীহ, তারা কোন ব্যক্তির পরিবার থেকে হবে?

সাতীহ বললঃ কসম সেই সত্তার, যিনি সেরা সন্তান, যিনি কীট-পতঙ্গ গণনাকারী, যিনি চিলাসমূহকে কম্পমান করে এবং দুর্বলকে সবল করে— তারা সংখ্যায় হাজার হাজার হবে এবং আবদে-শামস ও আবদে-মানাফের পরিবার থেকে হবে। তাদের পরম্পরে মতবিরোধও থাকবে।

কোরায়শরা বললঃ হে সাতীহ, তাদের আরও কথা শুনাও এবং বল যে, তাদের অভ্যন্তর কবে হবে?

সে বললঃ সেই সত্তার কসম, যিনি অনস্তুকাল থাকবেন, যিনি সকল পরিদাম সম্পর্কে ওয়াকিফ- নবী হাদী এ শহরেই আজ্ঞাপ্রকাশ করবেন। তিনি মানুষকে সৎকর্মের প্রতি দাওয়াত দিবেন এবং ইয়াগুচ্ছ, নসর ও ছদ্দের এবাদত অঙ্গীকার করে এক খোদার এবাদত করবেন। এরপর আল্লাহ তাঁকে ওফাত দিবেন। সে সময় দুনিয়াতে তাঁর প্রশংসন কীর্তিত হবে এবং আকাশে তাঁর সাক্ষ্য দেওয়া হবে। তাঁর পরে ছিদ্রিক শাসনকর্তা হবেন। তিনি ঠিক ঠিক ফয়ছালা করবেন এবং মানুষের অধিকার আদায়ে কোন ক্রটি-বিচৃতি করবেন না। তার পরে সন্তান ধর্মের অনুসারী ও অত্যন্ত অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি শাসনকর্তা হবেন। তিনি অতিথিপরায়ণ হবেন এবং সন্তান ধর্মকে সুপ্রতিষ্ঠিত করবেন। তার পরে এক লৌহবর্মধারী ও অভিজ্ঞ ব্যক্তি শাসক হবেন। তার বিরক্তকে বিভিন্ন দল ঐক্যবদ্ধ হবে এবং তাঁকে হত্যা করবে। তার পরে আসবে এক বিজয়ী শাসনকর্তা। তার আমলে সৈন্যদের সংখ্যা অনেক বেড়ে যাবে। তারপরে তার পুত্র শাসক হবে। সে ধনসম্পদ আঞ্চলিক করবে এবং স্তুতিমন্দের জন্মে সম্পদ জমা করবে। তার পরে অনেক রাজরাজত্ব

আসবে এবং অনেক রক্ত প্রবাহিত হবে। অবশেষে একজম দরবেশ প্রকৃতির লোক আসবেন এবং তাদেরকে পিট করে দিবেন। অতঃপর যালেম আবু জাফর শাসনকর্তা হবে। সে সত্যকে দূরে ঠেলে দিবে এবং অসত্যকে নিকটবর্তী করবে। বিভিন্ন দেশ জয় করবে। এরপর আসবে এক খর্বাকৃতি শাসক, যার কোমরে চিহ্ন থাকবে। সে অক্ষাৎ মৃত্যুমুখে পতিত হবে। এরপর আসবে এক প্রতারক শাসক, যে দেশকে কাঙ্গাল করে দিবে। এরপর তার ভাই আসবে এবং একই ধারায় রাজ্যশাসন করবে। এরপর এক প্রভূত নেয়াগতশাসনী বীর পুরুষ শাসক হবে। তার আঞ্চলিক ও পরিবারের লোকজন তার কাছ থেকে রাজত্ব ছিনিয়ে নিবে এবং তাকে হত্যা করবে। এরপর সপ্তম শাসক এসে দেশকে বেকার ও সম্পদশূন্য করে দিবে। সে নিজের দেশে ক্ষুধার্ত অবস্থায় মুরব্বে। তখন প্রত্যেক ব্যক্তি রাজত্বের অভিলাষী হবে। মীসান ও লেবাননের মাঝখানে দামেশকে নিয়ারী ও কাহতানী বংশের যোদ্ধারা সমবেত হবে এবং নিয়ারীরা কাহতানীদেরকে পিট করে দিবে। এয়ামন বিভক্ত হয়ে যাবে। চতুর্দিকে ছিন তাঁবু, বিছিন ঝাণ্ডা এবং পায়ে শিকল পরিহিত কয়েনী দৃষ্টিগোচর হবে। মিহর বরবাদ হয়ে যাবে। বিধ্বারা সতীত্ব হারাবে। গর্ভবতী নারীদের গর্ভপাত হবে। ভূমিকম্প আসবে। ওয়ায়েল খেলাফতের দাবীদার হবে। একারণে নিয়ারীরা ক্ষেপে যাবে। গোলাম ও ব্যক্তিচারী বেড়ে যাবে। ভাল লোক কুআপি পাওয়া যাবে। মানুষ ক্ষুধায় মারা যাবে এবং দ্রব্যমূল গগনচূম্বী হবে। কোন এক ছফর মাসে সকল যালেমকে হত্যা করা হবে। এই সংবাদ ব্যাপক প্রচার লাভ করবে। এরপর তীরন্দাজ ও পদাতিক বাহিনী আসবে। তারা বর্ণাবাহীদেরকে হত্যা করবে। মানুষকে বন্দী করবে। এরপর ধর্ম মিটে যাবে। পরিস্থিতি বদলে যাবে। সেতুসমূহ বিধ্বস্ত করা হবে এবং দ্বীপবাসীরা প্রবল হবে। এরপর দক্ষিণ থেকে সেনাবাহিনী আসবে। তারা ফাসেকদের মদদ করবে। এটা এমন এক সংকটময় যুগ হবে, যখন মানুষের লজ্জা-শরম বলতে কিছু অবশিষ্ট থাকবে না।

কোরায়শ নেতারা বললঃ হে সাতীহ, এরপর কি হবে?

সে বললঃ এরপর এয়ামন থেকে এক শুভ ব্যক্তি আসবে। সে আদম ও সামা-আর মধ্যবর্তী স্থান থেকে আজ্ঞাপ্রকাশ করবে। তার নাম হবে হাসান কিংবা হুসাইন। আল্লাহ তার মাধ্যমে সকল ফেননা খতম করে দিবেন।

ইবনে আসাকির ইবনে ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, বাদশাহ রবিয়াহ ইবনে নছর একটি ভয়াবহ স্বপ্ন দেখলেন। এর ব্যাখ্যার জন্যে তিনি দেশের সকল ভবিষ্যতজ্ঞ, অতীন্দ্রিয়বাদী, যাদুকর ও জ্যোতিষীদেরকে দরবারে তলব করলেন এবং

বললেনঃ আমি একটি ভয়ংকর স্বপ্ন দেখেছি। তোমরা এর ব্যাখ্যা দাও। তারা বললঃ স্বপ্ন শুনাল, যাতে ব্যাখ্যা দেওয়া যায়। রবিয়াহ বললঃ স্বপ্ন শুনিয়ে দিলে এর ব্যাখ্যায় আমার মন সতৃষ্ট হবে না। এ স্বপ্নের ব্যাখ্যা সেই দিতে পারে, যে না শুনেই স্বপ্ন জেনে নেয়। এক ব্যক্তি বললঃ যদি বাদশাহের ইচ্ছা তাই হয়, তবে সাতীহ ও শককে তলব করা উচিত। এক্ষেত্রে তাদের চেয়ে বড় কোন বিজ্ঞ নেই। তারাই এ স্বপ্নের ব্যাখ্যা বলতে পারবে। আসলেও তখনকার দিনে এ দু'জনের সমকক্ষ কোন অতীন্দ্রিয়বাদী ছিল না।

প্রথমে সাতীহকে দরবারে আনা হলো। বাদশাহ বললেনঃ হে সাতীহ! আমি একটি ভয়ংকর স্বপ্ন দেখেছি। তুমি বল আমি কি দেখেছি?

সাতীহ বললঃ আপনি দেখেছেন যে, ঘোরকৃষ্ণ বর্ণের এক ব্যক্তি অন্ধকার ভেদ করে নির্গত হল এবং মুক্তির ভূখণ্ডে যেয়ে পতিত হল। সেখানে যত খুলিওয়ালা ছিল, সে সবাইকে গিলে ফেলল।

বাদশাহ বললঃ ঠিক বলেছ। এখন এর ব্যাখ্যা বল।

সাতীহ বললঃ অতঃপর কংকরময় মাঠের মধ্যে যত কীট আছে, আমি তাদের কসম থাচ্ছি। সেই কৃষ্ণকায় ব্যক্তি আপনার দেশ আবিসিনিয়ায় আসবে এবং আবীন থেকে জারাশ পর্যন্ত ভূখণ্ডের অধিপতি হয়ে যাবে।

বাদশাহ বললেনঃ এটা তো আমাদের জন্যে পীড়িদায়ক ও ক্রোধের কারণ। আচ্ছ বল, এ ঘটনা আমার আমলে হবে, না আমার পরে? সাতীহ বললঃ এ ঘটনা আপনার ঘাট-সন্তুষ্টির বছর পরে ঘটবে। বাদশাহ প্রশ্ন করলেনঃ তাদের রাজত্ব বাকী থাকবে, না খতম হয়ে যাবে? সাতীহ বললঃ সন্তুষ্ট বেশি সময় পরে খতম হয়ে যাবে। তারা অন্তর্দৰ্শে লিঙ্গ হয়ে পলায়ন করবে। বাদশাহ প্রশ্ন করলেনঃ তাদেরকে কে হত্যা করবে এবং কে বহিকার করবে?

সাতীহ বললেনঃ ইরাম ধী ইয়ায়ন নামক এক ব্যক্তি আদন থেকে আত্মপ্রকাশ করবে এবং এয়ামনে কাউকে ছাড়বে না।

বাদশাহ বললেনঃ তার রাজত্ব কায়েম থাকবে, না খতম হয়ে যাবে? সাতীহ বললেনঃ সন্তুষ্ট বছরের কিছু বেশি সময়ের মধ্যে খতম হয়ে যাবে।

বাদশাহ প্রশ্ন করলেনঃ কে খতম করবে?

সতীহ বললেনঃ একজন ধীশক্তি সম্পন্ন নবী আসবেন, যাঁর প্রতি ওহী নায়িল হবে।

বাদশাহ জিজ্ঞাসা করলেনঃ এই নবী কোন পরিবার থেকে হবেন?

সতীহ বললেনঃ এই নবী গালেব ইবনে ফেহের ইবনে মালিক ইবনে নফরের সন্তানদের মধ্য থেকে হবেন। তাঁর রাজত্ব শেষ যমানা পর্যন্ত কায়েম থাকবে।

বাদশাহ বললেনঃ হে সাতীহ, যমানারও কোন শেষ আছে কি? সাতীহ বললেনঃ হ্যাঁ। সেটা এমন একদিন হবে, যখন আপনি এবং পূর্ববর্তী ও পরবর্তী সকল মানুষকে সমবেত করা হবে। সেই দিনে সৎকর্মপরায়ণরা ভাগ্যশালী হবে এবং কুকুরীরা ভাগ্যহাত হবে।

বাদশাহ বললেনঃ হে সাতীহ, তুমি যা বললে, তা ঠিক?

সাতীহ বললেনঃ আমি পশ্চিমাকাশের লাল আভা, অন্ধকার এবং প্রত্যুষের কসম থেকে বলছি— আমি যা বলেছি, তা ঠিক।

এরপর বাদশাহ শককে ডেকে স্বপ্ন সম্পর্কে জিজ্ঞাসা করলেন এবং সাতীহের বক্তব্য গোপন রাখলেন এটা দেখার জন্যে যে, উভয়ে একই কথা বলে, না ভিন্ন ভিন্ন।

শক বললঃ আপনি একটি কয়লাকে অন্ধকার ভেদ করে বেরিয়ে আসতে দেখেছেন। আপনি সেটি বাগানে রেখে দিলেন। সে সেখানকার সকল প্রাণীকে গিলে ফেলল। বাদশাহ প্রশ্ন করলঃ এর ব্যাখ্যা কি?

শক বললঃ উভয়কাল ও পাথুরে ময়দানের মধ্যস্থলে যত মানুষ আছে, আমি তাদের কসম থেকে বলছি, আপনার দেশে কৃষ্ণকায়রা আগমন করবে। তারা সবার উপর প্রবল হয়ে যাবে এবং আবীন ও নাজরান পর্যন্ত এলাকার শাসনকর্তা হয়ে যাবে।

বাদশাহ বললেনঃ এটা তো আমাদের জন্যে খুবই কষ্টদায়ক এবং ক্রোধ উদ্বৃক্ষ। এ ঘটনা আমার আমলে হবে, না আমার পরে?

শক বললঃ না, অনেক কাল পরে হবে। এরপর এক প্রতাপশালী ব্যক্তি দেশবাসীকে মুক্তি দিবে এবং তাদেরকে লাষ্টিত করবে।

বাদশাহ প্রশ্ন করলেনঃ এই প্রতাপশালী ব্যক্তি কে হবে?

শক বললঃ সে যীহায়ন পরিবারের এক সন্তান যুবক হবে।

বাদশাহ প্রশ্ন করলেনঃ তার রাজত্ব খতম হয়ে যাবে, না টিকে থাকবে?

শক বললঃ তার রাজত্ব একজন নবী খতম করবেন, যিনি সত্য ও সুবিচার নিয়ে আগমন করবেন। তাঁর সম্প্রদায়ের মধ্যে ফয়ছালার দিন পর্যন্ত রাজত্ব থাকবে।

বাদশাহ বললেনঃ ফয়ছালার দিন কি?

শক বললঃ এই দিনে বাদশাহদেরকে প্রতিদান দেওয়া হবে। আকাশ থেকে ডাক আসবে, যা জীবিত মৃত সকলেই শুনবে এবং তারা মীকাতে শমবেত হবে। যারা আল্লাহকে ডয় করে থাকবে, তারা সফলকাম হবে।

ইবনে আসাকির 'বলেনঃ সাতীহ আরমের বন্যার সালে জন্মগ্রহণ করে এবং নবী করীম (সা:) যে সালে জন্মগ্রহণ করেন, সেই সালে মারা যায়। তার বয়স পাঁচশ' বছর মতান্তরে তিন শ' বছর হয়েছিল।

আবু মুসা মুদায়নী কলবী থেকে এবং তিনি আওয়ানা থেকে রেওয়ায়েত করেন যে, একবার হ্যরত ওমর (রা:) মজলিসে উপস্থিত ব্যক্তিবর্গকে জিজ্ঞাসা করলেনঃ তোমাদের কারও কাছে নবী করীম (সা:) সম্পর্কে মূর্খতাযুগের কোন খবর আছে কি? একথা শুনে একশ' ঘাট বছর বয়স্ক তোফায়েল ইবনে যায়দ হারেই বললঃ হাঁ, আমিরুল-মুমিনীন, মামুন ইবনে মোয়াবিয়ার অতীন্দ্রিয়বাদিতা সম্পর্কে তো আপনি জানেনই----। এরপর সে নবী করীম (সা:) -এর আগমনের আলোচনা পর্যন্ত একটি দীর্ঘ বর্ণনা শুনিয়ে দিল এবং মামুনের এই কবিতাও শুনাল - হায়, আমি যদি তাঁকে পেতাম! হায়, আমি যদি আগে দুনিয়াতে না আসতাম!

তোফায়েল বলেনঃ আমরা যখন তেহামায় ছিলাম, তখন রসূলুল্লাহ (সা:) -এর নবুয়ত প্রাপ্তির সংবাদ অবগত হই। আমি মনে মনে বললামঃ ইনিই সেই নবী, যাঁর ভবিষ্যদ্বাণী মামুন করেছিল। এরপর দিন অতিবাহিত হতে থাকে। অবশেষে আমি রসূলুল্লাহ (সা:) -এর কাছে এসে ইসলাম গ্রহণ করলাম।

পরিত্র নাম পাথরে খোদিত পাওয়া গেছে

ইবনে আসাকির হাসান থেকে এবং তিনি সোলায়মান থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত ওমর (রা:) একবার কা'বে আহবার কে বললেনঃ হে কা'ব, রসূলুল্লাহ (সা:) -এর ফ্যালিত সম্পর্কে আপনার জন্মের পূর্বেকার কোন ঘটনা শুনান। কা'ব বললেনঃ অবশ্যই হে আমিরুল মুমিনীন, আমি কিতাবে পড়েছি হ্যরত ইবরাহীম খলিলুল্লাহ একটি পাথর পান, যাতে চারটি ছত্র লেখা ছিল। প্রথম ছত্র এইঃ আমি আল্লাহ। আমা ব্যতীত কোন মাবুদ নেই। আমার ইবাদত কর।

দ্বিতীয় ছত্র এইঃ আমি আল্লাহ। আমা ব্যতীত কোন মাবুদ নেই। মোহাম্মদ আমার রসূল। যে তার প্রতি ঈমান আনবে এবং তাঁর অনুসরণ করবে, তাকে মোবারকবাদ!

তৃতীয় ছত্র এইঃ আমি আল্লাহ। আমা ব্যতীত কোন মাবুদ নেই। যে আমার উপর ভরসা করবে, সে মুক্তি পাবে।

চতুর্থ ছত্র এইঃ আমি আল্লাহ। আমা ব্যতীত কোন মাবুদ নেই। হেরেম আমার। কা'বা আমার গৃহ। যে আমার গৃহে প্রবেশ করবে, সে আমার আয়াব থেকে নিরাপদ হয়ে যাবে।

বুখারী ও বায়হাকী মোহাম্মদ ইবনে আসওয়াদ থেকে রেওয়ায়েত করেন যে, তার পিতা কোন জায়গার নীচে একটি লেখা পান। সেটা পড়ার জন্যে কোরায়শরা

হেমাইয়ার পোত্রের এক ব্যক্তিকে ডাকল। সে বললঃ এটি এমন এক দলিল, যা বলে দিলে তোমরা আমাকে হত্যা করবে। মোহাম্মদ ইবনে আসওয়াদের পিতা বলেনঃ এতে আমরা বুঝে নিলাম যে, এর মধ্যে হ্যরত মোহাম্মদ (সা:) -এর আলোচনা আছে। সেগুলো আমরা দলিলটি লুকিয়ে ফেললাম।

আবু নবীম হারিশ ইবনে আবু হারিশ থেকে রেওয়ায়েত করেন যে, তালহা (রা:) বর্ণনা করেছেন— বায়তুল্লাহর প্রথম খনন কার্যে একটি নকশাযুক্ত পাথর পাওয়া যায়। সেটা পড়ার জন্যে এক ব্যক্তিকে ডাকা হল। তাতে লেখা ছিলঃ আমার মনোনীত বাল্দা। সে মুতাওয়াক্সিল, মুনীব ও মুখতার। সে মকাব জন্মগ্রহণ করবে। সে বাঁকা পথকে সরল করবে। সে সাক্ষ্য দিবে যে, আল্লাহ ছাড়া কোন মাবুদ নেই। তাঁর উপর খুব প্রশংসনীয় হবে। তারা প্রতিটি উচ্চভূমিতে আল্লাহর হামদ করবে। কোমরে লুঙ্গি বাঁধবে এবং হাত পা পবিত্র রাখবে।

ইবনে আসাকির আবুতাইয়ের আবদুল মুনয়িম ইবনে গলবুন থেকে বর্ণনা করেন যে, যখন আমুরিয়া বিজিত হল তখন সেখানে এক গির্জার প্রাচীরে স্থর্ণাক্ষরে এই কথাগুলো লিখিত দেখা গেলঃ

পরবর্তীদের মধ্যে মন্দ সেই ব্যক্তি, যে পূর্ববর্তীদেরকে মন্দ বলে। পূর্ববর্তীদের এক ব্যক্তি পরবর্তীদের হাজারো ব্যক্তির চেয়ে উত্তম। হে গুহাবাসী, তোমার সম্মান ও গৌরব অর্জিত হয়েছে। কেননা, খোদা তোমার প্রশংসনা করেছেন। খোদা তাঁর নায়িল করা কিতাবে বলেনঃ দু'জনের দ্বিতীয়জন যখন তারা উভয়েই গুহায় ছিল। হে ওমর! তুমি শাসক নও-বাপ। হে ওছমান, তোমাকে অন্যায়ভাবে হত্যা করা হয়েছে এবং তোমার কবর পর্যন্ত যিয়ারত করা হয়নি। হে আলী, তুমি ধার্মিকদের পথপ্রদর্শক, রসূলুল্লাহ (সা:) থেকে কাফেরদেরকে দূরে বিতাড়নকারী। সুতরাং যে গুহাবাসী, সে ধার্মিক, সে জনপদের আশ্রয়স্থল। যালেমের ভাল-মন্দ কাজ তাদের মধ্য থেকে কার মর্যাদা ক্ষুণ্ণ করতে পারে?

রাবী বলেন, আমি পাদ্রীকে জিজ্ঞাসা করলাম, বার্ধ্যকের কারণে যার জ্ঞানের উপর ঝুলে পড়েছিলঃ

এই কথাগুলো কবে থেকে তোমাদের গির্জার প্রাচীরে লিখিত আছে?

পাদ্রী বললঃ আপনাদের নবীর নবুয়ত প্রাপ্তির দু'হাজার বছর পূর্ব থেকে।

আবু মোহাম্মদ জওহরীর রেওয়ায়েত এয়াহাইয়া ইবনে ইয়ামান বলেন, বনী সোলায়মের মসজিদের ইমাম আমাকে বলেছেন যে, তাঁর পূর্বপুরুষেরা রোমের জেহাদে অংশগ্রহণ করেছিলেন। সেখানে তাঁরা এক গির্জায় লিখিত দেখতে পানঃ

যে সম্প্রদায় হ্সাইনকে শহীদ করেছে, তারা কি কিয়ামতের দিন তাঁর নানার শাফায়াত আশা করতে পারে?

তারা প্রশ্ন করলেন : এটা কোন সময়ের লেখা? জওয়াব হল : তোমাদের নবীর নবুয়ত প্রাণির ছয়শ' বছর পূর্বের লেখা।

রাসূলুল্লাহ (সা:) -এর বংশগত পবিত্রতা

ইবনে সা'দ ও ইবনে আসাকির হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সা:) এরশাদ করেছেন, আমার বংশতালিকায় হ্যরত আদম (আ:) থেকে শুধুই বিবাহ রয়েছে কোন ব্যভিচার নেই।

তিরিমিয়ী হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলে করীম (সা:) বলেছেন, আমার বংশে মূর্খতা যুগের কোন বিয়ে নেই। আমার বংশে সকল বিবাহ ইসলামী পদ্ধতির অনুরূপ হয়েছে।

ইবনে সা'দ ও ইবনে আসাকির হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:) বলেছেন, আমার বংশে সকলেরই বিবাহ হয়েছে এবং কোন অপকর্ম হ্যানি।

ইবনে সা'দ ও ইবনে আবী শায়বা মোহাম্মদ ইবনে আলী ইবনে হ্�সাইন (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সা:) এরশাদ করেছেন, আমার বংশে হ্যরত আদম (আ:) থেকে নিয়ে সকলেরই বিবাহ আছে। কোথাও মূর্খতা যুগের বিয়ে নেই। আমার বংশ সর্বত্র পাক পবিত্র।

ইবনে সা'দ ও ইবনে আসাকির কলবী থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:) -এর জন্যে 'কায়া ও কদরে' (আমার ভাগ্য লিখনে) ছয়শ' বছর এমন লিখা হয়েছে যে, এতে 'কোথাও ব্যভিচার নেই এবং কোথাও মূর্খতা যুগের' অপকর্ম নেই।

আদনী, তিবরানী, আবু নয়ীম ও ইবনে আসাকির হ্যরত আলী ইবনে আবু তালেব (রাঃ) থেকে স্পর্শনা করেন যে, নবী করীম (সা:) বলেছেন, হ্যরত আদম (আ:) থেকে নিয়ে পিতামাতা কর্তৃক আমার জন্ম পর্যন্ত আমার বংশে সকল জন্ম বিবাহের মাধ্যমে হয়েছে। কোথাও মূর্খতা যুগের কোন অপকর্ম নেই।

আবু নয়ীম হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সা:) এরশাদ করেছেন, আমার বংশে আমার পিতামাতা কখনও মূর্খতাসুলভ পদ্ধতিতে মিলিত হ্যানি। আল্লাহ তায়ালা আমাকে সর্বদা পবিত্র ওরস থেকে পবিত্র গর্ভাশয়ে স্থানান্তর করতে থাকেন। যেখানেই পরিবারে দু'টি শাখার উত্তর হয়েছে, সেখানেই আল্লাহ তাআলা আমাকে সর্বোত্তম শাখায় রেখে দিয়েছেন।

ইবনে সা'দ কলবী থেকে, তিনি আবু হালেহ থেকে এবং তিনি হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:) এরশাদ করেছেন, আরববাসীদের মধ্যে সর্বশ্রেষ্ঠ হচ্ছে মুয়ার। মুয়ারের মধ্যে সর্বশ্রেষ্ঠ হচ্ছে আবদে মানাফ। আবদে মানাফের সন্তানদের মধ্যে সর্বশ্রেষ্ঠ হচ্ছে বনু হাশেম এবং বনু হাশেমের মধ্যে সর্বোত্তম হচ্ছে আবদুল মুতালিবের সন্তান-সন্ততি। আল্লাহ তাআলা হ্যরত আদম (আ:) থেকে যেখানেই বংশ বিভক্ত করেছেন, আমাকে তাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ শাখায় রেখেছেন।

আল্লাহ তায়ালা রাসূলুল্লাহ (সা:) -কে উদ্দেশ্য করে বলেছেন,

وَتَقْلِبُكَ فِي السَّاجِدِينَ

(সেজদাকরীদের মধ্যে আপনার স্থান পরিবর্তন)

বায়ঘার, তিবরানী ও আবু নয়ীম ইকরামা থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত ইবনে আববাস (রাঃ) আল্লাহ তায়ালার উপরোক্ত উক্তির তফসীর প্রসঙ্গে বলেছেন, আল্লাহ তায়ালা নবী করীম (সা:) -কে পয়গাম্বরগণের ওরসে স্থানান্তর করতে থাকেন। অবশ্যে মা আমেনা তাঁকে প্রসব করেন।

বুখারী হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সা:) বলেছেন, আমি হ্যরত আদমের (আ:) -পরে সর্বশ্রেষ্ঠ পরিবারে আসতে থাকি। সবশেষে সেই পরিবারে প্রেরিত হয়ে গেছি, যাতে এখন আছি।

মুসলিম ওয়াছেলা ইবনে আসকা থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলে করীম (সা:) এরশাদ করেছেন, আল্লাহ তায়ালা হ্যরত ইবরাহীম (আ:) -এর সন্তানদের মধ্য থেকে হ্যরত ইসমাইল (আ:) -কে মনোনীত করেন। অতঃপর ইসমাইল (আ:) -এর সন্তানদের মধ্য থেকে কেনানাকে, কেনানার মধ্য থেকে কোরায়শকে, কোরায়শের মধ্য থেকে বনী-হাশেমকে এবং বনী-হাশেমের মধ্য থেকে আমাকে মনোনীত করেছেন।

তিরিমিয়ী রেওয়ায়েত করেন, এছাড়া বায়ঘাকী ও আবু নয়ীম হ্যরত আববাস ইবনে আবদুল মুতালিব থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সা:) বলেছেন, আল্লাহ তায়ালা যখন আমাকে সৃষ্টি করেন, তখন সৃষ্টির সেরা করে সৃষ্টি করেন।

তিনি যখন গোত্র সৃষ্টি করেন, তখন আমাকে সর্বশ্রেষ্ঠ গোত্রে সৃষ্টি করেন। যখন মানবাজ্ঞা সৃষ্টি করেন, তখন আমাকে সর্বোত্তম মানবাজ্ঞারপে সৃষ্টি করেন। এরপর যখন পরিবার সৃষ্টি করেন, তখন আমাকে সর্বোকৃষ্ট পরিবারে পয়ন্ত করেন। সুতরাং আমি সর্বশ্রেষ্ঠ, পরিবারের দিক দিয়েও এবং মানবাজ্ঞার দিক দিয়েও।

বায়হাকী, তিবরানী ও আবু নয়ীম হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, আল্লাহ তায়ালা যখন মখলুক সৃষ্টি করেন, তখন সমগ্র মখলুকের মধ্যে বনী-আদমকে মনোনীত করেন। বনী-আদমের মধ্যে আরবকে পছন্দ করেন। আরবের মধ্যে মুয়ারকে, মুয়ারের মধ্যে কোরায়শকে, কোরায়শের মধ্যে বনী হাশেমকে এবং বনী হাশেমের মধ্যে আমাকে বেছে নেন। এ জন্যেই আমি সর্বোত্তমের মধ্যে সর্বোত্তম।

বায়হাকী, তিবরানী ও আবুনয়ীম হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, আল্লাহ তায়ালা সমগ্র সৃষ্টিকে দু'ভাগে বিভক্ত করেছেন। আমাকে এতদুভয়ের সর্বোত্তম ভাগে রেখেছেন। এরপর উভয় ভাগকে তিন প্রকারে বিভক্ত করে আমাকে সর্বোত্তম এক প্রকারে রেখেছেন। এরপর প্রত্যেক প্রকারকে গোত্রে বিভক্ত করে আমাকে সর্বশ্রেষ্ঠ গোত্রে রেখেছেন। এরপর গোত্রকে পরিবারে বিভক্ত করে আমাকে সর্বোত্তম পরিবারে রেখেছেন। এ কারণেই আল্লাহ বলেন,

رَأَسَابِيرِ رِبِّ الْلَّهِ لِيُذْهَبَ عَنْكُمُ الْجَسَرَ أَهْلَ الْبَيْتِ وَيُطْهِرَ
كُمْ تَطْهِيرًا

হে নবী-পরিবার! আল্লাহ তো চান তোমাদের থেকে নাপাকী দূর করতে এবং তোমাদেরকে উত্তম রূপে পবিত্র করতে।

বায়হাকী ও ইবনে আসাকির মালেক থেকে, তিনি যুহুরী থেকে এবং তিনি হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলে করীম (সাঃ) এরশাদ করেছেন, যখনই মানুষের দু'টি দল হয়েছে, আল্লাহ আমাকে সর্বোত্তম দলে রেখেছেন। আমি পিতামাতা থেকে জন্মান্ত করেছি। আমার বৎসে মূর্খতা যুগের কোন অনাচার ছিল না। আদম (আঃ) থেকে নিয়ে আমার পিতামাতা পর্যন্ত আমার বৎসে সকলেই বিবাহের মাধ্যমে জন্মগ্রহণ করেছে। কোথাও ব্যক্তিচার নেই। আমি তোমাদের মধ্যে সর্বোত্তম এবং আমার পিতাও ছিলেন সর্বোত্তম।

বায়হাকী মোহাম্মদ ইবনে আলী থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বলেছেন, আল্লাহ তায়ালা সমগ্র সৃষ্টির মধ্যে আরবকে পছন্দ করেন, আরবে কেনানাকে, কেনানার মধ্যে কোরায়শকে, কোরায়শের মধ্যে বনী-হাশেমকে এবং বনী হাশেমের মধ্যে আমাকে পছন্দ করেছেন।

বায়হাকী, তিবরানী ও ইবনে আসাকির হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন জিবরাইল (আঃ) আমাকে বলেছেন, আমি

পূর্ব পঞ্চিম প্রদক্ষিণ করেছি; কিন্তু মোহাম্মদ (সাঃ)-এর চেয়ে শ্রেষ্ঠ কাউকে পাইনি এবং বনী-হাশেমের চেয়ে উত্তমও পাইনি।

ইবনে আসাকির হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন, ও হ্যরত আদম (আঃ) থেকে নিয়ে এখন পর্যন্ত আমার বৎসে কোথাও অপকর্ম নেই। সমস্ত জাতি প্রজন্ম পরম্পরায় আমার সম্পর্কে বিতর্ক করেছে। অবশ্যে আমি দু'টি সর্বশ্রেষ্ঠ গোত্রে বনী হাশেম ও বনী যাহরায় পয়দা হয়ে গেছি।

ইবনে মরদুওয়াইহি হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলে করীম (সাঃ) নিমোক্ত আয়াত তেলাওয়াত করলেন, **لَقَدْ جَاءَ كُمْ رَسُولٌ مِّنْ أَنفُسِكُمْ** (নিচয় তোমাদের কাছে তোমাদের নিজেদের মধ্য থেকে একজন রাসূল আগমন করেছেন।) তিনি **أَنْفِسِكُمْ**-এর ফা অক্ষরে পেশের পরিবর্তে যবর যোগে তেলাওয়াত করলেন। যার অর্থ এই দাঁড়ায় যে, তোমাদের মধ্যে তোমাদের উৎকৃষ্টতম ব্যক্তি রাসূল হয়ে এসেছেন। অতঃপর তিনি বললেন, আমি বৎশর্ম্যাদায় উৎকৃষ্টতম। আদম (আঃ) থেকে নিয়ে এখন পর্যন্ত আমার বাপদাদাদের মধ্যে কোন অপকর্ম নেই; বরং সকলেই বিশুদ্ধ বিবাহের মাধ্যমে জন্মগ্রহণ করেছে।

ইবনে আবী ওমর আদনী হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আদম সৃষ্টির দু'হাজার বছর পূর্বে কোরায়শ আল্লাহ তায়ালার সামনে একটি নূরের আকারে ছিল। এই নূর যখন তসবীহ পাঠ করত, তখন ফেরেশতারাও সঙ্গে তসবীহ পাঠ করত। আল্লাহ তায়ালা আদমকে সৃষ্টি করে এই নূর তাঁর ওরসে রেখে দিলেন। রাসূলুল্লাহ (সাঃ) বলেন, এরপর আল্লাহ আমাকে আদমের ওরসে পৃথিবীতে নামালেন। এরপর নূহ (আঃ)-এর ওরসে স্থানান্তর করলেন। এমনিভাবে আল্লাহ পাক আমাকে সম্মানিত বান্দাদের ওরসে এবং পবিত্রাত্মা নারীদের গর্ভে স্থানান্তর করতে থাকেন। অবশ্যে আমার পিতামাতা আমাকে জন্ম দিলেন। আমার পিতৃপুরুষদের মধ্যে কেউ কখনও ব্যক্তিচারের ভিস্তিতে সঙ্গম করেনি।

এ হাদীসের অর্থে আরও একটি হাদীস আছে, যা তিবরানী ও হাকেম খুরায়ম ইবনে আউস থেকে রেওয়ায়েত করেছেন। খুরায়ম বর্ণনা করেন, যখন রাসূলুল্লাহ (সাঃ) তাবুক থেকে প্রত্যাবর্তন করছিলেন, তখন আমি তাঁর কাছে গেলাম। এ সময় হ্যরত আববাস (রাঃ) বললেন, ইয়া রাসূলুল্লাহ, আমি আপনার প্রশংসা করতে চাই। তিনি বললেন, বল, আল্লাহ তোমার মুখ সালামত রাখুন।

সেমতে হ্যরত আববাস (রাঃ) বললেনঃ

www.AmarIslam.com

এর আগে আপনি ছায়ায় দিনাতিপাত করতেন এবং এমন স্থানে (জাল্লাতে) থাকতেন, যেখানে পাতা মিলিত করা হয়। (হ্যরত আদম (আঃ)-এর ঘটনার প্রতি ইঙ্গিত।)

অতঃপর আপনি দুনিয়াতে (আদমের ওরসে) এলেন। তখন আপনি না ঘনুষ্য ছিলেন, না মাংসপিণি, না জমাট রক্ত। আপনি সেই বীর্য, যা নৌকায় সওয়ার হয়েছে এবং মসর (প্রতিমা) ও মসর পূজারীদেরকে পানি গ্রাস করেছে। (হ্যরত নূহ (আঃ)-এর ঘটনার প্রতি ইঙ্গিত।)

আপনি এমনভাবে ওরস থেকে গৰ্ভাশয়ে স্থানান্তরিত হতে থাকেন এবং শতাব্দীর পর শতাব্দী অতিবাহিত হয়েছে। যখন ইবরাহীম (আঃ) অগ্নিতে ঝাপ দেন, তখন আপনি তাঁর ওরসে ছিলেন। এমতাবস্থায় অগ্নির কি সাধ্য ছিল যে, ইবরাহীম (আঃ) কে স্পর্শ করে?

অবশ্যে আপনার শ্রেষ্ঠত্বের প্রমাণ আপনার মাহাঞ্জ খন্দকের উচ্চস্থানকে ধিরে নিল, যার মীচে অন্যান্য পাহাড়ের মধ্যবর্তী অংশ আছে।

আপনি যখন ভূমিষ্ঠ হলেন, তখন পৃথিবী আলোকময় হয়ে গেল এবং আপনার নূরে দিগন্ত উন্নাসিত হয়ে গেল।

এখন আমরা এই নূর ও আলোর মধ্যে আছি। আমাদের সম্মুখে হেদয়াতের পথ উন্মুক্ত।

বায়হাকী ও ইবনে আসাকির হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন, যখন আল্লাহর তায়ালা হ্যরত আদম (আঃ)-কে সৃষ্টি করলেন, তখন তাঁকে তাঁর সন্তান-সন্ততি দেখালেন। হ্যবত আদম (আঃ) তাদের পারস্পরিক শ্রেষ্ঠত্ব নিরীক্ষা করতে থাকেন। অবশ্যে তিনি একটি চমকদার নূর দেখতে পেয়ে জিজ্ঞাসা করলেনঃ পরওয়ার দেগার! এ কে? আল্লাহর তায়ালা বললেন, এ তোমার সন্তান আহমদ। সেই প্রথম এবং সেই শেষ। সেই সর্বপ্রথম শাফায়াত করবে।

আবু নয়ীম এই হাদীস প্রসঙ্গে বলেন, এই শ্রেষ্ঠত্ব রাসূলুল্লাহ (সাঃ)-এর নবুয়তের দলীল। কেননা, নবুয়ত একাধারে রাজতন্ত্র ও শাসনতন্ত্র হয়ে থাকে। যদি রাজা সন্ত্রাস ও মানুষের মধ্যে সাধক বিশিষ্ট হয়, তবে মানুষ তার সামনে ঝুঁকে পড়ে এবং নির্ধিধায় আনুগত্য করে। এ কারণেই হিরাকুয়াস আবু সুফিয়ানকে প্রশ্ন করেছেন, তোমাদের মধ্যে তার বংশমর্যাদা কিরূপ? আবু সুফিয়ান বলল, তিনি উচ্চ বংশমর্যাদা সম্পন্ন। হিরাকুয়াস বলল : পয়গাম্বরণ আপন সম্পন্দায়ের মধ্যে বংশ মর্যাদায় বিশিষ্টই হয়ে থাকেন।

হ্যরত আবদুল মুত্তালিবের স্বপ্ন

আবু নয়ীম আবু বকর ইবনে আবদুল্লাহ থেকে, তিনি স্বীয় পিতা থেকে এবং তিনি তাঁর পিতা থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেব বলেছেন, আবদুল মুত্তালিব বর্ণনা করেছেন, এক রাতে বায়তুল্লায় নির্দিত অবস্থায় আমি একটি অস্তুত স্বপ্ন দেখলাম। অতঃপর কোরায়শ বৎশের এক অতীন্দ্রিয়বাদিনীর কাছে যেয়ে স্বপ্ন বর্ণনা করলাম। স্বপ্নটি ছিল এইঃ একটি বৃক্ষ উদ্গত হল। দেখতে দেখতে এর শাখা প্রশাখা আকাশাঞ্চলী হয়ে গেল এবং পূর্ব ও পশ্চিমে ছড়িয়ে পড়ল। অতঃপর এই বৃক্ষ থেকে একটি নূর নির্গত হল, যার আলো সূর্য অপেক্ষা সতৰ গুণ বেশি ছিল। সকল আরব অন্যান্য এর সামনে সেজদা বর্তন করে ছিল। নূরটি বড়ও হচ্ছিল এবং ছড়িয়েও যাচ্ছিল। এরপর নূরটি কখনও প্রকাশ পেত এবং কখনও গোপন হয়ে যেত। একদল কোরায়শ এই বৃক্ষ শাখার নিকটবর্তী হলে একজন সুদর্শন যুবক তাদের কোমর ভেঙ্গে দিত। আমিও বৃক্ষের শাখা ধরার চেষ্টা করলাম; কিন্তু ধরতে পারলাম না। আমি জিজ্ঞাসা করলাম : এটা কার অংশ? উত্তর হল : এটা তাদের অংশ, যারা তোমার পূর্বে একে ধারণ করেছে। এই স্বপ্নের কারণে আমি ভীত সন্ত্রস্ত হয়ে জেগে গেলাম।

এই স্বপ্ন শুনে অতীন্দ্রিয়বাদিনীর মুখমণ্ডল বিবর্ণ হয়ে গেল। সে বলল : যদি তোমার এই স্বপ্ন সত্য হয়, তবে তোমার ওরস থেকে এক ব্যক্তি জন্মগ্রহণ করবে, যে পূর্ব ও পশ্চিমের অধিপতি হবে এবং সমস্ত মানুষ তার সামনে নত হয়ে যাবে।

আবদুল মুত্তালিব আবু তালেবকে বললেন, সম্ভবত : তুমই সেই শিশু। নবী করীম (সাঃ) প্রেরিত হয়ে গেলে আবু তালেব এই ঘটনা শুনাতেন এবং বলতেন : আল্লাহর কসম, সেই বৃক্ষ হচ্ছে আবুল কাসেম আমীন। তাকে বলা হত তা হলে আপনি তার প্রতি ঈমান আনেন না কেন? তিনি জওয়াব দিতেন : ভালমন্দের ভয় করি এবং লজ্জা লাগে।

মাতৃগর্ভে অবস্থানকালে যে সকল মোজেয়া প্রকাশ পায়

হাকেম, বায়হাকী, তিবরানী ও আবু নয়ীম আবু আওয়ান থেকে, তিনি মেসওয়ার ইবনে মাখরামা থেকে, তিনি ইবনে আবুবাস (রাঃ) থেকে এবং তিনি হ্যরত আবুবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল মুত্তালিব বর্ণনা করেছেন, আমরা শীতকালীন সফরে এয়ামনে পৌছলাম। সেখানে আমি এক ইহুদী আলেমের কাছে গেলে এক কিতাবধারী আমাকে প্রশ্ন করল : তুম কে? আমি বললাম : আমি একজন কোরায়শী। সে জিজ্ঞাসা করল : কোরায়শের কোন পরিবার থেকে? আমি বললাম : আমি বন-হাশেমের।

অতঃপর সে বলল : আমাকে অনুমতি দাও, আমি তোমার দেহ দেখব। আমি বললাম : হ্যাঁ, তবে গুণ্ঠন ছাড়া। সেমতে সে আমার নাকের ছিদ্র দেখে বলল : আমি সাঙ্গ দিচ্ছি যে, তোমার এক হাতে রাজত্ব এবং অন্য হাতে নবুয়ত রয়েছে। আমার ধারণা ছিল যে, এই নবুয়ত ও রাজত্ব বন্য-যুহরার মধ্যে হবে। এখন এটা কিরণে হল?

আমি বললাম : আমি জানি না।

কিতাবধারী বলল : স্তু আছে! আমি বললাম : এখন পর্যন্ত নেই। সে বলল : দেশে ফিরে বন্য-যুহরায় বিয়ে করে নাও।

এরপর আবদুল মুত্তালিব মঙ্গ প্রত্যাবর্তন করলেন এবং হালা বিনতে ওয়াহাব ইবনে আবদে মানাফকে বিয়ে করলেন। তাঁর গর্ভ থেকে হামায়া ও ছফিয়া জন্মগ্রহণ করলেন। আবদুল মুত্তালিব আপন পুত্র আবদুল্লাহকে আমেনা বিনতে ওয়াহাবের সাথে পরিগঞ্জসূত্রে আবদ্ধ করে দিলেন। তাঁর গর্ভ থেকে রাসুলে করীম (সা:) জন্মগ্রহণ করলেন। এতে কোরায়শরা বলতে লাগল : আবদুল্লাহ নিজের পিতার উপর বাজী নিয়ে গেল। এই হাদীসটি আবু নয়ীম হুমায়দ ইবনে আবদুর রহমান থেকে রেওয়ায়েত করেছেন এবং ইবনে সাদ তাবাকাতে জাফর ইবনে আবদুর রহমান থেকে রেওয়ায়েতের শেষভাগে আছে, আল্লাহ তায়ালা আবদুল মুত্তালিবের সন্তানদের মধ্যে নবুয়ত ও রাজত্ব উভয়ই অবধারিত করে দিয়েছেন।

আবু নয়ীম সা'দ ইবনে আবী ওয়াকাছ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) -এর পিতা আবদুল্লাহ নিজের কোন গৃহ নির্মাণ করছিলেন। ফলে তাঁর সর্বাঙ্গ ধূলি ধূসরিত ছিল। এই অবস্থায়ই তিনি এক মহিলা ইয়ালা আদভিয়ার কাছ দিয়ে গমন করলেন। ইয়ালা তাঁর চক্ষুদ্বয় দেখে কাম প্রবৃত্তি চরিতার্থ করার জন্যে নিজের দিকে ডাকল। সে তাঁকে বললো : যদি তুমি আমার সাথে দৈহিক সম্পর্ক স্থাপন কর, তবে আমি তোমাকে একশ' উট দিব। আবদুল্লাহ বললেন : গোসল করে শরীরের মাটি পরিকার করে আসি। একথা বলে তিনি স্তু আমেনা র কাছে চলে এলেন এবং সহবাস করলেন। এতে গর্ভ হ্রিয়ে হল। এরপর আবদুল্লাহ আদভিয়ার কাছে যেয়ে বলল : তুমি যে দাওয়াত দিয়েছিলে, সে সম্পর্কে কি মনে কর? ইয়ালা বললেন : না, এখন না। আবদুল্লাহ বললেন : কেন? সে বলল : যখন তুমি ইতিপূর্বে এসেছিলে, তখন তোমার কপালে নূর ছিল। আমেনা সেটি তোমার কাছ থেকে ছিনিয়ে নিয়েছে।

এক রেওয়ায়েতে একপ আছে- তুমি যে নূর নিয়ে গিয়েছিলে, তা ফিরিয়ে নিয়ে আসনি। তুমি আমেনার কাছে যেয়ে থাকলে নিশ্চয়ই তার গর্ভ থেকে এক বাদশাহ জন্মগ্রহণ করবে।

আবুনয়ীম, খারায়েতী ও ইবনে আসাকির 'মাতা' থেকে, তিনি হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল মুত্তালিব পুত্র আবদুল্লাহর বিবাহের জন্যে বের হয়ে বাতহার জন্মে ইহুদী অতিলীয়বাদীনীর কাছ দিয়ে যাচ্ছিলেন, উদ্দেশ্য মহিলার নিকট থেকে কিছু পরামর্শ গ্রহণ। এই মহিলা অতীত কিতাবসমূহের সুপণ্ডিত ছিল। তার নাম ছিল ফাতেমা। সে আবদুল্লাহর মুখমণ্ডলে নবুয়তের নূর দেখে বলল : হে যুবক! তুমি আমার সাথে দৈত্যিক সম্পর্ক স্থাপন কর। আমি তোমাকে একশ' উট দিব। আবদুল্লাহ বললেন :

: হারাম কাজ করার চেয়ে মরে যাওয়া উত্তম। সম্মান ও ধর্ম উভয়ই রক্ষা করে তোমার আবদার রক্ষা কিরণে সম্ভব?

আবদুল্লাহ পিতার কাছে ফিরে এলেন এবং আমেনা বিনতে ওয়াহাবকে বিবাহ করলেন। তিনি দিন তাঁর কাছে থাকার পর ফাতেমার কথা মনে পড়ল। সেখানে পৌছলে সে জিজ্ঞাসা করল : কি হল? আবদুল্লাহ বললেন : আমার পিতা আমেনা বিনতে ওয়াহাবের সাথে আমার বিয়ে দিয়েছেন। আমি তিনিদিন তার কাছে অবস্থান করেছি।

এ কথা শুনে ফাতেমা বলল : আল্লাহর কসম, আমি কেনেন কুলটা নারী নই। আমি তোমার মুখমণ্ডলে যে নূর দেখেছিলাম, সেটি নিজের মধ্যে স্থানান্তরিত করতে চেয়েছিলাম। কিন্তু আল্লাহর অভিধ্যায় অন্যকিছুই ছিল। ফাতেমা আরও বলল :

"আমি একটি অত্যুজ্জ্বল মেঘ দেখেছি, যা থেকে বৃষ্টির বড় বড় ফোটা পড়ল। তমসার মধ্যে একটি নূর চমকে উঠল। সে চতুর্দশীর চাঁদের মত সমগ্র পরিবেশকে উজ্জ্বল করে দিল। আমি সেই নূরের আকাঙ্ক্ষা করলাম, যাতে এ নিয়ে গর্ব করতে পারি। কিন্তু প্রতিটি আকাঙ্ক্ষাই পূর্ণ হয় না। আল্লাহর কসম, বনী যোহরা গোঁথের সেই মেয়েটি তোমার কাছ থেকে যা ছিনিয়ে নিয়েছে, তুমি তার খবরও রাখ না।"

সে আরও বলল :

হে বনী-হাশেম! আমেনা তোমাদের ভ্রাতার সঙ্গে প্রতারণা করেছে। এখন তার বিবেক ও অস্তরে দৃশ্য চলছে, যেমন প্রদীপ নির্বাপিত হওয়ার পর আপন তেলে নিমজ্জিত ছোট ছোট বাতি সৃষ্টি করে।

মানুষ যে ধৈনেশ্বর্য অর্জন করে, তা তার নিজেরই ইচ্ছার ফলশ্রুতি নয়, আর যা হারিয়ে ফেলে, তা ও তার অবহেলার কারণে হারায় না।

তুমি কোন বিষয় দাবী করলে সুন্দরভাবে করবে। কেননা, তোমার বাপদাদু তোমার জন্যে যথেষ্ট হবে হয় বক্ষ হাত, না হয় উন্মুক্ত হাত!

আমেনা যখন আবদুল্লাহর কাছ থেকে অভিলাষ পূরণ করে নিল, তখন আমার দৃষ্টি তার দিক থেকে সরে গেল এবং আমার মুখ বক্ষ হয়ে গেল।

এই হাদীসটি ইবনে সাদ হেশাম ইবনে কলবী থেকে এবং তিনি ফাইয়াফ ইবনে খাচ্ছামী থেকেও রেওয়ায়েত করেন! সাথে এ কথাগুলোও আছে—আবদুল্লাহ ফাতেমার কাছে ফিরে এসে বললেন : সেই প্রস্তাবটি সম্পর্কে এখন তোমার কি ধারণা? ফাতেমা বলল : এক সময় আকর্ষণ ছিল; কিন্তু আজ আর নেই। তার এই জবাব আরবে প্রবাদ বাক্য হয়ে গেছে।'

ইবনে সাদ ওয়াহাব ইবনে জরীর ইবনে হায়েম থেকে, তিনি দ্বীয় পিতা থেকে এবং আবু এয়ায়ীদ মদনী থেকে রেওয়ায়েত করেন যে, আমি জানতে পেরেছি, আবদুল্লাহ এক খাচ্ছামী নারীর কাছ দিয়ে গমন করলে সে তাঁর কপাল থেকে আকাশ পর্যন্ত একটি নূর দেখতে পায়। এটা দেখে সে আবদুল্লাহকে বলল : তুমি আমার সান্নিধ্যে আসবে? আবদুল্লাহ বললেন : হ্যাঁ, কংকরগুলি ফেলে আসি। কংকর স্থানস্তর করার পর তিনি আমেনার সান্নিধ্যে চলে গেলেন। এরপর খাচ্ছামী মহিলার কথা মনে পড়লে তার কাছে পৌছলেন। মহিলা বলল : অন্য কোন নারীর কাছে গিয়েছিলে? আবদুল্লাহ বললেন : হ্যাঁ, আমার পত্নী আমেনার কাছে। সে বলল : তা হলে তোমার আর কোন প্রয়োজন নেই। তুমি যখন যাচ্ছিলে, তখন তোমার কপাল থেকে একটি নূর আকাশ পর্যন্ত বিস্তৃত ছিল। এখন সেটা নেই। আমেনাকে এমর্মে জ্ঞাত করো যে সে ভূ-পৃষ্ঠের সর্বশ্রেষ্ঠ ব্যক্তিকে গর্ভে ধারণ করেছে। ইবনে আসাকিরও এ হাদীসটি রেওয়ায়েত করেছেন।

বায়হাকী, আবু নয়ীম ও ইবনে আসাকির ইকরামা থেকে রেওয়ায়েত করেন যে, হ্যারত ইবনে আববাস (রাঃ) বর্ণনা করেছেন— এক খাচ্ছামী সুন্দরী মহিলা হজ্বের মওসুমে এখানে আসত। তার কাছে বিভিন্ন ধরনের আচার থাকত। সম্ভবতঃ সে এটা বিক্রয় করত। একবার সে আবদুল্লাহর কাছে এল। তাকে দেখে আবদুল্লাহর পছন্দ হল। মহিলা নিজেকে তার কাছে পেশ করলে আবদুল্লাহ বলল : আমি আসছি। অতঃপর তিনি চলে গেলেন এবং স্ত্রী আমেনার সাথে সহবাস করলেন। ফলশ্রুতিতে নবী করীম (সাঃ)-এর গর্ভ হয়ে গেল। অতঃপর আবদুল্লাহ সেই মহিলার কাছে ফিরে এলে সে বলল : তুমি কে? আবদুল্লাহ বললেন : আমি সেই ব্যক্তি, যে তোমার কাছে আসার ওয়াদা করেছিল। মহিলা বলল : তুমি সেই ব্যক্তি নও। সেই ব্যক্তি হলে তোমার কপালের নূর অদৃশ্য হয়ে গেছে। এখন দৃষ্টি গোচর হচ্ছে না।

বায়হাকী ও আবু নয়ীম ইবনে শিহাব থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল্লাহ অত্যন্ত সুশ্রী পুরুষ ছিলেন। একবার কয়েকজন কোরায়শী রমনীর কাছ দিয়ে গমন করলে তাদের একজন বলল : তোমাদের মধ্যে কে এই যুবককে বিয়ে করে তার

কপালের নূর আগলে নিবে? অতঃপর আমেনা তাকে বিয়ে করল এবং রসূলুল্লাহ (সাঃ)-এর গর্ভ সঞ্চার হল।

ইবনে সাদ ও ইবনে আসাকির ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, ওয়ারাকা ইবনে নওফেলের ভগিনী কাতীলা জ্যোতির্বিদ ছিল। আবদুল্লাহ তার কাছ দিয়ে গেলে সে তাঁকে নিজের দিকে আহবান করল এবং আঁচল ধরে ফেলল। আবদুল্লাহ আবার আসব বলে সেখান থেকে চলে গেলেন। অতঃপর আমেনার কাছে যেয়ে সহবাস করলেন। ফলে নবী করীম (সাঃ) গর্ভে এলেন। অতঃপর পুনরায় কাতীলার কাছে যেয়ে তাকে অপেক্ষমাণ পেল। সে বলল : তুমি যা বলেছিলে, সে সম্পর্কে তোমার মত কি? কাতীলা বলল : না। তুমি যখন গমন করছিলে, তখন তোমার কপালে একটি বলমলে নূর ছিল। এখন সেই নূর নেই।

ইবনে সাদ ও ইবনে আসাকির কলবী থেকে, তিনি আবু ছালেহ থেকে এবং তিনি হ্যারত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়াতে করেন যে, যে মহিলা আবদুল্লাহর কাছে নিজেকে পেশ করেছিল, সে ছিল ওয়ারাকা ইবনে নওফেলের ভগিনী।

ইবনে সাদ ওয়াকেদী থেকে, তিনি আলী ইবনে এয়ায়ীদ থেকে, তিনি তাঁর পিতা থেকে এবং তিনি আপন ফুফু থেকে রেওয়ায়েত করেন যে, আমরা শুনতাম আমেনা গর্ভবতী অবস্থায় বলতেন—আমি গর্ভবতী, এ অনভূতি পর্যন্ত আমার হয় না। সাধারণতঃ মহিলারা মনের উপর যে বোৰা অনুভব করে, আমি তেমন করি না। কেবল হায়েয বক্ষ হয়ে যাওয়াই অনুভব করেছি, যা সাধারণতঃ বক্ষও হয় এবং আসেও। হায়েয বক্ষ হওয়ার পর একদিন যখন আমি জাগরণ ও বিদ্রার মধ্যবর্তী অবস্থায় ছিলাম, তখন আমার কাছে এক আগস্তুক এসে বলল : তুমি জান তোমার গর্ভে কে আছে? আমি বললাম : আমি জানি না। সে বলল : এই উম্মতের সরদার ও নবী তোমার গর্ভে রয়েছে। এটা ছিল সোমবার। এরপর প্রসবের সময় নিকটবর্তী হলে আগস্তুক আবার এল এবং বলল : বল— আমি প্রত্যেক হিংসাপ্রায়ণের অনিষ্ট থেকে তাকে এক আল্লাহর আশ্রয়ে দিচ্ছি। আমি কথাগুলো বলে গেলাম। পরে মহিলাদের কাছে এ ঘটনা ব্যক্ত করলে তারা বলল : যাড়ে ও বাহতে লোহা পরিধান কর। আমি তাই করলাম। কিছুদিন পরেই লোহা ভেঙ্গে আলাদা হয়ে গেল। এরপর আমি আর লোহা পরিনি।

নাবু নয়ীম বুরায়দা ও ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আমেনা স্বপ্নে দেখলেন যে, তাঁকে বলা হল : তুমি সম্র সৃষ্টির সেরা ও সারা বিশ্বের সরদারকে গর্ভে ধারণ করেছ। সে ভূমিষ্ঠ হয়ে গেলে তার নাম রাখিবে আহমদ ও মোহাম্মদ এবং তার উপর এটি বুলিয়ে দিবে। আমেনা জাগ্রত হয়ে দেখলেন যে, সোনালী অক্ষরে লেখা একটি পৃষ্ঠা তাঁর কাছে রাখি আছে। তাতে

লিখা আছে— আমি তাকে এক আল্লাহর আশ্রয়ে দিচ্ছি প্রত্যেক হিংসাপরায়ণের অনিষ্ট থেকে, প্রত্যেক বিচরণকারী সৃষ্টি থেকে, সরল পথে বাধা সৃষ্টিকারী ও ফাহাদের চেষ্টাকারী প্রত্যেক উপবিষ্ট ও দণ্ডয়মান থেকে, প্রত্যেক ফুঁৎকারকারী ও গ্রহি সংযোজনকারী থেকে এবং প্রত্যেক অবাধ্য সৃষ্টি থেকে, যে পথে জাল বিছিয়ে দেয়। আমি আল্লাহর নাম নিয়ে এদের সকলকে প্রতিরোধ করি এবং অদৃশ্য হাতের হেফায়তে দেই, যে হাত সর্বোচ্চ। আল্লাহর হাত সকল হাতের উপরে। এরা তার কোন ক্ষতি করতে পারে না নিদ্রা বা জাগরণে, চলাফিরায় রাতের প্রথম অংশে এবং দিনের শেষাংশে।”

ইবনে সাদ মোহাম্মদ ইবনে কাব থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ)-এর পিতা সিরিয়ার বাণিজ্য থেকে প্রত্যাবর্তনকালে পথিমধ্যে মৃত্যুবরণ করেন। তখন রসূলুল্লাহ (সাঃ) মাত্রগর্ভে ছিলেন এবং আবদুল্লাহর বয়স ছিল পঁচিশ বছর। ওয়াকেদী বলেন : ওফাত ও বয়স সম্পর্কে সকল উক্তি ও রেওয়ায়েতের মধ্যে এটি অধিকতর নির্ভুল।

ওয়াকেদী আরও বলেন : আলেমগণের মধ্যে একথা সুবিদিত যে, নবী করীম (সাঃ) ছাড়া আমেনা ও আবদুল্লাহর কোন সন্তান হয়নি।

হস্তীবাহিনীর ঘটনা রসূলুল্লাহ (সাঃ) ও তাঁর শহরের সম্মান

ইবনে সাদ, ইবনে আবিদুনিয়া ও ইবনে আসাকির আবু জাফর মোহাম্মদ ইবনে আলী থেকে রেওয়ায়েত করেন যে, ইয়ামানের বাদশাহ আবরাহা হস্তিসজ্জিত বাহিনীসহ যখন মক্কা আক্রমণ করতে আসে, তখন সেটা ছিল মহররম মাসের মাঝামাঝি সময় এই স্বর্গীয় ঘটনা ও নবী করীম (সাঃ)-এর জন্মের মাঝামাঝি পঞ্চাশ রাতের ব্যবধান ছিল।

বায়হাকী ও আবু নয়ীম হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হস্তীবাহিনী মক্কার নিকটবর্তী হলে আবদুল মুত্তালিব অঞ্চলের হন এবং তাদের বাদশাহকে বলেন : আপনি কষ্ট করলেন কেন, বলে পাঠালেই তো আমরা আপনার সকল ইঙ্গিত বস্তু নিয়ে হায়ির হয়ে যেতাম।

বাদশাহ বললেন : আমি জানতে পেরেছি যে, এই গৃহে যে প্রবেশ করে সে নিরাপদ হয়ে যায়। আমি এই গৃহের লোকজনকে ভীতি প্রদর্শন করতে এসেছি। আবদুল মুত্তালিব আবার বললেন : আপনি যা কিছু চান, আমরা সেসব নিয়ে আপনার কাছে হায়ির হয়ে যাব। আপনি ফিরে যান। বাদশাহ অঙ্গীকার করলেন এবং বললেন : অবশ্যই এগৃহে প্রবেশ করব। এরপর তিনি বায়তুল্লাহর দিকে অঞ্চলের হলেন। আবদুল মুত্তালিব পশ্চাতে রয়ে গেলেন এবং পাহাড়ের উপর দণ্ডয়মান হয়ে বললেন : আমি এই গৃহের এবং গৃহের লোকজনের ধৰ্ম দেখতে চাই না।

অতঃপর এই কবিতা পাঠ করলেন : হে আল্লাহ! তুম তোমার গৃহের হেফায়ত কর। এর উপর কেউ যেন আধিপত্য বিস্তার করতে না পাবে। হে আল্লাহ! ব্যাপারটি তোমার হাতে। যা চাও, কর।

ঠিক সেই সময়ই সমুদ্রের দিক থেকে এক খণ্ড মেঘের মত উঠিত হল এবং আবাবীল পাখী হস্তীবাহিনীকে আচ্ছন্ন করে নিল। শেষ পর্যন্ত গোটা হস্তীবাহিনী চর্বিত ভূষিতে পরিণত হল।

সায়দ ইবনে মনছুর ও বায়হাকী ইকরামা থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহ তায়ালার উক্তি **طَرِّاً أَبَاسِلَ** আসলে ছিল সমুদ্রের দিক থেকে আগত ঝাঁকে ঝাঁকে পাখী। এদের মস্তক হিংস্র প্রাণীর ন্যায় ছিল। এই পাখী এর আগেও দেখা যায়নি এবং পরেও কখনও দৃষ্টিগোচর হয়নি। এরা মানুষের ত্বককে বসন্তগ্রস্ত করে দিয়েছিল। বসন্তও সে বছরই প্রথমবারের মত দেখা গিয়েছিল।

সায়দ ইবনে মনছুর ওবায়দ ইবনে ওমর লায়ছী থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহ তায়ালা যখন হস্তীবাহিনীকে ধৰ্ম করার ইচ্ছা করলেন, তখন তাদের উপর খাতাফের মত সামুদ্রিক পাখী প্রেরণ করলেন। প্রত্যেক পাখী তিনটি করে কংকর বহন করছিল। একটি কংকর চতুর্ভুজে ছিল এবং দু'টি দু'থাবায়। এই পাখীরা মাথার উপরে আচ্ছন্ন হয়ে সজোরে চীৎকার করতঃ কংকর নিক্ষেপ করতে থাকে। যার উপর সে কংকর পতিত হত, তা এপার ওপার হয়ে যেত। এরপর আল্লাহ তায়ালা ভীষণ বাঞ্ছাবায় প্রেরণ করলেন। ফলে সবকিছু ধৰ্ম স্তুপে পরিণত হল।

বায়হাকী ও আবু নয়ীম হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হস্তীবাহিনী ছাফাহ নামক স্থানে পৌছলে আবদুল মুত্তালিব এসে বললেন : এটা আল্লাহর ঘর। তিনি এর উপর কাউকে চড়াও হতে দেবেন না। তারা বলল : আমরা একে ভূমিসাঁও করেই যাব। কিন্তু যে হাতীই সম্মুখে অঞ্চসর হত, সে পিছনে সরে আসত। অতঃপর আল্লাহতায়ালা আবাবীল পাখীকে কালো কংকর দিয়ে পাঠালেন। তারা কংকর নিক্ষেপ করলে প্রত্যেকের শরীরে পাঁচড়া দেখা দেয়। পাঁচড়া চুলকালে শরীরের মাংস খসে পড়ত।

আবু নয়ীম ওয়াহাব থেকে রেওয়ায়েত করেন যে, তাদের সাথে যে সকল হাতী ছিল, সেগুলোর কোন একটি হাতী অঞ্চসর হলে তার গায়ে কংকর লাগল। ফলে সকল হাতী পিছনে হটে গেল।

আবদুল মুত্তালিব কর্তৃক যমযম খননকালে

ইবনে ইসহাক ও বায়হাকী হ্যরত আলী ইবনে আবু তালেব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল মুত্তালিব বায়তুল্লায় নির্দিত ছিলেন। কোন আগন্তুক এল এবং বলল : “বাররাহ” খনন কর। আবদুল মুত্তালিব বললেন : “বাররাহ কি? এ

কথা শুনে আগস্তুক চলে গেল। পরের দিন যখন আবদুল মুতালিব বিছানায় শয়ন করলেন, তখন সে আবার এসে বলল : “তাইবা” খনন কর। আবদুল মুতালিব বললেন : তাইবা কি? এরপর আগস্তুক চলে গেল। সে পরের দিন আবার এল এবং বলল : “যমযম” খনন কর। আবদুল মুতালিব বললেন : যমযম কি? সে বলল : এটি এমন কৃপ, যা শুক হবে না এবং পানিও হাস পাবে না। এরপর সে যমযমের স্থান নির্দেশ করল। আবদুল মুতালিব খনন কাজ শুরু করলেন। কোরায়শরা বলল : আবদুল মুতালিব, এ কি হচ্ছে! তিনি বললেন : আমাকে যমযম খনন করার আদেশ দেয়া হয়েছে। অতঃপর যখন পানি বের হয়ে এল, তখন কোরায়শরা বলল : আমাদের পিতা ইসমাইলের (আঃ) পানিতে আমাদেরও অংশ আছে।

আবদুল মুতালিব বললেন : এতে তোমাদের কোন অংশ নেই। এটা একান্তভাবে আমার। কোরায়শরা বলল : আচ্ছা, কাউকে দিয়ে মীমাংসা করিয়ে নাও। আবদুল মুতালিব বললেন : ঠিক আছে, তাই করা হোক। কোরায়শরা বলল : আচ্ছা, আমরা আমাদের ও তোমার মধ্যে বণী-সাদ ইবনে হ্যায়মের অতিন্দ্রীয় বাদিনীকে সালিস মেনে নিছি। সে যে মীমাংসাই করবে, আমরা উভয় পক্ষ তা মেনে নিব। আবদুল মুতালিব এ প্রস্তাবে সম্মত হলেন।

সেমতে আবদুল মুতালিব তাঁর কয়েকজন পুত্রকে নিয়ে এবং কোরায়শদের প্রত্যেক পরিবার থেকে কয়েক ব্যক্তি সিরিয়ার উদ্দেশ্যে রওয়ানা হয়ে গেল। সিরিয়ার পথে বহুদূর বিস্তৃত ঘাসপানি হীন বিশাল মরুভূমি ছিল। সেখানে পৌছার পর আবদুল মুতালিব ও তাঁর সঙ্গীদের পানি খতম হয়ে গেল। জীবন বিপন্ন দেখে তারা কোরায়শ পক্ষের কাছে পানি চাইল। কোরায়শরা বলল : আমরা তোমাদেরকে পানি দিতে পারি না। কেননা, আমরাও একপ পরিস্থিতির সমুখীন হতে পারি। আবদুল মুতালিব সঙ্গীদেরকে জিজ্ঞাসা করলেন : এখন তোমাদের কি মত? তারা বলল : আমরা আপনার মতের অনুসরণ করব। আবদুল মুতালিব বললেন : প্রত্যেকেই নিজের কবর খনন করবে। কেউ মারা গেলে তার সঙ্গী তাকে কবরস্থ করবে। অবশ্যে শেষ ব্যক্তি তার সঙ্গীকে কবরস্থ করবে। এক ব্যক্তির কবরবিহীন মৃত্যু সকলের কবরবিহীন মৃত্যুর চেয়ে অনেক উত্তম।

সেমতে সকলেই কবর খনন করল। অতঃপর আবদুল মুতালিব বললেন : আল্লাহর কসম, আমরা তো নিজেদেরকে মৃত্যুর হাতে সোপর্দ করছি। এই অবস্থায় আমরা পানির খেঁজে বের হই না কেন? হতে পারে আল্লাহ আমাদের দুর্দশা দেখে পানি সৃষ্টি করে দিতে পারেন।

আবদুল মুতালিব সঙ্গীদেরকে বললেন : যাত্রা কর। সে মতে তারা রওয়ানা হল। কিন্তু আবদুল মুতালিব তাঁর উষ্ণীর পিঠে বসতেই উষ্ণী ছচ্ট খেল এবং তার

পায়ের নিচ থেকে মিঠা পানির ঝরণা উথলে উঠল। এরপর সকলেই আপন আপন উষ্ণী বসিয়ে দিল। নিজেরাও পানি পান করল এবং জস্তগুলোকেও পান করাল। এরপর কাফেলার অবশিষ্ট সকলকে ডেকে বললেন : তোমরাও এসে যাও। আল্লাহ আমাদের জন্যে পানি সৃষ্টি করেছেন। কোরায়শরা এল এবং নিজেরাও পান করল এবং জস্তদেরকেও পান করাল। অতঃপর তারা বলতে লাগল : আবদুল মুতালিব! আল্লাহ তোমার পক্ষে ফয়চালা দিয়েছেন। যে সস্তা তোমাদেরকে এই ঘাস পানি বিহীন ময়দানে পানি পান করিয়েছেন, তিনিই তোমাকে যমযমও দান করেছেন। ফিরে চল। যমযম একান্তভাবে তোমার। আমরা এতে অংশীদার নই।

বায়হাকী যুহুরী থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল মুতালিবকে বলা হল, কোরায়শরা হস্তী বাহিনীর ভয়ে হেরেম ত্যাগ করে চলে গেছে। এখন আপনি কি করবেন? আবদুল মুতালিব বললেন : আল্লাহর কসম, আমি ইজ্জতের তালাশে হেরেম ত্যাগ করে অন্য কোথাও যাব না। এরপর তিনি বায়তুল্লাহর কাছে বসে গেলেন এবং বললেন : হে আল্লাহ! আমি আমার উটের পাল রক্ষা করেছি। তুম তোমার ঘর রক্ষা কর। তিনি এমনিভাবেই হেরেমে বসে রইলেন। অবশ্যে আল্লাহ তায়ালা হস্তীবাহিনীকে ধ্বংস করে দিলেন। কোরায়শরা ফিরে এসে তাঁর ছবর এবং আল্লাহর ঘরের সশ্বানের কারণে তাঁকে অত্যন্ত মহান ব্যক্তি ভাবতে থাকে।

আবদুল মুতালিব হেরেমেই নিদিত ছিলেন, এমন সময় স্বপ্নে কেউ এসে তাঁকে বলল : যমযম খনন কর। তিনি জাহত হয়ে গেলেন এবং বললেন : হে আল্লাহ! আমার দৃষ্টিতে এর আলামত স্পষ্ট করে দাও। সে মতে তিনি আবার স্বপ্নে কাউকে বলতে শুনলেন : যমযম সেই স্থানে খনন কর, যেখানে গোবর ও রক্ত পড়ে রয়েছে, যেখানে সাদা পাখাবিশিষ্ট কাক চৎকি মারছে-পিপীলিকার গর্তের কাছে। এই স্বপ্ন দেখে আবদুল মুতালিব রওয়ানা হয়ে গেলেন, এটা দেখার জন্যে যে, সেখানে কি কি আলামত প্রকাশ পেয়েছে। তিনি দেখলেন যে, ছাফা ও মারওয়ার মাঝখানে খার্জা নামক স্থানে একটি গরু যবেহ করা হয়েছে। গরুটি কসাইয়ের হাত ফসকে পালিয়েছে। অবশ্যে যমযমের জায়গায় এসে মাটিতে পড়ে গেছে। সেখানেই তাকে যবেহ করে গোশত নিয়ে যাওয়া হয়েছে। একটি কাক এসে পিপীলিকার গর্তের কাছে আবর্জনায় বসে পড়ল। এই আলামতগুলো দেখে আবদুল মুতালিব সেখানেই খননকার্য শুরু করে দিলেন। কোরায়শরা এসে বলল : কি করছ? তিনি বললেন : কৃপ খনন করছি।

অনেক পরিশ্রমের পরও যখন পানি পাওয়া গেল না, তখন তিনি মানুত করলেন যে, যদি পানি বের হয়ে আসে, তবে তিনি নিজের একটি পুত্রকে বলীদান করবেন। এরপর খনন শুরু করলে পানি বের হয়ে এল। আবদুল মুতালিব কৃপের চতুর্দিকে

দেয়াল তুলে দিলেন। হাজীরা এই কৃপ থেকে পানি পান করত। কিন্তু কোরায়শদের কিছু দুষ্কৃতকারী রাতে এসে এই দেয়াল ভেঙ্গে দিত। আবদুল মুত্তালিব সকালে তা ঠিক করে দিতেন। বেশ কিছুদিন এরূপ চলার পর আবদুল মুত্তালিবকে স্বপ্নে এই দোয়া শিক্ষা দেয়া হল : হে আল্লাহ! আমি এই কৃয়া গোসল করার জন্যে হালাল রাখি না। তবে পান করার জন্যে হালাল। আবদুল মুত্তালিব জাহাত হয়ে স্বপ্নের এই কথা ঘোষণা করে দিলেন। এই ঘোষণার পর কেউ কৃপের দেয়াল ভাঙলে সে গুরুতর রোগে আক্রান্ত হয়ে যেত। তাই দুর্বৃত্তা কৃপে আসা পরিত্যাগ করল।

এরপর আবদুল মুত্তালিব বললেন : হে আল্লাহ! আমি আমার এক পুত্রকে বলী দেব বলে মানুন্ত করেছিলাম। এখন আমি কোন্ পুত্রকে বলী দেব, তা নির্ধারণ করার জন্যে লটারী দিচ্ছি। তুমি যাকে পছন্দ কর, তার নাম লটারীতে তুলে দাও।

আবদুল মুত্তালিব লটারী দিলে আবদুল্লাহর নাম বের হল। পুত্রদের মধ্যে আবদুল্লাহ ছিলেন সর্বাধিক প্রিয়। আবদুল মুত্তালিব বললেন : হে আল্লাহ! তুমি আবদুল্লাহকে অধিক পছন্দ কর, না একশ' উট? এরপর আবদুল মুত্তালিব আবদুল্লাহ ও একশ' উটের মধ্যে লটারী দিলেন। লটারীতে একশ' উট বের হয়ে এল। সে মতে তিনি একশ' উট যবেহ করলেন।

ইবনে সাদ হযরত ইবনে আবুস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল মুত্তালিব যমযম খননে কেউ তার সাহায্যকারী নেই দেখে মানুন্ত করলেন-যদি আল্লাহ তায়ালা আমার জীবদ্ধাতেই দশটি পুত্রকে যৌবনে পৌছে দেন, তবে আমি একজনকে বলী দান করব। এরপর যখন দশপুত্র পূর্ণ ঘুবকে পরিণত হয়ে গেল, তখন সবাইকে একত্রিত করে মানুন্ত সম্পর্কে বললেন। সকলেই বলল : ঠিক আছে। আপনি মানুন্ত পূর্ণ করুন। সেমতে লটারী দেয়া হলে আবদুল্লাহর নাম বের হয়ে এল। আবদুল মুত্তালিব ছুরি হাতে নিয়ে আবদুল্লাহর হাত ধরে যবেহ করার জন্যে রওয়ানা হলেন। এই দৃশ্য দেখে বোনেরা কান্নাকাটি জুড়ে দিল। তারা বলল : আববাজান! আপনি পুত্রের বদলে হেরেমে কিছু উট যবেহ করে দিন। আবদুল মুত্তালিব আবদুল্লাহ ও দশ উটের মধ্যে লটারী দিলেন। কেননা, তখনকার দিনে “দিয়ত” (মুক্তিপণ) দশটি উট ছিল। লটারীতে আবদুল্লাহর নাম বের হল। এরপর আবদুল মুত্তালিব দশটি করে উট বৃক্ষি করে লটারী দিতে থাকেন। কিন্তু প্রত্যেক বার আবদুল্লাহর নাম বের হল। কিন্তু যখন একশ' উট পূর্ণ হয়ে গেল, তখন লটারীতে উট বের হল।

এতে আবদুল মুত্তালিব “আল্লাহ আকবার” বলে উঠলেন এবং সকলের সামনে উট যবেহ করলেন। আবদুল মুত্তালিবই সর্পথম মুক্তিপণ একশ' উট নির্ধারণ করেন। এ নিয়মই আরবে প্রচলিত হয়ে যায়। নবী করীম (সাঃ) ও এটা বহাল রাখেন।

হাকেম, ইবনে জরীর ও উমতী সালেহী থেকে রেওয়ায়েত করেন যে, হযরত মোয়াবিয়া (রাঃ) বর্ণনা করেছেন-একবার আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে উপবিষ্ট ছিলাম। এক বেদুইন এসে আরয় করল : হে রসূলুল্লাহ! ঘাস শুকিয়ে গেছে। পানি ফুরিয়ে গেছে। পরিবার ধ্বংস হয়ে গেছে এবং পশ্চাল বরবাদ হয়ে গেছে। হে দু' যবীহের পুত্র! আল্লাহ আপনাকে যা দিয়েছেন, তা থেকে আমাকে কিছু দিন।

রসূলুল্লাহ (সাঃ) মুচকি হাসলেন এবং অঙ্গীকার করলেন না। হযরত মোয়াবিয়া (রাঃ)-কে প্রশ্ন করা হল : দুই যবীহ কে? (যাকে আল্লাহর উদ্দেশ্যে যবেহ করার জন্যে নিয়ে যাওয়া হয়, তাকে যবীহ বলে।) তিনি বললেন : আবদুল মুত্তালিব যখন যমযম খনন করার আদেশ পান, তখন মানুন্ত করলেন, এ কাজটি সহজে সম্পন্ন হলে আমি আমার কোন পুত্রকে যবেহ করব। খনন সমাপ্ত হলে তিনি দশ পুত্রের মধ্যে লটারী দিলেন। এতে আবদুল্লাহর নাম বের হল। আবদুল মুত্তালিব তাকে যবেহ করতে চাইলে তার মাতুল গোষ্ঠী বনু মখ্যুম বাধা দিয়ে বলল : উটের ফেদিয়া দিয়ে পরওয়ারদেগোরকে রায়ী করে নাও। সেমতে তিনি একশ' উট যবেহ করলেন। মোয়াবিয়া (রাঃ) বললেন : অতএব এক যবীহ আবদুল্লাহ এবং অপর যবীহ হযরত ইসমাঈল (আঃ)।

শবে-মীলাদের মোজেয়া

বায়হাকী ও আবু নয়ীমের রেওয়ায়েতে হাসসান ইবনে ছাবেত (রাঃ) বর্ণনা করেন- আমি সাত-আট বছরের সচেতন বালক ছিলাম। একদিন এক ইহুদী একটি টিলায় আরোহণ করে মদীনার ইহুদী সম্পদায়কে ডাক দিল। তারা সমবেত হয়ে জিজ্ঞাসা করল : ব্যাপার কি? ইহুদী বলল : আজ রাতে আহমদ জন্ম গ্রহণ করেছেন। তাঁর নক্ষত্র উদ্দিত হয়ে গেছে।

বায়হাকী, তিবরানী, আবু নয়ীম ও ইবনে আসকির হযরত ওছমান ইবনে আবুল আস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন-আমার মা আমাকে বলেছেন যে, যখন আমেনার গৃহে রসূলুল্লাহ (সাঃ) জন্ম গ্রহণ করেন, তখন আমি সেখানে উপস্থিত ছিলাম। ঘরের চারদিক কোন নূরের আলোকে উদ্ভাসিত হয়ে গিয়েছিল। তারকারাজি এমনভাবে ঝুঁকে পড়েছিল, মনে হচ্ছিল যেন আমার উপরই আছড়ে পড়বে। তাঁর জন্মের সময় আমেনার শরীর থেকে একটি নূর উদ্দিত হয়ে সমগ্র গৃহকে আলোকোজ্জ্বল করে তুলে।

আহমদ বায়বায়, তিবরানী, হাকেম, বায়হাকী ও আবু নয়ীম ইরবায় ইবনে সারিয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন- আমি আল্লাহর বান্দা। আমি তখন থেকে খাতমানুবীয়ায়ীন, যখন আদমের সত্তা মৃত্তিকায় লুটোপুটি থাচ্ছিল। আমার জন্যে হযরত ইবরাহীম (আঃ) দোয়া করেছেন, হযরত

ইসা (আঃ) সুসংবাদ দিয়েছেন এবং আমার মা স্বপ্ন দেখেছেন। পয়গাওরগণের জননীগণ এক্ষেত্রে স্বপ্ন দেখে থাকেন। নবী করীম (সাঃ)-এর জননী তাঁর জন্মের সময় একটি নূর দেখেন, যদ্বারা সিরিয়ার রাজপ্রাসাদ চমকে উঠে।

হাকেম ও বায়হাকী খালেদ ইবনে মে'দান থেকে রেওয়ায়েত করেন যে, সাহাবায়ে-কেরাম আরয় করলেন : ইয়া রসূলুল্লাহ! নিজের সম্পর্কে কিছু বলুন। তিনি বললেন : আমি হযরত ইবরাহীম (আঃ)-এর দোয়া এবং হযরত ইসা (আঃ)-এর সুসংবাদ। আমার মা আমি গর্ভে থাকা অবস্থায় স্বপ্ন দেখেছেন যেন তাঁর শরীর থেকে একটি নূর উদিত হয়েছে, যার ফলে শামদেশের বুছরা ভূখণ্ড আলোকময় হয়ে গেছে। খালেদ বলেন : রসূলুল্লাহ (সাঃ)-এর জননী গর্ভবস্থায় যে নূর দেখেছিলেন, সেটা ছিল স্বপ্ন; কিন্তু জন্মের সময় যে নূর দেখেছিলেন, সেটা ছিল জাগ্রত অবস্থায় বাস্তব ঘটনা।

ইবনে ইসহাকের রেওয়ায়েতে হযরত আমেনা বর্ণনা করেন যে, গর্ভ সঞ্চার হওয়ার পর কেউ তাঁকে বলল : তোমার গর্ভে এই উশ্মতের সরদার রয়েছেন। এর নির্দর্শন এই যে, যখন তিনি ভূমিষ্ঠ হবেন, তখন একটি নূর উদিত হবে, যার ফলে শামদেশের বুছরার রাজপ্রাসাদ উজ্জ্বল হয়ে উঠবে। এই শিশু জন্মগ্রহণ করলে তাঁর নাম রাখবে মোহাম্মদ।

ইবনে সাদ ও ইবনে আসাকির হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হযরত আমেনা বলেছেন—নবী করীম (সাঃ)-কে গর্ভে ধারণ করার পর তাঁর জন্ম পর্যন্ত আমার কোন কষ্ট হয়নি। তিনি যখন ভূমিষ্ঠ হলেন, তখন তাঁর সাথে একটি নূর উদিত হল, যার ফলে পূর্ব ও পশ্চিমের মধ্যবর্তী সমস্ত ভূপৃষ্ঠ আলোকময় হয়ে গেল। জন্মের সময় তিনি হাত দিয়ে মাটিতে ভর দেন। এক মুষ্টি মাটি নিয়ে হাত বন্ধ করে নেন এবং আকাশ পানে তাকিয়ে থাকেন।”

ইবনে সাদ ছওর ইবনে এয়াযিদ থেকে, তিনি আবুল আজফা থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন— আমি যখন ভূমিষ্ঠ হলাম, তখন আমার জননী আপন শরীর থেকে একটি নূর উদিত হতে দেখলেন, যার ফলে সিরিয়ার রাজপ্রাসাদ পর্যন্ত আলোর ছাঁচা ছড়িয়ে পড়ে।

আবু নয়ীম আতা ইবনে ইয়াসার থেকে রেওয়ায়েত করেন যে, হযরত উম্মে সালামাহ (রাঃ) হযরত আমেনার এই উক্তি উদ্ভৃত করেছেন—যে রাতে নবী করীম (সাঃ) জন্মগ্রহণ করেন, আমি একটি নূর উদিত হতে দেখি, যে কারণে সিরিয়ার প্রাসাদ এতুকু উজ্জ্বল হয়ে যায় যে, আমি তা দেখতে পাই।

ইবনে সাদ আমর ইবনে আছেম থেকে, তিনি হুমাম ইবনে এয়াহইয়া থেকে, তিনি ইসহাক ইবনে আবদুল্লাহ থেকে রসূলুল্লাহ (সাঃ)-এর জননীর এই বর্ণনা

উদ্ভৃত করেছেন। রসূলুল্লাহ (সাঃ) জন্মগ্রহণ করলে আমার শরীর থেকে একটি নূর উদিত হয়, যার ফলে সিরিয়ার রাজপ্রাসাদ আলোকময় হয়ে যায়। তিনি সম্পূর্ণ পাক পবিত্র অবস্থায় জন্মগ্রহণ করেন— কোন মালিন্য ছিল না। ভূমিষ্ঠ হয়েই তিনি মাটিতে হাত রাখেন।

ইবনে সাদ মুয়ায আম্বরী থেকে, তিনি ইবনে আওন থেকে, তিনি ইবনুল কিবতিয়া থেকে রেওয়ায়েত করেন যে, হযরত আমেনা রসূলুল্লাহ (সাঃ)-এর জন্ম প্রসঙ্গে বলেছেন—আমি আমার শরীর থেকে একটি আলোকপিণ্ড উদিত হতে দেখি, যার ফলে সমগ্র ভূপৃষ্ঠ আলোকোভাসিত হয়ে উঠে।

ইবনে সাদ হাসান ইবনে আতিয়া থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) ভূমিষ্ঠ হয়ে হাতের তালু ও হাঁটু দিয়ে মাটিতে ভর দেন। তাঁর দৃষ্টি আকাশ পানে নিবন্ধ ছিল।

ইবনে সাদ মূসা ইবনে ওবায়দা থেকে, তিনি আপন ভাই থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) ভূমিষ্ঠ হয়ে হাত দিয়ে মাটিতে ভর দেন। মাথা আকাশ পানে উত্তোলন করেন এবং হাতে এক মুষ্টি মাটি তুলে নেন। বনু-লাহাবের এক ব্যক্তি এই খবর পেয়ে মন্তব্য করল : একথা সত্য হলে এই শিশু সমগ্র বিশ্ব করতলগত করে নিবে।

আবু নয়ীম আবদুর রহমান ইবনে আওফ থেকে, তিনি তাঁর জননী আশশিফা বিনতে আমর ইবনে আওফের একটি বর্ণনা উদ্ভৃত করেছেন যে, রসূলে করীম (সাঃ)-এর জন্ম আমার হাতে হয়েছে। তাঁর মুখমণ্ডল উজ্জ্বল ছিল। আমি কাউকে বলতে শুনলাম—তোমার প্রতি আল্লাহর রহমত, তোমার প্রতি তোমার রবের রহমত। এরপর আমার সামনে পূর্ব ও পশ্চিম আলোকিত হয়ে গেল এবং আমি রোমের কিছু রাজপ্রাসাদ দেখতে পেলাম। এরপর আমি নবজাত শিশুকে কাপড় পরিয়ে শুইয়ে দিলাম। কিছুক্ষণের মধ্যে আমার উপর তমসা ও ভীতির একটা পর্দা যেন পড়ে গেল এবং শরীরে কম্পন এসে গেল। আমি কাউকে বলতে শুনলাম—তুমি একে কোথায় নিয়ে যাচ্ছো জওয়াব দেয়া হল—পশ্চিম দিকে। এরপর আমার এই অবস্থা কেটে গেল। কিন্তু কিছুক্ষণ পর পুনরায় সেই অবস্থা আমাকে আচ্ছন্ন করে নিল—ভীতি, অঙ্ককার ও কম্পন। আবার কাউকে বলতে শুনলাম—একে কোথায় নিয়ে যাচ্ছো জওয়াব এল—পূর্ব দিকে। শিফা বিনতে আমর ইবনে আওফ বলেন : রসূলুল্লাহ (সাঃ)-এর নবৃত্যপ্রাপ্তি পর্যন্ত এই কথাগুলো আমার মনের মধ্যে ঘূরপাক খেতে থাকে। তিনি যখন নবুওত প্রাপ্ত হলেন, তখন আমি সর্বপ্রথম ইসলাম গ্রহণ করলাম।

আবু নয়ীম আমর ইবনে কোতায়বা থেকে, তিনি আপন পিতার কাছ থেকে শুনেছেন যে, হযরত আমেনার সন্তান প্রসবের সময় উপস্থিত হলে আল্লাহর তায়ালা

ফেরেশতাগণকে আদেশ করলেন : সমস্ত আকাশ ও জান্মাতের দরজা খুলে দাও। সকল ফেরেশতা আমার সামনে উপস্থিত হোক। সে মতে ফেরেশতাগণ একে অপরকে সুসংবাদ দিতে দিতে হায়ির হতে লাগল। পৃথিবীর পাহাড়সমূহ উঁচু হয়ে গেল এবং সমুদ্র স্ফীত হয়ে গেল। এসবের অধিবাসীরা একে অপরকে সুসংবাদ দিল। সকল ফেরেশতা হায়ির হয়ে গেল। শয়তানকে সন্তরটি শিকল পরানো হল এবং তাকে কাশ্পিয়ান সাগরে উপুড় করে ঝুলিয়ে দেয়া হল। সকল দুষ্ট ও অবাধ্য মখলুককেও শৃঙ্খলাবদ্ধ করে দেয়া হল। সূর্যকে সেদিন অসাধারণ আলো প্রদান করা হল এবং তার প্রাতে শূন্য পরিমণ্ডলে সন্তর হাজার হুরকে দাঁড় করানো হল, যারা রসূলুল্লাহ (সাঃ)-এর জন্মের অপেক্ষায় ছিল। নবী করীম (সাঃ)-এর সম্মানার্থে আল্লাহ তায়ালা সে বছর পৃথিবীর সকল নারীর জন্যে পুত্র সন্তান নির্ধারণ করে দিলেন। এটাও ঠিক করলেন যে, কোন বৃক্ষ ফলবিহীন থাকবে না এবং যেখানে অশান্তি স্থাপিত হয়ে যাবে।

অতঃপর যখন প্রতীক্ষিত জন্ম হল, তখন সমস্ত পৃথিবী নূরে ভরে গেল। ফেরেশতারা একে অপরকে মোবারকবাদ দিল। প্রত্যেক আকাশে পদ্মরাগ মণি ও চুনির স্তুতি নির্মিত হল। ফলে আকাশ আলোকজ্বল হয়ে গেল। রসূলুল্লাহ (সাঃ) শবে মে’রাজে এসব স্তুতি দেখতে পেলে তাঁকে বলা হয় যে, এগুলো আপনার জন্মের সুসংবাদের কারণে নির্মিত হয়েছিল।

যে রাতে রসূলে করীম (সাঃ)-এর জন্ম হয়, আল্লাহ তায়ালা হাওয়ে-কাওসারের কিনারে সন্তর হাজার মেশক-আবরের বৃক্ষ সৃষ্টি করেন এবং এসবের ফলকে জান্মাতীদের সুগঞ্জি সাব্যস্ত করেন। সে রাতে সকল আকাশের অধিবাসীরা নিরাপত্তার জন্য দোয়া করেন। সকল প্রতিমা উপুড় হয়ে ভেঙ্গে পড়ে। লাত ও ওয়া আপন আপন ধনভাণ্ডার উদ্গীরণ করে দেয়। তারা বলাবলি করতে থাকে-কোরায়শদের মধ্যে আল-আয়াত এসেছেন, ছিদ্রীক এসেছেন; অথচ কোরায়শের জানেই না যে, কি হয়ে গেল। বায়তুল্লাহ থেকে কয়েকদিন পর্যন্ত এই আওয়াজ ভেসে আসতে থাকে- এখন পূর্ণচন্দ্র ফিরে এসেছে। এখন আমার যিয়ারতকারীরা আগমণ করবে। এখন আমি মূর্খতার আবর্জনা থেকে পাক পরিত্র হয়ে যাব। হে ওয়া! তোর ধ্বংস এসে গেছে। বায়তুল্লাহর ভূকম্পন তিনদিন ও তিন রাতে খতম হল। এটা ছিল পবিত্র জন্মের প্রথম নির্দশন, যা কোরায়শের অবলোকন করলু।

আবু নয়ীম রেওয়ায়েত করেন যে, হ্যরত ইবনে আবাস (রাঃ) বর্ণনা করেছেন- গর্ভধারণের নির্দশনসমূহের মধ্যে একটি এই যে, সে রাতে কোরায়শদের প্রত্যেকটি জন্ম বলল : কা’বার প্রতিপালকের কসম, গর্ভ হয়ে গেছে। তিনিই দুনিয়ার শান্তি এবং দুনিয়াবাসীদের প্রদীপ। সে রাতে কোরায়শদের

এবং আরবের সকল গোত্রের অতিন্দ্রিয়বাদী নারীদের সঙ্গিনী জিন আত্মগোপন করে এবং তাদের অতিন্দ্রিয়বাদ বিদ্যা খতঃ হয়ে যায়। দুনিয়ার সকল বাদশাহের সিংহাসন ভেঙ্গে যায়। সেদিন বাদশাহরা সকলেই বোৰা হয়ে যায়। পূর্বের জন্ম-জান্মের পশ্চিমের জন্ম-জান্মেরদের কাছে সুসংবাদ নিয়ে যায়। এভাবে সমুদ্রের প্রাণীরা একে অপরকে সুসংবাদ দেয়। গর্ভের প্রত্যেক মাস অতিবাহিত হওয়ার পর আকাশে এবং পৃথিবীতে ঘোষণা করা হত- সুসংবাদ হোক। এখন আবুল কাসেম (সাঃ) কল্যাণ ও বরকত নিয়ে দুনিয়াতে এসে গেছেন।

রসূলুল্লাহ (সাঃ) জননীর উদরে পূর্ণ নয়মাস অবস্থান করেন। কিন্তু তাঁর জননী পেটে কোন ব্যথা বা অস্থিরতা অনুভব করেননি। এমন কোন বিষয়ও হয়নি, যা সাধারণত: গর্ভাবস্থায় হয়ে থাকে। মাতৃগর্ভে থাকাকালেই পিতা আবদুল্লাহর ইন্দ্রিয়কাল হয়ে যায়। এতে ফেরেশতারা বলল : পরওয়ারদেগার! আপনার এই নবী এতীম হয়ে গেছেন। পরওয়ারদেগার এরশাদ করলেন : আমি তাঁর অভিভাবক, রক্ষক ও মদ্দন্দগার। তোমরা তাঁর জন্ম থেকে বরকত হাসিল কর। তাঁর জন্ম বরকতময়।

আল্লাহ তায়ালা তাঁর জন্মের সময় আকাশ ও জান্মাতের দ্বার উন্মুক্ত করে দেন। হ্যরত আমেনা নিজের সম্পর্কে বলতেন : গর্ভের ছয়মাস অতিবাহিত হওয়ার পর আমার কাছে জন্মেক আগস্তুক এসে নির্দ্বায় আমার পায়ে টোকা দিয়ে বলল : হে আমেনা! তুমি সরাবিশ্বের মনোনীত ব্যক্তিকে গর্ভে ধারণ করেছ। সে জন্মপ্রহণ করলে তাঁর নাম রাখবে মোহাম্মদ। আমেনা নিজের নেফাস সম্পর্কে বলেন : আমারও তাই হয়েছে যা মহিলাদের হয়। কিন্তু কেউ জানতে পারেনি। এরপর আমি ভীষণ গড়গড় শব্দ শুনতে পাই এবং ভীত হয়ে পড়ি। দেখি কি, যেন কোন সাদা পাথীর পাখা আমার অস্তরকে শ্পর্শ করেছে। ফলে সমস্ত ভয় ও কষ্ট দূর হয়ে গেল। এরপর দেখি, সাদা দুধে পূর্ণ একটি পিয়ালা রাখা আছে। আমি পিপাসার্ত ছিলাম। তাই পাত্র তুলে পান করে নিলাম। এরপর আমার শরীর থেকে একটি নূর উদিত হল। তাতে কয়েকজন মহিলা দৃষ্টি গোচর হল। তাঁরা খেজুর গাছের মত দীর্ঘ ছিলেন। মনে হচ্ছিল তাঁরা আবদে মানাফ পরিবারের কন্যা। তাঁরা আমাকে গভীরভাবে দেখতে লাগলেন। আমি হতভস্তই ছিলাম, এমন সময়ে একটি কিংখাৰ (ফুলকাটা জরিদার রেশমী বস্ত্র) আকাশ ও পৃথিবীর মধ্যস্থলে ছড়িয়ে পড়ল। কেউ বলল : তাঁকে মানুষের দৃষ্টি থেকে উধাও করে নাও। এরপর কিছু লোক দেখলাম, তারা শূন্য মণ্ডলে ঝুপার লোটা হাতে দণ্ডয়মান ছিল। এরপর পাথীদের একটি ঝাঁক এল এবং আমার কোল আবৃত করে নিল। তাদের চাঁপু পান্নার এবং পাখা চুনীর ছিল।

অতঃপর আল্লাহ তায়ালা আমার সামনে পূর্ব ও পশ্চিম উন্মুক্ত করে দিলেন। আমি তিনটি ঝাঁঁক উড়ীয়মান দেখলাম। একটি পূর্বে একটি পশ্চিমে ও একটি

কা'বা গৃহের ছাদে। এরপর আমার প্রসব যন্ত্রণা শুরু হল এবং নবী, করীম (সা:) জন্ম গ্রহণ করলেন। তিনি যখন বাইরে এলেন, তখন আমি তাঁকে সেজদারত দেখলাম। তিনি অনুনয় সহকারে অঙ্গুলি উত্তোলিত রেখেছিলেন। এরপর আকাশে একটি সাদা মেঘ এসে আকাশকে আচ্ছন্ন করে নিল। অতঃপর অদৃশ্য হয়ে গেল। আমি একজনকে বলতে শুনলাম : মোহাম্মদকে পূর্ব ও পশ্চিমে নিয়ে যাও এবং সমুদ্রে নিয়ে যাও। যাতে মানুষ তাঁর নাম, আকৃতি ও গুণাবলী সম্পর্কে ওয়াকিফ হয়ে যায় এবং তারা জানতে পারে যে, তাঁর নাম “মাহী”। তাঁর আমলে শিরক মিটে যাবে। এর পরক্ষণেই আমি তাঁকে একটি সাদা পশমী কাপড়ে জড়িত দেখলাম। নীচে ছিল সবুজ রেশম। তিনি যেন বহু মূল্যবান ধাতু নির্মিত তিনটি চাবি হাতের মুঠিতে ধারণ করে রেখেছেন। আওয়াজ এল : মোহাম্মদ নবুওয়তের চাবি গ্রহণ করেছেন। এরপর একটি মেঘখণ্ড এল, যার মধ্য থেকে অঙ্গের হেষারব এবং পাখা নাড়নোর শব্দ ভেসে আসছিল। অবশেষে সেটি আচ্ছন্ন হয়ে গেল। অতঃপর অদৃশ্য হয়ে গেল। এরপর কেউ ডেকে বলল : মোহাম্মদকে পূর্ব ও পশ্চিমে নিয়ে যাও, পয়গাঘরগণের জন্যভূমিতে নিয়ে যাও। জিন, মানব, পশুপক্ষী এবং হিংস্র প্রাণীদের কাছে নিয়ে যাও। তাঁকে আদম (আ:) -এর পরিচ্ছন্নতা, নৃহ (আ:) -এর ন্যৰতা, ইবরাহীম (আ:) -এর বন্ধুত্ব, ইসমাইল (আ:) -এর ভাষা, ইয়াকুব (আ:) -এর মুখমণ্ডল, ইউসুফ (আ:) -এর রূপ, দাউদ (আ:) -এর কর্তৃপক্ষ, আইতুব (আ:) -এর ছবর, এয়াহইয়া (আ:) -এর বৈরাগ্য এবং ঈসা (আ:) -এর কৃপা দান কর। তাঁকে সকল পয়গাঘরের চরিত্রের নমুনা করে দাও। এরপর এই অবস্থাও দূর হয়ে গেল। এরপর আমি আমার শিশুর হাতে সবুজ রেশমী বস্ত্র জড়িত দেখলাম। কেউ বলল : মোহাম্মদ সারা বিশ্ব দখল করে নিয়েছে। সৃষ্টির প্রতিটি বস্তু তাঁর মুঠিতে চলে গেছে। এরপর তিনি ব্যক্তি এল। তাদের একজনের হাতে রূপার লোটা, অপর জনের হাতে সবুজ পান্নার ক্ষুদ্র প্লেট এবং তৃতীয় জনের হাতে সাদা রেশম রয়েছে। সেটি খুলে সে একটি মনোমুঞ্খকর আঁটি বের করল। লোটার পানি দিয়ে আঁটিটি সাতবার ধোত করতঃ সেটি দিয়ে নবী করীম (সা:) -এর দুই কাঁধের মধ্যস্থলে মোহর করে দিল। অতঃপর কিছুক্ষণ আপন পাখায় আবৃত্ত রেখে আমাকে ফিরিয়ে দিল।

আবু নয়াম দুর্বল সনদে রেওয়ায়েত করেন যে, হ্যারত আববাস (রা�:) বলেছেন-আমাদের ছোটভাই আবদুল্লাহ জন্মগ্রহণ করলে তাঁর মুখমণ্ডলে নূর সূর্যের মত ঝলকল করত। আমাদের পিতা বললেন : এই শিশুর অদ্ভুত অবস্থা। আমি স্বপ্নে দেখলাম তাঁর নাসিকা থেকে একটি সাদা পাখী বের হয়ে উড়ে গেল এবং পূর্ব ও পশ্চিম সূর্যে কা'বাগ্রহের উপর পতিত হল। সমগ্র কোরায়শ গোষ্ঠী তাঁকে সিজদা করল। অতঃপর পাখীটি আবার আকাশে উড়ে গেল। আমি বনী-মখ্যুমের অতিন্দ্রীয়বাদীর কাছে গেলে সে বলল : তোমার এ স্বপ্ন সত্য হলে তোমার ওরস

থেকে একপুত্র জন্মগ্রহণ করবে। পূর্ব ও পশ্চিমের অধিবাসীরা তাঁর অনুসারী হয়ে যাবে।

অতঃপর আমেনা সন্তান প্রসব করলে আমি তাঁকে জিজ্ঞাসা করলাম : তুমি কি দেখেছে? সে বলল : আমার প্রসব ব্যথা শুরু হলে আমি গড় গড় আওয়াজ এবং কিছু মানুষের কথা বলার শব্দ শুনতে পেলাম। এরপর আমি ইয়াকৃতের খুঁটিতে কিংখাবের ঝাঙা আকাশ ও পৃথিবীর মাঝখানে স্থাপিত দেখলাম। আমি শিশুর মাথা থেকে একটি নূর উদিত হতে দেখলাম, যা আকাশ পর্যন্ত পৌঁছে গেল। এর আলোকে আমি সিরিয়ার প্রাসাদকে স্ফূলিঙ্গের মত জুলতে দেখলাম। এরপর আমি নিকটেই কাতা পাখীর একটি ঝাঁক নবী করীম (সা:) -কে পাখা বিস্তার করে সিজদা করতে দেখলাম। আমি সায়ীরা আসাদীর জিনকে বলতে শুনলাম-তোমার এই পুত্রের জন্মের কারণে প্রতিমা ও অতিন্দ্রীয়বাদীদের বিলয় হয়ে গেছে। সায়ীরা ধ্বংস হয়ে গেছে। এরপর আমি একজন দীর্ঘদেহী সুশ্রী যুবককে দেখলাম। সে নবী করীম (সা:) -কে আমার কোল থেকে নিয়ে গেল এবং তাঁর মুখে থুথু দিল। তার কাছে স্বর্ণের একটি প্লেট ছিল। সে নবী করীম (সা:) -এর বুক চিরে হৃদপিণ্ড বের করল। অতঃপর হৃদপিণ্ডটি চিরে একটি কাল বিন্দু বের করে দূরে নিক্ষেপ করল। প্লেটে সাদা রঙের সুগন্ধি ছিল। তা হৃদপিণ্ডে ভরে দেয়া হল। এরপর একটি সাদা রেশমী খলে থেকে একটি আঁটি বের করল এবং তার সাহায্যে নবী করীম (সা:) -এর দুই কাঁধের মধ্যভাগে মোহর এঁটে দিল। অতঃপর তাঁকে জামা পরিয়ে দিল। *

হাফেয আবু যাকারিয়া এয়াহইয়া ইবনে মায়েয মীলাদ প্রসঙ্গে হ্যারত ইবনে আববাস (রা�:) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যারত আমেনা রসূলুল্লাহ (সা:) -এর জন্ম দিবসের আশ্চর্য ঘটনাবলী বর্ণনায় বলেন : আমি সেদিনের ঘটনাবলীতে বিশ্বাবিষ্ট ছিলাম, এমন সময় তিনি ব্যক্তি আগমন করল। তাদের সৌন্দর্য দেখে মনে হচ্ছিল সূর্য যেন তাদের মুখমণ্ডল থেকে উদিত হচ্ছে। একজনের হাতে রূপার লোটা ছিল, যা থেকে মেশকের খোশবু ভেসে আসছিল। দ্বিতীয় জনের হাতে পান্নার চতুর্কোণ প্লেট ছিল। প্রত্যেক কোণে একটি সাদা মোতি জড়ানো ছিল। কেউ বলল : এটা সারা বিশ্ব-পূর্ব পশ্চিম, জল ও স্তুল। হে আল্লাহর হাবীব! এটি ধারণ করুন যেদিক দিয়ে ইচ্ছা, একথা শুনে আমিও যুরে গেলাম এটা দেখার জন্যে যে, তিনি কোন্ দিকে ধরেন। তিনি মাঝখানে ধরলেন। আওয়াজ এল : কা'বার কসম, মোহাম্মদ কা'বা ধারণ করেছেন। আল্লাহ তায়ালা তাঁর জন্যে

* এ রেওয়ায়েতটি এবং এর পূর্বেকার দু'টি রেওয়ায়েত অধিক অংশগ্রহণযোগ্য। আমার গ্রন্থে এ ধরনের অংশ রেওয়ায়েতে আর একটি নেই। এটি লিপিবদ্ধ করার ইচ্ছা আমার ছিল না। কেবল হাকেম আবু নয়ামের অনুসরণ করে লিপিবদ্ধ করেছি।

কা'বাকে কেবলা ও বাসস্থান করে দিয়েছেন। আমি দেখলাম তৃতীয় জনের হাতে খুব উত্তমরূপে ভাঁজ করা একটি সাদা রেশমী বস্ত্র রয়েছে। সে কাপড়টি খুল্ল এবং তার ভিতর থেকে একটি সুশ্রী আংটি বের করল। এরপর আমার দিকে অগ্সর হল। প্লেটওয়ালা ব্যক্তি আংটিটি নিয়ে সাতবার লোটার পানি দ্বারা ঘোত করল। এরপর সেটি দিয়ে নবী করীম (সাঃ)-এর দুই কাঁধের মাঝখানে মোহর ঢেকে দিল। অতঃপর সেটি রেশমে ভাঁজ করে তাতে মেশকের সূতা বেঁধে দিল। অতঃপর সেটি কিছুক্ষণ আপন পাখায় রেখে দিল। (ইবনে আব্রাস (রাঃ) বলেন : এই ব্যক্তি ছিল জান্নাতের রক্ষী রিয়ওয়ান।) সে নবী করীম (সাঃ)-এর কানে কিছু কথা বলল, যা আমি বুঝতে পারিনি। অতঃপর সে বলল : হে মোহাম্মদ! আপনাকে সুসংবাদ। প্রত্যেক নবীর জ্ঞান আমি আপনাকে দিয়েছিলাম। আপনি তাদের মধ্যে সর্বাধিক জ্ঞানবান এবং সর্বাধিক বীরপুরুষ। আপনার কাছে সাফল্যের চাবি রয়েছে। আপনাকে প্রথর ব্যক্তিত্ব ও জাঁকজমক দান করা হয়েছে। হে আল্লাহর খলিফা! যে কেউ আপনার নাম শুনবে, আপনাকে না দেখেই তার অন্তর কেঁপে উঠবে।

ইবনে ওয়াহিদ 'তানভীর' গ্রন্থে বলেন : এ হাদীসাটি অজ্ঞাত।

ইবনে সাদ, হাকেম, বায়হাকী ও আবু নয়ীম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : জনেক ইহুদী মক্কায় বাস করত এবং ব্যবসা-বাণিজ্য করত। মীলাদের রাত্রিতে সে কোরায়শদের মজলিসে এসে বলল : হে কোরায়শগণ! আজ রাতে তোমাদের মধ্যে কোন শিশু জন্মগ্রহণ করেছে কি? তারা বলল : আমাদের জানা নেই। সে বলল : মনে রেখ, এ রাতে আখেরী উম্মতের নবী জন্মগ্রহণ করেছেন। তার কাঁধের মাঝখানে চিহ্ন আছে, যাতে কিছু চুল রয়েছে। এই শিশু দু'দিন দুধ পান করবে না। কেননা, কোন জিন তার মুখে অঙ্গুলি রেখেছে। কোরায়শরা বিশ্বয় সহকারে মজলিস ত্যাগ করল। আপন গৃহে পৌছে তারা গৃহের লোকজনকেও একথা বলল। তারা বলল : আবদুল্লাহ ইবনে আবদুল মুতালিবের পুত্র সন্তান হয়েছে। তারা তাঁর নাম রেখেছে মোহাম্মদ। অতঃপর কোরায়শরা ইহুদীর কাছে পৌছে এ সংবাদ জানিয়ে দিল। সে বলল : আমাকে নিয়ে চল। আমি এই শিশুকে দেখতে চাই। সে মতে তারা ইহুদীকে হ্যরত আমেনার কাছে নিয়ে গেল এবং শিশুকে দেখাতে বলল। হ্যরত আমেনা দেখালেন। তাঁর পিঠ খুলে সেখানে একটি তিলের ন্যায় চিহ্ন দেখতে পেল। এটা দেখে ইহুদী সংজ্ঞা হারিয়ে ফেলল। কিছুক্ষণ পর সংজ্ঞা ফিরে এলে কোরায়শরা জিজ্ঞাসা করল : তোমার কি হয়েছিল? সে বলল : বনী-ইসরাইল থেকে নবুওয়ত খতম হয়ে গেছে। তোমাদের এতে আনন্দিত হওয়া উচিত। আল্লাহর কসম, সে তোমাদের উপর এমন বিজয় অর্জন করবে যে, তার খবর পর্ব পদ্ধতি তথা সারা বিশ্বে ছড়িয়ে পড়বে।

বায়হাকী ও ইবনে আসাকির আবুল হাকাম তানূরী থেকে রেওয়ায়েত করেন যে, কোরায়শদের মধ্যে কোন শিশু ভূমিষ্ঠ হলে তাকে হাঁড়ি দেয়ার জন্যে মহিলাদের হাতে সোপর্দ করা হত। তারা শিশুকে সকাল পর্যন্ত হাঁড়ির নিচে রাখত। সে মতে রসূলুল্লাহ (সাঃ) ভূমিষ্ঠ হলে আবদুল মুতালিব তাঁকে মহিলাদের কাছে সোপর্দ করলেন। সকালে এসে তারা দেখল যে, হাঁড়ি দ্বিখণ্ডিত হয়ে গেছে এবং রসূলুল্লাহ (সাঃ) উভয় চক্ষু মেলে আকাশ পানে তাকিয়ে আছেন। মহিলারা আবদুল মুতালিবের কাছে এসে বলল : আমরা এমন শিশু কখনও দেখিনি। তার উপরে হাঁড়ি ভেঙ্গে গেছে এবং আমরা তাঁকে আকাশের দিকে তাকিয়ে থাকতে দেখেছি। আবদুল মুতালিব বললেন : তাকে হেফায়ত কর। আমি মঙ্গলই আশা করি। সপ্তম দিনে আবদুল মুতালিব জন্ম যবেহ করলেন এবং কোরায়শদেরকে দাওয়াত করলেন। আহার শেষে সকলেই জিজ্ঞাসা করল : আবদুল মুতালিব! শিশুর কি নাম রেখেছেন? তিনি বললেন : নাম রেখেছি মোহাম্মদ। তারা বলল : পারিবারিক নাম না রাখার কারণ কি? আবদুল মুতালিব বললেন : আমি চাই যে, আকাশে আল্লাহতায়ালা এবং পৃথিবীতে মানবজাতি তার প্রশংসা করুক।

আবু নয়ীম ও ইবনে আসাকির মুসাইয়িব ইবনে শরীফ থেকে, তিনি মোহাম্মদ ইবনে শরীফ থেকে, তিনি আমর ইবনে শরীফ থেকে, তিনি আপন পিতা থেকে, তিনি আপন দাদা থেকে বর্ণনা করেন যে, মারবুয়াহরানে ঈছা নামক এক সিরীয় সন্ন্যাসী বাস করত। সে ছিল বিজ্ঞ আলেম। অধিকাংশ সময় গির্জার ভিতরেই অবস্থান করতো। মাঝে মাঝে মক্কায় এলে মানুষ তার সাথে সাক্ষাৎ করতে যেত। তখন সে বলত : তোমাদের মধ্যে এক শিশু জন্মগ্রহণ করবে। তার সামনে সমগ্র আরব মাথা নত করবে এবং সে অন্বরবেরও মালিক হয়ে যাবে। এটাই তাঁর আগমনের সময়। যে তাঁর সময় পাবে এবং তাঁর অনুসরণ করবে, সে সফলকাম হবে। আর যে তাঁর বিরোধিতা করবে, সে ব্যর্থ মনোরথ হবে। আল্লাহর কসম, আমি রুটি ও শরাবের দেশ এবং শাস্তির জায়গা ছেড়ে এই অভাব-অন্টন ও ভয়ভীতির স্থানে তাঁরই অব্বেগে এসেছি।

উক্ত সন্ন্যাসী মক্কার প্রতিটি নবজাত শিশু সম্পর্কে জিজ্ঞাসাবাদ করত এবং বলত : এখনও আসেনি। রসূলুল্লাহ (সাঃ)-এর জন্মের সকালে আবদুল মুতালিব 'ঈছা' সন্ন্যাসীর দ্বারে দাঁড়িয়ে তাকে ডাক দিলেন। সে প্রশ্ন করল : কে? উত্তর হল : আমি আবদুল মুতালিব। সন্ন্যাসী তাঁর কাছে এসে বলল : সম্ভবতঃ তুমই তার বাপ। আজ সেই শিশু জন্মগ্রহণ করেছে, যার সম্পর্কে আমি তোমাকে বলেছিলাম যে, সে সোমবারে জন্মগ্রহণ করবে, নবুওত প্রাণ হবে এবং সোমবারে ওফাত পাবে। তার নক্ষত্র গত সন্ধ্যায় উদিত হয়ে গেছে। এর চিহ্ন এই যে, এখন তার ব্যথা আছে। এই ব্যথা তিনিদিন থাকবে। তুমি মুখ বক্ষ রাখবে। কেননা, এতটুকু হিংসা কারও

সাথে করা হয়নি, যা তাঁর সাথে করা হবে। এবং এতটুকু শক্রতা কারও সাথে করা হয়নি, যা তাঁর সাথে করা হবে।

আবদুল মুত্তালিব জিজ্ঞাসা করলেন : সে কতটুকু বয়স পাবে? সন্ন্যাসী বলল : কম হোক কিংবা বেশি। তবে সত্ত্ব বছর হবে না; বরং এর কম কোন বেজোড় সংখ্যায় হবে—একষটি কিংবা তেষটি। তার উপরের লোকদেরও এরূপ বয়ঃক্রম হবে।

আবু নয়ীম হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জাহেলিয়াত যুগে রাতের বেলায় কোন শিশু জন্মগ্রহণ করলে তাকে হাঁড়ির নীচে রেখে দেয়া হত এবং সকাল পর্যন্ত কেউ তাকে দেখতো না। জন্মের পর নবী করীম (সাঃ) কেও হাঁড়ির নীচে রেখে দেয়া হয়। সকালে দেখা গেল, হাঁড়ি দ্বিখণ্ডিত হয়ে পড়ে আছে এবং তাঁর চক্ষু আকাশের দিকে উথিত। এতে সকলেই আশ্চর্যাভিত হল। এরপর তাঁকে দুধ পান করানোর জন্য বন্ধু-বকরের এক মহিলার হাতে সোপর্দ করা হল। সে তাঁকে দুধ পান করালে তার সংসারে চতুর্দিক থেকে কল্যাণ ও বরকত আসতে লাগল। তাঁর কাছে গুটিকতক ছাগল ছিল। আগ্নাহ তাতে বরকত দিলেন এবং ছাগলের সংখ্যা অনেক বেড়ে গেল।

আবু নয়ীম দাউদ ইবনে আবী হিন্দ থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সাঃ) জন্মগ্রহণ করলে নবুওয়তের নূরে টিলাসমূহ উজ্জ্বল হয়ে যায়, তিনি হাত দিয়ে মাটিতে ভর দেন এবং চক্ষুদ্বয় উন্মুক্ত রেখে আকাশের দিকে তাকিয়ে থাকেন। যখন তাকে বড় হাঁড়ি দিয়ে ঢেকে দেয়া হয় তখন হাঁড়ি দুর্টুকরা হয়ে যায়।

ইবনে সাদ হ্যরত ইকরিমা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রাসূলুল্লাহ (সাঃ) জন্মগ্রহণ করলে তাঁর জন্মী তাঁর উপর হাঁড়ি রেখে দেন, যা ভেঙ্গে যায়। তিনি বলেন : আমি যখন তাঁকে দেখলাম, তখন তাঁর চক্ষুদ্বয় উন্মুক্ত ছিল এবং তিনি আকাশের দিকে তাকিয়ে ছিলেন।

ইবনে আবী হাতেম ইকরিমা থেকে রেওয়ায়েত করেন যে, পবিত্র জন্মের সময় ভৃংগ্রস্ত নূরে উজ্জ্বল হয়ে যায়। ইবলীস বললঃ আজ এমন এক শিশু ভূমিষ্ঠ হয়েছে যে আমাদের কাজকারবার পণ্ড করে দিবে। ইবলীসের এক সহচর বললঃ তুমি যাও এবং তাঁর জ্ঞান-বুদ্ধি নষ্ট করে দাও। সেমতে ইবলীস এল কিন্তু যখন রাসূলুল্লাহ (সাঃ)-এর নিকটে পৌছল, তখন হ্যরত জিবরাইল (আঃ) তাকে সজোরে লাঠি মারলেন। ফলে সে আদনে যেয়ে পতিত হল।

যুবায়র ইবনে বাক্তার ও ইবনে আসাকির মারফত ইবনে খরবুস থেকে বর্ণন করেন যে, ইবলীস সপ্ত আকাশ প্রদক্ষিণ করত। কিন্তু যখন হ্যরত ঈসা (আঃ) জন্মগ্রহণ করলেন, তখন তিনি আকাশেও প্রবেশাধিকার রাহিত হয়ে গেল। এরপর

যখন নবী করীম (সাঃ) জন্মগ্রহণ করলেন, তখনও তাঁর জন্মে সাত আকাশের দরজাই বন্ধ করে দেয়া হল। নবী করীম (সাঃ) সোমবার দিন প্রভুর জন্মগ্রহণ করেন।

বায়হাকী, আবু নয়ীম, খারায়েতী ও ইবনে আসাকির আবু ইয়ালা ইবনে এমরান বাজালী থেকে, তিনি মখ্যম ইবনে সানী থেকে এবং তিনি নিজের পিতা থেকে (যার বয়ঃক্রম ছিল দেড়শ' বছর) রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ)-এর জন্মের রাত্রিতে পারস্য রাজ্যের প্রাসাদে ভূক্ষ্মন হয়। ফলে চৌদ্দটি গম্বুজ ভূমিসাঁ হয়ে যায়। পারস্যের মহ অগ্নিকুণ্ড নির্বাপিত হয়ে যায়, যা এক হাজার বছর ধরে অনৰ্বাণ ছিল। সাদাত্ত্ব শুকিয়ে যায়। তোর বেলায় পারস্য রাজ আতঙ্কিত হয়ে গেলেন। তিনি ভাবলেন, এ বিষয়টি উয়িরদের কাছে গোপন রাখা ঠিক হবে না। সে মতে তিনি মুকুট পরিধান করে সিংহাসনে বসলেন। সকলকে একত্রিত করে পরিস্থিতি বর্ণনা করলেন। এমনি মুহূর্তে সৎবাদ এল যে, অগ্নিকুণ্ড নির্বাপিত হয়ে গেছে। সন্মাট খুবই দুঃখিত হলেন। প্রধান পুরোহিত বললঃ ঈশ্বর সন্মাটকে সালামত রাখুন। আমিও আজ রাতে স্বপ্ন দেখেছি যে, শক্ত উট আরবী ঘোড়াকে টেনে আনছে এবং দজলা পার হয়ে সমগ্র দেশে ছড়িয়ে পড়েছে। সন্মাট জিজ্ঞাসা করলেন : পুরোহিত, এবার কি হবে? সে বললঃ আরবের দিক থেকে কোন বিরাট ঘটনা সংঘটিত হবেন এরপর সন্মাট নো'মান ইবনে মুনফিরকে লিখলেন : কোন বিজ্ঞ ব্যক্তিকে আমার কাছে পাঠিয়ে দাও। আমি তাকে কিছু প্রশ্ন করব। নো'মান আবদুল মসীহ ইবনে আমির ইবনে হাসসান গাসসানীকে দরবারে পাঠিয়ে দিল। সন্মাট তাকে জিজ্ঞাসা করলেন : তুমি কি জান, আমি তোমাকে কি জিজ্ঞেস করতে চাই? সে বললঃ বাদশাহ সালামত বলুন। সঠিক জওয়াব জানা থাকলে আমি বলে দিব। নতুন্বা যে জানে, তাঁর ঠিকানা বলে দিব। সন্মাট তাকে সবকিছু খুলে বললেন। আবদুল মসীহ বললঃ আমার মায়া সাতীত্ এ বিশয়ে সবিশেষ জ্ঞাত আছেন। তিনি সিরিয়ার প্রান্ত দেশে বাস করেন। সন্মাট বললেন : তাকে নিয়ে এস। আমি তাকেই জিজ্ঞাসা করব। আবদুল মসীহ রওয়ানা হয়ে সাতীহের কাছে পৌছল। সে তখন মরনোন্মুখ। আবদুল মসীহ সালাম করলে সে মাথা তুলল এবং বললঃ আবদুল মসীহ একটি দ্রুতগামী উটে সওয়ার হয়ে সাতীহের কাছে এসেছে, যার মৃত্যু আসল। তোমাকে সাসানীদের সন্মাট প্রেরণ করেছে। কেননা, রাজপ্রাপাদে ভূক্ষ্মন হয়েছে। পারস্যের অগ্নিকুণ্ড নির্বাপিত হয়ে গেছে। প্রধান পুরোহিত স্বপ্ন দেখেছে যে, শক্ত উট আরবী ঘোড়াসমূহকে টেনে নিছে এবং দজলা পার হয়ে সমগ্র দেশে ছড়িয়ে পড়েছে। হে আবদুল মসীহ, যখন তেলাওয়াত বেশি হতে থাকে, লাঠি বাহক আত্মপ্রকাশ করে, সামাদাহ উপত্যকা পানিতে টগবগ করতে থাকে, সাদাত্ত্ব শুকিয়ে যায় এবং পারস্যের অগ্নিকুণ্ড শীতল হয়ে যায়, তখন

সাতীহের জন্যে সিরিয়া নয়। ব্যস গশুজের সম সংখ্যক সন্তাট হবে এবং যা হবার হয়ে যাবে।

একথা বলে সাতীহ মারা গেল। আবদুল মসীহ ফিরে এসে সন্তাটকে সমস্ত ঘটনা বলল। শুনে সন্তাট বললেনঃ যতদিনে আমাদের চৌদজন সন্তাট হবে, ততদিনে কতকিছু হবে কে জানে। কিন্তু চৌদজনের মধ্যে দশজন সন্তাট তো চার বছরের মধ্যেই অতিক্রান্ত হয়ে গেল। অবশিষ্ট চারজন হ্যরত ওহমান (রাঃ)-এর খেলাফত পর্যন্ত অবশিষ্ট থাকে। ইবনে আসাকির বলেনঃ এ হাদীসটি গরীব শ্রেণীভুক্ত। এটা কেবল মখ্যম তাঁর পিতার কাছ থেকে বর্ণনা করেছেন। আবু আইউব বাজালী এতে একক। ইবনে আসাকির তাঁর ইতিহাস গ্রন্থে সাতীহের আলোচনায় একথাই বলেছেন। আবদুল মসীহের আলোচনায় উপরোক্ত সনদে রেওয়ায়েত উদ্ভৃত করার পর তিনি বলেনঃ এটি মারফ ইবনে খরবুয় বিশ্বর ইবনে তায়ম মক্কী থেকেও রেওয়ায়েত করেছেন। আমি বলি, এই সনদে আবদানও কিতাবুছ-ছাহাবায় রেওয়ায়েত করেছেন। ইবনে হজর “আল এছাহাবা” গ্রন্থে একে মুরসাল বলেছেন।

খারায়েতী ও ইবনে আসাকির ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, ওয়ারাকা ইবনে নওফেল, যায়দ ইবনে আমর ইবনে নুফায়েল, ওবাযদুল্লাহ ইবনে জাহশ, ওহমান ইবনে হওয়ায়রিছ প্রমুখ কোরায়শ নেতা এক রাতে এক প্রতিমার কাছে সমবেত হন। তাঁরা দেখলেন যে, প্রতিমাটি উপুড় হয়ে মাটিতে পড়ে আছে। তাঁরা একে খারাপ মনে করে সোজা করে দিলেন। কিছুক্ষণ পর সেটি আবার সজোরে পড়ে গেল। তাঁরা আবার সোজা করে দিলেন। কিন্তু তৃতীয়বার আবার মাটিতে ঝুঁটিয়ে পড়ল। ওহমান ইবনে হওয়ায়রিছ বললেনঃ অবশ্যই কিছু একটা ঘটেছে। এটা ছিল নবী করীম (সাঃ)-এর জন্মের রাত্রি। এ স্থলে ওহমান এই কবিতা আবৃত্তি করেছিলেনঃ

হে মৃতি, তোর কাছে দূরদূরান্ত থেকে আগত আরব-সরদারগণ রয়েছেন।
আর তুই উল্টে পড়ে আছিস। ব্যাপার কি বল। তুই কি খেলা করছিসঃ

আমাদের দ্বারা কোন গোনাহ হয়ে থাকলে আমরা স্বীকার করি এবং গোনাহ থেকে বেঁচে থাকি। আর যদি তুই লাঞ্ছিত ও পরাভূত হয়ে মাথা নত করে থাকিস, তবে তুই প্রতিমাদের সরদার ও প্রভু নস।” এরপর তাঁরা প্রতিমাটি পুণ্যায় খাড়া করে দিলেন। এরপর সেটির ভিতর থেকে আওয়াজ এলঃ এ প্রতিমা ধ্বংস হয়ে গেছে সে শিশুর কারণে, যার নূরে সমগ্র বিশ্ব আলোকময় হয়ে গেছে। তাঁর আগমনে সকল প্রতিমাই ভূমিসাং হয়ে গেছে। রাজ-রাজড়াদের অন্তর্ভুক্ত ভয়ে কেঁপে উঠেছে। পারস্যের অগ্নিকুণ্ড নিতে গেছে। ফলে পারস্য সন্তাট খুবই মর্মাহত হয়েছেন। অতিদীর্ঘবাসীদের কাছ থেকে তাদের জিনেরা উধাও হয়ে গেছে। এখন

তাদেরকে কেউ সত্য-মিথ্যা খবর পৌছাবে না। হে বনু-কুছাই, পথভ্রষ্টতা পরিত্যাগ কর এবং প্রকৃত সত্যের সুশীতল ছায়াতলে আশ্রয় নাও।

খারায়েতী হেশাম ইবনে ওরওয়া থেকে, তিনি নিজের পিতা থেকে, তিনি তাঁর দাদী আসমা বিনতে আবু বকর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যায়দ ইবনে আমর ইবনে নুফায়েল ও ওয়ারাকা ইবনে নওফেল বলেছেন - আমরা মক্কা থেকে আবরাহার প্রত্যাবর্তন করার পর আবিসন্নিয়া সন্তাট নাজাশীর কাছে গেলাম। তিনি বললেনঃ হে কোরায়শগণ সত্য বল, তোমাদের মধ্যে এমন কোন শিশু জন্মগ্রহণ করেছে কি, যার বাপ তাকে বলী দান করার ইচ্ছা করেছিল? এরপর লটারীর মাধ্যমে আরও অনেক উট যবেহ করে তাকে বাঁচিয়ে রেখেছিলঃ আমরা বললাম, হাঁ, এরপ শিশু জন্মগ্রহণ করেছিল। নাজাশী জিজেস করলেনঃ তোমরা জান কি যে, সে পরে কি করেছে? আমরা বললামঃ সে আমেনা নামী এক মহিলাকে বিবাহ করেছে এবং তাকে গর্ভবতী রেখে ইন্দোকাল করেছে।

সন্তাট আবার প্রশ্ন করলেনঃ তোমরা কি জান, গর্ভের এই শিশু জন্মগ্রহণ করেছে কি না?

জবাবে ওয়ারাকা বললেনঃ আমি এক রাতে এক প্রতিমার কাছে ছিলাম। আমি সেটির ভিতর থেকে এই আওয়াজ শুনেছিঃ নবী পয়দা হয়ে গেছেন। সন্তাটেরা লাঞ্ছিত হয়েছে। গোমরাহী দূর হয়ে গেছে এবং শিরক মিটে গেছে।

এরপর প্রতিমাটি উপুড় হয়ে পড়ে গেল। যায়দ বললেনঃ হে বাদশাহ! আমার কাছেও এমনি ধরনের খবর আছে। আমি সেই পবিত্র রাতে স্বপ্নযোগে আবু কুবায়স পাহাড়ে পৌছে এক ব্যক্তিকে আকাশ থেকে অবতরণ করতে দেখলাম তার দু'টি সবুজ পাখা ছিল। সে কিছু সময় আবু কুবায়স পাহাড়ে অবস্থান করে মক্কায় এসে বললঃ শয়তান লাঞ্ছিত হয়েছে। মুর্তিপূজা খতম হয়ে গেছে। “আমীন” জন্মগ্রহণ করেছেন। এরপর সে একটি কাপড় খুলে পূর্ব ও পশ্চিমে ছড়িয়ে দিল। আমি দেখলাম, কাপড়টি সমগ্র আকাশের নীচে তাঁবুর মত হয়ে গেল। এরপর একটি নূর উদিত হল, যার চাকচিক্যে আমার চক্ষু ঝলসে গেল। এসব দেখে আমি ভীত হয়ে গেলাম। এ গায়েবী আওয়াজকারী আপন পাখা নাড়া দিল এবং কা’বার উপর পতিত হল। এরপর একটি নূর উদিত হলে মক্কার ভূখণ্ড উন্নাসিত হয়ে গেল। সে বললঃ ভূপৃষ্ঠ পবিত্র হয়ে গেছে এবং সে তার সজীবতা উন্নীরণ করেছে। এরপর সে কা’বা গৃহে রক্ষিত প্রতিমাদের প্রতি ইশারা করলে সেগুলো ভূমিসাং হয়ে গেল।”

নাজাশী বললেনঃ এখন আমার কথা শুন। আমি সে রাতেই আমার শয়যায় নির্দিত ছিলাম। স্বপ্নে দেখি হঠাৎ মাটি ভেদ করে একটি গৌবাও ও মাথা বের হল। সে বললঃ হস্তীবাহিনী ধ্বংস হয়ে গেছে। আবাবীল পাখী তাদেরকে কংক্রি নিক্ষেপ করে

নাত্তোন্নাবৃদ্ধ করে দিয়েছে। পাপী-অপরাধীদের আশ্রমও খতম হয়ে গেছে। নবী মক্কী, জন্মগ্রহণ করেছেন। এখন যে তাঁর কথা মানবে, সে সফলকাম হবে। আর যে অবাধ্য হবে... এতটুকু বলে সে অদৃশ্য হয়ে গেল। আমি চীৎকার করতে চাইলাম; কিন্তু আমার মুখ দিয়ে আওয়াজ বের হল না। আমি পালাতে চাইলাম; কিন্তু দাঁড়াতে পারলাম না। এরপর আমার গৃহের লোকজন আমার কাছে এসে গেল। আমি তাদেরকে বললামঃ হাবশী লোকদেরকে আমার সম্মুখ থেকে সরিয়ে দাও। তাঁরা তাই করল।

নবী করীম (সাঃ) খতনা অবস্থায় জন্মগ্রহণ করেছেন

তিবরানী, আবু নয়ীম, খতীব ও ইবনে আসাকির হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, রসূলে করীম (সাঃ) এরশাদ করেছেন— আমার পরওয়ারদেগার আমাকে এক সম্মান এই দান করেছেন যে, আমি খতনা অবস্থায় ভূমিষ্ঠ হয়েছি। কেউ আমার গুণ অঙ্গ দেখেনি।

ইবনে সা'দ ইউনুস ইবনে আতা থেকে, তিনি হাকাম ইবনে আবান থেকে, তিনি ইকরিমা থেকে, তিনি ইবনে আববাস (রাঃ) থেকে এবং তিনি তাঁর পিতা হ্যরত আববাস ইবনে আবদুল মুস্তালিব থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) নালকাটা ও খতনা অবস্থায় ভূমিষ্ঠ হয়েছেন। আবদুল মোস্তালিবের কাছে বিষয়টি অভিনব মনে হয়। ফলে তাঁর দৃষ্টিতে নবী করীম (সাঃ)-এর মর্যাদা বেড়ে যায়। তিনি বললেনঃ আমার এই বৎসের বিরাট শান হবে। শেষ পর্যন্ত তাই হয়েছে। এই রেওয়ায়েতটি বায়হাকী, আবু নয়ীম ও ইবনে আসাকিরও বর্ণনা করেছেন।

ইবনে আদী ও ইবনে আসাকির আতা থেকে এবং তিনি হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) নালকাটা ও খতনাকৃত অবস্থায় জন্মগ্রহণ করেছেন।

ইবনে আসাকির হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) খতনাকৃত অবস্থায় জন্মগ্রহণ করেছেন।

হাকেম মুস্তাদরাক গ্রন্থে বলেনঃ রাসূলুল্লাহ (সাঃ)-এর খতনা সংক্রান্ত রেওয়ায়েতগুলো মুতাওয়াতিরের পর্যায়ে পৌছে গেছে।

ইবনে দুরায়দের ‘আলওয়াশাহ’ গ্রন্থে আছে, ইবনুল কলবী কা’বে আহবারের বক্তব্য উদ্বৃত্ত করেছেন, আমরা আমাদের কিতাবে পাই যে, হ্যরত আদম (আঃ) ও অন্য বারজন নবী খতনাকৃত অবস্থায় জন্মগ্রহণ করেছেন। তাঁদের মধ্যে হ্যরত মোহাম্মদ (সাঃ) হচ্ছেন সর্বশেষ নবী। মাঝখানে রয়েছেন হ্যরত শীস, ইদরীস, নূহ, লূত, ইউসুফ, মূসা, সোলায়মান, শোয়ায়ব, ইয়াহইয়া, হুদ এবং ছালেহ (আঃ)

তিবরানী, আবু নয়ীম ও ইবনে আসাকির আবু বকরাহ থেকে রেওয়ায়েত করেন যে, জিবরাঈল (আঃ) যখন নবী করীম (সাঃ)-এর কলব পাক করেন, তখন তাঁর খতনাও করেন।

দোলনায় চাঁদের সাথে কথাবার্তা

বায়হাকী, ছাবুনী, খতীব ও ইবনে আসাকির হ্যরত আববাস ইবনে আবদুল মোস্তালিব (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি রাসূলুল্লাহ (সাঃ)-কে বললেনঃ ইয়া রাসূলুল্লাহ! আমি আপনার নবুয়তের এ আলামত দেখে ঈমান এনেছি যে, আপনি চাঁদের সাথে বাক্যালাপ করছিলেন এবং তার দিকে আঙুলে ইশারা করছিলেন। আপনি যেদিকে ইশারা করতেন, চাঁদ সেদিকেই হেলে যেত। রাসূলুল্লাহ (সাঃ) বললেনঃ আমি চাঁদের সাথে কথা বলছিলাম এবং চাঁদ আমার সাথে কথা বলছিল। সে আমাকে ক্রন্দনে সাত্ত্বনা দিছিল। চন্দ্র যখন আল্লাহর আরশের নীচে সেজদা করে, তখন আমি তার তস্বীহ শুনতে পাই।

বায়হাকী বলেনঃ এ হাদীসটি কেবল আহমদ ইবনে ইবরাহীম জেলী রেওয়ায়েত করেছেন, যিনি একজন মজহুল (অজ্ঞাত) রাবী। ছাবুনী বলেনঃ এ হাদীসের সনদ দুর্বল হলেও হাদীসের বাণী মোজেয়া অধ্যায়ে হাসান (গ্রহণযোগ্য)।

দোলনায় কথাবার্তা

হাকেম আবুল ফয়ল ইবনে হজর ‘সায়রুল ওয়াকেদী’ গ্রন্থে বর্ণনা করেন, নবী করীম (সাঃ) ভূমিষ্ঠ হয়েই কথা বলেন। ইবনে সবা ‘আল-খাছায়েছ’ গ্রন্থে উল্লেখ করেন যে, ফেরেশতারা তাঁর দোলনা নাড়িছিল এবং তিনি প্রথমে যে বাক্য বলেন, তা ছিল এই

اللَّهُ أَكْبَرُ كَبِيرًا — وَالْحَمْدُ لِلَّهِ كَثِيرًا

আল্লাহ মহান। তাঁর জন্যে অনেক অনেক প্রশংসা।

দুঞ্চপানকালে প্রকাশিত মোজেয়া

ইবনে ইসহাক, ইবনে রাহওয়াইহি, আবু ইয়ালা, তিবরানী, বায়হাকী, আবু নয়ীম ও ইবনে আসাকির আবুল্লাহ ইবনে জা'ফর ইবনে আবু তালেব থেকে হ্যরত হালীমা বিনতে হারেছেন উক্তি বর্ণনা করেন যে, হালীমা বলেন, আমি দুর্ভিক্ষের বছর সা'দ ইবনে বকরের কয়েকজন মহিলার সাথে মক্কা পৌছলাম। আমি আমার গাধায় সওয়ার হয়ে এলাম। আমার সাথে আমার স্বামী ও একটি শিশু ছিল। আর ছিল একটি বৃক্ষা উদ্ভী, সেটি এক ফোটা দুধও দিত না। শিশুকে সঙ্গে নিয়ে সে রাতে আমার বিন্দুমাত্রও ঘূম হল না। কেন না, আমার বুকে দুধ ছিল না, উদ্ভীও দুধ দিছিল না। মক্কা পৌছার পর আমার সঙ্গীয় সকল মহিলাকেই মক্কার সেই মহান শিশুটিকে

গ্রহণ করার প্রস্তাৱ দেয়া হল। কিন্তু তিনি এতীম শিশু- একথা শুনে কেউ তাঁকে গ্রহণ করতে সম্মত হল না। আমি ছাড়া সকল মহিলাই দুধপান করানোৱা জন্যে কোন না কোন শিশু পেয়ে গেল। আমার জন্যে রাসূলে কৱীম (সা:) ছাড়া গ্রহণ করার চৰ্তো কোন শিশু ছিল না। এমতাবস্থায় আমি আমার স্বামীকে বললাম, কোন শিশু ছাড়াই খালি হাতে ফিরে যাওয়া আমি পছন্দ করি না। আমি এ এতীম শিশুকেই নিয়ে নেই। স্বামীৰ সম্মতি পেয়ে আমি তাঁকেই নিয়ে নিলাম। তাঁকে কোলে নিয়ে তাঁৰ পৰ্যন্ত পৌছার পূৰ্বেই আমার বুক দুধে পূৰ্ণ হয়ে গেল। অতঃপৰ রাসূলুল্লাহ (সা:) ও তাঁৰ দুধভাই খুব তৃপ্ত হয়ে দুধপান কৱলেন। এৱপৰ আমার স্বামী আমাদেৱ বুড়ো উষ্ট্ৰীৰ ওলান দুধে পৰিপূৰ্ণ দেখতে পেলেন। উষ্ট্ৰীৰ দুধ দোহন কৱে তিনি নিজেও পান কৱলেন, আমিও পান কৱলাম। আমৰা সকলেই তৃপ্ত হয়ে সুনিদ্রার মধ্যে রাত্রি অতিবাহিত কৱলাম। আমার স্বামী আনন্দে গদ্ধ গদ্ধ হয়ে বললেন, হালীমা, তুমি খুবই বৱকতময় একটি শিশু গ্রহণ কৱেছ। দেখ, আজিকাৰ রাত্রি কেমন চমৎকাৰভাৱে অতিবাহিত হয়েছে!

মোটকথা, আমৰা দেশে ফিরে এলাম। ফেৱাৰ পথে আমার গাধী এত দ্রুত হাঁটছিল যে, কাফেলাৰ কোন গাধা তাৰ মোকাবিলা কৱতে পাৱছিল না। আমার সঙ্গীৱা বলল, হালীমা, এটা কি সেই গাধী, যাতে সওয়াৱ হয়ে তুমি আমাদেৱ সাথে এসেছিলে? আমি বললাম, হাঁ, সেই গাধীই। তাৱা বলল, এখন তো এৱ চমৎকাৰ রং দেখা যাচ্ছে। এভাৱে আমৰা বনু সাদেৱ জনপদে ফিরে এলাম। এৱ চেয়ে অধিক শুক্ষ কোন জনপদ ছিল না। কিন্তু আমার ছাগলগুলো সেখান থেকে সন্ধ্যায় পেট ভৱে ও দুধে পৰিপূৰ্ণ হয়ে ফিরে আসত। মোটকথা, আমৰা এবং আমাদেৱ গবাদিপশু মহাসুখে কালাতিপাত কৱছিলাম। অন্যদেৱ ছাগল এক ফোঁটা দুধ দিত না এবং সন্ধ্যায় ক্ষুধার্ত অবস্থায় ফিরে আসত। সকলেই আপন আপন রাখালকে বলত, তোমৰা সেই জায়গায় ছাগল চৰাও, যেখানে হালীমাৰ ছাগল চৰে। ওৱা আমার ছাগলেৱ সাথে চৰিয়েও যখন সন্ধ্যায় ছাগলপাল ফিরিয়ে আনত তখন সকল ছাগল ক্ষুধার্ত থাকত। তাৱে দুধ থাকত না। অথচ আমার ছাগল তৃপ্ত ও দুধে পৰিপূৰ্ণ থাকত। আল্লাহ তায়ালা এমনভাৱে আমাদেৱকে বৱকত দেখাতে থাকেন। অবশেষে নবী কৱীম (সা:) দু'বছৱেৰ ইয়ে গেলেন। তিনি এত দ্রুতগতিতে বেড়ে উঠছিলেন, যা সাধাৱণতঃ শিশুৰা বেড়ে উঠে না। দু'বছৱ বয়সেই তিনি যথেষ্ট বড় হয়ে গেলেন এবং যাওয়া দাওয়া শুৱ কৱলেন। অতঃপৰ আমৰা তাঁকে তাঁৰ জননীৰ কাছে নিয়ে এলাম। তাঁৰ অনেক বৱকত দেখে আমৰা তাঁকে নিজেদেৱ কাছে রাখতে আগ্রহী ছিলাম। তাই আমৰা তাঁৰ জননীকে বললাম, আপনি এ শিশুকে আৱও এক বছৱেৰ জন্যে আমাদেৱ কাছে দিয়ে দেন। আমৰা তাঁৰ মক্কাৰ অসুখ-বিসুখে আক্রান্ত হওয়াৰ আশংকা কৱি। এৱপৰ আমৰা খুব পীড়াপীড়ি কৱলাম। অবশেষে তিনি হাঁ বলে দিলেন।

নবী কৱীম (সা:)-কে সঙ্গে নিয়ে দু'তিন মাস অতিবাহিত হলে একদিন তিনি আমাদেৱ বাড়িৰ পিছনে গবাদিপশু বাঁধাৰ জায়গায় তাঁৰ দুধভাইয়েৰ সাথে খেলাধুলা কৱতে চলে গেলেন। কিছুক্ষণ পৰ তাঁৰ দুধ ভাই ফিরে এসে বলল, আমার কোৱায়শী ভাইয়েৰ কাছে সাদা পোষাকধাৰী দু'ব্যক্তি এসে তাঁকে শুইয়ে দিল এবং পেট চিৰে ফেলল। একথা শুনে আমি এবং তাঁৰ দুধ পিতা দৌড়ে সেখানে গেলাম। আমৰা দেখলাম তিনি দাঁড়িয়ে আছেন; কিন্তু মুখমণ্ডল বিৰুণ। তাঁৰ দুধ পিতা তাঁকে গলায় জড়িয়ে জিজ্ঞাসা কৱলেন, প্ৰিয় বৎস! তোমাৰ কি হয়েছে? তিনি বললেন, আমাৰ কাছে দু'জন সাদা পোষাকধাৰী আগমন কৱি। তাঁৰা আমাকে শুইয়ে দেয় এবং আমাৰ পেট বিদীৰ্ঘ কৱে সেখান থেকে কিছু বেৱ কৱে ফেলে দেয়। এৱপৰ পেট যেমন ছিল, তেমনি কৱে দেয়। তাঁৰ দুধ পিতা বললেন, আমাৰ আশংকা হয় যে, আমাৰ এই বাছাৰ উপৰ কোন কিছুৰ আছৱ তো হয়ে যায়নি! কাজেই কোন অপ্রিয় ঘটনা ঘটাৰ আগেই আমাদেৱ উচিত তাঁকে তাঁৰ পৰিবাৱেৰ কাছে পৌছে দেয়া।

সেমতে আমৰা তাঁকে নিয়ে তাঁৰ মাতাৱ কাছে গেলাম। তিনি বললেন, ব্যাপার কি, তোমৰা না তাৱ জন্যে অত্যন্ত আকাঙ্ক্ষী ছিলে? আমৰা বললাম, আমৰা তাঁৰ প্রাণ নাশেৰ অথবা কোন বড় দুর্ঘটনাৰ আশংকা কৱি। তিনি বললেন, না, এটা হতে পাৱে না। সত্য কথা বল কি হয়েছে? তাঁৰ পীড়াপীড়িতে আমৰা সমস্ত ঘটনা শুনিয়ে দিলাম। তিনি বললেন, তোমৰা কি তাঁৰ উপৰ শয়তানেৰ ভয় কৱছু? আল্লাহৰ কসম, শয়তান তাঁৰ বিৰুদ্ধে কোন পথ পেতে পাৱে না। আমাৰ এই বাছাধনেৰ শানই ভিন্ন। আমি তোমাদেৱকে তাঁৰ একটি ঘটনা শুনাৰ কি? আমৰা বললাম, অবশ্যই শুনান। তিনি বললেন, তাকে পেটে নিয়ে আমি সব সময় নিজকে অত্যন্ত হালকা পেয়েছি। গৰ্ভবত্ত্বায় আমি স্বপ্নে দেখেছি, একটি নূরেৰ উদয় হয়েছে। ফলে সিরিয়াৰ রাজপ্রাসাদ উজ্জ্বল হয়ে গেছে। এৱপৰ তিনি ভূমিষ্ঠ হলেন, তবে এভাৱে নয়, যেভাৱে শিশুৰ ভূমিষ্ঠ হয়। তাঁৰ হাত মাটিতে ঠেকানো ছিল এবং তিনি আকাশেৰ দিকে মাথা উত্তোলন কৱে রেখেছিলেন। যাক, তোমৰা তাঁকে ছেড়ে যাও।

বায়হাকী ও ইবনে আসাকিৰ মোহাম্মদ ইবনে যাকারিয়া গোলাবী থেকে, তিনি ইয়াকুব ইবনে জা'ফৰ ইবনে সোলায়মান থেকে, তিনি আলী ইবনে আবদুল্লাহ ইবনে আবুআস থেকে, তিনি তাঁৰ পিতা থেকে এবং তিনি তাঁৰ পিতা থেকে রেওয়ায়েত কৱলেন যে, হয়ৱত হালীমা (রা:) বলেন, রসূলুল্লাহ (সা:)-কে দুধ ছাড়ানো হলে তিনি বললেনঃ

اللَّهُ أَكْبَرُ كَيْرًا وَالْحَمْدُ لِلَّهِ كَثِيرًا وَسَبَحَانَ اللَّهِ بِكَرَةٍ وَاصْلَابًا

আল্লাহ অনেক মহান। আল্লাহর অনেক অনেক প্রশংসন। আমি সকাল-সন্ধ্যায় তাঁর পবিত্রতা ঘোষণা করি।

যখন তিনি কিছুটা বড় হলেন, তখন অন্য শিশুদেরকে খেলা করতে দেখে নিজে তা থেকে বেঁচে থাকতেন। একদিন আমাকে বললেন, আশ্মাজান, আমার ভাইকে দিনের বেলায় দেখি না কেন? আমি বললাম, আমার জীবন তোমার জন্যে উৎসর্গ, আপনার ভাই ছাগল চরাতে চলে যায়। সে সকালে গিয়ে সন্ধ্যায় ফিরে আসে। তিনি বললেন কাল থেকে আমাকেও তাঁর সাথে পাঠিয়ে দিবেন। পরদিন থেকে তিনি খুশী খুশী যেতেন এবং খুশী খুশী ফিরে আসতেন। এমনি এক দিনে সকলে বাইরে চলে গেলে দুপুরের সময় আমার এক পৃত্র সামুরাহ ভূত-আতঙ্কিত অবস্থায় দৌড়াতে দৌড়াতে বাড়ি এল। তার কপাল ঘর্মাঙ্গ ছিল। সে কেঁদে কেঁদে বলল, আবো, আবো, জলনি আমার ভাই মোহাম্মদের কাছে যাও। তাঁর কাছে পৌছে তাঁকে মৃত পাবে।

আমরা জিজেসা করলাম, কি হয়েছে?

সে বলল, আমরা দাঁড়িয়েছিলাম, এমন সময় এক ব্যক্তি এসে মোহাম্মদকে আমাদের মধ্য থেকে ছো মেরে পাহাড়ের চূড়ায় নিয়ে গেল। সেখানে তাঁর বক্ষ বিদারণ করল। এরপর কি হল, তা আমার জানা নেই।

একথি শুনে আমি এবং আমার স্বামী দৌড়ে গেলাম। আমরা দেখলাম তিনি পাহাড়ের চূড়ায় বসে আকাশের দিকে দেখছেন এবং মুচকি হাসছেন। আমি তাঁর উপর ঝুঁকে পড়লাম এবং কপাল চুম্বন করে বললাম, আমার জীবন তোমার জন্যে উৎসর্গ। তোমার কি হয়েছে?

তিনি বললেন, আশ্মাজান, সব ঠিক আছে। আমি দাঁড়িয়েছিলাম, এমন সময় তিনি ব্যক্তি আমার কাছে এল। তাদের একজনের হাতে রূপার একটি পাত্র ছিল। দ্বিতীয় জনের হাতে সবুজ পান্নার প্লেট ছিল, যা বরফে পরিপূর্ণ ছিল। তাঁরা আমাকে ধরে পাহাড়ের চূড়ায় নিয়ে গেল। সেখানে আমাকে আস্তে শুইয়ে দিল। এরপর তাদের একজন নাভি থেকে আমার পেট বিদীর্ঘ করল। আমি দেখতে থাকলাম; কিন্তু কিছু অনুভব করতে পারলাম না এবং কোন কষ্টও হয়নি। এরপর সে আপন হাত আমার পেটে চুকিয়ে নাড়িভৃত্তি বের করে নিল। এরপর সেগুলো বরফ দিয়ে উত্তমরূপে ধৌত করে পুনঃস্থাপন করল। অতঃপর দ্বিতীয় ব্যক্তি প্রথম ব্যক্তিকে বলল, সরে এস। আল্লাহ তোমাকে যে আদেশ করেছেন, তা পূর্ণ কর। সেমতে সে আমার কাছে এল এবং আমার পেটে হাত চুকিয়ে হৃদপিণ্ড বের করে নিল। সেটি বিদীর্ঘ করে তার মধ্য থেকে একটি কাল রক্তভর্তি বিন্দু বের করে দূরে নিক্ষেপ করল। সে বলল, হে আল্লাহর হাবীব, এটা শয়তানের অংশ ছিল। এরপর নিজের কাছ থেকে একটি বস্তু দিয়ে সেটি ভরে দিল। অতঃপর তার উপর একটি

নূরোজ্জুল মোহার এঁটে দিল, যার শীতলতা আমি এখনও শিরায় শিরায় অনুভব করছি। এরপর তৃতীয় ব্যক্তি দণ্ডয়মান হল এবং বলল, তোমরা উভয়ে সরে যাও। তোমরা আল্লাহর আদেশ পূর্ণ করেছ। এরপর সে আমার কাছে এল এবং আমার বুকের ফাটলে নাভি পর্যন্ত হাত বুলিয়ে বলল, তাঁকে তাঁর উম্মতের দশ ব্যক্তির মোকাবিলায় ওজন কর। তাঁরা আমাকে ওজন করলে আমি ভারী হলাম। সে বলল, ছাড়, যদি তোমরা তাঁকে সমস্ত উম্মতের মোকাবিলায় ওজন কর, তবুও তিনি ভারী হবেন। অতঃপর সে আমার হাত ধরে আস্তে দাঁড় করাল। সকলেই আমার উপর ঝুঁকে পড়ল এবং আমার মাথা ও কপাল চুম্বন করল। অতঃপর বলল, হে হাবীবে খোদা! আপনি তয় করবেন না। যদি আপনি জানতে পারেন যে, আপনার আল্লাহ আপনার কতটুকু মঙ্গল চান, তবে আপনার চক্ষুদ্বয় শীতল হয়ে যাবে। এরপর তাঁরা আমাকে তেমনি উপবিষ্ট রেখে আকাশের দিকে উড়ে গেল।

হ্যরত হালীমা বলেন, আমি শিশু রসূলুল্লাহ (সাঃ)-কে নিয়ে বনু সা'দের বস্তীতে এলাম। লোকেরা বলতে লাগল, তাঁকে নিয়ে অতীন্দ্রিয়বাদীর কাছে যাও। সে দেখেশুনে তাঁর চিকিৎসা করবে। কিন্তু রসূলুল্লাহ (সাঃ) বললেন, আমার কিছু হয়নি। আমার শরীর-মন সুস্থ ও সঠিক রয়েছে। কিন্তু লোকেরা আমাকে বলতেই থাকল যে, তাঁর উপর কোন কিছুর আছুর হয়ে গেছে। অবশ্যে তাঁরা আমার মতের উপর প্রবল হয়ে গেল এবং আমি তাঁকে জনৈক অতীন্দ্রিয়বাদীর কাছে নিয়ে গেলাম। আমি তাঁকে সমস্ত ঘটনা খুলে বললে সে বলল, তুমি থাম। আমি খোদ বালকের কাছ থেকে শুনে নিছি। কেন না, সে নিজের ব্যাপারে অধিক জ্ঞাত।

অতঃপর সে শিশু মহানবীকে (সাঃ) লক্ষ্য করে বলল : হে বালক, বলতো তোমার ঘটনা কি? রসূলুল্লাহ (সাঃ) আদ্যোপাত্ত সমস্ত ঘটনা শুনালেন, যা শুনে অতীন্দ্রিয়বাদী একদম লাফিয়ে উঠল এবং ডাকতে আরম্ভ করল, হে আরববাসীগণ! এক মহা অনিষ্ট সন্নিকটে। এ বালক এবং আমাকে এক সাথে হত্যা কর। যদি তোমরা তাকে ছেড়ে দাও এবং সে বড় হয়, তবে বড়দের জ্ঞানবুদ্ধিকে ভ্রষ্ট করে দিবে। তোমাদের ধর্মকে মিথ্যা বলবে। তোমাদেরকে এক অচেনা প্রতিপালকের দিকে আহবান করবে এবং এমন এক ধর্মের দিকে দাওয়াত দিবে, যার সাথে তোমার পরিচিত নও।”

হালীমা বলেন, এসব কথা শুনে আমি তাঁর হাত থেকে নবী করীম (সাঃ)-কে টেনে নিলাম এবং তাকে বললাম তুই-ই উন্নাদ ও বন্ধ পাগল। যদি আগে জানতাম তুই এমন কথা বলবি, তবে তোর কাছে আমি আমার এই বরকতময় শিশুকে নিয়ে আসতাম না। নিজেকে হত্যা করার জন্যে তুই নিজেই কাউকে ডেকে নে। আমি মোহাম্মদকে হত্যা করব না। এরপর আমি রসূলুল্লাহ (সাঃ)-কে নিয়ে গৃহে এলাম। পথিমধ্যে বনু সা'দের যে গৃহের কাছ দিয়েই তিনি গমন করতেন, তাঁর তরফ

থেকে মেশকের সুগন্ধি আসত। প্রত্যহ তাঁর কাছে দুজন সাদা ব্যক্তি আসত এবং তাঁর কাপড়ের মধ্যে গা ঢাকা দিত, এরপর আর আত্মপ্রকাশ করত না। লোকেরা বলত, হালীমা, তাঁকে তাঁর দাদার হাতে ফিরিয়ে দাও। সেমতে আমি তাঁকে ফিরিয়ে দিতে দৃঢ় সংকল্প হলাম। এরপর আমি এ আওয়াজ শুনলাম- হে মকার কংকরময় ভূমি! তোমাকে মোর্মারকবাদ। আজিকার দিনে তুমি তোমার নূর, তোমার ধর্ম, তোমার দৃতি ও তোমার পূর্ণতা ফিরে পাচ্ছ। তুমি শান্তিময় হয়ে যাও। তুমি কখনও লাঞ্ছিত ও অপমানিত হবে না।'

হ্যরত হালীমা বলেন, আমি আবদুল মোতালিবকে সবকিছু খুলে বললে তিনি বললেন, হালীমা, আমার এ বাছার বিরাট শান হবে। আমি তাঁর সময়কাল পাওয়ার বাসনা রাখি।

বায়হাকী যুহুরী থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) আপন পিতামহ আবদুল মোতালিবের লালন-পালনে ছিলেন। তিনি তাঁর জন্যে বনু সাঁ'দের এক মহিলাকে দুধ পান করানোর জন্যে মোতায়েন করেন। সে মহিলা তাঁকে নিয়ে ওকায়ের বাজারে পৌছলে জনৈক অতীন্দ্রিয়বাদী তাঁকে দেখে বলতে লাগল, হে ওকায়বাসীগণ! এ বালককে হত্যা কর। কেন না, সে বাদশাহ হবে। একথা শুনে রসূলুল্লাহ (সাঃ)-এর দুধ মা তাঁকে ওর হাত থেকে ছিনিয়ে নিলেন। এভাবে আল্লাহ তাঁকে রক্ষ করলেন। এরপর রসূলে করীম (সাঃ) ধাত্রীমাতার কাছেই লালিত পালিত ও বড় হন। যখন হাঁটতে শুরু করেন, তখন তাঁর দুধ ভগিনী তাঁকে কোলে নিয়ে বাইরে যেতো। একদিন সেই ভগিনী এসে বলতে লাগল, আশ্বাজান, আমি দেখলাম কিছু লোক এসে আমাদের কোরায়শী ভাইকে ধরে তাঁর পেট বিদীর্ণ করে দিল। একথা শুনে দুধ মা দৌড়ে সেখানে গেলেন এবং তাঁকে উপস্থিত দেখতে পেলেন। কিন্তু তাঁর মুখমণ্ডল বিবর্ণ ছিল। দুধ মা তাঁকে নিয়ে তাঁর জননী আমেনার কাছে যেয়ে বললেন, আপনার শিশুকে আমার কাছ থেকে নিয়ে নিন। আমি তাঁর প্রাণ নাশের আশংকা করি।

আমেনা বললেন, আল্লাহর কসম, আমার পুত্র সম্পর্কে তোমার আশংকা অমূলক। আমি তো তাঁকে জন্মের সময় দেখেছি যে, তাঁর উভয় হাত মাটিতে ঠেকানো ছিল এবং মন্তক আকাশের দিকে উথিত ছিল।

এরপর রসূলুল্লাহ (সাঃ) জননী ও পিতামহ তাঁর দুধ ছাড়িয়ে দেন। এরপর তাঁর জননীর ইন্তেকাল হয়ে গেল। তিনি এতীম হয়ে দাদার লালন-পালনে এসে গেলেন। শিশু অবস্থায় তিনি দাদার তাকিয়া এনে তার উপর বসে যেতেন। দাদা বেশ বার্ধক্য বস্থায় উপনীত ছিলেন। একটি বালিকা তাঁকে ধরে তাকিয়ার কাছে নিয়ে আসত। বালিকা নবী করীম (সাঃ)-কে বলত, হে বালক, তোমার দাদার বালিশ থেকে সরে যাও। এতে আবদুল মোতালিব বলতেন, আমার বাছাকে তাকিয়া

উপরই থাকতে দাও। সে আপাদমন্তক কল্যাণ। এরপর তাঁর দাদাও শুফাত পেয়ে গেলেন এবং তিনি চাচা আবু তালেবের লালন-পালনে এসে গেলেন। যখন তিনি বেশ বড় হয়ে গেলেন, তখন আবু তালেব তাঁকে শামদেশে বাণিজ্য সফরে নিয়ে গেলেন। তায়মা পৌছার পর এক ইহুদী আলেম তাঁকে দেখে আবু তালেবকে বলল, এ বালক আপনার কি হয়? আবু তালেব বললেন, আমার ভাতিজা। আলেম বললেন, আপনি কি ওকে ভালবাসেন? আবু তালেব "হাঁ" বললে সে বলল, আল্লাহর কসম, আপনি তাঁকে শামদেশে নিয়ে গেলে ইহুদীরা তাকে হত্যা করবে। কেন না ওরা তাঁর দুশমন। একথা শুনে আবু তালেব রসূলুল্লাহ (সাঃ)-কে মকায় ফিরিয়ে আনলেন।

আবু ইয়ালা, আবু নয়ীম ও ইবনে আসাকির শাদাদ ইবনে আউস থেকে রেওয়ায়েত করেন যে, বনী-আমেরের এক ব্যক্তি রসূলুল্লাহ (সাঃ)-কে জিজ্ঞাসা করল, আপনার নবুয়তের স্বরূপ কি? তিনি বললেন, আমার নবুয়তের সূচনা এই যে, আমি হ্যরত ইবরাহীম (আঃ)-এর দোষা, ভাই ইসা (আঃ)-এর সুসংবাদ এবং মা আমেনার প্রথম সন্তান। যখন আমি মাতার গর্ভে স্থিত হই, তখন তিনি তেমনি বোৰা অনুভব করেন, যেমন মহিলারা অনুভব করে। এরপর আমার মাতা স্বপ্নে দেখেন যে, তাঁর পেটে নূর আছে। আমার মাতা বলেন, আমি এ নূরের পিছনে দৃষ্টিনিষ্কেপ করতাম, আর নূর সম্মুখে অগ্রসর হয়ে যেত। অবশেষে এ নূরে পূর্ব ও পশ্চিম আলোকোজ্জ্বল হয়ে গেল। এরপর আমি যখন জন্মগ্রহণ করলাম ও বড় হলাম, তখন কোরায়শদের প্রতিমা ও কাব্যের প্রতি আমার অস্তরে ঘৃণা সৃষ্টি হল। যখন আমি বনী-লায়ছ ইবনে বকরে দুধ পান করতাম, তখন একদিন আমি সঙ্গীদের সাথে গৃহের লোকজন থেকে বিছিন্ন হয়ে এক উপত্যকায় পৌছে গেলাম। আমার কাছে তিনি ব্যক্তি এল। তাদের মধ্যে একজনের কাছে বরফভর্তি স্বর্ণের প্লেট ছিল। সে আমাকে সঙ্গীদের মধ্য থেকে ধরে নিল। সঙ্গীরা সকলেই গোত্রের দিকে দৌড়ে পালিয়ে গেল। আগস্তুকদের একজন আমাকে ধরে আস্তে মাটিতে শুইয়ে দিল। অতঃপর নাভি থেকে বুক পর্যন্ত চিরে দিল। আমি সব কিছু দেখছিলাম; কিন্তু কোন অনুভূতি ছিল না। এরপর সে আমার পেট থেকে নাড়িভুঁড়ি বের করল এবং সেগুলো বরফ দিয়ে উত্তমরূপে ধৌত করল। অতঃপর সেগুলো পুনরায় যথাস্থানে স্থাপন করল। এরপর দ্বিতীয় ব্যক্তি এগিয়ে এল এবং সঙ্গীকে বলল, সরে যাও। সে তার হাত আমার পেটে চুকিয়ে আমার হৃদপিণ্ড বের করল। এটি চিরে তার মধ্য থেকে একটি কাল মাংসপিণ্ড বের করে ফেলে দিল। অতঃপর হাতের সাহায্যে ডানে বামে কিছু তালাশ করল। আমি দেখলাম তাঁর হাতে নূরের একটি চাকচিক্যময় আঁটি রয়েছে। সে সেটি দিয়ে আমার হৃদপিণ্ডে মোহর এঁটে দিল। এটা ছিল নবুয়তের নূর ও প্রজ্ঞা। এরপর আমার হৃদপিণ্ডটি যথাস্থানে স্থাপন করল। আমি দীর্ঘকাল পর্যন্ত এ মোহরের শীতলতা অস্তরে অনুভব করেছি।

এরপর তৃতীয় ব্যক্তি তাঁর সঙ্গীকে বলল, সরে যাও। সে আমার বুকের উপর নাভি পর্যন্ত হাত বুলাল। ফলে আল্লাহর হুকুমে কাটা অংশটি সংযুক্ত হয়ে গেল। অতঃপর সে আমার হাত ধরে আস্তে দাঁড় করাল এবং প্রথম ব্যক্তিকে বলল, তাঁকে তাঁর উম্মতের দশ ব্যক্তির মোকাবিলায় ওজন কর। সে ওজন করলে আমি ভারী হলাম। অতঃপর সে বলল, তাঁকে তাঁর উম্মতের একশ জনের মোকাবিলায় ওজন কর। সে তাই করল। এখানেও আমি ভারী হয়ে গেলাম। অগত্যা সে বলল, ছাড়। যদি তোমরা তাঁকে তাঁর সমগ্র উম্মতের মোকাবিলায় ওজন কর, তাহলেও সে ভারী হবে। এরপর তাঁরা আমাকে বুকে জড়িয়ে ধরল এবং আমার মাথা ও কপাল চুম্বন করে বলল, হে আল্লাহর হাতীব, আপনি ভয় করবেন না। কেন না, আপনার জন্যে যে কল্যাণের ইচ্ছা করা হয়েছে, তা জানতে পারলে আপনার চক্ষু শীতল হয়ে যাবে। এরপর গোত্রের লোকজন আগমন করলে আমি তাদেরকে সমুদয় বৃত্তান্ত বললাম। কিছু লোকে বলল, এ বালকের উপর আছুর হয়েছে। তাকে আমাদের অতীন্দ্রিয়বাদীর কাছে নিয়ে চল। সে দেখে শুনে চিকিৎসা করবে। আমি বললাম, তোমাদের ধারণা সঠিক নয়। আমার কিছুই হয়নি। আমার প্রাণ সুস্থ এবং অস্তর সব ঠিক আছে। আমার দুধ পিতা বললেন, তোমরা দেখতেই পাচ্ছ যে, সে ঠিক ঠিক কথবার্তা বলছে। আমার মনে হয় আমার বাছাধনের কিছুই হয়নি। শেষ পর্যন্ত তাঁরা সকলেই আমাকে অতীন্দ্রিয়বাদীর কাছে নিয়ে গেল এবং আমার ঘটনা শুনাল। সে বলল, তোমরা চুপ থাক। আমি বালকের মুখ থেকেই শুনতে চাই। সে নিজের অবস্থা সম্পর্কে অধিক জ্ঞাত। আমি তাকে সমস্ত ঘটনা বললাম। আমার কথা শুনে সে আমাকে নিজের বুকে চেপে ধরল এবং উচ্চেঃস্বরে ডাকতে শুরু করল, হে আরববাসীগণ! হে আরববাসীগণ! এ বালককে হত্যা কর এবং আমাকেও হত্যা কর। লাত ও ওয়্যার কসম, তোমরা তাকে ছেড়ে দিলে সে বড় হয়ে তোমাদের ধর্ম বদলে দিবে। তোমাদের ও তোমাদের বাপদাদার জ্ঞানবুদ্ধি ভর্ষ করে দিবে। তোমাদের প্রতিটি কথার বিরোধিতা করবে এবং এমন এক ধর্ম প্রতিষ্ঠিত করবে, যার কথা তোমরা আজ পর্যন্ত শুননি।

আমি আমার দুধ মার দিকে ঝুঁকে পড়লাম। তিনি আমাকে তাঁর কোল থেকে বের করে আনলেন এবং তাকে বললেন, তুই একটা বদ্ধ পাগল ও নির্বোধ। তুই এরূপ বলবে, তা আগে জানলে কখনও তোর কাছে এ শিশুকে নিয়ে আসতাম না। নিজের হত্যাকারীকে নিজেই ডেকে নে। আমি এই শিশুকে নিহত হতে দিব না। এরপর লোকেরা আমাকে গৃহের লোকজনের কাছে নিয়ে এল।

আবু নয়ীম বলেন, এ হাদীসে আছে যে, আমেনা গর্ভাবস্থায় বোৰা অনুভব করেছেন। অন্যান্য হাদীসে আছে যে, তিনি বোৰা অনুভব করেননি। উভয় প্রকার হাদীসের মধ্যে সমৰ্থ্য এভাবে হতে পারে যে, গর্ভের প্রাথমিক পর্যায়ে বোৰা

অনুভব করেছেন এবং পরে সমগ্র সময়ে বোৰা অনুভূত হয়নি। এভাবে উভয় অবস্থায় সাধারণ অভ্যাসের বিপরীত হবে।

আবু নয়ীম হ্যরত বুরায়দাহ থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সা:) বনু সাদ ইবনে বকরে দুধপান করেছেন। তাঁর জন্মনী তাঁর দুধ মাকে বললেন, আমার বাছাধনের প্রতি খেয়াল রাখবে। তাঁর জন্মের সময় আমি দেখেছি যে, আমার শরীর থেকে একটি স্ফুলিঙ্গ উদিত হয়েছে, যার ফলে সমগ্র ভূপৃষ্ঠ উজ্জ্বল হয়ে গেছে। এ আলোকে আমি সিরিয়ার রাজপ্রাসাদ দেখতে পেয়েছি। একদিন তাঁর দুধ মা এক অতিন্দ্রিয়বাদীর কাছ দিয়ে গমন করছিলেন। মানুষ তাকে নানাবিধ প্রশ্ন করছিল। হালীমাও কৌতুহল বশতঃ শিশু মুহম্মদকে (সা:) নিয়ে সেখানে গেলেন। অতিন্দ্রিয়বাদী তাঁকে দেখে জড়িয়ে ধরল এবং বলল, লোক সকল! একে হত্যা কর, একে হত্যা কর। দুধ মা বলেন, একথা শুনে আমি তার উপর ঝাপিয়ে পড়লাম এবং রসূলুল্লাহ (সা:) -কে ধরে ফেললাম। ইতিমধ্যে আমাদের গোত্রের লোকজনও এসে গেল। তারা তাঁকে অতিন্দ্রিয়বাদীর কবল থেকে উদ্ধার করল।

ইবনে সা'দ, আবু নয়ীম ও ইবনে আসাকির ইয়াহইয়া ইবনে এয়াফিদ সা'দী থেকে রেওয়ায়েত করেন যে, বনী-সা'দ ইবনে বকরের দশ জন মহিলা দুঃখপোষ্য শিশু গ্রহণ করার উদ্দেশ্যে মকায় আসে। হালীমা ছাড়া সকলেই শিশু পেয়েযায়। হালীমার জন্মে রসূলুল্লাহ(সা:) -কে পেশ করা হলে তিনি বললেন, এতীম শিশু, তেমন অর্থ-সম্পদও নেই। তাঁর জন্মনী কি-ই বা দিতে পারবেন। কিন্তু হালীমার স্বামী বলল, নিয়ে নাও। সম্ভবতঃ আল্লাহ তায়ালা তাঁর মধ্যে আমাদের জন্যে কল্যাণ রেখেছেন। সেমতে তাঁরা রসূলুল্লাহ (সা:) -কে গ্রহণ করলেন। তাঁকে বুকে শোয়ানোর সাথে সাথে হালীমার স্তন দুধে পরিপূর্ণ হয়ে গেল। এ দুধ তিনি এবং তাঁর দুধভাই মিলে পান করলেন। অথচ ইতিপূর্বে তাঁর দুধভাই ক্ষুধার জ্বালায় ঘুমাতে পারত না। রসূলুল্লাহ (সা:) এর মাতা হালীমাকে বললেন, হে দুঃখদাতী, এ শিশু সম্পর্কে কাউকে জিজ্ঞাসা করে নিয়ো। তাঁর অবশ্যই আলাদা শান হবে। এরপর তাঁর সম্পর্কে তিনি যা যা দেখেছিলেন ও শুনেছিলেন, সব হালীমাকে শুনালেন। তিনি আরও বললেন, আমাকে এ পর্যন্ত বলা হয়েছে যে, এ শিশুটিকে বনী সা'দ ইবনে বকর এবং এরপর আবু সয়ায়বের লোকজনের মধ্যে দুধপান করাবে। হ্যরত হালীমা বলেন, আমার স্বামীই আবু সুয়ায়ব।

অতঃপর হালীমা আপন গাধীর পিঠে এবং তাঁর স্বামী বৃঞ্জা উদ্ধীর পিঠে সওয়ার হয়ে গেলেন। তাঁরা সরার উপত্যকায় সঙ্গনীদের অংশে চলে গেলেন। তাদের সওয়ারী মাথা উচু করে দ্রুতগতিতে পথ অতিক্রম করছিল। সঙ্গনীরা বলল, হে হালীমা, তুমি কি করলে? হালীমা বললেন, আমি এক কল্যাণকর ও বরকতময় শিশু গ্রহণ করেছি। এরপর অতিশীঘ্রই মহিলারা আমার প্রতি হিংসা করতে লাগল।

আবু নয়ীম ওয়াহেদী থেকে, তাঁর থেকে আবদুজ্জ ছামাদ ইবনে মোহাম্মদ ইবনে সাদী, তাঁর থেকে তাঁর পিতা, পিতা থেকে দাদা বর্ণনা করেন যে, তিনি বলেন, হ্যরত হালীমার রাখালরা বর্ণনা করেছে যে, হালীমার ছাগলগুলো মাঠে ঘাস খাওয়ার সময় মাথা পর্যন্ত তুলত না। সবুজতা তাদের মুখে এবং বিষায়ও দৃষ্টিগোচর হত। অথচ অন্য সব ছাগল বসে থাকত। তারা ত্নখন্ত পর্যন্ত থেকে পেত না এবং সন্ধ্যায় সকালের চেয়ে বেশী ক্ষুধার্ত থাকত।

নবী করীম (সা:) হ্যরত হালীমার কাছে প্রথম দফায় দু'বছর অবস্থান করেন। এরপর তাঁর দুধ ছাড়িয়ে দেয়া হয়। যখন তিনি চার বছরের হলেন, তখন হালীমা তাঁকে মাতার কাছে নিয়ে এলেন। তাঁর বরকত ও কল্যাণ দেখে তাঁকে পুনরায় নিয়ে যাওয়ার বাসনা প্রকাশ করলেন। ফেরার পথে সাদ উপত্যকায় পৌছলে আবিসিনিয়ার কিছু লোক তাদের সাথে মিলিত হয়। তাঁরা রসূলুল্লাহ (সা:)-কে গভীর দৃষ্টিতে দেখল। তাঁর কাঁধে নবুয়তের মোহর এবং চোখের লালিমা দেখে তারা হ্যরত হালীমাকে জিজাসা করল, শিশুটির চোখে কোন রোগ আছে কি? হালীমা বললেন, চোখের এ লালিমা কোন রোগের কারণে নয়; বরং এটা স্থায়ীভাবেই আছে। তারা বলল, আল্লাহর কসম, ইনি নবী হবেন।

যুলমাজাসে নামক স্থানে এক ব্যক্তি বাস করত, সে মুখের ভাব দেখে স্বভাব বলে দিত। মানুষ তার কাছে শিশুদেরকে দেখানোর জন্যে নিয়ে যেত। হ্যরত হালীমাও একদিন রসূলুল্লাহ (সা:)-কে নিয়ে গেলে সে তাঁর চোখের লালিমা ও নবুয়তের মোহর দেখে চিংকার করে বলল, হে আরববাসীগণ, এ শিশুকে হত্যা কর। সে তোমাদের ধর্মকে হত্যা করবে। তোমাদের প্রতিমা ভেঙ্গে দিবে। তোমাদের উপর প্রাধান্য বিস্তার করবে। হালীমা রসূলুল্লাহ (সা:)-কে সেখান থেকে নিয়ে এলেন এবং আর কখনও কাউকে দেখাননি।

ইবনে সাদ ও হাসান ইবনে তাররাহ যায়দ ইবনে আসলাম থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত হালীমা যখন নবী করীম (সা:)-কে গ্রহণ করেন, তখন মাতা আমেনা তাকে বলেন, তুমি একজন বড় মর্যাদাবান শিশু গ্রহণ করেছ। সে যখন আমার গর্ভে ছিল, তখন আমার এমন কোন কষ্ট হয়নি, যা এ সময় মহিলাদের হয়ে থাকে। এরপর ভূমিষ্ঠ হওয়ার সময় এলে আমাকে বলা হয় যে, তুমি একটি পুত্র সন্তান প্রসব করবে। তাঁর নাম রাখবে আহমদ। সে সারা জাহানের সরদার হবে। এরপর যখন তিনি জন্মগ্রহণ করলেন, তখন তাঁর হাত মাটিতে ঠেকানো ছিল এবং মাথা আকাশের দিকে উঠিত ছিল। অতঃপর হালীমা স্বামীর কাছে যেয়ে সকল কথা শুনালেন। তিনি এসব কথা শুনে আনন্দিত হলেন। এরপর হালীমা নিজের গাধীর পিঠে সওয়ার হয়ে এবং তাঁর স্বামী দুধে পরিপূর্ণ উষ্ণিতে সওয়ার হয়ে রওয়ানা হলেন। স্বামী সকাল বিকাল উষ্ণীর দুধ দোহন করতেন। হালীমা বলেন, ইতিপূর্বে

আমি আমার শিশুকে দুধ পান করাতে পারতাম না। সে ক্ষুধার কারণে আমাদেরকে নিদ্রা যেতে দিত না। কিন্তু এখন এ শিশু ও তার দুধ ভাই উভয়েই ত্রুট হয়ে দুধপান করত এবং ঘুমিয়ে পড়ত। যদি তৃতীয় আর একটি শিশুও থাকত, তবে সে-ও ত্রুট হয়ে দুধপান করতে পারত।

হ্যরত হালীমা নবী করীম (সা:)-কে নিয়ে হ্যায়ল গোত্রের স্বভাব বর্ণনাকারীর কাছে পৌছলেন। সে তাঁকে দেখেই চীৎকার করে বলতে লাগল, হে আরব জাতি, এই শিশুকে হত্যা কর। সে তোমাদের ধর্মাবলম্বী লোকদেরকে হত্যা করবে। তোমাদের মৃত্যি ভেঙ্গে দিবে। তোমাদের উপর বিজয়ী হবে। একথা শুনে হ্যরত হালীমা রসূলুল্লাহ (সা:)-কে নিয়ে সেখান থেকে চলে এলেন।

ইবনে সাদ ও ইবনে তাররাহ ইস্মাইল ইবনে আবদুল্লাহ ইবনে মালেক থেকে রেওয়ায়েত করেন যে, এ বৃক্ষ স্বভাব বর্ণনাকারী হ্যায়ল গোত্র ও তাদের প্রতিমাদেরকে ডেকে বলল, এ শিশু আকাশ থেকে কোন নির্দেশের অপেক্ষায় আছে। এ কথা বলে সে মানুষকে রসূলুল্লাহ (সা:)-এর ব্যাপারে উস্কানি দিতে লাগল। কিন্তু কিছু দিন পরেই সে আতৎক্ষণ্য হয়ে পড়ল এবং উন্মাদ হয়ে কাফের অবস্থায় মারা গেল।

ইবনে সাদ ও ইবনে তাররাহ ইস্মাইল ইবনে আবদুল্লাহ থেকে রেওয়ায়েত করেন যে, যখন হ্যরত আমেনা নবী করীম(সা:)-কে দুধপান করানোর জন্যে হালীমা সাদিয়ার হাতে সোপর্দ করলেন, তখন বললেন, আমার এ শিশুর খুব হেফায়ত করবে। এরপর তিনি যা যা দেখেছিলেন, সব হালীমাকে বললেন। কিছুদিন পরে হালীমার কাছে কয়েকজন ইহুদী আগমন করলে তিনি পরীক্ষার ছলে তাদেরকে বললেন, আমার এ পুত্রের ভবিষ্যত সম্পর্কে বল। সে এভাবে গর্ভে অবস্থান করেছে এবং এভাবে ভূমিষ্ঠ হয়েছে। আমি এই এই দেখেছি। মোটকথা আমেনা যা যা বলেছিলেন, সবই তাদেরকে শুনালেন। সব কথা শুনে ইহুদীরা একে অপরকে বলল, এ শিশুকে হত্যা কর। এরপর তারা হালীমাকে প্রশ্ন করল, সে কি এতীমঃ হালীমা বললেন, না। এ ইনি হচ্ছেন তার পিতা এবং আমি তার মাতা। ইহুদীরা বলল, সে এতীম হলে আমরা অবশ্যই তাকে হত্যা করতাম।

ইবনে সাদ, আবু নয়ীম, ইবনে আসাকির ও ইবনে তাররাহ আতা ইবনে আবী রাবাহ থেকে, তিনি হ্যরত ইবনে আবরাস (রাঃ)- থেকে বর্ণনা করেন যে, হালীমা রসূলুল্লাহ (সা:)-কে কোথাও দূরে যেতে দিতেন না। একদিন তাঁর অসাবধানতার সুযোগে রসূলুল্লাহ (সা:) আপন ভগিনী শায়মার সাথে দ্বিপ্রহরে গবাদি পশুর দিকে চলে গেলেন। হালীমা তাঁকে খুঁজতে খুঁজতে সেখানে পৌছে শায়মার সাথে দেখতে পেলেন। তিনি শায়মাকে জিজেস করলেন, এ প্রথর রোদ্রের মধ্যে তাকে নিয়ে এলে কেন। শায়মা বলল, আমার ভাইয়ের শরীরে মোটেই রোদ্র

লাগেনি। একটি মেষখন্দ সর্বক্ষণ তাকে ছায়া প্রদান করেছে। তিনি থেমে গেলে মেষখন্দও থেমে যেতে। তিনি চললে সে-ও চলতে থাকত। এভাবেই আমরা এখনে পৌছে গেছি।

হালীমা বললেন, একথা ঠিক?

শায়মা বলল, হাঁ, আল্লাহর কসম।

ইবনে সা'দ যুহরী থেকে রেওয়ায়েত করেন যে, হাওয়ায়েন গোত্রের একটি প্রতিনিধি দল রসূলুল্লাহ (সা':)-এর কাছে আগমন করে। তাদের মধ্যে নবী করীম (সা':)-এর দুধ চাচা আবু ছরওয়ানও ছিলেন। তিনি বললেন, ইয়া রসূলুল্লাহ! আমি আপনাকে দুঃখপান করার সময় দেখেছি। কিন্তু আপনার চেয়ে বেশী কাউকে কল্যাণময় পাইনি। এরপর আপনাকে দুধ ছাড়ার সময় দেখেছি। তখনও আপনার চেয়ে কল্যাণময় কাউকে পাইনি। এরপর আপনাকে নব যুবক দেখেছি। এখনও আপনার চেয়ে কল্যাণকারী কাউকে দেখি না।”

ইবনে তারাহ বর্ণনা করেন- আমি আবু আবদুল্লাহ মোহাম্মদ ইবনে মুয়াল্লা ইয়দীর গ্রন্থে হ্যরত হালীমার (রাঃ) এই কবিতা দেখেছি। তিনি একবিতা আবৃত্তি করে নবী করীম (সা':)-কে ঘূম পাড়াতেন-

ঃ হে রব, তুমি যখন দিয়েছ, তখন তাঁকে অব্যাহত রাখ। তাঁকে উচ্চতার চরম শিখের নিয়ে যাও এবং উন্নতি দান কর। তাঁর সন্তার মাধ্যমে শক্তদের সকল মিথ্যাচার নস্যাঃ করে দাও।

ইবনে সাবা’ খাছায়েছ গ্রন্থে বর্ণনা করেন যে, হ্যরত হালীমা বললেন, আমি নবী করীম (সা':)-কে ডান স্তন দিলে তিনি দুধ পান করতেন; কিন্তু বাম স্তন দিলে পান করতেন না। এটা ছিল তাঁর ইনছাফ। কেন না, তিনি জানতেন যে, তাঁর একজন দুধ শরীক ভাই আছে।

মোহরে নবুয়ত সম্পর্কে রেওয়ায়েত

বুখারী ও মুসলিম সায়েব ইবনে ইয়ায়িদ থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন, আমি নবী করীম (সা':)-এর পশ্চাতে দাঁড়ালাম এবং তাঁর কাঁধের মাঝখানে চকোরের ডিব্বের ন্যায় ‘মোহরে-নবুয়ত’ দেখলাম।

মুসলিম ও বায়হাকী জাবের ইবনে সামুরাহ থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন, আমি উভয় কাঁধের মাঝখানে কবুতরের ডিব্বের ন্যায় ‘মোহরে-নবুয়ত’ দেখেছি। তিরমিয়ীর বর্ণিত ভাষা এরপ - কবুতরের ডিমের ন্যায় লাল ফোঁড়ার মত।

মুসলিম রেওয়ায়েত করেন যে, আবুল্লাহ ইবনে জারজিস বর্ণনা করেছেন- আমি রসূলুল্লাহ (সা':)-এর উভয় কাঁধের মাঝখানে ‘মোহরে-নবুয়ত’ দেখেছি, যা বাম কাঁধের কিনারে এমন ছিল, যেমন অনেকগুলো তিল একত্রিত হয়ে গেছে।

আহমদ, ও বায়হাকী রেওয়ায়েত করেন যে, কুরাহ বর্ণনা করেছেন - আমি বললাম, ইয়া রসূলুল্লাহ, আমাকে মোহরে নবুয়ত দেখান। তিনি বললেন, হাত ভিতরে ঢুকাও। আমি হাত ঢুকিয়ে দেখলাম ‘মোহরে-নবুয়ত’ কাঁধের উচ্চতায় ডিমের মত ছিল।

আহমদ, ইবনে সা'দ ও বায়হাকী আবু রমছা থেকে রেওয়ায়েত করেন যে, তিনি তাঁর পিতার সাথে নবী করীম (সা':)-এর কাছে যান। তিনি বলেন, আমি ‘মোহরে-নবুয়ত’ উভয় কাঁধের মাঝখানে একটি ফোঁড়ার ন্যায় দেখেছি। ইবনে সা'দের এক রেওয়ায়েতে ছেট্ট আপেলের মত এবং আহমদের এক রেওয়ায়েতে ‘কবুতরের ডিমের মত’ আছে।

বুখারী তাঁর ইতিহাস গ্রন্থে এবং বায়হাকী রেওয়ায়েত করেন যে, আবু সায়ীদ খুদরী (রাঃ) বলেছেন, উভয় কাঁধের মাঝখানে মোহরে-নবুয়ত একটি স্ফীত মাংসখন্দের মত ছিল। তিরমিয়ীর রেওয়ায়েতে আছে রসূলুল্লাহ (সা':)-এর ‘মোহরে-নবুয়ত’ তাঁর পৃষ্ঠদেশে একটি স্ফীত মাংসের মত ছিল। আহমদের রেওয়ায়েতে আছে - উভয় কাঁধের মাঝখানে স্ফীত মাংস ছিল।

বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত সালমান ফারেসী (রাঃ) বলেন, আমি রসূলে করীম (সা':)-এর নিকটে গেলে তিনি গায়ের চাদর সরিয়ে বললেন, দেখ যে আদেশে আমি আদিষ্ট হয়েছি। সেমতে আমি তাঁর উভয় কাঁধের মাঝখানে কবুতরের ডিমের ন্যায় মোহরে নবুয়ত দেখলাম।

আহমদ ও বায়হাকীর রেওয়ায়েতে হিরাকিয়াসের দৃত তানুখী বলেন, আমি রসূলুল্লাহ (সা':)-এর নিকটে গেলে তিনি বললেন, হে তানুখী, দেখ আমি কিসের জন্যে আদিষ্ট হয়েছি। আমি ঘুরে তাঁর পৃষ্ঠদেশে মোহরে নবুয়ত দেখলাম, যা কাঁধের হাড়ির উপর একটা ক্ষতস্থানের মত ছিল। ইবনে হেশাম বলেন, ক্ষতস্থান বলে সেই চিহ্ন বুঝানো হয়েছে, যা পরে মাংসের উপর ফুলে ওঠে।

তিরমিয়ী ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত আবু মৃসা (রাঃ)- বলেন, মোহরে-নবুয়ত কাঁধের হাড়ির নীচে একটা ছোট আপেলের মত ছিল।

আহমদ, তিরমিয়ী, হাকেম, আবু ইয়ালা ও তিবরানী আলবা ইবনে আহমার থেকে রেওয়ায়েত করেন যে, আবু যায়দ বলেছেন - রসূলুল্লাহ (সা':)- আমাকে বললেন, কাছে এসে আমার পিঠে হাত বুলাও। আমি নিকটবর্তী হয়ে তাঁর পিঠে হাত বুলালাম এবং অঙ্গুলি মোহরে নবুয়তের উপর রেখে দিলাম।

তাঁকে জিজ্ঞাসা করা হল, মোহরে-নবুয়ত কেমন ছিল?

তিনি বললেন, কাঁধের মধ্যস্থলে কিছু কেশ একত্রিত ছিল।

বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত সালমান (রাঃ) বর্ণনা করেন তান কাঁধের হাড়িড়র কাছে মোহরে-নবুয়ত ডিমের মত ছিল। এর রঙ রসূলুল্লাহ (সাঃ)-এর দেহের অনুরূপ ছিল।

ইবনে আসাকিরের রেওয়ায়েতে জাবের ইবনে আবদুল্লাহ বলেন, নবী করীম (সাঃ) নিজের সওয়ারীর উপর আমাকে পশ্চাতে বসিয়ে নিলেন। আমি আমার মুখমন্ডল মোহরে-নবুয়তের উপর ঝুঁকিয়ে নিলাম। সেখান থেকে আমি মেশকের মত সুবাস পেতে থাকলাম।

তিবরানী ও ইবনে-আসাকিরের রেওয়ায়েতে আবু যায়দ ইবনে আখতাব বলেন, আমি রসূলুল্লাহ (সাঃ)-এর পিঠে মোহরে-নবুয়ত ক্ষতস্থানের স্ফীত চিহ্নের মত দেখেছি। এক রেওয়ায়েতে আছে - যেমন কেউ নখ দিয়ে চিহ্ন লাগিয়ে দিয়েছে।

ইবনে আসাকির ও হাকেমের রেওয়ায়েতে হ্যরত ইবনে ওমর (রাঃ) বলেন, মোহরে-নবুয়ত রসূলুল্লাহ (সাঃ)-এর পিঠে গোলাকৃতি গোশতের মত ছিল। এতে গোশত দিয়ে “মোহস্মদুর রসূলুল্লাহ” লিখিত ছিল।

আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত সালমান (রাঃ) বলেন, মোহরে নবুয়ত রসূলুল্লাহ (সাঃ)-এর ঝুঁটির মাঝখানে কবুতরের ডিমের মত ছিল। এর ভিতরের দিকে লেখা ছিল এবং **اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَمَحَمْدٌ رَسُولُ اللَّهِ** যে দিকে বাইরের দিকে লেখা ছিল, **تَوَجَّهَ حَيْثُ شِئْتَ فَإِنَّكَ الْمَنْصُورُ** যে দিকে ইচ্ছা মুখ করুন। কারণ, আপনি সাহায্যপ্রাপ্ত।

তিবরানী ও আবু নয়ীমের রেওয়ায়েতে ওবোদ ইবনে আমর বর্ণনা করেন, - মোহরে-নবুয়ত রসূলে করীম (সাঃ)-এর বাম কাঁধের কোণে ছাগলের হাঁটুর মত ছিল। এটা দেখা তাঁর কাছে অপ্রিয় ছিল।

ইবনে আবী খায়চামা তাঁর রচিত ইতিহাস গ্রন্থে হ্যরত আয়েশা (রাঃ)-এর এ উক্তি বর্ণনা করেছেন যে, মোহরে-নবুয়ত একটি কাল তিলের মত ছিল, যাতে হলদে রঙের প্রভাব ছিল এবং যার চুতদিকে ঘোড়ার কেশের মত ছুল ছিল।

আলেমগণ বলেন, ‘মোহরে-নবুয়ত’ সম্পর্কে বর্ণনাকারীগণের ভাষায় বিভিন্নতা রয়েছে। এর কারণ এই যে, যে রাবী যে তুলনা বর্ণনায় যেভাবে স্বাচ্ছন্দ অনুভব করেছে, তিনি তাঁর বর্ণনা করেছেন। কেউ চকোরের ডিমের মত, কেউ

কবুতরের ডিমের মত বলেছেন। কেউ বলেছেন আপেলের মত আবার কেউ গোশতের স্ফীত খড়ের মত বলেছেন। কেউ স্ফীত ক্ষতস্থান বলেছেন আবার কেউ ছাগলের হাঁটুর অনুরূপ প্রকাশ করেছেন। কিন্তু সবগুলোর অর্থ একই; অর্থাৎ স্ফীত মাংস। আর যে রাবী চুলের সমষ্টি বলেছেন, তা একারণে যে, মোহরে নবুয়তের চারপাশে সমান সমান চুল ছিল।

কুরতুবী বলেন, ছাই হাদীস থেকে জানা যায় যে, মোহরে নবুয়ত বাম কাঁধের উপর স্ফীত ছিল এবং লাল ছিল। যথন্ত্রাস পেত, তখন কবুতরের ডিমের মত এবং যখন বড় হত, তখন হাতের তালুর গর্তের মত হত।

সোহায়লী বলেন, খাঁটি কথা এই যে, মোহরে-নবুয়ত রসূলে করীম (সাঃ)-এর বাম ঝুঁটির কিনারে ছিল। কেননা, তিনি শয়তানের কুমক্রগা থেকে হেফায়তে ছিলেন। এ স্থানটিই শয়তানের প্রবেশ পথ।

আলেমগণের এ ব্যাপারে মতভেদ আছে যে, মোহরে নবুয়ত জন্মের সময়ও ছিল, না পরে সংযুক্ত হয়েছে? যাঁরা পরে সংযুক্ত হওয়ার কথা বলেন, তারা শান্তাদ ইবনে আওসের রেওয়ায়েতকে প্রমাণ হিসেবে পেশ করেন, যা দুঃখপান অধ্যায়ে বর্ণিত হয়েছে। রেওয়ায়েত সমূহে আরও আছে যে, ওফাতের পর মোহরে নবুয়ত তুলে নেয়া হয়েছিল। ওফাতের বর্ণনায় একথা উল্লেখ করা হবে।

মুস্তাদরাকে হাকেমের রেওয়ায়েতে ওয়াহাব ইবনে মুনাবেহ বলেন, আল্লাহ তায়ালা অন্যন্য নবীগণের হাতে নবুয়তের আলামত সৃষ্টি করে প্রেরণ করেছিলেন। কিন্তু আমাদের নবী (সাঃ)-এর নবুয়তের আলামত তাঁর ক্ষক্ষদ্বয়ের মাঝখানে সৃষ্টি করেছেন।

চক্ষ সম্পর্কিত মোজেয়া ও বৈশিষ্ট্য

আল্লাহ তায়ালা এরশাদ করেন, **مَا زَاغَ الْبَصْرُ وَمَا طَغَى** এর দৃষ্টি বিভ্রম হয়নি এবং দৃষ্টি লক্ষ্যচ্যুতও হয়নি। (সূরা নজর)

ইবনে আদী, বায়হাকী ও ইবনে আসাকির হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, রসূলুল্লাহ (সাঃ) বললেন, তোমরা কি মনে কর যে, আমার মুখ এদিকে? আল্লাহর কসম, তোমাদের রূক্ষ সেজদা আমার কাছে গোপন নয়। কেন না, আমি আমার পিঠের পশ্চাতেও দেখি।

মুসলিম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) বললেন, লোক সকল! আমি তোমাদের সম্মুখে আছি। আমার পূর্বে রূক্ষ ও সেজদায় যেয়ো না। কেন না, আমি তোমাদেরকে সম্মুখ থেকেও দেখি এবং পিছন থেকেও দেখি।

আবদুর রায়হাক, হাকেম ও আবু নয়ীম আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন - আমি পিছনেও তেমনি দেখি, যেমন সমুখে দেখি।

আবু নয়ীম হ্যরত আবু সায়ীদ খুদরী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) বলেছেন, আমি তোমাদেরকে পিঠের পশ্চাত থেকেও দেখি।

হ্যায়দী স্থীয় মসনদে, ইবনে মুনফির স্থীয় তফসীর গ্রন্থে এবং বায়হাকী বর্ণনা করেন যে, মুজাহিদ কোরআন পাকের নিষ্ঠাক আয়াতের তফসীরে বলেছেন যে, রসূলে করীম (সাঃ) নামায়ের পিছনের সারিগুলো তেমনি দেখতেন, যেমন সমুখের সারি দেখতেন-

الَّذِي يَرَكِ حِينَ تَقُومُ وَتَقْلِبَكَ فِي السَّاجِدَيْنَ

ওলামায়ে কেরাম বলেন, নবী করীম (সাঃ)-এর পশ্চাতে দেখা আসলে একটি অলৌকিক বাস্তব ঘটনা। এটাও সভ্য যে, অলৌকিকভাবে এ দেখা চোখের মাধ্যমে হত। কোন বস্তু সামনে আসা ছাড়াই তিনি দেখে ফেলতেন। কেননা, আহলে সুন্নত আলেমগণের বিশুদ্ধতম মত এই যে, দেখার জন্যে কোন বস্তুর সমুখে থাকা জরুরী নয়। এ নীতির অধীনেই আথেরাতে আল্লাহর দীনার হবে। কেউ বলেছেন, নবী করীম (সাঃ)-এর পশ্চাতেও একটি চক্ষু ছিল, যদ্বারা তিনি দেখতেন। আরও বলা হয়েছে যে, তাঁর উভয় কাঁধের মাঝখানে সুঁচের ছিদ্রে মত দুঁটি চক্ষু ছিল। তিনি এ চক্ষুদ্বয় দিয়ে দেখতেন এবং কাপড় ইত্যাদি এ' দেখার মধ্যে অন্তরায় হত না। তবে এটা একটি বিচ্ছিন্ন অভিযন্ত মাত্র।

পৰিত্ব মুখ ও থুথু সম্পর্কিত মোজেয়া

আহমদ, ইবনে মাজা, বায়হাকী ও আবু নয়ীম হ্যরত ওয়ায়েল ইবনে হজর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-কে পানির বালতি পেশ করা হল। তিনি বালতি থেকে পানি পান করলেন এবং অবশিষ্ট পানি কুপে ঢেলে দিলেন। (অথবা রাবী বলেছেন, তিনি কুপে কুলী করলেন) ফলে কুপ থেকে মেশকের মত সুগন্ধি বের হতে থাকে।

আবু নয়ীম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) আপন গৃহের কুপে থুথু ফেললেন। ফলে মদীনায় এর চেয়ে মিঠা পানির কোন কুপ আর ছিল না।

বায়হাকী ও আবু নয়ীম রাসূলুল্লাহ (সাঃ)-এর বাঁদী রোধিনা থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) আশুরার দিনে নিজের এবং হ্যরত ফাতেমা (সাঃ)-এর দণ্ডপাত্র শিশুদেরকে দেকে তাদের মুখে থুথু দিতেন। এরপর তাদের

জননীকে বলতেন : আজ রাত পর্যন্ত ওদেরকে দুধ পান করিয়ো না। কেননা, তাঁর মুখের থুথু তাদের জন্যে যথেষ্ট হয়ে যেত।

তিবরানী রেওয়ায়েত করেন যে, ওমায়রা বিনতে মাসউদ ও তাঁর ভগিনীগণ নবী করীম (সাঃ)-এর কাছে বয়াত হওয়ার জন্যে গেলেন। তাঁরা ছিলেন পাঁচজন। তাঁরা দেখলেন যে, রাসূলুল্লাহ (সাঃ) গোশত আহার করছেন। তিনি তাদের জন্যে গোশত চিবিয়ে দিলেন, যা সকলেই অল্প অল্প করে খেলেন। এর প্রভাবে তাদের সকলের মুখ থেকে আম্বত্য কোন দুর্গন্ধি বের হয়নি।

তিবরানী আবু ওমামা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনেকা কটুভাষিণী মহিলা রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে আগমন করল। তিনি তখন গোশত আহার করছিলেন। মহিলা বলল : আমাকে খাওয়াবেন না? তিনি আপন হাত থেকে দিতে চাইলে মহিলা বলল, মুখ থেকে দিন। সেমতে তিনি মুখ থেকে গোশত বের করে মহিলাকে দিলেন। মহিলা তা খেল। এরপর কখনও এ মহিলা সম্পর্কে কটুভাষা ও কুকথার অভিযোগ শোনা যায়নি।

বায়হাকী ওমর ইবনে শিবাহ থেকে, তিনি আবু ওবায়দ নহতী থেকে রেওয়ায়েত করেন যে, আমের ইবনে কুরায়য তার পাঁচ বছর বয়স্ক পুত্র আবদুল্লাহকে নিয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এলেন। তিনি তার মুখে থুথু দিলেন। এরপর সে কোন পাথরকেও ঘষা দিলে নবী করীম (সাঃ)-এর বরকতে পানি বের হয়ে আসত।

বায়হাকী মোহাম্মদ ইবনে ছাবেত ইবনে কায়স ইবনে শাম্মাস থেকে রেওয়ায়েত করেন যে, তার পিতা জমিলা বিনতে আবদুল্লাহ ইবনে উবাইকে যখন তালাক দিয়ে দেন, তখন মোহাম্মদ তার পেটে ছিল। যখন মোহাম্মদ জন্মগ্রহণ করল, তখন জমিলা কসম খেল যে, সে এই শিশুকে দুধ পান করাবে না। রসূলুল্লাহ (সাঃ) শিশুর পিতাকে বললেন : শিশুকে নিয়ে আমার কাছে এস। তিনি শিশুকে নিয়ে এলে তিনি তার মুখে থুথু দিলেন এবং বললেনঃ একে নিয়ে যাও। আল্লাহ এর রিযিকদাতা। মোহাম্মদের পিতা বলেন : আমি তিনিদিন শিশুকে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে আনতে থাকলাম। এরপর এক মহিলা ছাবেত ইবনে কায়মের কথা জিজেস করতে করতে এল। আমি বললাম : তুম কি চাও? মহিলা বলল : আমি আজ স্বপ্নে দেখেছি যে, ছাবেত ইবনে কায়মের শিশুপুত্র মোহাম্মদকে দুধ পান করাছি। মোহাম্মদের পিতা বললঃ আমিই ছাবেত, আর সে হচ্ছে আমার পুত্র মোহাম্মদ।

ইবনে আসাকির আবু জাফর থেকে রেওয়ায়েত করেন যে, একবার যখন হ্যরত হাসান (রাঃ) রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে ছিলেন, তখন তার দারূণ পানি পিপাসা হয়। নবী করীম (সাঃ) তার জন্যে পানি আনতে বললেন। কিন্তু কোথা ও পানি পাওয়া গেল না। অতঃপর তিনি হাসানের মুখে আপন জিহ্বা প্রবেশ করিয়ে দিলেন। হ্যরত হাসান তা চুল্লেন এবং পরিত্পত্ত হয়ে গেলেন।

তিবরানী ও ইবনে আসাকির হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন। তিনি বলেনঃ একবার আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে সফরে বের হলাম। পথিমধ্যে হাসান ও হ্সাইন (রাঃ)-এর কানার আওয়াজ শুনা গেল। তাঁরা তাদের জননীর সঙ্গে ছিলেন। রসূলুল্লাহ (সাঃ) দ্রুত তাদের কাছে গেলেন এবং বলেনঃ আমার বাছাধনদের কি হয়েছে হ্যরত ফাতেমা (রাঃ) বলেনঃ তাঁরা পিপাসায় কাতর হয়ে পড়েছে। রসূলুল্লাহ (সাঃ) পানি আনতে বলেন, কিন্তু এক ফেঁটা পানিও পাওয়া গেল না। তিনি হ্যরত ফাতেমা (রাঃ)-কে বলেনঃ তাদের একজনকে আমার কাছে দাও। তিনি পর্দার পিছনে একজনকে দিয়ে দিলেন। নবী করীম (সাঃ) তাঁকে নিয়ে বুকে জড়িয়ে ধরলেন, তখনো শিশু চিংকার করে যাচ্ছিল। এরপর হ্যুর (সাঃ) আপন জিহ্বা শিশুর মুখে দিয়ে দিলেন। শিশু চুষতে চুষতে চুপ হয়ে গেল। কিন্তু দ্বিতীয় শিশু তেমনি কানাকাটি করছিল। তিনি তাঁকেও নিয়ে গেলেন এবং তাঁর সাথেও তাই করলেন। এভাবে তাঁরা চুপ হয়ে গেলেন এবং কানার আওয়াজ আর শোনা গেল না।

দারেমী, তিরমিয়ী (শামায়েল), বায়হাকী, তিবরানী (আওসাতে) ও ইবনে আসাকির রেওয়ায়েত করেন যে, হ্যরত ইবনে আবাস (রাঃ) বলেছেন, রসূলুল্লাহ (সাঃ)-এর সামনের দু'দাঁতের মাঝখানে ফাঁক ছিল। তিনি যখন কথা বলতেন, তখন মনে হত যেন এ ফাঁক দিয়ে নূর বের হচ্ছে।

তিবরানীর রেওয়ায়েতে আছে যে, আবু কুরছাফা বর্ণনা করেন, আমি আমার মা ও খালা রসূলুল্লাহ (সাঃ)-এর হাতে একই সময়ে বয়াত হয়েছি। ফেরার পথে আমার মা ও খালা বলতে লাগলেনঃ আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর মত সুশ্রী, সুবেশী ও ন্যূনতাবী কাউকে দেখিনি। আমরা তাঁর পবিত্র মুখ থেকে নূর বের হতে দেখেছি।

নুরোজ্জল মুখমণ্ডল সম্পর্কিত মৌজেয়া

ইবনে আসাকির হ্যরত জাবের (রাঃ) থেকে রেওয়ায়েত কারেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন, আমার কাছে জিবরাঈল (আঃ) এসে বললেন, আল্লাহ আপনাকে সালাম বলেছেন। আরো বলেছেন যে, হে আমার হারীব, আমি ইউসুফকে আপন কুরসীর নূর দ্বারা সৌন্দর্যমণ্ডিত করেছি। আর আপনার মুখমণ্ডলকে আমার আরশের নূর প্রদান করেছি। ইবনে আসাকির বলেনঃ এ রেওয়ায়েতের সনদে একজন রাবী অঙ্গত এবং হাদীসটি মুনকার।

ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যরত আয়েশা (রাঃ) বর্ণনা করেন— আমি সকাল বেলায় কাপড় সেলাই করছিলাম। হঠাৎ আমার হাত থেকে সূচ পড়ে গেল। অনেক খোঁজাবুঝির পরও সেটি পাওয়া গেল না। রসূলুল্লাহ (সাঃ) আগমন করলে তাঁর মুখমণ্ডলের ওজ্জল্যে সূচ দষ্টিগোচর হয়ে গেল। তাঁকে একথা বললে তিনি

বললেনঃ হে হুমায়রা! তার জন্যে আফসোস, তার জন্যে আফসোস, তার জন্যে আফসোস, (তিনবার) যে আমার মুখমণ্ডলের দীদার থেকে বঞ্চিত।

বগল মোবারক

বুখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত আনাস (রাঃ) বর্ণনা করেন— আমি রসূলুল্লাহ (সাঃ)-কে দোয়ার সময় উভয় হাত এতটুকু উঁচু করতে দেখেছি যে, তাঁর বগল মোবারকের শুভ্রতা দৃষ্টিগোচর হয়ে যেত।

ইবনে সাদ হ্যরত জাবের (রাঃ) থেকে রেওয়ায়েতে করেন যে, রসূলে করীম (সাঃ) যখন সেজদা করতেন, তখন তাঁর বগলের শুভ্রতা দৃষ্টিগোচর হয়ে যেত।

ছাহাবায়ে কেরাম বর্ণিত একাধিক হাদীসে রসূলুল্লাহ (সাঃ)-এর বগলের শুভ্রতা উল্লেখিত হয়েছে। মুহিব তবরী বলেনঃ বগলের শুভ্রতা তাঁর অন্যতম বৈশিষ্ট্য। সাধারণ মানুষের বগলের রং ত্বক থেকে ভিন্ন হয়ে থাকে। কুরতুবীও এমনি রেওয়ায়েত করেছেন। তিনি আরও বর্ণনা করেছেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর বগলে চুলও ছিল না।

কথা বার্তা

আবু আহমদ, ইবনে মান্দাহ, আবু নয়াম ও ইবনে আসাকির হ্যরত বুরায়দা থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত ওমর ইবনে খাতাব (রাঃ) আরয করলেনঃ ইয়া রসূলুল্লাহ! আপনি আমাদের চেয়ে শুদ্ধভাবী কেন, অথচ আপনি আমাদের মধ্যেই রয়েছেন— কোথাও যানওনি?

তিনি বলেনঃ হ্যরত ইসমাইল (আঃ)-এর ভাষা বিলুপ্ত হয়ে গিয়েছিল। হ্যরত জিবরাঈল (আঃ) আমাকে সে ভাষা আয়ত করিয়েছেন। কতক রেওয়ায়েতে এ হাদীসটি বুরায়দা থেকে এ ভাবে আছে যে, তিনি বলেছেন— আমি হ্যরত ওমর (রাঃ)-কে বলতে শুনলাম।

বায়হাকী (শোয়াবুল-ঈমানে), ইবনে আবিদুনিয়া (কিতাবুল-মাতারে), ইবনে আবী হাতেম, খতীব (কিতাবুন্নজুমে), ও ইবনে আসাকির মোহাম্মদ ইবনে ইবরাহীম তায়মী থেকে রেওয়ায়েত করেন যে, লোকেরা বললঃ ইয়া রসূলুল্লাহ! আমরা আপনার চেয়ে অধিক শুদ্ধভাবী কাউকে দেখিনি। রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ কোরআন আমার মাত্রায় স্পষ্ট আরবীতে অবতীর্ণ হয়েছে।

ইবনে আসাকির মোহাম্মদ ইবনে আবদুর রহমান থেকে, তিনি স্বীয় পিতা থেকে, তিনি তাঁর পিতা থেকে রেওয়ায়েত করেন যে, এক ব্যক্তি রসূলুল্লাহ (সাঃ)-কে জিজ্ঞাসা করল আল্লাহ রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ আল্লাহ রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ ন্যূম আল্লাহ রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ

কান ملحفاً
হযরত آبُو بکر (رَأْ) پرش کرلنے: ایسا رسم‌الله، اے بُختی
آپنا کی کی بولل؟ آپنی کی جو یا دیلنے؟ تینی بوللنے: سے بولھے- کے تو
کی تاریخی ساتھ ٹالباہانا کرتے پارے؟ آمی بوللام: ہاں، یہی سے نیش و
سنبھالیں ہے۔

ہے رات آبُو بکر (رَأْ) بوللنے: ایسا رسم‌الله، آمی سمجھ آری بُرے ہی
اوہ شدید بُری لُوكِ دیر بُکیا لام پُرے ہی؛ کیسی آپنا رچے بُشی شدید بُری
کاٹکے پاہنیں۔

رسُلُّ اللَّهُ (صَلَّى اللَّهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّمَ) بوللنے: آما ر پتیپالک آما کے آداب شیخا دیوی ہے
اوہ آمی بُنی سا'دِ ایو نے بکرے لالیت ہے ہی۔

ایو نے سا'دِ ایسا هی ایسا ہی دیا دیا سا'دی خکے رے یا یو یو تے کرلنے یے،
رسُلُّ اللَّهُ (صَلَّى اللَّهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّمَ) بولھے- آمی توما دیر مধی سرپاریک سُبکا۔ آمی کو را یا ش
و بُنگو ڈکت۔ آما ر بُنی سا'دِ ایو نے بکرے بُنیا۔

تیوارانی ہے رات آبُو سایدِ خُدُری (رَأْ) خکے رے یا یو یو تے کرلنے یے، رسُلُّ
کریم (صَلَّى اللَّهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّمَ) ار شاد کرھے ہے آمی آر بُرے دیر مধی سرپاریک سُبکا۔ آمی
کو را یا شیر مধی جنپاری ہے ہی اوہ سا'دِ پتیپالک پالیت ہے ہی۔
امتا بُنگو آما ر بُنیا کی رپے بُل ہتے پارے؟

অন্তর মোবারক

আল্লাহ পাক বলেছেন- ﴿لَكَ صَدَرَكَ تَسْرِحُۚ﴾
আমি কি আপনার বক্ষ
উন্মোচন করি নি? বায়হাকীর রেওয়ায়েতে আছে যে, ইবরাহীম ইবনে তাহমান
সা'দেক উপরোক্ত আয়াতের তফসীর প্রসঙ্গে জিজ্ঞাসা করলে তিনি কাতাদাহ থেকে
এবং তিনি আনাস (রَأْ) থেকে বর্ণনা করলেন যে, রসূলে করীম (صَلَّى)
-এর পেট
বুক থেকে পেটের নিম্নাংশ পর্যন্ত বিদীর্ণ করা হয় এবং তাঁর হৃদপিণ্ড পর্যন্ত বের করে
স্বর্ণের প্লেটে ধৌত করে দুমান ও প্রজ্ঞায় পরিপূর্ণ করে দেয়া হয়। এরপর যথাস্থানে
স্থাপন করা হয়।

আহমদ ও মুসলিম হযরত আনাস (রَأْ) থেকে রেওয়ায়েত করলেন যে, শিশু
রসُلُّ اللَّهُ (صَلَّى)
-এর কাছে একদিন হযরত জিবরাঈল (আঃ) আগমন করলেন।
তিনি তখন অন্যান্য শিশুদের সাথে খেলাধুলায় রত ছিলেন। জিবরাঈল তাঁকে ধরে
মাটিতে শুইয়ে দিলেন। অতঃপর বক্ষ বিদীর্ণ করে সেখান থেকে একখণ্ড জমাট
রক্ত বের করে বললেন: এটা শয়তানের অংশ। এরপর হৃদপিণ্ডকে একটি স্বর্ণের
পেটে ধৌত করে যথাস্থানে রেখে দিলেন। শিশুরা দোড়ে তাঁর দুধমার কাছে গেল

এবং বললঃ মোহাম্মদ খুন হয়ে গেছে। সকলেই পৌছে দেখল তাঁর মুখমণ্ডল
বিবর্ণ। হযরত আনাস (রَأْ) বলেন: আমি নিজে তাঁর বক্ষদেশে সেলাইয়ের চিহ্ন
দেখেছি।

আহমদ, দারেমী, হাকেম, বায়হাকী, তিবরানী ও আবু নয়ীম ওতবা ইবনে আবদ
থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (صَلَّى) বলেছেন- আমার দুধ-মা ছিলেন
সা'দ ইবনে বকর গোত্রের মহিলা। আমি ও তাঁর পুত্র একদিন পশু পাল চরাতে
গেলাম। কিসু আমাদের কাছে কোন পাথেয় ছিল না। আমি ভাইকে বললাম: তুমি
যাও এবং আমার কাছ থেকে কিছু খাবার নিয়ে এস। ভাই চলে গেল এবং আমি
সেখানেই গবাদি পশু পালের মধ্যে রয়ে গেলাম। কিছুক্ষণ পরেই আমার কাছে
বাজের ন্যায় দু'টি সাদা পাখী এল। তারা একে অপরকে বললঃ ইনিই কি তিনি?
দ্বিতীয় পাখী বললঃ হাঁ। এরপর উভয়েই আমার দিকে অগ্রসর হল এবং আমাকে
ধরে উপুড় করে শুইয়ে দিল। অতঃপর আমার হৃদপিণ্ড বের করল এবং চিরে তার
মধ্য থেকে দু'টি কাল রক্তখণ্ড বের করল। একজন অপরজনকে বললঃ আমাকে
বরফের পানি এনে দাও। অতঃপর উভয়েই আমার পেট ধৌত করল। অতঃপর
বললঃ ঠাণ্ডা পানি আন। ঠাণ্ডা পানি দিয়ে আমার বক্ষের অভ্যন্তর ভাগ ধৌত করল।
অতঃপর বললঃ ছুরি আন। ছুরি আমার ভিতরে চুকিয়ে দেয়া হল। অতঃপর একে
অপরকে বললঃ এই ফাঁটল সেলাই করে দাও। সে সেলাই করে দিল এবং
মোহরে-নবুয়ত লাগিয়ে দিল। অতঃপর একে অপরকে বললঃ তাঁকে এক পাল্লায়
রাখ এবং তার উম্মতের এক হাজার ব্যক্তি অপর পাল্লায় রাখ। আমি এ এক
হাজারকে নিজের উপরে ভারী দেখলাম এবং আশৎকা করতে লাগলাম যে, তাদের
কিছু লোক আমার উপর পড়ে যাবে না তো? এরপর তারা উভয়েই বললঃ যদি
তাঁকে তাঁর সমস্ত উম্মতের মোকাবিলায়ও ওজন কর, তবুও তিনি ভারী হবেন।
তারা উভয়েই আমাকে ছেড়ে চলে গেল এবং আমি তীত সন্তুষ্ট হয়ে দুধ মার কাছে
পৌছে তাঁকে সমস্ত ঘটনা বললাম। তাঁকে বললামঃ কোথাও আমার জ্ঞান-বুদ্ধি
বিলুপ্ত হয়নি তো? তিনি বললেনঃ আমি তোমাকে আল্লাহর আশ্রয়ে দিছি। এরপর
তিনি আমাকে সওয়ারীতে বসালেন এবং নিজে আমার পিছনে বসলেন। অতঃপর
আমাকে নিয়ে আমার জননীর কাছে পৌছে বললেনঃ আমি আমার আমানত ও
দায়িত্ব পূর্ণ করেছি। অতঃপর তাঁকে সমস্ত ঘটনা বললেন। কিসু আমার জননী কিছু
মনে করলেন না এবং বললেনঃ আমি নিজে দেখেছি যে, আমার শরীর থেকে
একটি মূর উদিত হয়েছে, যার আলোকে সিরিয়ার রাজপ্রাসাদ উজ্জ্বল হয়ে গেছে।

বায়হাকী ইস্যাহইয়া ইবনে জা'দা থেকে রেওয়ায়েত করলেন যে, রসূলুল্লাহ (صَلَّى)
বলেছেনঃ আমার কাছে বড় পাখীর আকারে দু'জন ফেরেশতা এল। তাদের সাথে
বরফ ও ঠাণ্ডা পানি ছিল। তাদের একজন আমার বক্ষ উন্মোচন করল এবং
অপরজন চুপ্পুর সাহায্যে তাতে পিচকারী মারল এবং ধৌত করল। (মুরসাল)

আবদুল্লাহ ইবনে আহমদ, ইবনে হাব্বান, হাকেম, আবু নয়ীম ও ইবনে আসাকির মুয়ায ইবনে মোহাম্মদ ইবনে মুয়ায ইবনে উবাই ইবনে কা'ব থেকে, তিনি তাঁর পিতা থেকে, তিনি আপন দাদা থেকে এবং তিনি উবাই ইবনে কা'ব থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আবু হুরায়রা (রাঃ) জিজ্ঞাসা করলেনঃ ইয়া
রসূলুল্লাহ, আপনার নবুয়াতের সূচনা কিরূপে হল?

তিনি বললেনঃ আমার বয়স যখন দশ বছর, তখন একদিন জঙ্গের পথে যাওয়ার সময় আমি আমার মাথার উপর দু' ব্যক্তিকে দেখলাম। তাদের একজন অপরজনকে জিজ্ঞাসা করলঃ ইনিই কি তিনি? দ্বিতীয়জন বললঃ হাঁ। অতঃপর তারা আমাকে ধরে চিৎ করে শুইয়ে দিল এবং আমার পেট চিরে ফেলল। তাদের একজন স্বর্ণের প্লেটে পানি আনল এবং অপরজন আমার পেট ধোত করল। এরপর একে অপরকে বললঃ তাঁর বুক চিরে ফেল। আমি আমার বুক বিদীর্ণ দেখলাম। কিন্তু কোন কষ্ট অনুভূত হল না। অতঃপর সে বললঃ তাঁর অস্তর চিরে ফেল। আমার অস্তর বিদীর্ণ করা হল। ফেরেশতা বললঃ এর মধ্য থেকে হিংসা বিদ্বেষ বের করে দাও। সে একটি রক্তখণ্ড বের করে ফেলে দিল। ফেরেশতা বললঃ তাঁর অস্তরে ন্যূনতা ও দয়া দাখিল করে দাও। সে ঝুপার মত কোন বস্তু স্থাপন করে দিল। অতঃপর কিছু কগা বের করে তাতে ছিটিয়ে দিল। অতঃপর আমার বৃক্ষাঙ্কলি নেড়ে বললঃ যাও। আমি রওয়ানা হলে আমার অস্তরে ছোটদের প্রতি দয়া এবং বড়দের প্রতি ন্যূনতা ছিল। আবু নয়ীম বলেনঃ এ রেওয়ায়েতটি মুয়ায আপন বাপদাদা থেকে একাই রেওয়ায়েত করেছেন এবং বয়সের বর্ণনায়ও তিনি এক।

দারেমী, বায়বার, আবু নয়ীম ও ইবনে আসাকির রেওয়ায়েত করেন যে, হ্যরত আবু যর (রাঃ) জিজ্ঞাসা করলেনঃ ইয়া রসূলুল্লাহ! আপনার কিরূপে বিশ্বাস হল যে, আপনি নবী?

তিনি বললেনঃ বাতহায়ে মকায় আমার কাছে দু'ব্যক্তি এল। তাদের একজন মর্ত্যে ছিল ও অপরজন আকাশ ও প্রথিবীর মাঝখানে ঝুলত্ব ছিল। একজন অন্যজনকে প্রশ্ন করলঃ ইনিই কি তিনি? অন্যজন বললঃ হাঁ, ইনিই তিনি। সে বললঃ তাহলে তাকে এক ব্যক্তির মোকাবিলায় ওজন কর। তারা আমাকে এক ব্যক্তির বিপরীতে ওজন করল। আমি ভারী হলাম। সে বললঃ দশজনের মোকাবিলায় ওজন কর। আবার ওজন করা হলে আমি ভারী হলাম। সে বললঃ একশ জনের মোকাবিলায় ওজন কর। আবার ওজন করা হল এবং আমি ভারী হলাম। সে আবার বললঃ এক হাজারের মোকাবিলায় ওজন কর। আবার ওজন করা হলে আমিই ভারী হলাম। এরপর তারা সকলেই পাল্লা থেকে আমার উপর পতিত হতে লাগল। অতঃপর আগন্তুকদেরে একজন বললঃ তার পেট বিদীর্ণ কর। সে

মতে সে আমার পেট বিদীর্ণ করে সেখান থেকে শ্যুতানের স্পর্শ করার জায়গা এবং একটি রক্তখণ্ড বের করে ফেলে দিল। এরপর সে বললঃ পেট পাত্রের মত ধোত করে এবং অস্তরকে ভরা জিনিষের মত ধোত কর। এরপর বললঃ তার পেট সেলাই করে দাও। সে আমার পেট সেলাই করে দিল এবং আমার কাঁধে মোহরে নুবয়ত লাগিয়ে দিল। আজও তা বিদ্যমান আছে। এরপর তারা প্রস্থান করল। আমি এসকল দৃশ্য সুস্পষ্টরূপে দেখলাম।

আবু নয়ীম ইউনুস ইবনে মায়ারা ইবনে জলীস থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ আমার কাছে এক ফেরেশতা স্বর্ণের প্লেট নিয়ে হায়ির রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ আমার কাছে এক ফেরেশতা স্বর্ণের প্লেট নিয়ে হায়ির রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ আমার কাছে এক ফেরেশতা স্বর্ণের প্লেট নিয়ে হায়ির রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এলেন। অতঃপর তার অস্তর বিদীর্ণ করলেন এবং বললেনঃ দৃঢ় অস্তর; শ্রবণকারী কান, চক্ষুশ্বান নেত্র, ইনি মোহাম্মদ রসূলুল্লাহ। মানুষ তাঁর অনুসরণ করবে, পিছনে সমবেত হবে। তাঁর দেহ সুস্থ, জিহ্বা সত্যবাদী, নক্ষ প্রশান্ত, দেহ নিরোগ এবং আপনি সর্বগুণের আধার।

দারেমী ও ইবনে আসাকির ইবনে গনম থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত জিবরাইল (আঃ) রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এলেন। অতঃপর তার অস্তর বিদীর্ণ করলেন এবং বললেনঃ দৃঢ় অস্তর; শ্রবণকারী কান, চক্ষুশ্বান নেত্র, ইনি মোহাম্মদ রসূলুল্লাহ। মানুষ তাঁর অনুসরণ করবে, পিছনে সমবেত হবে। তাঁর দেহ সুস্থ, জিহ্বা সত্যবাদী এবং মন প্রশান্ত।

মুসলিম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) বলেছেন, আমি আমার গৃহে ছিলাম, এমন সময় কেউ এল এবং আমাকে যমযমে নিয়ে গেল। সেখানে আমার বক্ষবিদারণ করে যমযমের পানি দিয়ে ধোত করল। এরপর দ্বিমান ও প্রজ্ঞাভর্তি স্বর্ণের প্লেট আনা হল, যা দিয়ে আমার বক্ষ পরিপূর্ণ করা হল। (হ্যরত আনাস [রাঃ] বলেনঃ রসূলে পাক [সাঃ] আমাদেরকে এই বক্ষবিদারণের চিহ্ন দেখাতেন।) এরপর ফেরেশতা আমাকে দুনিয়ার আকাশে নিয়ে গেল। এরপর হ্যরত আনাস (রাঃ) মেরাজের হাদীস বর্ণনা করলেন।

বায়হাকী বলেনঃ বক্ষবিদারণ একাধিকবার হওয়ার সম্ভাবনা আছে। একবার দুঃঘানের সময়, একবার নবুয়াতগ্রাণির সময় এবং একবার মেরাজ রজনীতে।

আমি বলি- দুঃঘানের আলোচনায় বক্ষবিদারণ সম্পর্কে অনেক রেওয়ায়েত বর্ণিত হয়েছে। আরও রেওয়ায়েত নবুয়াতগ্রাণি ও মেরাজের আলোচনায় আসবে। এ সব রেওয়ায়েতের মধ্যে সমন্বয় সাধনের নিমিত্ত বক্ষবিদারণ তিনবার হয়েছে ধরে নিতে হবে। সুহায়ল, ইবনে মুনীর বক্ষবিদারণ দু'বার হওয়ার প্রবক্তা। কিন্তু ইবনে হজর বলেনঃ বক্ষবিদারণ তিনবার হয়েছে। তিনবার করার

উদ্দেশ্য পূর্ণতাদান ও পবিত্রকরণ; যেমন এ উদ্দেশ্যেই ওয়ুর অঙ্গসমূহ তিনবার খৌত করার বিধান রয়েছে। বক্ষবিদারণ বিশেষ করে তিনবার করা এ জন্যে, যাতে রসূলে করীম (সাঃ) শৈশবকাল অতিবাহিত করার সময় শয়তানের প্রভাব থেকে সংরক্ষিত ও নিষ্পাপ থাকেন, নবুয়ত প্রাণ্তির সময় অন্তর ওহীর জন্যে পূর্ণরূপে প্রস্তুত হয় এবং মে'রাজের সময় আল্লাহ' পাকের সাথে বাক্যালাপের জন্যে প্রস্তুত হয়। বক্ষবিদারণ ও বক্ষ খৌতকরণ রসূলে করীম (সাঃ)-এরই বৈশিষ্ট্য, না অন্য পয়গাম্বরগণেরও বক্ষ বিদারণ রয়েছে, এ ব্যাপারে আলেমগণের মধ্যে মতভেদ আছে। ইবনুল মুনীর বলেনঃ বক্ষবিদারণ রসূলুল্লাহ (সাঃ)-এরই একক বৈশিষ্ট্য। এটি এমন এক প্রকার পরীক্ষা, যা হ্যারত ইসমাইল (আঃ)কেও দিতে হয়েছে; বরং এটা তার চেয়েও কঠিন এবং এতে ছবর করা আরও দুরহ। কেননা, বক্ষবিদারণ একটি বাস্তব ঘটনা। এ ঘটনা তখন ঘটে, যখন নবী করীম (সাঃ) এতীম ছিলেন এবং দুর্ঘণান্বত অবস্থায় আপন পরিবার পরিজন থেকে দূরে অবস্থান করছিলেন।

হাই তোলা

বুখারী, ইবনে আবী শায়বা ও ইবনে সাদ রেওয়ায়েত করেন যে, এয়ায়িদ ইবনে আছাম বর্ণনা করেছেন— নবী করীম (সাঃ) কখনও হাই তোলেন নি।

ইবনে আবী শায়বা, সালামাহ ইবনে আবদুল মালেক ইবনে মারওয়ান থেকে বর্ণনা করেন যে, কখনও কোন নবী হাই তোলেন নি।

কর্ণ

তিরমিয়ী, ইবনে মাজা ও আবু নয়ীম হ্যারত আবু যর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বলেছেনঃ আমি এমন কিছু দেখি, যা তোমরা দেখ না, এমন কিছু শ্রবণ করি, যা তোমরা শ্রবণ কর না। আকাশ বোঝার কারণে চড় চড় করে। তার চড় চড় করাই সঙ্গত। কেননা, আকাশে চার আঙুল পরিমিত জায়গাও এমন নেই, যেখানে কোন একজন ফেরেশতা আল্লাহর সামনে মাথা নত করে রাখেনি।

আবু নয়ীম রেওয়ায়েত করেন যে, হাকীম ইবনে হেয়াম বর্ণনা করেছেন— রসূলে করীম (সাঃ) একবার ছাহাবায়ে-কেরামের সঙ্গে থাকা অবস্থায় বললেনঃ তোমরা কি শুনতে পাচ্ছ, যা আমি শুনতে পাচ্ছি ছাহাবায়ে-কেরাম আরয করলেনঃ আমরা তো কিছুই শুনতে পাচ্ছি না। তিনি বললেনঃ আমি আকাশের চড়চড় শব্দ শুনছি। কোন কোন সময় কোন কোন অংশ থেকে একুপ শব্দ শোনা যায়। কেননা, তাতে অর্ধাত পরিমিত জায়গাও এমন নেই, যেখানে কোন একজন ফেরেশতা সেজদারাত অথবা দণ্ডয়মান অবস্থায় নেই।

কর্তৃপক্ষ

বায়হাকী ও আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যারত বারা বর্ণনা করেন— রসূলুল্লাহ (সাঃ) আমাদের উদ্দেশ্যে খৌতবা দিলে তাঁর কর্তৃপক্ষের পর্দানশীল মহিলারা পর্দার মধ্যে থেকেও শুনতে পায়।

আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যারত বুরায়দা (রাঃ) বর্ণনা করেন— নবী করীম (সাঃ) একদিন নামায পড়ালেন। এরপর ফিরে এলেন এবং এমন আওয়াজ সহকারে ডাক দিলেন, যা পর্দানশীল মহিলারা পর্দার মধ্যে শুনতে পেল।

আবু নয়ীমের রেওয়ায়েতে আবু বরযাহ (রাঃ) বর্ণনা করেন— রসূলুল্লাহ (সাঃ) এসে আমাদের উদ্দেশ্যে খৌতবা দিলেন, যা পর্দানশীল মহিলারা পর্দায় বসে বসেও শুনতে পেল।

বায়হাকী ও আবু নয়ীম হ্যারত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, এক জুম্বার দিনে হ্যারত নবী করীম (সাঃ) মিষ্টিরে বসলেন এবং মুহাম্মদের উদ্দেশ্যে বললেনঃ বসে যাও। আবদুল্লাহ ইবনে রাওয়াহ তখন বনী ধনমে ছিলেন। তিনি সেখান থেকে এ কর্তৃপক্ষের শুনতে পান এবং সেখানেই বসে যান।

ইবনে যাদ ও আবু নয়ীম রেওয়ায়েত করেন যে, আবদুর রহমান ইবনে মুয়ায় তায়মী বর্ণনা করেছেন— রসূলুল্লাহ (সাঃ) মিনায় আমাদের উদ্দেশ্যে খৌতবা দিলেন। এতে আমাদের কান খুলে গেল। (এক রেওয়ায়েতে আছে আল্লাহ তায়ালা আমাদের কান খুলে দিলেন।) অবশেষে আমরা তাঁর খৌতবা আপন গৃহে বসে শুনতে ছিলাম।

ইবনে মাজা ও বায়হাকী রেওয়ায়েত করেন যে, উম্মেহানী (রাঃ) বলেছেন— নবী করীম (সাঃ) কা'বার প্রাঙ্গনে রাতে যে কেরাত পাঠ করতেন, তা আমি আপন গৃহে শুয়েও শুনতে পেতাম।

বুদ্ধিজ্ঞান

আবু নয়ীম ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে ওয়াহাব ইবনে মুনাবেহ বর্ণনা করেন— আমি একান্তর কিতাব পাঠ করেছি। সবগুলোতেই পাঠ করেছি যে, আল্লাহ তায়ালা সৃষ্টির সূচনালগ্ন থেকে তার লয়প্রাণ্তি পর্যন্ত সকল মানুষকে যে জ্ঞানবুদ্ধি দান করেছেন, তা রসূল আকরাম (সাঃ)-এর জ্ঞানবুদ্ধির তুলনায় এমন, যেমন বিশ্বের বালুকাসমূহের মধ্যে একটি বালুকণ। নিঃসন্দেহে মোহাম্মদ (সাঃ) সমগ্র মানবজাতির মধ্যে সর্বাধিক বুদ্ধিমান এবং সর্বাধিক বিচার- বিবেচনাশীল।

ঘর্ম

মুসলিমের রেওয়ায়েতে হ্যারত আনাস (রাঃ) বর্ণনা করেন— নবী করীম (সাঃ) আমাদের গৃহে আগমন করলেন এবং “কায়ল্লা” (দ্বিপ্রহরের নিদা) করলেন। তাঁর

পবিত্র শরীর থেকে ঘর্ম প্রবাহিত হতে লাগল। আমার জননী শিশি নিয়ে এলেন এবং ঘর্ম মুছে তাতে ভরতে লাগলেন। রসূলুল্লাহ (সাঃ)-এর চোখ খুলে গেল। তিনি জিজ্ঞাসা করলেনঃ উম্মে সুলায়ম, কি করছ? তিনি বললেনঃ এ ঘর্ম সুগন্ধি রূপে আমরা ব্যবহার করি। কেননা, এটা অত্যন্ত উৎকৃষ্ট সুগন্ধি।

মুসলিমের অপর এক রেওয়ায়েতে হ্যরত আনাস (রাঃ) বলেনঃ নবী করীম (সাঃ) উম্মে সুলায়মের কাছে আসতেন এবং কায়লুলা করতেন। তিনি তাঁর জন্যে চামড়ার বিছানা বিছিয়ে দিতেন। রসূলুল্লাহ (সাঃ) তাতে কায়লুলা করতেন। তাঁর খুব বেশি ঘাম নির্গত হত। উম্মে সুলায়ম এ ঘাম জমা করে আতরের সাথে মিশিয়ে নিতেন। তিনি জিজ্ঞাসা করলেনঃ উম্মে সুলায়ম, ঘাম দিয়ে কি কর? তিনি জওয়াব দিলেনঃ আতরের সাথে মিশিয়ে নেই।

মোহাম্মদ ইবনে সিরীন থেকে বর্ণিত আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত উম্মে সুলায়ম (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সাঃ) আমার কাছে একটি চামড়ার বিছানায় কায়লুলা করতেন। তাঁর ঘর্ম এলে আমি তা আপন খুশবৃত্তে মিশিয়ে নিতাম।

দারেমী, বায়হাকী ও আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ বর্ণনা করেন— রসূলুল্লাহ (সাঃ)-এর মধ্যে কিছু বৈশিষ্ট্য ছিল। তিনি কোন পথ দিয়ে গমন করলে প্রত্যেক ব্যক্তি তাঁর ঘামের খোশবু দিয়ে বুঝতে পারত যে, তিনি এ পথ দিয়ে গমন করেছেন কিংবা এভাবে বুঝতে পারত যে, তিনি গমন করলে প্রত্যেক বৃক্ষ ও পাথর তাঁকে সেজদা করত।

ইবনে সা'দ ও আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত আনাস (রাঃ) বলেনঃ নবী করীম (সাঃ) আগমন করলে আমরা তাঁর খোশবু দিয়ে তাঁর আগমন বার্তা জানতে পারতাম।

বায়হাকী ও আবু ইয়ালার রেওয়ায়েতে হ্যরত আনাস (রাঃ) বর্ণনা করেন— রসূলুল্লাহ (সাঃ) মদীনার যে পথ দিয়ে গমন করতেন, সেখান থেকে খোশবু উঠিত হত এবং মানুষ বলাবলি করত যে, এ পথে রসূলুল্লাহ (সাঃ) গমন করেছেন।

দারেমীর রেওয়ায়েতে ইবরাহীম নখরী বর্ণনা করেন— রসূলুল্লাহ (সাঃ) রাতের বেলায় পাকবদনের খোশবু দ্বারা পরিচিত হতেন।

খৃষ্টীয়, ইবনে আসাকির, আবু নয়ীম ও দায়লমী দু' সনদে ইমাম বুখারী থেকে বর্ণনা করেন যে, হ্যরত আয়েশা (রাঃ) বলেছেন— আমি সূতা কাটচিলাম এবং রসূলুল্লাহ (সাঃ) জুতা সেলাই করছিলেন। এমন সময় তাঁর কপাল থেকে ঘর্ম প্রবাহিত হতে লাগল। এ ঘর্ম থেকে নূর বিছুরিত হচ্ছিল। এতে আমি হতবুদ্ধি হয়ে গেলাম। তিনি জিজ্ঞাসা করলেনঃ কি কারণে হতবুদ্ধি হয়ে গেলে? আমি বললামঃ আপনার কপালে ঘাম দেখি দিল এবং এ ঘাম থেকে নূর বিছুরিত হল।

যদি কবি আবু কবীর হ্যালী আপনাকে দেখত, তবে জানতে পারত যে, তার সৌন্দর্য বর্ণনামূলক সব কবিতার প্রতীক আপনিই। সে তার অনবদ্য কবিতায় যখন বলেঃ

“সেই চতুর যুবক প্রত্যেক হায়েয়ের অবশিষ্টাংশ থেকে, দুঃখদাতীর রোগ থেকে, গর্ভবতীর দুধের অনিষ্ট থেকে এবং সহবাসকারীণী থেকে পবিত্র ও সংরক্ষিত।”

“যখন তুমি তাঁর মুখমণ্ডলের অনুপম সৌন্দর্য অবলোকন করবে, তখন এমন উজ্জ্বল ও দেদীপ্যমান মনে হবে, যেমন ঘন-কৃষ্ণ মেঘমালার মধ্যে বিদ্যুৎ চমক।”

এই কবিতা শুনে রসূলুল্লাহ (সাঃ) হাতে যা ছিল, রেখে দিলেন এবং আমার কপালে চুম্বন এঁকে দিয়ে বললেনঃ হে আয়েশা! আল্লাহ তায়ালা উত্তম প্রতিদান দিন, আমার মনে পড়ে না যে, আমি কখনও এতটুকু আনন্দিত হয়েছি, যতটুকু তোমার কবিতা শুনে হয়েছি।

আবু আলী ছালেহ ইবনে মোহাম্মদ বাগদাদী বলেনঃ আমার জানা নেই যে, আবু ওবায়দা কখনও হেশাম ইবনে ওরওয়া থেকে কোন হাদীস রেওয়ায়েত করেছেন। কিন্তু আমার মতে এ হাদীসটি হাসান। কেননা, এটি ইমাম বুখারী রেওয়ায়েত করেছেন।

আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত আয়েশা (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সাঃ)-এর মোবারক মুখমণ্ডল অত্যন্ত সুশ্রী ছিল এবং রং ছিল উজ্জ্বল। সৌন্দর্য বর্ণনাকারীদের প্রত্যেকেই তাকে চতুর্দশীর চাঁদের সাথে তুলনা করেছেন। তাঁর ঘর্ম মুখমণ্ডলে মোতির ন্যায় ঝলমল করত এবং তা থেকে খাঁটি মেশকের সুবাস আসত।

আবু ইয়ালা, তিবরানী ও ইবনে আসাকির হ্যরত আবু হুরায়রা (রাঃ)- থেকে রেওয়ায়েত করেন যে, এক ব্যক্তি নবী করীম (সাঃ)-এর কাছে এসে বললঃ ইয়া রসূলুল্লাহ! আমি আমার কন্যার বিবাহ ঠিক করেছি। আপনি আমাকে সাহায্য করুন। তিনি বললেনঃ আমার কাছে তো কিছু নেই। এক কাজ কর। একটি চওড়া মুখের শিশি ও একটি কাঠি নিয়ে আমার কাছে এস। লোকটি এগুলো নিয়ে এল। রসূলুল্লাহ (সাঃ) আপন উভয় বাহু থেকে ঘাম মুছে শিশিতে ভরতে লাগলেন। শিশি ভরে গেলে তিনি তা লোকটিকে দিয়ে বললেনঃ তোমার কন্যাকে বলবে— সে যেন এ কাঠিটি শিশিতে ভিজিয়ে নেয় এবং সুগন্ধিরূপে ব্যবহার করে। কথিত আছে—সে এ খোশবু ব্যবহার করলে মদীনাবাসীরা তা অনুভব করে। তাই তারা এ গৃহকে খোশবুর গৃহ বলে অভিহিত করে।

দারেমীর রেওয়ায়েতে বনী হারীশের এক ব্যক্তি বলে— রসূলুল্লাহ (সাঃ) যখন মায়ে ইবনে মালেককে 'রজম' তথা প্রস্তর বর্ষণে হত্যা করার আদেশ দেন, তখন আমি আমার পিতার সাথে ছিলাম। তাঁর গায়ে পাথর লাগতেই আমি ভীত বিশ্বল

হয়ে পড়লাম। রসূলুল্লাহ (সাঃ) আমাকে গলায় জড়িয়ে ধরলেন। ফলে তার বগলের ঘাম আমার উপর মেশকের ন্যায় প্রবাহিত হল।

বায়বার রেওয়ায়েত করেন যে, হ্যরত মুয়ায় ইবনে জবল (রাঃ) বর্ণনা করেন -আমি রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে হেঁটে যাচ্ছিলাম। তিনি বললেনঃ কাছে এস। আমি কাছে গেলে তাঁর শরীরের সুস্থান পেলাম। মেশক ও আঘরেরও এমন চমৎকার সুস্থান আমি কখনও পাইনি।

রসূলুল্লাহ (সাঃ)-এর মহান গুণাবলী

বুখারী ও মুসলিম হ্যরত বারা ইবনে আয়েব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) সর্বাধিক সুশ্রী ও সর্বাধিক পৃতপবিত্র চরিত্রের অধিকারী ছিলেন। তিনি না অধিক লম্বা ছিলেন, না বেঁটে।

বুখারী রেওয়ায়েত করেন- হ্যরত বারা ইবনে আয়েবকে (রাঃ) জিজ্ঞাসা করা হল, রসূলুল্লাহ (সাঃ)-এর পবিত্র মুখমণ্ডল তরবারির মত ছিল? তিনি বললেনঃ না; বরং তাঁর মুখমণ্ডল চাঁদের মত ছিল।

মুসলিম রেওয়ায়েত করেন- হ্যরত জাবের ইবনে সামুরাহ (রাঃ)-কে জিজ্ঞাসা করা হলঃ রসূলুল্লাহ (সাঃ) লম্বা মুখাকৃতি বিশিষ্ট ছিলেন? তিনি বললেনঃ না; বরং তাঁর মুখাকৃতি চাঁদের ন্যায় গোলাকার ছিল।

দারেমী ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত জাবের (রাঃ) বলেনঃ আমি একবার চাঁদনী রাতে রসূলুল্লাহ (সাঃ)-কে দেখছিলাম। তিনি তখন লাল বন্দুজোড়া পরিহিত ছিলেন। আমি কখনও চাঁদের দিকে এবং কখনও রসূলুল্লাহ (সাঃ)-এর দিকে তাকাচ্ছিলাম। অবশেষে এ সিদ্ধান্তেই উপনীত হলাম যে, হ্যুম্র আকরাম (সাঃ) চাঁদ অপেক্ষা অনেক বেশি সুশ্রী, সুন্দর ও আলোকময়।

বুখারীর রেওয়ায়েতে কা'ব ইবনে মালেক বলেনঃ রসূলুল্লাহ (সাঃ) যখন আনন্দিত হতেন, তখন মুখমণ্ডল এমন উজ্জ্বল হয়ে যেত, যেন একখন্ত চাঁদ। তাঁর এ অভ্যাস সম্পর্কে আমরা সবিশেষ জ্ঞাত ছিলাম।

আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত আবুবকর ছিন্দীক (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সাঃ)-এর মুখমণ্ডল এমন ছিল, যেমন চাঁদের গোলাকার বৃত্ত।

বায়হাকী আবু ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, আবু ইসহাক বলেনঃ জনেকা হামদানী মহিলা আমাকে জানায় যে, সে রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে হজু করেছে। আমি জিজ্ঞাসা করলাম, তাঁর মুখমণ্ডল কেমন ছিল? মহিলা বললঃ মুখমণ্ডল চতুর্দশীর চাঁদের মত ছিল। এমন মুখমণ্ডল আমি না তার পূর্বে দেখেছি, না তাঁর পরে।

দারেমী, বায়হাকী, তিবরানী ও আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত আবু ওবায়দা (রাঃ) বলেনঃ আমি রবী বিনতে মুয়াত্তেকে রসূলুল্লাহ (সাঃ)-এর মুখাকৃতি বর্ণনা করতে বললাম। তিনি বললেনঃ আমি যখন তাঁকে দেখতাম, তখন স্বতঃস্ফূর্তভাবে বলতাম সূর্য উদিত হয়েছে।

মুসলিম রেওয়ায়েত করেন যে, হ্যরত আবু তোফায়ল (রাঃ)-কে রসূলুল্লাহ (সাঃ)-এর মুখের সৌন্দর্য বর্ণনা করতে বলা হলে তিনি বললেনঃ মুখমণ্ডল শুভ ও লাবণ্য মিশ্রিত ছিল।

বুখারী ও মুসলিম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুম্র (সাঃ) মাঝারি গড়নের ছিলেন। না খুব লম্বাকৃতি, না বেঁটে। রং ছিল চমকদার। না সম্পূর্ণ গোধূম বর্ণ, না সম্পূর্ণ চুনার মত শুভ। চিরুনী করা কেশ। না সম্পূর্ণ জড়নো; বরং সামান্য কোঁকড়ানো।

বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত আলী (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সাঃ)-এর মুখমণ্ডল শুভ লালিমা মিশ্রিত ছিল।

ইবনে সাদ তিরমিয়ী ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেন- আমি রসূলুল্লাহ (সাঃ)- চেয়ে অধিক সুশ্রী ও সুন্দর কাউকে দেখিনি। মনে হত যেমন মুখমণ্ডল থেকে কিরণ বিচ্ছুরিত হচ্ছে। আমি তাঁর চেয়ে অধিক দ্রুতগতি সম্পন্ন কাউকে দেখিনি। তিনি যখন হাঁটতেন, তখন মনে হত যেন মাটি পিছনের দিকে সরে যাচ্ছে (অর্থাৎ খুব দ্রুতগতিতে পথ অতিক্রান্ত হচ্ছে)। আমরা তাঁর সঙ্গে হাঁটলে যথেষ্ট লাফাতে হত। অথচ তিনি বেশ গান্ধীর সহকারে হাঁটতেন বলে মনে হত।

ইবনে সাদ এবং ইবনে আসাকির কাতাদাহ থেকে, তিনি হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আনাস বলেছেন- আল্লাহ তায়ালা প্রত্যেক নবীকে সুশ্রী ও সুকণ্ঠী করে প্রেরণ করেছেন। অবশেষে আমাদের নবী (সাঃ)-কেও সুশ্রী ও সুকণ্ঠী করে প্রেরণ করেছেন।

ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যরত আলী ইবনে আবু অলেব (রাঃ) বলেনঃ আল্লাহ তায়ালা প্রত্যেক নবীকে সুশ্রী, শ্রেষ্ঠ বংশোদ্ধৃত ও সুকণ্ঠী করে প্রেরণ করেছেন। আমাদের নবী (সাঃ)ও সুশ্রী, শ্রেষ্ঠ বংশোদ্ধৃত এবং সুকণ্ঠী ছিলেন।

দারেমীর রেওয়ায়েতে হ্যরত ইবনে ওমর (রাঃ) বলেনঃ আমি রসূলে করীম (সাঃ) অপেক্ষা অধিক বীর, অধিক দাতা এবং অধিক উজ্জ্বল মুখমণ্ডল বিশিষ্ট কাউকে দেখিনি।

মুসলিমের রেওয়ায়েতে হ্যরত জাবের ইবনে সামুরাহ (রাঃ) বর্ণনা করেন- রসূলুল্লাহ (সাঃ)-এর মুখমণ্ডল প্রশংসন্ত ছিল। তাঁর চোখের শুভ্রতায় লাল সরু ডোরা ছিল।

তিরমিয়ী ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত আলী (রাঃ) বর্ণনা করেন- হ্যুর (সাঃ) না বেশি লস্ব ছিলেন, না বেঁটে। বরং তাঁর গড়ন ছিল মাঝারি। কেশ না সম্পূর্ণ কুঞ্চিত, না সম্পূর্ণ সোজা; বরং সামান্য কোঁকড়া ছিল। তিনি স্থুলদেহী ছিলেন না, গোল মুখমণ্ডলের ছিলেন, বরং মুখমণ্ডল হালকা গোলাকৃতি ছিল। তাঁর রং সাদা লাল মিশ্রিত ছিল। চক্ষুদ্বয় খুব কাল ছিল এবং পলক দীর্ঘ ছিল। তাঁর গ্রাস্ত্রি হাড়ি মোটা ছিল। উভয় কাঁধের মধ্যবর্তী জ্যাগাও মোটা ও মাংসল ছিল। শরীরে চুল বেশি ছিল না। বক্ষ থেকে নাভি পর্যন্ত চুলের একটি রেখা ছিল। হাতের তালু ও পদযুগল মাংসল ছিল। তিনি যখন চলতেন, তখন শক্তিসহকারে পা তুলতেন, যেন নিম্নভূমির দিকে যাচ্ছেন। তিনি কারও দিকে মনোযোগ দিলে সমগ্র শরীর সহকারে মনোযোগ দিতেন। তাঁর উভয় ঝুঁটির মধ্যস্থলে মোহরে-নবুয়ত ছিল।

হ্যরত আলী (রাঃ) থেকেই বর্ণিত আছে যে, হ্যুর (সাঃ)-এর চোখের পুতলী ও পলক লস্ব ছিল।

বায়হাকী হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ)-এর লালাট প্রশস্ত ও পলকযুক্ত ছিল।

তায়ালেসী, তিরমিয়ী ও বায়হাকী হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সাঃ) না বেঁটে ছিলেন, না অধিক লস্ব। তাঁর দাঢ়িও বড় ছিল। হাতের তালু ও পদযুগল মাংসল ছিল। গ্রাস্ত্রি হাড়ি মোটা ছিল। মুখমণ্ডলে লাল আভা ছিল। বুক থেকে নাভি পর্যন্ত চুলের লস্ব রেখা ছিল। তিনি দৃঢ় পদক্ষেপে চলতেন; যেন উচ্চভূমি থেকে নিম্নভূমিতে যাচ্ছেন। আমি তাঁর মত কাউকে না তাঁর পূর্বে দেখেছি, না পরে।

তায়েলেসী, আহমদ ও বায়হাকী হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনাব রসূলে করীম (সাঃ)-এর হাতের কজী দীর্ঘ ছিল। দু'কাঁধের মাঝখানে দূরত্ব ছিল। চোখের পলক দীর্ঘ ছিল। তিনি বাজারে হৈ চৈ কারী, গালমন্দকারী ও কাঁচাভাষী ছিলেন না। তিনি কারও মুখোমুখি হলে সমগ্র দেহসহকারে মুখোমুখি হতেন এবং যখন ঘুরে যেতেন, তখন সমগ্র দেহ সহকারে ঘুরে যেতেন।

বায়হাকী হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ)-এর দাঢ়ি কাল এবং দাঁত অত্যন্ত সুন্দর ছিল।

হ্যরত আনাস (রাঃ)-কে জিজাসা করা হয়, রসূলুল্লাহ (সাঃ) বৃক্ষ হয়েছিলেন কি? তিনি বললেনঃ আল্লাহ তায়ালা তাঁকে বার্ধক্যের দোষ থেকে মুক্ত রেখেছেন। মাথায় ও দাঢ়িতে সতের আঠারটি পাকা চুল ছিল।

বুখারী ও মুসালিম হ্যরত বারা ইবনে আয়েব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) মাঝারি গড়নের ছিলেন। তাঁর ঝুঁটির মধ্যস্থলে বেশ দূরত্ব

ছিল। মাথার কেশ কানের লতি স্পর্শ করত। আমি তাঁর চেয়ে অধিক সুশ্রী ও সুন্দর আর কাউকে দেখিনি।

আহমদ ও বায়হাকীর রেওয়ায়েতে মুহরিশ কা'বী বলেনঃ নবী করীম (সাঃ) জেয়েরানা থেকে রাতের বেলায় ওমরার এহরাম বাঁধেন। আমি তাঁর পিঠের দিকে তাকালাম, যা চাঁদের ফালির মত ঝলমল করছিল।

তায়ালেসী, ইবনে সাদ তিবরানী ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যরত উম্মে হানী (রাঃ) বলেনঃ আমি নবী করীম (সাঃ)-এর পেটের দিকে তাকালে মনে হত যেন উপরে নীচে সাদা কাগজ জড়িয়ে আছে।

তিরমিয়ী ও বায়হাকী হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যেন রংপায় গড়া ছিলেন। চুল সামান্য বক্র ও কোঁকড়া ছিল। পেট ছিল সমতল। কাঁধের হাড়ি চওড়া ছিল। যখন হাঁটতেন, পা দৃঢ়ভাবে রাখতেন। যখন কারও দিকে মনোযোগ দিতেন, তখন পূর্ণ শরীর সহকারে মনোযোগ দিতেন। যখন ঘুরতেন, পূর্ণ শরীর সহকারে ঘুরতেন।

বুখারী হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ)-এর মাথা ও পা বড় ছিল এবং হাতের তালু সমতল ছিল।

বুখারী হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর পা বড় এবং মুখমণ্ডল সুশ্রী ছিল। আমি তাঁর পরে তাঁর মত কাউকে দেখিনি।

তিবরানী ও বায়হাকীর রেওয়ায়েতে মায়মূনা বিনতে কারুম বলেনঃ আমি রসূলে করীম (সাঃ)কে দেখেছি। আমি একথা ভুলতে পারি না যে, তাঁর পায়ের বৃক্ষাঙ্গুলির সাথে সংলগ্ন অঙ্গুলিটি অন্য সকল অঙ্গুলি অপেক্ষা বৃহৎ ছিল।

বায়হাকী যিনি আদভিয়ার জনৈক ছাহাবী থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেছেন- আমি রসূলুল্লাহ (সাঃ)- কে দেখেছি। তাঁর দেহাবয়ব অত্যন্ত সুন্দর ছিল। 'প্রশস্ত' লাট ছিল। নাক সরু ছিল। জ্বর সূক্ষ্ম ছিল। বুক থেকে নাভি পর্যন্ত চুলের রেখা ছিল।

বায়হাকী হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) না বেঁটে ছিলেন, না অধিক লস্ব; বরং লাঘুর অধিক কাছাকাছি ছিলেন। হাতের তালু ও পা মাংসল ছিল। বুকে চুলের রেখা ছিল। তাঁর ঘর্ম ম্যাতির ন্যায় ঝলমল করত। তিনি ঝুঁকে হাঁটতেন, যেন উচ্চভূমি থেকে নামছেন।

আবদুল্লাহ ইবনে আহমদ বায়হাকী হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) খুব বেশি লস্ব ছিলেন না; বরং মাঝারি গড়নের চেয়ে কিছু উচু ছিলেন। যখন অন্য লোকদের সাথে চলতেন তখন তাঁর পেটের দিকে তাকালাম।

১৩২

খাসায়েসুল কুবরা-১ম খণ্ড

হতেন। তিনি শুভ্র ছিলেন। মাথা বড় ছিল। উজ্জ্বল মুখমণ্ডল ও হাসি মুখ ছিলেন। পলক লম্বা ছিল। হাতের তালু ও পা মাংসল ছিল। চলার সময় দৃঢ় পদক্ষেপে চলতেন, যেন নীচে নামছেন। মুখমণ্ডলে ঘর্ম মোতির ন্যায় ঝলমল করত। আমি তাঁর মত না তাঁর পূর্বে কাউকে দেখেছি, না তাঁর পরে।

মুসলিম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর রং উজ্জ্বল ছিল। ঘর্ম মোতির মত ঝলমল করত। তিনি যখন চলতেন, বুঁকে চলতেন।

বায়হার ও বায়হাকী হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) সর্বাধিক সুন্দর ছিলেন। গড়ন মাঝারি ছিল। উভয় কাঁধের মাঝখানে ব্যবধান ছিল। কপোল সমতল ছিল। কেশ খুব কাল, চক্ষু কাজল এবং পলক দীর্ঘ ছিল। চলার সময় পূর্ণ পা রাখতেন। পায়ে গর্ত ছিল না। কাঁধ থেকে চাদর সরালে পিঠ মনে হত ঝপায় গড়া। হাসলে দাঁত মোতির ন্যায় মনে হত। আমি তাঁর পূর্বে এবং তাঁর পরে তাঁর মত আর কাউকে দেখিনি।

বুখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত আনাস (রাঃ) বর্ণনা করেন, আমি এমন কোন রেশম ও কিংখাব স্পর্শ করিনি, যা রসূলুল্লাহ (সাঃ)-এর হাতের তালু অপেক্ষা অধিক কোমল। আমি এমন কোন মেশক ও আস্তরের দ্রাগ নেই নি, যার সুগন্ধি হ্যুবুর (সাঃ)-এর শরীরের সুগন্ধি অপেক্ষা অধিক হৃদয়ঘাস্তি।

মুসলিমের রেওয়ায়েতে জাবের ইবনে সামুরাহ (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সাঃ) আমার গালে হাত বুলিয়েছেন। আমি তাঁর পবিত্র হাতের শীতলতা অনুভব করেছি। আর মনে হয়েছে যেন কোন আতর বিক্রেতার বাক্স থেকে সুগন্ধি আসছে।

বায়হাকীর রেওয়ায়েতে এয়াখিদ ইবনে আসওয়াদ বলেনঃ রসূলুল্লাহ (সাঃ) আমার হাতে আপন পবিত্র হাত দিয়েছেন। তাঁর হাত বরফের চেয়ে ঠাণ্ডা এবং মেশকের চেয়ে অধিক সুগন্ধিযুক্ত ছিল।

তিবরানী মুস্তাওরিদ ইবনে শান্দাদ থেকে রেওয়ায়েত করেন যে, তার পিতা রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে যান এবং তাঁর পবিত্র হাত আপন হাতে নেন। তিনি অনুভব করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর হাত রেশম অপেক্ষা অধিক কোমল এবং বরফের চেয়ে বেশি ঠাণ্ডা ছিল।

আহমদের রেওয়ায়েতে সা'দ ইবনে আবী ওয়াকাছ (রাঃ) বলেনঃ আমি মকায় একবার অসুস্থ হয়ে পড়লাম। রসূলুল্লাহ (সাঃ) আমাকে দেখতে এলেন এবং আমার কপালে হাত রাখলেন। এছাড়া আমার মুখমণ্ডল, বুক ও পেটেও হাত বলালেন। আমি অঙ্গ পর্যন্ত আমার কলিজায় পবিত্র হাতের শীতলতা অনুভব করি।

ইবনে সা'দ ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সাঃ)-এর মোবারক মুখমণ্ডল লালিমা মিশ্রিত শুভ্র ছিল। অঙ্গুলিসমূহ মাংসল ছিল। তিনি না বেশি লম্বা ছিলেন, না বেঁটে। কেশ সম্পূর্ণ সোজাও ছিল না, সম্পূর্ণ কুঞ্চিত ছিল না। তিনি যখন হাঁটতেন, তখন পিছনে মানুষ লাফিয়ে চলত। সত্য এই যে, তাঁর মত কাউকে দেখা যায়নি।

আবু মূসা মুদায়নী আমদ ইবনে আবদ হ্যরামী থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি রসূলুল্লাহ (সাঃ)কে দেখেছি। কিন্তু তাঁর মত না তাঁর আগে, না পরে কাউকে দেখেছি।

ইবনে সা'দের রেওয়ায়েতে আবদুল্লাহ ইবনে বুরায়দা (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সাঃ)-এর পদযুগল সকল মানুষের মধ্যে সুন্দরতম ছিল।

ইবনে সা'দ ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যরত আলী (রাঃ) বর্ণনা করেন, রসূলুল্লাহ (সাঃ)-এর মুখমণ্ডল শুভ্র লালিমা মিশ্রিত ছিল। তাঁর চক্ষু কাল ছিল। বুকে চুলের সরু রেখা ছিল। নাক পাতলা ও স্ফীত ছিল। গাল সমতল ছিল। দাঢ়ি ঘন ছিল। মাঝার কেশ কানের লতি স্পর্শ করত। ঘাড় ঝপায় সোরাহীর মত ছিল। বুক থেকে নাভি পর্যন্ত চুলের রেখা ছিল। এছাড়া পেট ও বুকে চুল ছিল না। তাঁর ঘাম মুখমণ্ডলে মোতির ন্যায় ঝলমল করত। তাঁর ঘামের গন্ধ মেশকের চেয়েও বেশি সুবাসিত ছিল।

ইবনে সা'দ ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যরত আলী (রাঃ) বলেনঃ নবী করীম (সাঃ) আমাকে এয়ামন প্রেরণ করেন। একদিন আমি জনতার উদ্দেশ্যে যখন খোতবা দিছিলাম, তখন এক ইহুদী আলেম হাতে কিতাব নিয়ে দণ্ডয়মান ছিল। সে কিতাব দেখে যাচ্ছিল। সে আমাকে বললঃ আবুল কাসেম (সাঃ)-এর গুণবলী বর্ণনা করুন। আমি বর্ণনা করলাম যে, তিনি না বেশি লম্বা, না বেঁটে। তাঁর চুল না সম্পূর্ণ কোঁকড়া, না সম্পূর্ণ সোজা। তবে হাল্কা কুঞ্চিত ও কাল। মাথা বড়। রং লালিমা মিশ্রিত সাদা। গুঁথি বড় বড়। হাতের তালু ও পা মাংসল। বুকে চুলের হালকা রেখা আছে। পলক লম্বা। ভুরু মিলিত এবং ললাট প্রশস্ত। উভয় কাঁধের মাঝখানে দ্রুত্ব আছে। যখন হাঁটেন, তখন মনে হয় যেন নিচে অবতরণ করছেন। আমি তাঁর মত তাঁর আগেও দেখিনি এবং পরেও দেখিনি।

ইহুদী আলেম বললঃ তাঁর চোখে লাল ডোরা আছে। দাঢ়ি সুন্দর। মুখ সুন্দর। তিনি যখন মনোযোগ দেন, তখন পূর্ণ শরীর দিয়ে মনোযোগী হন। আর যখন ঘুরেন, পূর্ণ শরীরে ঘুরেন। আমি বললামঃ হাঁ, এগুলোও তাঁর গুণবলী। এরপর ইহুদী আলেম বললঃ আরও একটি বিষয় আছে। আমি বললামঃ কিং সে বললঃ তাঁর মধ্যে বুঁকে চলা আছে। আমি বললামঃ এ কথা তো আমি আগেই বলেছি যে, তিনি যখন হাঁটেন, তখন মনে হয় যেন নিচে অবতরণ করছেন। ইহুদী আলেম

বললঃ এ গুণটি আমি আমার বাপদাদার কিতাবে পেয়েছি। কিতাবে আরও উল্লেখিত আছে যে, তিনি আল্লাহর হেরেমে, শাস্তির আবাসস্থলে এবং আপন গৃহ থেকে নবুওত লাভ করবেন। এরপর সেই হেরেমের দিকে হিজরত করবেন, যাকে তিনি নিজে হেরেম সাব্যস্ত করবেন। তাঁর সম্মানও আল্লাহর হেরেমের অনুরূপ হবে। তাঁর মদদগার ও আনন্দার, যাদের কাছে তিনি হিজরত করবেন, তাঁরা আমর ইবনে আমেরের বংশধর হবেন। তাঁর খর্জুর বাগানের মালিক হবেন। তাদের পূর্বে এই ভূ-ভাগ ইহুদীদের করতলগত থাকবে। হ্যরত আলী (রাঃ) বললেনঃ আসলে তাই। ইহুদী আলেম বললঃ তা হলে আমি সাক্ষ্য দেই যে, তিনি নবী এবং সমগ্র মানব জাতির জন্যে আল্লাহর রসূল।

ইবনে আসাকির হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কিছু সংখ্যক ইহুদী হ্যরত আলী (রাঃ)-এর কাছে এসে বললঃ আপনার চাচাত ভাইয়ের গুণাবলী বর্ণনা করুন। হ্যরত আলী (রাঃ) বললেনঃ মোহাম্মদ (সাঃ) না খুব লম্বা ছিলেন, না বেঁটে। তিনি মাঝারি গড়ন থেকে কিছু বেশি ছিলেন। রং ছিল লালিমা মিশ্রিত সাদা। চুল কোঁকড়া ছিল; কিন্তু সম্পূর্ণ কুঁড়িত ছিল না। মাথার চুল কানের লতি পর্যন্ত ছিল। ললাট প্রশস্ত ছিল। গাল সুস্পষ্ট ছিল। চক্ষু কাল এবং ভূরু মিলিত ছিল। পলক দীর্ঘ এবং নাক উঁচু ছিল। বুকে চুলের সরু রেখা ছিল। দাঁত চমকদার ছিল। দাঢ়ি ঘন ছিল। গ্রীবা রূপার সোরাহীর মত ছিল। বুক থেকে নাভি পর্যন্ত কিছু চুল ছিল; যেন কাল মেশকের ডোরা। শরীরে ও বুকে এছাড়া কোন চুল ছিল না। হাতের তালুতে পূর্ণিমার চাঁদের মত বৃত্ত ছিল। নূরের হরফে দু'ছত্র লেখা ছিল। উপরের ছত্রে লা ইলাহা ইল্লাহাই এবং নিচের ছত্রে মোহাম্মাদুর রসূলুল্লাহ লিখিত ছিল।

ইবনে আসাকির হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর ওফাতের পর বায়তুল-মোকাদ্দাসের জনৈক ইহুদী আলেম হ্যরত আলী (রাঃ)-এর কাছে এসে রসূলুল্লাহ (সাঃ)-এর গুণাবলী বর্ণনা করতে বলল। হ্যরত আলী (রাঃ) বললেনঃ রসূলুল্লাহ (সাঃ) না বেশী লম্বা ছিলেন, না বেঁটে; বরং গড়ন মাঝারি ছিল। রং শুভ্র লালিমা মিশ্রিত ছিল। কোঁকড়া চুল কানের লতি পর্যন্ত দীর্ঘ ছিল। বক্ষ প্রশস্ত এবং গাল সমতল ছিল। ভূরু মিলিত এবং চক্ষু কাল ছিল। পলক লম্বা এবং নাক পাতলা ছিল। বুকের উপর চুলের একটি সরু রেখা ছিল। দাঁতের মধ্যে ফাঁক ছিল এবং দাঢ়ি ঘন ছিল। গ্রীবা রূপার সোরাহীর মত। মুখমণ্ডলে ঘামের ফেঁটা মোতির মত ঝলমল করত। হাতের তালু ও পা মাংসল ছিল। বুক থেকে নাভি পর্যন্ত ডোরার মত চুলের একটি রেখা ছিল। এছাড়া পেটে ও পিঠে কোন চুল ছিল না। শরীর থেকে মেশকের মত সুগন্ধি বের হত। লোকজনের মধ্যে দণ্ডযামান হলে সকলের চেয়ে উঁচু মনে হতেন। হাঁটার সময়

মনে হত যেন কোন প্রস্তর খণ্ড থেকে অবতরণ করছেন। কারও প্রতি মনোযোগ দিলে পূর্ণ শরীরসহ মনোযোগ দিতেন। চলার সময় মনে হত যেন নিচে নামছেন।

এসের কথা শুনে ইহুদী আলেম বললঃ আমি তওরাতে তাই পেয়েছি। আমি সাক্ষ্য দিছি যে, তিনি আল্লাহর রসূল।

বায়হাকী ও ইবনে আসাকির মুকাতিল ইবনে হাইয়ান থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহ তায়ালা হ্যরত ঈসা (আঃ)-এর প্রতি ওহী পাঠালেন- হে ঈসা! আমার আদেশ পালনে রত থাক। শুন এবং আনুগত্য কর। হে পৃত, পবিত্র ও পরহেবেগার মহিলার পুত্র, আমি তোমাকে পিতা ছাড়া সৃষ্টি করে সমগ্র বিশ্বের জন্যে নির্দশন করেছি। আমারই এবাদত কর এবং আমারই উপর ভরসা কর। আমি আল্লাহ, চিরজীব ও চির প্রতিষ্ঠিত। নবী উশী আরবীকে সত্য বলে বিশ্বাস কর, যিনি উটওয়ালা ও শিরস্ত্রাণওয়ালা এবং যিনি মুকুটধারী, জুতা ওয়ালা এবং লাঠিওয়ালা। তাঁর মাথার কেশ কোঁকড়া, ললাট প্রশস্ত, ভূরু মিলিত, আয়তলোচন, পলক দীর্ঘ, চক্ষু কাল, নাক উঁচু, গাল সমতল এবং দাঢ়ি ঘন। মুখমণ্ডলে ঘাম মোতির মত ঝলমল করে। শরীর থেকে মেশকের সুগন্ধি আসে। গ্রীবা রূপার সোরাহীর মত। বুক থেকে নাভি পর্যন্ত ডোরার মত চুলের একটি রেখা আছে। এছাড়া বুকে ও পেটে কোন চুল নেই। হাতের তালু ও পা মাংসল। মানুষের সাথে আগমন করলে তিনি তাদের চেয়ে উঁচু মনে হন। হাঁটার সময় মনে হয় যেন উচ্চভূমি থেকে নিম্নভূমিতে অবতরণ করছেন। তিনি সামান্য দ্রুত গতিতে চলেন।

ইবনে সাদ, তিরমিয়ী (শামায়েল), বায়হাকী, তিবরানী, আবু নয়ীম, ইবনে সাকান, ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যরত হাসান (রাঃ) বললেনঃ আমি আমার মামা হিন্দ ইবনে আবীহালাকে রসূলুল্লাহ (সাঃ)-এর দেহাবয়ব সম্পর্কে প্রশ্ন করলাম। তিনি হ্যুর (সাঃ)-এর দেহাবয়ব অধিক পরিমাণে ও সুস্পষ্টরূপে বর্ণনা করতেন। আমার প্রশ্নের জবাবে তিনি বললেনঃ রসূলে করীম (সাঃ) আপন সত্তার দিক দিয়েও মহান ছিলেন এবং অপরের দৃষ্টিতেও অত্যন্ত মর্যাদাবান ছিলেন। তাঁর মোবারক মুখমণ্ডল পূর্ণিমার চাঁদের মত ঝলমল করত। তাঁর গড়ন সম্পূর্ণ মাঝারি গড়নের চেয়ে কিছুটা দীর্ঘ ছিল। কিন্তু বেশি লম্বা গড়নের চেয়ে খাটো ছিলেন। মাথা সমতার পর্যায়ে বড় ছিল। কেশ ঘৃঢ়কিপ্পিং কুঁড়িত ছিল। মাথার কেশে আপনা আপনি সিঁথি হয়ে গেলে তিনি সিঁথি করতেন না। নতুনা সিঁথি করতেন। চুল কানের লতি পার হয়ে যেত। তাঁর রঙ অত্যন্ত চমকদার ছিল এবং ললাট প্রশস্ত। তাঁর ভূরু কুঁড়িত, পাতলা ও ঘন ছিল। কিন্তু উভয় ভূরু মিলিত ছিল না। উভয়ের মাঝখানে একটি শিরা ছিল, যা ক্রোধের সময় ফীত হয়ে উঠত। তাঁর নাক কিছুটা উঁচু ছিল। দর্শক তাঁকে উন্নত নাসিকা বিশিষ্ট বলে মনে করত। কিন্তু গভীর দৃষ্টিতে মনে হত যে, সুন্দরতা ও চাকচিক্যের কারণে উঁচু মনে হয়। নতুনা আসলে বেশি উঁচু নয়।

দাঢ়ি মন, চক্ষু, কান, গাল সমতল, মুখ প্রশস্ত এবং দাঁত চিকন ও উইল ছিল। সম্মুখের দাঁতগুলোতে ফাঁক ছিল। বুক থেকে নাভি পর্যন্ত চুলের একটি রেখা ছিল। গ্রীবা রূপার মত স্থচ্ছ কোন মৃত্তির গ্রীবার মত ছিল। তাঁর সমস্ত অঙ্গ ভারসাম্যপূর্ণ ও মাংসল ছিল। দেহ বলিষ্ঠ ছিল এবং পেট ও বুক সমতল ছিল। নাভি ও বুকের মাঝখানে একটি রেখার মত চুলের ডোরা ছিল। এছাড়া বক্ষদেশ চুলমুক্ত ছিল। তবে উভয় বাহু, কাঁধ এবং বুকের উপরি অংশে চুল ছিল। তাঁর কবজি লম্বা এবং হাতের তালু প্রশস্ত ছিল। হাতের তালু ও পা মাংসপূর্ণ ছিল। হাত-পায়ের অঙ্গুলি লম্বা ছিল। পায়ের তলা গভীর এবং পা সমতল ছিল। তাতে পানি থেমে থাকত না; সাথে সাথে গড়িয়ে পড়ত। চলার সময় জোরেসোরে পা তুলতেন এবং সামনের দিকে ঝুঁকে চলতেন। পা আস্তে মাটিতে রাখতেন। তিনি দ্রুতগতিসম্পন্ন ছিলেন। চলার সময় মনে হত যেন নিম্নভূমিতে অবতরণ করছেন। কোন দিকে মনোযোগ দিলে পূর্ণ শরীর ঘুরিয়ে মনোযোগ দিতেন। দৃষ্টি নত থাকত। দৃষ্টি আকাশের তুলনায় মাটির দিকে বেশি থাকত। সাধারণতঃ চোখের কোণ দিয়ে দৃষ্টিপাত করতেন। পথ চলার সময় সাহাবায়ে-কেরামকে অগ্রে দিতেন। কারও সাথে সাক্ষাৎ করলে আগে সালাম করতেন।

আমি বললামঃ এবার তাঁর কথাবার্তা সম্পর্কে বলুন। তিনি বললেনঃ হ্যুর (সাঃ) অধিকাংশ সময় চিন্তাযুক্ত ও ভাবনায় লিপ্ত থাকতেন। প্রায়ই চুপ থাকতেন। বিনা প্রয়োজনে কথা বলতেন না। কথাবার্তার সূচনা ও সমাপ্তি ঠোঁটের কিনারায় করতেন। সারগর্ভ বাক্যবলী সহযোগে কথাবার্তা বলতেন। কথাবার্তায় কোন বাড়তি শব্দ থাকত না এবং কমও থাকত না। তিনি প্রফুল্লচিত্ত ছিলেন- কঠোর ছিলেন না। এতটুকু নেয়ামতকেও বিরাট মনে করতেন। কোন বস্তুর দোষ বলতেন না। কোন খাদ্যবস্তুকেই অপছন্দ করতেন না এবং তারীফও করতেন না। ন্যায়-অন্যায়ের কোন ব্যাপার ঘটলে ন্যায় জয়যুক্ত না হওয়া পর্যন্ত তাঁর মানসিক অবস্থিতি দূর হত না। নিজের কোন ব্যাপারেই কখনও নারাজ হতেন না। ইশারা করলে পূর্ণ হাতের তালু দিয়ে ইশারা করতেন। বিশ্ব প্রকাশ করলে হাত উল্টিয়ে নিতেন। কথা বলার সময় ডান হাতের বৃক্ষাঙ্গুলি বাম হাতের তালুতে রাখতেন। অসন্তুষ্ট হলে মুখ ফিরিয়ে নিতেন এবং মন সংকুচিত হয়ে যেত। আনন্দিত হলে দৃষ্টি ঝুঁকিয়ে নিতেন। তাঁর হাসি ছিল মুচকি হাসি। মুচকি হাসির সময় দাঁত শিলার মত বালমল করত।

মোবারক নামসমূহ

কোন কোন আলেম বলেনঃ নবী করীম (সাঃ)-এর এক হাজার নাম আছে। কিছু কোরআনে বর্ণিত আছে এবং কিছু প্রাচীন কিতাবাদিতে পাওয়া যায়।

বোখারী ও মুসলিমের রেওয়ায়েতে জুবায়ির ইবনে মুত্যিম (রাঃ) বর্ণনা করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন- আমার অনেক নাম। আমি মোহাম্মদ। আমি

আহমদ এবং আমি মাহী; অর্থাৎ কুফর বিলোপকারী। আমি হাশের; অর্থাৎ আমার পায়ের নিচে হাশেরের ময়দান কায়েম হবে। আমি আকীব। আমার পরে কোন নবী আগমন করবে না।

আহমদ, তায়ালেমী, ইবনে সাদ-হাকেম ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত জুবায়ির ইবনে মুত্যিম (রাঃ) বলেনঃ আমি রসূলুল্লাহ (সাঃ)কে বলতে শুনেছি- আমি মোহাম্মদ আমি আহমদ। আমি হাশের। আমি মাহী। আমি হাতেম এবং আমি আকীব।

তিবরাণী ও আবু নয়ীম জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেনঃ আমি মোহাম্মদ। আমি আহমদ। আমি হাশের এবং আমি মাহী।

আহমদ ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত আবু মূসা আশআরী (রাঃ) বর্ণনা করেনঃ রসূলুল্লাহ (সাঃ) নিজের একাধিক নাম আমাদেরকে বলেছেন। তন্মধ্যে কিছু আমাদের মনে আছে এবং কিছু ভুলে গেছি। তিনি বলেছেন- আমি মোহাম্মদ। আমি আহমদ। আমি হাশের। আমি নবীয়ে তওবা, নবীয়ে মালহামা এবং নবীয়ে-রহমত।

আহমদ, ইবনে আবী শায়বা ও তিরমিয়ীর রেওয়ায়েতে হ্যরত হ্যায়ফা (রাঃ) বর্ণনা করেন- মদীনার কোন রাস্তায় রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে আমার দেখা হলে তিনি বললেনঃ আমি মোহাম্মদ! আমি আহমদ। আমি নবীয়ে-রহমত। আমি নবীয়ে তওবা। আমি হাশের। আমি নবীয়ে মালহামে; অর্থাৎ ন্যায়ের খাতিরে আমাকে ঝুঁক করার নির্দেশ দেয়া হয়েছে।

আবু নয়ীম, ইবনে মরদুওয়াইহি ও দায়লমী হ্যরত আবু তোফায়ল থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ আমার পরওয়ারদেগারের কাছে আমার নাম দশটি- মোহাম্মদ, আহমদ, ফাতেহ, হাতেম, আবুল কাসেম, হাশের, আকেব, মাহী, ইয়াসীন ও তোয়াহ।

ইবনে মুজাহিদ রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বলেছেনঃ আমি মোহাম্মদ এবং আমি আহমদ। আমি রসূলে-রহমত। আমি রসূলে-মালহামা। আমি হাশের। আমি জেহাদের জন্যে প্রেরিত হয়েছি- চাষাবাদের জন্যে নয়।

ইবনে আদী ও ইবনে আসাকির হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ কোরআনে আমার নাম মোহাম্মদ, ইনজীলে আহমদ এবং তওবাতে আহইয়াদ। কারণ, আমি আমার উম্মতকে জাহান্নাম থেকে রক্ষণ করব।

আবু নয়ীম হ্যরত ইবনে আববাস (রাঃ)-থেকে রেওয়ায়েত করেন যে, প্রাচীন কিতাবসমূহে রসূলুল্লাহ (সাঃ)-এর এসব নাম রয়েছে- আহমদ, মোহাম্মদ, মাহী, মুককী, নবীয়ে-মালাহেম, আহমতায়া, কারকলীতা, ও মাময়ায়।

ইবনে ফারেস হ্যরত ইবনে আববাস (রাঃ)-থেকে রেওয়ায়েত করেন যে, তওরাতে নবী করীম (সাঃ)-এর নাম এভাবে- আহমদ, মুচকি হাস্যকারী, যোদ্ধা, উষ্ট্রারোহী, পাগড়ি পরিধানকারী, ক্ষণে তলোয়ারবাহী।

আমি বলিঃ রসূলুল্লাহ (সাঃ)-এর নামাবলীর ব্যাখ্যায় আমি একটি কিতাব রচনা করেছি। যার মধ্যে কোরআন, হাদীস ও প্রাচীন কিতাবসমূহ থেকে তিনশ' চল্লিশটি নাম সন্তুষ্টিপূর্ণ করা হয়েছে।

রসূলুল্লাহ (সাঃ)-এর কক্ষক নাম আল্লাহ তায়ালার নাম।

কায়ী আয়ায় বলেনঃ নবী করীম (সাঃ)-এর এক বৈশিষ্ট্য এই যে, আল্লাহ তায়ালা আপন নামাবলীর মধ্য থেকে প্রায় ত্রিশটি নাম রসূলুল্লাহ (সাঃ)-এর ও নাম বলেছেন। সেগুলো এইঃ

আকরাম, আমীন, আওয়াল, আখের, বশীর, জাবার, হক, খবীর, যুল কুওয়াহ, রউফ, রহীম, শহীদ, শাকুর, ছাদেক, আযীম, আফ, আলেম, আযীথ, ফাতেহ, করীম, মুবীন, মুমিন, মোহায়মেন, মুকাদ্দাস, মওলা, ওলী, নূর, হাদী, তোয়াহা, ইয়াসীন।

আমি বলিঃ আমাদের সামনে আরও কিছু নাম এসেছে, সেগুলো এইঃ আহাদ, আছদাক, আহসান, আছওয়াদ, আ'লা, আমের, নাহী, বাতেন, বার, বোরহান, হাশের, হাফেয়, হাফীয়, হাসীব, হাকীম, হালীম, হাইউ, খলীফা, দায়ী, রাফে' রফিউদ্দারাজাত, সালাম, সাইয়িদ, শাকের, ছাবের, ছাহেব, তাইয়েব, তাহের, আদল, আলী, গালেব, গফুর, গনী, কায়েস, করীব, মাজেদ, মু'তী, নাসেখ, নাশের, ওয়াফা, হামীম ও নূন।

রসূলুল্লাহ (সাঃ)-এর নাম আল্লাহতায়ালার নাম থেকে উদ্ভৃত

হ্যরত হাসসান ইবনে ছাবেত (রাঃ) রসূলুল্লাহ (সাঃ)-এর পরিচিতি দান প্রসঙ্গে বলেনঃ

তিনি উজ্জ্বলমুখ, মোহরে-নবুয়তের বাহক। আল্লাহর নূর তাঁর উপর ঝলমল করছে। আল্লাহতায়ালা পাঞ্জেগানা আয়ানে তাঁর সম্মানিত নামকে নিজের নামের সাথে মিলিয়ে রেখেছেন। তাঁর নাম নিজের নাম থেকে উদ্ভৃত করেছেন। সে মতে আল্লাহ তায়ালার নাম মাহমুদ এবং তিনি মোহাম্মদ।

বায়হাকী ও ইবনে আসাকির সুফিয়ান ইবনে ওয়ায়না থেকে এবং তিনি আলী ইবনে যায়েদ ইবনে জাদান থেকে বর্ণনা করেন যে, সমাবেশের মধ্যে উপরোক্ত কবিতা পাঠ করা হয় এবং একে আরবের উৎকৃষ্টতম কবিতা সাব্যস্ত করা হয়।

ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যরত ইবনে আববাস (রাঃ) বলেনঃ যখন রসূলুল্লাহ (সাঃ) জন্মগ্রহণ করলেন, তখন আবদুল মোতালিব একটি ভেড়া যবেহ করে তাঁর আকীকা করলেন। অভ্যাগতদের একজন প্রশ্ন করলঃ হে আবুল হারেছ! আপনি এই শিশুর নাম মোহাম্মদ রাখলেন কেন? কোন পারিবারিক নাম রাখলেন না কেন? আবদুল মোতালিব বললেনঃ আমি চাই যে, আকাশে আল্লাহ তায়ালা তাঁর প্রশংসন করুন এবং পৃথিবীতেও মানুষের কাছে সে প্রশংসিত হোক।

মাতুলালয়ে প্রকাশিত মোজেয়া

ইবনে সা'দ ইবনে আববাস, যুহুরী ও আছেম ইবনে আমর ইবনে কাতাদাহ থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর বয়স যখন ছয় বছর, তখন তাঁর জননী তাকে নিয়ে মদীনায় বনী আদী ইবনে নাজারে গেলেন। তাঁর সঙ্গে পরিচারিকা উম্মে আয়মানও ছিলেন। আমেনা শিশু নবীজীকে (সাঃ) নিয়ে নাবেগার গৃহে পৌঁছেন এবং সেখানে এক মাস অবস্থান করেন। রসূলুল্লাহ (সাঃ) এই সময়কার অনেক কথা মনে রেখেছিলেন। তিনি এই গৃহের দিকে তাকিয়ে বলতেনঃ আমার যা আমাকে এখানে নিয়ে এসেছিলেন। আমি বনী আদীর ক্ষুদ্র জলাশয়টিতে সাঁতার কাটতাম। ইহুদীরা তখন তাঁর দিকে গভীর দৃষ্টিতে তাকাত। উম্মে আয়মান বলেনঃ আমি এক ইহুদীকে বলতে শুলামঃ ইনি এই উম্মতের নবী এবং এটা তাঁর হিজরতভূমি। আমি এ কথাটি স্মৃতির মণিকোঠায় সংরক্ষিত রেখেছিলাম। এরপর তাঁর জননী তাঁকে নিয়ে মক্কার পথে রওয়ানা হন। পথিমধ্যে আবওয়া নামক স্থানে জননী ইস্তেকাল করেন।

আবু নয়ীম ও ওয়াকেদীর ওস্তাদগণ থেকে এমনিভাবে রেওয়ায়েত করেন। কিন্তু তাঁর রেওয়ায়েতে এই বিষয়বস্তুর উপর অধিক জোর দেয়া হয়েছে যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ আমি এক ইহুদীকে আমার দিকে গভীরভাবে দৃষ্টিপাত করতে দেখলাম। সে আমাকে জিজ্ঞাসা করলঃ তোমার নাম কি? আমি বললামঃ আহমদ। এরপর সে আমার পিঠের দিকে দেখে বললঃ সে এই উম্মতের নবী। এরপর আমি মামার কাছে যেয়ে এ কথা বললাম। তিনি আমার জননীকে বললেন। তিনি আমার সম্পর্কে ভীত হলেন এবং আমরা মদীনা থেকে ফিরে এলাম। উম্মে আয়মান বর্ণনা করতেন- একদিন মদীনায় বেশ বেলা হলে দু' ইহুদী আমার কাছে এল এবং বললঃ আহমদকে একটু বাইরে আন। আমি বাইরে আনলে ওরা কিছুক্ষণ তাঁর দিকে তাকিয়ে রইল। এরপর একজন বললঃ সে এই উম্মতের নবী এবং এই শহর তাঁর দারুল-হিজরত। এখানে অনেক হত্যাকাণ্ড হবে এবং মানুষ বন্দী হবে। উম্মে আয়মান বলেনঃ আমি এসব কথা আমার স্মৃতিতে স্থানে সংরক্ষিত রেখেছি।

জননীর মৃত্যুর সময় প্রকাশিত মোজেয়া

আবু নয়ীম যুহরী থেকে, তিনি উষ্মে সুমাইয়া রিনতে জারহুম থেকে রেওয়ায়েত করেন যে, তাঁর জননী বলেনঃ আমি রসূলুল্লাহ (সা:) -এর জননী হ্যরত আমেনার অস্তিম রোগশয়্যায় উপস্থিত ছিলাম। রসূলুল্লাহ (সা:) তখন পাঁচ-ছয় বছরের বালক ছিলেন এবং জননীর শিয়রে উপবিষ্ট ছিলেন। হ্যরত আমেনা তাঁর মুখের দিকে তাকিয়ে বললেনঃ প্রিয় বৎস! আল্লাহ তোমাকে বরকতময় করুন।

হে মৃত্যুপথ্যাত্মী মায়ের পুত্র! আল্লাহর নেয়ামতরাজির বদৌলতে ন্যটারীর সময় একশ' উটের বিনিময়ে তোমার পিতা বেঁচে যান। আমার স্বপ্ন সত্য হলে তুমি আল্লাহর পক্ষ থেকে মানবজাতির প্রতি প্রেরিত হবে। তুমি হেরেম ও হেরেমের বাইরে নিরাপত্তা সহকারে আবির্ভূত হবে। তুমি সেই দ্বিন নিয়ে প্রেরিত হবে, যা তোমার পিতা ইবরাহীমের ধর্ম। কেননা, আল্লাহ তোমাকে প্রতিমার পূজা থেকে বিরত রেখেছেন।

এরপর বললেনঃ প্রতিটি থাণী মৃত্যুবরণ করবে। প্রতিটি নতুন বস্তু পুরাতন হবে। প্রত্যেক বৃক্ষ ধৰ্মসূল। আমিও মরে যাব। আমার শৃঙ্গ থেকে যাবে যে, আমি একটি কল্যাণ ছেড়ে গেছি এবং একটি পবিত্র সন্তাকে জন্ম দিয়েছি। এরপর আমেনার ইস্তেকাল হয়ে গেলে আমরা জিনদের এই শোকগাঁথা শুনে এবং তা মনে রেখেছি-

ঘ আমরা ক্রন্দন করছি যুবতী, সৎকর্মপরায়ণতা, সুন্দরী সতী আমেনার জন্যে।

আবদুল্লাহর পত্নী, রসূলুল্লাহ (সা:) -এর জননী, ধীরস্তির, মদীনায় মিস্বরের অধিপতি এখন নিজের কবরে সমাহিত।

মুক্তাবাসীদের বৃষ্টির জন্যে দোয়া

ইবনে সাদ' ইবনে আবিদুনিয়া, বায়হাকী, তিবরানী, আবু নয়ীম ও ইবনে আসাকির মাখরামা ইবনে নওফেল থেকে, তিনি তাঁর জননী রুক্কায়কা বিনতে ছফী (আবদুল মুত্তালিবের যমজ ভগনী) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ কোরায়শরা কয়েক বছর ধরে অনাবৃষ্টিতে পীড়িত ছিল। ফলে দুর্ভিক্ষের কবলে পড়ে মানুষ জীর্ণশীর্ণ হয়ে পড়ে এবং হাত্তি পর্যন্ত শুকিয়ে যায়। একদিন আমি নির্দিত অবস্থায় উচ্চস্বরে একটি গায়েবী আওয়াজ শুনলাম- হে কোরায়শ সম্প্রদায়! যে নবী তোমাদের মধ্য থেকে প্রেরিত হবেন, তাঁর আবির্ভাবের সময় সন্নিকটে। এখন তিনি আল্লাপ্রকাশ করবেন। তোমরা জীবন ও সজীবতার দিকে এগিয়ে এস এবং নিজেদের মধ্যে এমন এক ব্যক্তিকে তালাশ কর, যে সৎবৎশোভূত ও উচ্চ মর্যাদার অধিকারী, কোমল ত্বক ও শুভ বর্ণ, পলক ঘন, গাল সমতল, উঁচু নাকবিশিষ্ট, সে

নিজের গৌরব নিজে গোপন করে, সে একটি আদর্শ জীবন পদ্ধতির দিকে মানুষকে আহবান করে। সে, তাঁর পুত্র ও পৌত্র এবং প্রত্যেক গোত্র থেকে বাছাই করা ব্যক্তিবর্গ সমবেত হয়ে নিজেদের উপর পানি ঢেলে দিবে, সুগন্ধি মাখবে, রোকন চুম্বন করবে এবং বায়তুল্লাহর মাতাফ তওয়াফ করবে। এরপর আবু কুবায়স পাহাড়ে আরোহণ করবে। উপরোক্ত ব্যক্তি যেন কওমের সরদার হয়। এরপর অজস্র ধারায় বৃষ্টিপাত হবে। রুক্কায়কা বলেনঃ এই স্বপ্ন দেখে আমি ভীত বিহুল ও কম্পমান হয়ে উঠে বসলাম। আমি আমার স্বপ্ন শুনলাম এবং মক্কার এক একটি গিরিপথে দক্ষায়মান হলাম। সকলেই আমাকে 'শাবিয়াতুল-হামদ' বলে আমার দিকে ধাবিত হল। প্রত্যেক গোত্র থেকে এক ব্যক্তি এসে গেল। তাঁরা সকলেই নিজেদের উপর পানি ঢালল, সুগন্ধি মাখল, রোকন চুম্বন করল এবং বায়তুল্লাহর তওয়াফ করল। অতঃপর আবু কুবায়স পাহাড়ে আরোহণ করে পাহাড়ের চূড়ায় পৌঁছে গেল। এরপর আবদুল মোত্তালিব দোয়ার জন্যে দণ্ডায়মান হলেন। তাঁর সঙ্গে রসূলুল্লাহ (সা:) ও ছিলেন। তিনি তখন কিশোর বয়সী ছিলেন। আবদুল মোত্তালিব দোয়া করলেনঃ

হে আল্লাহ! ক্ষুধা মিটিয়ে দাও। কষ্ট দূর কর। তুমি বিজ্ঞ, তোমার কাছেই প্রার্থনা। তোমার এই দাস ও দাসীরা তোমার হেরেমে সমবেত হয়েছে তোমার সামনে অনাবৃষ্টির অভিযোগ করার জন্যে। এতে জন্ম পশুপাল গৃহ পর্যন্ত খতম হয়ে গেছে। হে আলাহ! খুব বৃষ্টি বর্ষণ কর।

তাঁদের সে স্থান ত্যাগ করার পূর্বেই বৃষ্টিপাত শুরু হয়ে গেল। প্রচুর বৃষ্টিপাতের ফলে নালা ভরে গেল। তখন দু'জন কোরায়শ সরদার আবদুল মোত্তালিবকে মোবারকবাদ জানালেন।

এ ঘটনা সম্পর্কে রুক্কায়কা বললেনঃ যখন জীবন অচল হয়ে গেল এবং বৃষ্টির চিহ্নমাত্র রইল না, তখন 'শাবিয়াতুল-হামদের' দোয়ায় আল্লাহ পানি নাখিল করলেন। এতো বৃষ্টি বর্ষিত হল যে, সকল গর্ত ভরে গেল এবং জন্ম-জানোয়ার ও বৃক্ষ সবুজ ও সতেজ হয়ে গেল।

সকল কাজে সাফল্য

বোখারী (স্বীয় ইতিহাস গ্রন্থে) ইবনে সাদ' আবু ইয়ালা, তিবরানী, ইবনে আদী, হাকেম, বায়হাকী, আবু নয়ীম ও ইবনে মানদাহ কুয়ায়র ইবনে সায়দী ইবনে আবীহ থেকে রেওয়ায়েত করেন যে, তাঁর পিতা বর্ণনা করেন- আমি একবার জাহেলিয়াত যুগে হজ্ঞ করতে গেলাম। আমি এক ব্যক্তিকে দেখলাম যে, সে বায়তুল্লাহর তওয়াফের অবস্থায় অবস্থায় বলছেঃ

মোহাম্মদ! আমার উট নিয়ে এসে যাও। হে খোদা! মোহাম্মদকে ফিরিয়ে আন এবং আমার প্রতি রহম কর। আমি জিজ্ঞাসা করলাম, লোকটি কে? লোকেরা

বললঃ সে আবদুল মোতালিব। তিনি আপন পৌত্রকে উটের অভ্যর্থনে প্রেরণ করেছেন। তিনি পৌত্রকে যে কাজেই পাঠান, পৌত্র তাতে সফলকাম হয়। কিছুক্ষণ পরেই দেখা গেল যে, নবী করীম (সাঃ) উট নিয়ে এসে গেছেন।

বায়হাকী ও ইবনে আদী বাহস ইবনে হাকীম থেকে, তিনি আপন পিতা থেকে এবং তিনি আপন দাদা মুয়াবিয়া ইবনে হায়দা থেকে রেওয়ায়েত করেন যে, মূর্খতা যুগে তিনি ওমরা করার উদ্দেশ্যে বের হন। তিনি এক ব্যক্তিকে দেখলেন যে, তওয়াফ করছে আর বলে যাচ্ছে: মোহাম্মদ! আমার উট নিয়ে চলে এস। হে খোদা! মোহাম্মদকে ফিরিয়ে আন এবং আমার প্রতি রহম কর। আমি বললামঃ লোকটি কে? লোকেরা বললঃ কোরায়শ সরদার আবদুল মোতালিব। তাঁর অনেক উট। কিছু উট হারিয়ে গেলেই তিনি পুত্রদেরকে তালাশ করতে পাঠিয়ে দেন। তাঁর উট তালাশ করে না পেলে তিনি পৌত্রকে উট খুঁজে আনতে পাঠিয়েছেন, যা খুঁজে আনতে পুত্রা ব্যর্থ হয়েছে। অনেকক্ষণ হয় পৌত্র খোঁজ করতে গেছে। আমি সেখানে থাকতে থাকতেই হ্যরত মোহাম্মদ (সাঃ) উট নিয়ে এসে গেলেন।

আবদুল মোতালিব নবী করীম (সাঃ)-এর মর্যাদা সম্পর্কে জ্ঞাত ছিলেন

ইবনে ইসহাক, বায়হাকী ও আবু নয়ীম আবুস ইবনে আবদুল্লাহ ইবনে মাবাদ থেকে এবং তিনি তাঁর পরিবারের একজন থেকে বর্ণনা করেন যে, আবদুল মোতালিবের জন্যে ক'বা গৃহের ছায়ায ফরশ বিছানো হত। তিনি এর উপর বসতেন। তাঁর পুত্রদের মধ্যে কেউ সন্ধানের খাতিরে তাঁর আসনে বসত না। কিন্তু রসূলুল্লাহ (সাঃ) এসে সোজা দাদার আসনে বসে যেতেন। চাচারা তাঁকে সেখান থেকে সরাতে চাইলে দাদা বলতেনঃ আমার বাছাকে থাকতে দাও। এরপর তিনি রসূলুল্লাহ (সাঃ)-এর পিঠে হাত বুলাতেন এবং বলতেনঃ আমার এই বাছাধনের বিরাট মর্যাদা হবে। আবদুল মোতালিবের যখন ওফাত হয়, তখন রসূলুল্লাহ (সাঃ) আট বছরের ছিলেন। আবদুল মোতালিব তাঁর সম্পর্কে আবু তালেবকে ওহিয়ত করে যান।

আবু নয়ীম আতা থেকে এবং তিনি ইবনে আবুস (রাঃ) থেকে এমনিভাবে রেওয়ায়েত করেছেন। তবে তিনি নিশ্চেতন কথাগুলোও সংযোজন করেছেন-

‘আমার বাছাকে এই ফরশে বসতে দাও। সে তাঁর গুরুত্ব সম্পর্কে সচেতন। আমি আশা করি সে এমন গৌরব অর্জন করবে, যা কোন আরব তাঁর পূর্বেও অর্জন করেন এবং পরেও অর্জন করবে না।

ইবনে সাদ, ইবনে আসাকির ও যুহরী মুজাহিদ ও নাফে ইবনে জুবায়র থেকে রেওয়ায়েত করেন যে নবী করীম (সাঃ) দাদার বিছানায বসে যেতেন। তাঁর চাচা

তাকে সরাতে চাইলে দাদা বলতেনঃ আমার বাছাকে থাকতে দাও। সে তে ফেরেশতা তুল্য। বনী মুদাল্লাজের কিছু লোক আবদুল মোতালিবকে বললঃ এই শিশু হেফায়ত করবেন। কেননা তাঁর মত পা আমরা কারও দেখিনি। আবদুল মোতালিব উপ্পে আয়মানকে বলতেনঃ হে বরকাহ! এই শিশু থেকে কখনও গাফেল থাকবে না। কেননা, আহলে- কিতাবের ধারণা সে এই উচ্চতের নবী হবে।

আবু নয়ীম ও ওয়াকেদী থেকে এবং তিনি আপন ওস্তাদগণ থেকে বর্ণনা করেন যে, একবার আবদুল মোতালিব হাজারে-আসওয়াদের কাছে উপবিষ্ট ছিলেন। তাঁর সঙ্গে উপবিষ্ট ছিলেন তাঁর বন্ধু নাজরানের এক পাদী। তিনি আবদুল মোতালিবকে বললেনঃ ইসমাইলের (আঃ) বংশধরের মধ্যে যে নবী অবশিষ্ট আছেন, আমরা তাঁর গুণাবলী সম্পর্কে ওয়াকিফহাল। এই শহর তাঁর জন্মস্থান এবং তাঁর এই এই গুণ। রসূলুল্লাহ (সাঃ) সেখানে আগমন করলে পাদী তাঁকে দেখলেন। তাঁর চক্ষু, পৃষ্ঠ ও পা দেখে তিনি বললেনঃ এ-ই সেই ব্যক্তি। এই বালক আপনার কি হয়? আবদুল মোতালিব বললেনঃ আমার পুত্র। পাদী বললেনঃ না, তাঁর পিতা জীবিত নেই। আবদুল মোতালিব বললেনঃ সে আমার পৌত্র। সে যখন মায়ের পেটে ছিল, তখন তাঁর পিতার ইন্তেকাল হয়। পাদী বললঃ ঠিক। এরপর আবদুল মোতালিব পুত্রদেরকে বললেনঃ তোমরা তোমাদের ভাতুপ্পুত্রকে হেফায়ত করবে। শুনলে তো তাঁর সম্পর্কে কি বলা হচ্ছে?

বায়হাকী, আবু নয়ীম ও ইবনে আসাকির সাকির ইবনে যারকা ইবনে সায়ফ ইবনে যী ইয়ামন থেকে, তিনি আপন পিতা থেকে বর্ণনা করেন যে, নবী করীম (সাঃ)-এর জন্মের দু'বছর পর সায়ফ ইবনে যী ইয়ামন আবিসিনিয়া জয় করে। তাকে মোবারকবাদ জানানোর জন্য কোরায়শদের একটি প্রতিনিধি দল আগমন করে। তাদের মধ্যে আবদুল মোতালিবও ছিলেন। সায়ফ বললঃ হে আবদুল মোতালিব! আমি আমার জ্ঞান থেকে তোমাকে একটি গোপন কথা বলছি, যা তোমাকে ছাড়া অন্য কাউকে বলতাম না। আমার বিশ্বাস তুমি এই গোপন কথার যথার্থ আমানতদার প্রমাণিত হবে। তুমি একথাটি সর্বদা গোপন রাখবে আল্লাহর নির্দেশ আসা পর্যন্ত। আমাদের কাছে ঐশী ঘট্টের যে জ্ঞানভাণ্ডার রয়েছে, তাতে আমি পাই যে, এক মহাকল্যাণ আত্মপ্রকাশ করবে এবং একটি বিরাট ঘটনা সংঘটিত হবে, যার মধ্যে সমগ্র মানবজাতি এবং তোমার গোত্রের জন্যে, বিশেষতঃ তোমার জন্যে বিরাট গৌরব নিহিত আছে।

আবদুল মোতালিব প্রশ্ন করলেনঃ সেটা কি?

যীইয়ামন বললেনঃ মক্কার ভূখণ্ডে এক শিশু জন্মগ্রহণ করবে, যার উভয় কাঁধের মাঝখানে একটি তিল থাকবে। সে কিয়ামত পর্যন্ত সময়ের জন্যে ইমাম ও সরদার হবে। এটাই তাঁর জন্মের সময় অথবা সম্ভবতঃ তাঁর জন্ম হয়ে গেছে। তাঁর নাম

হবে মোহাম্মদ। সে পিতৃমাত্হীন এতিম হবে। তাঁর দাদা ও চাচা তাঁর লালন পালন করবে। আল্লাহ তায়ালা তাঁর নবুওতের বিকাশ ঘটাবেন। আমাদেরকে করবেন তাঁর সাহায্যকারী। তাঁর বন্ধুরা তাঁর মাধ্যমে ইয্যত ও সম্মান অর্জন করবে এবং তাঁর শত্রুরা লাঞ্ছিত হবে। বন্ধুদের সাহায্যে তিনি দেশ জয় করবেন। তিনি আল্লাহর এবাদত করবেন এবং প্রতিমাসমূহ ভেঙ্গে দিবেন। তাঁর কথা চূড়ান্ত ফয়সালাকারী এবং তাঁর নির্দেশ ন্যায়ভিত্তিক হবে। সৎকাজের আদেশ করবেন এবং তা আনজাম দিবেন। মন্দকে প্রতিহত করবেন এবং খতম করবেন। পর্দাবিশিষ্ট গৃহের কসম, তুমি নিঃসন্দেহে তাঁর দাদা। তুমি এরূপ কোন বিষয় অনুভব করেছ কি?

আবদুল মোতালিব বললেনঃ হাঁ জাহানাহ! আমার এক আদরের পুত্র ছিল। আমি বংশের এক সন্তান কন্যার সাথে তার বিবাহ দিয়েছিলেন। তার গর্ভ থেকে এক শিশু জন্মগ্রহণ করেছে। আমি তার নাম রেখেছি মোহাম্মদ। তার পিতামাতা উভয়েই ইত্তেকাল করেছে। আমি এবং তার চাচা তাকে লালন-পালন করি।

সায়ফ বললেনঃ আমিও তাই বলেছি। এই শিশুর হেফায়ত করবেন এবং ইহুদীদের শ্যেন দৃষ্টি থেকে বাঁচিয়ে রাখবেন। কারণ, তাঁরা তাঁর শত্রু। কিন্তু আল্লাহ তাদেরকে সফলতা দিবেন না। যদি আমি না জানতাম যে, তাঁর আবির্ভাবের পূর্বেই মৃত্যু আমাকে খতম করে দিবে, তবে আমি আমার সকল পদাতিক ও অশ্বারোহী বাহিনী নিয়ে মদ্দীনায় পৌছে যেতাম। কারণ, তিনি মদ্দীনায় সফলতা লাভ করবেন। সেখানে তাঁর মদদগার থাকবে এবং সেখানেই তাঁর ইত্তেকাল হবে।

আবু নয়ীম, খারায়েতী ও ইবনে আসাকির ও কলবী থেকে, তিনি আবু ছালেহ থেকে এবং তিনি হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে এমনিভাবে রেওয়ায়েত করেছেন।

ওয়াকেদী ও আবু নয়ীম আবদুল্লাহ ইবনে কাব ইবনে মালেক থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমার পরিবারের বড়দের মুখ থেকে শুনেছ যে, আবদুল মোতালিবের জীবদ্ধশায় একবার তাঁরা ওমরার উদ্দেশ্যে গমন করেন। তাদের সঙ্গে তায়মার এক ইহুদীও ছিল। সে বাণিজ্যের উদ্দেশ্যে মক্কা অথবা এয়ামন যাচ্ছিল। সে আবদুল মোতালিবকে দেখে বললঃ আমাদের কিতাবে আছে এই ব্যক্তির বংশধর থেকে এক নবী জন্মগ্রহণ করবে। তিনি নিজে এবং তাঁর স্বজাতি আমাদেরকে কওমে-আদের মত ধ্বংস করবে।

ইবনে সাদ আবু হাসেম থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর বয়স যখন পাঁচ বছর, তখন এক অতিন্দ্রীয়বাদী মক্কায় আসে। সে রসূলুল্লাহ (সাঃ)কে আবদুল মোতালিবের সঙ্গে দেখে বললঃ হে কোরায়শ পরিবার! এই শিশুকে হত্যা কর। কেননা, সে তোমাদেরকে হত্যা করবে। অতিন্দ্রীয়বাদীর এই স্বরধারণাবশীর্ণ কারণে কোরায়শুন দীর্ঘকাল পর্যন্ত ভয় করতে থাকে।

আবু তালেবের পালনকালে প্রকাশিত মোজেধা www.AmarIslam.com

ইবনে সাদ আবু নয়ীম ও ইবনে আসাকির আতা ইবনে আবী রাবাহ থেকে এবং তিনি হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেবের সন্তানরা সকালে চোখে ময়লা মালিন্য নিয়ে শুম থেকে উঠত। আবু তালেব রসূলুল্লাহ (সাঃ) পাক ছাফ ও সজীর অবস্থায় গাত্রোথান করতেন। আবু তালেব শিশুদের সামনে খাবারের পাত্র রেং দিতেন। শিশুরা হৃদাহঙ্গি করে তা থেকে খাদ্য গ্রহণ করত। কিন্তু রসূলুল্লাহ (সাঃ) হাত গুটিয়ে রাখতেন। তাঁর এই অভ্যাস দেখে আবু তালেব তাঁকে আলাদা খাবার দিতে থাকেন।

ইবনে, সাদ আবু নয়ীম ও ইবনে আসাকির আতা থেকে, তিনি ইবনে আব্বাস ও মোজাহিদ প্রমুখ থেকে রেওয়ায়েত করেন যে, যখন রসূলুল্লাহ (সাঃ) ছাড়া আবু তালেবের পরিবারবর্গ সম্মিলিতভাবে কিংবা একা একা আহার করত, তখন তাদের পেট ভরত না। কিন্তু যখন রসূলুল্লাহ (সাঃ) সঙ্গে থাকতেন, তখন সকলের পেট ভরে যেত। সে মতে সকাল কিংবা সন্ধ্যায় খাওয়ার সময় হলে আবু তালেব বলতেনঃ থাম, আমার বাছাধন আসুক। এরপর তিনি আগমন করতেন এবং তাদের সাথে আহার করতেন। তখন সকলে পেট ভরে খেয়েও আহার্য বেঁচে যেত। পক্ষান্তরে তিনি শরীর না হলে সকলে ক্ষুধার্ত থাকত। দুধ হলে চাচা প্রথমে তাঁকে পান করাতেন। এরপর সকলেই এই পিয়ালা থেকে পান করত এবং তৎপৰ হয়ে যেত। এই অবস্থা দেখে আবু তালেব বলতেনঃ তুমি খুবই বরকতময়।

আবু নয়ীম ওয়াকেদী থেকে, তিনি মোহাম্মদ ইবনে হাসান ইবনে ওসামা ইবনে যায়েদ থেকে, তিনি আপন পরিবারবর্গ থেকে এবং তাঁরা উষ্মে আয়মান থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেছেনঃ আমি কখনও রসূলুল্লাহ (সাঃ)-কে ক্ষুধা ও পিপাসার কথা বলতে শুনিনি। তিনি সকাল সকাল যমযমের পানি পান করে নিতেন। আমরা নাশতা দিলে বলতেনঃ আমার পেট ভরা আছে।

ইবনে সাদ এ রেওয়ায়েতটি অন্য সনদে বর্ণনা করেছেন, যাতে এ কথাগুলোও সংযোজিত আছে- তিনি ক্ষুধা ও পিপাসার অভিযোগ না শৈশবে করেছেন, না বড় হয়ে।

ইবনে সাদ ইবনে কিবতিয়া থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেবের জন্যে বাতহায় তাকিয়া রাখা হত, যাতে তিনি ঠেস দিয়ে বসতেন। এটা ভাঁজ করা ছিল। রসূলুল্লাহ (সাঃ) এসে সেটা খুলে তাঁর উপর শুয়ে পড়লেন। আবু তালেব এসে বললেনঃ আমার ভাতিজা বেশ আরোম পাচ্ছে। ইবনে সাদ আমর ইবনে সায়দ থেকেও এমনিভাবে রেওয়ায়েত করেছেন।

তিবরানী আম্মার থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেব মক্কাবাসীদের জন্যে ভোজের আয়োজন করতেন। নবী করীম (সা:) সেখানে এলে ততক্ষণ উপবেশন করতেন না, যতক্ষণ নিচে কোন কিছু বিছিয়ে না দেয়া হত। আবু তালেব বলতেনঃ আমার ভাতিজা খুই সুরুটি সম্পন্ন।

আবু তালেবের সঙ্গে সিরিয়া সফর

ইবনে আবী শায়বা, তিরমিয়ী, হাকেম, বাযহাকী, আবু নয়াম ও খারায়েতী (হাওয়াতেক এন্টে) আবু মূসা আশআরী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেব কোরায়শের কয়েকজন প্রবীণ ব্যক্তির সাথে সিরিয়া সফরে রওয়ানা হলেন। রসূলুল্লাহ (সা:) ও তাঁর সঙ্গে ছিলেন। এক সন্ন্যাসীর আস্তানার কাছে পৌঁছে তাঁরা যাত্রা বিরতি করলেন। সন্ন্যাসী তাদের কাছে চলে এল। অথচ এর আগে যখন তাঁরা গমন করতেন, তখন সন্ন্যাসী তাদের কাছে আসত না এবং তাঁদের প্রতি ঝুক্ষেপও করত না। সে এসে তাঁদের মধ্যে ঘুরাফেরা করতে লাগল। অবশেষে সে এসে রসূলুল্লাহ (সা:)-এর হাত ধরে ফেলল। এবং বললঃ সে সাইয়িদুল্লাহ আলামীন, সে রসূলুল্লাহ আলামীন! এঁকেই আল্লাহ রহমাতুল্লিল আলামীন করে প্রেরণ করেছেন! কোরায়শী প্রবীণরা বললঃ এ কথা তুমি কিরণে জানতে পারলে? সে বললঃ যখন তোমরা গিরিপথ দিয়ে আসছিলে, তখন সে যে কোন বৃক্ষ ও পাথরের কাছ দিয়ে এসেছে, সকলেই তাকে সিজদা করেছে। বৃক্ষ ও পাথর কেবল নবীকেই সেজদা করে। আমি তাঁকে সেই মোহরে-নুরুওয়তের সাহায্যে শনাক্ত করতে পারি, যা তাঁর কাঁধের নবম হাড়ির নিচে একটি আপেলের আকারে রয়েছে। এরপর সন্ন্যাসী ফিরে গেল এবং সকলের জন্যে খাদ্য তৈরী করে নিয়ে এল। তখন রসূলুল্লাহ (সা:) উট চৰাতে গিয়েছিলেন। সন্ন্যাসী বললঃ তাঁকে ডাক। যখন রসূলুল্লাহ (সা:) এলেন, তখন একটি মেঘখণ্ড তাঁর উপর ছায়া করছিল। সন্ন্যাসী বললঃ দেখ, মেঘখণ্ড তাঁকে কিরণে ছায়া দিছে। তাঁর আগমনের পূর্বেই সকলে বৃক্ষের ছায়ায় বসে গিয়েছিল। তিনি এলে বৃক্ষের ছায়া তাঁর দিকে ঝুঁকে পড়ল। সন্ন্যাসী বললঃ দেখ, বৃক্ষের ছায়া তাঁর দিকে ঝুঁকে পড়েছে। সন্ন্যাসী তাদের কাছে দাঁড়িয়ে কসম দিয়ে বলতে লাগলঃ তোমরা তাঁকে রোম নিয়ে যেয়ো না। কেননা, রোমকরা তাঁকে চিনে ফেলবে এবং হত্যা করবে। এরপর সন্ন্যাসী সেখান থেকে রওয়ানা হতেই নয়জন রোমককে আসতে দেখল। সে জিজ্ঞাসা করলঃ কেন এসেছ? তারা বললঃ আমরা সেই নবীর খোঁজে এসেছি, যে এই শহরে প্রকাশ পাবে। তাঁর খোঁজে চতুর্দিকে লোক পাঠানো হয়েছে। সন্ন্যাসী বললঃ তোমরা কি মনে কর যদি আল্লাহ কোন কাজের ইচ্ছা করেন, তবে মানুষ তা প্রতিহত করতে পারে? তাঁরা বললঃ না। অতঃপর এই রোমকরা সন্ন্যাসীর হাতে বয়াত হয়ে তাঁর কাছেই অবস্থান করল।

সন্ন্যাসী কোরায়শদের কাছে এসে জিজ্ঞাসা করলঃ তোমাদের মধ্যে এই বালকের ওলী কে? তাঁরা বললেনঃ আবু তালেব। এরপর সন্ন্যাসী তাঁকে বারবার কসম দিয়ে বললঃ এই বালককে ফিরিয়ে নিয়ে যাও। অগত্যা আবু তালেব তাঁকে ফেরৎ পাঠিয়ে দিলেন। সন্ন্যাসী রসূলুল্লাহ (সা:)-কে পিঠা ও যয়তুনের তৈল উপহার দিল।

ইবনে-হজর “আল-এছাবা” এছে বলেনঃ এই হাদীসের রেওয়ায়েতকারীগণ নির্ভরযোগ্য। কোন রাবীই “মুনকার” নন।

বাযহাকী ইবনে ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেব রসূলুল্লাহ (সা:)-এর অভিভাবক ছিলেন। তিনি তাঁকে নিয়ে এক কাফেলার সাথে সিরিয়া রওয়ানা হন। কাফেলা বুছরা যেয়ে যাত্রা বিরতি করল। নিকটস্থ একটি গির্জায় বুহায়রা নামক এক সন্ন্যাসী বসবাস করত। সে খৃষ্টানদের মধ্যে একজন বিশিষ্ট পণ্ডিত ব্যক্তি ছিল। খৃষ্টানদের মধ্যে বংশ পরম্পরায় যে জ্ঞান প্রচলিত ছিল, সে সে সম্পর্কে অগাধ পাণ্ডিত্যের অধিকারী ছিল। কোরায়শদের কাফেলা প্রায়ই এ পথে গমন করত; কিন্তু বুহায়রা কারও সাথে কথা বলত না এবং কারও মুখোমুখি ও হত না। এবার যখন কোরায়শী কাফেলা তাঁর গির্জার কাছে অবতরণ করল, তখন সে তাঁদের জন্যে একটি ভোজের আয়োজন করল। সে কোন কিছু দেখেছিল। কাফেলার আসার সময় সে গির্জায় বসে লক্ষ্য করছিল যে, কাফেলার উপর একটি সাদা মেঘখণ্ড ছায়া দান করছিল। কাফেলা গির্জার কাছে এসে একটি বৃক্ষের ছায়াতলে বসে গেল। সন্ন্যাসী দেখল যে, মেঘখণ্ড বৃক্ষের উপরে এসে গেছে এবং বৃক্ষের শাখা পল্লব একজন বালকের উপর বুঁকে পড়েছে। বালক সেই বৃক্ষ শাখার ছায়ায় বসে গেলেন। বুহায়রা সন্ন্যাসী এসব দেখে গির্জা থেকে অবরুণ করল এবং খাদ্য প্রস্তুত করার নির্দেশ দিল। এরপর কাফেলার লোকজনকে বলে পাঠালঃ আমি তোমাদের সকলের জন্যে খাদ্য প্রস্তুত করেছি। আমি চাই তোমরা ছেটবড় সকলেই আমার দাওয়াত গ্রহণ কর।

কাফেলার এক ব্যক্তি বললঃ হে বুহায়রা! আজ তোমার আচরণ অভূতপূর্ব। এর আগে তো তুমি কখনও এরূপ করনি। আমরা প্রায়ই তোমার কাছ দিয়ে গমন করেছি। আজ কি হল?

বুহায়রা বললঃ তোমার কথা ঠিক। কিন্তু তোমরা যেহেতু। আমি তোমাদের আপ্যায়ন করতে চাই। তোমাদের সকলের জন্যে খাদ্য প্রস্তুত করা হচ্ছে। সে মতে কাফেলার সকলেই সমবেত হল। কিন্তু কম বয়স্ক হওয়ার কারণে রসূলুল্লাহ (সা:) উটগুলোর নিকটে বৃক্ষের ছায়ায় বসে রইলেন। বুহায়রা লোকদের প্রতি দৃষ্টিপাত করে ইন্ধিত গুণাবলী কারও মধ্যে দেখতে পেল না। সে বললঃ কোরায়শগণ! আমার ভোজসভায় যেন কেউ অনপস্থিত না থাকে। তাঁরা বললঃ

বুহায়রা! কেউ অনুপস্থিত নেই একটি বালক ছাড়া, যার বয়স সবার চেয়ে কম। সে উটগুলো দেখাশুনা করতে রয়ে গেছে। বুহায়রা বললঃ না এরূপ করো না। তাকেও ডেকে আন, যাতে সে-ও তোমাদের সাথে শরীক হতে পারে। জনেক কোরায়শী বললঃ লাত ও ওয়ার কসম, এটা খুবই লজ্জার কথা যে, আবদুল্লাহ ইবনে আবদুল মোতালিবের পুত্র আমাদের সাথে আহারে শরীক হবে না। এ কথা বলে সে চলে গেল এবং রসূলে করীম (সা:) -কে কোলে তুলে নিয়ে এল এবং মজলিসে বসিয়ে দিল। বুহায়রা তাঁকে গভীর দৃষ্টিতে দেখতে লাগল এবং তাঁর শরীরে আলামত তালাশ করতে লাগল। আহার শেষে সকলেই যখন এদিক ওদিক চলে গেল, তখন বুহায়রা তাঁর কাছে এসে বললঃ বৎস! আমি তোমাকে লাত ও ওয়ার কসম দিয়ে বলছি- আমি যা জিজ্ঞেস করব, তার সঠিক উত্তর দিবে। রসূলুল্লাহ (সা:) বললেনঃ আমাকে লাত ও ওয়ার কসম দিয়ে কোন কিছু জিজ্ঞাসা করবেন না। কেননা, আল্লাহর কসম, আমি কোন বস্তুকে এতটুকু ঘৃণা করি না, যতটুকু লাত ও ওয়ারকে করি। বুহায়রা বললঃ তা হলে আমি আল্লাহর কসম দিয়ে বলছি যা জিজ্ঞাসা করি, তার জবাব দাও। তিনি বললেনঃ যা ইচ্ছা জিজ্ঞাসা কর। বুহায়রা রসূলুল্লাহ (সা:) -এর নিদ্রা ও অন্যান্য অবস্থা সম্পর্কে বিভিন্ন প্রশ্ন করল। তিনি জবাব দিলেন। এসব জবাব বুহায়রার জানা তথ্যবলীর হ্বহ অনুরূপ ছিল। এরপর সে রসূলুল্লাহ (সা:) -এর পৃষ্ঠে উত্তর কাঁধের মাঝখানে মোহরে-নবুওয়ত দেখল। এ কাজ সমাপ্ত হলে সে আবু তালেবকে জিজ্ঞাসা করলঃ এই কিশোর তোমার কি হয়? তিনি বললেনঃ সে আমার পুত্র। বুহায়রা বললঃ সে তোমার পুত্র নয়। কেননা, তাঁর পিতা এখন জীবিত থাকার কথা নয়। আবু তালেব বললেনঃ সে আমার ভাতিজা। সে বললঃ তাঁর পিতার কি হয়েছে? আবু তালেব বললেনঃ সে যখন মাত্গর্ডে, তখনই তার পিতার ইন্তেকাল হয়ে গেছে। বুহায়রা বললঃ তোমার কথা ঠিক। তুমি তোমার ভাতিজাকে আপন শহরে ফিরিয়ে নিয়ে যাও এবং তাকে ইহুদীদের কবল থেকে রক্ষা কর। আমি যা জেনেছি, তারা তা জানতে পারলে তাঁর ক্ষতি করার চেষ্টা করবে। কারণ, ভবিষ্যতে তোমার এই ভাতিজার বিরাট মর্যাদা হবে। তাই অনতিবিলম্বে তাঁকে দেশে নিয়ে যাও। সেমতে আবু তালেব তাড়াহুড়া করে সিরিয়ার ব্যবসা সমাপ্ত করে তাঁকে মকায় নিয়ে এলেন। কথিত আছে যুবায়র, তাম্বাম ও ইদরীস নামীয় তিনজন খণ্টান সিরিয়া সফরের সময় কিশোর নবীজীর মধ্যে কিছু বিষয় দেখে তাঁর ক্ষতি করার ইচ্ছা করে। কিন্তু বুহায়রা এ কথা বলে তাদেরকে নিরস্ত করে যে, ঐশী গ্রন্থে তাঁর এই এই গুণাবলী উল্লিখিত আছে। তোমরা সকলে মিলে চাইলোও তাঁকে কাবু করতে পারবে না। সকলেই তার এ কথা মেনে নেয় এবং ফিরে চলে যায়। হ্যরত আবু বকর এ সম্পর্কে নিম্নোক্ত কৃতিত বলেনঃ

তারা মোহাম্মদ (সা:)-এর মধ্যে বিষণ্ণ মনের বিষণ্ণতা দূর হওয়ার মত বিষয়াদি প্রত্যক্ষ করল।

তারা দেখল প্রত্যেক শহরের সন্ন্যাসীরা তাঁকে সেজদা করে যাচ্ছে।

যুবায়র, তাম্বাম ও ইদরীস এসব বিষয় দেখল; অথচ তারা কুমতলব নিয়ে এসেছিল।

বুহায়রা তাদেরকে বুঝালে তারা অনেক তর্ক বিতর্কের পর মেনে নিল।

অনুরূপভাবে সে ইহুদীদেরকে বুঝাল এবং আল্লাহর পথে তাদের সাথে জেহাদ করল।

তাঁর উপদেশ বিফল হয়নি; বরং উপকারই সিদ্ধ হয়েছে। সে আরও বললঃ আমি তাঁর বিরুদ্ধে হিংস্টুটেদের ভয় করি। কেননা, তাঁর নাম ঐশী গ্রন্থসমূহে উল্লিখিত আছে।

আবু নবীম ওয়াকেদী থেকে এবং তিনি আপন উস্তাদগণ থেকে এমনিভাবে রেওয়ায়েত করেছেন। এই রেওয়ায়েতে এ কথাগুলোও আছে- বুহায়রা রসূলুল্লাহ (সা:)-এর চোখের লালিমা দেখে জিজ্ঞাসা করলঃ এই লালিমা সব সময় থাকে, না কোন সময় খতমও হয়ে যায়? লোকেরা বললঃ সব সময় থাকে। এরপর সে নিদ্রা সম্পর্কে জিজ্ঞাসা করল। জবাবে রসূলুল্লাহ (সা:) বললেনঃ আমার চক্ষু নিদ্রিত হয় এবং আমার অন্তর জাগ্রত থাকে। এই রেওয়ায়েতে তোমার এই পুত্র বড় মর্যাদাবান- এ কথার পরে এ বাক্যও রয়েছে, আমরা আমাদের কিতাবে এবং বাপদাদার কাছ থেকে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত জ্ঞান-ভাগারে তাঁর বিরাট মর্যাদা দেখতে পাই। আমাদের কাছ থেকে তাঁর সম্পর্কে অঙ্গীকার নেয়া হয়েছে। আবু তালেব প্রশ্ন করলেনঃ কেন অঙ্গীকার নিয়েছে? সে বললঃ আল্লাহ তায়ালা আমাদের কাছ থেকে অঙ্গীকার নিয়েছেন এবং এই অঙ্গীকার সহকারে ঈসা ইবনে মরিয়ম (আ:) আগমন করেছেন।

ইবনে সা'দ এই রেওয়ায়েত দাউদ ইবনে হুছাইন থেকে এমনিভাবে বর্ণনা করেছেন এবং তাতে এ কথাও রয়েছে যে, তখন নবী করীম (সা:)-এর বয়স ছিল বার বছর।

আবু নবীম হ্যরত আলী (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেব কোরায়শদের একটি বাণিজ্য কাফেলার সঙ্গে সিরিয়া সফরে রওয়ানা হন। তিনি রসূলুল্লাহ (সা:)-কেও সঙ্গে নিয়ে যান। দ্বিতীয়ের গরমের সময় বুহায়রা সন্ন্যাসীর নিকটে পৌঁছুলে সে দৃষ্টি তুলে তাকাল। সে দেখল যে, একখণ্ড মেষ নবী করীম (সা:)-কে ছায়া দিয়ে যাচ্ছে। এটা দেখে সে খাদ্য প্রস্তুত করাল এবং সকলকে তার

গির্জায় দাওয়াত করল। নবী করীম (সা:) গির্জায় প্রবেশ করলে গির্জা স্বর্গীয় আলোকে উজ্জ্বলিত হয়ে গেল। এ অবস্থা দেখে বুহায়রা চীৎকার করে বললঃ

“সে আল্লাহর নবী। আল্লাহ তাকে আরব থেকে সমগ্র মানব জাতির জন্যে আবির্ভূত করবেন।”

ইবনে সা'দ ও ইবনে আসাকির আবদুল্লাহ ইবনে মোহাম্মদ ইবনে আকিল থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আবু তালেব নবী করীম (সা:)-কে সঙ্গে নিয়ে সিরিয়া সফরে রওয়ানা হন। পথিমধ্যে এক গির্জাবাসীর কাছে অবতরণ করলে সে জিজ্ঞাসা করলঃ এই বালক তোমার কি হয়? আবু তালেব বললেনঃ আমার পুত্র। সে বললঃ না, তোমার পুত্র নয়। তাঁর পিতার জীবিত থাকার কথা নয়। কেননা, তাঁর মুখমণ্ডল নবীর মুখমণ্ডল এবং তাঁর চক্ষু নবীর চক্ষু অনুরূপ।

আবু তালেব জিজ্ঞাসা করলেনঃ নবী কি?

সে বললঃ যার উপর সৃষ্টিকর্তার পক্ষ থেকে ওই নায়িল করা হয়। সে পৃথিবীর মানুষকে সে সম্পর্কে অবহিত করে।

আবু তালেব বললেনঃ ঠিক আছে।

সে বললঃ তাকে ইহুদী সম্প্রদায় থেকে হেফায়ত করে রাখ। রাবী বলেনঃ আবু তালেব এখান থেকে সম্মুখে অগ্রসর হলেন এবং অন্য এক সন্ন্যাসীর কাছে পৌঁছুলেন। সেও প্রশ্ন করলঃ এই বালক তোমার কে?

আবু তালেব বললেনঃ আমার পুত্র।

সে বললঃ সে তোমার পুত্র নয়। তাঁর পিতা জীবিত নেই। তাঁর মুখমণ্ডল নবীর মুখমণ্ডল এবং তাঁর চক্ষু নবীর চক্ষু।

আবু তালেব বললেনঃ সোবহানাল্লাহ, তুমি ঠিক বলেছ। এরপর আবু তালেব নবী করীম (সা:)-কে সংশোধন করে বললেন, ভাতিজা! শুনলে তো তোমার সম্পর্কে কি বলা হচ্ছে? তিনি বললেনঃ চাচাজান! আল্লাহর কুদরতের তো পারাপার নেই; হতেও পারে।

ইবনে সা'দ সায়ীদ ইবনে আবদুর রহমান ইবনে আবসা থেকে রেওয়ায়েত করেন যে, সন্ন্যাসী হ্যরত আবু তালেবকে বললঃ আপনি ভাতিজাকে এখান থেকে সম্মুখে নিয়ে যাবেন না। কেননা, ইহুদীরা তাঁর শরু এবং সে এই উন্মত্তের নবী ও আরব। ইহুদীরা হিংসা করবে। কারণ, ওরা চায় যে, নবী বনী-ইসরাইল থেকে হোক। তাই আপন ভাতিজার ব্যাপারে সাবধান থাকবেন।

ইবনে সা'দ ও ইবনে আসাকির আবু মেদ্লায থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেব নবী করীম (সা:)-কে সঙ্গে নিয়ে সিরিয়া সফরে রওয়ানা হন।

পথিমধ্যে এক জায়গায় অবতরণ করলে জনেক সন্ন্যাসী তাঁদের কাছে এসে বললঃ তোমাদের মধ্যে একজন সাধু পুরুষ আছেন। এরপর বললঃ এই বালকের অভিভাবক কে? আবু তালেব বললেনঃ আমি। সে বললঃ এই বালকের হেফায়ত করবে। তাঁকে সিরিয়ায় নিয়ে যেয়ো না। কেননা, ইহুদীরা তাঁকে দেখে হিংসা করবে। সে মতে আবু তালেব তাঁকে মকায় ফিরিয়ে আনলেন।

ইবনে মান্দাহ দুর্বল সনদে হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আবু বকর (রাঃ) সিরিয়ার এক বাণিজ্যিক সফরে রসূলুল্লাহ (সা:)-এর সঙ্গে ছিলেন। তখন তাঁর বয়স ছিল আঠার বছর এবং রসূলুল্লাহ (সা:)-এর বিশ বছর। পথিমধ্যে তাঁরা এক কুল বৃক্ষের কাছে অবতরণ করলেন। তিনি বৃক্ষের ছায়ায় বসে গেলেন এবং হ্যরত আবু বকর (রাঃ) বুহায়রা নামক জনেক সন্ন্যাসীর সাথে কথা বলতে চলে গেলেন।

বুহায়রা প্রশ্ন করলঃ বৃক্ষের ছায়ায় কে? তিনি বললেনঃ মোহাম্মদ ইবনে আবদুল্লাহ ইবনে আবদুল মোতালিব।

বুহায়রা বললঃ আল্লাহর কসম, সে নবী। কেননা, এই কুল বৃক্ষের ছায়ায় হ্যরত ইস্মাইল (আঃ)-এর পর অদ্যাবধি কেউ বসেনি।

হ্যরত আবু বকর (রাঃ)-এর মনে বিষয়টি বদ্ধমূল হয়ে গেল। সেমতে রসূলুল্লাহ (সা:) নবুওতপ্রাপ্ত হলে হ্যরত আবু বকর (রাঃ) তাঁর অনুসরণ করেন।

ইবনে হজর আল-এছাবা গ্রন্থে বললেনঃ এই রেওয়ায়েত বিশুদ্ধ হলে এটা হ্যরত আবু তালেবের সঙ্গে সফরের পর রসূলুল্লাহ (সা:)-এর দ্বিতীয় সফর হবে।

হ্যরত আবু তালেব তাঁর মাধ্যমে বৃষ্টির জন্য দোয়া করেন

ইবনে আসাকির স্বীয় ইতিহাস গ্রন্থে জালহামা ইবনে আরকাতা থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি মকায় এলাম। তখন দুর্ভিক্ষ চলছিল। কোরায়শরা বললঃ হে আবু তালেব! উপত্যকায় ভীষণ দুর্ভিক্ষ। মানুষ ক্ষুধায় মৃত্যুবরণ করছে। এস, বৃষ্টির দোয়া কর। আবু তালেব বের হলেন। তাঁর সঙ্গে অনুপম সৌন্দর্যমণ্ডিত এক বালক ছিল তাঁর উপমা এমন যেন কাল মেঘ সরে গিয়ে বৈদ্র বের হয়ে এসেছে। তাঁর চারপাশে ছোট ছোট শিশুরা ছিল। আবু তালেব তাঁর হাত ধরে কাবার প্রাচীরে ঠেস দিলেন এবং আপন অঙ্গুলি দিয়ে বালককে স্পর্শ করলেন। তখন আকাশে এক খণ্ড মেঘও ছিল না। কিন্তু দেখতে দেখতে চতুর্দিক থেকে মেঘ এসে গেল এবং প্রবল বৃষ্টি বর্ষণ করল। উপত্যকা পানিতে ভরে গেল। নগর ও গ্রাম সবুজ ও সতেজ হয়ে গেল। এ ঘটনা সম্পর্কে হ্যরত আবু তালেব বলেনঃ

তাঁর উজ্জ্বল মুখমণ্ডল দ্বারা মেঘমালাও সিঙ্গ হয়। তিনি এতীমদের আশ্রয়স্থল এবং বিধবাদের রক্ষক। বিপদ মুহূর্তে হেশাম বংশীয়রা তাঁর ওছিলা ধরে এবং তাঁর কাছ থেকে নেয়ামত ও ফয়েলত হাচিল করে।

রসূলুল্লাহ (সা:)কে দেখে আবু তালেবের কাছ থেকে ইহুদীদের পলায়ন

ইবনে আওন থেকে বর্ণিত আবু নবীমের রেওয়ায়েতে আমর ইবনে সায়ীদ বলেনঃ কয়েকজন ইহুদী আবু তালেবের কাছ থেকে কিছু পণ্য-সামগ্রী ক্রয় করতে আসে। তখন শিশু নবী করীম (সা:) সেখানে এসে পড়েন। ইহুদীরা তাঁকে দেখে সবকিছু ছেড়ে পালিয়ে গেল। আবু তালেবের কাছে বসা এক ব্যক্তিকে বললেনঃ যাও, অমুক অমুক পথে তাদেরকে বাধা দাও। তাদেরকে দেখে হাতে হাত রেখে বলঃ খুব আশ্চর্যের বিষয় দেখেছি। এরপর দেখ তারা কি জওয়াব দেয়। লোকটি গেল এবং ইহুদীদেরকে দেখে তাই করল। ইহুদীরা বললঃ তুমি আর আশ্চর্যের বিষয় কি দেখেছ, আমরা তোমার চেয়েও অধিক আশ্চর্যের বিষয় দেখেছি। আমরা এই মাত্র মোহাম্মদকে মাটির উপর ঢলতে দেখেছি।

আবু লাহাবের মনে বিদ্বেষ সৃষ্টি হওয়ার সূচনা

ইবনে আসাকির আবুল যিনাদ থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেবে ও আবু লাহাব পরম্পরে মল্ল যুদ্ধে অবতীর্ণ হয়। আবু লাহাব আবু তালেবকে ভূতলশায়ী করে বুকের উপর চেপে বসল। নবী করীম (সা:) তখনও শিশু ছিলেন। তিনি ছুটে গিয়ে আবু তালেবকে উঠে বসতে সাহায্য করতে লাগলেন। আবু লাহাবের চুলের ঝুঁটি ধরে সজোরে টান দিলেন। আবু লাহাব বললঃ আমিও তোমার চাচা, সেও তোমার চাচা। এরপরও তুমি তার সাহায্য করলে কেন? তিনি বললেনঃ তিনি আমার কাছে তোমা অপেক্ষা অধিক প্রিয়।

আবু লাহাব কথাটি মনে গেঁথে নিল এবং সেদিন থেকেই নবী করীমের সাথে শক্রতার পথ বেছে নিল।

আবু তালেবের ওফাত

ইবনে সাদ আবদুল্লাহ ইবনে ছালাবা ইবনে ছগীর ওয়রী থেকে রেওয়ায়েত করেন যে, আবু তালেবের ওফাতের সময় নিকটবর্তী হলে তিনি সকল পুত্রকে কাছে ডেকে এনে বললেনঃ যে পর্যন্ত মোহাম্মদের অনুসরণ করতে থাকবে, কল্যাণ তোমাদের সঙ্গে থাকবে। তাই তাঁকে অনুসরণ ও সাহায্য করবে।

মুসলিম আব্বাস ইবনে আবদুল মুতালিব থেকে রেওয়ায়েত করেন যে, তিনি রসূলুল্লাহ (সা:)-কে জিজ্ঞাসা করলেন. ইয়া রসূলুল্লাহ! আপনি আবু তালেবের কোন উপকার করেছেন কি? তিনি তো আপনার হেফায়ত করতেন এবং আপনার জন্যে মানুষের প্রতি ঝুঁক হতেন। তিনি বললেনঃ হাঁ, তিনি জাহানামের কিনারায় আছেন। আমি না থাকলে জাহানামের সর্বনিম্ন স্তরে থাকতেন।

ইবনে সাদ বলেন, আমাকে আফফান ইবনে মুসলিম বলেছেন, তার কাছ থেকে ছাবেত বানানী এবং তাঁর কাছ থেকে ইসহাক ইবনে আবদুল্লাহ ইবনে হারেছ বর্ণনা করেছেন যে, আব্বাস (রাঃ) জিজ্ঞাসা করলেনঃ ইয়া রসূলুল্লাহ! আপনি আবু তালেবের জন্যে কোন মঙ্গলের আশা রাখেন কি? তিনি বললেনঃ আমি আমার পরওয়ারদেগারের কাছে সকল প্রকার মঙ্গলের আশা রাখি। ইবনে আসাকিরও এটি রেওয়ায়েত করেছেন।

ইবনে আসাকিরের রেওয়ায়েতে আমর ইবনুল আছ (রাঃ) বলেনঃ আমি রসূলুল্লাহ (সা:)-কে বলতে শুনেছি- আবু তালেবের আমার উপর হক আছে, যা আমি শোধ করব।

তাম্বাম (ফাওয়ায়েদ গ্রন্থে) এবং ইবনে আসাকির হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) বলছেন- কিয়ামতের দিন আমি আমার পিতামাতা, চাচা আবু তালেব এবং মূর্খতা যুগের এক ভাইয়ের জন্যে সুপারিশ করব।

তাম্বাম বলেনঃ এই রেওয়ায়েতে ওলীদ ইবনে সালামাহ মুনকিরে হাদীস। তাই অগ্রহণযোগ্য।

খৃষ্টীব ও ইবনে আসাকির হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি রসূলুল্লাহ (সা:)-কে বলতে শুনেছি- আমি আমার পিতা, চাচা আবু তালেব এবং আমার দুধভাই (সাদিয়া)-এর পুত্রের জন্যে সুপারিশ করব, যাতে তারা পুনরুত্থানের সময় ধূলিকণা হয়ে যায়। খৃষ্টীব এই রেওয়ায়েতের সনদ সম্পর্কে বলেন যে, এতে খান্তাব ইবনে আবদুন্দায়েম ও সুফী দুর্বল। তিনি এয়াহইয়া ইবনে মোবারক ছানানানী থেকে মুনকার রেওয়ায়েতসমূহ বর্ণনা করায় প্রমিন্দ। ছানানানী নিজেও মজঙ্গল তথা অপরিচয়।

আবু তালেবের জন্যে এস্টেগফার করতে নিষেধ করা হয়েছে

ইবনে আসাকির হাসান ইবনে আম্বারাহ থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:) ও হ্যরত আলী (রাঃ) আবু তালেবের জন্যে দোয়া করার জন্যে তাঁর কবরে যান। এর পরিপ্রেক্ষিতে আল্লাহ তায়ালা এই আয়াত নাযিল করেনঃ

مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَنْ يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ

অর্থাৎ নবী ও মুমিনদের জন্যে শোভনীয় নয় যে, তারা মুশরিকদের জন্যে এস্টেগফার করবে। সে মতে আবু তালেবের মুশরিক অবস্থায় ইস্তেকাল করার ব্যাপারটি নবী করীম (সা:)-এর জন্যে অত্যন্ত অসহনীয় দৃঢ়খের কারণ হয়ে যায়। তখন আল্লাহ তায়ালা নিম্নোক্ত আয়াতখানি নাযিল করেনঃ

إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحَبَبْتَ وَلِكُنَّ اللَّهَ بِهِدَىٰ مَنْ يَشَاءُ

আপনি যাকে চান হেদায়েতের পথে আনতে পারেন না। কিন্তু আল্লাহ যাকে চান হেদায়েত দান করেন।

অর্থাৎ আপনি আবৃ তালেবকে হেদায়েতের পথে আনতে পারেন না। আল্লাহ যাকে চান; (অর্থাৎ আবাস ইবনে আবদুল মুত্তালিবকে) হেদায়েত দান করেন। মোটকথা, আবৃ তালেবের বিনিময়ে নবী করীম (সা:) আবাস ইবনে আবদুল মুত্তালিব (রাঃ)-কে পেয়েছেন। এ কারণেই আবৃ তালেবের ইস্তিকালের পর রসূলুল্লাহ (সা:) চাচাদের মধ্যে হ্যরত আবাস (রাঃ)-কে সর্বাধিক ভালবাসতেন।

আবৃ তালেব কোরায়শদের ধৃষ্টতা প্রতিহত করতেন

ইবনে আসাকির হ্যরত আবদুল্লাহ ইবনে জাফর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবৃ তালেবের ইস্তিকালের পর জনৈক নির্বোধ কোরায়শী নবী করীম (সা:) এর প্রতি মাটি নিক্ষেপ করে। তাঁর এক কন্যা দৌড়ে আসেন এবং ক্রন্দন করতে করতে পবিত্র মুখমণ্ডল থেকে মাটি ছাফ করতে থাকেন। রসূলুল্লাহ (সা:) কন্যাকে বললেনঃ ক্রন্দন করো না। আল্লাহ তায়ালা তোমার পিতার হেফায়ত করবেন।

মূর্খতাযুগের আচার-আচরণ থেকে রসূলুল্লাহ (সা:)-এর হেফায়ত

বোখারী ও মুসলিম হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কা'বাগৃহ পুনঃনির্মাণের জন্যে রসূলুল্লাহ (সা:) প্রস্তরখণ্ড বহন করে আনছিলেন। তাঁর পরনে ছিল লুঙ্গি। পিতৃব্য হ্যরত আবাস (রাঃ) তাঁকে বললেনঃ ভাতিজা! যদি তুমি লুঙ্গি খুলে কাঁধে বেঁধে নাও, তবে পাথরের ঘর্ষণ থেকে তোমার কাঁধ নিরাপদ হয়ে যাবে। পিতৃব্যের কথায় তিনি লুঙ্গি খুলে কাঁধে বেঁধে নিলেন। এরপর তিনি অজ্ঞান হয়ে মাটিতে পড়ে গেলেন। সেদিনের পর আর কখনও তাঁকে আবরু উন্নতু অবস্থায় দেখা যায়নি।

বুখারী ও মুসলিম জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন বায়তুল্লাহর পুনঃনির্মাণ করা হয়, তখন নবী করীম (সা:) ও হ্যরত আবাস (রাঃ) উভয়েই পাথর বহন করে আনছিলেন। হ্যরত আবাস (রাঃ) ভাতিজাকে বললেনঃ তোমার লুঙ্গি কাঁধের উপর রেখে নাও। পাথরের ঘর্ষণ থেকে তোমার হেফায়ত হবে। রসূলুল্লাহ (সা:) তাই করলেন। কিন্তু পরক্ষণেই মাটিতে লুটিয়ে পড়লেন এবং চক্ষুদ্বয় আকাশে নিবন্ধ হয়ে গেল। এরপর উঠে বললেনঃ আমার লুঙ্গি। এরপর লুঙ্গি নিয়ে পরে নিলেন।

বায়হাকী ও আবৃ নবীম হ্যরত আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি এবং আমার ভাতিজা কাঁধে পাথর বহন করে আনছিলাম। আমাদের লুঙ্গি পাথরের নিচে ছিল। যখন মানুষের ভিড় হয়ে যেত, তখন আমরা

লুঙ্গি পরে নিতায়। আমি যাচ্ছিলাম এবং নবী করীম (সা:) আমার অগ্রে ছিলেন। তিনি মাটিতে পড়ে গেলেন। আমি তাঁকে তালাশ করতে এসে দেখি তিনি আকাশের দিকে অনিমেষ নেত্রে চেয়ে আছেন। আমি জিজ্ঞাসা করলামঃ কি হল? তিনি দাঁড়ালেন এবং লুঙ্গি নিয়ে নিলেন। অতঃপর বললেনঃ আমাকে উলঙ্গ চলাফিরা করতে নিষেধ করা হয়েছে। হ্যরত আবাস (রাঃ) বর্ণনা করেনঃ আমি এই ঘটনা গোপন করতাম। কারও কাছে বলতাম না এই আশংকায় যে, এ কথা শুনলে মানুষ তাঁকে উন্মাদ বলবে।

হাকেম, বায়হাকী ও আবৃ নবীম আবৃ তুফায়ল থেকে রেওয়ায়েত করেন যে, কোরায়শরা যখন কা'বা নির্মাণ করে, তখন তারা পাশ্বর্তী পাহাড় থেকে পাথর আনত। রসূলে করীম (সা:) ও পাথর স্থানান্তর করতেন। এই অবস্থায় একবার তার গুপ্তাঙ্গ খুলে যায়। তৎক্ষণাত গায়েবী আওয়াজ এল- আপন গুপ্তাঙ্গ আবৃত কর। এটা ছিল প্রথম আওয়াজ, যা রসূলুল্লাহ (সা:) কে দেয়া হয়। এ ঘটনার আগে ও পরে আর কখনও তাঁর গুপ্তাঙ্গ দেখা যায়নি।

ইবনে সাদ ইবনে আদী, হাকেম ও আবৃ নবীম ইকরামার সনদ সহকারে হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবৃ তালেব যমযম কৃপ মেরামত করছিলেন এবং নবী করীম (সা:) পাথর বহন করে আনছিলেন। তিনি তখন অল্প বয়স ছিলেন। তিনি নিজের পরনের লুঙ্গির সাহায্যে পাথরের ঘর্ষণ থেকে কাঁধের হেফায়ত করলেন। পরক্ষণেই অজ্ঞান হয়ে গেলেন। সংজ্ঞা ফিরে এলে আবৃ তালেব কারণ জিজ্ঞাসা করলেন। তিনি বললেনঃ এক সাদা পোশাকধারী ব্যক্তি আমার কাছে এসে বললঃ গুপ্তাঙ্গ আবৃত কর। রসূলে করীম (সা:) এটা নবুয়তের প্রথম নির্দর্শন দেখলেন যে, তাঁকে গুপ্তাঙ্গ আবৃত করতে বলা হল। সেদিন থেকে তাঁর গুপ্তাঙ্গ দেখা যায়নি।

ইবনে সাদ হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন, আমি নবী করীম (সা:)-এর গুপ্তাঙ্গ দেখিনি।

ইবনে রাহওয়াইহি (স্বীয় মসনদে), ইবনে ইসহাক, বায়হাকী ও আবৃ নবীম ও ইবনে আসাকির হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি নবী করীম (সা:)-কে বলতে শুনেছি- মূর্খতা যুগের পুরুষরা নারীদের সাথে যা যা করার ইচ্ছা করত, দুঃটি রাত ছাড়া আমি কখনও সে সবের ইচ্ছা করিনি। কিন্তু এ দুঃরাতেও আল্লাহ তায়ালা আমাকে জাহেলিয়াতের কাজকর্ম থেকে বাঁচিয়ে রেখেছেন। ঘটনা এই যে, আমি আমার পরিবারের ছাগল চরাচ্ছিলাম। এক রাতে আমি আমার সঙ্গীকে বললামঃ আমার ছাগলগুলোর দেখাশুনা কর। আমি মক্কা যাব এবং যুবকরা যেমন কিসসা কাহিনী শুনে, আমিও শুনব। সঙ্গী

বললঃ ঠিক আছে, যাও। আমি মক্কা এলাম এবং সেখানকার গৃহসমূহের মধ্যে প্রথম গৃহের দিকে এলাম। আমি সেখানে ত্রীড়া কৌতুক ও ঢোল বাজনার শব্দ শুনতে পেয়ে জিজ্ঞাসা করলামঃ এখানে কি হচ্ছে? আমাকে বলা হল যে, অমুক ব্যক্তি অমুক মহিলাকে বিয়ে করেছে। আমি সেখানে দেখার উদ্দেশ্যে বসে পড়লাম। আল্লাহর তায়ালা আমার চোখে নিদ্রা চাপিয়ে দিলেন। আল্লাহর কসম, আমি রৌদ্রের খরতাপে জাগ্রত হলাম। এরপর আমি আমার সঙ্গীর কাছে ফিরে গেলাম। সে জিজ্ঞাসা করলঃ গত রাতে কি করেছে? আমি বললামঃ কিছুই না। এরপর যে পরিস্থিতি দেখেছিলাম, তা বর্ণনা করলাম।

দ্বিতীয় রাতেও আমি সঙ্গীকে বললামঃ আমার ছাগলগুলোর প্রতি লক্ষ্য রাখবে। আমি কিস্সা-কাহিনী শুনার জন্য মক্কা যাচ্ছি। সে আমার ছাগলের হেফায়ত করতে থাকল। আমি মক্কা এলাম এবং প্রথম রাতের অনুরূপ কথবার্তা শুনলাম। আমি দেখার জন্যে বসে গেলাম। আল্লাহতায়ালা আবার আমাকে ঘূমে অচেতন করে দিলেন। পরদিন রৌদ্রের খরতাপে আমার ঘূম ভাঙল। আমি সঙ্গীর কাছে গেলাম। সে জিজ্ঞাসা করলঃ কি করলে? আমি বললামঃ কিছুই না। এরপর তাকে পরিস্থিতি সম্পর্কে অবহিত করলাম। আল্লাহর কসম, এই দু'রাতের পরে আমি কখনও কোন খেলতামাশায় যোগ দেয়ার ইচ্ছাও করিনি এবং শেষ পর্যন্ত আল্লাহপাক আমাকে নবুওয়তে ভূষিত করলেন। হাফেয ইবনে হজর আসকালানী বলেনঃ এই হাদীসের সনদ হাসান ও মুত্তাছিল এবং এর রাবী নির্ভরযোগ্য।

তিরমিয়ী, আবু নয়ীম ও ইবনে আসাকির আশ্চর ইবনে ইয়াসির (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, সাহাবায়ে-কেরাম আরয করলেনঃ ইয়া রাসূলাল্লাহ! মুর্খতাযুগে নারীদের কোন খেল-তামাশায় আপনি উপস্থিত হয়েছেন কি? তিনি বললেনঃ না। তবে দু'বার এর উপক্রম হয়েছিল। একবার আমি ঘুমিয়ে পড়ি এবং অন্যবার আমার ও তাদের মধ্যে লোকজনের জটলা অস্তরায় হয়েছিল।

বোঝারী ও মুসলিম হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে,

وَأَنْذِرْ عَشِيرَ تَكَ الْأَقْرَبِينَ

(আপনি আপনার পরিবার পরিজন এবং নিকটতম আত্মীয় বর্গকে সতর্ক করুন) কোরআন পাকের এই অ্যায়াত অবতীর্ণ হলে নবী করীম (সাঃ) কোরায়শদের সকল শাখাকে ডেকে বললেনঃ হে সোরায়শ সম্পদায়! আমি যদি বলি যে এই পাহাড়ের পশ্চাতে একটি অশ্বারোহী দল আছে, যারা তোমাদের উপর আক্রমণ করবে, তবে তোমরা আমার কথা কি সত্য বলে বিশ্বাস করবে? সকলে সমস্তরে উত্তর দিলঃ নিঃসন্দেহে আমরা সত্য বলে বিশ্বাস করব। কারণ, আমরা কখনও আপনাকে মিথ্যা বলতে দেখিনি।

রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ আমি তোমাদেরকে একটি ভয়ংকর আয়ার সম্পর্কে সতর্ক করছি, যা তোমাদের সামনে রয়েছে।

এ কথা শুনে দুষ্টুমতি আবু লাহাব ত্রুদ হয়ে বললঃ তুমি ধৰ্ম হও, এ জন্যেই কি তুমি আমাদেরকে একত্রিত করেছ? এ ঘটনার প্রেক্ষাপটে আল্লাহ তায়ালা সূরা লাহাব নাযিল করেন।

আবু নয়ীম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন— আমি যায়দ ইবনে আমর ইবনে নুফায়ল সম্পর্কে শুনেছি যে, সে আল্লাহর নাম ছাড়া অন্য কারও নামে যবেহকৃত পশুর নিন্দা করত। এ কারণেই আমি এ ধরনের যবেহকৃত পশুর স্বাদ আস্বাদন করিনি। অবশ্যে আল্লাহ আমাকে তাঁর রেসালত দ্বারা ভূষিত করেছেন।

আবু নয়ীম ও ইবনে আসাকির হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, রসূলুল্লাহ (সাঃ)-কে জিজ্ঞাসা করা হলঃ আপনি কখনও প্রতিমাদের এবাদত করেছেন কি? তিনি বললেনঃ না। সাহাবায়ে-কেরাম আরয করলেনঃ আপনি কখনও মদ্যপান করেছেন কি? তিনি বললেনঃ কখনও পান করিনি। এসব কাজ যে গৰ্হিত, তা আমি জানতাম; অথচ আমি তখনও পর্যন্ত কিতাব ও ঈমান সম্পর্কে জাত ছিলাম না।

ইবনে সাদ, আবু নয়ীম ও ইবনে আসাকির ইকরামা থেকে এবং তিনি হ্যরত আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ উষ্মে আয়মন বলেছেন— বুয়ালা নামক এক মূর্তির কাছে কোরায়শরা বছরে একবার করে একত্রিত হত। আবু তালেবও আপন গোত্রসহ এই মূর্তির কাছে জমায়েত হতেন এবং রসূলুল্লাহ(সাঃ)কে সকলের সঙ্গে সেখানে উপস্থিত হওয়ার জন্যে তাগিদ দিতেন। রসূলুল্লাহ (সাঃ) অস্বীকৃতির করতেন। এই অস্বীকৃতির কারণে একবার আবু তালেব নারাজ হলেন। তাঁর ফুফীগণও সেদিন তাঁর প্রতি ভীষণ অসন্তুষ্ট হলেন। তারা বললেনঃ আমাদের উপাস্যদের প্রতি তোমার অনীহা দেখে আমাদের ভয় হয়। কোথাও এই উপাস্যরা তোমার কোন ক্ষতি করে বসবে। এরপর তারা পীড়াপীড়ি করতে থাকলে তিনি সেখান থেকে চলে গেলেন এবং বেশ কিছুদিন পর্যন্ত নির্বোজ থাকেন। উষ্মে আয়মন বলেনঃ এরপর তিনি আবার আমাদের মধ্যে ফিরে এলেন। কিন্তু তখন তিনি অত্যন্ত ভীত ও সন্ত্রস্ত ছিলেন। ফুফীরা জিজ্ঞাসা করলেনঃ তোমার কি হয়েছে? তিনি বললেনঃ আমি নিজের ব্যাপারে জিনদের আশংকা করি। ফুফীরা বললেনঃ আল্লাহ শয়তানের সাথে তোমাকে জড়িত না করুন। তোমার মধ্যে এমন সদগুণাবলী রয়েছে, যার যোগ্য তুমিই। তুমি কি দেখেছ? রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ আমি যখন এক মূর্তির নিকটবর্তী হলাম, তখন

এক সাদা পোশাক পরিহিত দীর্ঘদেহী ব্যক্তি আমার নজরে পড়ল! সে আমাকে সঙ্গেরে আওয়াজ দিলঃ মোহাম্মদ! এর কাছ থেকে দূরে থাকুন এবং একে স্পর্শ করবেন না। উপরে আয়মন বলেনঃ এরপর তিনি কখনও কোরায়শদের ধর্মীয় উৎসবাদির ধারে কাছেও যাননি। অবশ্যে নবুওয়তপ্রাপ্ত হন।

হ্যরত আয়েশা (রাঃ) থেকে বর্ণিত আবু নয়ীমের রেওয়ায়েতে রসূলে করীম (সাঃ) এরশাদ করেছেন— আমি রোকন ও যমযমের মধ্যস্থলে আধা জগত ও আধা নির্দিত অবস্থায় ছিলাম। হঠাৎ আমার কাছে জিবরাইল ও মিকাইল (আঃ) আগমন করলেন। একজন অপরজনকে জিজ্ঞাসা করলেনঃ ইনিই কি সেই ব্যক্তি? উভর হলঃ হ্যাঁ, ইনিই সেই ব্যক্তি। ইনি খুব ভালমানুষ যদি মূর্তিদেরকে স্পর্শ না করেন। নবী করীম (সাঃ) বলেনঃ নবুওয়তপ্রাপ্তি পর্যন্ত আমি কখনও প্রতিমাদেরকে স্পর্শ করিনি।

আবু নয়ীম ও ইবনে আসাকির আতা ইবনে আবীরুব্বাহ থেকে এবং তিনি হ্যরত আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) একদা চাচাত ভাইদের সাথে আসাফ মূর্তির নিকটে দণ্ডয়মান হয়েছিলেন। তিনি কিছুক্ষণ বায়তুল্লার দিকে দৃষ্টি নিবন্ধ রেখে চলে আসেন। তাঁর চাচাত ভাইরা জিজ্ঞাসা করলঃ তোমার কি হয়েছে? তিনি বললেনঃ আমাকে এই মূর্তির কাছে দাঁড়াতে নিষেধ করে দেয়া হয়েছে।

- আবু নয়ীম ও বায়হাকী যায়দ ইবনে হারেছা থেকে রেওয়ায়েত করেন যে, একটি তাস্রি নির্মিত মূর্তির আসাফ অথবা নায়েলা বলা হত। মুশরিকরা তওয়াফ করার সময় এটি স্পর্শ করত। রসূলুল্লাহ (সাঃ) বায়তুল্লাহর তওয়াফ করলেন। আমি ও তাঁর সাথে তওয়াফ করলাম। আমি যখন মূর্তির নিকটে এলাম, তখন সেটি স্পর্শ করলাম। রসূলুল্লাহ (সাঃ) আমাকে বলেনঃ এটি স্পর্শ করো না। যায়দ বলেনঃ আমি মনে মনে বললাম, কি হয় দেখার জন্যে আবার তওয়াফ করে মূর্তির স্পর্শ করব। সে মতে আমি মূর্তির স্পর্শ করলে রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ তোমাকে কি নিষেধ করিনি? আমি আর করলামঃ সেই সন্তার কসম, যিনি আপনাকে সম্মান দিয়েছেন এবং আপনার প্রতি কিতাব নাযিল করেছেন। আমি ইতিপূর্বে আর কখনও মূর্তির গায়ে স্পর্শ করিনি, ভবিষ্যতেও করবো না।

ইমাম আহমদ হ্যরত ওরওয়া ইবনে যুবায়র (রাঃ) থেকে এবং তিনি হ্যরত খাদিজা (রাঃ)-এর এক প্রতিবেশী থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন— আমি রসূলুল্লাহ (সাঃ)-কে খাদিজা (রাঃ)-কে লক্ষ্য করে বলতে শুনেছি— আল্লাহর কসম, আমি কখনও লাত ও ওয়ার এবাদত করিনি। আমি কখনও ওয়ার এবাদত করব না।

আবু ইয়ালা, ইবনে আদী, বায়হাকী ও ইবনে আসাকির হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবুওত প্রাণির আগে নবী করীম (সাঃ) কোন কোন সময় মুশরিকদের সাথে তাদের সমাবেশে যোগদান করতেন। একবার তিনি শুনলেন যে, তাঁর পিছনে দু'জন ফেরেশতা একে অপরকে বলছে— আমার সাথে চল, যাতে আমরা নবীর পিছনে দণ্ডয়মান হই। সে বললঃ তাঁর নিয়ত যখন মূর্তিকে চুম্বন করার কাছাকাছি, তখন তার পিছনে দণ্ডয়মান হওয়া কিরণে সম্ভবপর হতে পারে? এরপর রসূলুল্লাহ (সাঃ) কখনও মুশরিকদের কোন ধর্মীয় সমাবেশে যোগদান করেননি।

ইবনে ইসহাক, বায়হাকী ও আবু নয়ীম হ্যরত জুবায়র ইবনে মুতায়িম থেকে রেওয়ায়েত করেন যে, মূর্ত্তা যুগে আমি রসূলুল্লাহ (সাঃ)কে দেখেছি তিনি স্বগোত্রের মাঝখানে আরাফাতে আপন উটের উপর সওয়ার ছিলেন। এরপর তাঁর কওম তাঁকে সেখান থেকে নিয়ে যায়। আরাফাতে তাঁর অবস্থান আল্লাহর তওফীক দানের কারণেই ছিল।

বোখারী ও মুসলিম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কোরায়শ ও মকার কয়েকটি সন্তান গোত্র মুয়দালেফায় অবস্থান করত এবং হেরেমবাসী হওয়ার দাবী করত।

হাসান ইবনে সুফিয়ান স্বীয় মসনদে, বগতী মোজাকে এবং মাওয়ারদি আচছাহাবায় রবিয়া ইবনে জরশী থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেছেনঃ আমি রসূলুল্লাহ (সাঃ)কে আরাফাতে ওকুফ (অবস্থান) করতে দেখেছি। তখন আমার বিশ্বাস জন্মে যে, আল্লাহ তায়ালা আপন কৃপায় তাঁকে এর তওফীক ও দেহায়েত দান করেছেন।

যৌবনে কোরায়শরা রসূলুল্লাহ (সাঃ)-কে ‘আমীন’ বলত

ইয়াকুব ইবনে সুফিয়ান ও বায়হাকী ইবনে শিহাব থেকে রেওয়ায়েত করেন যে, যখন কোরায়শরা কাঁ'বা গৃহ নির্মাণ করে এবং রোকনে পৌঁছে, তখন রোকন বহন করার ব্যাপারে পরম্পরের মধ্যে বিবাদ দেখা দেয় যে, কোন গোত্রের লোকেরা এটি বহন করবে। অবশ্যে ফয়ছালা হয় যে, যে ব্যক্তি সকলের অন্যে এখানে আসবে, তাঁকেই সালিস মেনে নেয়া হবে। পরদিন দেখা গেল যে, রসূলে করীম (সাঃ) সকলের আগে পৌঁছেছেন। তিনি তখন অল্প বয়স্ক ছিলেন। কিন্তু সকলেই তাঁকে সালিস নিযুক্ত করল। তিনি রোকনকে একটি চাদরে স্থাপন করতে বললেন। স্থাপন করা হল। এরপর তিনি প্রত্যেক গোত্র থেকে একজন করে সরদার নিলেন এবং তাদেরকে চাদরের প্রাত্ত ধরার আদেশ দিলেন। এরপর রসূলুল্লাহ (সাঃ) রোকন রাখার স্থানে উপরে আরোহণ করলেন। সরদার হাজারে আসওয়াদ তাঁর দিকে

তুলে ধরলে তিনি সেটি স্বস্থানে স্থাপন করে দিলেন। তাঁর এই বিজ্ঞানেচিত কাজে সকলেই সন্তোষ প্রকাশ করল। ওহী নাফিল হওয়ার পূর্বেই সকলেই তাঁকে “আমীন” (বিশ্বস্ত) খেতাবে ভূষিত করেছিল। তারা যখন কোন উট যবেহ করত, তখন তাঁর কাছে দোয়ার আবেদন করত।

আবু নয়ীম ও ইবনে সাদ হ্যরত ইবনে আবুস ও মোহাম্মদ ইবনে জুবায়র থেকে রেওয়ায়েত করেন যে, যেসময় নবী করীম (সাঃ) হাজারে আসওয়াদ স্থাপন করেন, তখন নজদের অধিবাসী এক ব্যক্তি তাঁকে একটি পাথর দিতে গেল, যাতে সেটির সাহায্যে হাজারে-আসওয়াদকে অটল করে বসানো যায়। হ্যরত আবুস (রাঃ) নজদীকে পাথর দিতে মানা করলেন এবং নিজে নবী করীম (সাঃ)কে পাথর দিয়েছিলেন। নবী করীম (সাঃ) সেটি দিয়ে হাজারে-আসওয়াদকে অনড় করে স্থাপন করলেন। এতে নজদী লোকটি ত্রুট্টি হয়ে বললঃ তাদের জন্যে অবাক লাগে, যারা বুদ্ধি বিবেচনা, সম্ভাস্ততা ও স্বাচ্ছন্দে সকলের সেরা হওয়া সন্ত্রেও একজন কমবয়েসী ও কম ধীশক্তি সম্পন্ন ব্যক্তির আনুগত্য করে। তাই এই ব্যক্তিকে এমন সম্মানিত ও সরদার করেছে যে, সকলেই যেন তাঁর খাদেম। সাবধান! এই বালক একদিন অঞ্চলগামী হয়ে যাবে এবং তাদের নেতৃত্বে ভাগ বসাবে। কথিত আছে এই ছদ্মবেশী লোকটি ছিল স্বয়ং ইবলীস।

ইবনে সাদ ও ইবনে আসাকির হ্যরত দাউদ ইবনে হছাইন (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) যৌবনই চরিত্র শুণে সবার উপরে, মেলামিশায় সকলের চেয়ে সম্মানিত, বিশ্বস্তায় সকলের চেয়ে মহান, কথাবার্তায় সর্বাধিক সত্যবাদী এবং অশ্রুল ও অনর্থক কথাবার্তা থেকে সবার চেয়ে অধিক দূরে অবস্থানকারী ছিলেন। তাঁকে কখনও কারও সাথে কলহবিবাদ করতে দেখা যায়নি। এমন কি, তাঁর স্বজাতি তাঁকে আমীন উপাধিতে ভূষিত করে।

আবু নয়ীম মোজাহিদ থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমার মওলা আবদুল্লাহ ইবনে সায়েব বর্ণনা করেছেন, আমি মূর্তা যুগে একবার ব্যবসায়ে নবী করীম (সাঃ)-এর শরীক ছিলাম। পরবর্তীকালে আমি যখন মদীনায় এলাম, তখন তিনি বললেনঃ আমাকে চিন? আমি বললামঃ জু হাঁ, আপনি আমার শরীক ছিলেন এবং খুব ভাল শরীক ছিলেন। কোন বিষয়ে বাগড়াও করেননি এবং সমস্যাও সৃষ্টি করেননি।

আবু দাউদ, আবু ইয়ালা ও ইবনে মান্দাহ আল মারেফা গ্রন্থে খারায়েতী মাকারেমুল আখলাক গ্রন্থে হ্যরত আবদুল্লাহ ইবনে আবিল হাস্মাদ থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ)-এর নবুওয়তপ্রাপ্তির পূর্বে আমি তাঁর সাথে একটি লেনদেন করেছিলাম। আমার কাছে তাঁর কিছু জিনিস পাওনা ছিল।

আমি তাঁর সাথে ওয়াদ্দা করলাম যে, আপনার নির্ধারিত স্থানে আমি সেই জিনিস নিয়ে হায়ির হব। ঘটনাক্রমে আমি সেই দিন এবং তার পরের দিন জিনিসটি নিয়ে আসার কথা ভুলে গেলাম। তৃতীয় দিন এসে আমি তাঁকে সেই জায়গায় পেলাম। তিনি বললেনঃ তুমি আমাকে বড় কষ্ট দিয়েছ। আমি এ স্থানে তিনিদিন ধরে তোমার অপেক্ষা করছি।

ইবনে সাদ রবী ইবনে খায়ছাম’থেকে বর্ণনা করেন যে, ইসলামের পূর্বে মূর্খতা যুগে নবী করীম (সাঃ)-এর কাছে ফয়সালা করানোর জন্যে মোকাদ্দমা আনা হত।

হ্যরত খাদিজা (রাঃ)-এর পণ্য সামগ্রী নিয়ে সিরিয়া সফর

ইবনে ইসহাক বর্ণনা করেন যে, হ্যরত খাদিজা (রাঃ)-এর প্রস্তাব পেয়ে নবী করীম (সাঃ) তাঁর পণ্য-সামগ্রী নিয়ে সিরিয়া সফরে গমন করেন। তাঁর সঙ্গে ছিল হ্যরত খাদিজা (রাঃ)-এর গোলাম মায়সারা। সিরিয়া পৌঁছে তাঁরা এক সন্ন্যাসীর গির্জার নিকটস্থ এক বৃক্ষের ছায়ায় অবতরণ করলেন। সন্ন্যাসী মায়সারাকে দেখে জিজ্ঞাসা করলঃ এই বৃক্ষের নিচে কে অবস্থান করছে? মায়সারা জওয়াব দিলেনঃ ইনি হেরেমের অধিবাসী একজন কেরায়শী। সন্ন্যাসী বললঃ এই বৃক্ষের নিচে নবী ছাড়া কখনও কেউ অবস্থান করেনি।

মায়সারা বর্ণনা করেন— যখন দ্বিপ্রহর হত এবং প্রচণ্ড তাপ অনুভব হত, তখন দু’জন ফেরেশতাকে তাঁর উপর ছায়া করতে দেখতাম। তিনি উটের উপর সফর করেছিলেন। তিনি যখন সিরিয়া থেকে হ্যরত খাদিজার পণ্য সামগ্রী নিয়ে এলেন এবং হ্যরত খাদিজা (রাঃ) তা বিক্রয় করলেন, তখন দ্বিগুণ মুনাফা হল। মায়সারা হ্যরত খাদিজাকে সন্ন্যাসীর উক্তি এবং ফেরেশতাদের ছায়া করার কথা শুনালেন। এসব কথা শুনে তাঁর মনে রসূলুল্লাহ (সাঃ)-কে বিয়ে করার অঘৃহ সৃষ্টি হল। এ রেওয়ায়েতটি ইয়াম বায়হাকীও ইবনে ইসহাক থেকে বর্ণনা করেছেন।

ইবনে ইসহাক ও ইবনে আসাকির নক্ষীসা বিনতে ইয়ালার ভগিনী থেকে রেওয়ায়েত করেছেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর বয়স যখন পঁচিশ বছর, তখন তিনি মঙ্গায় আমীন নামেই সমধিক পরিচিত ছিলেন। তিনি হ্যরত খাদিজা (রাঃ)-এর পণ্য-সামগ্রী নিয়ে সিরিয়া গমন করেন। তাঁর সঙ্গে হ্যরত খাদিজার মায়সারা নামক গোলামও ছিল। তাঁরা উভয়েই বুরো নামক স্থানে পৌঁছেন এবং একটি ছায়াবিশিষ্ট বৃক্ষের নিচে অবস্থান করেন। তাঁকে দেখে নাস্তুরা নামক সন্ন্যাসী বললঃ এ বৃক্ষের নিচে কখনও কোন নবী ছাড়া অন্য কেউ অবস্থান করেনি।

এরপর সন্ন্যাসী মায়সারাকে জিজ্ঞাসা করলঃ তাঁর উভয় চোখে লালিমা আছে কি? মায়সারা বললেনঃ হাঁ, লালিমা আছে এবং এই লালিমা কখনও হ্রাস হয় না। সন্ন্যাসী বললঃ ইনি সন্তুত প্রতিশ্রুত শেষ নবী। এরপর রসূলুল্লাহ (সাঃ)

ক্রয়-বিক্রয়ে মশগুল হয়ে গেলেন। ইতিমধ্যে এক ব্যক্তি তাঁর সাথে ঝগড়া বাঁধিয়ে দিল এবং বললঃ লাত ও ওয়ায়ার কসম খান।

তিনি বললেনঃ আমি কখনও লাত ও ওয়ায়ার কসম খাইনি। ঘটনাচক্রে এই প্রতিমাদ্বয়ের কাছ দিয়ে যেতে হলেও আমি মুখ ফিরিয়ে নেই এবং পথের প্রান্ত ধরে চলে যাই। একথা শুনে লোকটি বললঃ আপনার কথাই সত্য। এরপর সে মায়সারাকে বললঃ আল্লাহর কসম, ইনি নবী। তাঁর মর্যাদা ও শুণাবলী আমাদের আলেমগণ কিতাবাদীতে পাঠ করে থাকেন।

মায়সারা এসের কথা শৃঙ্খিতে সংরক্ষিত রাখলেন। অতঃপর যখন তারা সিরিয়া থেকে ফিরে এলেন এবং মক্কায় প্রবেশ করলেন, তখন ছিল দ্বিতীয়। তখন হ্যরত খাদিজা (রাঃ) তাঁর বাড়ীর উপর তলার কক্ষে ছিলেন। তিনি রসূলুল্লাহ (সাঃ)-কে উটে সওয়ার দেখলেন। আরও দেখলেন যে, দু'জন ফেরেশতা তাঁর উপর ছায়া করে রেখেছে। তিনি নিকটস্থ সকল মহিলাকে এ দৃশ্য দেখালেন।

সকলেই বিস্ময় প্রকাশ করতে লাগল। খাদিজা (রাঃ) এ ঘটনাটি মায়সারার গোচরীভূত করলে তিনি বললেনঃ আমাদের রওয়ানা হওয়ার সময় থেকেই আমি এ দৃশ্য দেখতে পাচ্ছি। এরপর মায়সারা হ্যরত খাদিজা (রাঃ)-কে সন্ন্যাসীর কথা এবং ঝগড়াটে ব্যক্তির কথাবার্তা ও কসম দেয়া সম্পর্কে অবহিত করলেন।

হ্যরত খাদিজার সাথে বিবাহের সময় যে নির্দর্শনের প্রকাশ ঘটে

ইবনে সাদ সায়ীদ ইবনে জুবায়র ও ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মক্কার মহিলাদের মধ্যে রজব মাসে তাদের আনন্দের দিন সম্পর্কে মতভেদ দেখা দিলে সকলেই এক প্রতিমার নিকটে দণ্ডয়মান হয়। হঠাতে তারা একটি মানবীয় আকৃতি দেখতে পায়। আকৃতিটি আস্তে আস্তে তাদের নিকটে এসে উচ্চস্থরে ঘোষণা করলঃ তায়মার মহিলারা! তোমাদের শহরে একজন নবী হবেন। তাঁর নাম হবে আহমদ। তিনি আল্লাহর পয়গাম নিয়ে আবির্ভূত হবেন। অতএব যে নারীর মধ্যে এই নবীর পত্নী হওয়ার যোগ্যতা আছে, সে যেন তাঁর পত্নী হয়ে যায়। একথা শুনে মহিলারা সেই লোকটির প্রতি কংকর ছুড়ে মারল, বিদ্রূপ করল এবং কঠোর আচরণ প্রদর্শন করল। কিন্তু হ্যরত খাদিজা তাঁর কথায় বিরূপ মনোভাব প্রকাশ করলেন না।

নবুয়তপ্রাণির সময় যে সকল মোজেয়ার প্রকাশ ঘটেছে

বোখারী ও মুসলিম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর ওহীর সূচনা হয় সত্যবন্ধের মাধ্যমে। তিনি যে স্থপ্তী দেখতেন, তা ভোরের আলোর মত সত্য হয়ে সামনে এসে যেত। কিছুদিন পরে

তাঁর কাছে একান্ত বাস প্রিয় হয়ে যায়। কয়েক দিনের পানাহারের সামগ্রী সঙ্গে নিয়ে তিনি হেরো গিরি গুহায় নির্জনবাসী হয়ে আল্লাহ তায়ালার এবাদতে মশগুল হয়ে পড়তেন। এরপর হ্যরত খাদিজার কাছে পুনরায় কিছু খাদ্য সামগ্রী নিয়ে যেতেন। অবশেষে একদিন হঠাতে ওহী এসে গেল।

রসূলুল্লাহ (সাঃ) যখন হেরো গুহাতেই ছিলেন, তখন ফেরেশতা এসে তাঁকে বললঃ পড়ুন! তিনি বললেনঃ আমি পড়ুয়ে নই। হ্যুর (সাঃ) বলেনঃ ফেরেশতা আমাকে বুকে জড়িয়ে ধরে এমন জোরে চাপ দিলেন যে, আমি শক্তিহীন হয়ে গেলাম। এরপর ছেড়ে দিয়ে বললঃ পড়ুন। আমি বললামঃ আমি পড়ুয়া নই। ফেরেশতা আবার আমাকে ধরে সজোরে চাপ দিল। ফলে আমি নিস্তেজ হয়ে পড়লাম। পুনরায় ছেড়ে দিয়ে বললঃ পড়ুন। আমি বললামঃ আমি পড়ুয়া নই। তৃতীয়বার ফেরেশতা আবার আমাকে ধরে সজোরে চাপ দিল। আমি অবশ হয়ে গেলাম। এরপর আমাকে ছেড়ে বললঃ

إِقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ إِقْرَأْ
وَرَبُّكَ الْأَكْرَمُ الَّذِي عَلِمَ بِالْقَلِيلِ عَلَمَ الْإِنْسَانَ مَا كُمْ يَعْلَمُ

পড়ুন আপনার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন, সৃষ্টি করেছেন মানুষকে স্থিতিস্থাপক উপাদান থেকে। পড়ুন, আপনার প্রতিপালক মহামহিমাবিত, যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন। শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না। (সূরা আলাক)

এরপর রসূলুল্লাহ (সাঃ) গুহা থেকে ফিরে এলেন। ভীতি ও বিহুলতার কারণে তাঁর গ্রীবা ও কাঁধের মাংস কাঁপছিল। তিনি খাদিজা (রাঃ) কাছে পৌঁছে বললেনঃ আমাকে বস্ত্রাবৃত কর। ভয়ভীতি দূর হয়ে গেলে তিনি খাদিজা (রাঃ) কাছে ঘটনা বর্ণনা করলেন এবং বললেনঃ আমি মৃত্যুর আশংকা করছি। সব শুনে হ্যরত খাদিজা (রাঃ) আরয় করলেনঃ

“কখনই নয়। আল্লাহ আপনাকে লাষ্টিত করবেন না। আপনি আত্মীয়দের সাথে সদাচরণ করেন। সত্য কথা বলেন। দুর্বলদের বোৰা বহন করেন। নিঃস্বদেরকে অর্থ সম্পদ দেন। অতিথিদের সেবায়ত্ত করেন। বিপদাপদ দূরীকরণে মানুষের সহায়তা করেন।”

এরপর হ্যরত খাদিজা (রাঃ) হ্যুর (সাঃ)-কে আপন চাচাত ভাই ওয়ারাকা ইবনে নওফেল ইবনে আসাদ ইবনে আবদুল ওয়ায়ার কাছে নিয়ে গেলেন। ওয়ারাকা মূর্খতা যুগে খৃষ্টধর্ম গ্রহণ করেছিলেন। আরবী ভাষার একজন সলেখক ছিলেন এবং

সাধ্যান্যয়ী আরবী ভাষায় ইনজিলের তরজমা করতেন। হ্যরত খাদিজা (রাঃ) তাঁকে বললেন : এই ভাতিজার কথা শুনুন। ওয়ারাকা জিজেস করলেন : আপনি কি দেখেছেন ? নবী করীম (সা�) যা দেখেছিলেন, তা বিবৃত করলেন। ওয়ারাকা শুনে বললেন :

ঃ-ইনি তো সেই জিবরাইল, যাকে মূসা (আঃ)-এর কাছে প্রেরণ করা হয়েছিল। হায়! আমি যদি আজ শক্তসমর্থ ও যুক্ত হতাম। হায় আমি যদি তখন পর্যন্ত জীবিত থাকতাম, যখন আপনার স্বজাতি আপনাকে এদেশ থেকে বহিকার করবে!

রসূলুল্লাহ (সা�) প্রশ্ন করলেনঃ তারা কি আমাকে বহিকার করবে ?

ওয়ারাকা বললেনঃ জী হাঁ। যে-ই অপনার মত নবুয়ত নিয়ে এসেছেন, তাঁর সাথেই শত্রুতা করা হয়েছে। আমি সেই সময়কাল পেলে আপনার জোরদার সাহায্য করব।

এরপর ওয়ারাকা বেশিদিন জীবিত থাকেননি।

ইমাম আহমদ ও বায়হাকী যুহরী থেকে, তিনি ওরওয়া থেকে এবং তিনি হ্যরত আয়েশা (রাঃ) থেকে উপরোক্ত রূপ রেওয়ায়েত করেছেন। তবে এতে আরও আছে যে, অতঃপর কিছু দিনের জন্যে ওহী বন্ধ রইল। হ্যরত আয়েশা (রাঃ) বর্ণনা করেন, আমরা জানতে পারি যে, ওহী বন্ধ হওয়ার কারণে নবী করীম (সা�) অত্যন্ত দুঃখিত ও মর্মাহত হন। এমন কি, তিনি বারবার পাহাড়ের চূড়া থেকে নিচে পড়ে যাওয়ার ইচ্ছা করেন। যখনই তিনি এই উদ্দেশ্যে কোন পাহাড়ের চূড়ায় আরোহণ করতেন, তখনই জিবরাইল (আঃ) তাঁর সম্মুখে এসে বলতেনঃ মোহাম্মদ! নিশ্চয়ই আপনি আল্লাহর রসূল। এতে তাঁর মনে প্রশান্তি ও স্থিরতা আসত এবং তিনি ফিরে আসতেন। এরপর যখন ওহীর আগমনে আরও বেশী বিলম্ব হত, তখন তিনি আবার সেই ইচ্ছা করতেন এবং জিবরাইল আত্মপ্রকাশ করে সান্ত্বনা দিতেন।

ইবনে হজর আসকালানী বলেনঃ ওহীর সূচনালগ্নে জিবরাইল (আঃ) কর্তৃক বুকে চেপে ধরা কেবল রসূলুল্লাহ (সা�)-এরই বৈশিষ্ট্য। অন্য কোন পয়গাম্বর সম্পর্কে এরূপ বর্ণিত নেই। এই চেপে ধরার মধ্যে এই রহস্য নিহিত ছিল, যেন রসূলুল্লাহ (সা�) অন্য কোন বস্তুর প্রতি ভুক্ষেপ না করেন এবং এ বিষয়েই আগ্রহ ও প্রচেষ্টা কেন্দ্রিত করেন। এ বিষয়েও ছঁশিয়ার করা উদ্দেশ্যে ছিল যে, যে সকল বিষয় আপনার প্রতি নায়িল করা হবে, তা অত্যন্ত ভারী। এ কথাও বলা হয়েছে যে, মনের কুম্ভনা ও জল্লানা-কল্লানা দূর করার জন্যে চাপ দেয়া হয়েছে। কেননা, অবতীর্ণ বিষয়সমূহ দৈহিক গুণাবলী নয়। সে মতে রসূলুল্লাহ (সা�)-এর শরীরে এ অবস্থা দেখা দেয়ার সাথে সাথে তিনি বুঝে নিলেন যে, এটা আল্লাহ তায়ালার নির্দেশ।

বোখারী ও মুসলিম হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ রসূলুল্লাহ (সা�) একবার ওহী বন্ধ থাকার সময়কাল সম্পর্কে কথা বলছিলেন। আমি তাঁকে বলতে শুনলামঃ- একবার আমি যখন পথ চলছিলাম, তখন আকাশ থেকে আওয়াজ শুনে মাথা তুলে তাকালাম। দেখি কি, সেই ফেরেশতা, যিনি আমার কাছে হেরা গিরিশহায় এসেছিলেন- আকাশ ও পৃথিবীর মাঝখানে একটি জমকালো কুরসীতে উপবিষ্ট আছেন। আমি ভয় পেয়ে গেলাম। তৎক্ষণাত গৃহে এসে বললামঃ আমাকে বস্ত্রদারা আবৃত কর!, আমাকে বস্ত্রদারা আবৃত কর! সেমতে আমাকে বস্ত্রাবৃত করা হল। তখন আল্লাহ তায়ালা এই আয়াত নায়িল করলেনঃ

يَا أَيُّهَا الْمُدْرِئُ فَإِنِّي رَبِّكَ وَرَبِّكَ فَكِيرٌ وَثَيَابَكَ فَطَهِّرْ وَالرُّجْزَ
فَاهْجُرْ

হে বস্ত্রাচ্ছাদিত! উঠুন, সতর্কবাণী প্রচার করুন এবং আপনার প্রতিপালকের শ্রেষ্ঠত্ব ঘোষণা করুন। আপনার বস্ত্র পরিব্রান্ত করুন এবং অপবিত্রতা পরিহার করুন। (সুরা মুদ্দাসসির)

এরপর ধারাবাহিকভাবে ওহী আসতে থাকে।

ইমাম আহমদ, ইয়াকৃব ইবনে সুফিয়ান স্ব-স্ব রচনাবলীতে, ইবনে সাদ ও বায়হাকী শা'বী থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সা�) চলিশ বছর বয়ঃক্রমকালে নবুয়তে ভূষিত হন এবং তাঁর নবুয়তের সাথে ইসরাফীল (আঃ) তিনি বছর পর্যন্ত থাকেন। তখন কোরআন করীম অবতীর্ণ হত না। ইসরাফীল তাঁকে কলেমা ও অন্য কিছু শিক্ষা দিতেন। তিনি বছর পূর্ণ হয়ে গেলে জিবরাইল (আঃ) তাঁর নবুয়তের সঙ্গী হয়ে গেলেন। জিবরাইল (আঃ)-এর বাচনিক বিশ বছর পর্যন্ত কোরআন নায়িল হতে থাকে। দশ বছর মকায় এবং দশ বছর মদীনায়।

আবু নয়ীম হ্যরত আলী ইবনে হুমায়ুন (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা�)-এর কাছে সর্বপ্রথম সত্য স্পন্দ আসে। তিনি স্বপ্নে যা দেখতেন, তা হ্বহু তেমনিভাবে প্রকাশ পেত।

আবু নয়ীম আলকামা ইবনে কায়স থেকে রেওয়ায়েত করেন যে, পয়গাম্বরগণকে প্রথমে যে বস্তু দেয়া হতো, তা স্বপ্নে দেয়া হতো। এতে তাঁদের চিন্ত প্রশান্ত হয়ে যেতো। এরপর ওহী অবতরণের পালা শুরু হতো।

বায়হাকী ও মুসলিম মূসা ইবনে ওকবা থেকে এবং ইবনে সিহাব যুহরী থেকে রেওয়ায়েত করেন যে, আমরা জানতে পেরেছি যে, নবী করীম (সা�) সর্ব প্রথম যা

দেখেছিলেন, তা ছিল নির্দিষ্টভায় আল্লাহর পক্ষ থেকে একটি স্বপ্ন। স্বপ্নটি তাঁর জন্যে অসহনীয় হয়। তিনি বিষয়টি হ্যরত খাদিজা (রাঃ)-এর গোচরীভূত করেন। তিনি বললেনঃ সুসংবাদ নিন। আল্লাহ আপনার সাথে মঙ্গলজনক আচরণ করবেন এরপর রসূলুল্লাহ (সাঃ) হ্যরত খাদিজার কাছ থেকে বাইরে চলে গেলেন। এরপর আবার তাঁর কাছে গেলেন এবং বললেনঃ আমি দেখেছি যে, আমার উপর বিদীর্ণ করা হল, অতঃপর ধৌত করে পাক করা হল, অতঃপর পূর্বাবস্থায় করে দেয়া হল। হ্যরত খাদিজা (রাঃ) বললেনঃ আল্লাহর কসম, এটা কল্যাণ ও মঙ্গল। সুসংবাদ নিন। এরপর জিবরাইল (আঃ) প্রকাশ্যে আগমন করলেন। হ্যুর (সাঃ) তখন মক্কার উপরিভাগে ছিলেন। হ্যরত জিবরাইল (আঃ) তাঁকে এমন সম্মানিত আসনে বসালেন, যা আশ্চর্যজনক ছিল।

নবী করীম (সাঃ) বলতেনঃ জিবরাইল আমাকে দুধের ফেনার ন্যায় স্বেত শুভ ঘত ফরশে বসালেন, যাতে মোতি ও ইয়াকৃত জড়ানো ছিল। ফরশে বসানোর পরে জিবরাইল (আঃ) তাঁকে নবুওয়তের সুসংবাদ দিলেন। এতে তিনি উদ্বীপিত হলেন। এরপর জিবরাইল (আঃ) বললেনঃ পড়ুন—

رَقْرَأْ بِاسْمِ رَبِّكَ... مَا لَمْ يَعْلَمْ

রসূলে আকরাম (সাঃ) আপন প্রতিপালকের রেসালত কবুল করে চলে এলেন। পথিমধ্যে প্রতিটি বৃক্ষ ও পাথর তাঁকে সালাম করল। তিনি প্রফুল্ল মুখে ও আনন্দিত মনে পরিবারের মধ্যে ফিরে এলেন। তিনি যে মহান বিষয় প্রত্যক্ষ করেছিলেন, তার প্রতি তাঁর পূর্ণ আস্থা ছিল। হ্যরত খাদিজার (রাঃ) কাছে এসে তিনি বললেনঃ আমি যে ঘটনাটি স্বপ্নে দেখেছিলাম এবং তোমার কাছে বর্ণন করেছিলাম, তা বাস্তবে পরিণত হয়েছে। জিবরাইল (আঃ) প্রকাশ্যে আমার কাছে এসেছেন। আমার প্রতিপালক তাঁকে আমার কাছে প্রেরণ করেছেন। অতঃপর জিবরাইল (আঃ) আল্লাহর পক্ষ থেকে যে পয়গাম এনেছিলেন, হ্যুর (সাঃ) তা খাদিজা (রাঃ)-কে শুনালেন। হ্যরত খাদিজা বললেনঃ সুসংবাদ গ্রহণ করুন। আল্লাহ আপনার সাথে মঙ্গলজনক আচরণই করবেন। আপনি আল্লাহর পয়গাম কবুল করুন। এটা সত্য। আপনি নিশ্চিতরপেই আল্লাহর রসূল। এরপর হ্যরত খাদিজা (রাঃ) গৃহের বাইরে গেলেন এবং তত্বা ইবনে রবিয়া ইবনে আবদে শামসের গোলাম আদাসের কাছে পৌঁছলেন। আদাস নায়নুয়ার অধিবাসী এবং ধর্ম বিশ্বাসে খৃষ্টান ছিল। তিনি আদাসকে আল্লাহর কসম দিয়ে জিজ্ঞেস করলেনঃ তুমি জিবরাইল সম্পর্কে কিছু জান কি?

আদাস বললঃ কুদুসুন্ন কুদুসুন্ন জিবরাইল, মুর্তিপূজারীদের দেশে তাঁর নাম উচ্চারণ করাও অনুচিত। হ্যরত খাদিজা (রাঃ) বললেনঃ জিবরাইল সম্পর্কে তুমি যা জান বর্ণন কর।

আদাস বললঃ জিবরাইল আল্লাহ তায়ালা ও পয়গামেরগণের মধ্যে বিশ্বস্ত দৃত। তিনি হ্যরত মূসা ও ঈসা (আঃ)-এর উষীর।

হ্যরত খাদিজা (রাঃ) তাঁর কাছ থেকে চলে এলেন এবং ওয়ারাকা ইবনে নওফেলের কাছে যেযে তাঁকে পরিস্থিতি সম্পর্কে অবহিত করলেন। ওয়ারাকা বললেনঃ

নিচ্যই তোমার স্বামী সেই প্রতিক্রিত নবী, কিতাবধারীরা যাঁর অপেক্ষা করে এবং যার আলোচনা তওরাত ও ইনজীলে পায়।

এরপর ওয়ারাকা আল্লাহর কসম থেকে বললেনঃ যদি তাঁর নবুওয়তের দাওয়াত প্রকাশ পায় এবং আমি জীবিত থাকি, তবে আল্লাহ তাঁর রসূলের আনুগত্য ও পূর্ণমাত্রায় সাহায্য করার ব্যাপারে অবশ্যই আমার পরীক্ষা নিবেন। এর কিছুদিন পরই ওয়ারাকা ইত্তেকাল করলেন।

বায়হাকী ও আবু নয়ীম হ্যরত ওরওয়া ইবনে যুবায়র থেকে অনুরূপ রেওয়ায়েত করেছেন। তবে এ রেওয়ায়েতের শুরুতে আরও বলা হয়েছে যে, হ্যুর (সাঃ) মক্কায় বসবাসকালে স্বপ্ন দেখেছেন যে, এক ব্যক্তি তাঁর গৃহের ছাদের দিকে এল। সে ছাদের এক একটি কড়িকাঠ বের করতে লাগল। অবশেষে সে সমস্ত ছাদ খুলে ফেলল। অতঃপর তাতে ঝুপার একটি সিঁড়ি লাগিয়ে দিল। সেই সিঁড়ি বেয়ে দু'ব্যক্তি রসূলুল্লাহ (সাঃ)-এর দিকে এল। তিনি বললেনঃ তাদেরকে দেখে আমি চীৎকার করে কাউকে ডেকে সাহায্যের আবেদন করতে চাইলাম; কিন্তু আমাকে কথা বলতে বাধা দেয়া হল। আগন্তুকদ্বয়ের একজন আমার মাথার দিকে ও অন্যজন পার্শ্বে বসে গেল এবং তাদের একজন আপন হাত আমার পার্শ্বে দাখিল করে দু'টি পাজরের হাড়ি বের করে নিল। এরপর সে আমার পেটে হাত ঢুকিয়ে দিল। আমি তাঁর হাতের শীতলতা অনুভব করছিলাম। সে আমার হৃৎপিণ্ড বের করে নিজের হাতের তালুতে রাখল। সে তার সঙ্গীকে বললঃ এই সাধু পুরুষের হৃৎপিণ্ড কি চমৎকার! এরপর সে আমার হৃৎপিণ্ড স্থানে রেখে দিল এবং পাজরের হাড়িও যথাস্থানে স্থাপন করল। এরপর উভয়েই প্রস্তান করল এবং সিঁড়ি তুলে নিল। আমি জগত হয়ে গৃহের ছাদ পূর্ববৎ দেখতে পেলাম।

রসূলুল্লাহ (সাঃ) এই ঘটনার কথা হ্যরত খাদিজা (রাঃ)-কে বললে তিনি বললেনঃ আল্লাহ তায়ালা আপনার মঙ্গল করবেন। অতঃপর রসূলুল্লাহ (সাঃ) সেখান থেকে চলে গেলেন এবং কিছুক্ষণ পর ফিরে এসে বললেনঃ আমার উদ্দর বিদীর্ণ করতঃ ধৌত করে পবিত্র করা হয়েছে। এরপর পূর্ববৎ করে দেয়া হয়েছে। এরপর এই হাদিসে পূর্বোক্ত ঘটনাবলী বর্ণিত হয়েছে এবং অতিরিক্ত আরও বলা হয়েছে যে, জিবরাইল (আঃ) একটি ঝরণা খনন করে ওয়ারেল নবী করীম (সাঃ) তাঁকে জিবরাইল (আঃ) একটি ঝরণা খনন করে ওয়ারেল নবী করীম (সাঃ) তাঁকে

নিরীক্ষণ করছিলেন। জিবরাইল (আঃ) প্রথমে স্থীয় লজ্জাহান ঘোত করলেন। অতঃপর মুখমণ্ডল ও উভয় হাত কনুই পর্যন্ত ঘোত করলেন, মাথা মসেহ করলেন, উভয় পা গিটসহ ঘোত করলেন, অতঃপর বায়তুল্লাহর দিকে মুখ করে দু'রাকাত নামায পড়লেন। স্বীকৃতী করীম (সাঃ)-ও তাঁকে যা যা করতে দেখলেন তাই করলেন।

আবু নয়ীম এই রেওয়ায়েত তৃতীয় আর একটি তরিকায় যুহুরীর সনদে বর্ণনা করেছেন। ইমাম বায়হাকী বলেনঃ এই-রেওয়ায়েতে যে উদ্দর বিদীর্ণ করার কথা আছে, এর উদ্দেশ্য শৈশবকালীন উদর বিদীর্ণ করাও হতে পারে অথবা এবার পুনরায় বিদীর্ণ করাও হতে পারে। তৃতীয়বার মেরাজের সময়ও অনুরূপ বিদীর্ণ করা হয়েছে।

ইবনে ইসহাক আবদুল মালেক ইবনে ওবায়দুল্লাহ ইবনে আবু সুফিয়ান ও জনৈক আলেম থেকে বর্ণনা করেন যে, আল্লাহ তায়ালা যখন রসূলে করীম (সাঃ)-কে সম্মানে ভূষিত করার ইচ্ছা করলেন এবং নবুওয়তের সূচনা করলেন, তখন তিনি যে কোন বৃক্ষ ও পাথরের কাছ দিয়ে গমন করতেন, সে-ই তাঁকে সালাম করত। তিনি পিছনে ও ডানে-বামে তাকালে বৃক্ষ ও পাথর ছাঢ়া অন্য কিছু দেখতেন না। বৃক্ষ ও পাথর তাঁকে “আসসালামু আলাইকা ইয়া রসূলুল্লাহ” বলে সালাম করত।

নবী করীম (সাঃ) হেরা গিরিশুয়ায় প্রতি বছর এক মাস এশাদত করার জন্যে গমন করতেন। অবশ্যে যখন আল্লাহর ইচ্ছা পূরণ করার মাস এল এবং সেটা ছিল রম্যান, তখন রসূলে করীম (সাঃ) পূর্ববৎ সেখানে পৌঁছে গেলেন। অতঃপর বিশেষ এক রাত্রিতে জিবরাইল (আঃ) আল্লাহর নির্দেশে আগমন করলেন। রসূলুল্লাহ (সাঃ) বলেনঃ

ঃ জিবরাইল যখন এলেন, তখন আমি নিন্দিত ছিলাম। তিনি এসেই বললেনঃ পড়ুন। আমি বললাম, কি পড়ব? জিবরাইল (আঃ) আমাকে এমন চাপ দিলেন যে, আমি মৃত্যুর আশংকা করতে লাগলাম। এরপর তিনি আলাদা হয়ে গেলেন এবং বললেনঃ পড়ুন। আমি বললামঃ কি পড়ব? এরপর তিনি আমাকে আবার চাপ দিলেন এবং আলাদা হয়ে বললেনঃ পড়ুন। আমি বললামঃ কি পড়ব? তিনি বললেনঃ

إِنَّمَا لَمْ يَعْلَمْ رِبِّكَ الَّذِي خَلَقَ..... مَا لَمْ يَعْلَمْ

এরপর তিনি চলে গেলেন এবং আমি জাগ্রত হয়ে গেলাম। তখন আমার অন্তরে আল্লাহর বাণী যেন অংকিত ছিল এবং আমার দৃষ্টিতে আল্লাহর সৃষ্টির মধ্যে কবি ও উন্নাদের চেয়ে অধিক অপচন্দনীয় কিছুই ছিল না। কবি ও উন্নাদের প্রতি তাকানোও আমার জন্যে সহনীয় ছিল না। আমি মনে মনে বললামঃ তুমি কবি

অথবা উন্নাদ। আমি আরও ভাবিলাম, কোরায়শরা যাতে তোমার এই ঘটনা সম্পর্কে আলোচনা করতে না পারে, সে জন্যে আমি এক সুউচ্চ পাহাড়ে যেয়ে আঞ্চল্যত্ব করে স্বত্ত্ব লাভ করব। আমি গৃহ থেকে এ উদ্দেশ্যেই বের হলাম। যখন আমি আঞ্চল্যত্বের সংকল্প করছিলাম, তখন আকাশ থেকে এই আওয়াজ শুনতে পেলামঃ মোহাম্মদ, আপনি আল্লাহর রসূল। আমি জিবরাইল। আমি আকাশের দিকে মাথা তুলে দেখলাম জিবরাইল! একজন সুপুরুষের আকারে বিদ্যমান আছেন। তাঁর উভয় পা আকাশের প্রান্তে রয়েছে। তিনি বলছেনঃ মোহাম্মদ! আপনি আল্লাহর রসূল। আমি জিবরাইল। তাঁর এই কথা আমাকে পূর্বৰূপ সংকল্প থেকে গাফেল করে দিল। আমি স্বস্থানে অনড় হয়ে গেলাম। সম্মুখে অঙ্গসর হওয়া এবং পিছনে সরে আসার শক্তি আমার মধ্যে ছিল না। আকাশের যে প্রান্তেই দৃষ্টিপাত করতাম, একই দৃশ্য দৃষ্টিগোচর হত। আমি দাঁড়িয়ে এই দৃশ্য দেখতে লাগলাম।

অবশ্যে দিন শেষ হয়ে এল। এরপর জিবরাইল চলে গেলেন। আমিও ঘরে ফিরে এলাম। খাদিজার (রাঃ) কাছে এলে তিনি জিজ্ঞাসা করলেনঃ আপনি কোথায় ছিলেন?

আমি প্রশ্ন করলামঃ আমি কবি না উন্নাদ? হ্যরত খাদিজা বললেনঃ আমি এ বিষয়ে আল্লাহর আশ্রয় প্রার্থনা করছি। তিনি আপনার সাথে একুপ আচরণ করবেন না। আমি ভালভাবেই জানি যে, আপনি সত্যবাদী, আমান্তদার, পবিত্র চরিত্রের অধিকারী। আপনি আস্তীয়দের সাথে সদয় আচরণ করবেন।

হ্যুর (সাঃ) বলেনঃ অতঃপর আমি খাদিজাকে ঘটনা সম্পর্কে অবহিত করলাম। তিনি বললেনঃ সুসংবাদ নিন! আপনি দৃঢ়পদ থাকুন। আমি আশা করি আপনি এ উম্মতের নবী হবেন।

এরপর হ্যরত খাদিজা (রাঃ) ওয়ারাকা ইবনে নওফেলের কাছে গেলেন এবং সকল বৃত্তান্ত বর্ণনা করলেন। ওয়ারাকা বললেনঃ যদি তুমি আমাকে সত্যবাদী মনে কর, তবে বিশ্বাস কর যে তিনি এই উম্মতের নবী এবং তাঁর কাছে সেই জিবরাইলই আগমন করেছেন, যিনি মুসা (আঃ)-এর কাছে এসেছিলেন।

হ্যরত খাদিজা (রাঃ) নবী করীম (সাঃ)-কে বললেনঃ যে সত্তা আপনার কাছে আসে বলে আপনি মনে করেন, যখন সে আসে, তখন আমাকে অবগত করতে পারেন কি? তিনি বললেনঃ হাঁ। হ্যরত খাদিজা (রাঃ) বললেনঃ এবার যখন সে আসে, আমাকে বলবেন। সে মতে রসূলুল্লাহ (সাঃ) যখন খাদিজা (রাঃ)-এর কাছে ছিলেন, তখন জিবরাইল (আঃ) আগমন করলেন। হ্যুর (সাঃ) বললেনঃ খাদিজা! ইনি জিবরাইল। খাদিজা (রাঃ) প্রশ্ন করলেনঃ আপনি তাঁকে দেখতে পাচ্ছেনঃ তিনি বললেনঃ নিঃসন্দেহে। খাদিজা (রাঃ) বললেনঃ আপনি আমার ডান দিকে বসুন। রসূলুল্লাহ (সাঃ) সেখানে বসলেন। খাদিজা (রাঃ) বললেনঃ আপনি এখন তাঁকে

দেখতে পাচ্ছেন? উভয় হল : হাঁ। খাদিজা (রাঃ) বললেন : আপনি আমার কোলে এসে যান। রসূলুল্লাহ (সা:) তাই করলেন। খাদিজা (রাঃ) জিজ্ঞাসা করলেন : আপনি এখন তাঁকে দেখতে পাচ্ছেন? উভয় হল : হাঁ। খাদিজা (রাঃ) আপন মাথা খুলে দিলেন এবং ঝড়না সরিয়ে ফেললেন। রসূলুল্লাহ (সা:) কোলেই উপবিষ্ট ছিলেন। খাদিজা (রাঃ) প্রশ্ন করলেন : আপনি এখন তাঁকে দেখতে পাচ্ছেন? তিনি বললেন : না। খাদিজা বললেন, ইনি শয়তান নন; বরং ফেরেশতা। আপনি দৃঢ়পদ থাকুন এবং সুসংবাদ নিন। এসব কথোপ কথনের মাধ্যমেই হ্যরত খাদিজা (রাঃ) ঈমান আনলেন এবং সাক্ষ্য দিলেন যে, রসূলুল্লাহ (সা:)-এর প্রতি যা অবতীর্ণ হয়েছে, তা সত্য।

আবু নয়ীম ও বায়হাকী ইবনে ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বললেন : আমি এই হাদীসটি আবদুল হাসানের সামনে বর্ণনা করলে তিনি বললেন : আমি হাদীসটি ফাতেমা বিনতে হুসাইন (রাঃ)-এর কাছে শুনেছি। তিনি হ্যরত খাদিজা (রাঃ) থেকে রেওয়ায়েত করেছিলেন। কিন্তু তাতে তিনি খাদিজার (রাঃ)-এই কথাগুলোও বর্ণনা করেছেন যে, আমি রসূলুল্লাহ (সা:)-কে আমার কামিজের ভিতরে দাখিল করলে জিবরাইল চলে গেলেন। এ রেওয়ায়েতটি তিবরানীও আওসাতে উদ্ভৃত করেছেন।

ইসমাইল ইবনে হাকীম, ওমর ইবনে আবদুল আজিজ, আবু বকর ইবনে আবদুর রহমান ইবনে হারেছ ও উম্মে ছালামাহ কর্তৃক হ্যরত খাদিজা (রাঃ) থেকে উপরোক্তরূপ হাদীস বর্ণিত আছে।

বায়হাকী ও আবু নয়ীম আবু মায়সারা আমর ইবনে শোরাহবিল থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) হ্যরত খাদিজা (রাঃ)-কে বললেন : আমি যখন নির্জনে থাকি তখন একটি আওয়াজ শুনি, যাতে ভীষণ ভয় পেয়ে যাই। হ্যরত খাদিজা (রাঃ) বললেন :

: আল্লাহর পানাহ! আল্লাহ আপনাকে অপদন্ত করবেন না। আপনি আমানতদার। আচায়দের সাথে সদয় ব্যবহার করেন এবং বিশুদ্ধ কথা বলেন।

আবু বকর (রাঃ) এলে তাঁকেও একথা জানানো হলে তিনি বললেন : আপনি নবী করীমকে (সা:) সঙ্গে নিয়ে ওয়ারাকার কাছে যান। সেমতে তারা উভয়েই ওয়ারাকার কাছে গেলেন। হ্যুর (সা:) ওয়ারাকাকে বললেন : আমি যখন নির্জনে থাকি, তখন পিছন দিকে “ইয়া মোহাম্মদ! ইয়া মোহাম্মদ!”!! আওয়াজ শুনতে পাই। তখন আমি দৌড়াতে থাকি।

ওয়ারাকা বললেন : আপনি এরূপ করবেন না; বরং আপনার কাছে কেউ এলে আপনি দুর্দপ্ত থাকন এবং তাঁর কথা শুনন। এরপর আমার কাছে এসে খবর দিন।

এ কথাবার্তার পর যখন রসূলুল্লাহ (সা:) নির্জনে গেলেন, তখন কেউ তাঁকে “ইয়া মোহাম্মদ” বলে ডাকল এবং বলল :

أَشْهُدُ أَنَّ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهُدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ

অতঃপর বলল : পড়ুন-

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ وَلَا إِلَهَ إِلَّا هُوَ الْعَالَمُ

এরপর বলল : লা ইলাহা ইল্লাল্লাহ বলুন। রসূলুল্লাহ (সা:) এ ঘটনা সম্পর্কে ওয়ারাকাকে অবহিত করলেন। ওয়ারাকা বললেন :

সুসংবাদ নিন! আমি সাক্ষ্য দেই যে, আপনি সেই নবী, যাঁর আগমনের সুসংবাদ ইসা (আঃ) দিয়েছেন। মুসা (আঃ)-এর জিবরাইল আপনার কাছে আগমন করেছেন। আপনি নবী, আপনাকে সত্ত্বরই জেহাদের নির্দেশ দেয়া হবে। তখন আমি বর্তমান থাকলে আপনার সঙ্গে অবশ্যই জেহাদে শরীক হব। ওয়ারাকার ইন্তিকালের পর নবী করীম (সা:) বললেন : আমি ওয়ারাকাকে রেশমী বস্ত্র পরিহিত অবস্থায় দেখেছি। কারণ, সে আমার প্রতি ঈমান এনেছিল এবং আমাকে সত্য বলে মেনে নিয়েছিল।

বায়হাকী ও আবু নয়ীম আবু মায়সারা থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:) যখন বাইরে যেতেন, তখন শুনতে পেতেন যে, কেউ তাঁকে “ইয়া মোহাম্মদ” বলে ডাকছে। তিনি এ বিষয়টি হ্যরত আবু বকর (রাঃ)-এর গোচরীভূত করেন, যিনি ছিলেন তাঁর বহু পুরানা বন্ধু।

আবু নয়ীম ফয়লের সনদ সহকারে বুরায়দা (রাঃ) থেকেও এমনিভাবে রেওয়ায়েত করেছেন।

আবু নয়ীম আবদুল্লাহ ইবনে শান্দাদ থেকে বর্ণনা করেন যে, ওয়ারাকা হ্যরত খাদিজা (রাঃ)-কে জিজেস করলেন : তোমার স্বামী তাকে সবুজ পোশাকে দেখেছেন কি? তিনি বললেন : হাঁ। ওয়ারাকা বললেন, তোমার স্বামী নবী। তিনি উম্মতের তরফ থেকে বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হবেন।

আবু নয়ীম ওরওয়া থেকে এবং তিনি হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত খাদিজা (রাঃ) ওয়ারাকার সাথে এ বিষয়ে আলোচনা করলে তিনি বললেন : যে ভূখণ্ডে মূর্তি পূজা করা হয়, যেখানে জিবরাইলের আলোচনা করা শোভনীয় নয়। তিনি আল্লাহ তায়ালা ও তাঁর নবীগণের মধ্যে বিশ্বস্ত দৃত। তুমি

তোমার স্বামীকে সেই স্থানে নিয়ে যাও, যেখানে তিনি এই দৃশ্য দেখেছেন। তিনি যখন জিবরাইলকে দেখবেন, তখন তুমি আপন মস্তক খুলে দিয়ো। আল্লাহর প্রেরিত দৃত হলে নবী করীম (সাঃ) তাঁকে দেখতে পাবেন না; অর্থাৎ জিবরাইল প্রস্তুত করবেন।

হযরত খাদিজা (রাঃ) ওয়ারাকার নির্দেশ অনুযায়ী কাজ করলেন। তিনি নিজেই বর্ণনা করেন, যখন আমি মাথা খুললাম, তখন জিবরাইল উধাও হয়ে গেলেন এবং রসূলুল্লাহ (সাঃ) তাঁকে দেখতে পেলেন না। খাদিজা (রাঃ) ফিরে এসে এ ঘটনা ওয়ারাকাকে বললে তিনি বললেন : নবী করীম (সাঃ)-এর কাছে জিবরাইলই আগমন করেন। এরপর ওয়ারাকা দাওয়াত-প্রকাশের অপেক্ষা করতে থাকেন।

তায়ালেসী হারেছ ইবনে আবী উসামা এবং আবু নয়ীম হযরত আয়শা (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, নবী করীম (সাঃ) মান্ত করেন যে, তিনি এবং হযরত খাদিজা (রাঃ) একমাস হেরো গিরি শুহায় এ'তেকাফ করবেন। এই মান্ত রময়ানুল মোবারকে পড়ে। তিনি এক রাত বাইরে বের হলে “আসসালামু আলাইকা” শুনতে পেলেন। তিনি বলেন : আমি মনে করলাম হয়তো কোন জিন সালাম করেছে। আমি দ্রুত খাদিজার কাছে এলাম। তিনি জিজ্ঞাসা করলেন : কি হল? আমি তাকে ঘটনা বললাম। তিনি বললেন : সুসংবাদ নিন! সালাম মঙ্গলের বাক্য। এরপর আমি পুনরায় বের হলে হঠাতে জিবরাইলকে আকাশের দিগন্তে দেখলাম। তাঁর একবাহ পূর্বে এবং অপর বাহু পশ্চিমে ছিল। আমি ভয় পেলাম এবং দ্রুত ফিরে এসে দেখি জিবরাইল দরজার মাঝখানে আছেন। তিনি আমার সাথে কথা বললে আমার ভয়ভািতি দূর হয়ে গেল। এরপর তিনি এক স্থানে আমার সাথে দেখা করার ওয়াদা দিলেন। আমি সেখানে উপস্থিত হলাম। কিন্তু তিনি আসতে বিলম্ব করলেন। আমি ফিরে যেতে উদ্যত হলেই অকস্মাতে জিবরাইল ও মিকাইলকে আকাশের কিনারা বেষ্টন করে থাকতে দেখলাম। জিবরাইল নিচে নেমে এলেন এবং মিকাইল আকাশ ও পৃথিবীর মধ্যস্থলে রয়ে গেলেন। জিবরাইল আমাকে ধরে চিৎ করে শুইয়ে দিলেন। এরপর তিনি আমার কলবের স্থানটি চিরে ফেললেন এবং কলব বের করে তা থেকে একটি বস্তু বের করলেন। অতঃপর কলবকে স্বর্ণের প্লেটে যমযমের পানি দ্বারা ধোত করলেন এবং স্থানে রেখে শৃতস্থান সংশোধন করে দিলেন এবং আমাকে ধনুকের মত ঝুঁকিয়ে পিঠে মোহর লাগিয়ে দিলেন। আমি মোহর লাগার প্রভাব অন্তরে অনুভব করলাম। এরপর আমার গ্রীবা ধরলেন। আমি কান্নার জন্যে উচ্চ আওয়াজ বের করলাম। জিবরাইল আমাকে বললেন : পড়ুন। এর আগে আমি কথনও কোন কিতাব পড়িনি। তাই পড়তে পারলাম না। তিনি আবার বললেন : পড়ুন। আমি জিজ্ঞাসা করলাম : কি পড়ব? জিবরাইল আবী বাস্তু কি পড়ব? জিবরাইল আবী বাস্তু কি পড়ব? জিবরাইল আবী বাস্তু কি পড়ব?

করলেন। এরপর আমাকে এক ব্যক্তির সাথে ওজন করলেন। আমি ভারী হলাম। এরপর দ্বিতীয় ব্যক্তির সাথে ওজন করলে আমিই ভারী হলাম। এরপর একশ' ব্যক্তির সাথে আমাকে ওজন করলেন। এখানেও আমি ভারী হলাম। মিকাইল বললেন : কা'বার প্রভুর কসম! তাঁর উষ্মত তাঁর অনুসরণ করবে। রসূলে করীম (সাঃ) বললেন : পথিমধ্যে যত বৃক্ষ ও পাথর ছিল, সকলেই আমাকে আসসালামু আলাইকা ইয়া রসূলুল্লাহ বলেছে।

ইমাম আহমদ, ইবনে সা'দ ও আবু নয়ীম হযরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হযরত খাদিজা (রাঃ) ওয়ারাকা ইবনে নওফেলের সাথে এ সম্পর্কে কথা বললে তিনি বললেন : ইনি জিবরাইল। মুসার (আঃ) নিকট যিনি আসতেন। যদি তিনি নবীরপে আবির্ভূত হন এবং আমি তখন জীবিত থাকি, তবে সর্ব প্রকারে তাঁকে শক্তি ও সাহায্য যোগাব।

আবু নয়ীম মুতামার ইবনে সোলায়মান থেকে রেওয়ায়েত করেন যে, জিবরাইল (আঃ) নবী করীম (সাঃ) কে ধরে একটি ফরশে বসালেন, যাতে মোতি ও ইয়াকৃত জড়ানো ছিল। অতঃপর জিবরাইল বললেন : পড়ুন -

إِقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ - خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ إِقْرَأْ
وَرِبُّكَ الْأَكْرَمُ الَّذِي عَلِمَ بِالْقَلْمَ عَلِمَ الْإِنْسَانَ مَالَمْ يَعْلَمْ

তিনি আরও বললেন : আপনি কোন প্রকার ভয় করবেন না। আপনি আল্লাহর রসূল। রসূলুল্লাহ (সাঃ)-যখন জিবরাইলের কাছ থেকে ফিরে আসছিলেন, তখন পথিমধ্যে প্রতিটি বৃক্ষ ও পাথর সিজদায় অবনত হয়ে “আসসালামু আলাইকা ইয়া রাসূলুল্লাহ” বলছিল। ফলে তাঁর মন প্রশান্ত হয়ে গেল এবং তিনি আল্লাহ প্রদত্ত নেয়ামত পূর্ণমাত্রায় অনুধাবন করতে পারলেন।

তিবরানী ও আবু নয়ীম হযরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওয়ারাকা ইবনে নওফেল হৃয়ুর (সাঃ)-কে পশ্চ করেন : জিবরাইল আপনার কাছে কোন্ অবয়বে আসেন। তিনি বললেন : তিনি আকাশ থেকে আমার কাছে আসেন। তখন তাঁর উভয় বাহু থাকে মোতির এবং তালু সবুজ।

ইবনে রিস্তা কিতাবুল মোছারেফে যুহরী থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) হেরো শুহায় ছিলেন, এমতাবস্থায় এক ফেরেশ্তা তাঁর কাছে রেশমী কিংখাবের বস্ত্র নিয়ে আসে, যাতে আরবী হরফে প্রথমবারের মত অবতীর্ণ আয়াতগুলো লিখিত ছিল।

ওবায়দ ইবনে ওয়ায়র কিতাবুল মাছাহেফে বর্ণনা করেন, জিবরাইল রসূলুল্লাহ (সা):-এর কাছে একটি বশ্র নিয়ে আসেন এবং বলেন : পড়ুন। তিনি বললেন : আমি পড়ুয়া নই। জিবরাইল বললেন : পড়ুন- **إِنَّ رَبَّكَ مِنْ رَبِّ الْأَنْوَافِ**

ইবনে সাদ হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন হ্যুর (সা:) আজহায়দ নামক স্থানে ছিলেন। হঠাৎ তিনি এক ফেরেশতাকে দেখলেন। সে আকাশের কিনারে পায়ের উপর পা রেখে তাঁকে আওয়াজ দিচ্ছিলঃ মোহাম্মদ! আমি জিবরাইল। এটা দেখে হ্যুর (সা:) ঘাবড়ে গেলেন। তিনি আকাশের দিকে মাথা তুললেই জিবরাইলকে দেখতে পেতেন। তিনি দ্রুতবেগে হ্যরত খাদিজার (রাঃ) কাছে এলেন এবং ঘটনা বর্ণনা করে বললেন : আল্লাহর কসম, মূর্তি ও অতীন্দ্রিয়বাদীরা আমার কাছে যতটুকু ঘৃণিত, ততটুকু অন্য কোন বস্তু নয়। আমি নিজের সম্পর্কে অতীন্দ্রিয়বাদী হওয়ার আশংকা করছি। খাদিজা (রাঃ) বললেন : কখনও নয়। এটা অসম্ভব। আপনি এমন কথা মুখে আনবেন না। আল্লাহ আপনার সাথে একৃপ করবেন না। আপনি আত্মায়দের সাথে সদয় ব্যবহার করেন, সত্য কথা বলেন এবং আমানত ফিরিয়ে দেন। আপনার চারিত্ব মহান। এরপর খাদিজা (রাঃ) ওয়ারাকা ইবনে নওফেলের কাছে গেলেন। ওয়ারাকার কাছে এটা তাঁর প্রথমবার যাওয়া। তিনি ওয়ারাকাকে সকল ঘটনা বললে তিনি বললেন : আল্লাহর কসম, তিনি সত্যবাদী। এটা নবুওয়তের সূচনা। তাঁর কাছে জিবরাইল আসেন। তুমি তাঁকে মঙ্গল ছাড়া অন্যকিছু চিন্তা না করতে বল।

ইবনে সাদ হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হেরো গুহায় প্রথমবার ওহী নায়িল হওয়ার পর বেশ কিছুদিন পর্যন্ত জিবরাইল (আঃ)-এর সাথে হ্যুর (সা:)-এর সাক্ষাৎ হয়নি। এতে তিনি খুব দুঃখিত ও চিন্তিত হয়ে পড়েন। এমন কি তিনি কখনও খীরীর পাহাড়ে এবং কখনও হেরো পাহাড়ে যাতায়াত করতে থাকেন। তিনি কখনও নিজেকে পাহাড় থেকে নিচে ফেলে দেয়ার সংকল্প নিরেও যেতেন। একদিন যখন তিনি এমনি সংকল্প নিয়ে পাহাড়ে যাচ্ছিলেন, তখন হঠাৎ আকাশ থেকে একটি আওয়াজ শুনলেন। তিনি মাথা তুলতেই দেখলেন যে, জিবরাইল (আঃ) আকাশ ও পৃথিবীর মাঝখানে একটি কুরসীতে চারজানু হয়ে উপবিষ্ট আছেন এবং বলছেন : হে মোহাম্মদ! আপনি নিশ্চিতরূপেই আল্লাহর রসূল এবং আমি জিবরাইল। একথা শুনে রসূলুল্লাহ (সা:) চলে এলেন। তাঁর চক্ষু শীতল হল এবং অন্তর আশ্রম্ভ হল। এরপর থেকে পরপর ওহী নায়িল হওয়ার

হাকেম ইবনে ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল মালেক ইবনে আবদুল্লাহ ইবনে আবু সুফিয়ান অত্যন্ত শ্রদ্ধণশক্তির অধিকারী ছিলেন। তিনি বর্ণনা করেন-হ্যরত খাদিজা (রাঃ) রসূলুল্লাহ (সা:)-এর প্রতি ওহী নায়িল হওয়ার

ব্যাপারে ওয়ারাকা ইবনে নওফেলের সাথে আলোচনা করতেন। এ প্রসঙ্গে ওয়ারাকা ইবনে নওফেল নিমোক্ত কবিতা রচনা করেন :

ঃ আকশিক ঘটনাবলী ও বিধিলিপির অবস্থা হচ্ছে? আল্লাহ যে বিষয়ের নির্দেশ দেন, তা অপরিবর্তনীয়।

খাদিজা আমাকে ডাকে, যাতে আমি বলি। খাদিজার অদ্শ্য বিষয়াবলীর কোন খবর নেই।

খাদিজা আমার কাছে নবী (সা:) সম্পর্কে জিজ্ঞাসা করতে আসে, যাতে আমি শেষ যুগে যা হবে, সে সম্পর্কে তাকে অবহিত করি।

খাদিজা আমাকে এমন বিষয়ে অবহিত করেছে, যা আমি প্রাচীন কাল থেকে শুনে আসছি।

তা এই যে, মোহাম্মদ (সা:)-এর কাছে জিবরাইল আগমন করেন এবং সংবাদ দেন যে, হ্যুর (সা:)-কে মানব জাতির প্রতি প্রেরণ করা হয়েছে।

আমি বললাম : তুমি যা আশা করছ, আল্লাহতায়ালা। তা তোমার জন্যে পূর্ণ করবেন। অতএব আশা রাখ এবং অপেক্ষা কর।

খাদিজা হ্যুর (সা:)-কে আমার কাছে প্রেরণ করেছে, যাতে আমি তাকে তাঁর স্থপ্ত ও জাগরণের বিষয় সম্পর্কে জিজ্ঞাসা করি।

সেমতে তিনি আমার কাছে এসে এমন বিশ্বয়কর কথা বর্ণনা করলেন, যা শুনে শরীর শিউরে উঠে।

তা এই : আমি আল্লাহর বিশ্বষ্ট ফেরেশতা জিবরাইলকে দেখেছি। তিনি ভয়াবহ আকৃতি ধারণ করে আমার সামনে আসেন।

এরপর জিবরাইল খেমে রইলেন এবং আমি ঘাবড়ে গেলাম সেই বৃক্ষের কারণে, যা আমার চলার পথে পড়ত এবং আমাকে সালাম করত।

আমি মোহাম্মদ (সা:)-কে বললাম : আমার ধারণা আপনি অতি সত্ত্বর প্রেরিত হবেন এবং অবর্তীর্ণ সূরাসমূহ তেলাওয়াত করবেন। আমার জ্ঞানও এ ধারণার সত্যায়ন করে।

আমি আপনার খেদমতে উৎসাহের সাথেই উপস্থিত হব, যদি আপনি জেহাদ ঘোষণার মাধ্যমে কাফেরদেরকে ইসলামের দাওয়াত দেন।

তায়ালেসী, তিরমিয়ী ও বায়হাকী হ্যরত জাবের ইবনে সামুরাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) বলেছেন : মকাব একটি পাথর আছে। যে রাতে আমি নবুওয়তে ভূষিত হই, সে রাতে সে আমাকে সালাম করেছিল। আমি সেটির কাছ দিয়ে গমন করলে বিলক্ষণ চিনতে পারি।

মুসলিম এ রেওয়ায়েতই এভাবে বর্ণনা করেছেন : আমি মক্কার সেই পাথরটিকে চিহ্নিত করতে পারি, যে নবুওয়তপ্রাণির পূর্বে আমাকে সালাম করত। আমি এখনও তাকে চিনি।

তিবরানী, আবু নয়ীম ও বায়হাকী হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আমরা রসূলুল্লাহর (সাঃ) সাথে যখন মক্কায় ছিলাম, তখন একদিন তিনি আমাদেরকে সঙ্গে নিয়ে শহরের একদিকে চলে গেলেন। তাঁর সামনে যে-কোন বৃক্ষ, টীলা ও পাথর পড়ত, সে-ই তাঁকে “আসসালামু আলাইকা ইয়া রসূলুল্লাহ” বলত। আমি তা শুনতাম।

তিরমিয়ী এ রেওয়ায়েতটিকে হাসান এবং হাকেম ছাইহ বলেছেন। বায়হার ও আবু নয়ীম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন : যখন আল্লাহ তায়ালা আমার কাছে ওহী প্রেরণ করলেন, তখন আমি যে পাথর ও বৃক্ষের কাছে দিয়ে যেতাম, সে-ই আমাকে “আসসালামু আলাইকা ইয়া রসূলুল্লাহ” বলত।

ইবনে সাদ ও আবু নয়ীম বারবাহ বিনতে আবী তাজরাত থেকে রেওয়ায়েত করেন যে, যে সময় আল্লাহ তায়ালা হ্যুর (সাঃ)-কে নবুওয়ত ও কারামতে ভূষিত করলেন, তখন থেকে তিনি প্রকৃতির ডাকে সাড়া দেয়ার জন্য এত দূরে চলে যেতেন, যেখান থেকে কোন গৃহ তাঁর দৃষ্টিগোচর হত না। তিনি গিরিপথে এবং মরুভূমির নিম্ন এলাকায় পৌছে যেতেন। তিনি যে বৃক্ষ ও পাথরের কাছ দিয়ে যেতেন, সেটিই তাঁকে “আসসালামু আলাইকা ইয়া রসূলুল্লাহ” বলত। তিনি ডানে বামে ও পশ্চাতে তাকাতেন; কিন্তু কোন জনমানব দৃষ্টিগোচর হত না।

আবু নয়ীম কর্তৃক অন্য তরিকায় বর্ণিত এ রেওয়ায়েতের শেষ ভাগে আছে, হ্যুর (সাঃ) “ওয়া আলাইকুমস সালাম” বলে জবাব দিতেন। জিবরাইল (আঃ) তাঁকে সালাম শিক্ষা দিয়েছিলেন।

ইবনে সাদ ও বায়হাকী ইবরাহীম ইবনে মোহাম্মদ ইবনে তালহা ইবনে ওবায়দুল্লাহ থেকে বর্ণনা করেন যে, ইবরাহীম ইবনে মোহাম্মদ বলেন : আমি (তালহা) একবার বুচ্ছরার বাজারে গেলাম। হঠাৎ শুনতে পেলাম এক সন্ন্যাসী তার উপাসনালয়ে বসে বলছিল : এই আগন্তুকদেরকে জিজ্ঞাসা কর তাদের মধ্যে হেরেমের অধিবাসী কেউ আছে কিনা? তালহা বলেন : আমি বললাম : আমি হেরেমবাসী। সন্ন্যাসী জিজ্ঞাসা করল : আহমদ আত্মপ্রকাশ করেছেন কি? আমি বললাম : কোন আহমদ? সে বলল : ইবনে আবদুল্লাহ ইবনে আবদুল মুত্তালিব। তাঁর আত্মপ্রকাশের মাস এটাই। তিনি সর্বশেষ নবী। তাঁর আত্মপ্রকাশের স্থান হচ্ছে হেরেমে এবং হিজরতের স্থান খর্জুর শোভিত প্রস্তরময় লবণাক্ত ভূমি। তাঁর প্রতি

ঈমান আনায় তোমাদের অঞ্চলগামী হওয়া উচিত। তালহা বলেন : সন্ন্যাসীর কথা আমার অন্তরে স্থান করে নিল। আমি দ্রুতগতিতে মক্কায় পৌছলাম এবং মানুষের কাছে জিজ্ঞাসা করলাম, নতুন কিছু ঘটেছে কিনা? তারা বলল : হাঁ, মোহাম্মদ ইবনে আবদুল্লাহ নবুওয়ত পাওয়ার কথা বলছেন। আবু বকর ইবনে আবু কোহাফা তাঁর অনুসরণ করছেন। আমি সেখান থেকে বের হয়ে আবু বকর (রাঃ)-এর কাছে এলাম এবং সন্ন্যাসীর কথাবার্তা সম্পর্কে তাকে অবহিত করলাম। তিনি রসূলুল্লাহ (সাঃ)-কে এসব কথা জানালে তিনি অত্যন্ত আনন্দিত হলেন। অতঃপর আমি ও ইসলাম গ্রহণ করে ধন্য হলাম। নওফেল ইবনে আদভিয়া হ্যরত আবু বকর ও তালহা উভয়কে ধরে এক রশিতে বেঁধে ছিল। এজন্যে তাঁদেরকে “কুরায়নাইন” (দুই সহচর) নামে অভিহিত করা হয়।

আবু নয়ীম ইকরামা থেকে এবং তিনি হ্যরত আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আববাস বলেন : আমি বাণিজ্য উপলক্ষে সেই কাফেলার সঙ্গে এয়ামন গেলাম, যাদের মধ্যে আবু সুফিয়ান ইবনে হরবও ছিলেন। সেখানে হান্যালাহ ইবনে আবু সুফিয়ানের চিঠি পৌছল এই মর্মে যে, মোহাম্মদ (সাঃ) ঘোষণা করছেন যে, তিনি আল্লাহতায়ালার রসূল ও তাঁর প্রতি আহবান কারী। এ সংবাদটি সমগ্র এয়ামনেও ছড়িয়ে পড়ল। আমাদের কাছে জনেক ইহুদী আলেম এসে বলল : যিনি নবুওয়ত দাবী করেছেন, আমি জান্তে পারলাম তোমাদের মধ্যে তাঁর একজন চাচা রয়েছেন। হ্যরত আববাস বলেন : আমি বললাম, হাঁ, আমি ই তাঁর চাচা। ইহুদী আলেম বলল : আমি আপনাকে কসম দিয়ে জিজেস করছি-আপনার ভাতিজার মধ্যে যৌবনের চপলতা কিংবা জানবুদ্ধির অভাব আছে কি?

হ্যরত আববাস (রাঃ) বলেন : আমি জবাব দিলাম, আবদুল মুত্তালিবের আল্লাহর কসম, কোনটিই নেই। তিনি কখনও মিথ্যা বলেন নি, বিশ্বাসঘাতকতা করেন নি। তিনি কোরায়শদের মধ্যে “আমীন” উপাধিতে ভূষিত আছেন।

ইহুদী আলেম জিজ্ঞাসা করল : তিনি কি স্বহস্তে লিখেন?

আববাস (রাঃ) বলেন : এই প্রশ্ন শুনে আমার ধারণা হল যে, হ্যুর (সাঃ)-এর জন্যে স্বহস্তে লিখা বোধ হয় ভাল হবে। তাই আমি ইচ্ছা করলাম যে বলি, জী “হা, তিনি স্বহস্তে লিখেন। কিন্তু আবু সুফিয়ান তা খণ্ডন করবে-এই ভয়ে আমি সত্য কথাই বললাম এবং জবাব দিলাম- না, তিনি স্বহস্তে লিখেন না। একথা শুনে ইহুদী আপন জায়গা থেকে লাফিয়ে উঠল এবং স্বীয় চাদর ছেড়ে একথা বলতে বলতে চলে গেল : ইহুদীদের সর্বনাশ হয়েছে, ইহুদীদেরকে হত্যা করা হয়েছে।

আববাস (রাঃ) বলেন : আমরা আমাদের অবস্থান স্থলে ফিরে এলে আবু সুফিয়ান বললেন : আবুল ফয়ল! তোমার ভাতিজাকে ইহুদীরা ভয় করে। আমি

বললাম : তুমি ও তো দেখলে। এখন বল তোমার কি ইচ্ছা? মোহাম্মদ (সাঃ)-এর প্রতি ঈমান আন। যদি তাঁর দাবী সত্য হয়, তবে সত্যের প্রতি অঙ্গামীদের একজন হবে। আর মিথ্যা হলে তুমি একা নও; বরং তোমার সাথে তারাও থাকবে, যারা তোমার সমকক্ষ। তাদের যা পরিণাম হবে, তোমারও তাই হবে।

আবু সুফিয়ান বললেন : আমি কুফায় অশ্বারোহী দলকে না দেখা পর্যন্ত তাঁর প্রতি ঈমান আনব না।

আবাস (রাঃ) বর্ণনা করেন : আমি আবু সুফিয়ানকে বললাম : তুমি কি বল? সে বলল : ব্যস, আর জিজেস করো না। এমনিতেই মুখ দিয়ে একটি কথা বের হয়ে পড়েছে। আমি জানি আল্লাহ অশ্বারোহী দলকে কুফায় আত্মপ্রকাশ করতে দিবেন না।

আবাস (রাঃ) বলেন : রসূলুল্লাহ (সাঃ) যখন মক্কা জয় করলেন, তখন আমরা অশ্বারোহী দলকে কুফা থেকে আত্মপ্রকাশ করতে দেখেছি। আমি আবু সুফিয়ানকে বললাম : তুমি কি বলেছিলে মনে পড়ে? আবু সুফিয়ান বললেন : হাঁ, আল্লাহর কসম, এখন আমি সেই বিষয়টিই স্মরণ করছি।

আবু নয়ীম মোয়াবিয়া ইবনে আবু সুফিয়ান থেকে রেওয়ায়েত করেন যে, আবু সুফিয়ান (রাঃ) বলেছেন-আমি এবং উমাইয়া ইবনে আবু ছল্ট উভয়েই বাণিজ্য ব্যপদেশে সিরিয়া গিয়েছিলাম। সেখানে পৌছে উমাইয়া বলল : চল, আমরা একজন খৃষ্টান আলেমের সাথে দেখা করি। কিন্তু সম্পর্কে তিনি অগাধ জ্ঞানের অধিকারী। আমরা তাকে কিছু প্রশ্ন করব। আবু সুফিয়ান বর্ণনা করেন : আমি উমাইয়াকে বললাম : এই আলেমকে কোন প্রশ্ন করার প্রয়োজন আমার নেই। শেষ পর্যন্ত উমাইয়া একাই গেল এবং ফিরে এল। সে বর্ণনা করল : আমি সেই আলেমের কাছে গিয়ে তাকে অনেক প্রশ্ন করেছি। আমি তাকে বলেছি যে, প্রতীক্ষিত নবী সম্পর্কে আপনি যা জানেন বলুন। খৃষ্টান আলেম বললেন : সেই নবী একজন আরব হবেন। আমি বললাম : কোন আরব? তিনি বললেন : আরবরা যে বায়তুল্লাহর হজ্জ করে, তিনি সেই বায়তুল্লাহর অধিবাসীদের একজন হবেন। তিনি কোরায়শ বৎশোন্তৃত হবেন। আমি বললাম : তাঁর কিছু গুণাবলী বর্ণণ করুন। তিনি বললেন : তিনি একজন যুবক। তিনি যখন প্রৌঢ়ত্বের সীমায় পৌছাবেন, তখন তাঁর নবুওয়ত প্রকাশ পাবে। তিনি জুলুম-নিপীড়ন ও হারাম বিষয়াদি থেকে দূরে থাকবেন, আত্মায়ের সাথে সদয় ব্যবহার করবেন, অন্যকেও একপ করতে বলবেন। তিনি ম্যাতাপিতা উভয় দিক দিয়ে সন্তুষ্ট হবেন। তাঁর গোত্র মধ্যবিত্ত হবে, তাঁর অধিকাংশ সৈন্য হবে ফেরেশতা। আমি জিজ্ঞাসা করলাম : তাঁর আগমনের চিহ্ন কি হবে? তিনি বললেন : হয়েরত ঈসা (আঃ)-এর ইন্তিকালের পর সিরিয়ায়

ত্রিশটি ভূমিকম্প হয়েছে। প্রতিটি ভূমিকম্প ছিল এক মহাবিপদ। কেবল একটি ভূমিকম্প বাকী রয়ে গেছে। তাতেও মানুষের প্রভৃতি দুঃখ-দুর্দশা হবে।

আবু সুফিয়ান বর্ণনা করেন, উমাইয়ার কাছে এসব কথা শুনে আমি বললাম : আল্লাহর কসম, এসব কথা সত্য নয়। উমাইয়া বলল : আমি যার কসম খাই, তার কসম, এটা বাস্তবিক সত্য।

আবু সুফিয়ান বর্ণনা করেন : এরপর আমরা সিরিয়া থেকে স্বদেশ অভিযুক্ত রওয়ানা হলাম। পথিমধ্যে হঠাৎ শুনতে পেলাম এক অশ্বারোহী আমাদের পশ্চাতে বলছে-তোমাদের চলে আসার পরে সিরিয়ায় এক প্রলয়ংকরী ভূমিকম্প হয়েছে। এতে অনেক মানুষ নিহত হয়েছে এবং অনেক মানুষ ব্যাপক দুর্ঘটনায় পতিত হয়েছে।

আবু সুফিয়ান বর্ণনা করেন, উমাইয়া আমার সামনে এল এবং বলল : এখন খৃষ্টান আলেমের উক্তি সম্পর্কে তোমার মত কি? আমি বললাম : আল্লাহর কসম, তার কথা ঠিক। এরপর আমি মক্কায় এলাম এবং পণ্য-সামগ্ৰী বিক্ৰয় কৰলাম। এরপর আমি বাণিজ্যের উদ্দেশ্যে এয়ামন রওয়ানা হলাম। এয়ামনে পাঁচ মাস অবস্থান কৰার পর মক্কায় ফিরে এলাম। মানুষ আমার কাছে এসে সালাম কৰত এবং তাদের প্রদত্ত পুঁজি সম্পর্কে আমাকে জিজ্ঞাসাবাদ কৰত। এরপর নবী করীম (সাঃ) আমার কাছে এসে সালাম কৰলেন। তিনি আমাকে সফরের অবস্থা এবং অবস্থানস্থল সম্পর্কে জিজ্ঞাসা কৰলেন। কিন্তু নিজের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে কিছু জিজ্ঞাসা না করেই উঠে দাঁড়ালেন।

আবু সুফিয়ান বলেন : আমি হিন্দাকে বললাম, আল্লাহর কসম, আমি আশ্চর্য বোধ কৰি যে, কোরায়শ গোত্রের প্রতিটি ব্যক্তির পুঁজি আমার কাছে রয়েছে। তারা এসে নিজেদের হিসাব সম্পর্কে আমাকে জিজ্ঞাসাবাদ কৰেছে। কিন্তু মোহাম্মদ (সাঃ) এ সফরে যে পুঁজি বিনিয়োগ কৰেছিলেন সে সম্পর্কে কোন জিজ্ঞাসাই কৰেননি।

হিন্দা বলল : তুমি তাঁর শান সম্পর্কে অবগত নও। তিনি তো আল্লাহর রসূল হওয়ার ধারণা পোষণ কৰেন।

আবু সুফিয়ান বলেন : তখন খৃষ্টান আলেমের কথা আমার মনে পড়ে গেল। আমি হিন্দাকে বললাম : তাঁর এই দাবী সম্পর্কে তিনিই ভাল বলতে পারেন। হিন্দা বলল : তিনি তো একথাই বলেন যে, তিনি আল্লাহর রসূল।

হয়েরত আমীর মোয়াবিয়া (রাঃ) পিতা আবু সুফিয়ান থেকে রেওয়ায়েত করেন যে, তিনি (আবু সুফিয়ান) বর্ণনা করেছেন, আমরা গাজা অথবা ইলিয়ায় ছিলাম, উমাইয়া ইবনে ছল্ট আমাকে বলল : আবু সুফিয়ান! ওতো ইবনে বিবিয়ার হাল

হকিকত বর্ণনা কর। আমি বললাম : বরং তুমি বর্ণনা কর। উমাইয়া বলল : ওতবা উভয় তরফ থেকে সন্ত্রাস্ত। সে জুলুম-নিপীড়ন ও হারাম বিষয়াদি থেকে দূরে থাকে। আমি বললাম : তাই সে ভদ্র ও সচরিত। উমাইয়া বলল : তুমি কি ওতবাকে দোষারোপ করছ? আমি বললাম : তুমি ভুল বলছ; বরং বয়স যতই বাড়ে, ভদ্রতা ততই বাড়ে। উমাইয়া বলল : তুমি কথাবার্তায় তড়িঘড়ি করো না। আমি বলছি-আমি কিতাবে পাই যে, একজন নবী হবেন এবং তিনি আমাদের এই হারার মধ্য থেকে হবেন। আমার ধারণা ছিল যে, তিনি আবদে মানাফ থেকে হবেন। আবদে মানাফের মধ্যে গভীর দৃষ্টিপাত করে দেখলাম যে, ওতবা ছাড়া অন্য কারও মধ্যে নবী হওয়ার যোগ্যতা নেই। কিন্তু তুমি যখন ওতবার বয়স বৃদ্ধির কথা আমাকে বললে, তখন আমি বুঝলাম যে, ওতবা সেই সন্তান্য নবী নয়। কেননা, বয়স চালিশ বছর পার হয়ে যাওয়া সত্ত্বেও তাঁর প্রতি ওহী নায়িল হয়নি।

আবু সুফিয়ান বলেন : আমি যখন সফর থেকে ফিরে এলাম, তখন মোহাম্মদ (সা:) -এর প্রতি ওহী নায়িল শুরু হয়েছে বলে শুন্নাম। আমি সওদাগরদের একটি দলের সাথে আবার ব্যবসায়ের উদ্দেশ্যে রওয়ানা হলাম এবং উমাইয়ার কাছ দিয়ে গেলাম। আমি বিদ্রূপের ভঙ্গিতে তাকে বললাম : উমাইয়া! যে নবীর কথা তুমি বলতে, তিনি আত্মপ্রকাশ করেছেন! উমাইয়া বলল : তিনি সত্য নবী। তুমি তাঁর অনুসরণ কর। বিশ্বাস রাখ আমিও তোমার সাথে তাঁর অনুসরণ করব। আবু সুফিয়ান! যদি তুমি তাঁর বিরোধিতা কর, তবে একদিন ছাগলের বাচ্চার ন্যায় বাঁধা অবস্থায় তাঁর কাছে নীত হবে। তিনি তোমার সম্পর্কে যা ইচ্ছা ফয়সালা করবেন।

হারেছ ইবনে উসামা স্বীয় মসনদে ইকরামা ইবনে খালেদ থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:) -এর আবির্ভাবের সময় কিছু লোক সমুদ্রে এক নৌকায় সওয়ার হয়। প্রতিকূল বায়ু তাদেরকে এক অজানা সামুদ্রিক দ্বীপে নিয়ে যায়। তারা সেই দ্বীপে এক ব্যক্তিকে পায়। সে তাদেরকে জিজ্ঞাসা করল : তোমরা কে? তারা বলল : আমরা কোরায়শী। প্রশ্ন হল : কোরায়শী কারা? তারা বলল : হেরেমের অধিবাসী এবং তৎসঙ্গে পরিচিতমূলক কিছু বর্ণনা দিল। সে বলল : না তোমরা হেরেমের অধিবাসী, না আমরা। পরে দেখা গেল যে, লোকটি জুরহাম গোত্রের একজন। সে বলল : তোমরা জান কি উৎকৃষ্ট ঘোড়ার নাম “জিয়াদ” কেন হল? কারণ আমাদের ঘোড়া অত্যন্ত দ্রুতগামী।

এরপর কোরায়শীরা বলল : আমাদের মধ্যে একব্যক্তি নবুওয়ত দাবী করে। একথা শুনে সে বলল : তোমরা এই নবীর অনুসরণ কর। আমি ভাল অবস্থায় নাই, তা না হলে আমিও তোমাদের সাথে এই নবীর কাছে পৌঁছে যেতাম।

ইবনে আসাকির আবদুর রহমান ইবনে হুমায়দের দাদা হুমায়দ ইবনে আবদুর রহমান থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন- আমি হ্যুর (সা:) -এর

আবির্ভাবের এক বছর পূর্বে এয়ামন গেলাম এবং আসকালান ইবনে আওয়াকেন হেমইয়ারীর কাছে অবস্থান করলাম। আসকালান ছিলেন অত্যাধিক বয়োঃবৃদ্ধ ব্যক্তি। এর আগে আমি যখনই এয়ামন যেতাম, তাঁর কাছেই অবস্থান করতাম। তিনি সর্বদাই আমাকে মঢ়া, বায়তুল্লাহ এবং যমযম সম্পর্কে জিজ্ঞাসাবাদ করতেন। তিনি আরও জিজ্ঞাসা করতেন যে, তোমাদের মধ্যে কেউ আত্মপ্রকাশ করেছে কি? তাঁর জন্যে একটি খবর আছে। তাঁর কাছে একটি কিতাব আছে। তোমাদের মধ্যে কেউ কি তোমাদের বর্তমান ধর্মের বিরোধিতা করেছে? আমি তাকে বলতাম- না, এখন পর্যন্ত এমন কোন বিষয় প্রকাশ পায়নি।

এবার যখন আমি তাঁর কাছে এলাম, তখন তিনি খুবই দুর্বল হয়ে পড়েছিলেন এবং শ্রবণশক্তি ও হ্রাস পাচ্ছিল। আমি তাঁর কাছে অবতরণ করলে তাঁর পুত্র ও পৌত্ররা সমবেত হল। তারা আমাকে তাঁর অবস্থা সম্পর্কে অবগত করল। তিনি নিজে চোখের উপর একটি পাত্র বাঁধলেন এবং বালিশে হেলান দিয়ে বসলেন। অতঃপর বললেন : কোরায়শী ভাই! আমার কাছে তোমার বংশপরিচয় বর্ণনা কর। আমি বললাম : আমি আবদুর রহমান ইবনে আওফ ইবনে আবদে মানাফ ইবনে হারেছ ইবনে যুহরা। তিনি বললেন : যুহরার ভাই ছিল। এই বংশ পরিচয় যথেষ্ট। আমি কি তোমাকে এমন সুসংবাদ দিয়ে আনন্দিত করব না, যা তোমার জন্যে এই বাণিজ্য অপেক্ষা উত্তম?

আমি বললাম : অবশ্যই সুসংবাদ দিন। তিনি বললেন : আমি তোমাকে একটি বিশ্বয়কর বিষয় সম্পর্কে অবহিত করছি। একটি কাম্য বস্তুর সুসংবাদ দিচ্ছি। তা এই যে, আল্লাহ তায়ালা গত মাসে তোমাদের গোত্রে একজন নবী প্রেরণ করেছেন, তাঁর উপর কিতাব নায়িল করেছেন এবং তাঁর জন্যে ছোয়াব নির্ধারিত করেছেন। তিনি প্রতিমার পূজা করতে নিষেধ করেন এবং বাতিলকে প্রতিহত করেন।

আবদুর রহমান বর্ণনা করেন : আমি তাঁকে জিজ্ঞাসা করলাম যে, এই নবী কাদের মধ্য থেকে আবির্ভূত হয়েছেন? তিনি বললেন : তিনি অন্য কোন গোত্র থেকে নয়-বনী-হাশেম গোত্র থেকে। তোমরা হলে তাঁর মাতৃলুণ গোষ্ঠী। আবদুর রহমান, এখানে বেশীদিন থেকো না, তাড়াতাড়ি ফিরে যাও। সেখানে যেয়ে তাঁকে সাহায্য কর এবং তাঁর সত্যায়ন কর। তাঁর খেদমতে আমার এই কবিতাগুলো পেশ করবে :

আমি আল্লাহর অস্তিত্বের সাক্ষ দেই, যিনি সুউচ্চ এবং রাতের অন্ধকার ও ভোরের আলো প্রকাশ করেন।

তিনি গৌরব ও বীরত্বে কোরায়শ বংশীয়। হে সেই মহোত্তম ব্যক্তির সন্তান! যাঁর যবেহের বিনিময়ে ফিদিয়া দেয়া হয়েছে! www.AmarIslam.com

তাঁকে প্রেরণ করা হয়েছে। তিনি সত্যের দিকে আহ্বান করেন এবং ন্যায় ও কল্যাণের পথ প্রদর্শন করেন। আমি আল্লাহর অস্তিত্বের সাক্ষ্য দেই, যিনি মূসা (আঃ)-এর প্রতিপালক।

তিনি বাত্হায় প্রেরিত হয়েছেন।

আপনি আল্লাহর দরবারে আমার জন্যে সুপারিশ করুন। আল্লাহ মানুষকে সাফল্যের দিকে আহ্বান করেন।

আব্দুর রহমান বর্ণনা করেন : আমি এই কবিতাগুলো মুখস্থ করে নিলাম। অতঃপর সেখানে আমার প্রয়োজন দ্রুত সমাধা করে মকায় ফিরে এলাম। আমি হ্যরত আবু বকর (রাঃ)-এর সাথে দেখা করে এ ঘটনা সম্পর্কে তাঁকে অবহিত করলাম। তিনি বললেন : আল্লাহতায়ালা মোহাম্মদ ইবনে আবদুল্লাহ (সাঃ)-কে মানব জাতির প্রতি রসূল করে প্রেরণ করেছেন। তুমি তাঁর কাছে যাও।

আব্দুর রহমান বলেন : আমি হ্যুর (সাঃ)-এর খেদমতে উপস্থিত হলাম। তিনি তখন হ্যরত খাদিজা (রাঃ)-এর গৃহে ছিলেন। আমাকে দেখে মুচকি হেসে বললেন : বল, কি খবর? আমি একজন চরিত্রবান ব্যক্তির মুখমণ্ডল দেখছি। আমি তার জন্যে কল্যাণের আশা রাখি, যাকে তুমি পিছনে ছেড়ে এসেছ।

আমি আরয় করলাম : হে মোহাম্মদ! কার কথা বলছেন?

হ্যুর (সাঃ) এরশাদ করলেন : তুমি আমার কাছে কোন্ম আমানত নিয়ে এসেছ এবং কেউ তোমাকে পয়গাম দিয়ে প্রেরণ করেছে। বল, সেই পয়গাম কি?

আমি বৃন্দ হেমইয়ারীর কবিতা সম্পর্কে তাঁকে অবহিত করলাম এবং ইসলাম প্রহণ করে ধন্য হলাম।

অতঃপর রসূলুল্লাহ (সাঃ) এরশাদ করলেন : হেমইয়ারী ভাই বিশেষ শ্রেণীর মুমিন। অতঃপর বললেন : পরওয়ারদেগোর! অনেক মানুষ আমার প্রতি ঈমান এনেছে, অথচ তারা আমাকে দেখেনি। অনেক মানুষ আমার সত্যায়ন করেছে; অথচ তারা আমার কাছে হাথির হয়নি। এরা আমার সত্যিকার ভাট্ট।

অতীন্দ্রিয়বাদীদের কথা ও গায়েবী আওয়াজ

ইমাম বৌধারী হ্যরত ওমর ফারুক (রাঃ)-এর বাচনিক রেওয়ায়েত করেন যে, তার কাছ দিয়ে জনৈক সুশ্রী ব্যক্তি গমন করলে তিনি তার পরিচয় জিজ্ঞাসা করলেন। লোকটি বলল : আমি মূর্খতায়ুগে আরবের অতীন্দ্রিয়বাদী ছিলাম। হ্যরত ওমর (রাঃ) তাকে প্রশ্ন করলেন : তোমার নারী জিন তোমার কাছে যেসব খরব নিয়ে আসত, সেগুলোর মধ্যে সর্বাধিক আচর্যজনক খবর কোন্টি ছিল? সে বলল : একদিন আমি যখন বাজারে ছিলাম তখন সেই নারী জিন আমার কাছে এল। তার

আগমনে আমি যে কি পরিমাণ ঘাড়বে গেলাম, তা আমিই জানি। সে এসে এই কবিতা পাঠ করল :

ঃ তুমি জিন ও তাদের অবস্থা দেখনি। তাদের নৈরাশ্য দেখনি। উট ও উটের গদির সাথে জিনদের সংযুক্ত হওয়া দেখনি।

হ্যরত ওমর (রাঃ) বললেন : তুমি ঠিক বলেছ। আমি ও আরবের মাবুদদের কাছে এক রাত অতিবাহিত করেছিলাম। গভীর রাতে এক ব্যক্তি একটি বাচ্চুর নিয়ে এল এবং যবেহ করল। বাচ্চুরের ভিতরে কেউ এমন জোরে চীৎকার করল যে, আমি কখনও এমন চীৎকার শুনিনি। চীৎকারকারী বলছিল : ইয়া জলীহ, এ বিষয়টি মুক্তিদাতা, সেই ব্যক্তি উপদেশ দাতা, সে 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলে; অর্থাৎ আল্লাহ ছাড়া কোন মাবুদ নেই।

এটা শুনে সকলেই হতবাক হয়ে গেল এবং লাফিয়ে উঠে সেখান থেকে পলায়ন করল। আমি মনে মনে বললাম : আমি এর পরিণতি না দেখে যাব না। এরপর দ্বিতীয়বার ও তৃতীয় বার তোমনিভাবে আওয়াজ করল। আমি সেখান থেকে চলে এলাম। এই ঘটনার কয়েকদিন পরই রসূলুল্লাহ (সাঃ)-এর নবুওয়ত লাভের খবর শুনা গেল।

ইবনে সাদ ও বায়হাকী মোজাহিদ থেকে রেওয়ায়েত করেন যে, বনী গেফার গোত্র এর্মর্মে একটি বাচ্চুর মান্নত করে যে, তাদের কোন এক প্রতিমার কাছে নৈকট্য লাভের জন্যে বাচ্চুরটি যবেহ করবে। হঠাৎ সেই বাচ্চুরটি এই বলে চীৎকার করতে থাকে-

يَا لِذِرِّيْحِ امْرِ تَجْيِيْحِ صَائِحِ يَصْبِحِ لِسَانِ فَصِيْحٍ يَدْعُوْبِيْكَة

ان لا اله الا الله

এই চীৎকার শুনে তারা বাচ্চুর যবেহ না করে চলে গেল। ইতিমধ্যেই নবী করীম (সাঃ) প্রেরিত হয়ে গেলেন।

ইমাম আহমদ ও বায়হাকী মোজাহিদ থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমাদের জনৈক বৃন্দ ব্যক্তি বলেছেন—আমি আমার পরিবারের একটি গাভী পালছিলাম। হঠাৎ আমি তার পেট থেকে এই আওয়াজ শুনতে পেলাম।

بِالذِّرِّيْحِ قَوْلٌ فَصِيْحٌ رَجُلٌ يَصْبِحِ يَدْعُوْبِيْكَة

মকায় পৌছে দেখলাম যে, নবী করীম (সাঃ) প্রেরিত হয়ে গেছেন।

বারা ইবনে আয়েব থেকে বর্ণিত বায়হাকীর রেওয়ায়েতে আছে যে, ওমর ফারুক (রাঃ) সওয়াদ ইবনে কাবেরকে বললেন : তুমি তোমার ইসলাম গ্রহণের সূচনা বর্ণনা কর। সওয়াদ বললেন : এক জিন আমার সহচর ছিল। একদিন যখন আমি নিন্দিত ছিলাম, সেই জিন হঠাৎ আমার কাছে এসে বলল : উঠ এবং বুঝ। লুয়াই ইবনে গালেবের বংশধর থেকে একজন রসূল প্রেরিত হয়েছেন। এরপর সে এই কবিতা পাঠ করল :

ঃ আমি জিন, তাদের নাপাক লোক এবং উটের পিঠে তাদের গদি বাঁধার কারণে
আশ্চর্যাভিত হই।

জিনরা মক্কার দিকে ধাবিত হচ্ছে। তারা হোদায়েত অব্বেষী। তাদের মধ্যে যারা
মুমিন, তারা নাপাক জিনদের মত নয়।

হাশেমের অধস্তন এই পুরুষের দিকে মনোযোগী হও এবং হাশেমের মর্যাদার
প্রতি দৃষ্টি তুলে দেখ।

সওয়াদ বর্ণনা করেন-সে আমাকে জাগ্রত করল এবং সতর্ক করে বলল : হে
সওয়াদ! আল্লাহতায়ালা একজন নবী প্রেরণ করেছেন। তুমি তাঁর কাছে গেলে
হোদায়েত পাবে। দ্বিতীয় রাতেও সে আমার কাছে এল এবং আমাকে জাগ্রত করে
এই কবিতা পাঠ করল :

ঃ আমি জিন, তাদের অব্বেষণ এবং যারা উটের পিঠে গদি বাঁধে, তাদের
আচরণে আশ্চর্যাভিত হই। তারা মক্কা অভিমুখে আসছে। তারা হোদায়েতের
অব্বেষী। জিনদের মধ্যে যারা সত্যবাদী, তারা মিথ্যাকদের মত নয়।

বনী হাশেমের মনোনীত ব্যক্তিত্বের দিকে চল। অগ্রবর্তী জিনরা পরবর্তীদের মত
নয়।

তৃতীয় রাতে সে এসে আমাকে জাগ্রত করল এবং এই কবিতা আবৃত্তি করল :

ঃ আমি জিন ও তাদের বীরত্বের কারণে আশৰ্য হই আরও এ কারণে যে, তারা
উটের পিঠে হাওড়া বাঁধে।

মক্কা অভিমুখে রওয়ানা হচ্ছে হোদায়েতের আকাঙ্ক্ষায়। দুষ্ট জিন পছন্দনীয়
জিনদের অনুরূপ নয়।

সওয়াদ বর্ণনা করেন-আমি যখন দেখলাম যে, এই জিন এক রাতের পর দ্বিতীয়
এবং তৃতীয় রাতেও আমাকে এ বিষয়ের প্রতিই আকৃষ্ট করছে, তখন আমার মনে
ইসলামের প্রতি আকর্ষণ স্থান করে নিল। আমি হ্যার (সাঃ)-এর খেদমতে উপস্থিত
হলাম। তিনি আমাকে দেখে মারহাবা বললেন এবং এরশাদ করলেন : হে সওয়াদ
ইবনে কাবের! আমি জানি তোমাকে কিসে টেনে এনেছে। আমি আরয করলাম :

ইয়া রসূলাল্লাহ! আমি কিছু কবিতা রচনা করেছি। আপনি সেগুলো শুনুন। অতঃপর
আমি আবৃত্তি করলাম :

ঃ আমার কাছে নিদ্রাবস্থায় রাতের পর রাতে এক সুশী ব্যক্তি আগমন করল।
আমি যে বিষয়ে তাকে পরীক্ষা করেছি, তা মিথ্যা নয়।

সে তিন রাত পর্যন্ত এসেছে। প্রতিরাতেই সে বলেছে যে, তোমার কাছে লুওয়া
ইবনে গালেবের বংশধর থেকে একজন রসূল এসেছেন। আমি সফর করতে
প্রস্তুত হলাম। দ্রুতগামী বড় মুখবিশিষ্ট উষ্ট্রী প্রান্তরের পর প্রান্তর অতিক্রম করার পর
আমাকে আপনার কাছে পৌছিয়েছে।

আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া অন্য কোন প্রতিপালক নেই। আপনি
প্রত্যেক অদৃশ্য বিষয়ে বিশ্বস্ত।

শাফায়াতের দিক দিয়ে আপনি অন্যান্য পয়গাম্বর অপেক্ষা অধিক নেকট্যুল।
হে পবিত্র ও মহান ব্যক্তি বর্গের সন্তান!

হে সৃষ্টির সেরা, আপনার কাছে আগত বিষয় সম্পর্কে আমাদেরকে আদেশ
করুন যদিও তাতে এমন শ্রম ও কঠোরতা থাকে, যা মানুষকে বৃদ্ধ করে দেয়।

আপনি সেই দিন যেন আমার শাফায়াত করুন, যেদিন আপনি ছাড়া কোন
শাফায়াতকারী সওয়াদ ইবনে কাবেরকে অব্যুক্ত করতে পারবে না।

ইমাম সুযৃতী বর্ণনা করেন : এই হাদীসটি একাধিক তরিকায় বর্ণিত আছে।
যেমন ইবনে শাহীন ‘সাহাবা’ গ্রন্থে ফযল ইবনে ঈসা কারশীর তরিকায় আনাস
ইবনে মালেক (রাঃ) থেকে বিস্তারিত ঘটনা উদ্ধৃত করেছেন যে, সওয়াদ ইবনে
কাবের হ্যার (সাঃ)-এর খেদমতে উপস্থিত হয়েছেন। হাসান ইবনে সুফিয়ান স্থীয়
মসনদে হ্যাসাইন ইবনে আম্বারার তরিকায় বর্ণনা করেছেন যে, সওয়াদ হ্যরত ওমর
মসনদে হ্যাসাইন ইবনে আম্বারার তরিকায় বর্ণনা করেছেন। এরপর বিস্তারিত ঘটনা উল্লেখ করেছেন।
ফারুক (রাঃ)-এর কাছে এসেছেন। এরপর বিস্তারিত ঘটনা উল্লেখ করেছেন।
বৌখারী স্থীয় ইতিহাস গ্রন্থে এবং বগভী ও তিবরানী এবাদ ইবনে আবদুস ছামাদের
তরিকায় সায়াদ ইবনে জুবায়র (রাঃ) থেকে সওয়াদের বিস্তারিত রেওয়ায়েত উদ্ধৃত
করেছেন।

হাসান ইবনে সুফিয়ান, আবু ইয়ালা, হাকেম, বায়হাকী ও তিবরানী ওছমান ইবনে
আবদুর রহমানের মাধ্যমে মোহাম্মদ ইবনে কা'ব কুরশী (রাঃ) থেকে দীর্ঘ
রেওয়ায়েত বর্ণনা করেছেন।

এ ছাড়া এ রেওয়ায়েতটি ইবনে আবী খায়ছামা ওরহ্যানী স্থীয় মসনদে এবং
খারায়েতী আবু জা'ফর বাকের (রাঃ) থেকে বর্ণনা করেছেন।

বায়হাকী হেশাম ইবনে মোহাম্মদ কুলবী থেকে রেওয়ায়েত করেন যে, তিনি
বলেন : বনী তায় গোত্রের একজন শায়খ আমার কাছে বর্ণনা করেছেন যে, মায়ান
বলেন : বনী তায় গোত্রের একজন শায়খ আমার কাছে বর্ণনা করেছেন যে, মায়ান

তায়ী আশানে অবস্থান করে পারিবারিক প্রতিমার সেবা করত। তার নিজের “নাজেয” নামক একটি প্রতিমা ছিল। মায়ান বলেন : আমি একদিন একটি জন্ম যবেহ করলে প্রতিমার মুখ থেকে আওয়াজ শুনলাম; মায়ান! আমার কাছে এস, আমার কাছে এস!! তুমি এমন কথা শুনবে, যা গোপন থাকার নয়। বুঝে নাও ইনি প্রেরিত রসূল। তিনি আল্লাহর তরফ থেকে সত্য এনেছেন। তুমি এই নবীর প্রতি ঈশ্বান আন, যাতে অগ্নি স্ফুলিঙ্গের তাপ থেকে রক্ষা পাও। এই অগ্নির ইঙ্কন পাথর। মায়ান বলেন : আমি মনে মনে বললাম : ভারী আশ্চর্যের বিষয়! অতঃপর কিছুদিন পরে আমি একটি জন্ম যবেহ করলাম। এবার পূর্বের তুলনায় বেশি ও অধিক স্পষ্ট আওয়াজ শুনলাম। প্রতিমা বলছিল : মায়ান, শুন। তুমি আনন্দিত হবে। কল্যাণ বিকাশ লাভ করেছে এবং অনিষ্ট আঘাতগোপন করেছে। তেহামা থেকে মহান আল্লাহর ধর্মসহ একজন নবী প্রেরিত হয়েছেন। পাথর দিয়ে গড়া প্রতিমা ছেড়ে দাও এবং দোষথের তাপ থেকে নিরাপত্তা অর্জন কর। একথা শুনে আমি মনে মনে বললাম, ভারী আশ্চর্যের কথা! নিশ্চয় এটা আমার কাম্য বস্তুই হবে। এরপর আমাদের কাছে হেজোজ থেকে একব্যক্তি আগমন করল। আমি তাকে জিজ্ঞাসা করলাম : তোমাদের ওখানকার খবর কি? সে বলল : তেহামায় এক ব্যক্তির আবিভাব ঘটেছে। তার কাছে যেই আসে, তাকেই সে বলে—তুমি আল্লাহর দিকে আহ্বানকারীর কথা মেনে নাও। তাঁর নাম আহমদ। আমি মনে মনে বললাম : আল্লাহর কসম, এটা সেই খবর, যা আমি শুনেছি। এরপর আমি সফর করে রসূলে আকরাম (সা:)—এর খেদমতে হায়ির হলাম। তিনি আমার কাছে ইসলামের স্বরূপ বর্ণনা করলেন। আমি ইসলাম করুল করলাম। আমি আরয করলাম : ইয়া রসূলুল্লাহ! আমি গানবাজনা, নারী ও মন্দের প্রতি ভীষণভাবে আসক্ত। দুর্ভিক্ষ আমাদের উপর প্রাধান্য বিস্তার করে রেখেছে। ধনসম্পদ বিনষ্ট হয়েছে এবং নারী-পুরুষ ও শিশুরা অস্তি কংকালসার হয়ে পড়েছে। আমার কোন পুত্র সন্তান নেই। আপনি আল্লাহতায়ালার কাছে দোয়া করুন! তিনি যেন আমার বিপদাপদ দূর করেন, বৃষ্টিবর্ষণ করেন এবং আমাকে পুত্র সন্তান দান করেন।

রসূলে করীম (সা:) দোয়া করলেন— ইলাহী! তাকে গান বাজনার বিনিময়ে কোরআন পাকের তেলাওয়াত এবং হারামের বিনিময়ে হালাল দান কর। তাকে বৃষ্টি দিয়ে উপকৃত কর এবং পুত্রসন্তান দান কর।

মায়ান বর্ণনা করেন— আল্লাহ তায়ালা আমার সমস্ত কষ্ট দূর করে দিলেন। আশ্বান স্বরূজ ও শস্যশ্যামল হয়ে গেল। আমি চারজন আদর্শ মহিলাকে বিয়ে করলাম এবং আল্লাহ আমাকে হাইয়ান ইবনে মায়ান দান করলেন।

ইবনে সা'দ আহমদ, তিবরানী, বায়হাকী ও আবু নয়ীম হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:) সম্পর্কে সর্বপ্রথম

খবর মদীনায় আসে জনেকা মহিলার এক অনুগত জিন মারফত। জিনটি একদিন পাথীর আকৃতি ধারণ করে তার প্রাচীরে বসে গেল। মহিলা তাকে বলল : নিচে এস, সে বলল : না। কারণ, মক্কায় এক নবী প্রেরিত হয়েছেন। তিনি আমাদেরকে কুর্কর্ম করতে নিষেধ করেছেন এবং আমাদের জন্যে যিনা হারাম করেছেন।

এ রেওয়ায়েতটি ইবনে সা'দ ও বায়হাকী অন্য তরিকায় আলী ইবনে হ্যায়ন (রা:) থেকে মুরছালও উন্নত করেছেন।

আবু নয়ীম আরতাত ইবনে মুনয়ির থেকে রেওয়ায়েত করেছেন যে, তিনি যমরাহ থেকে শুনেছেন— মদীনার এক নারীর সাথে এক জিনের দৈহিক সম্পর্ক ছিল। জিন একবার উধাও হয়ে গেল এবং অনেক দিন পর্যন্ত তার কাছে এলোন। এরপর সেই জিন এক ছিদ্রের মধ্য থেকে আত্মপ্রকাশ করল। মহিলা তাকে বলল : ছিদ্রের মধ্য থেকে আসার অভ্যাস তোমার ছিল না। এখন এলে কেন? জিন বলল : মক্কায় এক নবী আত্মপ্রকাশ করেছেন। তিনি যে পয়গাম নিয়ে এসেছেন, তা আমি শুনেছি। তিনি যিনা হারাম করেছেন। তাই আজ তোমাকে শেষ ছালাম জানাতে এসেছি।

আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত ওছমান ইবনে আফফান (রা:) বলেন : হ্যুর (সা:)—এর নবুওয়ত লাভের পূর্বে আমরা একটি কাফেলার সাথে সিরিয়া গিয়েছিলাম। আমরা সিরিয়ার দ্বারপ্রান্তে থাকতেই এক অতীন্দ্রিয়বাদীনী আমাদের কাছে এসে বলল : আমার অনুগত জিন আমার কাছে এসে দরজায় দাঁড়িয়ে গেল। আমি জিজ্ঞাসা করলাম : তুমি ভিতরে আসবে না? সে বলল : পথ নেই। আহমদ (সা:) আত্মপ্রকাশ করেছেন। তিনি এমন আদেশ এনেছেন, যা সহের বাইরে। একথা বলে অতীন্দ্রিয়বাদীনী চলে গেল। হ্যরত ওছমান (রা:) বলেন : আমি মক্কায় ফিরে এসে দেখি নবী করীম (সা:) সত্যিই আত্মপ্রকাশ করেছেন এবং মানুষকে আল্লাহর দিকে আহ্বান করেছেন।

ইবনে শাহীন, ইবনে মান্দাহ ও আলমায়ানী যথাক্রমে আছছাহাবা, “দালায়েলু-নবুওয়ত” ও “আল-জলীম” গ্রন্থে ইবনে সুবরাহ থেকে রেওয়ায়েত করেছেন যে, তিনি বলেন : আমি হ্যরত যুবাব ইবনে হারেছ (রা:)-এর মুখে শুনেছি যে, ইবনে দাফশার একটি শুশ্রী জিন ছিল। যে কোন ঘটনা ঘটত, সে যুবাবকে অবহিত করত। একদিন সে এসে যুবাবকে কোন বিষয়ে অবহিত করল। এরপর তাকে লক্ষ্য করে বলল : যুবাব! অত্যন্ত আশ্চর্যজনক একটি কথা শুন। মোহাম্মদ (সা:)-কে কিতাবসহ প্রেরণ করা হয়েছে। তিনি মক্কায় মানুষকে দাওয়াত দিচ্ছেন; কিন্তু তারা দাওয়াত করুল করছে না। এর কিছুদিন পরেই আমি রসূলুল্লাহ (সা:) সম্পর্কে শুনে ইসলাম গ্রহণ করে ধন্য হলাম।

ওমর ইবনে শাবাহ্ত-জামুহু ইবনে ওহমান গেফারী থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : মূর্খতা যুগে একদিন আমরা গৃহে অবস্থানকালে হঠাতে গভীর রাতে এক চীৎকারকারীর আওয়াজ শুনলাম। সে কিছু সমরসঙ্গীত ও আবৃত্তি করল। দ্বিতীয় ও তৃতীয় রাতেও এমনি শুনা গেল। এর কিছুদিন পরেই রসূলুল্লাহ (সা:) -এর আবির্ভাবের সংবাদ পাওয়া গেল।

ইবনে সা'দ ও ইবনে আসাকির এয়াখিদ ইবনে রোমানী থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত ওহমান ও হ্যরত তালহা (রা:) উভয়েই রসূলুল্লাহ (সা:) -এর খেদমতে উপস্থিত হয়ে ইসলাম গ্রহণ করেন। হ্যরত ওহমান (রা:) আরয় করলেন, : ইয়া রসূলুল্লাহ! আমি এই মাত্র সিরিয়া থেকে এসেছি। আমরা মায়ান ও সরকার মধ্যবর্তী এক স্থানে নির্দিতাবস্থায় ছিলাম। হঠাতে এক ঘোষক ঘোষণা করল : নির্দামগ্নরা! জাগ্রত হয়ে যাও। আহমদ (সা:) মকায় আত্মপ্রকাশ করেছেন। আমরা মকায় পৌছে লোকমুখে আপনার কথা শুনলাম।

ইবনে সা'দ, আবু নয়ীম ও ইবনে আসাকির সুফিয়ান হ্যালী থেকে বর্ণনা করেন-আমরা এক কাফেলার সঙ্গে সিরিয়া গেলাম। যারকা ও মায়ানের মধ্যস্থলে পৌছে আমরা রাতের বেলায় সেখানে অবস্থান করলাম। হঠাতে আমরা এক ঘোড় সওয়ারের আওয়াজ শুনলাম : হে নির্দামগ্নরা! জাগ্রত হয়ে যাও। এটা নির্দাম সময় নয়। আহমদ (সা:) আত্মপ্রকাশ করেছেন। জিনদেরকে শোচনীয়ভাবে হাঁকিয়ে দেয়া হয়েছে।

একথা শুনে আমরা সকলেই ভীত হয়ে গেলাম। আমরা সকলেই ছিলাম যুবক ও শক্তিশালী। একথা শুনে আমরা যখন গৃহাভিমুখে ফিরে আসছিলাম, তখন সকলের মুখে একই কথা ছিল। তা এই যে, মকায় কোরায়শ বংশীয় এক নবী আত্মপ্রকাশ করেছেন, যাঁর নাম আহমদ। কোরায়শেরা তাঁর ব্যাপারে দ্বিষাবিত্ত হয়ে পড়েছে।

আবু নয়ীম এয়াকুব ইবনে এয়াখিদ থেকে বর্ণনা করেন যে, হ্যরত ওমর ফারঞ্জক (রা:) -এর সম্মুখ দিয়ে এক ব্যক্তি গমন করলে তিনি তাকে জিজ্ঞাসা করলেন : ও যিয়া! তুমি তো অতীন্দ্রিয়বাদী। তোমার সঙ্গিনী জিনের সাথে তোমার সম্পর্ক করে থেকে? সে বলল : আমার ইসলাম গ্রহণের পূর্বে সে।

আমার কাছে এসে বলতে লাগলঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

النَّاصِيَةُ أَكْبَرُ

উপস্থিত লোকদের মধ্যে একজন বললঃ আমিরুল-মুমিনীন, এ ধরনের একটি ঘটনা আমি বর্ণনা করছি- একবার আমরা এক পরিষ্কার স্বচ্ছ বিজনভূমিতে সফর করছিলাম। এই জনশূন্য প্রান্তরে আমরা একটি আওয়াজ ছাঢ়া অন্য কিছু শুনতে পাচ্ছিলাম না। অকস্মাতে আমরা সম্মুখ দিয়ে এক সওয়ারকে আসতে দেখলাম। সে বলছিল :

يَا أَحْمَدَ يَا أَحْمَدَ اللَّهُ أَعْلَى وَأَمْجَادَ تَكَ مَا وَعَدَكَ مِنْ

الْخَيْرِ يَا أَحْمَدَ

এরপর সে চলে গেল। অতঃপর জনেক আনছারী বলে উঠলেন : আমিরুল মুমিনীন! এই প্রকার একটি ঘটনা আমিও বর্ণনা করছি- আমি সিরিয়া গিয়েছিলাম। সেখানে এক জনশূন্য প্রান্তরে হঠাতে শুনলাম গায়ের থেকে কেউ এই কবিতা পাঠ করছে-

ঃ একটি নক্ষত্র উদিত হয়ে পূর্ব দিগন্ত উদ্ভিসিত করে দিয়েছে। সে মানুষকে বিনাশকারী অন্ধকার থেকে বের করে। তিনি রসূল। যে তাঁকে সত্য বলে বিশ্বাস করে, সে সফলতা লাভ করবে। আল্লাহ তায়ালা তাঁর ইসলামকে সুউচ্চ ও প্রতিষ্ঠিত করেছেন।”

আবু নয়ীম হ্যরত ইবনে আবাস (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, মকায় আবু কোবায়স পাহাড়ে এক জিন উচ্চস্থরে এই কবিতা পাঠ করলঃ

ঃ আল্লাহ তায়ালা কা'ব ইবনে ফেহরের মতামতকে লাশ্বিত করুন। এদের জ্ঞানবুদ্ধি কত দুর্বল!

বনী-কা'বের ধর্ম তাদের পিতৃ-পুরুষগণকে সমর্থনকারীদের ধর্ম। তারা এতে তিরস্কৃত হয়।

যখন তোমাদের বিরংক্ষে ফয়ছালা করা হবে, তখন জিন এবং আদমের পুরুষরা তোমাদের সঙ্গে থাকবে। সতুরই তুমি উদ্ধারোহীদেরকে দলে দলে ছুটে আসতে দেখবে। তারা বড় বড় শহরে লোকদেরকে হত্যা করবে। তোমাদের মধ্যে এমন কোন ভদ্র আছে কি, যার মন স্বাধীন এবং যার পিতৃ পুরুষেরা সন্তুষ্ট?

সেই ভদ্র যেন এমন আঘাত করে, যা সংজ্ঞায় সেই আঘাত এবং দুঃখ-কষ্ট থেকে স্বত্ত্বির কারণ হয়।

ইবনে আবাস (রা:) বলেনঃ এই কবিতার খবর মকায় প্রচারিত হয়ে গেল। মুশরিকরা এই কবিতা একে অপরকে পড়ে শুনাত এবং বলত- এতে মুসলমানদেরই কুৎসা গাওয়া হয়েছে। রসূলে আবাস (রা:) বলেনঃ এটা এক

শয়তানের রচিত কবিতা। সে প্রতিমার ভিতর থেকে মানুষের সাথে কথা বলে। এর নাম মুসয়ির। আল্লাহ তায়ালা একে লাষ্টিত করবেন। তিন দিন পর এক আওয়াজদাতা পাহাড়ে এই কবিতা পাঠ করলঃ

ঃ আমি মুসয়ির শয়তানকে হত্যা করেছি। কেননা, সে অবাধ্যতা ও অহংকার করেছে।

ঃ সে সত্যকে নিয়ে ছিনিমিনি খেলেছে এবং অবিশ্বাসীদের জন্য পথ আবিক্ষার করেছে। আমি এমন এক তরবারি দিয়ে তার জীবনাবসান ঘটিয়েছি, যা সত্ত্বার ভিত্তিকে উপড়ে ফেলে এবং চূড়ান্ত করে দেয়। তাকে হত্যা করার কারণ এই যে, সে আমাদের পবিত্র নবীর শানে ধৃষ্টতা প্রদর্শন করেছে।

এই কবিতা শুনে রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ সে দৈত্য জাতীয় জিন। তার নাম সমহজ। আমি তার নাম রেখেছি আবদুল্লাহ। সে আমার প্রতি স্টিমান এনেছে এবং আমাকে বলেছে যে, সে কয়েক দিন ধরেই মুসয়ির শয়তানকে খুঁজে বেড়াচ্ছিল।

ফাকেহী আখবারে-মক্কায় হযরত ইবনে আবুস (রাঃ)-এর হাদীসটি আমের ইবনে রবীয়া থেকে বর্ণনা করেন যে, ইসলামের প্রাথমিক যুগে আমরা যখন মক্কায় ছিলাম, তখন হঠাতে কোন এক পাহাড়ে একটি আওয়াজ শুনা গেল, যাতে মুসলমানদের বিরুদ্ধে উত্তেজনা ছড়ানো হল। নবী করীম (সাঃ) বললেনঃ এটা শয়তানের আওয়াজ। যখনই কোন শয়তান কোন নবীর বিরুদ্ধে অপপ্রচার চালিয়েছে, তখনই আল্লাহ তায়ালা তাকে হত্যা করেছেন। তিনি আরও বললেনঃ আল্লাহ তায়ালা এই শয়তানকে সেই জিনের হাতে হত্যা করিয়েছেন, যার নাম “সমহজ”। আমি তার নাম রেখেছি আবদুল্লাহ। রাতের বেলায় সেই জায়গায় আমি একটি অঙ্গাত আওয়াজ শুনেছি। সে এই কবিতা পাঠ করছিলঃ

نَحْنُ قَتَلْنَا مَسْعِرًا لِمَا طَغَىٰ وَاسْتَكْبَرَ

وَاصْفَرَ الْحَقَّ وَسْنَ الْمُنْكَرِ بِشَتْمِهِ نَبِيًّا الْمُطَهَّرِ

আবু নয়ীম ও ফাকেহী “আখতারে মক্কা” গ্রন্থে হযরত আবদুর রহমান ইবনে আওফ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সাঃ)-এর নবুওয়ত প্রকাশ লাভ করলে মুসয়ির নামক এক জিন আবু কোরায়স পাহাড়ে এই কবিতা পাঠ করলঃ **قَبْحَ اللَّهِ رَأَى كَعْبَ بْنَ فَهْرَ الْأَبِيَّاتِ** সকাল হলে কোরায়শ কাফেবরা বলাবলি করলঃ আমরা যথেষ্ট অবহেলা করেছি। শেষ পর্যন্ত জিন আমাদেরকে উৎসাহিত করছে। পরবর্তী রাতে সমহজ নামক এক জিন সেই জায়গায় দাঁড়িয়ে এই কবিতা পাঠ করলঃ

ঃ আমি এমন তরবারি দিয়ে তার ভবলীলা সাঙ্গ করেছি, যা বন্যার ন্যায় বিনাশকারী।

যে বিদ্রোহ করতে চায়, আমরা তাকে পর্যন্ত করে দেই।

আবু সায়ীদ “শরফুল মুস্তফা” গ্রন্থে জুন্দুল ইবনে নয়লা থেকে রেওয়ায়েত করেন যে, আমি রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে উপস্থিত শয়ে আরয় করলামঃ হ্যুর! আমার এক বন্ধু জিন হঠাতে আমার কাছে এসে বললঃ

ঃ সাবধান! ধর্মের বাতি এমন নবীর হাতে প্রজ্ঞালিত হয়েছে, যিনি, সত্যবাদী, জ্ঞান ও বিষ্ণু।

এমন উদ্ধীর পিঠে রওয়ানা হও, যে দ্রুতগামী ও সুস্থাম, যে সমতল ও অসমতল উভয় প্রকার মাটিতে চলতে অভ্যন্ত।

আমি ভীত হয়ে জাগ্রত হলাম এবং বললামঃ কি হয়েছে? সে বললঃ যিনি পৃথিবীকে সমতল করেছেন, ফরয নির্ধারণ করেছেন, তার অনুপম সত্ত্বার কসম, মোহাম্মদ (সাঃ) ভূপৃষ্ঠের জন্যে প্রেরিত হয়েছেন। তিনি সম্মানিত স্থানে লালিত হয়েছেন এবং মদীনা অভিমুখে হিজরত করেছেন।

এ কথাগুলো শুনে আমি রওয়ানা হলাম। হঠাতে গায়েব থেকে এই কবিতা পাঠের আওয়াজ এলঃ

ঃ হে রসূলের দিকে গমনকারী উদ্ধারোই! তুমি হেদায়াত ও সুপথের তওফীক প্রাপ্ত হয়েছে।

ইবনে কলৰী আদী ইবনে হাতেম (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেনঃ হারেছ ইবনে দাগনা নামক এক ব্যক্তি ছিল বনী-কলৰ গোত্রের খাদেম। একদিন আমি যখন আমার গৃহের আঙিনায় উপবিষ্ট ছিলাম, তখন অকস্মাৎ সে ভীত পাঠে নামে আমার সামনে উপস্থিত হল। তার মাথা ছিল শকুনে মাথার মত। সে সেই জায়গা থেকে নামল, যেখানে ঈগল পাখিও পিছলে যায়। সে স্বস্থানে ঝুলচিল এবং সেখান থেকে সরচিল না। আমি যা দেখেছি, তাকে তার চেয়ে বেশি বুঝতে পারছি। সে বললঃ

ঃ হে হারেছ ইবনে দাগনা! তুমি মনের কুম্ভণাকে স্থান দিয়ো না। নূরের এই আলো অগ্নি গ্রহণকারীর হাতে রয়েছে। তুমি সত্যের দিকে ঝুঁকে পড় এবং প্রবক্ষন করো না।

হারেছ আরও বললঃ আমি আমার উটগুলোকে হাকিয়ে দূরে অন্য জায়গায় ঘাস খাওয়ার জন্যে ছেড়ে দিলাম এবং নিজে ঘমিয়ে পড়লাম। হঠাতে এক উদ্ধারোই

এসে আমাকে পদাঘাত করল। আমি জাগ্রত হয়ে গেলাম। দেখি কি, সে সেই বৃন্দ ব্যক্তি। সে বললঃ হারেছ! আমার কথা শুন হেদায়াত পাবে। পথভ্রষ্ট ও হীতাহীত ঝানশূন্য মানুষ হেদায়াতপ্রাপ্তের মত নয়। সততার পথ পরিহার করো না। জগতের সকল ধর্মই আহমদ (সা:) এর ধর্ম আসার পর রাহিত হয়ে গেছে।

হারেছ বর্ণনা করেন— আমি এই কবিতা শুনে অজ্ঞান হয়ে গেলাম। অনেকক্ষণ পরে জ্ঞান ফিরে এল। এভাবেই আল্লাহ আমার অন্তরকে ইসলামের জন্যে মনোনীত করেছেন।

তিবরাক ও আবু নয়ীম আমর ইবনে মুররা জুহানী থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেনঃ আমি হজ্জের ইচ্ছায় রওয়ানা হলাম। মক্কায় আমি স্বপ্নে একটি নূর দেখলাম, যা কা'বা গৃহ থেকে ছড়িয়ে পড়ছিল। অবশ্যে আমার সামনে মদীনার পাহাড় আলোকিত হয়ে গেল। আমি এই নূরের মধ্য থেকে একটি আওয়াজ শুনলাম। কেউ বলছিলঃ তমসা বিলীন হয়ে গেছে। নূর সমুন্নত হয়েছে। খাতেমুল আস্থিয়া প্রেরিত হয়ে গেছেন। অতঃপর এই নূর পুনরায় ফুটে উঠল। আমি এই নূরে হীরা ও মাদায়নের শুভ রাজপ্রাসাদ দেখতে পেলাম। এরপর আমি এই নূরের মধ্য থেকে একটি আওয়াজ শুনলাম। কেউ বলছিলঃ ইসলাম আত্মপ্রকাশ করেছে এবং প্রতিমা ভেঙ্গে দেয়া হয়েছে। আস্থায়তার সম্পর্ক সংযোজিত হয়েছে।

আমি ভীত অবস্থায় জাগ্রত হলাম এবং স্বজনদের ডেকে বললামঃ আল্লাহর কসম, কোরায়শদের এই গোত্রে মধ্যে নতুন কোন ঘটনা প্রকাশ পাবে। আমি স্বপ্নে যা দেখেছিলাম, তা তাদেরকে বললাম। অতঃপর যখন আমরা আমাদের বাড়ীস্থরে পৌঁছলাম, তখন খবর এল যে, আহমদ নামের এক ব্যক্তি নবুওতপ্রাপ্ত হয়েছেন। অতঃপর আমি রসূলুল্লাহ (সা:) এর খেদমতে উপস্থিত হলাম এবং স্বপ্নের বিষয়বস্তু বর্ণনা করলাম। তারপর ইসলাম গ্রহণ করে ধন্য হলাম।

আমি আরয় করলামঃ ইয়া রসূলুল্লাহ! আমাকে আমার গোত্রের কাছে প্রেরণ করুন। তিনি তাই করলেন। আমি এসে তাদেরকে ইসলামের দাওয়াত দিলে একজন ছাড়া সকলেই মুসলমান হয়ে গেল। সেই এক ব্যক্তি দাঁড়িয়ে বলতে লাগলঃ

ঃ হে আমর ইবনে মুররা! আল্লাহ তোমার জীবনকে তিঙ্গ বিষাক্ত করুন! তুমি আমাদের উপাস্যদেরকে ছেড়ে দিতে বল। তুমি তোমার পৈতৃক ধর্মের বিরোধিতা করছ। এরপর সে এই কবিতা পাঠ করলঃ

ঃ আমর ইবনে মুররা এমন সব কথাবার্তা বলে, যা কোন যোগ্যতাসম্পন্ন ব্যক্তির কথা হতে পারে না।

দীর্ঘকাল পর্যন্ত হলেও আমি তার কথা ও কর্মের প্রতি লক্ষ্য রাখব।

যে সকল বয়োঃবৃন্দ ব্যক্তি অতীত হয়ে গেছে, তাদেরকে বোকা ও নির্বোধ মনে করতে হবে? যে এটা করতে চায়, সে সফলকাম হবে না।”

আমর ইবনে মুররা লোকটিকে বললঃ আমাদের উভয়ের মধ্যে যে মিথ্যাবাদী, আল্লাহ তার জীবন তিঙ্গ করে দিবেন। তার জিহবা অচল করবেন এবং তাকে অঙ্গ করে দিবেন।

আমর ইবনে মুররা বর্ণনা করেনঃ আল্লাহর কসম, মৃত্যুর পূর্বে লোকটির সকল দাঁত ঝরে পড়ল। সে কোন কিছু খেয়ে স্বাদ পেত না। পরিশেষে সে অঙ্গ ও বধির হয়ে গেল।

আবু নয়ীম, খারায়েতী ও ইবনে আসাকির ইবনে খরবস মক্কী খাচ্ছামী থেকে রেওয়ায়েত করেন যে, আরবরা হারামকে হালাল এবং হালালকে হারাম করে নিত। তারা প্রতিমার পূজা করত এবং প্রতিমার কাছেই সাহায্য প্রার্থনা করত। এক রাতে আমরা এক প্রতিমার কাছে উপস্থিত হয়ে দোয়া ভিক্ষা করছিলাম। হঠাৎ একটি গায়েবী আওয়াজ শুনা গেলঃ তোমরা শরীরী হয়ে বিচারকে প্রতিমাদের সাথে সম্পৃক্ত কর। তোমরা নির্বোধ নও। ইনি সৃষ্টির সেরা নবী। এই নবী বিচারকদের মধ্যে সর্বাপেক্ষা ন্যায়পরায়ণ। তিনি নূর ও ইসলাম প্রকাশ করেন। এই নবী মানুষকে প্রতিমা পূজা থেকে বিরত রাখেন এবং বালাদে-হারাম তথ্য সম্মানিত শহরে সত্য প্রচার করেন।

রাবী বর্ণনা করেনঃ এই আওয়াজ শুনে আমরা ঘাবড়ে গেলাম এবং সেখান থেকে প্রস্থান করলাম। যখন এ সম্পর্কে মানুষের মধ্যে কথাবার্তা চলছিল, তখনই সংবাদ পাওয়া গেল যে, নবী করীম (সা:) মক্কায় আত্মপ্রকাশ করেছেন। এরপর যখন তিনি মদীনায় আগমন করলেন, তখন আমি তাঁর খেদমতে উপস্থিত হয়ে ইসলাম গ্রহণ করলাম।

ইবনে সাদ বায়ধার ও আবু নয়ীম হ্যরত জুবায়র ইবনে মুতায়িম (রা:) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেনঃ আমরা বোয়ানায় এক প্রতিমার কাছে বসা ছিলাম। আমরা উট যবেহ করেছিলাম। হঠাৎ আমরা উটের পেট থেকে এই আওয়াজ শুনতে পেলামঃ শুন, আশ্চর্যের কথা! শুনীর কারণে আকাশে শয়তানদের কান পেতে কথা চুরি করার সুযোগ খতম হয়ে গেছে। এখন জিনদের প্রতি অগ্নি ক্ষুলিঙ্গ নিক্ষেপ করা হয়। সেই নবীর কারণে, যিনি মক্কায় আছেন এবং যাঁর নাম আহমদ। তাঁর হিজরত ভূমি ইয়াসরিব (মদীনা)। জুবায়র বর্ণনা করেনঃ এটা শুনে আমরা বিস্ময়াভিত্তি হয়ে পড়লাম। ঠিক এসময়টিতেই রসূলুল্লাহ (সা:) আত্মপ্রকাশ করলেন।

আবু নয়ীম হ্যরত তামীম দারী (রা:) থেকে রেওয়ায়েত করেন তিনি বলেনঃ হ্যরত (সা:) এর অবির্ভাবের সময় আমি সিরিয়ায় ছিলাম। আমি এক কাজে বের

হলে পথিমধ্যেই রাত হয়ে গেল। মনে মনে বললামঃ এই বিশাল জগতের নিকটে কিরপে রাত কাটাব? একটি জায়গা বেছে নিয়ে শয়ন করার পর আমি অদৃশ্য থেকে কাউকে বলতে শুনলামঃ আল্লাহর তায়ালার কাছে আশ্রয় প্রার্থনা কর। কেননা, আল্লাহর আয়াব থেকে জিনরা বাঁচতে পারে না। আমি বললাম, তোমাকে আল্লাহর কসম, বল কি বলতে চাও। সে বললঃ আল্লাহর প্রেরীত রসূল আবির্ভূত হয়েছেন। আমরা হাজুন নামক স্থানে তাঁর পিছনে নামায পড়েছি এবং আমরা মুসলমান হয়ে গেছি। জিনদের ধোকা প্রতারণা ব্যতম হয়ে গেছে। এখন তাদের উদ্দেশ্যে আগুনের গোলা নিষ্কেপ করা হয়। তুমি রক্ষুল আলামীনের রসূল মোহাম্মদ (সাঃ)-এর কাছে যাও এবং ইসলাম গ্রহণ কর।

তামীম বর্ণনা করেনঃ সকালে উঠে আমি এক সন্ন্যাসীর কাছে গেলাম এবং তাকে ঘটনা সম্পর্কে অবহিত করলাম। সে বললঃ জিনরা সঠিক কথা বলেছে। সেই নবী হেরেম থেকে যাহির হবেন এবং তাঁর হিজরত-ভূমি হেরেম হবে। তিনি সর্বশ্রেষ্ঠ নবী। তুমি তাঁর কাছে যাও না কেন?

আবু নবীমের রেওয়ায়েতে খুরায়লিদ যমীরী বলেনঃ আমরা এক মূর্তির কাছে বসা ছিলাম। হঠাৎ মূর্তির পেট থেকে একটি আওয়াজ শুনলাম। কেউ বলছিলঃ ওহীর কারণে আকাশে শয়তানদের কথা চুরি বন্ধ হয়ে গেছে। তাদের প্রতি এখন অগ্নিগোলা বর্ষিত হয়। একজন নবীর কারণে, যিনি মক্কায় আছেন। তাঁর নাম আহমদ এবং তাঁর হিজরত ভূমি ইয়াসরিব। তিনি নামায, রোয়া, পুণ্যকাজ ও আস্তীয়তা বজায় রাখার আদেশ দেন। এটা শুনে আমরা সেখান থেকে প্রস্থান করলাম এবং মানুষকে জিজ্ঞাসা করলাম। তারা বললঃ সেই নবীর নাম আহমদ, তিনি মক্কায় আস্তীয়ত প্রকাশ করেছেন।

আবু নবীম, ইবনে জয়ীর, ইবনে যাকারিয়া ও ইবনুত্তাররাহ কিতাবুশ-শোয়ারা প্রয়োগে আববাস ইবনে মেরদাস থেকে রেওয়ায়েত করেছেন যে, তিনি নিজের ইসলাম গ্রহণের সূচনাকারী ঘটনা এভাবে বর্ণনা করেছেনঃ

আমার পিতার ইন্তিকালের সময় ঘনিয়ে এলে তিনি আমাকে যেমার নামীয় এক প্রতিমা সম্পর্কে ওছিয়ত করলেন। আমি সেই প্রতিমাটি নিজের গৃহে স্থাপন করলাম। আমি প্রত্যহ তার কাছে যেতাম। যখন রসূলুল্লাহ (সাঃ) আস্তীয়ত করলেন, তখন রাতের বেলায় আমি সেই প্রতিমার ভিতর থেকে একটি আওয়াজ শুনলাম। সে বলছিলঃ “সুলায়মের সকল গোত্রকে বলে দাও যে, আলীস মরে গেছে এবং মসজিদবাসীরা আবাদ হয়ে গেছে।”

যেমার প্রতিমা বরবাদ হয়ে গেছে। মোহাম্মদ (সাঃ)-এর প্রতি কিতাব নায়িল হওয়ার পর্বে তাঁর এবাসত করা হত।’

কোরায়শদের মধ্যকার এক ব্যক্তিত্ব ঈসা ইবনে মরিয়ম (আঃ)-এর পরে নবুওয়াত ও হেদায়াতের উন্নৱাধিকার প্রাপ্ত হয়েছেন। তিনি খোদ সৎপথপ্রাপ্ত।

আববাস বর্ণনা করেনঃ আমি এ ঘটনাটি মানুষের কাছে গোপন রাখলাম এবং কাউকে এ সম্পর্কে কিছু বললাম না। আহ্যাব যুদ্ধ থেকে যখন সকলেই ফিরে এল, তখন আমি যাতে-ইবকের আভীক নামক স্থানের আশেপাশে উট চরাছিলাম। হঠাৎ একটি আওয়াজ শুনলাম। মাথা তুলতেই দেখি, এক ব্যক্তি উট পাখির উভয় পাখায় সওয়ার অবস্থায় বলছেও স্টেইন নূর, যা সোমবার ও মঙ্গলবারের রাতে গামছা উন্নীত্বালার সাথে বনী আখিল-ওনাকার গৃহসমূহে প্রকাশ পেয়েছে। অতঃপর আববাসের বাম দিক থেকে এক গায়েরী আওয়াজদাতা তাকে জ্বাব দিলঃ জিন ও তাদের স্বগোত্রীয়দেরকে সুসংবাদ দিয়ে দাও যে, সওয়ারী তার পিঠের গদি রেখে দিয়েছে এবং আকাশ তার রক্ষীদেরকে প্রকাশ করে দিয়েছে।

আববাস বলেনঃ আমি ভয়ে লাফিয়ে উঠলাম এবং বুঝলাম যে, মোহাম্মদ (সাঃ) আল্লাহর রসূল।

খারায়েতী, তিবরানী ও আবু নবীম অন্য সনদ সহকারে আববাস ইবনে মেরদাস থেকে বর্ণনা করেন যে, বিপ্রহরের সময় আমি উটের পালের মধ্যে ঘুরাফিরা করছিলাম। এমন সময় তুলার মত সাদা একটি উটপাখি দৃষ্টিগোচর হল। তার উপরে সাদা শুভ বন্ধ পরিহিত এক ব্যক্তি সওয়ার ছিল। সে বললঃ হে আববাস ইবনে মেরদাস! আকাশকে তার রক্ষীরা ঘিরে ফেলেছে। যুদ্ধ তার খাস গিলে ফেলেছে এবং অশ্বরা তাদের গদি রেখে দিয়েছে। সৎকাজ নিয়ে আগমনকারী ব্যক্তি সোমবার ও মঙ্গলবারের রাতে জন্মগ্রহণ করেছে। সে কুছওয়া উন্নীত মালিক। আববাস বলেনঃ আমি ভয়ে সেখান থেকে চলে এলাম এবং যেমার নামক এক প্রতিমার কাছে গেলাম। হঠাৎ শুনি কি, এক আওয়াজদাতা তার মধ্য থেকে কবিতা পাঠ করছে।

আবু নবীম আববাস ইবনে মেরদাস থেকে রেওয়ায়েত করেন যে, আমি বিপ্রহরে এক বৃক্ষের নিচে বসা ছিলাম। হঠাৎ আমার সামনে একটি উটপাখি প্রকাশ পেল। তার উপর এক সাদা পোশাকধারী বেদুইন সওয়ার ছিল। সে আমাকে বললঃ হে আববাস ইবনে মেরদাস, সরদারপুত্র! তুমি জিনদেরকে এবং তাদের নৈরাশ্যকে দেখিনি? যুদ্ধ তার খাস গিলে ফেলেছে এবং আকাশকে তার রক্ষীরা বন্ধ করে দিয়েছে। ইবনে মেরদাস বলেনঃ আমি সেখান থেকে ফিরে এলাম। অতঃপর মানুষকে জিজ্ঞাসাবাদ করতে থাকলাম। একদিন আমার চাচাত তাই এসে বললঃ রসূলুল্লাহ (সাঃ) মানুষকে আল্লাহর দিকে সাওয়াত দেন, আর আপনি লুকিয়ে আছেন।

ইবনে সাদ ও আবু নয়ীম সায়ীদ ইবনে আমর হৃষালী থেকে রেওয়ায়েত করেন যে, আমি প্রতিমার নামে একটি জন্ম বলীদান করেছিলাম। হঠাৎ তার মধ্য থেকে এই আওয়াজ শুনলামঃ আশ্চর্যের বিষয়! বনী-আবদুল মোত্তালিবের মধ্য থেকে একজন নবী আত্মপ্রকাশ করেছেন। তিনি যিনি ও প্রতিমার নামে বলীদান করা হারাম সাব্যস্ত করেন। আকাশসমূহে পাহারা বসেছে এবং জিনদের লক্ষ্য করে আগুনের গোলা নিষিদ্ধ হচ্ছে।

আমর বলেনঃ এ কথা শুনে আমরা ছড়িয়ে-ছিটিয়ে পড়লাম। মকায় আমার পর হ্যুর (সাঃ)-এর আত্মপ্রকাশ সম্পর্কে কোন খবরদাতা পাওয়া গেল না। আমরা হ্যরত আবু বকর (রাঃ)-এর সাথে সাক্ষাৎ করলাম। তাঁকে জিজ্ঞাসা করলামঃ মকায় আহমদ নামে কোন ব্যক্তি আত্মপ্রকাশ করেছেন কি, যিনি আল্লাহর দিকে আহবান করেন? তিনি জিজ্ঞাসা করলেনঃ ব্যাপার কি? আমি ঘটনা বর্ণনা করলে তিনি বললেনঃ হাঁ, মোহাম্মদ ইবনে আবদুল্লাহ (সাঃ) আছেন তিনি আল্লাহর রসূল।

ইবনে সা'দ ও আবু নয়ীম আবদুল্লাহ ইবনে যায়েদা হৃষালী থেকে রেওয়ায়েত করেছেন যে, আমি এক প্রতিমার কাছে থাকাবস্থায় তার পেট থেকে আওয়াজ শুনলাম। সে বলছিলঃ জিনদের ধোঁকা ও প্রতারণার অবসান হয়েছে। আহমদ নামীয় নবীর কারণে আমাদের প্রতি আগুনের গোলা নিষেপ করা হয়। এ কথা শুনে আমি সেখান থেকে চলে এলাম। এক ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ হলে সে আমাকে হ্যুর (সাঃ)-এর আত্মপ্রকাশের কথা বলল।

ইবনে মান্দার রেওয়ায়েতে বকর ইবনে জবালা বলেনঃ আমরা নিজেদের এক প্রতিমার কাছে একটি জন্ম যবেহ করলে তার পেট থেকে হঠাৎ এই বাক্য শুন গেলঃ বকর ইবনে জবালা! তুমি মোহাম্মদ (সাঃ)-কে চিন?

বায়হাকী ও ইবনে আসাকির হ্যরত ইবনে আবুসাম (রাঃ) থেকে বর্ণনা করেন যে, এক ব্যক্তি রসূলুল্লাহ (সাঃ)-কে বললঃ ইয়া রসূলুল্লাহ! মূর্খতা যুগে একবার আমি একটি পলাতক উটের খোঁজে বের হলাম। ভোর বেলায় আমি এক গায়েরী আওয়াজদাতাকে বলতে শুনলামঃ

ঃ অন্ধকার রাতে নিদ্রামগ্নরা, আল্লাহতায়ালা হেরেমে একজন নবী প্রেরণ করেছেন।

তিনি বনী হাশেমের একজন সদস্য। তিনি অনেক অন্ধকারকে আলোকময় করেন।

বাবী বলেনঃ আমি এন্দ্রিক-ওদিক তাকালাম। কিন্তু কোন ব্যক্তি দৃষ্টিগোচর হল না। তখন আমি এই কার্বতা পাঠ করলামঃ

ঃ হে অন্ধকার রাতে আহবানকারী! মারহাবা, তুমি এমন কল্পনার কথা বলছ যা এসে গেছে।

আল্লাহ তোমাকে হেদায়াত করুন। সুন্দরভাবে সেই বিষয় বর্ণনা কর, যার প্রতি তুমি আহবান কর। তাকে সুবর্ণ সুযোগ গণ্য করা হবে।

বাবী বলেনঃ তৎক্ষণাত্মে আমি তার গলা ছাফ করার শব্দ শুনলাম। সে বললঃ নূরদেনীপ্যমান হয়ে গেছে এবং মিথ্যা নাস্তানাবুদ হয়ে গেছে। আল্লাহ মোহাম্মদ (সাঃ)-কে কল্যাণসহ প্রেরণ করেছেন। এরপর সে এই কবিতা পাঠ করলঃ

ঃ আল্লাহর জন্যে প্রশংসা, যিনি সৃষ্টিকে উদ্দেশ্যহীনভাবে সৃষ্টি করেননি। তিনি আমাদের নবী আহমদ (সাঃ)-কে প্রেরণ করেছেন। প্রেরিতদের মধ্যে তিনি সর্বশ্রেষ্ঠ নবী।

আল্লাহ তাঁর প্রতি রহমত নায়িল করুন যতদিন তাঁর জন্যে একটি দল হজ্জ করতে থাকে।

বাবী বলেনঃ এরপর ভোরের আলো ফুটে উঠল এবং আমি আমার উট পেয়ে গেলাম।

আবু ইয়ায়ীদ “শরফুল-মোস্তফা” গ্রন্থে জা'দ ইবনে কায়স মুরাদী থেকে বর্ণনা করেন যে, তিনি বলেনঃ আমরা চার ব্যক্তি মূর্খতা যুগে হজ্জের উদ্দেশ্যে বের হলাম। এয়ামনের এক জঙ্গল দিয়ে গমন করার সময় রাত হয়ে গেল। আমরা একটি বড় উপত্যকায় আশ্রয় নিলাম। যখন রাত শক্ত হয়ে গেল এবং আমার সঙ্গীরা নিদ্রার কোলে ঢলে পড়ল, অক্ষয় উপত্যকার এক দিক থেকে একটি আওয়াজ ভেসে এল। কেউ এই কবিতা পাঠ করছিলঃ

ঃ রাতে বিশ্রাম গ্রহণকারীরা! তোমরা যখন হাতীম ও যমযন্ত্রের মাঝখানে অবস্থান কর, তখন পৌঁছিও

আমাদের পক্ষ থেকে মোহাম্মদ (সাঃ)-কে সালাম। যেখানে তিনি যান এবং যেখানে যাওয়ার ইচ্ছা করেন আমাদের সালাম তাঁর সাথী হোক।

তাঁকে বলে দাও, আমরা আপনার ধর্মের লোক। ইসা (আঃ) আমাদেরকে তাই বলে গেছেন।

আবু সা'দ “শরফুল-মোস্তফা” গ্রন্থে—(দুর্বল সনদে) বর্ণনা করেছেন যে, জুন্দুর ইবনে তুমায়লের কাছে কেউ এসে বললঃ জুন্দু! মুসলমান হয়ে যাও। সেই আগুনের উত্তোল থেকে মুক্ত থাকবে, যা প্রজ্ঞালিত করা হবে। তুমি সফলকাম হবে। জুন্দুর বললঃ ইসলাম কি? সে বললঃ প্রতিমার সাথে সম্পর্কচ্ছেদ এবং সর্বজ্ঞানী অধিপতির সাথে সুসম্পর্ক স্থাপন। জুন্দুর প্রশ্ন করলঃ এর উপায় কি? সে বললঃ আরব থেকে একটি উজ্জ্বল নক্ষত্রের আত্মপ্রকাশ আসন্ন। তিনি সন্তুষ্ট। অস্থ্যাত নন। তিনি হেরেম থেকে আত্মপ্রকাশ করবেন এবং আরব ও অন্বারব তাঁর

অনুগত হবে। 'জুন্দুর' তাঁর চাচাত ভাই রাফে ইবনে খেদাজকে এ সম্পর্কে অবহিত করল। অতঃপর তারা যখন সংবাদ পেল যে, রসূলগ্লাহ (সাঃ) মদীনায় হিজরত করেছেন, তখন তারা এসে ইসলাম গ্রহণ করল।

আবির্ভাবের সময় প্রতিমা উপুড় হয়ে পড়ে গেল

ইবনে ইসহাক ও আবু নয়ীম হয়রত ওয়াহাব ইবনে মুনাবিহ থেকে রেওয়ায়েত করেন যে, যখন আল্লাহ তায়ালা নবী করীম (সাঃ)-কে প্রেরণ করলেন, তখন কেসরা (পারস্য স্ট্রাট) সকাল বেলায় দেখলেন যে, তাঁর প্রাসাদের গম্বুজ ভূমিসাথ হয়ে গেছে এবং দজলা নদীর স্রোতধারা প্রতিহত হয়ে গেছে। এসব ঘটনা দেখে তিনি অত্যন্ত চিন্তিত হলেন। তিনি অতিন্দ্রিয়বাদী, জ্যোতির্বিদ ও যাদুকরদেরকে দরবারে তলব করলেন এবং বললেনঃ এ সম্পর্কে চিন্তাভাবনা কর। তারা চিন্তা ভাবনা শুরু করলে তাদের উপর আকাশের চতুর্পার্শ ঝুঁক করে দেয়া হল, পৃথিবী অঙ্ককারাঞ্চল হয়ে গেল এবং তারা স্বীয় শাস্ত্রে ব্যর্থ ও অপমানিত হয়ে গেল। সে মতে কোন যাদুকরের যাদু, অতীন্দ্রিয়বাদীর কলাকৌশল এবং জ্যোতির্বীর জ্যোতির্বিদ্যা কার্যকর রইল না।

অপরদিকে খায়েব অঙ্ককার রাতে এক ঢিলার উপর গমন করে এক বিদ্যুৎচৰ্ছটা দেখতে পেল, যা হেজায়ের দিক থেকে প্রকাশ পেয়ে পূর্ব দিগন্ত পর্যন্ত পৌছে গেল। সকাল বেলায় সে নিজের পায়ের নিচে তাকিয়ে একটি সবুজ সতেজ উদ্যান দেখতে পেল। এই অস্বাভাবিক ঘটনা সম্পর্কে সে মন্তব্য করলঃ আমি যা দেখতে পাই, তা সত্য হলে হেজায় থেকে এক বাদশাহ আত্মপ্রকাশ করবেন, তাঁর প্রভাব দূর প্রাচ্যদেশ পর্যন্ত পৌছে যাবে।

বিষয়টি নিয়ে অতীন্দ্রিয়বাদীরা যখন পরম্পরে আলোচনায় বসল, তখন একে অপরকে বললঃ তোমরা জান যে, তোমাদের ও তোমাদের শাস্ত্রের মধ্যে কি বন্ধু অস্তরায় হয়েছে। সেই বন্ধুত্ব হচ্ছেন সদ্য আবির্ভূত একজন নবী। তিনি এই দেশ দখল করে নিবেন এবং বাদশাহীর পরম্পরা ছিন্নবিচ্ছিন্ন করে দিবেন।

ওয়াকেদী ও আবু নয়ীম হয়রত মোহাম্মদ ইবনে কাব থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি ৮ হিজরীতে পারস্য রাজ্যের রাজধানী মাদায়েনে গেলাম। পারস্য স্ট্রাটের অতুলনীয় প্রাসাদ ও অট্টালিকারাজি দেখে আমি বিস্ময়ে অভিভূত হয়ে পড়লাম। সেখানকার জন্মেক বৃক্ষ ব্যক্তি আমাকে বললঃ পারস্য-রাজ সর্বপ্রথম যে অতীতিকর বিষয় জানতে পারেন, তা ছিল এই যে, যে রাতে নবী করীম (সাঃ)-এর কাছে ওহী আগমন করে, সে রাতে তার প্রাসাদের গম্বুজ ভূমিস্যাথ হয়ে যায় এবং দজলা নদীর স্রোতধারা বিছিত হয়।

ওয়াকেদী ও আবু নয়ীম হয়রত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন নবী করীম (সাঃ) নবুওত প্রাণ হলেন, তখন প্রত্যেক প্রতিমা উপুড় হয়ে গেল। শয়তানরা অভিশপ্ত ইবলীশকে এ সম্পর্কে অবহিত করলে সে বললঃ একজন নবী প্রেরিত হয়েছেন। তোমরা তাঁকে তালাশ কর। তারা বললঃ কোন নবী আমরা পাইনি। ইবলীশ বললঃ আমি তাঁকে তালাশ করছি। সে মতে ইবলীশ নবী করীম (সাঃ)-এর খোজে বের হল। সে মন্তব্য তাঁকে পেল। অতঃপর সে শয়তানদের কাছে গিয়ে বললঃ আমি এই নবীকে পেয়েছি। কিন্তু তাঁর সাথে জিবরাইল রয়েছেন।

আবু নয়ীম হুলিয়া গ্রন্থে মোজাহিদ থেকে রেওয়ায়েত করেছেন যে, ইবলীশ চারবার ফরিয়াদ ও আহাজারি করেছে— প্রথমবার যখন সে অভিশপ্ত ও বিতাড়িত হয়। দ্বিতীয়বার যখন তাকে পৃথিবীতে নামিয়ে দেয়া হয়। তৃতীয়বার যখন রসূলে আকরাম (সাঃ) প্রেরিত হন এবং চতুর্থবার যখন সুরা ফাতিহা নামিল করা হয়।

নবী (সাঃ)-এর আবির্ভাবের কারণে আকাশের হেফায়ত

আল্লাহ তায়ালা জিনদের উক্তির আলোচনা প্রসঙ্গে বলেনঃ

وَإِنَّا لَمُشَتَّنَا السَّمَاءَ فَوْجَدْنَاهَا مُلْكَتْ حَرَسًا شَدِيدًا
وَشُهَبَّاً وَأَنَا كُتَّانَقْعُدْ مِنْهَا مَقَاعِدَ لِلسَّمَعِ فَمَنْ يَسْتَمِعُ إِلَآنَ
يَجِدُ لَهُ شَهَابَارَهَدًا

(জিনেরা পরম্পরে বলাবলি করেছিল) আমরা আকাশের তথ্য সংগ্রহ করতে চেয়েছিলাম। কিন্তু আমরা দেখলাম কঠোর অহরী ও উক্তাপিণ্ড দ্বারা আকাশ পরিপূর্ণ। পূর্বে আমরা আকাশের বিভিন্ন ধাঁচিতে সংবাদ শুনার জন্যে বসতাম। কিন্তু এখন কেউ সংবাদ শুনতে চাইলে তার উপর নিষ্কেপের জন্যে প্রস্তুত জুলন্ত উক্তাপিণ্ডের সম্মুখীন হতে হয়। (সুরা জিন)

ইমাম আহমদ ও বায়হাকী সায়িদ ইবনে জুবায়রের তরিকায় হয়রত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, শয়তানরা আকাশের দিকে আরোহণ করত, ওহীর বিষয়বন্ধু শুনত, অতঃপর পৃথিবীতে এসে খুত বিষয়বন্ধুর সাথে আরও সংযোজন করে মানুষের কাছে বর্ণনা করত। তাদের এ কর্মপদ্ধারী আবহমান কাল থেকে চলে আসছিল। অবশেষে আল্লাহতায়ালা নবী করীম (সাঃ)-কে প্রেরণ করলেন। তখন থেকে তাদের সে সব ধাঁচিতে বসা নিষিদ্ধ ও বন্ধ করে দেয়া হল। শয়তানরা এ ঘটনা ইবলীশের কাছে বর্ণনা করলে সে বললঃ পৃথিবীতে কোন বিরাট

ঘটনা সংঘটিত হয়েছে। সে ঘটনাটি কি, তা তদন্ত করার জন্যে ইবলীস শয়তানদেরকে প্রেরণ করল। তারা এসে রসূলে করীম (সাঃ)-কে কোরআন তেলাওয়াতে রত দেখল। তারা বললঃ আল্লাহর কসম, এটাই সেই ঘটনা। ইবনে আববাস (রাঃ) বর্ণনা করেনঃ শয়তানদেরকে আগনের গোলা দ্বারা হত্যা করা হয়। যখনই কোন তারকা মানুষের দৃষ্টি থেকে উধাও হয়ে যায়, তখনই বুঝতে হবে যে, তারকাটি শয়তানকে পেয়েছে এবং আঘাত করেছে। তারকা শয়তানের মুখমণ্ডল, পাঁজর ও হাত জুলিয়ে দেয়।

হ্যরত ইবনে আববাস (রাঃ) রেওয়ায়েত করেন যে, আকাশে জিনদের প্রতিটি দলের বসার জন্যে জায়গা ছিল। তারা সেখান থেকে ওহীর বিষয়বস্তু শুনত এবং অতীন্দ্রিয়বাদীদের কাছে এসে বর্ণনা করত। আল্লাহ তায়ালা নবী করীম (সাঃ)-কে নবুওত দান করার পর শয়তানদেরকে সেখান থেকে তাড়িয়ে দিলেন। যখন আরবের অতীন্দ্রিয়বাদীদের কাছে জিনদের তরফ থেকে সংবাদ আসা বন্ধ হয়ে গেল, তখন তারা বলতে লাগলঃ আকাশের জিন ধৰ্মস হয়ে গেছে। এরপর তারা এই পহ্তা অবলম্বন করল যে, উটওয়ালারা প্রতিদিন একটি উট, গরু ওয়ালারা প্রতিদিন একটি গরু এবং ছাগল ওয়ালারা প্রতিদিন একটি ছাগল বলী দিতে শুরু করল। ইবলীশ বললঃ পৃথিবীতে কোন বড় ঘটনা ঘটেছে। আমার কাছে প্রত্যেক জায়গার মাটি নিয়ে এস। তার চেলারা মাটি নিয়ে এল। সে প্রত্যেক জায়গার মাটির ধ্রাগ নিল। মক্কার মাটির ধ্রাগ নিয়ে সে বললঃ এখানেই ঘটনাটি ঘটেছে। সে দ্রুতগতিতে মক্কায় পৌছে দেখল যে, রসূলুল্লাহ (সাঃ) প্রেরিত হয়েছেন।

বায়হাকী আওফীর সনদ সহকারে হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, যেদিন রসূলুল্লাহ (সাঃ) নবুওয়াতের ঘোষণা দিলেন, সেদিনই শয়তানদেরকে বাধা দেয়া হল এবং তাদের উদ্দেশ্যে জুলন্ত উচ্চাপিণ্ড নিষ্কিঞ্চ হল। ইবলীশ বললঃ কোন ভূখণ্ডে নবী প্রেরিত হয়েছেন তোমরা যেয়ে তালাশ কর। শয়তানরা ব্যর্থ হয়ে ফিরে এল। নবুওয়াতের কোন চিহ্ন তারা পেল না। এরপর খোদ ইবলীশ মক্কায় এল। সে রসূলে করীম (সাঃ)-কে হেরা গিরিগুহা থেকে বের হয়ে আসতে দেখল। এরপর ইবলীশ তার চেলাচামুণ্ডাদের মধ্যে ফিরে গেল এবং তাদেরকে অবহিত করল।

ইবনে আববাস (রাঃ) বর্ণনা করেন- হ্যরত ঈসা (আঃ) ও রসূলুল্লাহ (সাঃ)-এর মাঝখানে যে অন্তর্বর্তীকাল ছিল, তাতে আকাশের হেফায়ত করা হত না। শয়তানরা আকাশের মাটিসমূহে কথাবার্তা শুনার জন্যে যেয়ে বসত। যখন আল্লাহতায়ালা নবী করীম (সাঃ)-কে প্রেরণ করলেন, তখন আকাশে কড়া পাহাড়া বসিয়ে দেয়া হল এবং শয়তানরা নিহত হতে লাগল।

ওয়াকেনী ও আবু নবীম হ্যরত উবাই ইবনে কাব (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, হ্যরত ঈসা (আঃ)-কে আকাশে উত্তোলনের পর থেকে উচ্চাপিণ্ড নিষ্কেপ করা হয়নি। নবী করীম (সাঃ)-এর নবুওয়াতপ্রাপ্তির পর আবার উচ্চাপিণ্ড নিষ্কেপ শুরু হয়। সে মতে কোরায়শদের কাছে এটা ছিল সম্পূর্ণ নতুন ব্যাপার, যা ইতিপূর্বে তারা কখনও দেখেনি। তারা নিজেদের জন্মগুলো ছেড়ে দিতে ও গোলাম আযাদ করতে শুরু করল। তারা বুঝল যে, প্রলয়ের সময় এসে গেছে। ছক্ষী গোত্রে তাই করতে লাগল। আবদে ইয়ালীল এই সংবাদ পেয়ে বললঃ তড়িঘড়ি করো না; বরং যে তারকা নিষ্কেপ করা হয়, তার পরিচয় জানা গেলে তা মানুষের ধৰ্মসের কারণ। আর যদি পরিচয় জানা না যায়, তবে তা এমন বিষয়ের কারণে, যা প্রকাশ পেয়েছে। এ কথা শুনে আরবরা গভীরভাবে লক্ষ্য করে দেখল যে, নিষ্কিঞ্চ তারকাগুলো পরিচয়ের বাইরে। তারা আবদে ইয়ালীলকে এ সম্পর্কে অবহিত করলে তিনি বললেনঃ এটা একজন নবীর আবির্ভাবের সময়। এর কিছুদিন পরেই আবু সুফিয়ান ইবনে হরব তায়েক আসে এবং সংবাদ দেয় যে, মোহাম্মদ ইবনে আবদুল্লাহ আত্মপ্রকাশ করেছেন এবং তিনি প্রেরিত নবী হওয়ার দাবী করেন। এ সংবাদ শুনে আবদে ইয়ালীল বললেনঃ এ কারণেই তারকা নিষ্কিঞ্চ হয়।

ইবনে সাদ এয়াকুব ইবনে ততো ইবনে মুগীরা থেকে রেওয়ায়েত করেন যে, তারকা নিষ্কেপের ঘটনা দেখে আরবে ছক্ষীক গোত্রের লোকজন সর্বপ্রথম ভীত সন্তুষ্ট হয়। তারা আমর ইবনে উমাইয়ার কাছে যেয়ে বললঃ আপনি নতুন আত্মপ্রকাশ কারী বিষয়টি দেখেছেন কি? সে বললঃ হাঁ, আমি দেখেছি। তোমরা লক্ষ্য করে দেখ, যদি সেগুলো বড় বড় নক্ষত্র হয়, যদ্বারা দিক ও পথ জানা যায় এবং গ্রীষ্ম ও শীত জানা যায়, তবে তাদের সেগুলোর হওয়া প্রলয় ও মানব জাতির ধৰ্মসের আলাগত। আর যদি সেগুলো প্রসিদ্ধ তারকা ছাড়া অন্য অখ্যাত তারকা হয়, তবে এটা আল্লাহতায়ালার ইচ্ছার অধীনে হয় এবং সেই ইচ্ছা হচ্ছে একজন নবীর আবির্ভাব, যিনি আরবে প্রেরিত হবেন। তাঁর কারণে এসব ঘটনা ঘটেছে।

খারায়েতী হাকায়েক গ্রন্থে এবং ইবনে আসাকির মেরদাস ইবনে কায়স থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে উপস্থিত হয়ে অতীন্দ্রিয়বাদ ও নবী করীমের (সাঃ) আত্মপ্রকাশের কারণে অতীন্দ্রিয়বাদীদের সংবাদ আদান-প্রদান বিচ্ছিন্ন হওয়া সম্পর্কে আলোচনা করলামঃ আমাদের এখানে খালছা নামী এক বাঁদী ছিল। তার সম্পর্কে আমরা ভাল ছাড়া অন্য কিছু জানতাম না। যে আমাদের কাছে এসে বললঃ হে দণ্ড গোত্রের লোকজন! তোমরা আমার মধ্যে ভাল ছাড়া অন্য কোন বিষয় জাননি। কিন্তু অন্য বিষয়ও আমার মধ্যে আছে। আমরা প্রশ্ন করলামঃ সে বিষয়টি কি? সে বললঃ আমি আমার ছাগল চৰাছিলাম। হঠাৎ এক অঙ্ককার এসে আমাকে ঘিরে ফেলল। আমি

অনুভব করলাম যে, কোন এক অজ্ঞাত পুরুষ যেন আমাকে সংশোগ করছে। আমি গর্ভবতী হয়ে গেলাম। অতঃপর যখন প্রসবের সময় এল, তখন এমন এক ছেলে সন্তান ভূমিষ্ঠ হল, যার লম্বা ও ঝুলন্ত উভয় কান কুকুরের কানের মত ছিল। সেই ছেলে আমাদের মধ্যে বড় হয়ে একদিন অন্য ছেলেদের সাথে খেলাধুলা করছিল। হঠাতে সে বাস্প দিয়ে উঠল, পরিধেয় বন্ধু খুলে দূরে নিক্ষেপ করল এবং উক্তস্থরে হায় হায় বলল। অতঃপর সে করতে লাগলঃ আল্লাহর কসম, পাহাড়ের এই ঘাঁটির অপর পার্শ্বে অশ্বারোহী দল আছে এবং তাদের মধ্যে আছে এক সুশ্রী যুবক।

এ কথা শুনে আমরা দৌড়ে সেখানে গেলাম এবং অশ্বারোহী দলকে বিতাড়িত করে তাদের মাল লুটে নিলাম।

সেই ছেলেটি আমাদের কাছে যা বলত, তা অক্ষরে অক্ষরে সত্য হত। ইয়া রসূলুল্লাহ! যখন আপনার আবির্ভাবের সময় এল, তখন সে আমাদেরকে যে সব সংবাদ বলত, তা মিথ্যা হত। আমরা তাকে বললামঃ ব্যাপার কি, তুমি যা বল, সব মিথ্যা হয় কেন? ছেলেটি বললঃ আমি কিছুই জানি না। যে আমাকে সত্যবাদী করেছিল, সে-ই আমাকে মিথ্যবাদী করেছে। তোমরা আমাকে তিনদিন পর্যন্ত গৃহবন্দী করে রাখ। এরপর আমার কাছে এস। আমরা তাই করলাম। তিনদিন পর এসে গৃহের দরজা খুললাম। দেখি কি, সেই বালক একটি অঙ্গারের মত পড়ে আছে। সে বললঃ হে দউস গোত্রের লোকজন! আকাশে পাহাড়া বসানো হয়েছে এবং সর্বশ্রেষ্ঠ পরগাম্বর আত্মপ্রকাশ করেছেন। আমরা তাকে জিজ্ঞাসা করলামঃ কোথায় আত্মপ্রকাশ করেছেন? সে বললঃ মক্কায়। এখন আমি মৃত। তোমরা আমাকে এক পাহাড়ের চূড়ায় দাফন করে দিয়ো। আমি অগ্নি প্রজ্বলিত করব তোমরা যখন আমার অগ্নি প্রজ্বলিত করা দেখবে, তখন আমাকে তিনটি পাথর মারবে। প্রত্যেক পাথর মারার সময় “বিইসমিকা আল্লাহছমা” বলবে। এরপর আমার প্রজ্বলন বন্ধ হয়ে যাবে এবং আমি স্থির ও ঠাণ্ডা হয়ে যাব।

আমরা তাই করলাম। এরপর আমরা নবীর আবির্ভাবের সংবাদের অপেক্ষা করতে লাগলাম। অবশ্যে হাজীরা হজ্র শেষে আমাদের কাছে এল এবং তারা রসূলুল্লাহ (সাঃ)-এর আবির্ভাব সম্পর্কে আমাদেরকে অবহিত করল।

ইবনে সাদ ও আবু নয়ীম যুহরী থেকে রেওয়ায়েত করেছেন যে, ওহী মাঝপথে শ্রবণ করা হত। যখন ইসলাম এল, তখন জিনদেরকে এ কাজ থেকে বিরত রাখা হল। বনী-আসাদে সায়িরা নামী এক মহিলার একটি অনুগত জিন ছিল। ওহী শ্রবণের পথ রুক্ষ হয়ে যাওয়ার পর সেই জিন সায়িরার কাছে এল এবং তার বক্ষ দেশে প্রবেশ করে চীৎকার করে বলতে লাগলঃ পারাম্পরিক আলিঙ্গন মণ্ডকৃ হয়ে গেছে, তরবারি উজ্জ্বলিত হয়ে গেছে এবং এমন বিষয় এসেছে, যা প্রতিহত করার সাধ্য কারও নেই। আহমদ (সাঃ) যিনি হারাম করেছেন।

বায়হাকী যুহরী থেকে বর্ণনা করেছেন- আল্লাহতায়ালা শয়তানদেরকে আকাশের কথাবার্তা শ্রবণ থেকে নক্ষত্রাজির মাধ্যমে বাধা প্রদান করেছেন। অতীন্দ্রিয়বাদ বিচ্ছিন্ন হয়ে গেছে এবং এর কোন অংশ এখন অবশিষ্ট নেই।

ওয়াকেদী ও আবু নয়ীম নাফে' ইবনে জুবায়র থেকে রেওয়ায়েত করেছেন যে, হ্যরত ইসার (আঃ) পর অন্তবর্তীকালে শয়তানরা আকাশের আলাপ আলোচনা খনত এবং তাদের প্রতি উক্কাপিণ্ড নিক্ষেপ করা হত না। কিন্তু যখন নবী করীম (সাঃ) প্রেরিত হলেন, তখন তাদের প্রতি উক্কাপিণ্ড নিষিক্ষণ্ঠ হতে লাগল।

ওয়াকেদী ও আবু নয়ীম আতা থেকে এবং তিনি হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, শয়তানরা ওহীর কথাবার্তা শ্রবণ করত। যখন আল্লাহ তায়ালা রসূলুল্লাহ (সাঃ)কে প্রেরণ করলেন, তখন শয়তানরা বাধাপ্রাণী হল। তারা ইবলীশের কাছে এ বিষয়ে অভিযোগ করলে সে বললঃ কোন বড় ঘটনা সংঘটিত হয়েছে। সে আবু কোবায়স পাহাড়ে আরোহণ করে দেখল, রসূলুল্লাহ (সাঃ) মকামে-ইবরাহীমের পিছনে নামায় পড়ছেন। ইবলীশ বললঃ আমি এখনি তাঁর ঘাড় ঘটকে দেয়ার জন্যে যাচ্ছি। এহেন মন্দ উদ্দেশ্য নিয়ে সে এল। তখন জিবরাইল (আঃ) রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে ছিলেন। তিনি এই অভিশঙ্গকে লাধি মেরে বহু দূরে নিক্ষেপ করলেন।

ওয়াহেদী ও আবু নয়ীম মোজাহিদ থেকেও একই ধরনের রেওয়ায়েত করেছেন।

আবু নয়ীম হ্যরত আনাস ইবনে মালেক থেকে রেওয়ায়েত করেন যে, যখন নবী করীম (সাঃ) প্রেরিত হলেন, তখন ইবলীশ তাঁকে প্রতারিত করতে এল। জিবরাইল (আঃ) তার উপর ঝাঁপিয়ে পড়লেন এবং ইবলীশকে তাঁর ক্ষদ্রদেশ থেকে আলাদা করে জর্দান উপত্যকায় নিক্ষেপ করলেন।

আবু শায়খ, তিবরানী ও আবু নয়ীম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) মক্কা মোকাররমায় সিজদারত ছিলেন। অভিশঙ্গ ইবলীশ তাঁর ঘাড় পিট করে দেয়ার অভিপ্রায় নিয়ে অগ্রসর হল। জিবরাইল (আঃ) এমন এক ফোক মারলেন যে, জর্দান না পৌঁছা পর্যন্ত তার পা কোথাও ঠেকল না।

কোরআনের মোজেয়া

আল্লাহপাক এরশাদ করেনঃ

فُلَّيْشِنِ اجْتَمَعَتِ الْأَنْسُ وَالْجِنُّ عَلَىٰ أَنْ يَأْتُوا بِمِثْلِهِ
الْقُرْآنَ لَا يَأْتُونَ بِمِثْلِهِ وَلَوْ كَانَ بَعْضُهُمْ لِبَعْضٍ ظَهِيرًا

হে শব্দ! বলে দিন, যদি মানব ও জিনজাতি সম্মিলিত হয়ে এই কোরআনের অনুরূপ কালাম আনার চেষ্টা করে, তবে তারা এর অনুরূপ কালাম আনতে পারবে না, যদিও একে অপরের সাহায্য করে।

আল্লাহ তায়ালা আরোও বলেনঃ

وَإِنْ كُنْتُمْ فِي رَيْبٍ مِّمَّا نَزَّلْنَا عَلَىٰ عَبْدِنَا فَأَتُوا بِسُورَةٍ مِّنْ
مِّثْلِهِ وَادْعُوا شُهَدَاءَ كُمْ مِّنْ دُونِ اللَّهِ إِنْ كُنْتُمْ صَادِقِينَ فَإِنْ لَمْ
تَفْعِلُوا وَلَنْ تَقْعُلُوا فَاقْتُلُوا الشَّارِ الْآية

ঃ আমার বাদ্দার প্রতি অবতীর্ণ কালাম সম্পর্কে তোমাদের কোন সন্দেহ থাকলে এর অনুরূপ একটি সূরা নিয়ে আস এবং তোমাদের সকল শরীককে ডেকে না ও আল্লাহ ছাড়া; যদি তোমরা সত্যবাদী হও। এরপর যদি তোমরা না পার এবং কথনও পারবে না, তবে অগ্রিকে ভয় কর।

আল্লাহ তায়ালা আরো বলেঃ

فَلَيَاتُوا بِحَدِيثٍ مِّثْلِهِ إِنْ كَانُوا صَادِقِينَ

তারা সত্যবাদী হলে কোরআনের অনুরূপ একটি আয়াতই নিয়ে আসুক।

ইমাম বুখারী হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রসূলে করীম (সাঃ)-এর এই উক্তি বর্ণনা করেন যে— প্রত্যেক পয়গাম্বরকেই এমন বিষয় দেয়া হয়েছে, যার প্রতি মানুষ ঈমান আনবে। আমাকে যা দেয়া হয়েছে, তা হচ্ছে ওহী। এই ওহী আল্লাহ তায়ালা আমার কাছে প্রেরণ করেছেন। আমি আশা করি সকল পয়গাম্বর অপেক্ষা আমার অনুসারীর সংখ্যা অধিক হবে।

আলেমগণ বলেনঃ এই হাদীসের উদ্দেশ্য এই যে, পয়গাম্বরগণের মোজেয়াসমূহ তাঁদের জীবৎকাল সমাপ্ত হওয়ার সাথে সাথে সমাপ্ত হয়ে গেছে। এসকল মোজেয়া কেবল তারাই প্রত্যক্ষ করেছেন, যারা পয়গাম্বরগণের আমলে বিদ্যমান ছিলেন। কিন্তু কোরআনুল করীমের-মোজেয়া কিয়ামত পর্যন্ত অব্যাহত থাকবে। কোরআন-পাক স্থীয় বর্ণনাভঙ্গি, প্রাঞ্জলতা ও অদৃশ্য বিষয়ের সংবাদ দেয়ার ব্যাপারে অলৌকিক ক্ষমতাসম্পন্ন। এমন কোন কাল অতিক্রান্ত হয় না, যার মধ্যে কোরআন পাকের বর্ণিত সংবাদসমূহের মধ্যে কোন না কোন একটি ভবিষ্যতবাণী আল্পস্থকাশ না করে। এসব বিষয় কোরআন পাকের বিশুদ্ধতা-দাবীর স্বপক্ষে প্রকৃত প্রমাণ।

উপরোক্ত হাদীসের এ উদ্দেশ্যও বর্ণনা করা হয়েছে যে, পূর্ববর্তী মোজেয়াসমূহ ইল্লিয়গ্রাহ্য ছিল। চর্মচক্র দিয়ে সেগুলো প্রত্যক্ষ করা হত; যেমন হ্যরত ছালেহ (আঃ)-এর উন্নী এবং হ্যরত মুসা (আঃ)-এর লাঠি। এর বিপরীতে কোরআনী মোজেয়াসমূহ অন্তরচক্র দ্বারা প্রত্যক্ষ করা হয়। সুতরাং যারা অন্তর্দৃষ্টি দ্বারা পরিচালিত হয়ে কোরআনের অনুসরণ করে তাদের সংখ্যা বেশি না হয়ে পারে না। কেননা, যে মোজেয়া চর্মচক্র দিয়ে অবলোকন করা হয়, তা অবলোকনকারীর গতায় হয়ে যাওয়ার কারণে বিচ্ছিন্ন হয়ে যায়। আর যে বিষয় জ্ঞানের চক্ষু দিয়ে প্রত্যক্ষ করা হয়, তা অবশিষ্ট থাকে। যারা প্রথম প্রত্যক্ষকারীদের পরে আসে, তারা সর্বদা তা প্রত্যক্ষ করতে থাকে।

হাফেয় ইবনে হজর বলেনঃ উপরোক্ত উভয় ব্যাখ্যার সম্মিলন এক বাক্যের মধ্যে সম্ভবপর। কেননা, উভয় উক্তির সারমর্ম একটি অপরাটির পরিপন্থী নয়।

হাকেম ও বায়হাকী ইকরামা থেকে এবং তিনি হ্যরত ইবনে আবুবাস (রাঃ) থেকে রেওয়ায়তে করেন যে, ওলীদ ইবনে মুগীরা নবী করীম (সাঃ)-এর সামনে উপস্থিত হলে তিনি তার সামনে কোরআন পাক তেলাওয়াত করলেন। এতে তার অন্তর বিগলিত হল। আবু জহল এ সংবাদ অবগত হয়ে ওলীদের কাছে গেল এবং বললঃ চাচা! কোরায়শরা আপনার জন্যে ধনসম্পদ একত্রিত করতে চায়। ওলীদ বললঃ কেন? আবু জহল বললঃ আপনাকে দেয়ার জন্যে। কেননা, আপনি মোহাম্মদের কাছে গিয়েছিলেন। তাঁর কাছে যা আছে, আপনি তা দ্বারা প্রভাবিত হচ্ছেন। ওলীদ বললঃ কোরায়শরা জানে যে, আমি তাদের মধ্যে সর্বাধিক ধনী ব্যক্তি। আবু জহল বললঃ আচ্ছা, মোহাম্মদ সম্পর্কে এমন কোন কথা বলুন, যদ্বারা আপনার কওম বুঝতে পারে যে, আপনি তাঁর প্রতি বিশ্বাসী নন।

ওলীদ জওয়াব দিলঃ আমি কি বলবঃ তোমাদের মধ্যে কেউ সমরসঙ্গীত ও স্তুতিগাথায় আমার চেয়ে অধিক বিজ্ঞ নেই। মোহাম্মদ যা বলেন, কবিতার সাথে তার কোন মিল নেই। এতদসত্ত্বেও তাঁর বর্ণিত বাক্যসমূহে অসাধারণ মিষ্টিতা, অপূর্ব সৌন্দর্য ও মুন্ফকরতা আছে। তাঁর উক্তি সকল উক্তির সেরা এবং কোন উক্তি তাঁর উক্তির চেয়ে শ্রেষ্ঠ নয়। তাঁর উক্তি অন্য সকল মহৎবাণীকে আচ্ছন্ন করে দেয়। আবু জহল বললঃ আপনার কওম আপনার প্রতি সন্তুষ্ট হবে না, যে পর্যন্ত আপনি মোহাম্মদ সম্পর্কে কোন মন্দ কথা না বলেন। ওলীদ বললঃ আচ্ছা, আমাকে চিন্তা-ভাবনা করার সময় দাও। সেমতে চিন্তাভাবনার পর ওলীদ বললঃ এটা তো সেই যাদু, যা আমরা একে অপরের কাছ থেকে বর্ণনা করি। এই ঘটনার পর নিম্নোক্ত আয়াত অবতীর্ণ হয়ঃ -

ذُرْنَىٰ وَمَنْ خَلَقْتُ وَجِيدًا وَجَعَلْتُ لَهُ مَالًا مَسْدُودًا - وَبَشِّئَ

شَهُودًا - وَمَهْدُتْ لَهُ تَمِيّدًا مُّمْبَطِعٌ أَنْ أَزِيدَ كَلَّا إِنَّهُ كَانَ لَا
تَأْنِيَةً عَنِيًّادًا سَارِهُقَهُ صَعُودًا إِنَّهُ فَكَرْ وَقَدْرَ فَقْتِيلَ كَيْفَ قَدَرْ تَمْ
فَتِيلَ كَيْفَ قَدَرْ تَمْ نَظَرْ تَمْ عَبَسَ وَبَسَرْ ثُمَّ أَدْمَرَ وَاسْتَكْبَرَ فَقَالَ
إِنَّهَا سَحْرِ يُوْثُرْ إِنَّهَا لَا قَوْلُ الْبَشَرِ سَاصِلِيَّهُ سَقَرَ

আমার হাতে ছেড়ে দাও তার জন্য যাকে আমি অসাধারণ করে সৃষ্টি করেছি। তাকে আমি দিয়েছি বিপুল ধন-সম্পদ এবং নিয়সঙ্গী পুত্রগণ এবং তাকে দিয়েছি স্বচ্ছ জীবনের প্রচুর উপকরণ। এরপরও সে কামনা করে যে, আমি তাকে আরও অধিক দেই। না, তা হবে না। সে আমার নির্দশনসমূহের বিবুদ্ধাচরণে বন্ধপরিকর। আমি তাকে ক্রমবর্ধমান শাস্তি দ্বারা আচ্ছন্ন করব। সে চিন্তা করল এবং সিদ্ধান্ত গ্রহণ করল। অভিশপ্ত হোক সে, সে কেমন করে এ সিদ্ধান্তে উপনীত হল। সে আবার চেয়ে দেখল। অতঃপর সে ভক্তুপ্রিত করল এবং মুখ বিকৃত করল। অতঃপর সে পিছিয়ে গেল এবং অহংকার করল এবং ঘোষণা করল : এটা তো লোক-পরম্পরায় প্রাণ যাদু ছাড়া আর কিছু নয়। এটা মানুষেরই উত্তি। আমি তাকে নিষ্কেপ করব সর্বনিকৃষ্ট জাহানামে।

ইবনে ইসহাক ও বায়হাকী ইকরামা থেকে এবং তিনি হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওলীদ ইবনে মুগীরা ও কোরায়শদের একটি দল সমবেত হল। ওলীদ ছিল তাদের মধ্যে সর্বাধিক প্রবীণ। হজ্জের দিনও আসন্ন ছিল। ওলীদ বলল : আরবের বিভিন্ন গোত্রের প্রতিনিধিত্বকারী লোকজন তোমাদের কাছে আসবে। তারা রসূলুল্লাহ (সাঃ) সম্পর্কে শনেছে। সুতরাং এ ব্যাপারে তোমরা নিজেদের মধ্যে ঐক্যমত্য করে নাও। সবারই যেন এক কথা হয়। তোমাদের কারও কথা যেন অন্য কারও কথাকে খণ্ডন ও মিথ্যা প্রতিপন্ন না করে।

সকলেই বলল : আবদুশ-শামস! আপনিই আমাদের জন্যে একটি মত হিঁস করে দেন, যার উপর আমরা সকলেই কায়েম থাকি। ওলীদ বলল : না, তোমরাই বল। আমি শুনি তোমরা কি বল। তারা বলল : আমরা তাঁকে অতীন্দ্রিয়বাদী বলব।

ওলীদ বলল : মোহাম্মদ অতীন্দ্রিয়বাদী নয়। আমি অতীন্দ্রিয়বাদীদেরকে দেখেছি। তার কথা তাদের বাক্ধারার সাথে কোন সম্পর্ক রাখে না। লোকেরা বলল : তা হলে আমরা উন্মাদ বলব। ওলীদ বলল : সে উন্মাদ নয়। আমরা ভালো উন্মাদ দেখেছি, টিনেছি। উন্মাদ তোধের তীক্ষ্ণতা, মনের খটকা এবং জলনা কল্পনা দ্বারা ভাড়িত হয়ে কথা বলে। তার কথা একই নয়।

কোরায়শরা বলল : আমরা কবি বলব।

ওলীদ বলল, সে কবিও নয়। আমরা কবিতার সকল প্রকারই জানি। তার কথা কবিতার কোন প্রকারের মধ্যে পড়ে না। কোরায়শরা বলল, আমরা যাদুকর বলব। ওলীদ বলল, তার কথা যাদু নয়। আমরা যাদুকর ও তাদের যাদু দেখেছি। তারা কথা ফোঁকে এবং দম করে। তাদের যাদুর প্রাণ্টি থাকে।

কোরায়শরা বলল, হে আবু আবদে শামস আপনি কি বলেন? ওলীদ বলল, আল্লাহর কসম, মোহাম্মদের কালামে অস্তুত মিষ্টতা আছে। তাঁর কথার শিকড় ফলে পরিপূর্ণ এবং পাকা, তরতজা ও ফলন্ত। তোমরা যা যা বললে, সবগুলোই বাতিল ও অসার প্রতিপন্ন হয়ে যাবে। বরং অধিকতর সমীচীন এই যে, তোমরা তাকে এমন যাদুকর বলবে, যে একজন মানুষ ও তার পিতা, ভাই, স্ত্রী এবং গোত্রের মধ্যে বিচ্ছিন্নতা সৃষ্টি করে দেয়। একথা শুনে সকলেই ওলীদের কাছ থেকে প্রস্তাব করল ; যখন হজ্জের মওসুম এল এবং চতুর্দিক থেকে মানুষ আসতে শুরু করল, তখন কোরায়েশরা আগস্তুকদেরকে বিপ্রান্ত করার জন্যে রাস্তার মোড়ে মোড়ে বসে গেল। যে কেউ তাদের কাছ দিয়ে গমন করত, তাকেই রসূলে করীম (সাঃ)-থেকে সতর্ক থাকতে বলে দিত। সেমতে আল্লাহ তায়ালা ওলীদ সম্পর্কে উপরোক্ত আয়াত নাযিল করেন। ওলীদ আল্লাহ তায়ালার কালাম ও রসূলুল্লাহ (সাঃ)-সম্পর্কে মানুষের সাথে আলাপ-আলোচনা করত। তার কাছে যারা বসত, তারা তার কথার প্রশংসন করত। তাদের সম্পর্কে আল্লাহ তায়ালা এ আয়াত নাযিল করেনঃ

الَّذِينَ جَعَلُوا الْقُرْآنَ عِضِيبًا فَوَرِبَكَ لَنْسَلَنَّهُمْ أَجْمَعِينَ

- অর্থাৎ যারা কোরআনের বিভিন্ন বিষয়াবলীকে খন্ডন করেছে, আপনার প্রতিপাদাকের কসম, আমি অবশ্যই তাদেরকে জিজ্ঞাসা করব।

রাবী বর্ণনা করেন, আরবের লোকেরা নবী করীম (সাঃ)-এর খবর নিয়ে হজ্জ থেকে আপন আপন বাড়িঘরে প্রত্যাবর্তন করুল। এভাবে আরবের সকল শহরে রসূলুল্লাহ (সাঃ)-এর আলোচনা ছড়িয়ে পড়ল।

আবু নয়ীম আউফী থেকে এবং তিনি হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওলীদ আবু বকর হিন্দীক (রাঃ)-এর কাছে কোরআন সম্পর্কে জিজ্ঞাসা করতে আসে। হ্যরত আবু বকর (রাঃ) তাকে অবগত করলে সে কোরায়শদের কাছে গেল এবং বলল, ইবনে আবী কাবশা যে কথা বলে, তা খুবই আস্তর্যজনক। আল্লাহর কসম, সেটা না কবিতা, না যাদু, না পাগলামীর মত প্রসাপোত্তি। নিশ্চিতরপেই তার কথা খোদায়ী কালাম।

আবু নয়ীম সুর্দী, ছুরী, কলবী, আবু হালেহ, হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওলীদ খগোত্রীয় লোকদেরকে বলল, কাল হজ্জে সব

মানুষ জ্ঞানেত হবে। মোহাম্মদের কথা মানুষের মধ্যে ছড়িয়ে পড়েছে। কাল সকলেই তোমাদেরকে তাঁর সম্পর্কে জিজ্ঞাসাবাদ করবে। তখন তোমরা কি জবাব দিবে? সকলেই বলল, আমরা বলে দিব সে পাগল। ক্ষেত্রের তীব্রতায় কথা বলে। ওলীদ বলল, মানুষ তাঁর কাছে যাবে এবং তাঁর সাথে কথা বলবে। তাঁরা যখন তাঁকে বুদ্ধিমান ও শালীন বাক্যালাপকারী রূপে পাবে, তখন তোমাদেরকে মিথ্যাবাদী বলবে।

কোরায়শরা বলল, আমরা কবি বলব। ওলীদ বলল, আরবরা লোক-পরম্পরায় কবিতা বর্ণনা করে। মোহাম্মদের কালাম কবিতা নয়। তাঁরা তোমাদেরকে মিথ্যাবাদী সাব্যস্ত করবে।

কোরায়শরা বলল, আমরা বলে দিব যে, সে অতীন্দ্রিয়বাদী। ভবিষ্যতে সংঘটিতবা বিষয়াদী বলে। ওলীদ বলল, আরবরা অতীন্দ্রিয়বাদীদের সাথে মেলামেশা করে। যখন তাঁরা তাঁর উকি শুনবে এবং অতীন্দ্রিয়বাদের অনুরূপ পাবে না, তখন তোমরা মিথ্যাবাদী সাব্যস্ত হয়ে যাবে।

ইবনে ইসহাক, বায়হাকী ও আবু নয়ীম ইবনে আবুস (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, নয়র ইবনে হারেছ কেলদাহ দাঁড়িয়ে বলল, কোরায়শ সম্প্রদায়, তোমাদের উপর এমন বিষয় নায়িল হয়েছে যে, এ ধরনের বিষয়ের তোমরা কখনও সশুধীন হওনি। মোহাম্মদ (সাঃ) তোমাদের মধ্যে অল্পবয়স্ক, অধিকতর পছন্দনীয়, অধিক সত্যবাদী এবং বিশ্বস্ততায় সকলের সেরা ছিল। অবশেষে তোমরা যখন তাঁর কান ও মাথার মধ্যবর্তী স্থানে শুভ্রতা দেখলে তখন সে তোমাদের কাছে যা আনার এনেছে। তোমরা তাঁকে যাদুকর বলছ। আল্লাহর কসম, সে যাদুকর নয়। আমরা যাদুকর, তাঁদের যাদু ও গ্রহি দেখেছি। তোমরা তাঁকে অতীন্দ্রিয়বাদী বলেছ। অথচ সে তা নয়। আমরা অতীন্দ্রিয়বাদীদের অবস্থা দেখেছি। তাঁদের কথাবার্তা শুনেছি। তোমরা তাঁকে কবি বলেছ। সে কবি নয়। আমরা কবিতা বর্ণনা করেছি এবং সকল প্রকার কবিতা শুনেছি। তোমরা তাঁকে পাগল বলেছ। আল্লাহর কসম, সে পাগল নয়। আমরা পাগলামি দেখেছি। এটা পাগলের প্রলাপোক্তি নয়। হে কোরায়শ সম্প্রদায়! তোমরা নিজেদের সম্পর্কে চিন্তাভাবনা কর। তোমাদের উপর এক বিরাট বিষয় নেমে এসেছে।

ইবনে আবী শায়বা, বায়হাকী ও আবু নয়ীম হযরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবু জহল ও কোরায়শ নেতৃত্বে বলল, আমাদের মধ্যে মোহাম্মদের ব্যাপারটি ছড়িয়ে পড়েছে। আমাদের উচিত এমন ব্যক্তিকে তালাশ করা, যে যাদু, অতীন্দ্রিয়বাদ ও কবিতা সম্পর্কে ওয়াকিফহাল। সে গিয়ে মোহাম্মদের সাথে কথা বলবে, এরপর আমাদের কাছে এসে বর্ণনা করবে। একথা শুনে ওলীদ বলল, আমি কবিতা, অতীন্দ্রিয়বাদ ও যাদু সম্পর্কে থথেষ্ট জ্ঞান

রাখি। এমন কোন বিষয় থাকলে তা আমার কাছে গোপন থাকবে না। সেমতে ওলীদ বলল (সাঃ)-এর কাছে এল এবং বলল : মোহাম্মদ! আপনি শ্রেষ্ঠ, না হাশেম? আপনি শ্রেষ্ঠ, না আবদুল মোতালিব? আপনি শ্রেষ্ঠ, না আবদুল্লাহ? রসূলুল্লাহ (সাঃ) ওলীদকে কোন জবাব দিলেন না।

ওলীদ বলল, আপনি আমাদের উপাস্যদেরকে মন্দ বলেন কেন এবং আমাদের বাপদাদাকে ভাস্ত সাব্যস্ত করেন কেন? যদি আপনি নেতৃত্ব চান, তবে আমরা আমাদের ঝাঙা আপনার কাছে খাড়া করে দিব এবং আজীবন আপনি আমাদের নেতা থাকবেন। আর যদি আপনি বিবাহ করতে চান, তবে কোরায়শ বংশের যে সকল পরমাসনুরী ললনাকে আপনি বিয়ে করতে চাইবেন, তাঁদের মধ্য থেকে দশ জনকে আমরা আপনার বিবাহে সমর্পণ করব। আর যদি আপনি ধনসম্পদ পছন্দ করেন, তবে আমরা আপনার জন্যে অগাধ ধনরাশি একত্রিত করে দিব, যদ্বারা আপনি এবং আপনার পরবর্তী বংশধররা পরম সুখে জীবন যাপন করতে পারবে।

রসূলে করীম (সাঃ) নির্মতুর ছিলেন - কোন কথা বলছিলেন না। যখন ওলীদ তাঁর বক্তব্য সমাপ্ত করল, তখন তিনি নিম্নেক আয়াতসমূহ তেলাওয়াত করলেন :

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ - حَتَّمْ تَنْزِيلٍ مِّنْ لِرَحْمَنِ لِرَحِيمٍ كِتَابٌ
فُصِّلَتْ آيَاتُهُ قِرَأْنَا عَرِيَّا لِقَوْمٍ يَعْلَمُونَ... فَإِنَّ أَعْرَضُوا فَقُلْ
أَنذِرْنِكُمْ صَاعِقَةً مِثْلَ صَاعِقَةَ عَادٍ وَثَمُودٍ

হা-যীম! দয়ালু, পরম করুণাময় আল্লাহর নামে।

এটা দয়াময় পরম করুণাময়ের নিকট থেকে অবতীর্ণ। এটা এমন কিতাব যা অবতীর্ণ হয়েছে আরবী ব্লেরআনরূপে, বিশদভাবে বিবৃত হয়েছে এর আয়াতসমূহ জ্ঞানী সম্প্রদায়ের জন্যে, সুস্বব্ধাদাতা ও সতর্ককারীরূপে। কিন্তু তাঁদের অধিকাংশই বিমুখ হয়েছে। সুতরাং তাঁরা শুনবে না। তাঁরা বলে, তুমি যার প্রতি আমাদেরকে আহবান করছ, সে বিষয়ে আমাদের অন্তর আবরণে আচ্ছাদিত, কর্ণে আছে বধিরতা এবং তোমার ও আমাদের মধ্যে আছে অস্তরাল। সুতরাং তুমি তোমার কাজ কর এবং আমরা আমাদের কাজ করি। বলুন, আমি তো তোমাদের মতই একজন মানুষ, আমার প্রতি ওহী নায়িল করা হয় যে, তোমাদের উপাস্য একমাত্র উপাস্য। অতএব তাঁরই পথ অবলম্বন কর এবং তাঁরই নিকট ক্ষমা প্রার্থনা কর। মুশরিকদের জন্যে দুর্ভোগ, যারা যাকাত দান করে না এবং পরকালে অবিশ্বাস করে। যারা বিশ্বাস করে এবং সৎকর্ম করে, তাঁদের জন্যে রয়েছে নিরবচ্ছিন্ন পুরস্কার। বলুন, তোমরা কি তাঁকে অঙ্গীকার করবেই, যিনি পৃথিবী সৃষ্টি করেছেন,

দু'দিনে। তোমরা কি তাঁর সমকক্ষ দাঁড় করাতে চাও? তিনি বিশ্বজগতের প্রতিপালক। তিনি ভূপৃষ্ঠে অটল পর্বতমালা স্থাপন করেছেন, পৃথিবীতে রেখেছেন কল্যাণ এবং চারদিনের মধ্যে এতে ব্যবস্থা করেছেন খাদ্যের, সমানভাবে সুরক্ষার জন্যে যারা এর অনুসন্ধান করে। অতঃপর তিনি আকাশের দিকে মনোনিরেশ করলেন যা ছিল ধূর্ঘপুঁজি বিশেষ। অনন্তর তিনি তাকে ও পৃথিবীকে বললেন, তোমরা উভয়ে আশ্বার আদেশ পালনের জন্যে প্রস্তুত হও ইচ্ছায় অথবা অনিষ্টায়। তারা বলল, আমরা তো আনুগত্যের সাথে প্রস্তুত আছি। অতঃপর তিনি আকাশমণ্ডলকে দু'দিনে সঙ্গাকাশে পরিনত করলেন এবং প্রত্যেক আকাশের নিকট তার কর্তব্য ব্যক্ত করলেন। তিনি নিকটবর্তী আকাশকে সুশোভিত করলেন প্রদীপমালা দ্বারা এবং করলেন সুরক্ষিত। এসব প্রাক্রমশালী সর্বজ্ঞ আল্লাহ কর্তৃক সুবিন্যস্ত। এরপরও যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে তাদেরকে বলে দিন, আমি তো তোমাদেরকে সতর্ক করেছি এক ধৰ্মস্কর শাস্তি সম্পর্কে, যেমন শাস্তির সম্মুখীন হয়েছিল আদ ও সামুদ সম্প্রদায়। (সূরা হামিম আস্ম সিজদাহ)

এতটুকু শুনে ওতবা মুখ বঙ্গ করল এবং রসূলুল্লাহ (সা:) -কে কসম দিয়ে তেলাওয়াত থেকে বিরত থাকতে বলল। এরপর সে সঙ্গীদের কাছে না গিয়ে নিজেকে আলাদা করে নিল। আবু জহল বলল, কোরায়শগণ! আমরা ওতবাকে দেখছিন। মনে হয় সে মোহাম্মদের প্রতি ঝুকে পড়েছে। কোন প্রয়োজনের কারণে মোহাম্মদের খাদ্য তার পছন্দ হয়ে গেছে। চল, আমরা ওতবার কাছে যাই। সেমতে সকলেই ওতবার কাছে এল। আবু জহল বলল, ওতবা, তোমার সম্পর্কে আয়াদের ধারণা এই যে, তুমি মোহাম্মদের দিকে ঝুকে পড়েছ এবং তাঁর কথা তোমার পছন্দ হয়েছে। যদি তুমি ধনসম্পদ চাও, তবে আমরা তোমার জন্যে এই পরিমাণ ধন-সম্পদ জমা করে দিব, যা তোমাকে মোহাম্মদের খাদ্যের প্রতি অমুখাপেক্ষী করে দিবে। একথা শুনে ওতবা ক্রুদ্ধ হয়ে গেল সে রসূলুল্লাহ (রাঃ)-এর সাথে কখনও কথা বলবে না বলে কসম খেল। অতঃপর বলল, তোমরা ভালুকপেই জান যে, কোরায়শদের মধ্যে আমি সর্বাধিক ধনসম্পদশালীদের একজন। কিন্তু আমি তাঁর কাছে গিয়েছিলাম। তিনি আমাকে এমন কথা দিয়ে জবাব দিলেন, আল্লাহর কসম, যা না যাদু, না কবিতা বা অতীন্দ্রিয়বাদ। তিনি এ কথাগুলো তেলাওয়াত করলেন।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ - حَمْ تَنْزِيلٌ مِّنَ الرَّحْمَنِ الرَّحِيمِ
..... صَاعِقَةً مِثْلَ صَاعِقَةِ عَادٍ وَّثَمُودٍ

আমি আমার মুখ বঙ্গ করে নিলাম এবং দয়া ভিক্ষা চাইলাম। তোমরা ভাল করেই জান যে, মোহাম্মদ যখন কোন কথা বলে, ভুল বলে না। আমি আশংকা করলাম যে, কোথাও তোমাদের উপর কোন আয়াব নাখিল হয়ে যায়!

বায়হাকী ও আবু নয়ীম মোহাম্মদ ইবনে কাব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন, আমাকে বলা হয়েছে যে, ওতবা ইবনে রবীয়া জনেক কোরায়শীকে বলল, আমি মোহাম্মদের কাছে যাচ্ছি এবং অনেক বিষয় তাঁর সামনে পেশ করছি। সম্বরতঃ সে কর্তক বিষয় মেনে নিয়ে আমাদের বিরুদ্ধে স্বীয় কর্মতৎপরতা থেকে বিরত থাকবে।

কোরায়শীর বলল, হে আবুল ওলীদ! তুমি অবশ্যই যাও এবং তাঁর সাথে কথাবার্তা বল। রসূলে করীম (রাঃ) তখন মসজিদে ছিলেন। ওতবা তাঁর কাছে এসে বসে গেল। এরপর মোহাম্মদ ইবনে কাব পূর্বোন্নেতিত রেওয়ায়েতটি বর্ণনা করেছেন। কথাবার্তা শেষে রসূলুল্লাহ (সা:) তাকে বললেন, আবুল ওলীদ! তোমার কথা শেষ? সে বলল, হাঁ। রসূলুল্লাহ (সা:) বললেন, এবার আমার কথা শুন। ওতবা বলল, বলুন। রসূলে করীম (সা:) সূরা হা-মীম তেলাওয়াত করলেন। তিনি পাঠ করতে থাকলেন এবং ওতবা হতভম্ব হয়ে চুপচাপ শুনতে থাকল। সে উভয় হাত পিছনে নিয়ে তাতে ভর দিয়ে বসল। রসূলুল্লাহ (সা:) সেজদার আয়াতে পৌছে সেজদা করলেন। অতঃপর ওতবাকে জিজ্ঞাসা করলেন : আবুল ওলীদ! শুনেছু? সে বলল : শুনেছি। তিনি বললেন : এ হচ্ছে তোমার প্রশ্ন সমূহের জবাব। এখন তোমার মনে যা চায়, কর।

ওতবা ফিরে সঙ্গীদের কাছে গেল। তাদের একজন অপরজনকে বলল, আল্লাহর কসম, ওতবা যে মুখে গিয়েছিল, সে মুখে ফিরে আসেনি। ওতবা তাদের কাছে বসলে তারা জিজ্ঞাসা করল, কি খবর এনেছে? সে বলল, আল্লাহর কসম, আমি এমন কালাম শুনেছি, যা ইতিপূর্বে কখনও শুনিনি। এই কালাম না কবিতা, না যাদু এবং না অতীন্দ্রিয়বাদদের উক্তি। কোরায়শ সম্প্রদায়! তোমরা আমার আনুগত্য কর। আমাকে মোহাম্মদ ও তাঁর মিশনের হাতে ছেড়ে দাও এবং তাঁকে একাগ্রমনে থাকতে দাও। যে কথা আমি তাঁর কাছ থেকে শুনেছি, তাঁর মাধ্যমে একটি বিরাট ঘটনা ঘটবে। যদি সে আববের উপর প্রাধান্য বিস্তার করে, তবে তাঁর দেশ তোমাদের দেশ হবে এবং তাঁর সম্মান তোমাদের সম্মান হবে। এ কারণে তোমরা সৌভাগ্যশালী হয়ে যাবে।

এ কথা শুনে উপস্থিত কোরায়শীর বলল, আবুল ওলীদ, সে তাঁর আকর্ষণীয় বাক্যদ্বারা তোমার উপর যাদু করেছে। ওতবা বলল, তোমাদের জন্যে আমার অভিমত এটাই। এখন তোমাদের যা ভাল মনে হয় কর।

বায়হাকী ও আবু নয়ীম ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (রাঃ) সূরা হা-মীম তেলাওয়াত করলে ওতবা সঙ্গীদের কাছে এসে বলল, হে আমার সম্প্রদায়! আজ তোমরা আমার কথা অনুযায়ী কাজ কর। পরে আমার অবাধ্যতা করে নিয়ে। আল্লাহর কসম, আমি এমন কালাম শুনেছি, আমার কান

ইতিপূর্বে এমন কালাম কথনও শুনেনি। আমি বুঝতে পারিনি যে, তাকে কি জবাব দিব।

ইবনে ইসহাক ও বায়হাকী যুহুরী থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, আমাকে বলা হয়েছে যে, আবু জহল, আবু সুফিয়ান ও আখনাস ইবনে শরীতু এক রাতে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছ থেকে কিছু শুনার উদ্দেশে বের হল। হ্যুর (সাঃ) তখন আপন গৃহে নামায পড়ছিলেন। তারা তেলাওয়াত শুনার জন্যে আপন আপন জায়গায় বসে গেল। কে কোথায় বসেছে, পরস্পরে তা জানত না। ছোবহে ছাদেক উদিত হলে তারা আপন আপন জায়গা ত্যাগ করে চলে গেল। পথিমধ্যে তারা আবার একত্রিত হল। একজন অপরজনকে দেখে পরস্পরে তিরক্ষার করে বলল, পুনরায় যেরো না। তোমাদের কোন নির্বোধ ব্যক্তি দেখে ফেললে তার মনে তোমাদের সম্পর্কে খটকা দেখা দিবে। এরপর তারা সকলেই ফিরে গেল। দ্বিতীয় রাত এলে তাদের প্রত্যেকেই আপন আপন জায়গায় পুনরায় গিয়ে বসে পড়ল এবং সারাবাত তেলাওয়াত শুনল। সকাল হলে তারা আবার প্রস্থান করল এবং এক জায়গায় একত্রিত হল। এরপর আগের দিনের মত কথাবার্তা বলে নিজ নিজ গৃহে চলে গেল। তৃতীয় রাতেও তারা তেলাওয়াত শুনার জন্যে স্ব স্ব স্থানে ফিরে এল এবং সকাল পর্যন্ত তেলাওয়াত শুনল। অতঃপর পথিমধ্যে সকলেই একত্রিত হলে পরস্পরে বলল, আমরা মোহাম্মদের কালাম না শুনার ব্যাপারে একটি চুক্তি না করে এখান থেকে টলব না। সে মতে তারা এ বিষয়ে একটি চুক্তি সম্পাদন করল এবং আপন আপন গৃহে চলে গেল। আখনাস ইবনে শরীফ সকালে উঠে লাঠি হাতে গৃহ থেকে বের হল এবং আবু সুফিয়ানের গৃহে এসে তাকে বলল, আবু হানযাল! তুমি মোহাম্মদের মুখ থেকে যে কালাম শুনেছ, সে সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত কর। আবু সুফিয়ান বলল, আবু ছালাবা, আমি সেই সব বিষয় শুনেছি, যে গুলো এবং যেগুলোর উদ্দেশ্যে আমি জানি। আখনাস কসম খেয়ে বলল, আমি সেগুলো জানি। এরপর আখনাস আবু জহলের কাছে এল এবং তাকে জিজ্ঞাসা করল, আবুল হাকাম, মোহাম্মদের কাছ থেকে যে জিনিস তুমি শুনেছ, সে সম্পর্কে তোমার অভিমত কি? আবু জহল বলল, আমি কি শুনেছি? আমাদের মধ্যে ও বনী-আবদে মানাফের মধ্যে পুরুষানুক্রমে চলছে মর্যাদার লড়াই। তারা মানুষকে খাদ্য খাইয়েছে, আমরাও খাইয়েছি। তারা সওয়ারী দিয়েছে, আমরাও সওয়ারী দিয়েছি। তারা বখশিশ দিয়েছে, আমরাও দিয়েছি। অবশেষে তারা এবং আমরা একে অপরের সমকক্ষ ছিলাম। আমরা ও আবদে-মানাফ ঘোড়দৌড়ের দু'ঘোড়া ছিলাম এবং সমকক্ষতা দাবী করতাম। এখন তারা বলে, আমাদের মধ্যে নবী আছেন। তাঁর কাছে আকাশ থেকে ওহী আসে। যদি এটা ঠিক হয়, তবে আল্লাহর কসম, আমরা কথনও তার প্রতি ঈমান আনব না এবং তাকে সত্য বলে স্বীকার করব না।

বায়হাকী মুগীরা ইবনে শো'বা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন, সর্বপ্রথম যেদিন আমি রসূলুল্লাহ (সাঃ)-কে চিনেছিলাম, সেদিন আমি এবং আবু জহল মকার এক গলি দিয়ে যাচ্ছিলাম। হঠাৎ রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে দেখা হল। হ্যুর (সাঃ) আবু জহলকে বললেন, আবুল হাকাম! আল্লাহ ও তাঁর রসূলের দিকে এস। আমি তোমাকে আল্লাহর দিকে আহবান করছি। আবু জহল জবাব দিল, মোহাম্মদ! আপনি কি আমাদের উপাস্যদেরকে মন্দ বলা থেকে বিরত হবেন না? আপনি চান যে, আমরা আপনার তবলীগ করার সাক্ষ্য দেই। চলুন, আমরা সাক্ষ্য দেই যে, আপনি তবলীগ করেছেন। আল্লাহর কসম, যদি আমি জানতে পারি যে, আপনি যা বলেন, তা সত্য, তবে আমি আপনার অনুসারী হয়ে যাব।

এ কথা শুনে রসূলুল্লাহ (সাঃ) ফিরে এলেন। এরপর আবু জহল আমাকে বলল, আল্লাহর কসম, আমি জানি যে, মোহাম্মদ সত্য বর্ণনা করে। কিন্তু আসল কথা এই যে, বনী-কুছাই বলে আমাদের মধ্যে দারোয়ানী আছে। আমরা বললাম, হাঁ, আছে। বনী-কুছাই বলে, আমাদের মধ্যে “দারুন্নদওয়াই” (পরামৰ্শ মজলিস) আছে। আমরা বললাম, নিঃসন্দেহে আছে। বনী-কুছাই বলে আমাদের মধ্যে ঝাঙা আছে। আমরা বললাম, হাঁ আছে। বনী-কুছাই বলে, আমাদের মধ্যে “সেকায়া” (হাজী গণকে পানি পান করানোর দায়িত্ব) আছে। আমরা বললাম, অবশ্যই। বনী-কুছাই মানুষকে খানা খাইয়েছে। আমরাও খাইয়েছি। এভাবে যখন আমাদের ও তাদের জানু পরস্পরে ঘর্ষণ খেতে লাগল; অর্থাৎ আমরা তাদের সমকক্ষ হয়ে গেলাম, তখন তারা বলতে শুরু করেছে আমাদের মধ্যে নবী আবির্ভূত হয়েছেন। আল্লাহর কসম, আমি তাকে সত্য বলে স্বীকার করব না।

মুসলিম হ্যুরত আবু যর গেফারী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন, আমার ভাই আনীস মকায় আসে। ফিরে গিয়ে সে আমাকে বলল, আমি মকায় এক ব্যক্তির সাথে সাক্ষাৎ করেছি। তিনি দাবী করেন যে, আল্লাহতায়ালা তাঁকে রসূল করে প্রেরণ করেছেন। আমি আনীসকে জিজ্ঞাসা করলাম, মানুষ তাঁর সম্পর্কে কি বলে, সে বলল, মানুষ তাকে কবি, যাদুকর ও অতীন্দ্রিয়বাদী বলে। আনীস নিজেও কবি ছিল। সে বলল, আমি অতীন্দ্রিয়বাদীদের কথা শুনেছি। এ ব্যক্তি যে কালাম বর্ণনা করে, তা অতীন্দ্রিয়বাদীদের মত নয়। আমি তাঁর কালামকে কাব্যিক ছন্দের সাথে পরিমাপ করেছি। আল্লাহর কসম, তাঁর কালাম কোন মাপেই কবিতা নয়। তিনি সত্যবাদী এবং মানুষ মিথ্যুক।

আবু যর (রাঃ) বর্ণনা করেন - আমি নিজেই মকায় পৌছলাম। সেখানে আমি তিশ দিন ত্রিশ রাত্রি পর্যন্ত অবস্থান করলাম। আমার কাছে যমযমের পানি ছাড়া খাওয়ার কোন বস্তু ছিল না। আমি যমযমের পানি খেয়ে খেয়ে মোটা হয়ে গেলাম। এ কারণে আমার পেটের তৃকে ভাঁজ পড়ে গেল। এ সময়ের মধ্যে আমি ক্ষুধার কারণে কোনরূপ দুর্বলতা অনুভব করিনি।

আবু নয়ীম যুহুরী থেকে রেওয়ায়েত করেন যে, আসয়াদ ইবনে যুরারাহ ইয়াওমুল-আকাবার দিন হযরত আব্বাস (রাঃ)-কে বললেন, আমি নিকট ও দূর সকল আঙ্গীয়ের সাথে সম্পর্ক ছিল করেছি। আমি সাক্ষ দেই যে, হৃষুর (সাঃ) আল্লাহর রসূল। আল্লাহ তাঁকে প্রেরণ করেছেন। তিনি মিথ্যাবাদী নন। যে কালাম তিনি এনেছেন, তা মানুষের কালামের অনুরূপ নয়।

আবু নয়ীম ইবনে ইসহাক থেকে এবং তিনি ইসহাক ইবনে ইয়াসার থেকে বনু-সালামার এক ব্যক্তি থেকে বর্ণনা করেন যে, বনু-সালামাহুর এক যুবক ইসলাম গ্রহণ করলে তার পিতা আমর ইবনে জমুহু তাকে বলল, তুমি সে ব্যক্তির কালাম শুনে। সে সম্পর্কে আমাকেও অবহিত কর। যুবক পিতার সামনে সূরা ফাতেহা পাঠ করল। আমর বলল, কি সুন্দর কালাম! সে জিজ্ঞাসা করল, তার সমস্ত কালাম এরপই? পুত্র জওয়াব দিল, আব্বাজান, এর চেয়েও সুন্দর।

ইবনে সাদ শা'বী ও যুহুরী থেকে রেওয়ায়েত করেন যে, বনী সুলায়মের কায়স ইবনে নসীবা নামক এক ব্যক্তি রসূলুল্লাহ (সাঃ) এর খেদমতে এল এবং তাঁর কালাম শুনল। সে কিছু বিষয় জিজ্ঞাসা করল। রসূলুল্লাহ (সাঃ) সেগুলোর জবাব দিলেন। সে মুসলমান হয়ে গেল। অতঃপর নিজেদের সম্প্রদায়ের মধ্যে ফিরে এসে তাদেরকে বলল, আমি রোমের খবর, পারস্যের কোমল কথাবার্তা, আরবের কবিতা, অতীল্লিয়বাদ এবং হেমইয়ারের গালভরা বুলি শুনেছি। কিন্তু নবী করীম (সাঃ)-এর কালাম এদের কথাবার্তার মোটেই অনুরূপ নয়। তোমরা আমার কথা অনুযায়ী কাজ কর এবং নবী করীম (সাঃ) থেকে আপন অংশ অর্জন কর। সেমতে তারা মক্কা বিজয়ের বছরে এসে মুসলমান হয়ে যায়। তাদের সংখ্যা সাতশ' এবং এক উক্তি অনুযায়ী এক হাজার ছিল।

কোরআনী মোজেয়ার প্রকারভেদ

সকল বুদ্ধিজীবীই এ বিষয়ে একমত যে, কোরআন পাক এমন একটি অপ্রতিদ্বন্দ্বী মোজেয়া, যার মোকাবিলা করার দুঃসাহস কোন মানুষ রাখে না, যদিও এর মোকাবিলা করার ঘোষণা করা হয়েছে।

আল্লাহতায়ালা বলেনঃ

وَإِنْ أَحَدٌ مِّنَ الْمُشْرِكِينَ اسْتَجَارَكَ فَاجْرِهُ حَتَّىٰ يَسْمَعَ كَلَامَ
اللَّهِ

যদি মুশরিকদের কেউ আপনার আশ্রয়ে আসতে চায়, তবে তাকে আশ্রয় দিন, যাতে সে আল্লাহর কালাম শুনে।

যদি আল্লাহর কালাম শ্রবণ করা সংশ্লিষ্ট ব্যক্তির জন্যে জন্মকারী প্রমাণ না হত, তবে ধর্মীয় বিষয়াদি আল্লাহর কালাম শ্রবণ করার উপর নির্ভরশীল হত না এবং মোজেয়া ছাড়া অন্য কিছু দ্বারা জন্মকারী প্রমাণ কাহেম করা সম্ভবপ্র হতো না। আল্লাহ পাক আরও এরশাদ করেন - কাফেরুরা বলে, আপনার প্রতি আপনার প্রতিপালকের তরফ থেকে কোন বিশেষ নির্দেশন নায়িল হয় না কেন? আপনি বলে দিন, নির্দেশনাবলী নায়িল করা আল্লাহর কাজ। আমার কাজ কেবল খোলাখুলিভাবে সতর্ক করা। তাদের জন্যে এটা যথেষ্ট নয় কি যে, আমি আপনার প্রতি কিতাব নায়িল করেছি, যা তাদের সামনে পাঠ করা হয়? সেমতে আল্লাহ তায়ালা বলে দিয়েছেন যে, খোদায়ী কিতাব নির্দেশন সমূহের মধ্যে একটি মহানির্দেশন এবং পথপ্রদর্শনের কাজে যথেষ্ট। এ ছাড়া অন্য যে সকল মোজেয়া রয়েছে এবং পয়গাপ্তরগণের হাতে যে সকল মোজেয়া প্রকাশ পেয়েছে, কোরআন পাক এক সে সবগুলোর স্থলাভিষিক্ত। নবী করীম (সাঃ) কোরআন করীমকে আরববাসীদের কাছে উপস্থাপন করেছেন; অর্থ তারা নেহায়েত শুন্দুকার্ষী ও সুবজ্ঞা ছিল। তাদেরকে এই কিতাবের মোকাবিলা করা এবং এর অনুরূপ কিতাব রচনা করার চ্যালেঞ্জ দেয়া হয়েছে। কিন্তু তারা এর অনুরূপ কিতাব রচনা করতে সক্ষম হ্যনি। অর্থ তারাই খোদায়ী কিতাবের নূর নির্বাপিত করতে এবং এর বিষয়বস্তু গোপন করতে চূড়ান্ত পর্যায়ে উৎসাহী ছিল। যদি তারা মোকাবিলা করার ক্ষমতা রাখত, তবে এর মোকাবিলা করে জন্মকারী প্রমাণের মূলোৎপাটন করে দিত। ইতিহাসে একথা বর্ণিত নেই যে, আরবদের কেউ কোরআনের মোকাবিলা করার সংকল্প করেছে। বরং তারা কখনও হঠকারিতা এবং কখনও ঠাট্টা-বিদ্রূপের দিকে ঝুঁকে পড়েছে। আবার কখনও যাদু কখনও কবিতা বলেছে। কখনও কোরআনকে পৌরাণিক উপাখ্যান বলে দিয়েছে। তাদের এসব কর্মকাণ্ড হতভুর্ব ও নিরুত্তর হওয়ারই পরিচায়ক ছিল। মোটকথা, তারা নিরূপায় হয়েই এ বিষয়ে সম্পত্ত হয় যে, তরবারিকেই তাদের ঘাড়ের উপর বিচারক করা হোক, তাদের সন্তান ও স্ত্রী-কন্যাদেরকে বন্দী করা হোক এবং তাদের ধনসম্পদ লুণ্ঠন করা হোক। অর্থ তাদের আত্মসম্মানবোধ ও জেদ ছিল অত্যন্ত তীব্র ও প্রথর। যদি খোদায়ী কিতাবের অনুরূপ কিতাব রচনা করা তাদের ক্ষমতার মধ্যে থাকত, তবে নিশ্চিতরণেই তারা এ পথে অগ্রসর হত। কেননা, এটা তাদের জন্যে সহজ ছিল।

হাফেয ইবনে হজর বলেন, আল্লাহ তায়ালা নবী করীম (সাঃ)-কে প্রেরণ করলেন; অর্থ আরবে বিপুল সংখ্যক কবি, বক্তা ও ভাষাবিদ ছিল। তাদের কাছে এ কাজের অনেক সাজসরঞ্জাম ও ছিল। নবী করীম (সাঃ) তাদের মধ্যে দূরের ও নিকটের ব্যক্তিগৰ্গকে মোকাবিলা করার জন্যে ডাক দিলেন। এরপর তাদেরকে মুদ্দের মুখোমুখী করলেন। অর্থ তাদের মধ্যে কবি ও বক্তার প্রাচুর্য ছিল। এটা

ছিল আরবদের অক্ষমতার সুস্পষ্ট দলিল। কেন না, তাদের মধ্যে সাহস থাকলে তারা একটি সূরা কিংবা কিছু আয়াত মোকাবিলার জন্যে পেশ করতে পারত। এটা রসূলুল্লাহ (সা:) -এর উক্তিকে বান্চাল, ইসলামকে নস্যাত এবং তাঁর অনুসারীদেরকে বিছিন্ন করার কাজে অধিক দ্রুত কার্যকর হত। কিন্তু তারা তা না করে মোকাবিলা করার জন্যে নিজেদের প্রাণ বিসর্জন দিল, দেশ থেকে বহিষ্ঠিত হল এবং প্রচুর অর্থ-সম্পদ বিনষ্ট করল।

ইমাম সুযুটী বলেন, কোরআন পাক কোন্ কোন্ দিক দিয়ে মোজেয়া, এ ব্যাপারে আলেমগণের বিভিন্ন উক্তি রয়েছে। আমি এসব উক্তি “কিতাবুল-এতকান”-এ উল্লেখ করেছি। এখানে সারসংক্ষেপ বর্ণনা করছি। তা এই যে, কোরআনের মোজেয়া হওয়া বিভিন্ন দিক দিয়ে প্রমাণিত।

এক, কোরআন করীমের অনুপম সংকলন, এর বাক্যাবলীর পারম্পরিক মিল, এর ভাষাগত বিশুদ্ধতা এবং এর অলংকার আরবের সুপ্তিত ভাষাবিদদের অভ্যাস থেকে সম্পূর্ণ আলাদা।

দুই, কোরআনুল করীমের অত্যাশ্চর্য আঙ্গিক এবং এর অভূতপূর্ব বর্ণনা পদ্ধতি প্রচলিত আরবী কালামের পদ্ধতি থেকে ভিন্ন।

তিনি, অদৃশ্য বিষয়াদির সংবাদ দেয়া, যে বিষয়ের অস্তিত্ব নেই, তার সম্পর্কে অবগত করা এবং যেভাবে অবগত করা হয়, তা তেমনিভাবে প্রমাণিত হওয়া।

চার, পূর্ববর্তী উম্মত ও শরীয়ত সম্পর্কে অবগত করা। অথচ এসব সংবাদ কেউ জানত না। কেবল সে সকল ইহুদী আলেম জানত, যারা এ খবর হাতিল করার কাজে সমগ্র জীবন ব্যয় করে দিত। নবী করীম (সা:) এসব খবর ও পূর্ববর্তী ধর্মমতগুলোর অবস্থা সম্পূর্ণ বাস্তবানুগ পন্থায় বর্ণনা করতেন; অথচ তিনি ছিলেন উর্মী। লেখাপড়া জানতেন না। পাঁচ, কোরআন মানুষের অত্যনিহিত গোপন তথ্য বর্ণনা করে; যেমন আল্লাহ তায়ালা বলেনঃ

إِذْهَتْ طَائِفَتَانِ مِنْكُمْ أَنْ تَفَسَّلَا

ঃ যখন তোমাদের দুটি দল ভীরুতা প্রদর্শনের ইচ্ছা করল।

وَيَقُولُونَ فِي أَنفُسِهِمْ لَوْلَا يُعَذِّبُنَا اللَّهُ بِمَا نَقُولُ

ঃ কাফেররা মনে মনে বলে - আমাদের কুকথার কারণে আল্লাহ আমাদেরকে শাস্তি দেন না কেন?

এ ছাড়া আরও অনেক আয়াত রয়েছে, যেগুলোতে কাফের সম্পদায়কে অবগত করা হয়েছে যে, তারা এরূপ করতে সক্ষম হবে না। বাস্তবেও তাদের দ্বারা এরূপ

কাজ সংঘটিত হয়নি এবং তা করার ক্ষমতা অর্জিত হয়নি। উদাহরণতঃ ইহুদীদের সম্পর্কে বলা হয়েছে **أَنْ يَتَمَنَّوْهُ أَبَدًا** তারা কম্বিনকালেও মৃত্যু কামনা করবে না।

ছয়, তীব্র প্রয়োজন সত্ত্বেও আরবদের কোরআনের মোকাবিলা বর্জন করা। ইতিপূর্বে এই প্রয়োজন বিশদভাবে বর্ণিত হয়েছে।

সাত, যারা কোরআন পাক শ্রবণ করে, শ্রবণ করার সময় তাদের অন্তরে ভয় সৃষ্টি হওয়া এবং আতঙ্ক দেখা দেয়া। উদাহরণতঃ হ্যরত জুবায়র ইবনে মুতায়িম (বা:) এ অবস্থার সম্মুখীন হয়েছিলেন। তিনি নবী করীম (সা:)-কে মাগরিবের নামাযে সূরা তোয়া-হা পাঠ করতে শুনেন।

তিনি বলেন, যখন হ্যর (সা:) (না তারা কোন কিছু ছাড়াই সৃজিত হয়েছে?) পর্যন্ত পৌছলেন, তখন আমার অন্তর উড়ে যাওয়ার উপক্রম হয়েছিল। তিনি আরও বলেন, ইসলামের মাহাত্ম আমার মনে জন্মাত্ব করার এটা ছিল প্রথম মুহূর্ত।

আট, কোরআন পাকের তেলাওয়াতকারী এর তেলাওয়াতে বিশগুবোধ করে না এবং শ্রবণকারীর কাছেও অপ্রিয় ঠেকে না। বরং কোরআনের প্রতি মনোযোগ তেলাওয়াতে মিষ্টা সৃষ্টি করে। বার বার তেলাওয়াত করলে মহবত বৃদ্ধি পায়। অর্থ কোরআন ছাড়া অন্য কালাম বার বার পাঠ করলে বিরক্তি জাগে। এ কারণেই নবী করীম (সা:) বলেন, কোরআন পাক বার বার পাঠ করলে পুরাতন হয় না।

নয়, কোরআন পাক এমন একটি নির্দশন, যা দুনিয়া যতদিন থাকবে, ততদিন পর্যন্ত অবশিষ্ট থাকবে। আল্লাহ তায়ালা এর হেফায়তের দায়িত্ব নিয়েছেন।

দশ, কোরআন করীম যে সকল জ্ঞান বিজ্ঞান ও তত্ত্ব নিজের মধ্যে সন্নিবেশিত করেছে, জগতের কোন কিতাব সেগুলো সন্নিবেশিত করেনি।

এগার, কোরআন পাকে কঠোরতা ও মিষ্টা গুণের সময় ঘটেছে। এ দুটি পরম্পরবিরোধী গুণ সাধারণতঃ মানুষের কালামে সমরিত হয় না।

বার, কোরআন পাক সর্বশেষ কিতাব এবং অন্য সকল কিতাবের প্রতি অমুখাপেক্ষী। কোরআন ছাড়া অন্য সব প্রাচীন গ্রন্থ এমন বর্ণনার মুখাপেক্ষী, যাতে কোরআনের সাহায্য নিতে হয়; যেমন আল্লাহ পাক এরশাদ করেন-

إِنَّ هَذَا الْقُرْآنَ يَقُصُّ عَلَىٰ بَنِي إِسْرَائِيلَ أَكْثَرَ الَّذِي هُمْ فِيهِ

يَخْتَلِفُونَ

ঃ নিশ্চয় এ কোরআন বগী-ইসরাইল যে সব বিষয়ে মতভেদ করে, সেগুলোর অধিকাংশ বর্ণনা করে।

কার্য আয়াহ (৩৪) বলেন, কোরআনী মোজেয়ার প্রথমোক্ত চারটি কারণ নির্ভরযোগ্য। অবশিষ্টগুলো কোরআনী বৈশিষ্ট্যের অন্তর্ভুক্ত। তার একটি বৈশিষ্ট্য এই বাকী রয়েছে যে, কোরআন সাত আঞ্চলিক অভিধানের উপর ভিত্তি করে নাযিল হয়েছে। এ ছাড়া অন্যান্য কিতাব এই তিনটি বৈশিষ্ট্যে কোরআনের বিপরীত। গ্রহকার বলেন, প্রথম দুটি বৈশিষ্ট্য আমি “আল-এতকান” গ্রন্থে বিশদভাবে বর্ণনা করেছি। কোরআনের অন্যান্য বৈশিষ্ট্য সে সকল বৈশিষ্ট্যের অধীনে বর্ণনা করব, যেগুলোর কারণে নবী করীম (সা): সকল পয়গাম্বরের উপর শ্রেষ্ঠত্ব অর্জন করেছেন।

কার্য আয়াহ (৩৪) বলেন, কোরআনের মোজেয়া হওয়ার কারণসমূহ জানার পর পাঠকবর্গের কাছে একথা সুস্পষ্ট হয়ে গেছে যে, কোরআনী মোজেয়ার সংখ্যা হাজার, দু'হাজার এবং এর বেশীর মধ্যে সীমিত নয়। কেননা, রসূলুল্লাহ (সা:) আরববাসীদেরকে কোরআনের একটি সূরা আনতে বলেছেন। এতেই তারা অক্ষম হয়ে গেছে। আলেমগণ বলেন, সর্বাপেক্ষা ছোট সূরা হচ্ছে—**إِنَّ أَعْظَمَكُوْرَ**। কোরআনের প্রতিটি আয়াত কিংবা কয়েকটি আয়াত তার সংখ্যা ও পরিমাণের দিক দিয়ে কোরআনের মোজেয়া। গ্রহকার বর্ণনা করেন— সূরা কাওসারের শব্দাবলী গণনা করলে দশটির উপরে পাওয়া যাবে। আলেমগণ কোরআনের শব্দাবলী গণনা করেছেন। এর সংখ্যা সাতাত্ত্ব হাজার নয় শত চৌক্রিক। এতে মোজেয়ার পরিমাণ সাত হাজার। এই সাত হাজারকে আটটি কারণে গুণ করলে ছাপান্ন হাজার মোজেয়া হবে। প্রথমোক্ত দুটি কারণের দিক দিয়ে কোরআনী মোজেয়া জানতে হলে আমার গ্রন্থ আল-এতকান ও আসরারগুনযীল অধ্যয়ন করা দরকার। আমি **وَاللَّهُ وَلِيَ الْدِينِ أَمْنُوا الْخ** আয়াত থেকে একশ বিশ প্রকার মোজেয়া চয়ন করেছি। এ আয়াতটি আমি আমার গ্রন্থে আলাদা বর্ণনা করেছি।

ইমাম আহমদ ওকবা ইবনে আমের থেকে হ্যুর (সা:)-এর এ উকি উদ্ভৃত করেছেন যে, কোরআন পাক চামড়ায় থাকলে আগুন সে চামড়াকে জ্বালাবে না।

তিবরানী এ হাদীসটি সহল ইবনে সাদ থেকে এভাবে বর্ণনা করেছেন— সেই চামড়াকে অগ্নি স্পর্শ করবেনা। তিনি ইহমত ইবনে মালেক থেকে এভাবে বর্ণনা করেছেন - যদি কোরআন পাক চামড়ায় লিপিবদ্ধ করা হয়, তবে অগ্নি তাকে স্পর্শ করবে না। ইবনে আছীর “নেহায়াতুল-গরীব” গ্রন্থে বলেন, কোন কোন আলেম বলেছেন যে, এ মোজেয়া বিশেষ করে হ্যুর (সা:)-এর আমলে ছিল।

ওহী নাযিল হওয়ার সময় মোজেয়ার প্রকাশ

ইবনে আবী দাউদ কিতাবুল মাছাহেফে আবু জাফর থেকে রেওয়ায়েত করেছেন যে, জিবরাইল (আ:)-এর যখন রসূলুল্লাহ (সা:)-এর সাথে বাক্যালাপ করতেন, তখন আবু বকর ছিদ্রীক (রা�:) তা শুনতেন; কিন্তু জিবরাইল (আ:)-কে দেখতেন না।

ইমাম আহমদ, তিরিয়া, নাসায়ী, হাফেজ, বায়হাকী ও আবু নয়াম হ্যরত ওমর ফারুক (রা�:) থেকে রেওয়ায়েত করেন যে, যখন রসূলুল্লাহ (সা:)-এর প্রতি ওহী নাযিল হত, তখন আমরা মৌমাছির আওয়াজের মত গুম গুম আওয়াজ শুনতে পেতাম। অন্য এক রেওয়ায়েতে আছে - হ্যুর (সা:)-এর নূরানী মুখমণ্ডলের কাছে মৌমাছির ভন্ন ভন্ন শব্দের মত শুনা যেত।

বুখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত আয়েশা (রা�:) বলেন, হারেছ ইবনে হেশাম নবী করীম (সা:)-কে জিজ্ঞাসা করল, আপনার প্রতি ওহী কিভাবে আসে? তিনি বললেন, কখনও ঘট্টার শব্দের মত আসে। এটা আমার জন্যে খুবই কঠিন হয়। এরপর আমা থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। এ সময় যা কিছু বলা হয়, সবই আমি স্মৃতিতে সংরক্ষিত করে নেই। আবার কখনও ফেরেশতা মানবাকৃতিতে আমার সামনে প্রকাশ পায় এবং আমার সাথে কথা বলে। সে যা কিছু বলে, আমি মুখস্থ করে নেই। হ্যরত আয়েশা (রা�:) বলেন, কন্কনে শীতের মধ্যে আমি হ্যুর (সা:)-এর উপর ওহী নাযিল হতে দেখেছি। ওহী বিচ্ছিন্ন হওয়ার পর তাঁর পরিত্র কঠাল ঘর্মাক্ত থাকত।

ইবনে সা'দের রেওয়ায়েতে আবু সালামাহ বলেন, আমার কাছে একথা শোঁছেছে যে, রসূলুল্লাহ (সা:)-এর উপর যখন ওহী নাযিল হত, তখন তিনি কাঠিন্য অনুভব করতেন। তাঁর পরিত্র মুখমণ্ডল বির্বণ হয়ে যেত।

আবু নয়ামের রেওয়ায়েতে হ্যরত আয়েশা (রা�:)-এর যখন নবী করীম (সা:)-এর উপর ওহী নাযিল হত, তখন তিনি বোঝা অনুভব করতেন। আল্লাহ বলেন, **إِنَّ أَسْنَلِقَيْ عَلَيْكَ قَوْلًا تَقْبِلًا** আমি আপনার উপর ভারী কথা ইলকা' করব।

আবু নয়ীম হ্যরত যায়দ ইবনে ছাবেত (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন রসূলুল্লাহ (সাঃ)-এর উপর ওহী নাযিল হত, তখন কাঠিন্য অনুভূত হত এবং অপরদিকে শীতকালেও তাঁর কপালে মোতির মালার মত ঘর্ষ টপকে পড়ত।

তিবরানী যায়দ ইবনে ছাবেত (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আমি রসূলুল্লাহ (সাঃ)-এর ওহী লিপিবদ্ধ করতাম। যখন তাঁর উপর ওহী নাযিল হত, তখন তিনি তীব্র শৈত্য অনুভব করতেন এবং তাঁর শরীর থেকে মোতির মত ঘাম টপকে পড়ত। এরপর এ অবস্থা দূর হয়ে যেত এবং আমি তাঁর তেলাওয়াত শুনে ওহী লিপিবদ্ধ করতাম। ওহী লেখা শেষ হওয়ার আগে কোরআন পাকের বোঝায় আমার পদ্মুগল ভেঙ্গে পড়ার উপক্রম হত। আমি মনে মনে বলতে থাকতাম যে, এ পা নিয়ে আমি সম্ভবতঃ আর কথনও হাটতে পারব না।

ইমাম আহমদ হ্যরত ইবনে আবুস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন নবী করীম (সাঃ)-এর উপর ওহী নাযিল হত, তখন ছাহাবায়ে-কেরাম তাঁর তৃকের পরিবর্তন দ্বারা তা বুঝে নিতেন।

আবু নয়ীম হ্যরত ইবনে আবুস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন নবী করীম (সাঃ)-এর উপর ওহী নাযিল হত, তখন তাঁর পবিত্র মুখমণ্ডল ও শরীর বদলে যেত, ছাহাবায়ে-কেরাম তাঁর সাথে কথা বলা থেকে বিরত থাকতেন। তখন কেউ তাঁর সাথে কথা বলত না।

ইমাম আহমদ, তিবরানী ও আবু নয়ীম হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন, আমি আরয করলাম, ইয়া রসূলুল্লাহ! আপনি ওহীর তীব্রতা অনুভব করেন? তিনি বললেন, হাঁ, অনুভব করি এবং আওয়াজ শুনি। তখন আমি দৃঢ়তা অবলম্বন করি। যখনই আমার উপর ওহী নাযিল হয়, আমি অনুভব করি যেন আমার কৃত্ত কৰ্ব্ব হয়ে যাবে।

আবু নয়ীম কলতান ইবনে আছেম (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওহী নাযিল হওয়ার সময় রসূলুল্লাহর (সাঃ) দৃষ্টি ও চক্ষুদ্বয় উন্নীলিত থাকত। যা কিছু আল্লাহ তায়ালার তরফ থেকে আসত, তাঁর জন্যে তার কর্ণদ্বয় ও অন্তর একাগ্র থাকত।

বুখারী, মুসলিম ও আবু নয়ীম ইয়ালা ইবনে উমাইয়া থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন, আমি রসূলুল্লাহ (সাঃ)-এর প্রতি এমতাবস্থায় তাকালাম, যখন তাঁর উপর ওহী নাযিল হচ্ছিল। তিনি উটের ন্যায় নাসিকাধানি করছিলেন। তাঁর চক্ষুদ্বয় ও কপাল রক্তিম বর্ণ ধারণ করেছিল।

ইবনে সাদ আবু আরদা দাওসী থেকে বর্ণনা করেন, তিনি বলেন, আমি রসূলে আকরাম (সাঃ)-এর উপর ওহী নাযিল হতে দেখেছি। তিনি উটের উপর সওয়ার

ছিলেন। উট অস্থির হচ্ছিল এবং তার কজি ফুলে দিগুণ হয়ে যাচ্ছিল। এমন কি, আমার মনে হল উটের কজি ভেঙ্গে যাবে। উট অধিকাংশ সময় বসে পড়ত এবং কখনও ওহীর বোঝার কারণে সে তার উভয় হাত পেরেগের মত লম্বালম্বিভাবে টেনে দিত। অবশেষে ওহীর অবস্থা দূর হয়ে গেল। তখন তাঁর শরীর থেকে মোতির মত ঘাম প্রবাহিত হচ্ছিল।

ইমাম আহমদ ও বায়হাকী হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, রসূলুল্লাহ (সাঃ) যখন উন্নীর উপর সওয়ার হতেন এবং যখন ওহী নাযিল হত, তখন উন্নী ওহীর বোঝার কারণে গ্রীবা মাটিতে রেখে দিত। প্রচণ্ড শৈতের দিনে যখন ওহী নাযিল হত, তখন তাঁর কপাল থেকে ঘাম প্রবাহিত হতে থাকত।

ইবনে সাদ হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন হ্যুর (সাঃ)-এর উপর ওহী নাযিল হত, তখন তিনি মাথা ঢেকে নিতেন এবং মুখমণ্ডলে পরিবর্তন দেখা দিত। তিনি সমুখবর্তী দাঁতে শৈত্য অনুভব করতেন। তিনি ঘর্ষাঙ্গ হয়ে যেতেন। এমন কি, ঘাম মোতির মত প্রবাহিত হতে থাকত।

আহমদ, তিবরানী ও বায়হাকী “শোয়াবুল-ইমান” গ্রন্থে হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর উপর ওহী নাযিল হওয়ার সময় তাঁর মাথাব্যথা হত। এজনে তিনি মাথায় মেহেন্দী ব্যবহার করতেন।

ইবনে সাদ ইকরামা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-এর প্রতি যখন ওহী নাযিল হত, তখন কিছুক্ষণ পর্যন্ত তাঁর উপর অনুরূপ তন্দ্রাচ্ছন্নতা প্রবল হত।

মুসলিম হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সাঃ)-এর উপর ওহী নাযিল হওয়ার সময় আমাদের কেউ দৃষ্টি তুলে তাঁর দিকে তাকাতে পারতুন যে পর্যন্ত ওহী পূর্ণ না হয়ে যেত।

নবী করীম (সাঃ) জিবরাস্তল (আঃ)-কে আসল

আকৃতিতে দেখেছেন

ইমাম আহমদ, ইবনে আবী হাতের ও আবুশ শায়খ হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) জিবরাস্তল (আঃ)-কে তাঁর আসল আকৃতিতে দু'বার দেখেছেন। প্রথমবার তিনি নিজে জিবরাস্তল (আঃ)-কে আসল আকৃতিতে দেখাব আবাদার করেছিলেন। সেমতে জিবরাস্তল (আঃ) দিগন্তকে ঘিরে নেন। দ্বিতীয়বার মেরাজ রজনীতে তাঁকে আসল আকৃতিতে দেখেন।

ইমাম আহমদ ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যখন জিবরাস্তলকে আসল আকৃতিতে দেখেন, তখন তাঁর ছয়শটি বাহু ছিল।

প্রত্যেক বাহ দিগন্তবিস্তৃত ছিল। তাঁর বাহ থেকে বিভিন্ন রঙের মোতি, ইয়াকুত ইত্যাদি বারে পড়ছিল। তাঁর স্বরূপ সম্পর্কে আল্লাহ তায়ালাই জ্ঞাত আছেন।

আহমদ ও তিবরানী হ্যরত ইবনে আবাস (রাঃ)-থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) জিবরাস্টল (আঃ) কে আসল আকৃতিতে দেখার জন্যে বলেন। তিনি বললেন, আপনার প্রতিপালকের কাছে দোয়া করুন। সেমতে রসূলুল্লাহ (সাঃ) দোয়া করলে পূর্ব দিক থেকে কাল বর্ণ প্রকাশ পেয়ে তা উঁচু হয়ে ছড়াতে লাগল।

বুখারী ও মুসলিম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জিবরাস্টল (আঃ) যে আকৃতিতে সৃজিত হন, সে আসল আকৃতিতে রসূলুল্লাহ (সাঃ) তাঁকে দু'বারের বেশী কখনও দেখেননি। তিনি তাঁকে এমতাবস্থায় দেখেন, যখন তিনি আকাশ থেকে পৃথিবীতে অবতরণ করছিলেন। তাঁর বিশাল বপু আকাশ ও পৃথিবীর মধ্যবর্তী অংশকে ঘিরে রেখেছিল।

ইমাম আহমদ হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, নবী করীম (সাঃ) এরশাদ করেছেন- আমি জিবরাস্টলকে নীচে অবতরণ করতে দেখলাম। তাঁকে দিয়ে আকাশ ও পৃথিবীর মধ্যবর্তী অংশ পূর্ণরূপে ভরে গেল। তাঁর শরীরে সুন্দুসের পোশাক ছিল, যাতে মোতি ও ইয়াকুত ঝুলছিল।

আবু শায়খ “আল-আসমত” ধর্ষে হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) জিবরাস্টল (আঃ)-কে বললেন, আমি আপনাকে আপনার আসল আকৃতিতে দেখতে চাই। সেমতে জিবরাস্টল (আঃ) তাঁর একটি বাহ প্রসারিত করলেন। সেটিই আকাশের দিস্তকে ঘিরে নিল। এমন কি, আকাশে কিছুই দৃষ্টিগোচর হচ্ছিল না।

আবু শায়খ হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আমি জিবরাস্টল (আঃ)-কে দেখেছি। তাঁর মোতির ‘ছয়’ বাহ ছিল। তিনি এ বাহগুলোকে ময়রের পাখার মত বিস্তৃত করলেন।

আবু শায়খ হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সাঃ) জিবরাস্টল (আঃ)-কে সবুজ মূল্যবান পোশাকে দেখেন। তিনি আকাশ ও পৃথিবীর মধ্যস্থিত অংশকে ঘিরে রেখেছিলেন।

আবু শায়খ ও ইবনে মরদুওয়াইহি হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সাঃ) জিবরাস্টল (আঃ)-কে এমতাবস্থায় দেখেছেন যে, তাঁর উভয় পা সিদরায় ঝুলত রয়েছে এবং সিদরার সবুজ বনানীর উপর বৃষ্টির ফেঁটার মত মোতি ছিল।

আবু শায়খ হ্যরত শহর ইবনে ওবায়দ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) যখন আকাশে গমন করলেন, তখন জিবরাস্টল (আঃ)-কে আসল

আকৃতিতে দেখলেন। তাঁর বাহতে যমরদ, মোতি ও ইয়াকুত ঝুলত ছিল। হ্যুর (সাঃ) বলেন, আমার মনে হল জিবরাস্টল (আঃ)-এর চক্ষুদ্বয়ের মাঝখানে যে দূরত্ব ছিল, তা দিগন্তকে ঘিরে নিয়েছে। এর আগে জিবরাস্টলকে আমি বিভিন্ন আকৃতিতে দেখেছি। অধিকাংশ সময় তাঁকে দেহইয়া কলীবীর আকৃতিতে দেখতাম। কখনও তাঁকে এমনভাবে দেখতাম, যেমন কোন ব্যক্তি আপন সঙ্গীকে চালুনির পিছন থেকে দেখে।

ইবনে সাদ ও নাসায়ী ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জিবরাস্টল (আঃ) নবী করীম (সাঃ)-এর কাছে দেহইয়া কলীবীর আকৃতিতে আসতেন।

তিবরানী হ্যরত আনাস (রাঃ) থেকে বর্ণনা করেন যে, নবী করীম (সাঃ) বললেন- জিবরাস্টল (আঃ) আমার কাছে দেহইয়া কলীবীর আকৃতিতে আসতেন। রাবী বললেনঃ দেহইয়া সুন্দী ও সুপুরুষ ছিলেন।

আল-আজলবী “তারীখ” ধর্ষে আওয়াফা ইবনে হাকাম থেকে রেওয়ায়েত করেন যে, সুন্দরতম বাস্তি সেই, যার আকৃতি ধারণ করে জিবরাস্টল (আঃ) আগমন করেন।

আবির্ভাব ও হিজরতের মধ্যবর্তী সময়ে প্রকাশিত মোজেয়া

ইবনে আবী শায়বা, আবু ইয়ালা, দারেমী ও বায়হাকী হ্যরত আমাশ, আবু সুফিয়ান ও আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জিবরাস্টল (আঃ) রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এলেন। তিনি তখন মক্কার বাইরে ছিলেন। মক্কাবাসীরা তাঁকে রক্তাঙ্গ করে দিয়েছিল। জিবরাস্টল (আঃ) জিজ্ঞাসা করলেন, কি হয়েছে? তিনি বললেন, এরা আমাকে ক্ষতবিক্ষত করেছে, একথা বলেছে এবং এমন করেছে।

জিবরাস্টল বললেন, আপনি কোন নির্দশন দেখতে চান? তিনি বললেন, হাঁ।

জিবরাস্টল বললেন, এ বৃক্ষটিকে ডাকুন। রসূলুল্লাহ (সাঃ) ডাকলেন। বৃক্ষ মাটি চিরে চলে এল এবং তাঁর সামনে এসে দাঁড়িয়ে গেল। জিবরাস্টল (আঃ) বললেন, একে ফিরে যেতে আদেশ করুন। তিনি বৃক্ষকে বললেন, স্বস্থানে ফিরে যাও। বৃক্ষ স্বস্থানে ফিরে গেল। হ্যুর (সাঃ) বললেন, ব্যস, এটা আমার জন্যে যথেষ্ট।

বায়হাকী হ্যরত হাসান (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, রসূলুল্লাহ (সাঃ) মক্কার কোন এক ঘাঁটিতে চলে গেলেন। তিনি স্বজ্ঞাতির মিথ্যারোপের কারণে যারপর নেই দুঃখিত ছিলেন। তিনি আল্লাহর কাছে দোয়া করলেন, পরওয়ারদেগার, আমাকে এমন কিছু দেখান, যাতে আমার মন শাস্ত হয় এবং এ দুঃখ ও বেদনা দূর হয়। আল্লাহ তায়ালা ওহী পাঠালেন যে, এসব বক্ষের শাখাসমূহের মধ্য থেকে যে

শাখাকে আপনি নিজের দিকে ডাকতে চান, ডাকুন। তিনি একটি শাখাকে ডাক দিলেন। সে স্বস্থান থেকে আলাদা হয়ে মাটি চিরে চিরে হ্যুর (সাঃ)-এর কাছে এসে গেল। তিনি তাকে বললেন, স্বস্থানে ফিরে যাও। শাখাটি আবার মাটি চিরে চিরে ফিরে গেল এবং পূর্ববৎ দাঁড়িয়ে গেল। হ্যুর (সাঃ) আল্লাহ তায়ালার প্রশংসা ও গুণকীর্তন করলেন। তাঁর অস্তর প্রশংসন হয়ে গেল। তিনি ফিরে এলেন।

ইবনে সাদ, আবু ইয়ালা, বায়বা, বায়হাকী ও আবু নয়ীম হ্যরত ওমর ইবনে খাতাব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) স্বজাতির মিথ্যারোপের কারণে জুহন নামক স্থানে বিষণ্ণ অবস্থায় উপবিষ্ঠ ছিলেন। তিনি দোয়া করলেন, পরওয়ারদেগার, আজিকার দিনে আমাকে এমন কোন নির্দশন দেখান যে, এর পরে কোন ব্যক্তি আমাকে মিথ্যারোপ করলে আমি তার পরওয়া না করি। তিনি আল্লাহর নির্দেশক্রমে উপত্যকার একদিক থেকে একটি বৃক্ষকে ডাক দিলেন। সে মাটি চিরে চিরে তাঁর সামনে এসে দাঁড়িয়ে গেল এবং তাকে সালাম করল। এরপর তিনি বৃক্ষকে ফিরে যাওয়ার আদেশ দিলেন। বৃক্ষ স্বস্থানে ফিরে গেল। তিনি বললেন, এরপর আমার গোত্র থেকে যে আমাকে মিথ্যারোপ করবে, আমি তার পরওয়া করব না। এ রেওয়ায়েতের সনদ হাসান।

আবু নয়ীম হ্যরত জাবের (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, মুশরিকরা রসূলুল্লাহ (সাঃ) এর উপর নির্যাতন চালালে জিবরাইল (আঃ) তাঁর কাছে এলেন এবং তাঁকে এক মরুভূমির প্রান্তে নিয়ে গেলেন। সেখানে অনেক বৃক্ষ ছিল। অতঃপর তাঁকে বললেন, আপনি যে বৃক্ষকে ডাকতে চান, ডাকুন। তিনি একটি বৃক্ষকে ডাক দিলেন। সে এসে তার সামনে দাঁড়িয়ে গেল। জিবরাইল (আঃ) বললেন, আপনি সত্যের উপর আছেন।

কমবয়সী ছাগলের দুধ বের করা

তায়ালেসী, ইবনে সাদ, ইবনে আবী শায়বা, বায়হাকী ও আবু নয়ীম ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন, আমি প্রাণ বয়স্কের কাছাকাছি ছিলাম এবং মকায় ওকবা ইবনে আবী মুয়ীতের ছাগল চরাতাম। নবী করীম (সাঃ) ও আবু বকর (রাঃ) মুশরিকদের কাছ থেকে পলায়ন করে আমার কাছে এলেন। উভয়েই আমাকে বললেন, হে বালক, তোমার কাছে দুধ আছে? আমাদেরকে পান করাবে কি? আমি বললাম, আমি তো আমানতদার। কিন্তু পান করাব? তারা বললেন, তোমার পালে এমন কম বয়সী ছাগল আছে কি, যার সাথে এখনও কোন নর মিথুন করেনি? আমি আরয করলাম, জী হাঁ, আছে। অতঃপর আমি তেমনি একটি ছাগী তাঁদের কাছে নিয়ে এলাম।

হ্যরত আবু বকর (রাঃ) সেটি বাঁধলেন এবং রসূলে করীম (সাঃ) তার ওলানের ধীটি ধরে মর্দন করতে লাগলেন। অতঃপর দোয়া করলেন। ছাগীর ওলান দু'টি দুধে পরিপূর্ণ হয়ে গেল। আবু বকর (রাঃ) একটি পাথর নিয়ে এলেন, যার মধ্যে গর্ত ছিল। হ্যুর (সাঃ) এই পাথরে দুধ বের করলেন। অতঃপর তিনি এবং হ্যরত আবু বকর উভয়েই পান করলেন। আমাকেও পান করালেন। এরপর তিনি ছাগীর ওলানটিকে কুণ্ডিত হয়ে পূর্ববৎ হয়ে গেল।

হ্যরত খালেদ ইবনে সায়ীদ ইবনে আছ (রাঃ)-এর স্বপ্ন

ইবনে সাদ ও বায়হাকী মোহাম্মদ ইবনে আবদুল্লাহ ইবনে আমর ইবনে ওহমান থেকে রেওয়ায়েত করেন, খালেদ ইবনে সায়ীদ ইবনে আছ পূর্বেই ইসলাম গ্রহণ করেছিলেন। ভাইদের মধ্যে সর্বপ্রথম তিনিই ইসলাম গ্রহণ করেন। তাঁর ইসলাম গ্রহণের সূচনা এভাবে হয় : তিনি স্বপ্নে দেখেন, তাঁকে দোষখের কিনারায় দাঁড় করানো হয়েছে। এরপর খালেদ দোষখের এত বিস্তৃতি বর্ণনা করলেন, যা আল্লাহ তায়ালাই জানেন। তিনি স্বপ্নে দেখলেন, তাঁর পিতা তাঁকে দোষখে নিশ্চেপ করছে এবং রসূলুল্লাহ (সাঃ) তাঁর কোমরে ধরে রেখেছেন, যাতে দোষখে পড়ে না যান। খালেদ এ স্বপ্ন দেখে ভীত হয়ে পড়লেন এবং বললেন : আল্লাহর কসম, এ স্বপ্ন সত্য। অতঃপর তিনি হ্যরত আবু বকর (রাঃ)-এর কাছে এসে স্বপ্ন বর্ণনা করলেন। তিনি বললেন : আমি তোমার হিত কামনা করি। ইনি আল্লাহর রসূল। তুমি তাঁর অনুসরণ কর। খালেদ হ্যুর (সাঃ)-এর কাছে এলেন এবং জিজ্ঞাসা করলেন : আপনি কোন বিষয়ের প্রতি আহ্বান করেন? তিনি বললেন : লা শরীক এক আল্লাহর প্রতি। মোহাম্মদ তাঁর বান্দা ও রসূল। তিনি আরও বললেন : মানুষ পাথরের এবাদত করে, অথচ পাথর না ওনে, না দেখে, না কোন উপকার ও অপকার করতে পারে। পাথর এটাও জানে না যে, কে তাদের এবাদত করছে এবং কে করছে না। তুমি তাদের পূজা পরিত্যাগ কর। খালেদ তৎক্ষণাতে মুসলমান হয়ে গেলেন। এ সংবাদ পেয়ে তাঁর পিতা তাঁকে ধরে নেয়ার জন্যে লোক পাঠাল, ধর্মকি দিল, প্রহার করল এবং বলল : আমি তোর রূজি বক্ষ করে দিব। খালেদ বললেন : তুমি রূজি বক্ষ করে দিলে কোন ক্ষতি নেই। আল্লাহ তায়ালা আমাকে যে রূজি দিবেন, তা দিয়ে আমি আমার জীবন নির্বাহ করে নিব।

ইবনে সাদ সালেহ ইবনে কায়সান থেকে রেওয়ায়েত করেন, খালেদ ইবনে সায়ীদ বর্ণনা করেন- হ্যুর (সাঃ)-এর আবির্ভাবের পূর্বে আমি স্বপ্নে একটি ঘন অঙ্ককার ছায়া দেখলাম, যা সমগ্র মক্কা নগরীকে ঘিরে রেখেছিল। এ অঙ্ককারে না কোন পাহাড় দৃষ্টিগোচর হচ্ছিল, না কোন নরম মাটি। এরপর আমি একটি নূর দেখলাম, যা প্রদীপের মত যমদ্যম থেকে বের হল। নূরটি যতই উপরে যাচ্ছিল, ততই বড় হচ্ছিল এবং চতুর্দিকে ছড়িয়ে পড়ছিল। অবশেষে নূরটি অনেক উঁচুতে পৌছে গেল। সর্বপ্রথম আমি যে বস্তুটি নূরোজুল দেখলাম, সেটি ছিল বায়তুল্লাহ।

এরপর নূরটি এত বিশাল আকার ধারণ করল যে, প্রত্যেক মরম মাটি ও পাহাড় তাতে দৃষ্টিগোচর হতে লাগল। অতঃপর সেই নূর আকাশে উথিত হল, অতঃপর মাটিতে অবতরন করল। ফলে মদীনার খর্জুর বাগান আমার দৃষ্টিতে আলোকময় হয়ে গেল। এ সব খর্জুর বৃক্ষে অর্ধপক্ষ বেজুর ছিল। এ নূরের মধ্যে আমি কাউকে বলতে শুনলাম পবিত্র কলেমা পূর্ণ হয়েছে। এ উশ্মত সৌভাগ্যশালী হয়েছে। উম্মাদের নবী আগমন করেছেন এবং কিতাব মেয়াদ পর্যন্ত পোছে গেছে। এ জনপদবাসীরা নবীকে মিথ্যারোপ করেছে। তাদেরকে দুবার আব্যাব দেয়া হবে। তৃতীয়বার তারা তওরা করে নিবে। তিনটি আব্যাব বাকী রয়ে গেছে। দু'টি পূর্বে এবং একটি পশ্চিমে। খালেদ স্বপ্নের এ ঘটনা আগন ভাতা আমর ইবনে সায়ীদের কাছে বর্ণন করলে তিনি বললেন : তুমি অস্তু স্বপ্ন দেবেছ। আমার মনে হয়, এটা বনী আবদুল মোতালিব থেকে প্রকাশ পাবে। কেননা, তুমি নূরকে যমযম থেকে উথিত হতে দেবেছ।

এ হাদীসটি দারে কুতুনী “আল-আমসাদ” প্রস্তুত করেছেন। ইবনে আসাকির, ওয়াকেদী, ইসমাইল ইবনে ইবরাহীম, মুসা ইবনে ওকবা এবং উয়ে খালেদ বিলতে সায়ীদ ইবনে আছ থেকে বর্ণনা করেছেন। এর শেষ ভাগে আরও বলা হয়েছে— খালেদ বললেন : এটা সেই বিষয়, যে কারণে আল্লাহ আমাকে হেদায়াত করেছেন। উশ্মে খালেদ বর্ণনা করেন, সর্বপ্রথম আমার পিতা ইসলাম গ্রহণ করেন। কেননা, তিনি আগন স্বপ্ন হ্যুর (সাঃ)-এর কাছে বর্ণনা করেন। তিনি বললেন : খালেদ, আল্লাহর কসম, আমিই সেই নূর এবং আমি আল্লাহর রসূল। একথা শনে খালেদ মুসলমান হয়ে গেলেন।

হ্যুরত সা'দ ইবনে আবী উয়াক্তাসের (রাঃ) স্বপ্ন

ইবনে আবিদুনিয়া ও ইবনে আসাকির হ্যুরত সা'দ ইবনে আবী উয়াক্তাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বললেন : আমি ইসলাম গ্রহণের তিন বছর পূর্বে স্বপ্নে দেখলাম, আমি যেন ভীমণ অঙ্ককার বেষ্টিত হয়ে আছি। কিছুই দৃষ্টিগোচর হচ্ছে না। হঠাৎ আমার সামনে একটি চাঁদ উজ্জ্বল হয়ে দেখা দিল। আমি এর পিছনে চললাম। আমি তাঁদেরকে দেখছিলাম, যারা এই চাঁদের দিকে আমার অঞ্গগামী ছিলেন। তাঁদের মধ্যে ছিলেন যায়দ ইবনে হারেসা, হ্যুরত আলী, আবু বকর সিন্ধীক (রাঃ) প্রমুখ। আমি যেন তাঁদেরকে জিজেসা করছি— আপনারা এদিকে কবে এলেন? তাঁরা বললেন : এই মাত্র এসেছি। এই স্বপ্ন দেখার পর আমি সংবাদ পেলাম, নবী করীম (সাঃ) গোপনে ইসলামের দিকে দাওয়াত দিচ্ছেন। আমি আজইয়াদের এক বাড়ীতে তাঁর সাথে দেখা করলাম এবং জিজেস করলাম : আপনি কোন বিষয়ের প্রতি দাওয়াত দেন? তিনি বললেন : তুমি এ বিষয়ের সাক্ষ দাও যে, আল্লাহ ছাড়া অন্য কোন উপাস্য নেই এবং আমি (মুহাম্মদ) আল্লাহর রসূল। সঙ্গে আমি এই স্বাক্ষর উচ্চারণ করলাম।

একটি সাধারণ পাত্রে চল্লিশ জনকে তৃষ্ণি সহকারে আহার করানো

ইবনে ইসহাক ও বায়হাকী হ্যুরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, নবী করীম (সাঃ)-এর উপর ^{وَأَنْذِرْ عَشِيرَتَكَ الْقَرْبَيْنَ} (আপনি স্থীয় পরিবার-পরিজন এবং নিকটতম আলীয়বর্গকে সতর্ক করুন।)– আয়াতখালি অবতীর্ণ হলে নবী করীম (সাঃ) বললেন : হে আলী, ছাগলের একটি আস্ত রান এবং এক ছ' খাদ্যশস্য নিয়ে তুমি খানা তৈরী কর। আর দুধের একটি বড় পেয়ালা প্রস্তুত রাখ। এরপর বনী আবদুল মোতালিবকে একত্রিত কর। হ্যুরত আলী (রাঃ) বললেন : আমি তাঁর আদেশ মোতালিব সব প্রস্তুত করলাম। বনী আবদুল মোতালিব সমবেত হল। তারা ছিল তখন কম-বেশী চল্লিশজন। তাদের মধ্যে তাঁর পিতৃব্য আবু তালেব, হায়যা, আব্বাস এবং আবু লাহাবও ছিল। আমি খানার সেই পাত্রটি তাদের সামনে পেশ করলাম। হ্যুর (সাঃ) পেয়ালা থেকে গোশতের একটি লধা টুকরা নিলেন এবং দাঁতের সাহায্যে চিরে পেয়ালার চার পার্শ্বে রেখে দিলেন। অতঃপর বললেন : বিসমিল্লাহ, থেতে শুরু করুন। সকলেই থেঁয়ে তৃণ হয়ে গেল। আমরা কেবল অঙ্গুলির চিহ্ন দেখতাম। খাদ্য এত কম ছিল যে, তাদের মধ্যে এক ব্যক্তি হলেও এতটুকু থেঁয়ে ফেলত।

অতঃপর হ্যুর (সাঃ) বললেন : আলী! এদেরকে দুধ পান করাও। আমি দুধের পেয়ালাটি তাদের কাছে নিয়ে গেলাম। তারা পেয়ালা থেকে দুধ পান করল। অবশ্যে সকলেই তৃণ হয়ে গেল। আল্লাহর কসম, তাদের মধ্য থেকে এক ব্যক্তি হলেও এই পরিমাণ দুধ একাই পান করতে পারত। রসূলল্লাহ (সাঃ) যখন তাদের সাথে কথা বলতে চাইলেন, তখন আবু লাহাব অঞ্চলী হয়ে বলল : তোমাদের এ লোকটি তোমাদের উপর জানু করেছে। এরপর সকলেই সেখান থেকে প্রস্থান করল এবং হ্যুর (সাঃ) তাঁর বক্রব্য পেশ করতে পারলেন না।

পরের দিন তিনি বললেন : আলী, গতকালের মত আজও খানাপিনার ব্যবস্থা কর। আমি যথাবিহীন ব্যবস্থা করলাম এবং তাদেরকে হ্যুর (সাঃ)-এর কাছে একত্রিত করলাম। তিনি আগের দিন যেমন করেছিলেন, আজও তেমনি করলেন। তারা সকলেই তৃণ হয়ে আহার করল। অতঃপর তিনি বললেন :

: হে বনী আবদুল মোতালিব! আরবের গোল যুবক তার গোত্রের কাছে আমার চেয়ে উৎকৃষ্ট কোন বিষয় নিয়ে এসেছে বলে আমি জানি না। আমি তোমাদের কাছে দুনিয়া ও আবেদনের বিষয় নিয়ে এসেছি।

এ রেওয়ায়েতটি ইবনে ইসহাক, বায়হাকী এবং আবু নয়ীম ও ইবনে ইসহাক, আবদুল গাফফার ইবনে কাসেম, নেহাল ইবনে আমর এবং আবদুল্লাহ ইবনে হারেনের সনদ সহকারে বর্ণনা করেছেন।

আবাশ, নেহাল ইবনে আমর, এবাদ ইবনে আবদুল্লাহ নাকে' ও সালেম থেকে রেওয়ায়েত করেন, হ্যরত আলী (রাঃ) বলেন : হ্যুর (সাঃ) হ্যরত খাদিজা (রাঃ)-কে আদেশ দিলেন এবং তিনি খানা তৈরী করলেন। অতঃপর তিনি বনী আবদুল মোস্তালিবকে একত্রিত করার জন্যে আমাকে বললেন। আমি চলিশ ব্যক্তিকে দাওয়াত করলাম। তারা সমবেত হলে হ্যুর (সাঃ) আমাকে বললেন : খানা আন। আমি তাদের কাছে এই পরিমাণ ছৱীদ নিয়ে এলাম, যা এক ব্যক্তি থেয়ে ফেলতে পারত, কিন্তু সকলেই এই খাদ্য থেয়ে তৃপ্ত হয়ে গেল। অতঃপর তিনি আমাকে বললেন : তাদেরকে দুধ পান করাও। আমি তাদেরকে এমন একপ্রকার থেকে দুধ পান করালাম, যা এক ব্যক্তির জন্যে যথেষ্ট ছিল। কিন্তু তারা সকলেই এই দুধ পান করল এবং তৃপ্ত হয়ে গেল। আবু লাহাব সমবেত সকলকে উদ্দেশ করে বলল : গোহাশদ তোমাদের উপর জানু করেছে। একথা শুনে সকলেই চলে গেল। ফলে তিনি তাদেরকে ইসলামের দাওয়াত দিতে পারলেন না। করেকদিন অতিবাহিত হলে হ্যুর (সাঃ) পুনরায় তাদের জন্যে খানা প্রস্তুত করালেন এবং আমাকে আদেশ করলেন। আমি সকলকে একত্রিত করলাম। সকলের আহার শেষে হ্যুর (সাঃ) তাদেরকে বললেন : আমি যে বাণী নিয়ে এসেছি, তাতে কে আমাকে সাহায্য করতে পারে? আমি আরজ করলাম : ইয়া রসূলুল্লাহ, আমি সাহায্য করতে পারি। আমি উপস্থিত সকলের মধ্যে অল্প বয়ক ছিলাম। সকলেই চুপ করে রইল। অতঃপর তারা আবু তালেবকে বলল : দেখুন আপনার পুত্র কি বলছে? আবু তালেব বললেন : তাঁকে বলতে দাও। তার চাচাত ভাই হিতকর কাজে কখনও ভুল করবে না।

আবু নয়ীম হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন, ^{وَانْذِرْ}^{عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ} আয়াতখানি নাযিল হলে রসূলে করীম (সাঃ) নিজের পরিজনবর্গের চলিশ ব্যক্তিকে খানায় আমন্ত্রণ করলেন। তাদের প্রত্যেক ব্যক্তি বড় এক একটি পাত ভরা দুধ এবং একটি ছাগলের গোশত্ একাই থেয়ে ফেলতে পারত। কিন্তু হ্যুর (সাঃ) তাদের সামনে ছাগলের একটি মাত্র রান পরিবেশন করলেন। সকলেই খেল এবং তৃপ্ত হল। এরপর আমি এক পিয়ালা দুধ আনলাম। সকলেই তা থেকে পান করল এবং তৃপ্ত হয়ে গেল।

আবু লাহাব বলল : আজকের মত জানু আমরা কখনও দেখিনি। অতঃপর রসূলুল্লাহ (সাঃ) বললেন : আলী, আজ যেমন তুমি খানা তৈরি করেছ,

আগামীকালও তৈরি করবে। সেমতে পরের দিনও তারা সকলেই তেমনিভাবে খেল এবং পান করল। এরপর রসূলুল্লাহ (সাঃ) তাদের সামনে নিজের বক্তব্য পেশ করলেন।

আবু নয়ীম ও ইবনে ইসহাকের রেওয়ায়েতে বারা ইবনে আয়েব বর্ণনা করেন, ^{وَنْزِلَ رَبُّ عَشِيرَتِكَ الْأَقْرَبِينَ}

মোস্তালিবের বৎসরকে একত্রিত করলেন। তাদের সংখ্যা ছিল চলিশ। তাদের মধ্যে এমনও ছিল, যারা একটি আস্ত ছাগলের গোশত্ থেয়ে ফেলতে এবং বড় এক পেয়ালা দুধ পান করতে পারত। হ্যুর (সাঃ) হ্যরত আলী (রাঃ)-কে ছাগলের রান আনতে বললেন। তিনি তা প্রস্তুত করে হ্যুর (সাঃ)-এর কাছে আনলেন। তিনি সেখান থেকে একটি টুকরা নিয়ে কিছু ভক্ষণ করলেন। এরপর অবশিষ্টাংশ পাত্রের ঢারণাপথে রেখে বললেন : দশ দশ ব্যক্তি খাদ্যের কাছে আসবে। সেমতে দশ জন করে এসে থেয়ে চলে গেল। অতঃপর তিনি দুধের পেয়ালা আনতে বললেন এবং নিজে এক চুমুক পান করে তাদেরকে দিয়ে বললেন : বিসমিল্লাহ, পান করুন। সকলেই পান করে তৃপ্ত হয়ে গেল। আবু লাহাব বলল : এ ব্যক্তির মত জানু তোমাদের উপর কেউ করেনি। আমার কথা শুনে পরের দিনও তিনি তাদেরকে এমনিভাবে খাদ্য ও দুধের দাওয়াত দিলেন। এরপর তাদের সাথে আলোচনার সূচনা করলেন।

মাটি থেকে পানি বের হওয়া

ইবনে সাদ হ্যরত আমর ইবনে সায়ীদের রেওয়ায়েত বর্ণনা করেছেন, আবু তালেব বললেন : আমি যুলমাজায নামক স্থানে আমার ভাতিজা (মর্বী করীম [সাঃ])-এর সাথে ছিলাম। একবার ভয়নাক পিপাসার্ত হয়ে আমি তাঁকে বগলাম : আমার খুব পিপাসা হচ্ছে। এখানে পানি নেই। এখন কি করিঃ? আমি মনে করতাম, আফসোস করা ছাড়া তার কাছে কি আছে? আমার কথা শুনে তিনি উট থেকে নেমে পড়লেন। বললেন : চাচা, আপনার পিপাসা নেগেছে? আমি বগলাম : হ্যাঁ। এরপর তিনি পেছে মাটির দিকে ঝুঁকলেন। হাতাঁ আমি পানি দেখতে পেলাম। তিনি বললেন : চাচা, পানি পান করুন। আমি পানি পান করলাম।

আবু তালেবের জন্য রোগ মুক্তির দোয়া করা

আবু নয়ীম ও বায়হাকী হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, আবু তালেব একবার অসুস্থ হয়ে পড়েন। হ্যুর (সাঃ) তাঁকে দেখতে গেলেন। তিনি বললেন : ভাতিজা, তুম যে পালনকর্তার এবাদত কর, তাঁর কাছে আমার রোগ মুক্তির জন্যে দোয়া কর। হ্যুর (সাঃ) বললেন : আল্লাহ, আমার চাচাকে দুষ্টা দান কর।

আবৃ তালেব তৎক্ষণাত দাঁড়িয়ে গেলেন; যেন রশির বক্সনমুক্ত হয়ে গেলেন। তিনি বললেন : ভাতিজা! তুমি যে রবের এবাদত কর, তিনি তোমার কথা মেনে নেন ? হ্যুর (সাঃ) বললেন : চাচা, আপনি আল্লাহ তায়ালার আনুগত্য করলে তিনি আপনার আবেদনও করুল করবেন।

হ্যুর (সাঃ)-এর মাধ্যমে আবৃ তালেবের বৃষ্টির জন্য দোয়া করা

ইবনে আসাকিরের ইতিহাস গ্রন্থে বর্ণিত রেওয়ায়েতে জালিমা ইবনে আরফাজা বললেন : একদা আমি মসজিদে-হারামে যেয়ে দেখি, কোরায়শরা বৃষ্টির জন্য দোয়া উদ্দেশ্যে সমবেত হয়েছে। তাদের কেউ বলছিল, লাত ও ওয়্যার শরণাপন্ন হওয়া যাক। আবার কেউ বলছিল, তৃতীয় প্রতিমা মানাতের কাছে প্রার্থনা করা হোক। তাদের মধ্য থেকে জনৈক প্রবীণ, সুশ্রী ও অভিজ্ঞ ব্যক্তি বলল : এমন সর্বনাশ কথা বলছ কেন ? তোমাদের মধ্যে ইবরাহীম (আঃ)-এর ও ঈসমাইল (আঃ)-এর অধ্যস্তন পুরুষ বর্তমান রয়েছেন। লোকেরা বলল : আপনি কি আবৃ তালেবকে বুঝাচ্ছেন? সে বলল : হ্যাঁ। সেমতে সকলেই তাঁর কাছে রওয়ানা হল। আমিও তাদের সঙ্গে ছিলাম। আমরা আবৃ তালেবের দরজায় যেয়ে কড়া নাড়লাম। এক সুশ্রী ব্যক্তি এলেন। তাঁর পরনে ছিল হলদে রঙের লুঙ্গ। সকলেই তাঁকে বলল : আবৃ তালেব! সর্বত্র দুর্ভিক্ষ ছড়িয়ে পড়েছে। মানুষজন দুর্গত হয়ে পড়েছে। বৃষ্টির দোয়া করার জন্যে চলুন। আবৃ তালেব বললেন : সূর্য চলে পড়ার এবং বাতাস চলার অপেক্ষা কর। সূর্য চলে পড়লে আবৃ তালেব বের হলেন। তাঁর সঙ্গে ছিল সুশ্রী সমুজ্জ্বল ও অঙ্কারে চাঁদের মত এক বালক। তাঁর চতুর্দিকে ছিল ছোট ছেট ছেলেমেয়ে। আবৃ তালেব বালককে ধরলেন এবং বায়তুল্লাহর দিকে পিঠ করলেন। বালক আবৃ তালেবের অঙ্গুলি ধরল। ছেলেমেয়েরা তাঁর চতুর্দিকে ঝুঁকে পড়ল। তখন আকাশে একখণ্ড মেঘ এসে জমা হল এবং বৃষ্টি বর্ষণ করতে লাগল। জঙ্গলসমূহে পানির স্রোত বয়ে গেল এবং নগর ও মরুভূমি সবুজ সতেজ হয়ে গেল। এ সম্পর্কেই আবৃ তালেব এই কবিতাটি রচনা করেছিলেন :

“তিনি এমন পবিত্র সন্তা যে, মেঘমালা তাঁর নূরোজ্জ্বল মুখমণ্ডলের বরকতে পানি প্রার্থনা করে। তিনি এতীমদের সাহায্যকারী এবং বিধবা নারীদের সতীত্ব।

হাশেম পরিবারের ধর্মস্থানের তাঁকে ঘিরে থাকে এবং তাঁরা তাঁর কাছ থেকে নেয়ায়ত ও ফ্যালত আহরণ করে।

তিনি ন্যায়বিচারের মানদণ্ড, যাতে যবদানা পরিমাণ কমতি হতে পারে না। তিনি সত্যতার ওজনকারী। এই ওজনে কোন কমতি হতে পারে না।”

হ্যরত হাম্যা (রাঃ)-এর জিবরাইলকে দেখা :

ইবনে সাদ ও বারহাকী আশ্চর ইবনে আবী আম্বার থেকে রেওয়ায়েত করেছেন, হ্যরত হাম্যা (রাঃ) আরজ করলেন : ইয়া রসূলাল্লাহ! আমি জিবরাইল (আঃ)-কে আসল আকৃতিতে দেখতে চাই। হ্যুর (সাঃ) বললেন : তাঁকে দেখার সাধ্য তোমার নেই। হ্যরত হাম্যা (রাঃ) বললেন : অবশ্যই আপনি তাঁর সাথে আমাকে সাক্ষাৎ করান। তিনি বললেন : আচ্ছা, বস। হ্যরত হাম্যা বসে গেলেন। জিবরাইল (আঃ) একটি কাঠের উপর অবতরণ করলেন, যাতে মুশরিকরা তওয়াফ করার সময় তাদের কাপড় ঝুলিয়ে রাখত। হ্যুর (সাঃ) হাম্যাকে বললেন : দৃষ্টি তুলে তাকাও। তিনি তাকালে জিবরাইলের পদযুগল সবুজ যমরণদের ন্যায় দেখতে পেলেন। তিনি বেশ হয়ে পড়ে গেলেন। – এ রেওয়ায়েতটি মুরসাল।

চন্দ্র দ্বিখণ্ডিত করার মোজেয়া :

আল্লাহ পাক এরশাদ করেন :

رَقْتَرِيَّتُ السَّاعَةِ وَانْشَقَّ الْقَمَرُ

কিল্যামত নিকটবর্তী হয়েছে এবং চন্দ্র দ্বিখণ্ডিত হয়েছে।

বৌখারী ও মুসলিম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, মক্কাবাসীরা নবী করীম (সাঃ)-এর কাছে আবেদন করল তিনি যেন তাদেরকে কোন নির্দর্শন দেখান। সেমতে তিনি তাদেরকে দু'বার চন্দ্র দ্বিখণ্ডিত হতে দেখালেন।

বৌখারী ও মুসলিম হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, নবী করীম (সাঃ)-এর আমলে চাঁদের দুটি খণ্ড হয়ে যায়। হ্যুর (সাঃ) তাদেরকে বললেন : সাক্ষী থাক।

বৌখারী ও মুসলিমের অপর এক রেওয়ায়েতে হ্যরত ইবনে মসউদ (রাঃ) বলেন : আমরা হ্যুর (সাঃ)-এর সঙ্গে ছিলাম। চাঁদ খণ্ডিত হয়ে দু'ভাগ হয়ে যায়। এক ভাগ পাহাড়ের উপর থাকে এবং এক ভাগ পাহাড়ের ওদিকে। হ্যুর (সাঃ) বললেন : সাক্ষী থাক।

বৌখারী ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন-আমি মক্কায় চাঁদকে বিভক্ত হয়ে দু'ভাগ হতে দেখেছি। চাঁদের এক ভাগ আবৃ কোবায়স পাহাড়ের

উপরে ছিল এবং এক ভাগ সুয়ায়দার উপরে। মুশরিকরা এটা দেখে বলতে লাগল : চাঁদের উপর জাদু করেছে। এর পরিপ্রেক্ষিতে এই আয়াত নাযিল হল :

إِقْرَبَتِ السَّاعَةُ وَانْشَقَ الْفَمُ

বায়হাকী ও আবৃ নয়ীম হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, মকায় চাঁদ খিণ্ডি হয়ে দু'ভাগ হয়ে গেল। এটা দেখে মকায় কাফেরেরা বলতে লাগল : ইবনে আবী কাবশা (হ্যুর সাঃ)-তোমাদের উপর এ ধরনের জাদুই করে। তোমরা মুসাফিরদেরকে জিজ্ঞাসা কর। যদি তারাও তোমাদের মত চাঁদকে খিণ্ডি দেখে থাকে, তবে এটা সত্য। নতুনা এটা জাদু, যা তোমাদের চোখে করা হয়েছে। তারা মুসাফিরদেরকে জিজ্ঞেস করল, যারা চতুর্দিক থেকে আগমন করেছিল। তারা বলল : আমরা চাঁদ খিণ্ডি হওয়া দেখেছি।

বোখারী ও মুসলিম হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সাঃ)-এর আমলে চন্দ্র দ্বিখণ্ডিত হয়েছিল। একখণ্ড পাহাড়ের সামনে ছিল এবং একখণ্ড পাহাড়ের পেছনে।

বায়হাকী ও আবৃ নয়ীম জুবায়র ইবনে মুতায়িম থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন : আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর আমলে মকায় ছিলাম। চাঁদ দ্বিখণ্ডিত হয়ে যায়। একখণ্ড এক পাহাড়ের উপর এবং এক খণ্ড অন্য পাহাড়ের উপর ছিল। মানুষ বলাবলি করতে লাগল : মোহাম্মদ আমাদের উপর জাদু করেছে। একথা শুনে এক ব্যক্তি বলল : তোমাদের উপর জাদু করলেও সকল মানুষের উপর তো জাদু করেন।

আবৃ নয়ীম আতা, যাহহাক ও ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, মুশরিকরা হ্যুর (সাঃ)-এর কাছে সমবেত হয়ে বলল : যদি আপনি সত্য নবী হন, তবে আমাদের সামনে চাঁদকে দু'খণ্ড করে দিন। এক খণ্ড ঘেন আবৃ কোবায়স পাহাড়ের উপর এবং অপর খণ্ড কুয়াইকায়ানের উপর থাকে। তখন ছিল পূর্ণিমার রাত। হ্যুর (সাঃ) আল্লাহর তায়ালার কাছে তাদের দাবী পূরণ করার জন্যে দোয়া করলেন। সেমতে চাঁদ দ্বিখণ্ডিত হয়ে গেল। অর্ধেক আবৃ কোবায়স পাহাড়ের উপর এবং অর্ধেক কুয়াইকায়ানের উপর রয়ে গেল। হ্যুর (সাঃ) বললেন : সাক্ষী থাক।

আবৃ নয়ীম যাহহাক থেকে বর্ণনা করেন, ইবনে আবাস (রাঃ) বলেন : চাঁদ দু'ভাগে বিভক্ত হয়ে গেল। এক ভাগ সাফার উপর এবং এক ভাগ মারওয়ার উপর রইল। আছর থেকে মধ্যরাত্রি পর্যন্ত যতটুকু সময়, ততটুকু সময় দ্বিখণ্ডিত রইল। সকলেই তা দেখছিল। এরপর অদৃশ্য হয়ে গেল।

আলেমগণ বলেন : এ ঘটনাটি এক বিরাট মোজেয়া। পূর্ববর্তী পয়গম্বরগণের মোজেয়াসমূহ এর সমতুল্য হতে পারে না। কেননা, এটা উর্ধ্ব জগতে প্রকাশ

পেয়েছে, যা বিশ্বচারাচরের সকল প্রভাবের উর্ধ্বে। সেখানে কোন প্রকার কৌশল ও তদবীর করার জো নেই। এ কারণে চন্দ্র দ্বিখণ্ডিত হওয়ার ঘটনা দ্বারা অখণ্ডনীয় প্রমাণ ও দলিল প্রতিষ্ঠিত হয়ে গেছে।

মানুষের অনিষ্ট থেকে হেফায়তের ওয়াদা :

তিরিয়ী, হাকেম, বায়হাকী ও আবৃ নয়ীম হ্যরত আবেশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন : হ্যুর (সাঃ)-এর হেফায়তের জন্যে পাহারা দেয়া হত। অবশেষে এই আয়াত নাযিল হল :

وَاللَّهُ يَعِصِّمُكَ مِنَ النَّارِ

আল্লাহ মানুষের অনিষ্ট থেকে আপনার হেফায়ত করবেন।

এরপর হ্যুর (সাঃ) পাহারাদার সাহাবীগণকে বললেন : তোমরা চলে যাও। আল্লাহ তায়ালা স্বয়ং আমার হেফায়ত করবেন।

আহমদ, তিবরানী ও আবৃ নয়ীমের রেওয়ায়েতে জাদু বলেন : আমি হ্যুর (সাঃ)-এর কাছে এলাম। তাঁর কাছে এক ব্যক্তিকে পাকড়াও করে আনা হল এবং বলা হল : এই নরাধম আপনাকে হত্যা করার উদ্দেশ্যে ঘূরাফিরা করছিল। হ্যরত নবী করীম (সাঃ) বললেন : মোটেই ডয় করো না। কেউ আমাকে হত্যা করতে চাইলেও আল্লাহ তায়ালা তাকে সে সুযোগ দিবেন না।

আবৃ জাহলের অনিষ্ট থেকে হেফায়ত :

মুসলিম হ্যরত আবৃ হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন, আবৃ জাহল লোকজনকে জিজ্ঞাসা করল : মোহাম্মদ আপন মুখমণ্ডল তোমাদের সামনে মাটিতে রাখেন কি? (অর্থাৎ সেজদা করেন কি?) ওরা বলল : হ্যাঁ। আবৃ জাহল বলল : জাত ও ওয়ারার কসম, আমি তাঁকে এরপ করতে দেখলে তাঁর গর্দান পদমলিত করব অথবা মুখমণ্ডল ধূলি ধূসরিত করে দেব। অতঃপর একদিন হ্যুর (সাঃ) ধখন নামাযে রত ছিলেন, তখন আবৃ জাহল তাঁর গর্দান পদমলিত করতে এল। সেখানে উপস্থিত লোকেরা দেখল, আবৃ জাহল হঠাৎ পেছনে সরে যাচ্ছে এবং উভয় হাত দিয়ে নিজেকে রক্ষা করতে চেষ্টা করছে। পরে তাকে জিজ্ঞাসা করা হলে সে বলল : আমার ও মোহাম্মদের মাঝখানে একটা ভয়াবহ দৃশ্য রয়েছে এবং কতগুলো অদৃশ্য হাত কার্যকর দেখতে পাচ্ছি। হ্যুর (সাঃ) বললেন : সে আমার কাছে আসলে ফেরেশতা তার এক একটি অঙ্গ হো মেরে নিয়ে যেত। এর পরিপ্রেক্ষিতে আল্লাহ তায়ালা এই আয়াত নাযিল করেন :

كَلَّا لَئِنْ إِلَّا نَسَانَ لَيَطْغِي

ইবনে ইসহাক, বায়হাকী ও আবু নয়ীম হযরত ইবনে-আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন, আবু জাহল বলল : হে কোরায়শ সম্প্রদায়! তোমরা দেখছ যে, মোহাম্মদ আমাদের ধর্মের দোষ বের করে, আমাদের পিতৃপুরুষকে মন্দ বলে, আমাদেরকে নির্বোধ সাব্যস্ত করে এবং আমাদের উপাস্যদেরকে গালি দেয়। আমি প্রতিজ্ঞা করছি-আগামীকাল তার জন্যে একটি পাথর নিয়ে বসব। যখন সে নামাযে বসবে, তখন এই পাথর দিয়ে তার মাথা পিট করে দেব। এরপর দেখি তার গোত্র বন্ধু আবদ মানুষ কি করতে পারে। সে মতে আবু জাহল সকালে উঠে একটি পাথর নিয়ে বসে রাইল। নবী করীম (সা:) নামাযে দাঁড়ালেন। কোরায়শরা সকাল বেলায় আপন আপন মজলিসে বসে গেল। তারা আবু জাহলকে দেখছিল। যখন নবী করীম (সা:) সেজদায় গেলেন, তখন আবু জাহল পাথর নিয়ে তাঁর দিকে অগ্রসর হল। নিকটে পৌছলে হঠাৎ তার মুখের রঙ বিবর্ণ হয়ে গেল এবং সে ভীত বিহুল হয়ে গেল। সে পিছনে হট্টে শাগল এবং পাথরটি হাত থেকে ফেলে দিল। কোরায়শরা দৌড়ে আবু জাহলের দিকে গেল এবং তাকে জিজ্ঞাস করল : কি হল? সে বলল : আমি যখন তার দিকে অগ্রসর হলাম, তখন একটি তাগড়া উট দেখলাম। খোদার কসম, এই উটের মাথা, ঘাড় এবং দাঁত যেমনটি দেখলাম, কোন উটের তেমনটি দেখিনি। এই উট আমাকে গিলে ফেলতে চেয়েছিল। হ্যুর (সা:) বলেন : তিনি ছিলেন জিবরাইল (আঃ)। আবু জাহল আমার কাছে এলে তিনি ওকে ধরে ফেলতেন!

বোঝারী হযরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, একদিন আবু জাহল বলল : আমি মোহাম্মদকে বায়তুল্লাহর কাছে নামায পড়া অবস্থায় দেখলে তার গর্দান পদদলিত করব। হ্যুর (সা:) তার এ সংকল্পের কথা জানতে পেরে বললেন : আবু জাহল এরপ করলে ফেরেশতারা সর্বসমক্ষে ওকে ধরে ফেলবে।

বায়ার, তিবরানী, হাকেম, বায়হাকী ও আবু নয়ীম হযরত ইবনে আববাস (রাঃ) থেকে বর্ণনা করেন-একদিন মসজিদে আমার উপস্থিতিতে আবু জাহল বলল :

“মোহাম্মদকে সেজদায় দেখলে তার ঘাড় পদদলিত করার জন্য আমি সংকল্প গ্রহণ করলাম।”

হযরত ইবনে আববাস (রাঃ) বলেন : আমি হ্যুর (সা:) এর কাছে যেয়ে আবু জাহলের কুম্ভলুর সম্পর্কে তাঁকে অবহিত করলাম। তিনি কিছুটা রাগাভিত অবস্থায় গৃহ থেকে বের হয়ে মসজিদে এলেন এবং মসজিদের দরজা দিয়ে নির্ভয়ে প্রবেশ করতে লাগলেন। আমি প্রমাদ গনলাম। তিনি নামাযে সূরা ইকরা তেলাওয়াত শুরু করলেন। যখন *إِنَّ الْإِنْسَانَ لَيَطْغِي* পর্যন্ত পৌছলেন, যা আবু জাহলেরই অবস্থা, তখন একব্যক্তি আবু জাহলকে বলল : এই তো মোহাম্মদ! সে বলল :

আমি যা দেখছি, তুমি তা দেখছ না। খোদার কসম, আকাশের প্রান্ত আমাকে ঘিরে ফেলেছে।

ইবনে ইসহাক, বায়হাকী ও আবু নয়ীম আবদুল মালেক ইবনে আবু সুফিয়ান সকাফী থেকে রেওয়ায়েত করেন, জনেক বেদুঈন নিজের উট নিয়ে মঞ্চায় এল। আবু জাহল তার কাছ থেকে উট কুয় করল, কিন্তু মূল্য পরিশোধে টালবাহনা শুরু করল। বেদুঈন কেরায়শদের মজলিসে এসে বলল : আবু জাহলের কাছ থেকে প্রাপ্য আদায়ে কে আমাকে সাহায্য করবে? আমি ভিন্নদেশী মুসাফির। আবু জাহল আমার প্রাপ্য আস্তসাং করেছে। কোরায়শরা বলল : তুমি ঐ ব্যক্তির (অর্থাৎ হ্যুর সা:) নিকট গিয়ে দেখ। হ্যুর (সা:) তখন মসজিদের এক কোণে অবস্থান করছিলেন। কোরায়শদের কথায় বেদুঈন হ্যুর (সা:) -এর কাছে এসে ঘটনা বর্ণনা করল। তিনি ঘটনা শুনে বেদুঈনকে সঙ্গে নিয়ে আবু জাহলের বাড়ীতে গেলেন এবং তার দরজার কড়া নাড়লেন। আবু জাহল বলল : কে?

তিনি বললেন : আমি মোহাম্মদ!

আবু জাহল তাঁর দিকে অগ্রসর হল, কিন্তু তার রঙ ত্রুম্ভঃ বিবর্ণ হয়ে যাচ্ছিল। তিনি আবু জাহলকে বললেন : এ ব্যক্তির পাওনা পরিশোধ করে দাও। আবু জাহল বলল : আচ্ছা। সে বাড়ীর ভিতরে গেল এবং পাওনা নিয়ে ফিরে এল। হ্যুর (সা:) বেদুঈনের পাওনা বুঝে নিয়ে তাকে দিয়ে দিলেন, অতঃপর বস্থানে ফিরে এলেন।

লোকেরা আবু জাহলকে বলল : আবুল হাকাম, তোমার আচরণ বিশ্যয়কর!

আবু জাহল বলল : তোমাদের মঙ্গল হোক। মোহাম্মদ যখন আমার দরজায় কড়া নাড়ল, তখন আমি হঠাৎ ভীত হয়ে পড়লাম। যখন তাঁর কাছে এলাম, তখন আমার মাথার উপর একটি তাগড়া উট দেখতে পেলাম। আমি এ উটের মত কোন উটের মাথার খুলি, গর্দান ও দাঁত দেখিনি। খোদার কসম, আমি তাঁর কথামত কাজ না করলে উটটি আমাকে খেয়ে ফেলত।

আবু নয়ীম সালাম ইবনে বাহেলী থেকে এবং তিনি আবু এয়ায়ীদ মদনী ও আবু কোরয়া বাহেলী থেকে বর্ণনা করেন যে, আবু জাহলের কাছে এক ব্যক্তির পাওনা ছিল। সে তা শোধ করতে অবীকার করল। লোকেরা প্রাপককে বলল : আমরা কি তোমাকে এমন এক ব্যক্তির কথা বলব না, যে আবু জাহলের কাছ থেকে তোমার পাওনা আদায় করে দিতে পারে? লোকটি বলল : অবশ্যই বল।

তাঁরা বলল : মোহাম্মদ ইবনে আবদুল্লাহর কাছে যাও। সে এল। তিনি লোকটিকে সঙ্গে নিয়ে আবু জাহলের কাছে গেলেন এবং বললেন : এ লোকটির পাওনা দিয়ে দাও। আবু জাহল বলল : আচ্ছা। অতঃপর সে অন্দরে গেল এবং লোকটির প্রাপ্য দেরাহাম নিয়ে এল। লোকেরা আবু জাহলকে জিজ্ঞাসা করল : তুমি

কি মোহাম্মদকে ভয় করলে? সে বলল : সেই সন্তার কসম, যার কজায় আমার প্রাণ, আমি তার সাথে সুতীক্ষ্ণ বর্ণাধারী লোকজনকে দেখেছি। পাওলা শোধ না করলে তারা বর্ণ দিয়ে আমার পেট চিরে দিত।

আওরা বিনতে হরবের দৃষ্টি থেকে হেফায়ত

আল্লাহ তায়ালা এরশাদ করেন- হে নবী, যখন আপনি কোরআন তেলাওয়াত করেন, তখন আমি আপনার মধ্যে এবং অবিষ্কারীদের মধ্যে অন্তরায় সৃষ্টি করে দেই। আল্লাহ পাক আরও বলেন :

وَجَعَلْنَا مِنْ بَيْنِ أَيْدِيهِمْ سَدًّا فَأَغْشَيْنَا هُمْ
فَهُمْ لَا يُبَصِّرُونَ

: আমি স্থাপন করেছি তাদের সম্মুখে একটি অন্তরাল এবং পশ্চাতে একটি অন্তরাল এবং তাদের দৃষ্টির উপর রেখেছি আবরণ। ফলে তারা দেখতে পায় না। (সূরা ইয়াসীন)

আবু ইয়ালা, ইবনে আবী হাতেম, বায়হাকী ও আবু নয়ীম হ্যরত আসমা বিনতে আবু বকর (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন, সূরা তাবাত অবতীর্ণ হওয়ার পর আওরা বিনতে হরব উন্নেজিত অবস্থায় রওয়ালা হল। তার হাতে ছিল একটি পাথর। রসূলাল্লাহ (সাঃ) মসজিদে ছিলেন। হ্যরত আবু বকর (রাঃ)-ও তাঁর সঙ্গে ছিলেন। আওরাকে আসতে দেখে হ্যরত আবু বকর বললেন : ইয়া রসূলাল্লাহ, আওরা আসছে। আমার আশংকা হয় সে আপনাকে দেখে না ফেলে। হ্যুর (সাঃ) এরশাদ করলেন, সে আমাকে দেখতে পাবে না। তিনি কোরআন পাঠ করে নিজের হেফায়ত করে নিলেন। আওরা এসে আবু বকর (রাঃ)-এর কাছে দাঁড়িয়ে গেল। হ্যুর (সাঃ)-কে দেখতে পেল না। সে আবু বকর (রাঃ)-কে বলল : আমি জানতে পেরেছি তোমার সঙ্গী আমার নিন্দাবাদ করেছে। আবু বকর বললেন : কা'বা গৃহের প্রভুর কসম, তিনি তোমার নিন্দাবাদ করেননি।

বায়হাকী এ রেওয়ায়েতটি আসমা (রাঃ) থেকেও হ্বহ এভাবেই বর্ণনা করেছেন। এতে এ কথাগুলোও আছে- হ্যরত আবু বকর (রাঃ) বললেন : আমার সঙ্গী কবি নন। কবিতা কি তিনি তাও জানেন না। হ্যুর (সাঃ) আবু বকরকে বললেন : আওরাকে পশ্চ কর - তোমার সঙ্গে আর কেউ দৃষ্টিগোচর হয় কি? সে আমাকে দেখে না। কারণ, আমার ও তার মধ্যে একটি অন্তরাল স্থাপন করা হয়েছে। আবু বকর (রাঃ) আওরাকে এ কথা জিজেস করলে সে বলল : তুমি আমার সাথে উপহস্ত করছ। আমি অন্য কাউকে দেখি না।

ইবনে আবী শায়বা ও আবু নয়ীম হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, সূরা তাবাত নাযিল হলে আবু জাহলের ত্রী এল। আবু বকর (রাঃ) আরজ করলেন : ইয়া রসূলাল্লাহ! আপনি তাঁর সম্মুখ থেকে সরে গেলে তাল হত। এই মহিলা অত্যন্ত কটুভাবিনী। হ্যুর (সাঃ) বললেন : আমার মধ্যে ও তার মধ্যে অন্তরাল হয়ে যাবে। শেষ পর্যন্ত ত্রীলোকটি তাঁকে দেখল না এবং আবু বকরকে বলল : তোমার সঙ্গী আমার নিন্দাবাদ করেছে। আবু বকর (রাঃ) বললেন : তিনি কবিতা বলেনও না, পড়েনও না। অতঃপর সে চলে গেল।

হ্যরত আবু বকর (রাঃ) আরজ করলেন : ইয়া রসূলাল্লাহ! সে আপনাকে দেখেনি। তিনি বললেন : আমার ও তার মধ্যে একজন ফেরেশতা ছিল, সে আপন বাহু দ্বারা আমাকে ঢেকে রেখেছিল।

মখ্যমীদের অনিষ্ট থেকে হেফায়ত

বায়হাকী হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে—

وَجَعَلْنَ مِنْ بَيْنِ أَيْدِيهِمْ سَدًّا

: আয়াতের তফসীর প্রসঙ্গে রেওয়ায়েত করেন, বনী-মখ্যমের কিছু সংখ্যক লোক হ্যুর (সাঃ)-কে হত্যা করার পরিকল্পনা করেছিল। তাদের মধ্যে আবু জাহল এবং ওলীদ ইবনে মুগীরাও ছিল। নবী করীম (সাঃ) নামায পড়ছিলেন। এ হতভাগারা তাঁর কেরাত শুনতে পেল। তারা ওলীদকে হত্যাকার্য সম্পন্ন করতে প্রেরণ করল। ওলীদ সে স্থানে এল, যেখানে তিনি নামায পড়ছিলেন। সে তাঁর কেরাত শুনছিল, কিন্তু তাঁকে দেখেছিল না। সে ফিরে গেল এবং সঙ্গীদেরকে ঘটনা বলল। তারা সকলেই নামায পড়ার জায়গায় এল। তারা কেরাতের আওয়াজ শুনে অগ্রসর হলে আওয়াজ তাদের পেছন থেকে আসছে বলে মনে হল। তারা সেদিকে গেল, কিন্তু আওয়াজ পেছন থেকে আসছে বলে মনে হল। এ অবস্থা দেখে তারা ব্যর্থ হয়ে ফিরে এল। এ সম্পর্কেই উপরোক্ত আয়াত নাযিল হয়।

ইমাম বায়হাকী বলেন : ইকরিমা থেকে বর্ণিত রেওয়ায়েত এ ঘটনাটির সমর্থন করে। সুযুক্তি বলেন : এখানে ইবনে জরীরের তফসীর গ্রন্থে উল্লিখিত ইকরামার রেওয়ায়েতের দিকে ইশারা করা হয়েছে। রেওয়ায়েতটি এই : আবু জাহল বলল, আমি মোহাম্মদকে দেখলে এই করব সেই করব। এ পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত আয়াত নাযিল হয় :

إِنَّا جَعَلْنَا فِي آعِنَاقِهِمْ أَغْلَالًا فَهِيَ إِلَى الْأَذْقَانِ فَهُمْ
مُقْمَحُونَ وَجَعَلْنَا مِنْ بَيْنِ أَيْدِيهِمْ سَدًّا وَمِنْ خَلْفِهِمْ سَدًّا
فَأَغْشَيْنَا هُمْ فَهُمْ لَا يُبَصِّرُونَ ০

আমি ওদের গলদেশে চিবুক পর্যন্ত বেড়ি পরিয়েছি। ফলে ওরা উর্ধ্মুখী হয়ে গেছে। আমি ওদের সম্মুখে একটি অন্তরাল এবং পচাতে একটি অন্তরাল স্থাপন করেছি। ফলে ওরা দেখতে পায় না।

আবু নয়ীম ইকবিমা থেকে এবং তিনি ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, হ্যুর (সাঃ) মসজিদে হারামে সশঙ্কে কোরআন তেলাওয়াত করতেন। কোরাল্যশরা তাঁর উপর নির্যাতন চালায় এবং তাঁকে ধরতে উদ্যত হয়। হঠাতে তাদের হাত তাদের ঘাড়ে বেড়ি হয়ে যায় এবং সঙ্গে সঙ্গে তাদের দৃষ্টি শক্তি ও চলে যায়। তারা কোন কিছু দেখতে না। এ অবস্থায় তারা হ্যুর (সাঃ)-এর খেদমতে হাথির হয়ে আরজ করে, আমরা আপনাকে আল্লাহর কসম দিছি। অতঃগর তিনি তাদের জন্যে দোয়া করেন। ফলে তাদের অস্তু দূর হয়। এরই পরিপ্রেক্ষিতে সূরা ইয়াসীন নায়িল হয়।

আবু নয়ীম মুভায়ার ও সোলায়মান থেকে বর্ণনা করেন, জনৈক মধ্যমী মন্দ উদ্দেশ্য রসূলুল্লাহ (সাঃ)-এর দিকে অগ্রসর হল। তার হাতে একটি পাথর ছিল। সে যখন নিকটে এল, তখন হ্যুর (সাঃ) সেজদায় ছিলেন। সে হাত তুলল। সঙ্গে সঙ্গে তার হাত অবশ হয়ে গেল, হাত থেকে পাথর আলাদা করার শক্তি রইল না। সে সঙ্গীদের কাছে ফিরে এলে তারা বলল : তুমি কাপুরুষতা দেখিয়েছ। সে বলল : আমি কাপুরুষতা দেখাইনি। এই দেখ, পাথর আমার হাতেই আছে। আমি এটি আলাদা করতে পারি না। তারা অবাক হল। তারা পাথরে তার অঙ্গুলিগুলো অবশ পেল। অনেক চিকিৎসার পর পাথর অঙ্গুলি থেকে বিচ্ছিন্ন হল।

নবর ইবনে হারেসের অনিষ্ট থেকে হেফায়ত

ওয়াকেদী ও আবু নয়ীম হয়রত ওরওয়া ইবনে যুবায়র (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, নবর ইবনে হারেস রসূলুল্লাহ (সাঃ)-কে কষ্ট দিত। একদিন গ্রীষ্মাকালে তীব্র গরমের সময় দ্বিপ্রহরে হ্যুর (সাঃ) প্রকৃতির ভাকে সাড়া দেয়ার জন্যে যাচ্ছিলেন। তিনি সানিয়াতুল-হজুমের নিম্নভাগ পর্যন্ত পৌছে গেলেন। এ কাজে দূরে চলে যাওয়াই তাঁর অভ্যাস ছিল। নবর তাঁকে দেখে মনে মনে বলল : এ মুহূর্তে তিনি যেমন নির্জনে আছেন, তাঁকে হত্যা করার জন্যে এমন সুযোগ কখনও পাওয়া যাবে না। সে হ্যুর (সাঃ)-এর দিকে অগ্রসর হল ; কিন্তু তৎক্ষণাত ভীত সন্তুষ্ট হয়ে আগন গৃহে ফিরে গেল। পথিমধ্যে আবু জাহলের সাথে দেখা হলে সে বলল : কোথেকে আসছ ? নবর বলল : আমি মোহাম্মদের পশ্চাক্ষাবন করেছিলাম। আমার উদ্দেশ্য ছিল ওকে হত্যা করা। কারণ, সে একাকী ছিল। কিন্তু অকস্মাত আমি অনেকগুলো সিংহ দেখেছিলাম। সেগুলো মুখ হা করে আমার দিকে অগিয়ে আসছিল। আমি ভীত হয়ে ফিরে এসাম। আবু জাহল বলল : এটাও তার একটা জাদু।

হাকামের অনিষ্ট থেকে হেফায়ত

তিবরানী, ইবনে মালাহ ও আবু নয়ীমের রেওয়ায়েতে হাকামের পৌত্রী বর্ণনা করেন, আমার দাদা হাকাম আমাকে বলেছেন—আমি তোমার কাছে একটি চাকুর ঘটনা বর্ণনা করছি— শুন। একদিন আমরা এ মর্মে চুক্তি করলাম যে, রসূলুল্লাহ (সাঃ)-কে পাকড়াও করব। আমরা একটি ভয়ংকর শব্দ শুনতে পেলাম। মনে হল যেন তেহামার পাহাড়সমূহ চুরমার হয়ে গেছে। আমরা আজ্ঞান হয়ে পেলাম। হ্যুর (সাঃ) নামায সমাপ্ত করে গৃহে ফিরে যাওয়া পর্যন্ত আমাদের কোন বোধশক্তি ছিল না। পরবর্তী রাতে আমরা আবার পূর্ববৎ চুক্তি করলাম। হ্যুর (সাঃ) মসজিদে আগমন করলে আমরা তাঁর দিকে অগ্রসর হলাম। দেখি কি, সাক্ষা ও মারওয়া পাহাড়স্থল এসে পরম্পরে মিলিত হয়ে গেল এবং আমাদের ও হ্যুর (সাঃ)-এর মধ্যে অন্তরাল হয়ে গেল।

আল্লাহর কসম, আমাদের প্রচেষ্টা ফলদায়ক হয়নি। অবশেষে আল্লাহ তায়ালা আমাদেরকে ইসলামে প্রবেশের তৌকিক দিলেন।

কুস্তিতে রোকানা পাহলোয়ানকে ধরাশায়ী করা

বায়হাকী ইসহাক ইবনে ইয়া'মার থেকে রেওয়ায়েত করেন, রসূলুল্লাহ (সাঃ) শ্যাতনাম পাহলোয়ান রোকানা ইবনে আবদে এয়ায়ীদকে বললেন : মুসলমান হয়ে যাও। সে বলল : যদি আমাকে বিদ্বাস করাতে পারেন, আপনি যা বলেন তা সত্ত, তবে আমি মুসলমান হয়ে যাব। রোকানা অত্যন্ত সুঠামদেহী শক্তিশালী ব্যক্তি ছিল। হ্যুর (সাঃ) বললেন, যদি আমি তোমাকে ধরাশায়ী করে দেই, তবে আমার কথা সত্য বলে মানবে ? সে বলল : অবশ্যই।

রসূলুল্লাহ (সাঃ) দাঁড়িয়ে গেলেন এবং কুস্তিতে তাকে ধরাশায়ী করে দিলেন। সে বলল : আবার লড়ুন। তিনি আবার লড়লেন এবং রোকানাকে ধরে মাটিতে ফেলে দিলেন। রোকানা একথা বলতে বলতে ফিরে গেল যে, এ ব্যক্তি জাদুকর। এমন জাদু আমি কখনও দেখিনি। মাটিতে গড়ার পর নিজের উপর আমার কোন নিয়ন্ত্রণ ছিল না।

বায়হাকীর রেওয়ায়েতে রোকানা ইবনে আবদে এয়ায়ীদ বলেন : আমি এবং রসূলুল্লাহ (সাঃ) আবু তালেবের ছাগপালের মধ্যে ছিলাম। আমরা ছাগল চৰাতাম। তিনি একদিন আমাকে বললেন : তুমি আমার সাথে কুস্তি লড়বেন ? তিনি বললেন : হ্যাঁ। আমি জিজ্ঞেস করলাম : আপনি আমার সাথে কুস্তি লড়বেন ? তিনি বললেন : একটি ছাগলের শর্তে। সেমতে আমি তাঁর সাথে কুস্তি লড়লাম। তিনি আমাকে পরাজিত করলেন এবং

আমার কাছ থেকে একটি ছাগল নিয়ে নিলেন। অতঃপর তিনি বললেন : দ্বিতীয় বার লড়বে কি ? আমি বললাম : জি হ্যাঁ।

আমি আবার লড়লাম এবং তিনি আমাকে আবার হারিয়ে দিলেন। শর্ত অনুযায়ী আবার একটি ছাগল নিয়ে নিলেন। কেউ আমাকে দেখে কি না, তা দেখার জন্যে আমি এদিক-ওদিক তাকাতে লাগলাম। হ্যুর (সাঃ) বললেন : তোমার কি হল ?

আমি বললাম : রাখালদেরকে দেখছি। কোথাও তারা আমাকে দেখে না ফেলে! দেখলে তারা আবার আমাকে ভয় করবে না। অথচ আমি আমার গোত্রের মধ্যে সর্বাধিক শক্তিশালী বলে খ্যাত।

হ্যুর (সাঃ) বললেন : তৃতীয় বার লড়বে? তুমি একটি ছাগল পাবে। আমি বললাম : হ্যাঁ, লড়ব।

তাঁর সাথে তৃতীয় বারের মতও লড়লাম। তিনি এবারও আমাকে পরাস্ত করলেন এবং একটি ছাগল নিয়ে নিলেন। আমি দুঃখিত ও অবসন্ন অবস্থায় বসে পড়লাম। হ্যুর (সাঃ) বললেন : কি হল? আমি আরজ করলাম : আবদে এয়াবীদের কাছে ঘাষ্টি।

আমি তার তিনটি ছাগল হারালাম। আমি মনে করতাম, কোরায়শদের মধ্যে আমিই সর্বাধিক শক্তিশালী পাহলোয়ান।

হ্যুর (সাঃ) বললেন : চতুর্থ বারও লড়বে ? আমি বললাম : না। তিনি বারের পর আর সাহস নেই।

হ্যুর (সাঃ) বললেন : তোমার সব ছাগল ফিরিয়ে দিব। সেমতে তিনি আমার ছাগলগুলো ফিরিয়ে দিলেন। কিছু দিন পরেই তাঁর নবুওয়তপ্রাণির কথা প্রকাশ হয়ে পড়ল। আমি তাঁর খেদমতে এসে মুসলমান হয়ে গেলাম। আল্লাহ তায়ালা আমাকে যেসব বিষয়ের হেদয়াত দান করেছেন, তন্মধ্যে একটি ছিল আমার এই বোধোদয় যে, সেদিন তিনি আমাকে নিজ শক্তিবলে ধরাশায়ী করেননি; বরং অন্যের শক্তি দিয়েই আমাকে পরাজিত করেছিলেন।

বায়হাকী ও আবু নয়ীম হ্যুরত আবু ওমামা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, বনী-হাশেমে রোকানা নামের এক ব্যক্তি ছিলেন। তিনি ছিলেন অসাধারণ শক্তিশালী। কাউকে ধরলে মুহূর্তেই তার দফারফা করে ছাড়তো সে আসম উপত্যকায় ছাগল চরাত। একদিন নবী করীম (সাঃ) সে উপত্যকায় গেলেন। সেখানে তাঁর রোকানার সাথে সাক্ষাৎ হল। তিনি ছিলেন একাকী। রোকানা তাঁকে বলল : মোহাম্মদ! আপনিই সে ব্যক্তি, যে আমাদের উপাস্য লাত ও ওয়ায়াকে মন্দ বলে এবং নিজের পরাক্রমশালী প্রজ্ঞান উপাস্যের দিকে দাওয়াত দেয়? আপনার সাথে আমার আজীব্নতার সম্পর্ক না থাকলে আজ আমি আপনাকে হত্যা করতাম

এবং কোন কথাই শুনতাম না। আজ আপনার পরাক্রমশালী উপাস্যের কাছে কি দোয়া করবেন, যাতে আপনাকে রক্ষা করার ব্যবস্থা করেন! আমি আপনার সামনে একটি প্রস্তাৱ রাখছি। আসুন আমরা কুস্তি লড়ি। আপনি আমাকে পরাজিত করতে পারলে আমার পাল থেকে দশটি ছাগল পাবেন। আপনি নিজে সেগুলো পছন্দ করে নেবেন।

হ্যুর (সাঃ) বললেন : তুমি যদি তাই চাও, তবে আমি লড়তে প্রস্তুত আছি।

এরপর মল্লযুদ্ধ শুরু হয়ে গেল। হ্যুর (সাঃ) রোকানাকে পরাজিত করার জন্যে আল্লাহ তায়ালার কাছে দোয়া করলেন এবং রোকানা লাত ও ওয়ায়াকে ডাকি দিল। হ্যুর (সাঃ) রোকানাকে ধরাশায়ী করে তার বুকের উপর চেপে বসলেন। রোকানা বলল : আপনি আমার বুক থেকে উঠে যান। আপনি আমাকে পরাজিত করেননি; বরং আপনার সর্বশক্তিমান উপাস্য আমাকে ভূতলশায়ী করেছে। লাত ও ওয়ায়া আমাকে সাহায্য করেনি। আপনার পূর্বে কেউ আমার পিঠ মাটিতে ঢেকাতে পারেনি।

এরপর রোকানা বলল : আবার লড়ুন। এবারও পরাজিত করলে আবারও দশটি ছাগল দেব।

হ্যুর (সাঃ) দ্বিতীয় বার রোকানাকে ধরলেন। প্রত্যেকেই পূর্ববর্ত আপন আপন উপাস্যের কাছে সাহায্য প্রার্থনা করলেন। হ্যুর (সাঃ) রোকানাকে মাটিতে ফেলে দিয়ে তার বুকের উপর চেপে বসলেন। রোকানা বলল : আমার বুক থেকে উঠে পড়ুন। আপনি আমাকে পরাজিত করেননি; বরং আপনার মাঝুদ আমাকে পরাজিত করেছে। লাত ও ওয়ায়া আমাকে লাঞ্ছিত করেছেন। আপনার পূর্বে কেউ আমার পঞ্চদশ মাটিতে লাগাতে পারেনি। এরপর রোকানা তৃতীয় বার কুস্তি লড়ার প্রস্তাৱ দিল এবং অতিরিক্ত আরও দশটি ছাগল দেয়ার কথা বলল।

হ্যুর (সাঃ) তাঁকে তৃতীয় বারও ধরাশায়ী করে দিলেন। রোকানা আবারও পূর্ববর্ত লাত ও ওয়ায়ার অসহযোগিতার কথা প্রকাশ করে বলল : আপনি আমার পাল থেকে ত্রিশটি ছাগল বেঁচে নিন। হ্যুর (সাঃ) বললেন : রোকানা! আমি ছাগল চাই না। আমি তোমাকে ইসলামের দাওয়াত দিচ্ছি। তুমি দোষখে যাও এটা আমি পছন্দ করি না। তুমি ইসলাম গ্রহণ করলে বেঁচে থাবে।

রোকানা বলল : কোন নির্দশন না দেখানো পর্যন্ত আমি ইসলাম গ্রহণ করব না।

হ্যুর (সাঃ) বললেন : আমি আল্লাহকে সাক্ষী করে বলছি- যদি আমি আল্লাহ তায়ালার কাছে দোয়া করি এবং তিনি তোমাকে কেন নির্দশন দেখান, তবে তুমি ইসলাম করুন করবে?

রোকানা বলল : অবশ্যই করুন করব।

রসূলুল্লাহ (সাঃ)-এর নিকটেই একটি কাঁটাযুক্ত বৃক্ষ ছিল। তিনি বৃক্ষের দিকে ইশারা করে বললেন : আল্লাহর হৃকুমে এগিয়ে এস। তৎক্ষণাত বৃক্ষটি দু'ভাগে বিভক্ত হয়ে গেল। অর্ধেক তার শাখা ও পাতাসহ এগিয়ে এসে হ্যুর (সাঃ) ও রোকানার সামনে দাঁড়িয়ে গেল। রোকানা বলল : আপনি বিরাট নির্দশন দেখিয়েছেন। এখন একে ফিরে যাওয়ার আদেশ দিন। হ্যুর (সাঃ) বললেন : আল্লাহ সাক্ষী, যদি দোয়া করি এবং বৃক্ষ ঘুরে বস্ত্রনে চলে যায়, তবে তুমি ইসলাম করুল করবে?

রোকানা বলল : অবশ্যই করুল করব। রসূলুল্লাহ (সাঃ)-এর দোয়ায় বৃক্ষটি আপন শাখা ও পাতাসহ ফিরে গেল এবং অপর অংশের সাথে সংযুক্ত হয়ে গেল। হ্যুর (সাঃ) বললেন : রোকানা, মুসলমান হয়ে যাও, বেঁচে যাবে।

রোকানা বলল : এ বিরাট নির্দশন দেখার পর কোন বাধা নেই; কিন্তু আমি মনে করি শহরের মুহিলারা বলাবলি করবে, আমি আপনার সামনে ভীত হয়ে পড়েছি। তাই আপনার ধর্ম করুল করেছি। অথচ শহরের নারী শিশু নির্বিশেষ সকলেই জানে, আজ পর্যন্ত কেউ আমার পৃষ্ঠদেশ মাটিতে ঠেকাতে পারেনি এবং দিবারাত্রির কোন মুহূর্তেই আমি ভীত হইনি। আপনি আপনার ছাগলগুলো নিয়ে যান।

হ্যুর (সাঃ) বললেন : তুমি ইসলাম ধ্রুণ করতে অস্বীকার করেছ- এমতাবস্থায় ছাগলের আমার কোন প্রয়োজন নেই।

রসূলুল্লাহ (সাঃ) ফিরে এলেন। পথিমধ্যে আবু বকর ও ওমর (রাঃ)-কে পেলেন, উভয়েই তাঁর খোঁজে বের হয়েছিলেন। কারণ, তাঁরা জানতে পেরেছিলেন, হ্যুর (সাঃ) আসম উপত্যকার দিকে গেছেন। এ উপত্যকায় হিংস্র হত্যাব রোকানার কৃত্তু ছিল। তাই তাঁরা পেরেশান হয়ে প্রত্যেক টিলার উপর দাঁড়িয়ে দেখেছিলেন। অবশেষে হ্যুর (সাঃ) সামনে এলে তাঁরা বললেন : হে আল্লাহর রসূল, আপনি একাকী এ উপত্যকার দিকে কিভাবে এলেন? আপনি জানেন, এটা রোকানার উপত্যকা। সে যেমন রক্তপিপাসু, তেমনি আপনার ব্যাপারে মিথ্যারোপে কঠোর।

নবী করীম (সাঃ) তাঁদের দিকে তাকিয়ে মুচকি হাসলেন এবং বললেন : আল্লাহ তায়ালা কি আমার হেফায়ত করবেন বলে ওয়াদা করেননি? অতঃপর তিনি তাঁদের কাছে রোকানার সম্পূর্ণ ঘটনা শুনে বললেন। তাঁরা শুনে আশ্চর্যাবিত হলেন এবং আরজ করলেন : ইয়া রসূলুল্লাহ! আপনি রোকানাকে পরাস্ত করেছেন? সেই আল্লাহর কসম, যিনি আপনাকে সত্যসহ প্রেরণ করেছেন, আমাদের জানা নেই যে, কেউ কখনও রোকানাকে ধরাশায়ী করেছে।

হ্যুর (সাঃ) এরশাদ করলেন : আমি পরওয়াদেগারের কাছে দোয়া করেছি। তিনি রোকানার মোকাবিলায় আমাকে সাহায্য করেছেন। দশ জনের বেশী ফেরেশতা দ্বারা সাহায্য করেছেন এবং দশ জনের শক্তি আমাকে দান করেছেন।

ওসমান (রাঃ)-এর ইসলাম ধ্রুণের সময়কার মৌজেয়া

ইবনে আসাকির হ্যারত ওসমান (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন : আমি ইসলাম-পূর্বকালে নারীদের প্রতি দারুণ আসক্ত ছিলাম। একদিন রাতের বেলায় কোরায়শদের একটি দলের সাথে কা'বা প্রাঙ্গণে উপবিষ্ট ছিলাম। হঠাৎ কেউ বলল : নবী করীম (সাঃ) স্থীয় কল্যা রোকাইয়ার বিবাহ ওতবা ইবনে আবী লাহাবের সাথে ঠিক করেছেন। রোকাইয়া এমন রূপসী ও গুণবর্তী ছিলেন যে, দর্শক মাত্রই আশ্চর্যাবিত হয়ে যেত। এ খবর শুনে আমার খুব পরিতাপ হল, আমি এ ব্যাপারে অংশী হলাম না কেন! কিছুক্ষণ পরেই আমি গৃহে পৌছে খালার কাছে গেলাম। তিনি অতীন্দ্রিয়বাদিনী ছিলেন। তিনি আমাকে দেখে বলতে লাগলেন :

“সুসংবাদ হোক। লাগাতার তিনি বার তোমার সম্মান করা হোক, আবার তিনি বার এবং আরও তিনি বার তোমার সম্মান করা হোক, যাতে দশের সংখ্যা পূর্ণ হয়ে যায়। তোমার কাছে কল্যাণ এসেছে এবং অনিষ্ট থেকে তুমি বেঁচে থাক।”

“খোদার কসম, এক রূপসী নারীর সাথে তোমার বিয়ে হবে। তুমিও কুমার এবং কুমারী স্ত্রীই তুমি পাবে।”

“তুমি এক মহীয়ান ব্যক্তিত্বের কন্যাকে পেয়েছ।”

হ্যারত ওসমান বলেন : খালার কথা শুনে আমি অবাক হলাম। তাকে জিজ্ঞেস করলাম : তুম কি বলছ? খালা বলল : ওসমান, তুমি সুশ্রী ও সুভাষী। নবীর সাথে এর সম্পর্ক আছে। আল্লাহ সত্যসহ এ নবীকে পাঠিয়েছেন। তাঁর সাথে অবতীর্ণ কিতাব ও কোরআন আছে। তুমি এই নবীর অনুসরণ কর। এই প্রতিশ্রী যেন প্রতারণা করে তোমাকে মেরে না ফেলে। আমি বললাম : খালা, তুমি এমন বিষয় আলোচনা করছ, আমাদের শহরে যার আলোচনা হয়নি। তুমি এর স্বরূপ বর্ণনা কর। খালা বলল : মোহাম্মদ ইবনে আবদুল্লাহ আল্লাহ তায়ালার রসূল। তিনি আল্লাহর অবতীর্ণ কিতাব এনেছেন। এর মাধ্যমে মানুষকে সত্যের দিকে আহ্বান করেন। তাঁর প্রদীপই প্রকৃত প্রদীপ। তাঁর ধর্মই সাফল্য। তাঁর আমল যুদ্ধ-বিগ্রহের। সমগ্র দেশ তাঁর অনুগত। যুক্তে কাফেররা নিহত হলে, তরবারি উত্তোলিত হলে এবং বর্ণ নিষ্কিপ্ত হলে হৈ হংস্তোড় করা উপকারী হবে না।

হ্যারত ওসমান (রাঃ) বলল : আমি একথা শুনে ফিরে এলাম। এ কথাবার্তা আমার মনে প্রভাব বিস্তার করে এবং আমি এ সম্পর্কে চিন্তা-ভাবনা করতে লাগলাম। আমি হ্যারত আবু বকরের কাছে পূর্ব থেকেই যাওয়া-আসা করতাম। আমি তাঁর কাছে এলাম এবং খালার কাছে যা শুনেছিলাম, সে সম্পর্কে তাঁকে অবহিত করলাম।

তিনি বললেন, ওছমান! তোমার মঙ্গল হোক। তুমি বুদ্ধিমান ব্যক্তি। সত্য ও মিথ্যা তোমার জানা থ্কার কথা। আমাদের কওম যাদের পূজা পাট করে, তাদের কোন স্বরূপ আছে কি? এরা প্রস্তরনির্মিত নয় কি? এদের না শ্রবণের ক্ষমতা আছে, না দেখা- না উপকার করার, না ক্ষতি করার!

আমি বললাম, খোদার কসম, এই প্রতিমাদের অবস্থা তাই। হ্যরত আবু বকর (রাঃ) বললেন, ওছমান! তোমার খালা তোমাকে নির্ভুল কথা বলেছেন। ইনি মোহাম্মদ ইবনে আবদুল্লাহ, আল্লাহর রসূল। আল্লাহ তায়ালা তাঁকে রেসালতে ভূষিত করে মানুষের মঙ্গলের জন্য প্রেরণ করেছেন। তুমি কি হ্যারের কাছে যেতে এবং তাঁর কালাম শুনতে চাও? আমি বললাম, অবশ্যই। অতঃপর আমি হ্যার (সাঃ)-এর খেদমতে হায়ির হলাম। তিনি বললেনঃ

ওছমান! আল্লাহ তায়ালা তোমাকে জান্নাতের দিকে ডাকেন। তুমি ইসলাম করুন কর। আমি আল্লাহর রসূল। আল্লাহ তায়ালা আমাকে তোমার এবং আপন সৃষ্টির কাছে হেদায়াতের জন্যে প্রেরণ করেছেন।

হ্যরত ওছমান (রাঃ) বলেনঃ আমি হ্যার (সাঃ)-এর কথা শুনে আবেগ আপুত হয়ে ইসলাম গ্রহণ করলাম। কিছুদিন অতিবাহিত হতেই আমি হ্যরত রোকাইয়াকে (রাঃ) বিয়ে করলাম। এরপর মানুষ বলাবলি করুন, ওছমান ও রোকাইয়া চমৎকার দম্পত্তি।

হ্যরত ওমর (রাঃ)-এর ইসলাম গ্রহণের সময়কার মৌজেয়া

ইবনে সাদ; আবু ইয়ালা, হাকেম ও বায়হাকী হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওমর ফারুক নাঙ্গা তরবারি হাতে নিয়ে বের হলেন। পথিমধ্যে বনী-যুহুরার এক ব্যক্তির সাথে সাক্ষাৎ হল। সে জিজ্ঞাসা করলঃ ওমর! কোথায় যাচ্ছ?

ওমর বললেনঃ মোহাম্মদকে হত্যা করতে যাচ্ছি। লোকটি বললঃ এরপর বনী হাশেম ও বনী-যুহুরার হাত থেকে কিরণে রক্ষা পাবে?

ওমর বললেনঃ আমার মনে হয় তুইও নিজের ধর্ম ছেড়ে ছাবি হয়ে গিয়েছিস।

লোকটি বললঃ তোমাকে একটি অদ্ভুত খবর শুনাচ্ছি। তোমার বোন ও ভগিনী উভয়েই ছাবি হয়ে গেছে। তারা তোমাদের ধর্ম পরিত্যাগ করেছে। এ কথা শুনে ওমর ক্রোধে অগ্রিশ্মা হয়ে ধাবমান হলেন। প্রথমে বোনের বাড়ীতে গেলেন। তখন তাদের কাছে হ্যরত খাববাব (রাঃ) ছিলেন। তিনি ওমর ফুরুকের পদধনি শুনে আত্মপোন করলেন। ওমর বোন ও ভগিনীকে জিজ্ঞাসা করলেনঃ তোমার মৃদু স্বরে কি পাঠ করছিলে, যা আমার কানে এল? তারা তখন সুরা তোয়াহ পাঠ করছিলেন। তারা বললেনঃ আমরা পরম্পর কথাবার্তা বলছিলাম অন্য

কিছু নয়। ওমর বললেনঃ সম্ভবতঃ তোমরা ছাবি হয়ে গেছ। ভগিনী বললঃ যদি হক কথা তোমাদের ধর্ম ছাড়া অন্য ধর্মে থাকে, তবে কি করব?

এ কথা শুনে ওমর ভগিনী স্বামীকে বাঁচানোর জন্যে এগিয়ে এলেন, ওমর তাকে একটি ঘৃষি মারলেন, ফলে তার মুখমণ্ডল রক্ষাক হয়ে গেল। বোনের মুখে রক্ত দেখে ওমরের রাগ কিছুটা প্রশংসিত হলো। তিনি বোনকে লক্ষ্য করে বললেনঃ আচ্ছা, তোমরা যে কিতা পাঠ করছিলে, সেটি আমাকে দাও, আমি পাঠ করে দেখি। ভগিনী বললেনঃ তুমি অপবিত্র। কেবল পরিত্র মানুষই এতে হাত লাগাতে পারে। উঠে ওয়ু কর। ওমর দাঁড়িয়ে ওয়ু করলেন। এরপর লিখিত পাতাটি হাতে নিয়ে সুরা তোয়াহ পড়া শুরু করলেন। পড়তে পড়তে তিনি এই আয়াতে পৌছুলেন।

إِنَّ اللَّهَ لَا إِلَهَ إِلَّا أَنَّا فَاعْبُدُنَّi وَأَقِمِ الصَّلَاةَ لِذِكْرِي

নিচ্য আমি আল্লাহ। কোন উপাস্য নেই আমাকে ছাড়া। অতএব, একমাত্র আমারই এবাদত কর এবং আমাকে শ্রবণ করার জন্যে নামায কায়েম কর।

আয়াতখানি পাঠ করে তিনি বললেনঃ আমাকে মোহাম্মদের কাছে নিয়ে চল।

হ্যরত খাববাব (রাঃ) হ্যরত ওমর (রাঃ)-এর এ কথা শুনে গোপন জায়গা থেকে বের হয়ে এলেন। এবং বললেনঃ সুসংবাদ হোক, আমি আশা করি নবী করীম (সাঃ)-এর সেই দোয়া তোমার মধ্যেই প্রতিফলিত হয়েছে, যা তিনি গত বৃহস্পতিবার রাত্রে করেছিলেন। তিনি দোয়ায় বলেছিলেন- হে আল্লাহ! ওমর ইবনে খাববাব কিংবা আমর ইবনে হেশামের মাধ্যমে তুমি ইসলামকে শক্তি দান কর। অতঃপর ওমর ফারুক রওয়ানা হলেন এবং নবী করীম (সাঃ)-এর খেদমতে উপস্থিত হয়ে ইসলাম গ্রহণ করলেন।

ইমাম আহমদ ওমর ফারুক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি রসূলে করীম (সাঃ)-এর বিরোধিতায় অত্যন্ত কঠোর ছিলাম। একদিন তৈরি গরমের মধ্যে মক্কার এক রাস্তা দিয়ে চলছিলাম। জনেক কোরায়শীর সাথে দেখা হলে সে বললঃ কোথায় যাচ্ছ? আমি বললামঃ উপাস্য দেবদেবীকে একটু সাহায্য করতে চাই। সে বললঃ ইবনে খাববাব! আশ্চর্যের বিষয় তুমি মনে কর যে, তুমি তোমার উপাস্যদের সাহায্য করছ; কিন্তু তোমার ঘরেই ইসলাম চুকে পড়েছে। আমি জিজ্ঞাসা করলামঃ কি বলছ? সে বললঃ তোমার ভগিনী মুসলমান হয়ে গেছে।

ওমর বর্ণনা করেনঃ এ সংবাদ পেয়ে আমি ভগিনীর বাড়ীতে যেয়ে দরজায় কড়া নাড়লাম। তখন রসূলুল্লাহ (সাঃ)-এর নিয়ম ছিল নিঃস্ব লোকদের মধ্যে একজন

কিংবা দু'জন মুসলমান হয়ে গেলে তিনি তাদেরকে বিস্তোন মুসলমানদের সাথে শরীক করে দিতেন। কপর্দকহীনরা তাদের সাথে খাবারে অংশগ্রহণ করতো। আমার ভগিনীপতির সাথেও হ্যুর (সাঃ) দু' ব্যক্তিকে শরীক করে দিয়েছিলেন। আমি যখন দরজায় কড়া নাড়লাম, তখন ভিতর থেকে জিজ্ঞাসা করা হলঃ কে? আমি বললামঃ ওমর। তারা দ্রুত আস্থগোপন করল। তারা তখন একটি ছহীফা (পুস্তকের অংশ বিশেষ) পাঠ করছিল, যা তাদের সামনে রাখা ছিল। দ্রুত আস্থগোপন করতে গিয়ে তারা ছহীফাটি নিয়ে যেতে ভুলে গেল। আমার ভগিনী দরজা খোলার জন্যে এগিয়ে এল। আমি তাকে রাগারিত স্বরে জিজ্ঞেস করলাম, তুই নাকি ছবিয়া হয়ে গেছিস? আমার হাতে যা ছিল, আমি তা দিয়েই তার মাথায় আস্থাত করলাম। মাথা ফেটে দরদর করে রক্ত প্রবাহিত হতে লাগল। রক্ত দেখে সে হাউমাউ করে কাঁদতে লাগল এবং বললঃ ইবনে খাতাব! তোমার মনে যা চায়, কর। আমি তো নতুন ধর্মে দাখিল হয়ে গেছি। অতঃপর আমি গৃহের অভ্যন্তরে গেলাম এবং পালংকে বসে পড়লাম। গৃহের মাঝাখানে রাখা ছহীফার উপর আমার দৃষ্টি পড়ল। আমি ভগিনীকে বললামঃ এটা কি? আমাকে দে। সে বললঃ তুমি এর যোগ্য নও। পবিত্রতা অর্জন কর না। পবিত্র মানুষ ছাড়া এই ছহীফা কেউ স্পর্শ করতে পারে না। আমি ছহীফাটি নেয়ার জন্যে পীড়াপীড়ি করতে লাগলাম। অবশেষে সে আমাকে দিয়ে দিল। আমি খুলতেই দেখি তাতে বিসমিল্লাহির রহমানির রাহীম লেখা আছে। আল্লাহর তায়ালার মহান নাম সমূহের মধ্যে একটি মাত্র নাম পাঠ করার সাথে সাথেই যেন আমার অন্তর মধ্যে কম্পন শুরু হয়ে গেল। আমি ছহীফাটি পড়তে লাগলাম। আমি ছহীফাটি রেখে দিলাম। দেখি তাতে লেখা আছে—

سَبَحَ لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ

আকাশ ও পৃথিবীস্থিত সব কিছু আল্লাহর পবিত্রতা বর্ণনা করে। যখন আমি আল্লাহর মধ্যে থেকে অন্য আর একটি নামে পৌঁছুলাম, তখন আবার ভীত হয়ে পড়লাম। অতঃপর আমি নিজেকে সামলে নিলাম এবং ছহীফা পাঠ করলাম। অবশেষে যখন (তোমরা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি ঈমান আন) পর্যন্ত পড়লাম, তখন বলে উঠলাম— আশহাদু আল্লা ইলাহা ইলাহাহ ওয়া আশহাদু আন্না মোহাম্মাদান আবদুহ ওয়া রাসূলুহ।” যারা গৃহমধ্যে আস্থগোপন করেছিল, তারা দৌড়ে আমার কাছে এল এবং তকবীর ধ্বনি দিল। অতঃপর তারা বললঃ ইবনে খাতাব! সুসংবাদ হোক, হ্যুর (সাঃ) সোমবারে এই দোয়া করেছিলেন :

اَللّٰهُمَّ اعْزِ اِسْلَامَ بِعُمُرِّ بْنِ الْخَطَّابِ اَوْ بِعُمُرِّ بْنِ هِشَامٍ

হে আল্লাহ! ওমর ইবনে খাতাব অথবা আমার ইবনে হেশাম দ্বারা ইসলামকে শক্তি দান কর। আমরা আশা করি হ্যুর (সাঃ)-এর এই দোয়া তোমার জন্যই কবুল হয়ে গেছে।

ইমাম আহমদ হ্যরত ওমর (রাঃ) থেকে বর্ণনা করেন— ইসলাম গ্রহণের পূর্বে আমি রসূলে করীম (সাঃ)-এর পিছনে লেগে থাকতাম। তিনি আমার আগে মসজিদে চলে গেলেন। আমি পিছনে যেয়ে দাঁড়িয়ে গেলাম। তিনি সূরা “আল হাক্কা” পড়তে শুরু করলেন। আমি কোরআনের শান্তিক গাঁথুনি শুনে অবাক হলাম এবং কোরায়শদের মত মনে মনে বললামঃ খোদার কসম, তিনি কবি। তিনি এই আয়াত পাঠ করলেন :

إِنَّهُ لِقَوْلٌ رَسُولٌ كَرِيمٌ وَمَا هُوَ لِقَوْلٍ شَاعِرٍ قَلِيلًا مَا تُؤْمِنُونَ

নিশ্চয় এই কোরআন একজন সশ্নানিত রসূলের মাধ্যমে প্রেরিত বাণী। এটা কবির উক্তি নয়। তোমরা অল্লাই বিশ্বাস কর। আমি বললামঃ তিনি একজন অতীন্দ্রিয়বাদী। এ সময় তিনি এই আয়াত পাঠ করলেন :

وَلَا لِقَوْلٍ كَاهِنٍ - قَلِيلًا مَا تَذَكَّرُونَ

এটা কোন অতীন্দ্রিয়বাদীর কথাও নয়। তোমরা অল্লাই অনুধাবন কর। এরপর আমার অন্তরের প্রতিটি কোণে ঈমান প্রতিষ্ঠিত হয়ে গেল।

ইবনে আবী শায়বা জাবের ইবনে আবদুল্লাহ থেকে এবং তিনি ওমর ফারুক (রাঃ) থেকে বর্ণনা করেন— রাতের বেলায় আমার ভগিনীর প্রসব বেদনা শুরু হলে আমি গৃহ থেকে বের হলাম এবং কা'বা গৃহে এলাম। হ্যুর (সাঃ) আগমন করলেন এবং নামায পড়লেন। আমি এমন কিছু শুনলাম, যা পূর্বে শুনিনি। এরপর তিনি ফিরে যেতে লাগলেন। আমি তাঁর পিছনে পিছনে চলমান। তিনি আমাকে বললেনঃ ওমর, তুমি দিনরাত সবসময় আমার পিছনে লেগে থাক। ব্যাপার কি?

আমি ভীত হয়ে পড়লাম। তিনি আমার জন্যে বদদোয়া করেন! আমি তাড়াতাড়ি বললামঃ আশহাদু আল্লা ইলাহা ইলাহাহ ওয়া আন্না কা রসূলুল্লাহ।

আবু নয়ীম হ্যরত ওমর ফারুক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন— আমি আবু জহল ও শায়বা ইবনে রবীয়ার কাছে বসা ছিলাম। আবু জহল বললঃ হে কোরায়শ সম্প্রদায়! মোহাম্মদ তোমাদের প্রতিমাদেরকে মন্দ বলে এবং তোমাদেরকে নির্বোধ সাব্যস্ত করে। তাঁর ধারণা তোমাদের বাপদাদাদের মধ্যে যারা মারা গেছে, তারা দোষখে যাবে। শুনে রাখ, তোমাদের মধ্যে যে কেউ মোহাম্মদকে হত্যা করবে, তার জন্যে আমার নিকট রয়েছে কাল ও লাল রঙের একশ' উষ্ণী এবং এক হাজার

ওকিয়া রৌপ্য। ওমর ফারুক বলেনঃ আমি তরবারি হাতে নিয়ে রসূলুল্লাহ (সা:) -কে হত্যা করার উদ্দেশ্যে বের হলাম। পথিমধ্যে দেখলাম, কিছু লোক একটি বাহুর ঘবেহ করছে। আমি সেখানে দাঁড়িয়ে তাদেরকে দেখতে লাগলাম। হঠাৎ শুনলাম এই বাহুরের ভিতর থেকে কেউ বলছে-

يَا لَذِرِيجَ امْرِنَبِيجَ جَلِ يَصِحَّ بِلْسَانَ فَصِحَّ يَدْعُوا لِي

الشَّهادَةُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَإِنَّ مُحَمَّداً رَسُولُ اللَّهِ

ওমর (রাঃ) বলেনঃ আমি এই আওয়াজ শুনে মনে করলাম, সে আমাকে শুনাতে চাচ্ছে। এরপর আমি এক ছাগলের কাছ দিয়ে গেলাম। শুনি কি, কেউ বলছে-

“হে শরীরীগণ! তোমাদের মধ্যে ও নির্বাধদের মধ্যে কোন তফাঁ নেই। তোমরা প্রতিমাদেরকে আদেশ দাতা বল। তোমরা সকলেই উটপাখীর মত নির্বাধ।”

“আমি আমার সম্মুখে যা দেখি, তোমরা তা দেখ না। সেটি হচ্ছে একটি সম্মুত নূর, যা অঙ্কার দূর করে দেয়।”

“নূরটি দর্শকদের জন্যে তোহামা থেকে প্রকাশ পেয়েছে। সেই ইমাম কি মহান! আল্লাহর দরবারে তাঁর জন্যে পুণ্য আছে।”

সেই ইমাম কুফরের পর ইসলাম, সংকর্ম ও আঘায়তার মিলন এনেছেন।

ওমর ফারুক (রাঃ) বর্ণনা করেন- আমি এটাই বুঝলাম যে, আমাকে শুনাতে চায়। এরপর আমি যেমার প্রতিমার কাছ দিয়ে গেলাম। হঠাৎ শুনলাম তার পেট থেকে কেউ বলছে “যেমার প্রতিমা পরিত্যক্ত হয়েছে; অথচ একদা তারই পূজা করা হত, সেই ছালাতের পর, যা নবীর সঙ্গে এসেছে।”

“সেসা ইবনে মরিয়মের পর যে নবুওয়ত ও হেদায়েতের উত্তরাধিকারী হয়েছে, সে কোরায়শদের একজন। সে হেদায়াতপ্রাপ্ত যারা যেমার এবং তার মত প্রতিমার পূজা করত, তারা সত্ত্বেই বলবে, হায়! যেমার এবং তার মত প্রতিমার পূজা করা হত!”

তড়িঘড়ি করো না। নিশ্চয়ই তুমি মুখে ও হাতে এই নবীর সাহায্য করবে।”

ওমর (রাঃ) বলেনঃ আল্লাহর কসম, আমি এটাই বুঝলাম যে, কোন নেপথ্যচারীর ইচ্ছা কথাগুলো আমাকে শুনানো। অতঃপর আমি আমার ভগিনীর কাছে এলাম। দেখি কি, তার স্বামী এবং হ্যরত খাববাব (রাঃ) তার কাছে রয়েছে।

হ্যরত খাববাব আমাকে বললেনঃ ওমর! মুসলমান হয়ে যাও। তোমার মঙ্গল হবে। আমি পানি চাইলাম এবং ওয় করলাম। অতঃপর সেখান থেকে হ্যুর (সা:) -এর খেদমতে হায়ির হলাম। তিনি আমাকে বললেনঃ তোমার পক্ষে আমার দোয়া কবুল হয়েছে। তুমি মুসলমান হয়ে যাও। সে মতে আমি মুসলমান হয়ে গেলাম। ইসলাম গ্রহণকারীদের মধ্যে আমি হলাম চাঞ্চিতম ব্যক্তি। সেই সময় এই আয়াত অবতীর্ণ হয়ঃ

بِأَيْمَانِهِ النَّبِيُّ حَسِيبُ اللَّهِ وَمَنِ اتَّبَعَكَ مِنَ الْمُؤْمِنِينَ

হে নবী! আল্লাহ এবং আপনার মুমিন অনুসারীরা আপনার জন্যে যথেষ্ট।

ইবনে ওমর (রাঃ) বর্ণনা করেন, রসূলুল্লাহ (সা:) এ দোয়া করেছিলেনঃ

اللَّهُمَّ أَعِزِّ الْإِسْلَامَ بِعُمَرَ بْنِ الْخَطَّابِ أَوْ عَمِرَوْ بْنِ هَشَّامٍ

হে আল্লাহ! ওমর ইবনে খাতাব অথবা আমর ইবনে হেশামের মাধ্যমে ইসলামকে শক্তিশালী কর।

ইবনে সাদ, আহমদ, ইবনে হাবৰান, বায়হাকী ও তিরিমিয়ী এই হাদীসকে ছান্নাহ বলেছেন। বায়হাকী-এর মত খোদ হ্যরত ওমর ও হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত উদ্ভৃত করেছেন।

ইবনে মাজাহ ও হাকেম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সা:) দোয়ায় আমর ইবনে হেশামের জায়গায় আবু জহল ইবনে হেশাম বলেছিলেন। তিবরানী ও হাকেম ইবনে মসউদ থেকেও এরপ রেওয়ায়েত করেছেন। আল্লাহ তায়ালা তাঁর নবীর দোয়া হ্যরত ওমর (রাঃ)-এর পক্ষে কবুল করেন এবং তাঁর মাধ্যমে ইসলামের বিপুল খেদমত হয়।

ইবনে সাদ ও হাকেম ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন ওমর ফারুক ইসলাম গ্রহণ করলেন, তখন থেকে আমরা শক্তিশালী হয়ে গেলাম। ওমরের ইসলাম গ্রহণের আগ পর্যন্ত আমরা বায়তুল্লাহর নিকট প্রকাশ্যে নামায পড়তে পারতাম না।

হাকেম হ্যায়ফা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওমর ফারুকের আমলে ইসলামের অবস্থা ছিল যেমন কোন ব্যক্তি সামনে থেকে আসতে থাকে এবং ক্রমশঃ নিকটবর্তী হতে থাকে। তাঁর শাহাদতের পর অবস্থা এই দাঁড়ায়, যেমন কোন ব্যক্তি পিছন থেকে সরে যেতে থাকে এবং ক্রমশঃ দূরত বাঢ়তে থাকে।

ইবনে সাদ ওহ্মান ইবনে আরকাম (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সাঃ)-এই দোয়া করেন-

اللَّهُمَّ أَعِزِّ إِسْلَامَ بَاهِبِ الرِّجْلَيْنِ إِلَيْكَ عَمْرُ بْنِ الْخَطَّابِ

أَوْعَمْرُو بْنِ هَشَّامٍ

হে আল্লাহ! ওমর ইবনে খাতাব ও আমর ইবনে হেশামের মধ্যে যে তোমার অধিক প্রিয়, তার মাধ্যমে ইসলামকে শক্তিশালী কর। পরবর্তী সকালে ওমর ফারুক আসেন এবং মুসলমান হয়ে যান।

ইবনে সাদ হযরত সোহায়েব ইবনে সিনান থেকে রেওয়ায়েত করেন যে, ওমর ফারুকের ইসলাম ঘৃহণের ফলে ইসলাম শক্তিশালী হয়ে যায়। প্রকাশ্য ইসলামের দাওয়াত দেয়া হত। আমরা রায়তুল্লাহর আশেপাশে বৃত্তাকারে বসতাম এবং তওয়াফ করতাম। কেউ আমাদের উপর নির্যাতন চালালে আমরা তার প্রতিশোধ নেয়ার জন্য দাঁড়িয়ে যেতাম।

ইবনে সাদ যায়ীদ ইবনে মুসাইয়ির থেকে রেওয়ায়েত করেন যে, হযরত ওমর (রাঃ) চল্লিশ জন পুরুষ ও দশজন নারীর পর মুসলমান হন। তাঁর মুসলমান হওয়ার সাথে সাথে ইসলাম মকায় প্রকাশ্য রূপ পরিষ্ঠাহ করে।

হাকেম ও ইবনে মাজাহ হযরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হযরত ওমর (রাঃ) ইসলাম প্রথম করলে জিবরাইল (আঃ) আগমন করেন এবং বলেনঃ হে আল্লাহর রসূল! ওমর ফারুকের ইসলাম ঘৃহণের কারণে আবাশের অধিবাসীরা আনন্দ করছে।

হযরত যেমাদের ইসলাম ঘৃহণের দৃশ্য

ইমাম মুসলিম, আহমদ ও বায়হাকী ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, ইয়দে-শানওয়া গোত্রের যেমাদ নামক একজন বিশিষ্ট ব্যক্তি মকায় আসেন। তিনি পাগলামী, ভূতপ্রেত ইত্যাদি উপসর্গের ঝাড়ফুঁক করতেন। তিনি কাফেরদের কাছ থেকে শুলনেন যে, মোহাম্মদ (সাঃ) পাগল। যেমাদ মনে মনে বললেনঃ আমি তার চিকিৎসা করব। সম্ভবতঃ আল্লাহ আমার হাতে তাঁকে আরোগ্য দান করবেন। যেমাদ বর্ণনা করেন, আমি হ্যুর (সাঃ)-এর খেদমতে হায়ির হয়ে আরয় করলামঃ আমি জিনদের কাছ থেকে পাগলদের জন্যে ঝাড়ফুঁক করি। আল্লাহ যাকে চান, আমার হাতে আরোগ্য দেন। নবী করীম (সাঃ) এ কথা শুনে নিশ্চেতন কলেমা পাঠ করলেনঃ

الْحَمْدُ لِلَّهِ نَحْمَدُهُ وَنَسْتَغْفِرُهُ وَنَوْمَنْ بِهِ وَنَسْتَوْكِلُ عَلَيْهِ وَنَعْوَدُ
بِاللَّهِ مِنْ شَرِّ أَنفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا مَنْ يَهْدِهِ اللَّهُ فَلَا
مُضِلَّ لَهُ وَمَنْ يُضْلِلُهُ فَلَا هَادِيَ لَهُ وَاشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ
وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَاشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ

যেমাদ বললেনঃ এই কলেমাগুলো আবার পড়ুন। হ্যুর (সাঃ) পুনরায় পাঠ করলেন। যেমাদ বললেনঃ আল্লাহর কসম, আমি অতীন্দ্রিয়বাদীদের কালাম, যাদুকরদের কথা এবং কবিদের কবিতা শুনেছি। কিন্তু এই কলেমার মত কলেমা কখনও শুনিনি। এই কলেমাগুলো তো অলংকার-সমুদ্রের অতল গভীরে পৌছে গেছে। আপনি হাত বাড়ান, আমি ইসলামে দীক্ষিত হব। অতঃপর তিনি হ্যুর (সাঃ)-এর হাতে বয়াত করলেন।

আমর ইবনে আবদুল কায়সের ইসলাম ঘৃহণ

ইবনে শাহীন কয়েকটি মাধ্যমে এবং যদীদা ইবনে মালেক আবদুল কায়েম গোত্রের এক দল লোক থেকে বর্ণনা করেছেন যে, আবদুল কায়েস গোত্রের আশাজ নামক এক ব্যক্তির এক সন্ন্যাসী বন্ধু ছিল। সে দারাইনে বসবাস করত। এক বছর আশাজ সন্ন্যাসীর সাথে মোলাকাত করলে সন্ন্যাসী তাকে বললঃ একজন নবী মকায় আত্মপ্রকাশ করবেন। তিনি হাদিয়া খাবেন এবং ছদকা খাবেন না। তাঁর ক্ষম্ব দেশের মাখবানে একটি আলামত থাকবে। তাঁর ধর্ম সকল ধর্মের উপর জয়ী হবে। এরপর সন্ন্যাসী মারা গেল।

আশাজ তাঁর ভাগ্নেয় আমর ইবনে আবদুল কায়েসকে এসব কথা বলল। ভাগ্নে হিজরতের বছর মকায় এসে মামার বর্ণিত চিহ্নসমূহ সঠিক পেয়ে মুসলমান হয়ে গেল। নবী করীম (সাঃ) তাকে সূরা ফাতেহা ও সূরা ইকরা শিক্ষা দিলেন এবং বললেনঃ তোমার মামাকে ইসলামের দাওয়াত দিও। সে মতে তিনি ফিরে এসে আশাজকে ইসলামের দাওয়াত দিলে সে-ও মুসলমান হয়ে গেল। সে দীর্ঘকাল পর্যন্ত নিজের ইসলামকে গোপন রাখল। অতঃপর ষেল ব্যক্তিকে সঙ্গে নিয়ে মদ্দিনায় পৌঁছল। যে রাতের সকালে তাঁরা মদ্দিনায় পৌঁছুল, সেই রাতেই রসূলুল্লাহ (সাঃ) গৃহের বাইরে এসে বললেনঃ পূর্ব দিক থেকে একটি কাফেলা রসূলুল্লাহ (সাঃ) গৃহের বাইরে এসে বললেনঃ পূর্ব দিক থেকে একটি কাফেলা আসবে। তাঁরা ইসলামকে অপছন্দ করবে না। কাফেলার নেতার একটি বিশেষ নির্দেশ থাকবে। যথাসময়ই তাঁরা এল। তাদের এই আগমন মক্কা বিজয়ের মাসে হয়েছিল।

তোফায়ল ইবনে আমর দওসীর ইসলাম প্রহণ

ইমাম বোখারী হয়রত আবু হুরায়রা (রাঃ)-থেকে রেওয়ায়েত করেন যে, তোফায়ল ইবনে আমর দওসী রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে হাযির হয়ে আরয় করলেনঃ ইয়া রসূলুল্লাহ! দওস গোত্র নাফরমানী করেছে। তারা ইসলাম প্রহণ করতে অঙ্গীকার করেছে। আপনি তাদের জন্যে বদদোয়া করুন। হ্যুর (সাঃ) কেবলমুখী হয়ে দোয়ার জন্যে হাত তুললেন এবং বললেনঃ পরওয়ারদেগার! দওসী গোত্রের লোকদেরকে হেদয়াত কর এবং এখানে পাঠিয়ে দাও।

বায়হাকী ইবনে ইসহাক থেকে রেওয়ায়েত করেছেন, তোফায়ল ইবনে আমর দওসী বর্ণনা করেন যে, হ্যুর (সাঃ)-এর মক্কায় অবস্থানকালে তিনি মক্কায় আসেন। কোরায়শরা তোফায়লের কাছে গেল। তিনি ভদ্র ও জনী ব্যক্তি ছিলেন। কোরায়শরা তাঁকে বললঃ তুমি আমাদের শহরে এসেছ। খুব ভাল কথা। কিন্তু এক ব্যক্তি থেকে সাবধান থাকবে। সে আমাদের মধ্যে অনেক্য সৃষ্টি করেছে এবং আমাদের ধর্মীয় ব্যাপারে বিশ্বজ্ঞলার ধীর বপন করেছে। তার কথাবার্তা যাদুর মত মুক্ষ করে। সে পিতাপুত্র, স্বামী-স্ত্রী ও পুত্র-কন্যার মধ্যে বিভেদ সৃষ্টি করে। আমরা যে বিপদে পতিত হয়েছি, তোমাদের ও তোমাদের কওমের মধ্যেও সেই বিপদের আশংকা করছি। তাই তুমি তার সাথে কথাবার্তা বলবে না এবং তার কোন কথা শুনবে না।

তোফায়ল বললেনঃ কোরায়শরা এ বিষয়ের উপর খুব জোর দিতে থাকে এবং তাকীদ করতে থাকে। অবশ্যে আমি সংকল্প করলাম যে, হ্যুর (সাঃ)-এর কাছ থেকে কিছু শুনবও না এবং কোন কথাও বলব না। এমনকি মসজিদে যাওয়ার সময় আমি আমার কানে কাপড় চুকিয়ে নিতাম, যাতে তাঁর কোন কথা আমার কানে না পড়ে। আমি মসজিদে পৌছে দেখি কি, হ্যুর (সাঃ) কাবাগৃহের নিকটে দাঁড়িয়ে নামায পড়ছেন। আমি তাঁর নিকটে যেয়ে দাঁড়িয়ে গেলাম। আল্লাহর অভিপ্রায় এটাই হল যে, আমি তাঁর কিছু কথা শুনি। শেষ পর্যন্ত পবিত্র কোরআনের অনুপম কালাম শুনলাম। আমি মনে মনে বললামঃ আমি বুদ্ধিমান ও কবি। এই ব্যক্তি যা বলেন, তা শুন উচিত। যে কোন কথার ভাল-মন্দ ওজন করার ক্ষমতা আমার আছে। সুতরাং যদি তা প্রহণযোগ্য কথা হয়, তবে তা মেনে নিব। আর অসুন্দর কথা হলে বর্জন করব; সুতরাং আমি সেখানেই রয়ে গেলাম। যখন হ্যুর (সাঃ) গৃহাভিমুখে রওয়ানা হলেন, তখন আমি তাঁর পিছনে পিছনে চললাম। আমি তাঁকে বললামঃ আপনার কওম আমাকে এমন এমন বলেছে। আপনি নির্জের ব্যাপারটি আমার সামনে বর্ণনা করুন। অতঃপর তিনি আমাকে ইসলামের দাওয়াত দিলেন এবং আমার সামনে কোরআন তেলাওয়াত করলেন। আল্লাহর কসম, আমি কোরআন পাকের চেয়ে উৎকৃষ্ট কোন কালাম কখনও শুনিনি এবং ইসলামের চেয়ে

অধিক ন্যায়ভিত্তিক ধর্ম পাইনি। আমি মুসলমান হয়ে গেলাম। আমি আরয় করলামঃ ইয়া রসূলুল্লাহ! আমি আমার কওমের নেতা। সকলেই আমার কথা মনে। আমি কওমের কাছে ফিরে যাবো। তাদেরকে ইসলামের দাওয়াত দিব। আপনি আল্লাহর কাছে দোয়া করুন, তিনি যেন আমার জন্যে এমন কোন নির্দশন প্রকাশ করেন, যা কওমের মোকাবিলায় আমার সহায়ক হয়। সে মতে হ্যুর (সাঃ) আমার জন্যে দোয়া করলেনঃ **اللَّهُمَّ اجْعِلْ لَهُ أَيْةً** হে আল্লাহ! তার জন্যে একটি নির্দশন সৃষ্টি করে দাও।

তোফায়ল বর্ণনা করেন— আমি আমার কওমের কাছে ফিরে এলাম। যখন কুদা নামক স্থানে পৌছুলাম, তখন আমর চক্ষুদ্বয়ের মাঝখান থেকে প্রদীপের ন্যায় একটি আলোক প্রকাশ পেল। আমি আল্লাহ তায়ালার কাছে দোয়া করলামঃ একটি আলোক প্রকাশ পেল। আমি আল্লাহ তায়ালার কাছে দোয়া করলামঃ পরওয়ারদেগার! এই আলো আমার মুখমণ্ডল ছাড়া অন্যস্থানে স্থাপন কর। আমার আশংকা হয় যে, মানুষ আমাকে মুখ বিকৃতির অপবাদ দিবে।

সে মতে আলোর প্রদীপটি আমার মুখমণ্ডল থেকে স্থানান্তরিত হয়ে আমার চাবুকের আগায় ঝুলন্ত মশালের মত হয়ে গেল। অতঃপর আমি কওমকে ইসলামের দাওয়াত দিলাম। তারা ইসলাম প্রহণে বিলম্ব করল। আমি রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে হাযির হয়ে আরয় করলামঃ দওস গোত্র আমার বিকুঠৰে প্রবল হয়ে গেছে। আপনি তাদের জন্যে বদদোয়া করুন। তিনি বললেনঃ **اللَّهُمَّ اسْهِبْ** হে আল্লাহ! দওসকে হেদয়াত কর। এরপর আমাকে বললেনঃ তুম কওমের কাছে চলে যাও। নব্রতা সহকারে তাদেরকে ইসলামের দাওয়াত দাও। আমি ফিরে গেলাম। দওসের ভূখণে অবস্থান করে তাদেরকে দাওয়াত দিলাম। আবশ্যে হ্যুর (সাঃ) মদীনায় হিজরত করলেন। দওস গোত্রের মধ্যে যারা ইসলাম প্রহণ করেছিল, তাদের সন্তর কিংবা আশিচ্ছি পরিবার নিয়ে আমি খ্যাবরে পৌছুলাম।

আবুল ফরজ মাগালীতে লিখেনঃ আমার চাচা আমার কাছে হাযীল ইবনে আমরের মাধ্যমে আমর থেকে রেওয়ায়েত করেছেন এবং আবুল ফরজ অন্য সনদে মোহাম্মদ ইবনে হাসান থেকে বর্ণনা করেছেন। তিনি বললেনঃ আমার চাচা আববাস ইবনে হেশামের মাধ্যমে হেশাম থেকে রেওয়ায়েত করেছেন যে, তোফায়ল ইবনে আমর দওসী মক্কায় পৌছালেন। কোরায়শরা তোফায়লকে নবী করীম (সাঃ)-এর কাছে পাঠাল এবং বললঃ এই ব্যক্তি ও তার আনীত বিষয়বস্তু এবং আমাদের মধ্যকার পরিস্থিতি সম্পর্কে চিন্তা-ভাবনা কর। তোফায়ল হ্যুর (সাঃ)-এর কাছে এলেন। হ্যুর (সাঃ) তাকে ইসলামের দাওয়াত দিলে তিনি বললেনঃ আমি একজন কবি, আমি যা বলি আপনি তা শুনুন। হ্যুর (সাঃ)

বললেনঃ আচ্ছা, পড়। তোফায়ল কয়েক লাইন কবিতা পড়লেন। হ্যুর (সাঃ) বললেনঃ আমি পাঠ করি, তুমি শুন। অতঃপর তিনি আউয়ুবিল্লাহ ও বিসমিল্লাহ পাঠ করে সূরা এখলাচ ও সূরা ফালাক তেলাওয়াত করলেন এবং তোফায়লকে পুনরায় ইসলামের দাওয়াত দিলেন। তোফায়ল কালবিলস না করে মুসলমান হয়ে গেলেন এবং কওমের কাছে ফিরে গেলেন। তিনি যখন কওমের কাছে পৌছলেন, তখন অঙ্ককার রাত ছিল এবং বৃষ্টি পড়ছিল। পথের সন্ধান পাওয়া যাচ্ছিল না। হঠাৎ তাঁর চাবুক থেকে একটি আলোকরশ্মি নির্গত হল। এরপর কওমের কাছে পৌছলে তারা তাঁকে জড়িয়ে ধরল এবং চাবুক স্পর্শ করতে লাগল। আলোকরশ্মি তাদের অঙ্গুলির ফাঁক দিয়ে ছিটকে পড়ছিল। তোফায়ল আপন পিতামাতাকে ইসলামের দাওয়াত দিলেন। তাঁর পিতা মুসলমান হয়ে গেলেন। এরপর স্বজাতিকে দাওয়াত দিলেন। কিন্তু হ্যরত আবু হুরায়া (রা:) ছাড়া অন্য কেউ ইসলাম করুল করল না।

ইবনে জরীর ইবনে কলবী থেকে বর্ণনা করেন যে, হ্যরত তোফায়লকে যিনুর (নূর ওয়ালা) বলা হত। কারণ, তিনি যখন হ্যুর (সাঃ)-এর খেদমতে আসেন, তখন বললেনঃ আমাকে আমার কওমের কাছে প্রেরণ করুন এবং কোন নির্দর্শন দান করুন। হ্যুর (সাঃ) দোয়া করলেন। ফলে তোফায়লের চক্ষুদ্বয়ের মাঝখান থেকে একটি নূর নির্গত হয়। তোফায়ল আর করলেনঃ আমর আশংকা হয় যে, কওম আমাকে মুখ বিকৃতির অপবাদ দিবে। সে মতে সেই নূর তোফায়লের চাবুকে স্থানান্তরিত হয়ে গেল। এটা অঙ্ককার রাতে প্রজ্ঞালিত হত।

কিতাবুদ্দাগানীতে আবুল ফরজ আবু কলবী থেকে রেওয়ায়েত করেন যে, তোফায়ল মকায় এলে কোরায়শরা তাঁর সাথে হ্যুর (সাঃ)-এর বিষয় নিয়ে আলোচনা করে। তোফায়ল হ্যুর (সাঃ)-এর কাছে আসেন এবং কিছু কবিতা শুনান। হ্যুর (সাঃ) তাকে সূরা এখলাচ, ফালাক ও নাস তেলাওয়াত করে শুনান। শুনামাত্রই তোফায়ল মুসলমান হয়ে গেলেন। যাবী তাঁর চাবুকের কথা উল্লেখ করেছেন। তিনি পিতামাতাকে ইসলামের দাওয়াত দেন। পিতা মুসলমান হয়ে যান তবে মাতা ইসলাম করেনি। এরপর কওমকে ইসলামের দাওয়াত দেন। কওমও দাওয়াত অমান্য করল।

তোফায়ল হ্যুর (সাঃ)-এর কাছে এলেন এবং তাঁকে বিষয়টি অবগত করলেন। তিনি যখন হেদায়েতের দোয়া করলেন, তখন তোফায়ল বললেনঃ আমি এরপ দোয়া পচন্দ করতাম না। হ্যুর (সাঃ) বললেনঃ তোমার মত লোক তাদের মধ্যে অনেক আছে।

হ্যরত ওছমান ইবনে ময়উনের ইসলাম গ্রহণ

ইমাম আহমদ ও ইবনে সা'দ হ্যরত ইবনে আবুস (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সাঃ) মকায় আপন গৃহ প্রাঙ্গণে উপবিষ্ট ছিলেন, এমন সময় ওছমান ইবনে ময়উন তাঁর কাছ দিয়ে গমন করলেন এবং হ্যুর (সাঃ)-কে দেখে মুচকি হাসলেন। হ্যুর (সাঃ) বললেনঃ বসবে না? তিনি বললেনঃ আচ্ছা বসি। এরপর ওছমান বসলেন। তাঁর সাথে কথা বলার সময় হ্যুর (সাঃ) একবার দৃষ্টি এরপর ওছমান বসলেন। তাঁর সাথে কথা বলার সময় হ্যুর (সাঃ) একবার দৃষ্টি আকাশের দিকে উত্তোলন করলেন এবং কিছুক্ষণ পর্যন্ত দেখতে থাকলেন। এরপর আকাশের দিকে উত্তোলন করলেন এবং কিছুক্ষণ পর্যন্ত মাটিতে নিজের ডান দিকে দৃষ্টি নিচের দিকে আনতে শুরু করেন এবং শেষ পর্যন্ত মাটিতে নিজের ডান দিকে হয়ে গেলেন। তিনি নিবন্ধ করলেন। তিনি ওছমানের দিক থেকে ঘুরে ডান দিকে হয়ে গেলেন। তখন মাথা নাড়িলেন, যেন কেউ তাঁকে কিছু বলছে এবং তিনি তা বুঝছেন। তখন ওছমান এই দৃশ্য দেখছিলেন। যখন রসূলুল্লাহ (সাঃ) কথাবার্তা শেষ করলেন, তখন ওছমান এই দৃশ্য দেখছিলেন। ওছমানের দিক থেকে ঘুরে ডান দিকে হয়ে গেলেন। তাঁর দৃষ্টি সেই ফেরেশতার আবার পূর্ববৎ আকাশের দিকে দৃষ্টি উত্তোলন করলেন। তাঁর দৃষ্টি সেই ফেরেশতার দিকে ছিল। ফেরেশতা দৃষ্টির অন্তরালে চলে গেলে তিনি ওছমানের দিকে মুখ করে বসে গেলেন। ওছমান বললেনঃ এই মাত্র আপনি যে কাজ করলেন, আমি কখনও আপনাকে এরপ কাজ করতে দেখিনি। হ্যুর (সাঃ) জিজ্ঞাসা করলেনঃ তুমি আপনাকে কি কাজ করতে দেখেছ? ওছমান তা বললে হ্যুর (সাঃ) বললেনঃ তুমি আমাকে কি কাজ করতে দেখেছ? ওছমান বললেনঃ জী হ্যাঁ, বুবেছি। হ্যুর (সাঃ) বললেনঃ আমার কাছে বুবে গেছ? ওছমান বললেনঃ জী হ্যাঁ, বুবেছি। ওছমান জিজ্ঞাসা করলেনঃ জিবরাসিল কি এই মাত্র জিবরাসিল (আঃ) এসেছিলেন। ওছমান জিজ্ঞাসা করলেনঃ জিবরাসিল বলেছেনঃ বললেন? হ্যুর জওয়াব দিলেনঃ জিবরাসিল বলেছেনঃ

إِنَّ اللَّهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَإِنَّ الْإِنْسَانَ إِذَا ذُكِرَ فِي الْقُرْبَىٰ وَيَنْهَا
عَنِ النَّفْحَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ يَعْظُمُ لِعَلَّكُمْ تَذَكَّرُونَ

নিশ্চয় আল্লাহ আদেশ দেন ন্যায় বিচার, অনুগ্রহ ও আত্মীয়দের প্রতি সৌজন্যমূলক আচরণ করার এবং নিষেধ করেন অশ্লীল, অনাচার ও বিদ্রোহ করতে। তিনি তোমাদেরকে উপদেশ দেন, যাতে তোমরা খ্রণ কর।

ওছমান বর্ণনা করেন, সে সময়েই ইসলাম আমার অঙ্গে আসন গ্রহণ করে এবং আমি মোহাম্মদ (সাঃ)-কে ভালবাসতে থাকি।

জিনদের ইসলাম গ্রহণ

আল্লাহ তায়ালা এরশাদ করেন অর্থাৎ যখন আমি রাজ্ঞি ফরাতে আসি এবং আপনার কাছে কিছুসংখ্যক জিনকে প্রেরণ করলাম, যাতে তারা কোরআন শুনে। অন্যত্র আল্লাহ বলেনঃ

فُلْ أُوْحَىٰ إِلَيْهِ أَنَّهُ أَسْتَمِعُ نَفْرَ مِنَ الْجِنِّ فَقَالُوا إِنَّا سَمِعْنَا
قُرَآنًا عَجَبًا يَهْدِي إِلَيِ الرُّشْدِ فَأَمَّا بَهِ وَلَنْ نُشْرِكَ بِرَبِّنَا أَحَدًا

বলুন, ওহীর মাধ্যমে আমি অবগত হয়েছি যে, জিনদের একটি দল কোরআন পাঠ শ্রবণ করেছে। অতঃপর তাদের সম্প্রদায়ের কাছে বলেছে, আমরা এক বিশ্বয়কর কোরআন শ্রবণ করেছি, যা সঠিক পথ নির্দেশ করে। ফলে আমরা তাতে ইমান এনেছি। আমরা কখনও আমাদের প্রতিপালকের সাথে কাউকে শরীক করব না। (সূরা জিন)

ইমাম বোখারী ও মুসলিম হ্যারত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, নবী করীম (সাঃ) সাহাবীগণকে সঙ্গে নিয়ে ওকাবের বাজারে গেলেন। তখনকার দিনে শয়তানদের আকাশে যাওয়া এবং সেখান থেকে খবরাদি সঞ্চাই করে আনা বন্ধ হয়ে গিয়েছিল। তাদের উপর অগ্নিপিণ্ড নিষ্কেপ করা হত। শয়তানরা তাদের দলের মানুষদের কাছে গেল। তারা বললঃ ব্যাপার কি, এখন আকাশ থেকে খবরাদি আন না কেন? শয়তানরা বললঃ আমাদের আকাশে যাওয়া বন্ধ করে দেয়া হয়েছে। আমাদের উপর অগ্নিপিণ্ড নিষ্কেপ হতে শুরু করেছে। মানুষরা বললঃ এর কারণ অবশ্যই কোন নতুন ঘটনা হবে। অতএব পৃথিবীর পূর্ব-পশ্চিমে ঘূরে ঘূরে দেখ কি কারণে তোমাদের আকাশে যাওয়া বন্ধ করে দেয়া হল।

জিনেরা পৃথিবীর পূর্ব-পশ্চিমে অনুসন্ধান শুরু করল। যে দলটি মুক্তি দিকে প্রেরিত হয়েছিল, সেটি হ্যার (সাঃ)-এর কাছ দিয়ে গমন করল। তিনি তখন নখলা নামক স্থানে সাহাবীগণকে সঙ্গে নিয়ে ফজরের নামায পড়েছিলেন। তারা যখন কোরআন পাঠের আওয়াজ শুনল, তখন গভীর মনোযোগ সহকারে শুনতে লাগল। অতঃপর তারা বললঃ আকাশের খবর আনা নিষিদ্ধ হওয়ার এটাই কারণ। হে আমাদের সম্প্রদায়! আমরা এক বিশ্বয়কর কোরআন শ্রবণ করেছি, যা সঠিক পথ নির্দেশ করে। আমরা তাতে বিশ্বাস স্থাপন করেছি। আমরা আল্লাহর সাথে কখনও কাউকে শরীক করব না।

বোখারী ও মুসলিম মসরুক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি ইবনে মসউদ (রাঃ)-কে জিজ্ঞাসা করলামঃ সে রাতে জিনরা কোরআন শ্রবণ করে, রসূলুল্লাহ (সাঃ)-কে তাদের সংবাদ কে দিল? হ্যারত ইবনে মসউদ (রাঃ) জবাব দিলেনঃ একটি বৃক্ষ এ সংবাদ দিয়েছিল।

মুসলিম, আহমদ, তিরমিয়ার রেওয়ায়েতে হ্যারত আলকামা বলেনঃ আমি ইবনে মসউদ (রাঃ)-কে জিজ্ঞাসা করলামঃ জিন-রজনীতে আপনাদের মধ্যে

থেকে কেউ কি রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে ছিলেন? তিনি জওয়াব দিলেনঃ আমাদের মধ্য থেকে কেউ তাঁর সাথে ছিল না। কিন্তু মুক্তি এক রাতে আমরা হ্যার (সাঃ)-কে কোথাও খুঁজে পেলাম না। আমরা বললামঃ নাউয়ুবিল্লাহ, কেউ কি তাঁকে প্রতারণা করে হত্যা করেছে, না কেউ তাঁকে কোথাও আটক করেছে। আমরা সকলেই ভীষণ উদ্বেগের রাত্রি অতিবাহিত করলাম। যখন সকাল হল, তখন দেখি কি, হ্যার (সাঃ) হেরা গুহার দিক থেকে চলে আসছেন। আমরা আমাদের উদ্বেগের কথা তাঁকে জানালাম। তিনি বললেনঃ আমার কাছে জিনদের পক্ষ থেকে এক আহবানকারী এসেছিল। তাই আমি তাদের কাছে চলে গিয়েছিলাম। আমি তাদের সামনে কোরআন তেলাওয়াত করেছি। এরপর হ্যার (সাঃ) আমাদিগকে সেদিকে নিয়ে গেলেন এবং জিনদের অগ্নি প্রজ্জলনের চিহ্ন দেখালেন।

আবু ওহুমান খুয়ায়ীর রেওয়ায়েতে ইবনে মসউদ (রাঃ) বলেনঃ নবী করীম (সাঃ) মুক্তি অবস্থানকালে এক রাতে সাহাবায়ে-কেরামকে বললেনঃ তোমাদের মধ্যে যে ব্যক্তি আজ রাতে জিনদের সাথে আলোচনায় উপস্থিত থাকতে চায়, সে যেন হায়ির থাকেন। শেষ পর্যন্ত আমাকে ছাড়া আর কেউ হায়ির রইল না। আমরা চললাম। মুক্তির উপরিভাগে পৌঁছে নবী করীম (সাঃ) পা দিয়ে একটি রেখা টানলেন এবং আমাকে তার ভিতরে বসে থাকার আদেশ দিলেন। তিনি সম্মুখে অংসসর হয়ে দাঁড়িয়ে গেলেন এবং কোরআন তেলাওয়াত শুরু করলেন। তাঁকে অনেক জিন এসে ঘিরে নিল। অবশ্যে তারা আমার ও তাঁর মধ্যে অতরাল হয়ে গেল। আমি তাঁর কঠিন্দ্র শুনতে পাচ্ছিলাম না। এরপর জিনরা চলে গেল এবং মেঘখণ্ডের মত আলাদা আলাদা হয়ে যেতে লাগল। অবশ্যে তাদের একটি দল বাকী রয়ে গেল। হ্যার (সাঃ) ফজরের সময় তাদের সাথে আলাপ সমাপ্ত করলেন। অতঃপর আমার কাছে এসে বললেনঃ সেই দলটি কোথায় গেল? আমি বললাম, ঐ দেখা যায়। অতঃপর তিনি কিছু হাড়ি ও গোবর নিয়ে তাদেরকে দিলেন। তিনি আমাদেরকে হাড়ি ও গোবর দিয়ে এস্তেজ্জা করতে নিষেধ করলেন। (কারণ, এগুলো জিনদের খোরাক।)

বায়হাকী ও আবু নয়ীম আলী ইবনে রুবী থেকে এবং তিনি ইবনে মসউদ (রাঃ) থেকে বর্ণনা করেন- আমরা হ্যার (সাঃ)-এর সঙ্গে যাওয়ার ইচ্ছা প্রকাশ করলে তিনি বললেনঃ জিনদের দলটি পনের জনের তারা পরম্পরারের সাথে সম্পর্কিত। আজ রাতে তারা আমার কাছে আসবে। আমি তাদের সামনে কোরআন তেলাওয়াত করব। তিনি যে জায়গায় যাওয়ার ইচ্ছা করেছিলেন, আমি সেখানে তাঁর সঙ্গে গেলাম। তিনি একটি রেখা টেনে আমাকে তাঁর ভিতরে বসিয়ে দিলেন এবং বললেনঃ এই রেখার বাইরে যাবে না। আমি সম্পূর্ণ রাত্রি এর ভিতরে রইলাম। তিনি প্রত্যুষে আমার কাছে এলেন। আমি অবশ্যই সে জায়গাটি দেখে বলে সেখানে গেলাম এবং সন্তুরিটি উট বসার পরিমাণ জায়গা দেখতে পেলাম।

অপ্রকৃতিস্থ অবস্থায় সেখান থেকে চলে এলাম। 'কারনুছ-ছায়ালেব' এসে আমি প্রকৃতিস্থ হলাম। আমি মাথা তুলে উপরের দিকে তাকালে একটি মেষখণ্ড নজরে পড়ল, যা আমাকে ছায়া দিচ্ছিল। তার মধ্যে ছিলেন জিবরাস্তিল। তিনি আমাকে ডেকে বললেন : আপনার কওম আপনার সাথে যে ধরনের কথাবার্তা বলছে এবং জবাব দিয়েছে, তা আল্লাহর পাক শুনেছেন। এখন তিনি পর্বতমালার ফেরেশতাকে আপনার কাছে প্রেরণ করছেন। আপনি তাদের সম্পর্কে তাকে যা ইচ্ছা হুকুম করুন। এরপর পাহাড়ের ফেরেশতা আমাকে আওয়াজ দিল এবং সালাম করল, অতঃপর বলল : মোহাম্মদ! আল্লাহর পাক আপনার কওমের জবাব শুনেছেন। আমি পর্বতমালার ফেরেশতা। আপনার প্রতিপালক আমাকে আপনার কাছে পাঠিয়েছেন। আপনি যে হুকুম করতে চান, করুন। আপনি চাইলে আমি এই পাহাড়দ্বয়কে তাঁদের উপর ছুঁড়ে মারব।

রসূলুল্লাহ (সাঃ) বললেন : না। আমি আশা করি আল্লাহতায়ালা তাদের ভবিষ্যত প্রজন্ম থেকে এমন লোক সৃষ্টি করবেন, যারা লো শরীক আল্লাহর এবাদত করবে।

আবু নয়ীম ও বায়হাকী হয়রত ইবনে আবাস (রাঃ)-থেকে রেওয়ায়েত করেন যে, তিনি হয়রত আলী (রাঃ)-এর কাছ থেকে শুনেছেন যে, আল্লাহতায়ালা নবী করীম (সাঃ)-কে আরব গোত্রসমূহের সামনে উপস্থিত হয়ে ইসলাম প্রচার করার আদেশ দিলেন। সেমতে তিনি রওয়ানা হয়ে গেলেন। আমি এবং হয়রত আবু বকর তাঁর সঙ্গে ছিলাম। আমরা আরবদের একটি মজলিসে উপস্থিত হলাম। মজলিসে মগরুফ ইবনে ওয়র এবং হানী ইবনে কাবিছাও ছিল। মগরুফ বলল : আপনি কিসের দাওয়াত দেন? হ্যুর (সাঃ) বললেন : আমি এ বিষয়ের দাওয়াত দেই যে, আল্লাহ ছাড়া কোন মাবুদ নেই। তিনি একক। তাঁর কোন শরীক নেই। মোহাম্মদ তার বান্দা ও রসূল। আমি আরও দাওয়াত দেই যে, তোমরা আমাকে বস্তুরপে গ্রহণ কর এবং আমাকে সাহায্য কর। কেননা, কোরায়শরা আল্লাহর আদেশের ব্যাপারে বিদ্রোহ করেছে, তাঁর পয়গাম্বরগণের প্রতি মিথ্যারোপ করছে এবং বাতিলের আশ্রয় নিয়ে সত্ত্বের প্রতি বিমুখ হয়ে গেছে। আল্লাহতায়ালা কারো মুখাপেক্ষী নন এবং প্রশংসিত।

মগরুফ বলল : আল্লাহর কসম, এটা মর্ত্যের মানুষের কালাম নয়। অতঃপর রসূলুল্লাহ (সাঃ) এই আয়াত তেলাওয়াত করলেন : **إِنَّ اللَّهَ يَـا مُـسِـرِّـبـالـعـدـلـ** **وَالـحـسـنـ** **وَالـإـلـحـانـ** নিশ্চয় আল্লাহ ন্যায়বিচার ও অনুগ্রহ করার আদেশ করেন। মগরুফ বলল : আপনি উত্তম চরিত্র ও সুন্দর কর্মের দাওয়াত দেন। যারা আপনার প্রতি মিথ্যারোপ করছে, তারা অপবাদ আরোপ করছে এবং বিদ্রোহ করছে।

নবী করীম (সাঃ) বললেন : মনে রেখ, আচিরেই আল্লাহতায়ালা তোমাদেরকে পারস্য সাম্রাজ্য, তথাকার জনপদ ও ধনসম্পদের মালিক করে দিবেন এবং তাদের বর্মণীদেরকে তোমাদের অধীনস্থ করে দিবেন। তোমরা আল্লাহর পবিত্রতা বর্ণনা করবে।

আবু নয়ীম খালেদ ইবনে সায়ীদ থেকে এবং তিনি তাঁর পিতা থেকে রেওয়ায়েত করেন যে, বকর ইবনে ওয়ায়েল গোত্রের লোকজন হজ্জের মওসুমে মক্কায় আগমন করে। নবী করীম (সাঃ) হয়রত আবু বকর (রাঃ)-কে বললেন : তাদের কাছে চল এবং আমাকে তাদের সামনে পেশ কর। আবু বকর (রাঃ) তাই করলেন। হ্যুর (সাঃ) তাদের কাছে উপস্থিত হলে তারা বলল : একটু অপেক্ষা করুন। আমাদের নেতা হারেছা আসুক। কিছুক্ষণ পর হারেছা এলে সে বলল : আমাদের মধ্যে ও পারসিকদের মধ্যে এখন যুদ্ধ চলছে। এ যুদ্ধের নিষ্পত্তি হয়ে গেলে আমরা আবার এসে আপনার দাওয়াত সম্পর্কে বিচার-বিবেচনা করব।

যীকার নামক স্থানে বকর ইবনে ওয়ায়েলের যোদ্ধারা পারসিকদের সাথে সংঘর্ষে লিঙ্গ হলে তাদের নেতা হারিছা জিজ্ঞাসা করল : যে ব্যক্তি তোমাদেরকে ধর্মের দাওয়াত দিয়েছিল, তাঁর নাম কি? লোকেরা বলল : মোহাম্মদ (সাঃ)। হারেছা বলল : তিনি তোমাদের প্রেমের উৎস। যুদ্ধে তারা পারসিকদের বিরুদ্ধে জয়লাভ করল। এ সংবাদ শুনে নবী করীম (সাঃ) বললেন : আমার নাম ব্যবহার করে তারা বিজয়ী হয়েছে। বগভী বশীর ইবনে এয়াযিদ থেকে এবং কলবী আবু ছালেহর মধ্যস্থতায় ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, নবী করীম (সাঃ)-কে যীকার যুদ্ধ সম্পর্কে বলা হলে তিনি মন্তব্য করলেন : এই প্রথমবার আরব আজমের কাছ থেকে প্রতিশোধ নিয়েছে। আমার নামের বরকতে আরবরা সাহায্যপ্রাপ্ত হয়েছে।

ইমাম সুযুতী বলেন : আমি আমদীর শরহে দিওয়ান-ই- আ'সাশী অধ্যয়ন করেছি। তাতে লিখিত আছে যে, যীকার যুদ্ধ নবী করীম (সাঃ)-এর আবির্ভাবের পরে সংঘটিত হয়েছে। বনী বকর ও পারসিকদের মোকাবিলা জিবরাস্তিল নবী করীম (সাঃ)-কে প্রত্যক্ষ করিয়েছেন। তিনি দু'বার দোয়া করেন এই বলে যে, পরওয়াদেগার! বনী-বকর ইবনে ওয়ায়েলকে মদদ কর। তৃতীয়বার তিনি তাদের জন্যে চিরস্থায়ী সাহায্যের দোয়া করার ইচ্ছা করলে জিবরাস্তিল বললেন : আপনি মকবুল দোয়ার অধিকারী। আপনি তাদের জন্যে চিরস্থায়ী সাহায্যের দোয়া করলে কেউ তাদের মোকাবিলা করতে তৈরী হবে না এবং তাঁর সকলের উপর প্রবল থাকবে। মোটকথা, হ্যুর (সাঃ)-এর দোয়ার কারণে যখন পারসিকরা পরাজয়বরণ করল, তখন তিনি আনন্দিত হয়ে বললেন : এই প্রথমবার আরব আজমের কাছ থেকে প্রতিশোধ নিল। আরবরা আমার কারণে সাহায্যপ্রাপ্ত হয়েছে।

ওয়াকেদী ও আবু নয়ীম আবদুল্লাহ ইবনে ওয়াবেছা থেকে রেওয়ায়েত করেন যে, ওয়াবেছা আবসী তার পিতার কাছ থেকে বর্ণনা করেন— রসূলুল্লাহ (সাঃ) মিনায় আমাদের কাছে আসেন এবং ইসলামের দাওয়াত দেন। আমরা তাঁর কথা মানলাম না। অথচ এই অঙ্গীকৃতির মধ্যে আমাদের কোন কল্যাণই ছিল না। মায়সারা ইবনে মসরুক আবসী ও আমাদের সঙ্গে ছিল। সে বলল : আমি কসম থেয়ে বলছি— তাঁর প্রতি বিশ্বাস স্থাপন করা আমাদের জন্যে কল্যাণকর প্রমাণিত হবে। তাঁর দাওয়াত অবশ্যই প্রবল হবে এবং প্রত্যেকেই গত্ব্যস্থলে পৌছুবে। কিন্তু কওম তা মানল না এবং দেশে ফিরে গেল। ফেরার পথে মায়সারা তাদেরকে বলল : চল, আমরা ফদকে যাই। সেখানে ইহুদীরা বাস করে। আমরা তাদের কাছে এই নবী সম্পর্কে জিজ্ঞাসা করব। সেমতে তারা ইহুদীদের কাছে পৌছল। ইহুদীরা একটি কিতাব খুলে তাতে নবী করীম (সাঃ) সম্পর্কিত এই আলোচনা পাঠ করল : তিনি হবেন নবী উস্মী আরবী। তিনি গাধায় আরোহণ করবেন এবং এক টুকরা ঝটিতে সন্তুষ্ট থাকবেন। তিনি না দীর্ঘদেহী হবেন, না স্তুলদেহী। কেশ পুরাপুরি কৃষ্ণিত্ব ও হবে না এবং পুরাপুরি সোজাও হবে না। তাঁর উভয় চোখে লালিমা থাকবে এবং দেহের রঙ লালিমা যিন্তিত হবে। অতঃপর ইহুদীরা বলল : যিনি ইসলামের দাওয়াত দিয়েছেন, তিনি এরপ হলে তোমরা তাঁর কথা মেনে নাও এবং তাঁর ধর্মে দীক্ষিত হয়ে যাও। আমরা তাঁর প্রতি ঈর্ষাণ্বিত। তাই আমরা তাঁর অনুসরণ করব না। তবে তাঁর পক্ষ থেকে আমরা বহুস্থানে বিপদাপদের সম্মুখীন হব। আরবের এমন কোন লোক থাকবে না, তিনি যার পক্ষান্বান করবেন না অথবা হত্যা করবেন না।

একথা শুনে মায়সারা তার সম্প্রদায়কে বলল : তোমরা শুনলে তো; ব্যাপারটি এখন সুস্পষ্ট। অতঃপর মায়সারা বিদায় হজ্জে মুসলমান হয়ে যায়।

আবু নয়ীম ও ওয়াকেদী ইবনে রুম্মান, আবদুল্লাহ ইবনে আবু বকর প্রমুখ থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বনীকেন্দার বাসস্থানে এসে তাদের সামনে নিজেকে পেশ করেন। তারা তাঁর কথা মেনে নিতে অঙ্গীকার করল। তাদের মধ্যে অল্পবয়স্ক অথবা নিম্ন শ্রেণীর এক ব্যক্তি বলল : অন্য লোকেরা তাঁর প্রতি অগ্রগামী হওয়ার পূর্বেই তোমরা তাঁর প্রতি অগ্রগামী হয়ে যাও। আল্লাহর কসম, কিতাবধারীরা বর্ণনা করত যে, হেরেমে একজন নবী আবির্ভূত হবেন। তাঁর সময়কাল আসন্ন।

আবু নয়ীম ইবনে ইসহাকের তরিকায় রেওয়ায়েত করেন যে, কেন্দা গোত্রের ইউসুফ নামক এক ব্যক্তি তার কওমের বড়দের কাছ থেকে বর্ণনা করেন যে, নবী করীম (সাঃ)-কে স্বপ্নে দেখানো হয়েছে যে, শহরবাসী ও খর্জুর বাগানের অধিবাসীরা তাঁর সাহায্য করবে।

আবু নয়ীম হ্যরত শুরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) যখন আকাবায় আনছারের কাছ থেকে ইসলামের শপথ নেন, তখন অভিশপ্ত

শয়তান পাহাড়ের চূড়ায় দাঁড়িয়ে আওয়াজ দিল : হে কোরায়শ সম্প্রদায়! বনী আউস ও খায়রাজ তোমাদের সাথে যুদ্ধ করার শপথ গ্রহণ করেছে। এতে মানুষ ভীত হয়ে গেল। নবী করীম (সাঃ) বললেন : এই আওয়াজ শুনে তোমরা ভীত হয়ো না। এটা অভিশপ্ত ইবলীশের আওয়াজ। তোমরা যাদেরকে ভয় কর, তাদের কেউ এই আওয়াজ শুনে না। কোরায়শরা সংবাদ পেয়ে সেখানে এল এবং সাহাবীগণের আসবাবপত্র তছনছ করতে শুরু করল। কিন্তু তাঁদেরকে দেখতে পেল না। অগত্যা তারা ফিরে গেল।

আবু নয়ীম ইবনে ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, আকাবায় শপথ গ্রহণ সমাপ্ত হলে পাহাড় থেকে ইবলীশ আওয়াজ দিল : হে কোরায়শ সম্প্রদায়! তোমরা মোহাম্মদকে ধূংস করতে চাইলে পাহাড়ের অযুক অযুক স্থানে যাও। মদীনাবাসীরা সেখানে তাঁর কাছে অঙ্গীকারবদ্ধ হয়েছে। তখনই জিবরাইল আগমন করলেন। হারেছা ইবনে নোমান ছাড়া কেউ তাঁকে দেখল না। হারেছা বললেন : ইয়া রসূলুল্লাহ! আমি একজন শুভবেশী লোককে আপনার ডানদিকে দণ্ডয়মান দেখেছি। লোকটি অজ্ঞাত মনে হয়েছে। হ্যুর (সাঃ) বললেন : তুমি ভালই দেখেছ। ইনি জিবরাইল (আঃ)।

আবু নয়ীম ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) আনছারগণের মধ্য থেকে বারজন নকীব মনোনীত করে বললেন : তোমাদের কেউ যেন কুমন্ত্রণার আশ্রয় না নেয়। আমি তাদেরকেই গ্রহণ করেছি, যাদের প্রতি জিবরাইল ইশারা করেছেন।

হিজরত

হাকেম ও বায়হাকী জরীর থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) এরশাদ করেছেন— আল্লাহতায়ালা আমার কাছে ওহী প্রেরণ করেন যে, এই তিনটি শহর থেকে যে শহরটি আপনি পছন্দ করবেন, সেটিই হবে আপনার দারুল হিজরত— এগুলো হল মদীনা, বাহরাইন এবং কনসুরীন।

ইমাম বোখারী হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) সাহাবায়ে-কেরামকে বললেন : তোমাদের দারুল-হিজরত আমাকে দেখানো হয়েছে। আমাকে একটি লবণাক্ত ভূমি দেখানো হয়েছে, যাতে খর্জুর বাগান রয়েছে। এটা দু'পাহাড়ের মধ্যস্থলে অবস্থিত। একথা বলার সময় কেউ কেউ মদীনায় হিজরত করতে শুরু করে। হ্যরত আবু বকর (রাঃ)-ও হিজরতের প্রস্তুতি নেন। হ্যুর (সাঃ) তাঁকে বললেন : একটু অপেক্ষা কর। আমি আশা করি আমাকেও হিজরতের অনুমতি দেয়া হবে।

হাকেম হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) নবুওত প্রাপ্তির পর মকায় তেরো বছর অবস্থান করেন। স্থান ও স্থানের বছর

পর্যন্ত তিনি আলো দেখতে থাকেন এবং আওয়াজ শুনতে থাকেন। তিনি মদীনায় দশ বছর অবস্থান করেন।

বায়হাকী হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কোরায়শরা দারুল্লাহুয়ায় (পরামর্শ সভায়) রসূলুল্লাহ (সাঃ) -কে হত্যা করতে একমত হয়। জিবরাইল হ্যুর (সাঃ)-এর কাছে এসে বললেন : আপনি রাত্রে যে জায়গায় বিশ্রাম গ্রহণ করেন, সেখানে বিশ্রাম গ্রহণ করবেন না। তিনি কোরায়শদের চতুর্স্ত সম্পর্কে তাঁকে অবহিত করলেন। তখনই তাঁকে সেখান থেকে বের হওয়ার অনুমতি দিলেন।

বায়হাকী ইবনে ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ)-তাঁর দরজায় দণ্ডযামান কেরায়শদের কাছে এলেন। তাঁর হাতে ছিল এক মুঠি মাটি। তিনি এই মাটি তাদের মাথার উপর ছিটিয়ে দিলেন। ফলে আল্লাহতায়ালা অপেক্ষমাণ কোরায়শ দলের দৃষ্টি শক্তি আচ্ছন্ন করে দিলেন। তারা হ্যুর (সাঃ)-কে দেখল না। তিনি তখন সুরা ইয়াসীন শুরু থেকে **فَاغْشِنَا هُمْ فِي حَسْرَةٍ** পর্যন্ত তেলাওয়াত করছিলেন।

ইবনে সাদ ইবনে আব্বাস, হ্যরত আলী, হ্যরত আয়েশা ছিদ্রীকা, আয়েশা বিনতে কুদামা ও সুরাকা ইবনে জাশম (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) যখন বাইরে আসেন, তখন কোরায়শরা তাঁর গুহের দরজায় বসা ছিল। তিনি এক মুঠি কংক্রি হাতে নিয়ে তাদের মাথার উপর ছুঁড়ে মারলেন। অতঃপর সুরা ইয়াসীন তেলাওয়াত করতে করতে বের হয়ে গেলেন। কেউ অপেক্ষমাণ জনতাকে বলল : তোমরা কার অপেক্ষায় বসে আছ? তারা বলল : মোহাম্মদের অপেক্ষায়। লোকটি বলল : তিনি তো তোমাদের কাছ থেকে চলে গেছেন। জনতা বলল : আমরা তো তাঁকে দেখলাম না। অতঃপর তারা স্ব স্ব মাথা থেকে কংক্রি ঝাড়তে ঝাড়তে দাঁড়িয়ে গেল।

এদিকে নবী করীম (সাঃ) ও হ্যরত আবু বকর (রাঃ) ছুর পর্বতের গুহার দিকে চলে গেলেন এবং তাতে প্রবেশ করলেন। মাকড়সা গুহার মুখে জাল বুনে দিল। কোরায়শরা হ্যুর (সাঃ)-কে হন্তে হয়ে তালাশ করল। অবশেষে তারা গুহার দরজায় এসে উপস্থিত হল। কেউ কেউ বলল : গুহার মুখে তো মাকড়সার জাল রয়েছে। মনে হয় এটা মোহাম্মদের জন্মেরও পূর্বেকার জাল। অতঃপর তারা ফিরে গেল।

ওয়াকেদী ও আবু নবীম মোহাম্মদ ইবনে কা'ব কুরয়ী থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বাইরে এসে এক মুঠি মাটি নিলেন। আল্লাহতায়ালা

শত্রুদেরকে অঙ্ক করে দিলেন। তারা তাঁকে দেখল না। তিনি সেই মাটি তাদের মাথার উপর উড়াতে শুরু করলেন। তিনি তখন সুরা ইয়াসীনের প্রথম দিকের কয়টি আয়াত তেলাওয়াত করছিলেন।

আবু নবীম ওয়াকেদী ও হ্যরত আয়েশা বিনতে কুদামা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন- আমি গুহের জানালা দিয়ে সন্তর্পণে বের হলাম। সর্বপ্রথম আবু জহলকে পেলাম। আল্লাহ তায়ালা তাকে অঙ্ক করে দিলেন। সে আমাকে ও আবু বকরকে দেখল না। আমরা নির্বিশ্বে চলে গেলাম।

বায়হাকী ইবনে শেহাব যুহরী ও ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, কোরায়শরা নবী করীম (সাঃ)-এর খোজে চতুর্দিকে বের হয়ে পড়ল। তারা তাঁকে ধরার জন্যে বিপুল অংকের পুরকার ঘোষণা করল। তারা ছুর পর্বতেও গেল। এখানেই ছিল সেই গুহা, যাতে নবী করীম (সাঃ) আশ্রয় নিয়েছিলেন। তারা পাহাড়ের উপরে আরোহণ করল। রসূলুল্লাহ (সাঃ) ও আবু বকর (রাঃ) উদ্দেশে আওয়াজ শুনলেন। আবু বকর (রাঃ) ভয় পেলেন। তাঁর মধ্যে ভয় ও উদ্বেগের চিহ্ন ফুটে উঠল। হ্যুর (সাঃ) তাঁকে বললেন : **لَهُ حَزْنٌ إِنَّ اللَّهَ مَعَنِّا** চিন্তা করো না। আল্লাহ আমাদের সঙ্গে আছেন। রসূলুল্লাহ (সাঃ) দোয়া করলে হ্যরত আবু বকর (রাঃ) ভয় ও উদ্বেগমুক্ত হয়ে গেলেন।

বোখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত আবু বকর ছিদ্রীক (রাঃ) বলেন : আমি গুহায় নবী করীম (সাঃ)-এর সঙ্গে ছিলাম। আমি আরব করলাম : ইয়া রসূলুল্লাহ! তাদের কেউ আপন পায়ের দিকে দৃষ্টিপাত করলে পায়ের নিচেই তো আমাদেরকে দেখে ফেলবে। হ্যুর (সাঃ) বললেন : আবু বকর! সেই দুই ব্যক্তি সম্পর্কে তোমার কি ধারণা, যাদের তৃতীয় জন আল্লাহতায়ালা?

আবু নবীম হ্যরত আসমা বিনতে আবু বকর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবু বকর (রাঃ) এক ব্যক্তিকে গুহার বিপরীতে দেখে আরব করলেন : ইয়া রসূলুল্লাহ! সে অবশ্যই আমাদেরকে দেখতে পাচ্ছে। হ্যুর (সাঃ) বললেন : কখনই নয়। এখন ফেরেশতা আপন পাখা দ্বারা তাকে আড়াল করে রেখেছে। তৎক্ষণাত লোকটি তাঁদের উভয়ের সামনে প্রস্তুব করতে বসে গেল। রসূলুল্লাহ (সাঃ) বললেন : আবু বকর! সে তোমাকে দেখলে এরপ করত না।

আবু নবীম, ইবনে মরদুওয়াইহি, বায়হাকী ও ইবনে সাদ আবু মুছাইব ইকবী থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আমি আনাস ইবনে মালেক, যায়দ ইবনে আরকাম এবং মুগীরা ইবনে শো'বা (রাঃ)-এর সাথে মোলাকাত করেছি। আমি তাঁদেরকে বর্ণনা করতে শুনেছি যে, যে বাতে নবী করীম (সাঃ) গুহায় অবশেষ করেন, আল্লাহ তায়ালা তায়ালা আদেশে তাঁর সামনে একটি বৃক্ষ অংকরিত হয় এবং

তাঁকে আড়াল করে নেয়। আল্লাহ তায়ালার আদেশে একটি মাকড়সা গুহার মুখে জাল বুনে আড়াল সৃষ্টি করে। এছাড়া আল্লাহর আদেশে দু'টি কবুতর এসে গুহার মুখে বসে যায়। কোরায়শ যুবকরা লাঠিসোটা ও তরবারি হাতে প্রতিটি পরিবার থেকে আগমন করে। তারা রসূলে করীম (সাঃ) থেকে চল্লিশ হাত দূরত্ব পর্যন্ত এসে যায়। তাদের এক ব্যক্তি গুহার দিকে তাকিয়ে কবুতর দু'টিকে দেখে ফিরে গেল। তার সঙ্গীরা বললঃ গুহার ভিতরে দেখলে না কেন? সে বললঃ গুহার মুখে কবুতর বসে থাকতে দেখে আমি বুঝেছি যে, গুহায় কোন মানুষ নেই। নবী করীম (সাঃ) এ কথা শুনে বুঝে নেন যে, আল্লাহ তায়ালা কবুতর দু'টির মাধ্যমে এই মুশরিককে দূর করে দিয়েছেন। তিনি কবুতর দু'টির জন্যে দোয়া করলেন, তাদেরকে সনাত করলেন এবং তাদের প্রতিদান নির্ধারণ করলেন। তারা হেরেমে চলে গেল এবং সেখানকার প্রত্যেক অংশে বাচ্চা দিল।

আবু নবীম, ওয়াকেদী ও আহমদ হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মুশরিকরা এক রাতে মকায় রসূলুল্লাহ (সাঃ) সম্পর্কে সলাগরাম্র করল। কেউ বললঃ সকালে যখন সে ঘুম থেকে উঠে, তখনই তাঁকে বেড়ি দিয়ে আস্টেপৃষ্ঠে বেঁধে দাও। কেউ বললঃ তাঁকে হত্যা কর। আবার কেউ বললঃ তাঁকে মক্কা থেকে বহিকার কর। আল্লাহ তায়ালা তাঁর নবীকে মুশরিকদের এই পরামর্শ সম্পর্কে অবহিত করলেন। তিনি সে রাতেই গৃহ থেকে রেওয়ানা হয়ে গুহায় পৌঁছে গেলেন। সকালে মুশরিকরা তাঁর পদচিহ্ন তালাশ করতে করতে এগিয়ে গেল। পাহাড়ে পৌঁছে তাদের মনে সন্দেহ দানা বেঁধে উঠল। গুহার কাছ দিয়ে যাওয়ার সময় তারা গুহার মুখে মাকড়সার জাল দেখে বললঃ সে গুহায় গেলে গুহার মুখে জাল থাকত না।

আবু নবীম মোহাম্মদ ইবনে ইবরাহীম থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) গুহায় প্রবেশ করতেই মাকড়সা গুহার দরজায় জালের উপরজাল বুনে দিল শতুরা যখন গুহার কাছে পৌঁছল, তখন তাদের কেউ বললঃ গুহার ভিতরে চল। উমাইয়া ইবনে খলফ বললঃ গুহায় যাওয়ার প্রয়োজন নেই। কেননা, এর মুখে মোহাম্মদের জন্যের পূর্বেকার মাকড়সার জাল আছে। নবী করীম (সাঃ) সেদিন থেকে মাকড়সা নিধন করতে নিষেধ করে দেন এবং বলেনঃ এরা আল্লাহ তায়ালার লশকর।

আবু নবীম আতা ইবনে মায়সারা থেকে রেওয়ায়েত করেন যে, মাকড়সা দু'বার জাল বুনেছে— একবার দাউদ (আঃ)-এর সামনে যখন তালুত তাঁর ঘোঁজে ছিল এবং দ্বিতীয় বার হ্যুর (সাঃ)-এর সামনে গুহায়।

বোখারী ও মুসলিম হ্যরত আবু বকর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কোরায়শেরা আমাদেরকে খাঁজেছে; কিন্তু সুরাকা ইবনে মালেক ছাড়া কেউ

আমাদেরকে পায়নি। সে তার ঘোড়ায় সওয়ার ছিল। আমি আরয় করলামঃ ইয়া রাসূলুল্লাহ! তালাশকারী লোকটি আমাদের কাছে পৌঁছে গেছে। তিনি বললেনঃ

لَا تَحْزِنْ إِنَّ اللَّهَ مَعَنَا

যখন আমাদের ও তার মাঝখানে এক বর্ণ অথবা তিনি বর্ণ পরিমাণ দূরত্ব রয়ে গেল, তখন নবী করীম (সাঃ) দোয়া করে বললেনঃ পরওয়ারদেগার! আপনি যেভাবে চান, একে প্রতিহত করুন। এর পরই সে তার ঘোড়াসহ মাটিতে পেট পর্যন্ত ধসে গেল।

সুরাকা বললঃ মোহাম্মদ! আমার জানতে বাকী নেই যে, এটা আপনার কাজ। তাই আল্লাহর কাছে দোয়া করুন, তিনি যেন আমাকে এই বিপদ থেকে মুক্তি দেন। যারা আমার পিছনে আপনার তালাশে আসছে, আমি তাদেরকে অন্যপথে পাঠিয়ে দিব। হ্যুর (সাঃ) দোয়া করলেন। সে সেখান থেকে ফিরে গেল।

বোখারী সুরাকা ইবনে মালেক থেকে রেওয়ায়েত করেন যে, সুরাকা বলেনঃ আমি নবী করীম (সাঃ) ও আবু বকরের ঘোঁজে বের হলাম। তাঁর কাছে যেতেই আমার ঘোড়া হোচ্ট খেল। আমি নেমে আবার সওয়ার হলাম। আমি হ্যুর (সাঃ)-এর কেরাত শুলাম। তিনি কারও প্রতি মনোযোগ দিচ্ছিলেন না। আবু বকর (রাঃ) খুব বেশি এদিক-ওদিক তাকাচ্ছিলেন। একবার আমার ঘোড়ার সামনের পদদ্বয় হাঁটু পর্যন্ত ভূগর্ভে চলে গেল। আমি উপর থেকে পড়ে গেলাম এবং ঘোড়াকে শাস্তাম। ঘোড়া সোজা হয়ে দাঁড়িয়ে গেল। অতঃপর তার পা থেকে ধূলি উত্থিত হল, যা আকাশে ধোঁয়া হয়ে ছড়িয়ে পড়ল। আমি হ্যুর (সাঃ) ও আবু বকর (রাঃ)-এর কাছে উচ্চস্থরে অভয় প্রার্থনা করলাম। তাঁরা উভয়েই আমার জন্যে দাঁড়িয়ে গেলেন। মোটকথা, আমি যেভাবে বাধাপ্রাপ্ত হলাম এবং যা কিছু দেখলাম, তা থেকে আমার মনে এই বিশ্বাস সৃষ্টি হল যে, রসূলুল্লাহ (সাঃ) অবশ্যই বিজয়ী হবেন।

ইবনে সাদ বাযহাকী ও আবু নবীম হ্যরত আনাস ইবনে মালেক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) ও হ্যরত আবু বকর (রাঃ) রেওয়ানা হলে এক পর্যায়ে হ্যরত আবু বকর (রাঃ) পিছন ফিরে তাকিয়ে জন্মেক অশ্বারোহীকে দেখতে পান। সে তাঁদের নিকটে পৌঁছে গিয়েছিল। আবু বকর (রাঃ) বললেনঃ ইয়া রসূলুল্লাহ! এই অশ্বারোহী আমাদের কাছে এসে গেছে। হ্যুর (সাঃ) বললেনঃ আল্লাহ! একে ভূতলশায়ী করুন। সেমতে অশ্বারোহী ভূতলশায়ী হয়ে আরয় করলঃ হে আল্লাহর নবী! আপনি আমাকে যা ইচ্ছা আদেশ করুন। হ্যুর (সাঃ) বললেনঃ নিজের জায়গায় দাঁড়িয়ে থাক এবং কাউকে আমাদের কাছে আসতে দিয়ো না।

মোটকথা, এই অশ্বারোহী দিনের শুরুতে হ্যুর (সাঃ)-এর পশ্চাদ্বাবনে বের হয়েছিল এবং দিনের শেষভাগে তাঁর পাহারাদার হয়ে গেল। এ সম্পর্কেই সুরাক্ষা আর জহলকে বলেছিলঃ

আবুল হাকাম! আল্লাহর কসম, যদি তুমি তখন উপস্থিত থাকতে, যখন আমার ঘোড়ার পা ভূগর্ভে চলে যাচ্ছিল, তবে সন্দেহাতীতরূপে জানতে পারতে যে, মোহাম্মদ সত্যপ্রমাণসহ আল্লাহর রসূল। অতএব তাঁর মোকবিলা করার সাধ্য কারো নেই!

ইবনে আসাকির হযরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবু বকর (রাঃ) রসূলুল্লাহ (সাঃ)- এর সাথে শুহায় ছিলেন। তাঁর পিপাসা লাগলে হ্যুর (সাঃ) বললেনঃ শুহার প্রধান অংশের দিকে যাও। সেখানে পানি পান কর। অতঃপর তিনি সেদিকে গেলেন এবং পানি পান করলেন। সেই পানি মধুর চেয়ে মিষ্ট, দুধের চেয়ে সাদা এবং মেশকের চেয়েও সুগন্ধিযুক্ত ছিল। আবু বকর (রাঃ) পানি পান করে ফিরে এলে রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ জানাতের নহরসমূহে নিয়োজিত ফেরেশতাকে আল্লাহ তায়ালা জান্নাতুল-ফেরদাউসের নহর শুহার প্রধান অংশে প্রবাহিত করার আদেশ দিয়েছেন, যাতে তুমি পান করতে পার। (ইবনে আসাকিরের মতে এই রেওয়ায়েতের সনদ দুর্বল।)

ইমাম বোখারী বলেনঃ আমি আবু মোহাম্মদ কুফীর মুখে শুনেছি- যখন রসূলুল্লাহ (সাঃ) হিজরতের ইচ্ছা করেন, তখন লোকেরা মক্কায় একটি আওয়াজ শুনতে পায়। কেউ বলছিলঃ যদি উভয় সা'দ মুসলিমান হয়ে যায়, তবে নবী করীম (সাঃ) শাস্তিতে থাকতে পারবেন। কোন বিরাধীর বিরুদ্ধাচরণের আশংকা থাকবে না। কোরায়শরা এ কথা শুনে বললঃ এই উভয় সা'দ কারা, তা আমরা জানতে পারলে তাদেরও দফারফা করে দিতাম। কোরায়শরা পরদিন রাতে আবার কাটুকে বলতে শুনলঃ হে সা'দ ইবনে আউস ও সা'দ খায়রাজাইন, তোমরা হেদায়াতের দিকে আহবানকারীর দাওয়াত করুল করে নাও এবং আল্লাহর কাছে ফেরদাউসে মর্তবা লাভের কামনা কর।

রাবী বর্ণনা করেন, সা'দ ইবনে আউস বলে সা'দ ইবনে মুয়ায় এবং সা'দ খায়রাজাইন বলে সা'দ ইবনে ওবাদাকে বুঝালো হয়েছে।

আবু নবীম আসমা বিনতে আবু বকর ছিদ্রীক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হিজরতের পর তিনি রাত্রি পর্যন্ত আমরা জানতে পারিনি যে, রসূলুল্লাহ (সাঃ) কোন দিকে গেছেন। অবশ্যে এক জিন মক্কার নিম্নাঞ্চল থেকে কিছু কবিতা পাঠ করতে করতে এল। মানুষ তার আওয়াজ শুনে তার পিছনে পিছনে যেত; কিন্তু তাকে দেখতে পেত না। অবশ্যে সে মক্কার উপরিভাগ থেকে এ কথা বলতে

বলতে আত্মপ্রকাশ করলঃ পরওয়ারদেগুর! সেই সঙ্গীব্যক্তিকে উৎকৃষ্ট প্রতিদান দিন, যাঁরা বলেছেন যে, উম্মে মা'বাদের দু'টি তাঁরু আছে।

বগভী, ইবনে মান্দা, তিবরানী প্রমুখ অনেক আলেম জায়শ ইবনে খালেদ থেকে রেওয়ায়েত করেন যে, মক্কা থেকে মদীনা অভিযুক্ত হিজরত কবার সময় রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে ছিলেন আবু বকর, তাঁর গোলাম আমের ইবনে ফুহায়রা এবং পথপ্রদর্শক আবদুল্লাহ ইবনে উরাইকিত। তাঁরা খোয়ায়া গোত্রের মহিলা উম্মে মা'বাদের দু'তাঁরুর কাছ দিয়ে গমন করেন। উম্মে মা'বাদ বয়োবৃন্দা, সতী, বিচক্ষণ ও চতুর মহিলা ছিলেন। তিনি তাঁর তাঁরুর বাইরে চাদর আবৃত্তা হয়ে উপবিষ্ট ছিলেন। তিনি অকপটে পথিকদেরকে পানি পান করাতেন এবং খাদ্য খাওয়াতেন। কিন্তু রসূলুল্লাহ (সাঃ) উম্মে মা'বাদের কাছে গোশত ও খেজুর ক্রয় করতে যেয়ে কিছুই গেলেন না। তিনি তাঁরুর এক পার্শ্বে একটি ছাগল দেখতে পেয়ে জিজ্ঞাসা করলেনঃ এটি কেমন ছাগল? উম্মে মা'বাদ বললেনঃ এ ছাগলটি অসুস্থতার কারণে দুর্বল হয়ে গেছে। তাই অন্য ছাগলদের সাথে চারণভূমিতে যায়নি। রসূলুল্লাহ (সাঃ) জিজ্ঞাসা করলেনঃ এর মধ্যে দুধ আছে কি?

উম্মে মা'বাদ বললেনঃ এটি খুব বেশি রঞ্জ। হ্যুর (সাঃ) বললেনঃ তুমি এর দুধ দোহন করার অনুমতি দিবে কি? উম্মে মা'বাদ বললেনঃ এতে দুধ আছে বলে অনুমান করলে আপনি দোহন করতে পারেন।

হ্যুর (সাঃ) নিজের বরকতময় হাত দিয়ে ছাগলের শোলান মলে দিলেন। উম্মে মা'বাদের জন্যে আল্লাহ তায়ালার কাছে দোয়া করলেন। ছাগল দুধ দোহন করার জন্যে পদযুগল ছড়িয়ে দিল। হ্যুর (সাঃ) একটি বড় পাত্র নিয়ে দুধ দোহন করতে লাগলেন। পাত্রটি দুধে ভরে গেল। এবং উপরে ফেলা উঠল। তিনি উম্মে মা'বাদকে তৃষ্ণি সহকারে দুধ পান করালেন। অতঃপর নিজের সঙ্গীদেরকে পান করালেন। তারাও তৃষ্ণ হয়ে থেলেন। সকলের শেষে হ্যুর (সাঃ) নিজে পান করলেন। কিছুক্ষণ পর পুনরায় সকলেই এই দুধ পান করালেন। এরপর রসূলুল্লাহ (সাঃ) দ্বিতীয়বার এই পাত্রে দুধ দোহন করালেন। পাত্র আবারও ভরে গেল। তিনি এই দুধ উম্মে মা'বাদকে দিয়ে দিলেন। উম্মে মা'বাদ মুক্ষ হয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর হাতে বয়াত করালেন। অতঃপর হ্যুর (সাঃ) সঙ্গীগন্মসহ সেখান থেকে রওয়ানা হয়ে গেলেন।

কিছুক্ষণ পরেই উম্মে মা'বাদের স্বামী আবু মা'বাদ কৃষ ছাগপাল হাঁকিয়ে বাড়ি ফিরলেন। তিনি বাড়ীতে দুধের প্রাচুর্য দেখে বিস্মিত হলেন এবং বললেনঃ তোমার কাছে এত দুধ কোথেকে এল? বাড়ীতে তো একটি মাত্র রঞ্জ ছাগল আছে, যা চারণভূমিতে যায়নি। এছাড়া বাড়ীতে তো কোন দুধের উন্নিও নেই।

উষ্মে মা'বাদ বললেনঃ আমাদের কাছ দিয়ে একজন মহান ব্যক্তি গমন করেছেন। এটা তারই কীর্তি। আবু মা'বাদ বললেনঃ তাঁর পরিচয় ও গুণাবলী বর্ণনা কর। উষ্মে মা'বাদ বললেনঃ আমি এমন এক ব্যক্তিত্বকে দেখেছি, যাঁর বাহ্যিক অবস্থা পুতুঃপুরিত্ব, সৌন্দর্যময়, উজ্জ্বল মুখমণ্ডল, চরিত্বাবন ও সুন্দরী; কোমর মোটা কিংবা পাতলা হওয়ার দোষ থেকে মুক্ত। তাঁর উভয় চোখে অত্যধিক লালিমা ও শুভ্রতা আছে। পলক বক্র, কঠিন্তর তীক্ষ্ণ, শ্রীবা দীর্ঘ এবং দাঢ়ি ঘন। ভূ পাতলা, দীর্ঘ এবং সংযুক্ত। তিনি চুপ থাকলে গাঞ্জীর্যময় এবং কথা বললে মাথা অথবা হাত উত্তোলন করেন। মনে হয় তিনি সকল মানুষ অপেক্ষা সুন্দরী, কমনীয়, মিষ্ট ও সুন্দরতম। তাঁর প্রতিটি শব্দ ও বাক্য আলাদা আলাদা মনে হয়। কথা কমও বলেন না, বেশি বলেন না। তাঁর কথাবার্তা মালায় গাঁথা মণিমুক্তার অনুরূপ। তাঁর গড়ন মাঝারি— না বেশি লঘা, না বেশি বেঁটে। সঙ্গীরা তাঁকে ধিরে রাখেন। তিনি কোন কথা বললে সঙ্গীরা একদম চুপ হয়ে ওনে। কোন কাজের আদেশ করলে সঙ্গীরা সকলেই এগিয়ে যায়। তিনি কর্কশভাষীও নন এবং কোন প্রকার বাড়াবাড়িও করেন না।

আবু মা'বাদ এই বর্ণনা শুনে বললেনঃ খোদার কসম, ইনি কোরায়শ বৎশের সেই ব্যক্তি, যাঁর সম্পর্কে আমি মকায় শুনেছি।

প্রত্যুষে মকায় একটি উচ্চ আওয়াজ শুত হতে লাগল। লোকেরা কেবল আওয়াজ শুনত; কিন্তু কে আওয়াজ করছে, তা জানার উপায় ছিল না। কেউ এই কবিতা পাঠ করছিল

جزى الله رب الناس خير جزائه

رفيقين قالا خيمتى ام معبد

মানুষের প্রতিপালক আল্লাহঁ সেই সঙ্গীদ্বয়কে উত্তম প্রতিদান দিন, যারা বলেছেন-
উষ্মে মা'বাদের দু'টি তাঁবু রয়েছে।

هما نزلها بالهدى فاهتدت به

فقد فاز من امسى رفيق محمد

সেই সঙ্গীদ্বয় হেদায়াতসহ তাঁবুতে অবতরণ করেছেন। অতঃপর উষ্মে মা'বাদ নবী করীম (সা:) -এর মাধ্যমে হেদায়াতপ্রাপ্ত হলেন। যে ব্যক্তি মোহাম্মদের সঙ্গী হয়, সে সফলকাম হয়।

فیال قصی ما زوی الله عنکم

بہ من افعال لا تجazzi وسودد

হে কুছাই সম্প্রদায়! আল্লাহতায়ালা এই রসূলের কারণে তোমাদের থেকে অবিনিময়যোগ্য সৎকর্ম ও নেতৃত্ব দূর করেননি।

لیهں بنی کعب مقام فتاتهم

ومقعدها للمؤمنین لمبرضد

سلوا اختكم ان شاتها واناتها

فانكم ان تسئلوا الشاة تشهد

তোমরা তোমাদের বোন উষ্মে মা'বাদকে তার ছাগল ও পাত্রের কথা জিজ্ঞাসা কর। তোমরা তাকে জিজ্ঞাসা করলে সে বর্ণনা করবে।

وعاهابشاة مائل فتحليبت

له بصريح صلوة الشاة مزيد

রসূলুল্লাহ (সা:) উষ্মে মা'বাদের কাছ থেকে এক বছরের ছাগল চেয়ে নিলেন। ছাগলের স্তন তার জন্যে এত বেশি খাঁটি দুধ দিল যে, তার উপর ফেলা উঠে গেল।

فغلارهارهناالديها بحالب

برودها فى مصدر نم مورد

হ্যুব (সা:) ছাগলটি দুধ দেয়ার জন্যে উষ্মে মা'বাদের মালিকানায় ছেড়ে দিলেন। উষ্মে মা'বাদ এই ছাগলকে পানি পান করানোর জায়গায় আন্তর্ভুন।

ইবনে সাদ ও আবু নয়ীম রেওয়ায়েত করেন যে, উষ্মে মা'বাদ বর্ণনা করতেন-
নবী করীম (সা:) যে ছাগলের ওলান টিপে দুধ বের করেছিলেন, তা আমাদের কাছে হ্যরত ওমর ফারঞ্জের শাসনামল পর্যন্ত ছিল। আমরা সকাল-বিকাল তার দুধ দোহন করতাম। যখন খরার কারণে মাঠে ঘাস থাকতনা, তখনও আমরা দুধ দোহন করতাম।

বায়হাকী ও ইবনে আসাকির আবদুর রহমান ইবনে আবী ইয়ালা থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আবু বকর (রাঃ) বলেনঃ আমি মক্কা থেকে রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে রওয়ানা হয়ে এক আরব গোত্রের কাছে পৌছলাম। হ্যুর (সাঃ) সম্মুখে একটি গৃহ দেখে সেদিকে রওয়ানা হলেন। আমরা যখন সেখানে অবতরণ করলাম, তখন গৃহে এক মহিলা ছাড়া কেউ ছিল না। এটা ছিল বিকাল বেলা। মহিলার পুত্র কয়েকটি ছাগল হাঁকিয়ে নিয়ে এল। মহিলা পুত্রকে বললঃ এ ছাগলটি মেহমানদের কাছে নিয়ে যাও, যাতে এটি যবেহ করে তারা গোশত খেয়ে নেয়। রসূলে আকরাম (সাঃ) ছেলেটিকে বললেনঃ এই ছুরি নিয়ে যাও এবং একটি পিয়ালা আন। ছেলেটি বললঃ এ ছাগলটি মাঠে ঘাস খেতে যায়নি। তাই এর মধ্যে দুধ নেই। হ্যুর (সাঃ) বললেনঃ যাও, পিয়ালা নিয়ে এসো। সে পিয়ালা নিয়ে এল। নবী করীম (সাঃ) ছাগলের ওলান মললেন, অতঃপর দুধ দোহন করলেন। অবশেষে দুধে পাত্র ভরে গেল। হ্যুর (সাঃ) ছেলেকে বললেনঃ এ দুধ তোমার মায়ের কাছে নিয়ে যাও। তার মা দুধপান করে ত্প্ত হয়ে গেলেন। ছেলেটি পিয়ালা নিয়ে এল। হ্যুর (সাঃ) তাকে বললেনঃ এ ছাগলটি নিয়ে যাও এবং অন্য একটি নিয়ে এস। হ্যুর (সাঃ) এ ছাগল থেকেও দুধ দোহন করলেন এবং আবু বকর (রাঃ)কে পান করলেন। অতঃপর তৃতীয় ছাগল আনিয়ে তার দুধও দোহন করলেন এবং নিজে পান করলেন।

আবু বকর ছিদ্রীক (রাঃ) বর্ণনা করেনঃ রাতে সেখানে অবস্থান করে আমরা সেখান থেকে রওয়ানা হলাম। উশে মা'বাদ হ্যুর (সাঃ)-কে মোবারক (বরকতময়) নামে অভিহিত করতেন। তাঁর ছাগলের সংখ্যা অনেক বেড়ে গিয়েছিল। অবশেষে তিনি তাঁর ছাগলগুলো মদীনায় নিয়ে আসেন। (ইমাম বায়হাকী বলেনঃ এ মহিলা উশে মা'বাদ ছিলেন বলেই প্রতীয়মান হয়।)

তিবরানী, আবু নয়ীম, আবু ইয়ালা ও হাকেম হ্যরত কায়স ইবনে নোমান (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন নবী করীম (সাঃ) ও হ্যরত আবু বকর (রাঃ) গোপনে রওয়ানা হলেন, তখন এক গোলামের কাছে দিয়ে গমন করলেন। সে তখন ছাগল চরাচিল। তাঁরা গোলামের কাছে দুধ চাইলেন। সে বললঃ আমার কাছে কোন দুধের ছাগল নেই। তবে একটি ভেড়া আছে, যা শীতের শুরুতে গর্ভবতী হয়েছিল। এর দুধ দোহন করা হয়ে গেছে। এখন তার মধ্যে কোন দুধ অবশিষ্ট নেই।

হ্যুর (সাঃ) বললেনঃ এটিই আন। গোলাম ভেড়াটি নিয়ে এল। হ্যুর (সাঃ) দুধ বের করার জন্যে তার পদদ্বয় আপন গোছা ও উরুর মাঝখানে রেখে ওলান মললেন। অতঃপর দোয়া করলেন। হ্যরত আবু বকর (রাঃ) পাত্র নিয়ে এলেন।

হ্যুর (সাঃ) দুধ বের করে আবু বকর (রাঃ)-কে পান করালেন। অতঃপর পুনরায় দুধ বের করে গোলামকে পান করালেন। এরপর আবার দুধ বের করে নিজে পান করলেন। গোলাম অবাক হয়ে বললঃ আপনি কে? খোদার কসম, আমি আপনার মত ব্যক্তিত্ব কখনও দেখিনি। তিনি বললেনঃ আমি মোহাম্মদ রসূলুল্লাহ। গোলাম বললঃ আপনি সে ব্যক্তি, যাকে কোরায়শরা ছাবী বলে? তিনি বললেনঃ কোরায়শরা তাই বলে। গোলাম বললঃ আমি সাক্ষ্য দিই যে, আপনি আল্লাহর রসূল। আপনি সত্য নিয়ে আগমন করেছেন। আপনি যে কাজ করেছেন, তা নবী ছাড়া কেউ করতে পারে না।

আবু নয়ীম হ্যরত মালেক ইবনে আউস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) ও হ্যরত আবু বকর (রাঃ) যখন হিজরতের উদ্দেশে রওয়ানা হন, তখন জাহফা নামক স্থানে আমাদের উট ছিল। এ উটের কাছ দিয়ে গমন করার সময় তিনি জিজেস করলেনঃ এগুলো কার উট? কেউ বললঃ আসলাম গোত্রের এক ব্যক্তির। তার নাম মসউদ। হ্যুর (সাঃ) হ্যরত আবু বকর (রাঃ)-এর দিকে মুখ ফিরিয়ে বললেনঃ ইনশাআল্লাহ তুমি সৌভাগ্য অর্জন করবে।

বোখারী আবদুল্লাহ ইবনে হারেছা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) কুলছুম ইবনে হাদামের গৃহে অবতরণ করলেন। কুলছুম তার গোলামকে “ইয়া নাজিয়ু” বলে ডাক দিল। হ্যরত (সাঃ) আবু বকরকে বললেনঃ তুমি সফলতা অর্জন করেছ।

হাকেম ও বায়হাকী হ্যরত আনাস ইবনে মালেক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম(সাঃ) মদীনায় আগমন করে এক জায়গায় উন্নীকে বসালেন। অনেক মুসলমান তাঁর কাছে উপস্থিত হয়ে আরয করলঃ ইয়া রাসূলুল্লাহ! আমাদের গৃহে চলুন। অতঃপর উন্নী তাঁকে নিয়ে দাঁড়িয়ে গেল। তিনি উপস্থিত জনতাকে বললেনঃ আমার উন্নীকে স্বাধীনভাবে ছেড়ে দাও। সে আল্লাহর পক্ষ থেকে আদিষ্ট। উন্নী তাঁকে বর্তমান মসজিদে নববী শরীফের মিস্ত্রের জায়গায় নিয়ে এল। তিনি তাকে সেখানেই বসিয়ে দিলেন।

বায়হাকী হ্যরত আনাস ইবনে মালেক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সাঃ) মদীনায় আগমন করলে আনছার নারী পুরুষের হায়ির হয়ে আরয করলঃ ইয়া রাসূলুল্লাহ! আমাদের গৃহে চলুন। হ্যুর (সাঃ) এরশাদ করলেনঃ উন্নীকে স্বাধীন ছেড়ে দাও। কেননা, সে আল্লাহর পক্ষ থেকে আদিষ্ট। অতঃপর উন্নী হ্যরত আবু আইউব আনছারী (রাঃ)-এর দরজায় যেয়ে বসে গেল। বনী-নাজারের বালিকারা

দফ বাজাতে বাজাতে এবং নিম্নোক্ত কবিতা আবৃত্তি করতে করতে গৃহের বাইরে
চলে এলঃ

نحن جوار من بنى النجار + ياحبذا مهدا من جار

আমরা নাজার বৎশের সন্ধান বালিকা। মোহাম্মদ (সাঃ) কি চমৎকার প্রতিবেশী!

হযরত আয়েশা (রাঃ) বলেনঃ যখন নবী করীম (সাঃ) মদীনায় আগমন
করলেন, তখন মহিলারা ও শিশুরা এ কবিতা পাঠ করছিল :

طلع البدر علينا + من ثنيات الوداع

وجب الشكر علينا + مادعا لله داع

আমাদের উপর ছনিয়াতুল বিদা থেকে চতুর্দশীর চাঁদ উদিত হয়েছে। অতএব,
আল্লাহর শোকর করা আমাদের জন্যে অপরিহার্য হয়ে গেছে যে পর্যন্ত কোন
আহ্বানকরী আল্লাহর পথে আহ্বান করে!

হাকেম ও বায়হাকী হযরত ছোহায়ব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূল
করীম (সাঃ) এরশাদ করেছেন— আমাকে তোমাদের হিজরত ভূমি দেখিয়ে দেয়া
হয়েছে। সেটা কংকরময় ভূমির মাঝখানে লবণাক্ত ভূমি- যা হয় হিজর হবে, না হয়
ইয়াছারিব (মদীনা)।

ছোহায়ব (রাঃ) বলেনঃ হ্যুর (সাঃ) মদীনা অভিযুক্তে রওয়ানা হলেন। তাঁর
সাথে হযরত আবু বকর (রাঃ) ও ছিলেন। আমিও তাঁর সাথে যাওয়ার ইচ্ছা
করেছিলাম। কিন্তু কোরায়শ যুবকদের দ্বারা বাধাপ্রাপ্ত হলাম। সে রাতে আমি
দাঁড়িয়ে রইলাম- বসলাম না। লোকেরা বললঃ পেটব্যথার কারণে আল্লাহ তোমাকে
আটকে রেখেছেন। বাস্তবে আমার কোন অসুখ ছিল না। তারা আমার এ অবস্থা
দেখে ঘুমিয়ে পড়ল। আমি সেখান থেকে রওয়ানা হলে তাদের কয়েকজন এসে
আমাকে ধরে ফেলল। তারা আমাকে ফিরিয়ে নিয়ে যেতে চাচ্ছিল। আমি বললামঃ
আমি তোমাদেরকে কয়েক ওকিয়া স্বর্ণ দিলে তোমরা আমাকে ছেড়ে দিবে কি?
তারা এটা মঙ্গুর করল। আমি তাদেরকে মক্কার দিকে নিয়ে গেলাম এবং বললামঃ
এ দরজার চৌকাঠের নিচে গর্ত খনন কর। এখানে কয়েক ওকিয়া স্বর্ণ আছে।
অতঃপর আমি রওয়ানা হয়ে গেলাম। রসূলল্লাহ (সাঃ)-এর কুবা থেকে মদীনা
রওয়ানা হওয়ার আগেই আমি তাঁর কাছে পৌছে গেলাম। তিনি আমাকে দেখে
তিনবার বললেনঃ আবু ইয়াহিয়া সাফল্য অর্জন করেছে। আমি আরয় করলামঃ
ইয়া রাসূলল্লাহ! আমার আগে আপনার কাছে কেউ আসেনি। আমার ঘটনা
সম্পর্কে জিবরাইলই আঁক অঙ্গত করেছেন।

ইহুদীদের আগমন ও বিভিন্ন প্রশ্ন করা

ইবনে সাদ তিরিমী, হাকেম, ইবনে মাজা ও বায়হাকী হযরত আবদুল্লাহ ইবনে
সালাম (রাঃ) থেকে বর্ণনা করেনঃ রসূলে করীম (সাঃ) যখন মদীনায় আগমন
করলেন, তখন দলে দলে লোক তাঁর খেদমতে উপস্থিত হয়। আমিও (তিনি তখন
একজন ইহুদী আলেম ছিলেন।) তাঁর পবিত্র মুখমণ্ডল দেখার জন্যে তাদের সাথে
এলাম। আমি তাঁর নূরানী চেহারা দেখেই চিনে নিলাম যে, এটা কোন মিথ্যাকের
মুখমণ্ডল নয়। সর্বপ্রথম যে বাক্যগুলো আমি তাঁর কাছে শুনেছি, তা ছিল এইঃ
তোমরা নিরন্মকে অন্ন দিবে। অধিক পরিমাণে সালাম বিনিময় করবে। আজীব্যতা
বজায় রাখবে। রাতের বেলায় মানুষ যখন নিদ্রা যায়, তখন নামায পড়বে। তাহলে
নির্বিঘ্নে জান্মাতে দাখিল হতে পারবে।

বোখারী হযরত আনাস ইবনে মালেক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে,
আবদুল্লাহ ইবনে সালাম নবী করীম (সাঃ)-এর আগমনের সংবাদ শুনে তাঁর
খেদমতে উপস্থিত হন এবং আরয় করেনঃ আমি আপনাকে তিনটি প্রশ্ন করছি।
নবী ছাড়া কেউ এগুলোর জবাব জানে না। প্রথম প্রশ্নঃ কিয়ামতের আলামতসমূহের
মধ্যে সর্বপ্রথম আলামত কোনটি?

دِّيْنِيَّيْ بِالْمُكْثُرِ: جَانِبِيَّةِ الْمُكْثُرِ

তৃতীয় প্রশ্নঃ সন্তান তার পিতামাতার সাথে সামঞ্জস্যপূর্ণ কেন হয়?

হ্যুর (সাঃ) বললেনঃ এসব বিষয় সম্পর্কে জিবরাইল আমাকে জান দান
করেছেন। কিয়ামতের সর্বপ্রথম আলামত সে অগ্নি, যা মানুষের সামনে পূর্ব থেকে
নির্গত হয়ে পশ্চিম পর্যন্ত যাবে। জান্মাতীদের সর্বপ্রথম খাদ্য হবে, মাছের কলিজায়ে
অংশ। আর যখন পুরুষের বীর্য স্ত্রীর বীর্যের অংশে নির্গত হয়, তখন সন্তান পিতার
অনুরূপ হয়। এর বিপরীত হলে সন্তান মাঝের অনুরূপ হয়।

এ কথা শুনে আবদুল্লাহ ইবনে সালাম বললেনঃ আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ
ছাড়া কোন মাবুদ নেই। আমি আরো সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর রসূল। তিনি
আরও আরয় করলেনঃ ইয়া রাসূলল্লাহ! ইহুদীরা মিথ্যা অপবাদ আরোপকারী জাতি।
আপনি আমার ব্যাপারে তাদের কাছ থেকে সঠিক তথ্য জানার পূর্বেই যদি তারা
জানতে পারে যে, আমি মুসলমান হয়ে গেছি, তবে তারা আমার বিরুদ্ধেও মিথ্যা
অপবাদ দিতে কৃষ্টিত হবে না। সে মতে এরপর ইহুদীরা হ্যুর (সাঃ)-এর খেদমতে
উপস্থিত হলে তিনি তাদেরকে জিজ্ঞাসা করলেনঃ আবু ইয়াহিয়া সাফল্য অর্জন
তোমাদের মধ্যে কেমন লোক? তারা বললঃ তিনি আমাদের শ্রেষ্ঠ ব্যক্তির সন্তান,
আমাদের নেতা এবং আমাদের নেতার পুত্র।

হ্যুর (সাঃ) বললেনঃ সে মুসলমান হয়ে গেলে তোমাদের কি অভিমত? তারা বললঃ আল্লাহ তাঁকে এ বিষয় থেকে হেফায়তে রাখুন। এ কথা শুনে আবদুল্লাহ ইবনে সালাম বাইরে তাদের সম্মুখে এলেন এবং বললেনঃ আশহাদু আল্লা ইলাহা ইলাহাছ ওয়া আশহাদু আল্লা মোহাম্মদুর রসূলুল্লাহ।

তখন ইহুদীরা বললঃ সে আমাদের মধ্যে মন্দ ব্যক্তি এবং মন্দ ব্যক্তির সন্তান।

আবদুল্লাহ ইবনে সালাম বললেনঃ ইয়া রসূলুল্লাহ! আমি এ বিষয়ে আশংকা করেই আপনাকে পূর্বের কথাগুলো বলেছিলাম।

বায়হাকী আবদুল্লাহ ইবনে সালাম থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বললেনঃ আমি যখন নবী করীম (সাঃ) সম্পর্কে অবগত হই এবং তাঁর গুণবলী, নাম ও দৈহিক অবয়ব সম্পর্কে পরিচিত হই, তখন আমি এ বিষয়টি গোপন রাখি। আমি এ সম্পর্কে সম্পূর্ণ চুপ ছিলাম। অবশ্যে তিনি হিজরত করে মদীনায় আগমন করলেন। এক ব্যক্তি এসে তাঁর আগমন সম্পর্কে আমাকে সংবাদ দিল। আমি তখন খেজুর গাছে চড়ে কর্মরত ছিলাম। আমার ফুকী গাছের নিচে উপবিষ্ট ছিলেন। সংবাদ শুনামাত্রই আমি তকবীর বললাম। আমার ফুকী বললেনঃ তুমি মুসা ইবনে এমরানের সংবাদ পেলে এর বেশী বলতে না। আমি বললামঃ ফুকী! ইনি মুসা ইবনে এমরানের ভাই। তাঁকে সেসব বিধান দিয়েই প্রেরণ করা হয়েছে, যেগুলো দিয়ে মুসা (আঃ)-কে প্রেরণ করা হয়েছিল।

ফুকী বললেনঃ ভাতিজা, তিনি কি সেই নবী, যাঁর সম্পর্কে আমাদেরকে বলা হয়েছে যে, তিনি কিয়ামতের পূর্বে প্রেরিত হবেন? আমি বললামঃ হাঁ, ইনি সেই নবী।

আবদুল্লাহ ইবনে সালাম বললেনঃ এরপর আমি নবী করীম (সাঃ)-এর খেদমতে হায়ির হয়ে ইসলাম প্রহণ করলাম। অবশিষ্ট হাদীস পূর্বরূপ। বায়হাকী এ রেওয়ায়েতটি মাকবরী থেকে মুরসাল বর্ণনা করেছেন। তাতে আরো আছে যে, আবদুল্লাহ ইবনে সালাম রসূলুল্লাহ (সাঃ)-কে সেই কাল দাগ সম্পর্কেও জিজ্ঞাসা করেন, যা চাঁদের গায়ে দেখা যায়। হ্যুর (সাঃ) বললেনঃ তারা উভয়েই মুর্খ ছিল। আল্লাহ তায়ালা বললেনঃ

وَجَعَلْنَا اللَّيْلَ وَالنَّهَارَ أَبْتَئِنْ فَمَحَوْنَا إِلَيْهِ اللَّيْلَ

আমি রাত ও দিনকে করেছি দুটি নির্দশন। অতঃপর রাতের নির্দশনকে মিটিয়ে দিয়েছি। এখন চাঁদে যে কাল দাগ পড়েছে, সেটা মিটানোর দাগ। আবদুল্লাহ ইবনে সালাম বললেনঃ আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া কোন মাঝুদ নেই। আপনি আল্লাহর রসূল।

আবু নবীম, বায়হাকী ও ইবনে ইসহাক ছফিয়া (রাঃ) বিনতে হ্যাই থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সাঃ)-এর আগমনের দিতীয় দিন তাঁর কাছে আমার পিতা ও পিতৃব্য আবু ইয়াসির ইবনে আখতাব গেলেন। দিবাশেষে তারা উভয়েই ফিরে এলেন। আমি শুনতে পেলাম আমার চাচা আমার পিতাকে বলছিলেনঃ ইনি কি তিনিই? আমার পিতা বললেনঃ নিঃসন্দেহে ইনি তিনিই।

চাচা বললেনঃ তুমি তাঁর সন্তা ও গুণাবলীর পূর্ণ পরিচয় লাভ করেই এ কথা বলছ? পিতা বললেনঃ হাঁ। চাচা জিজ্ঞাসা করলেনঃ তাঁর সম্পর্কে তোমার ঘনে কি ধারণা সৃষ্টি হয়েছে? পিতা বললেনঃ আমি যতদিন জীবিত থাকব, আমার মনে তাঁর প্রতি শত্রুতাই থাকবে।

হাকেম আওফ ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ (সাঃ) গেলেন এবং আমিও তাঁর সঙ্গে ছিলাম। তিনি একটি ইহুদী পরিবারে উপস্থিত হয়ে বললেনঃ হে ইহুদী সম্প্রদায়! তোমরা আমাকে বারজন লোক এমন দাও, যারা আল্লাহ তায়ালার তওহাদী ও আমার রেসালাতে বিশ্বাসী হবে। এর বিনিময়ে আল্লাহ তায়ালা আকাশের নিচে অবস্থানকারী প্রতিটি ইহুদীর উপর থেকে সেই ত্রোধ্য প্রত্যাহার করে নিবেন, যা তিনি তাদের উপর নাফিল করেছেন।

ইহুদীরা নির্বাক রইল। কেউ কোন জবাব দিল না। হ্যুর (সাঃ) একই কথা পুনরায় তাদের কাছে রাখলেন। কিন্তু কেউ কোন জবাব দিল না। হ্যুর (সাঃ) বললেনঃ তোমরা অস্বীকার করেছ। আল্লাহর কসম! আমি হাশের, আমি আকিব এবং আমি নবী মুস্তফা। তোমরা দ্বিমান আন অথবা মিথ্যারূপ কর এতে কিছু যায় আসে না। এরপর তিনি স্থান থেকে ফিরে এলেন। আমিও সঙ্গে ছিলাম। আমরা উপাসনালয় থেকে বের হওয়ার মুহূর্তে এক ব্যক্তি পিছন থেকে বললঃ আসুন। হ্যুর (সাঃ) তার দিকে ফিরলেন। সে ইহুদীদের উদ্দেশে বললঃ বল, আমার সম্পর্কে তোমরা কি জান? ইহুদীরা জওয়াব দিলঃ তওরাতের জ্ঞান, তার মাধ্যমে বিধি-বিধান চয়ন করার কাজে আপনি এবং আপনার পিতৃপুরুষদের চেয়ে অধিক দক্ষ ও পারদর্শী কেউ আছে বলে আমরা জানি না। লোকটি ইহুদীদের উদ্দেশে আরও বললঃ আমি আল্লাহকে সাক্ষী রেখে বলছি— ইনি আল্লাহ তায়ালার সেই নবী, যাঁর আলোচনা তোমরা তওরাতে পেয়ে থাক। জবাবে ইহুদীরা বললঃ তুমি মিথ্যা বলছ। অতঃপর তারা আগের কথা প্রত্যাখ্যান করল এবং নিন্দা বর্ণনা করল।

ইহুদীদের এসব কথাবার্তা শুনে হ্যুর (সাঃ) বললেনঃ তোমরা মিথ্যা বলছ। আল্লাহ কখনও তোমাদের কথা ঘোষণা নির্বাক করে নি। এ ঘটনার পরিপ্রেক্ষিতে আল্লাহ তায়ালা নাফিল করলেনঃ

فُلَّا أَرَيْتُمْ أَنْ كَانَ مِنْ عِنْدِ اللَّهِ وَكَفَرُتُمْ بِهِ الْآيَةُ

ইমাম আহমদ ও বায়হাকী প্রমুখ হযরত ইবনে আবুস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, একদল ইহুদী নবী করীম (সাঃ)-এর কাছে এসে বললঃ আমরা আপনাকে কয়েকটি বিষয় জিজ্ঞাস করছি। এগুলো নবী ছাড়া কেউ জানে না। আপনি বলুন (১) বনী ইসরাইল নিজেদের উপর কোন খাদ্যটি হারাম করেছিল? (২) পুরুষের বীর্য সম্পর্কে বলুন, এর দ্বারা পুত্র সন্তান এবং কন্যাসন্তান কিরণে হয়? (৩) সাধারণ মানুষের মধ্যে এবং নবীর মধ্যে স্বাতন্ত্র্যমূলক পার্থক্য কি?

ইহুদীদের প্রশ্ন শুনে হ্যুর (সাঃ) বললেনঃ আল্লাহর কসম, তোমরা জান ইসরাইল অর্থাৎ ইয়াকুব (আঃ) দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে আল্লাহর কাছে মানুষ করেন যে, যদি আল্লাহ তাকে আরোগ্য দান করেন, তবে পানাহারের বস্তু সম্মুখের মধ্যে যে বস্তুটি তাঁর কাছে সর্বাধিক প্রিয়, সেটি নিজের উপর হারাম করবেন। অতঃপর আরোগ্য লাভের পর তিনি নিজের উপর উটের গোশত ও দুধ হারাম করে নেন। ইহুদীরা এ জবাব সভ্যায়ন করল।

অতঃপর হ্যুর (সাঃ) দ্বিতীয় প্রশ্নের জবাবে বললেনঃ তোমরা জান থে, পুরুষের বীর্য সাদা ও গাঢ় হয় এবং নারীর বীর্য পাতলা ও হলদে হয়। এই উভয় বীর্যের মধ্যে যেটি প্রবল হয়, আল্লাহর নির্দেশে তা থেকেই সন্তান জন্ম নেয় এবং তারই অনুরূপ হয়। ইহুদীরা বললঃ ব্যাপার তাই।

অতঃপর তৃতীয় প্রশ্নের জওয়াবে হ্যুর (সাঃ) এরশাদ করলেনঃ তোমরা জান যে, নবীর চক্ষু নির্দামগ্ন হয় এবং অস্তর জাগ্রত থাকে। সাধারণ মানুষের চক্ষু ও অস্তর উভয়ই নির্দামগ্ন হয়। ইহুদীরা বললঃ আপনি ঠিক বলেছেন।

বায়হাকী হযরত আবু সুফিয়ান (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি এবং তাঁর সঙ্গী এক সফরে রসূলে করীম (সাঃ)-এর সঙ্গে ছিলেন। সম্মুখ দিক থেকে এক ইহুদী এল এবং বললঃ হে আবুল কাসেম! আমি আপনাকে একটি প্রশ্ন করছি, যা নবী ছাড়া কেউ জানে না। বলুন, নারী পুরুষ উভয়ের বীর্য থেকে কার বীর্য দ্বারা পুত্র সন্তান জন্ম এহণ করে?

এ প্রশ্ন শুনে রসূলুল্লাহ (সাঃ) চুপ হয়ে গেলেন। এমনকি তিনি বাসনা করতে লাগলেন— হায়, ইহুদী যদি এ প্রশ্ন না করত! এরপর আমরা বুঝতে পারলাম যে, বিষয়টি তাঁর কাছে সুস্পষ্ট হয়ে গেছে। তিনি ইহুদীকে বললেনঃ পুরুষের বীর্য সাদা ও গাঢ় হয়। এর দ্বারা সন্তানের অস্তি ও শিরা সৃষ্টি হয়। পক্ষান্তরে নারীর বীর্য হলদে ও পাতলা হয়। এর দ্বারা গোশত ও রক্ত সৃষ্টি হয়।

ইহুদী বললঃ আমি সম্ভ্য দেই যে, আপনি আল্লাহর রসূল।

আহমদ, বায়হাকী ও তিবরানী হযরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনেক ইহুদী রসূলুল্লাহ (সাঃ)-এর কাছ দিয়ে যাচ্ছিল। তিনি তখন

ছাহাবীগণের সাথে আলাপরত ছিলেন। কোরাণশরা ইহুদীকে বললঃ এই লোকটি নবুয়তের দাবী করে। ইহুদী বললঃ আমি তাকে একটি প্রশ্ন করব, যা নবী ছাড়া কেউ জানে না। অতঃপর ইহুদী প্রশ্ন করলঃ হে মোহাম্মদ, মানুষ কিসের দ্বারা সৃষ্টি হয়?

তিনি বললেনঃ হে ইহুদী! মানুষ নারী-পুরুষ উভয়ের বীর্য দ্বারা সৃষ্টি হয়। পুরুষের বীর্য গাঢ় হয়। এর দ্বারা অস্তি ও শিরা সৃষ্টি হয় এবং নারীর বীর্য পাতলা হয়। এর দ্বারা গোশত ও রক্ত সৃষ্টি হয়।

ইহুদী বললঃ আপনার পূর্বসূরীরাও এ কথাই বলতেন। বোখারী ও মুসলিম হযরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে মদীনার ক্ষেত্রে উপর দিয়ে যাচ্ছিলাম। তার হাতে ছিল একটি খর্জুর শাখা। আমরা একদল ইহুদীর কাছ দিয়ে গমন করার সময় তাদের একজন বললঃ তাঁকে রহ সম্পর্কে জিজ্ঞাসা করা হোক। অন্য একজন বললঃ জিজ্ঞাসা করার প্রয়োজন নেই। তিনি সম্ভবতঃ এমন কথা বলবেন, যা তোমাদের কাছে অপ্রিয় ঠেকবে। মোটকথা, তারা রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে রহ সম্পর্কে প্রশ্ন রাখল। তিনি চুপ হয়ে গেলেন। আমার মনে হল তাঁর উপর ওহী নায়িল হচ্ছে। ওহীর অবস্থা কেটে যাওয়ার পর হ্যুর (সাঃ) বললেনঃ

وَسْأَلُوكَ عِنِّ الرُّوحِ مِنْ أَمْرِ رَبِّي

তারা আপনাকে রহ সম্পর্কে প্রশ্ন করে। আপনি বলে দিন রহ আমার প্রতিপালকের ব্যাপার। (অর্থাৎ এটা তিনি ছাড় কেউ জানে না।)

আবু নয়ীম বর্ণনা করেনঃ ঐশ্বী গ্রস্তসমূহে নবী করীম (সাঃ)-এর নবুয়তের অন্যতম আলাদাত এই ছিল যে, তাঁকে রহ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি এর স্বরূপ বর্ণনা সৃষ্টিকর্তার দায়িত্বে সমর্পণ করবেন এবং দার্শনিক ও তার্কিকরা যে সকল আনুমানিক কথাবার্তা বলে, সেগুলো থেকে বিরত থাকবেন। তাই ইহুদীরা রহ সম্পর্কে প্রশ্ন করে এ পরীক্ষা নেয়ার প্রয়াস পায় যে, তাঁর জবাব সেই আলামতের অনুরূপ হয় কি না, যা তাদের কিতাবসমূহে উল্লেখিত আছে। বলাবাহ্য, তাঁর জবাব সেরাপই হয়েছে।

ইবনে ইসহাক ও বায়হাকী হযরত আবু লহুয়ারা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) ইবনে ছুরিয়াকে বললেনঃ আমি তোমাকে কসম দিয়ে জিজ্ঞেস করছি— বিবাহিত হওয়া সত্ত্বেও যে ব্যক্তি যিনি করে, আল্লাহ তায়ালা তওরাতে তাঁর জন্যে রজমের ফয়ছালা দিয়েছেন, এ কথা তুমি জান? ইবনে ছুরিয়া বললঃ হাঁ, জানি। আল্লাহর কসম, এ ইহুদীরা পরিষ্কার জানে যে, আপনি প্রেরিত নবী। কিন্তু এরা আপনার প্রতি হিংসাপরায়ণ।

আবু নয়ীম, হাকেম, বায়হাকী প্রমুখ ছফওয়ান ইবনে আলী থেকে রেওয়ায়েত করেন যে, জনেক ইহুদী তার সঙ্গীকে বললঃ আমাকে এই নবীর কাছে নিয়ে চল। আমি তাঁকে একটি আয়াত সম্পর্কে প্রশ্ন করব। সে ব্যক্তি এসে আয়াত সম্পর্কে প্রশ্ন করল নিশ্চয়ই আমি মূসাকে নয়টি সুস্পষ্ট নির্দশন দান করেছি।

হ্যুর (সাঃ) জবাবে বললেনঃ আল্লাহর সাথে কাউকে শরীক করো না। চুরি ও যিনি করো না। যার রক্ত আল্লাহ তায়ালা হারাম করেছেন, তাকে হত্যা করো না; কিন্তু শরীয়তের আইন অনুযায়ী হত্যা করতে পার। যাদু করবে না এবং সুন্দ খাবে না। কোন নিরপরাধ ব্যক্তিকে মৃত্যুদণ্ড দেয়ার জন্যে বিচারকের কাছে নিয়ে যাবে না। সতী-সাধী রমণীকে অপবাদ দিবে না। হে ইহুদী সম্প্রদায়! তোমরা বিশেষ করে শিনবার দিন শরীয়তের সীরা লঙ্ঘন করবে না। অতঃপর উভয় ইহুদী নবী করীম (সাঃ)-এর হস্তপদ চুম্বন করল এবং বললঃ আমরা সাক্ষ দেই যে, আপনি নবী। হ্যুর (সাঃ) বললেনঃ তা হলে ইসলাম কবুল করতে বাধা কি? তারা বললঃ দাউদ (আঃ) দোয়া করেছিলেন যে, তাঁর সন্তানদের মধ্যে সর্বকালেই যেন নবী থাকেন। আমাদের আশংকা ইসলাম কবুল করলে ইহুদীরা আমাদেরকে হত্যা করবে।

মুসলিম হ্যুর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বললেনঃ আমি রস্লে করীম (সাঃ)-এর নিকটে ছিলাম। জনেক ইহুদী আলেম এসে বললঃ যেদিন এ পৃথিবী পরিবর্তিত হয়ে অন্য পৃথিবী হয়ে যাবে, সেদিন মানুষ কোথায় থাকবে? নবী করীম (সাঃ) বললেনঃ মানুষ পুলসিরাতের কাছে থাকবে। আলেম প্রশ্ন করলঃ সর্বপ্রথম কে পুলসিরাত পার হবে? হ্যুর (সাঃ) বললেনঃ নিঃস্ব মুহাজিরগণ।

সে বললঃ জান্নাতে দাখিল হওয়ার পর জান্নাতীরা সর্বপ্রথম কি থাবার পাবে? তিনি বললেনঃ মাছের কলিজার টুকরা। সে বললঃ সকালের খাদ্য কি হবে? তিনি বললেনঃ জান্নাতীদের জন্যে জান্নাতেই বিচরণ করা বলদ জবেহ করা হবে।

ইহুদী আলেমঃ আহারের পর তারা কি পান করবে? হ্যুরঃ সালসাবীল নামক একটি ঝরণার পানি।

ইহুদীঃ আপনি সত্য বলেছেন। কিন্তু আমি এমন এক বিষয় জিজ্ঞাসা করতে এসেছি, যা পৃথিবীবাসীদের মধ্যে নবী এবং দু'একজন ছাড়া অন্য কেউ জানে না। আমি আপনাকে শিশুর ব্যাপারে প্রশ্ন করছি।

হ্যুরঃ পুরুষের বীর্য সাদা এবং স্ত্রীর বীর্য হলদে হয়। উভয় বীর্যের সংমিশ্রণ হলে এবং পুরুষের বীর্য প্রবল হলে আল্লাহর নির্দেশে পুত্র সন্তান হয়। পক্ষান্তরে নারীর

বীর্য প্রবল হলে আল্লাহর হৃকুমে কন্যা শিশু জন্ম প্রাপ্ত করে। ইহুদীঃ আপনার জবাব সঠিক এবং আপনি নিঃসন্দেহে পঞ্চাশ্঵র। এরপর ইহুদী প্রস্তান করলে রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ সে আমাকে যে সকল প্রশ্ন করেছে, সেগুলোর জবাব আমার জানা ছিল না। কিন্তু আল্লাহ তায়ালা আমাকে সবকিছু বলে দিয়েছেন।

ইবনে মরদুওয়াইহি, হাকেম, বায়হাকী হ্যুর জবাবে ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনেক ইহুদী রস্লে করীম (সাঃ)-এর খেদমতে উপস্থিত হয়ে বললঃ মোহাম্মদ! আপনি আমাকে সে নক্ষত্রসমূহের নাম বলুন, যাদেরকে ইউসুফ (আঃ) স্বপ্নে সেজদা করতে দেখেছিলেন। হ্যুর (সাঃ) ইহুদীকে কোন জবাব দিলেন না। সে চলে গেল। অতঃপর জিবরান্সি আগমন করলেন এবং হ্যুর (সাঃ)-কে এগারটি নক্ষত্রের নাম বলে দিলেন। হ্যুর (সাঃ) নিজেই লোক পাঠিয়ে প্রশ্নকারী ইহুদীকে ডাকিয়ে আনলেন এবং বললেনঃ যদি আমি নক্ষত্রের নাম বর্ণনা করি, তবে তুমি কি মুসলমান হয়ে যাবে? সে বললঃ হ্যুর (সাঃ) বললেনঃ হারছান, তারেক, যিয়াল, কানযান, যুলকারা, ওয়াছাব, আমুদান, কাবেয, যরুহ, মছীহ, ফায়লক, যিয়া ও নূর। ইউসুফ (আঃ) আকাশের প্রাপ্তে এসব নক্ষত্রকে সেজদারত দেখতে পান।

ইহুদী বললঃ আল্লাহর কসম, আপনার বর্ণিত নাম সঠিক।

বায়হাকী হ্যুর জবাবে ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনেক ইহুদী আলেম নবী করীম (সাঃ)-এর খেদমতে আগমন করল। তিনি তখন সূরা ইউসুফ তেলাওয়াত করছিলেন। ইহুদী বললঃ মোহাম্মদ! এ সূরা আপনাকে কে শিক্ষা দিল? হ্যুর (সাঃ) বললেনঃ আল্লাহ তায়ালা। আলেম এ কথা শুনে বিস্মিত হল। সে ইহুদীদের কাছে যেয়ে বললঃ খোদার কসম, মোহাম্মদ তওরাতে নাযিল করা বিষয়বস্তুই কোরআনে তেলাওয়াত করেন। অতঃপর সে একদল ইহুদীকে সঙ্গে নিয়ে এল এবং হ্যুর (সাঃ)-এর কাছে গেল। তারা তাঁকে দৈহিক শুণাবলীর মাধ্যমে চিনতে পারল। তাঁর উভয় কাঁধের মাঝখানে মোহর্রে-নবুওয়াত দেখল এবং সূরা ইউসুফের তেলাওয়াত শ্রবণ করল। অতঃপর কালবিলম্ব না করে ইসলাম গ্রহণে ধন্য হল।

আহমদ হ্যুর জবাবে ইবনে সামুরাহ থেকে রেওয়ায়েত করেন যে, এক বহিরাগত বেদুঈন ছাহাবায়ে-কেরামের কাছে এসে জিজ্ঞাসা করলঃ আপনাদের যে ব্যক্তি নবুওয়াত দাবী করেন, তিনি কোথায়? আমি তাঁকে প্রশ্ন করলেই বুঝতে পারব তিনি নবী কিনা। অতঃপর নবী করীম (সাঃ) আগমন করলে লোকটি বললঃ আপনি আমার সামনে কিছু তেলাওয়াত করুন। হ্যুর (সাঃ) কয়েকবারি আয়াত তেলাওয়াত করলে সে বললঃ খোদার কসম, এটা সেই কালাম, যা হ্যুর মুসা (আঃ) নিয়ে এসেছিলেন।

বায়হাকী হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) ইহুদীদেরকে বললেনঃ তোমরা দাবী কর যে, জান্নাত একান্তভাবে তোমাদের জন্যেই। যদি এ দাবীতে তোমরা সত্যবাদী হও, তবে এরপ দোয়া কর— পরওয়ারদেগার! আমাদেরকে মৃত্যু দাও (যাতে আমরা দুনিয়ার দুঃখ-কষ্ট থেকে মুক্তি পেয়ে জান্নাতে পৌছে যাই।) কিন্তু সেই পরিত্র সন্তার কসম যাঁর হাতে আমার প্রাণ, তোমাদের কেউ এ দোয়া করবে না। করতে গেলে মুখের লালা কষ্ট-নালীতে আটকে যাবে। আর সেটাই তোমাদের মৃত্যুর কারণ হয়ে দাঁড়াবে। ইহুদীরা এ দোয়া করতে অস্বীকার করল এবং একে অশুভ মনে করল। এর প্রেক্ষাপটে এই আয়াত নাফিল হলঃ

وَلَا يَتَمْنُونَهُ أَبَدًا
তারা কখিনকালেও মৃত্যু কামনা করবে না।

মদীনা থেকে মহামারী, জ্বর ও প্লেগ অপসারিত

বোখারী ও মুসলিম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) যখন মদীনায় আগমন করেন, তখন মদীনা ছিল সর্বাধিক রোগব্যাধি ও জ্বরের কেন্দ্রস্থল। তিনি দোয়া করলেনঃ পরওয়ারদেগার! তুমি যেমন আমাদেরকে মক্কা মোকাররমার প্রতি মহবত দান করেছ, তেমনি মদীনা মুনাওয়ারার প্রতিও মহবত দান কর কিংবা এর চেয়ে বেশী দান কর। আমাদের জন্যে ছ' ও মুদের (পরিমাপযন্ত্র) মধ্যে বরকত দান কর এবং আমাদের জন্যে এর আবহাওয়া সুস্থান্ত্রক করে দাও। এর জ্বর জাহফা নামক স্থানের দিকে অপসারিত কর।

বায়হাকী হেশাম ইবনে ওরওয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, প্রাক ইসলামী যুগে মদীনার রোগব্যাধি সর্বজনবিদিত ছিল। নবী করীম (সাঃ) দোয়া করলেন যে, এর জ্বর জাহফার দিকে অপসারিত হোক। সে মতে জাহফায় যে শিশু জন্ম গ্রহণ করত, প্রাণবয়স্ক হওয়ার পূর্বেই সে জ্বরের কবলে পতিত হত।

বোখারী হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) এরশাদ করেছেন— আমি (স্বপ্নে) এক এলোকেশী কৃষ্ণকায় মহিলাকে দেখেছি। সে মদীনা থেকে বের হয়ে মুহাইয়া অর্থাৎ জাহফায় প্রবেশ করেছে। আমার মতে এর ব্যাখ্যা এই, মদীনার রোগ-ব্যাধি জাহফার দিকে স্থানান্তরিত হয়ে গেছে।

বোখারী ও মুসলিম হ্যরত আবু হৱায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন— মদীনার পথে পথে ফেরেশতা মোতায়েন আছে। এতে নাজুক ও প্লেগ রোগ প্রবেশ করতে পারে না।

কোন কোন আলেম বলেন যে, এটা নবী করীম (সাঃ)-এর মোজেয়া। কেননা, চিকিৎসাবিদগণ অদ্যাবধি প্লেগ মহামারীকে এক শহর থেকে অন্য শহরে স্থানান্তর করতে অক্ষম। নবী করীম (সাঃ)-এর দোয়ার বরকতে মদীনা থেকে প্লেগ দূরীভূত হয়ে যায়। হ্যুর (সাঃ) এক দীর্ঘ সময়ের জন্যে এ সংবাদ প্রদান করেছেন।

যুবায়র ইবনে বাক্কার “আখবার মদীনা” এছে মোহাম্মদ ইবনে ইবরাহীম থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) মদীনায় আগমন করলে তাঁর ছাহাবীগণ জ্বরাক্রান্ত হয়ে পড়েন। এক ব্যক্তি হিজরত করে এসে এক হিজরতকারিনী মহিলাকে বিয়ে করে। নবী করীম (সাঃ) মিথরে দাঁড়িয়ে তিনবার এ কথা বললেনঃ মুসলমানগণ! আমল নিয়তের উপর ভিত্তিশীল। যে আল্লাহ তায়ালা ও তাঁর রসূলের খাতিরে হিজরত করেছে, তার হিজরত আল্লাহ ও রাসূলের দিকেই হয়েছে। আর যে ব্যক্তি দুনিয়ার অবৈষণ কিংবা কোন মহিলাকে বিয়ে করার নিয়তে হিজরত করে, তার হিজরত তার জন্যেই হবে, যার জন্যে সে হিজরত করে। এরপর হ্যুর (সাঃ) হাত উত্তোলন করে তিনবার বললেনঃ পরওয়ারদেগার! আমাদের উপর থেকে মহামারী ও রোগব্যাধি অপসারিত কর। সকাল হলে তিনি বললেনঃ অদ্য রাতে আমার সামনে জ্বরকে এক কৃষ্ণকায় বৃদ্ধা মহিলার আকারে পেশ করা হয়। তার গলদেশে একটি কাপড় ছিল, যা সেই ব্যক্তি ধরে রেখেছিল, যে তাকে নিয়ে আসে। সে বললঃ হ্যুর, জ্বরকে নিয়ে এলাম। এর সম্পর্কে আপনি কি বলেন? আমি বললামঃ একে খুস নামক স্থানে রেখে এস।

যুবায়র ইবনে বাক্কার হ্যরত ওরওয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, একদিন রসূলুল্লাহ (সাঃ) কাজ নামক স্থানে অবস্থান করছিলেন। তাঁর কাছে মক্কার দিক থেকে এক ব্যক্তি আগমন করল। হ্যুর (সাঃ) তাকে জিজ্ঞাসা করলেনঃ তুম কাউকে যেতে দেখেছ? সে বললঃ না, দেখিনি। তবে একজন কৃষ্ণকায়, নগদেহী, এলোকেশী মহিলাকে গমন করতে দেখেছি। হ্যুর (সাঃ) বললেনঃ সে ছিল জ্বর, যা আজিকার পরে কখনও ফিরে আসবে না।

মদীনায় বরকত প্রকাশ

বোখারী ও মুসলিম আবদুল্লাহ ইবনে যায়দ (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেনঃ ইবরাহীম (আঃ) মক্কাকে হেরেম করছিলেন। আমি মদীনাকে সম্মানী করছি। আমি মদীনার জন্যে তার ছ' ও মুদে মক্কার চেয়ে দিগ্নন্দিন বরকত হওয়ার দোয়া করেছি; যেমন ইবরাহীম (আঃ) মক্কার জন্যে দোয়া করেছিলেন।

বোখারী স্বীয় ইতিহাসগ্রন্থে হ্যরত আবদুল্লাহ ইবনে ফযল ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেনঃ পরওয়ারদেগার!

আমি তোমার কাছে মদীনাবাসীদের জন্যে মক্কার অনুরূপ দোয়া করছি। আবদুল্লাহ বর্ণনা করেন, আমরা এই দোয়ার বরকত সাথে সাথেই অনুভব করতে শুরু করি। আমাদের মুদ ও ছাঁয়ের পরিমাপযন্ত্র মক্কার ন্যায় আমাদের জন্যে যথেষ্ট হয়।

যুবায়র ইবনে বাক্সার ‘আখবারে-মদীনায়’ ইসমাঈল ইবনে নোমান থেকে রেওয়ায়েত করেন যে, মদীনার চারণভূমির ছাগলদের জন্যে রসূলুল্লাহ (সাঃ) এ দোয়া করলেনঃ পরওয়ারদেগার! মদীনার ছাগলদের অর্ধেক পেটে অন্য শহরের ছাগলদের পূর্ণ পেটের সমান বরকত দাও।

মসজিদে নববীর নির্মাণ

যুবায়র ইবনে বাক্সার “আখবারে-মদীনা” গ্রন্থে নাফে ইবনে জুবায়র ইবনে মুতায়িম থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ রসূলুল্লাহ (সাঃ)-এর এ উক্তি আমার কাছে পৌঁছেছে— বায়তুল্লাহকে আমার সম্মুখে না আনা পর্যন্ত আমি আমার মসজিদের কেবলা নির্দিষ্ট করিনি। আমি আমার মসজিদের কেবলা বায়তুল্লাহর বিপরীতে রেখেছি।

যুবায়র ইবনে বাক্সার দাউদ ইবনে কায়স থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) যখন মসজিদে-নববীর ভিত্তি স্থাপন করেন, তখন জিবরাস্তেল দাঁড়িয়ে বায়তুল্লাহর দিকে দেখছিলেন। মসজিদে নববী ও বায়তুল্লাহর মাঝখানে যে সকল অন্তরায় ছিল, সেগুলো উন্মোচিত করে দেয়া হয়।

আখবারে মদীনায় ইবনে শিহাব বর্ণনা করেন যে, নবী করীম (সাঃ) বলেছেনঃ আমার ও বায়তুল্লাহর মধ্যবর্তী অন্তরায় অপসারণ করার পরই আমি আমার মসজিদের কেবলা নির্দিষ্ট করেছি।

যুবায়র ইবনে বাক্সার খলীল ইবনে আবদুল্লাহ থেকে এবং তিনি জনৈক আনছারী ছাহাবী থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) কয়েকজন ছাহাবীকে কেবলা নিশ্চিত করার জন্যে মসজিদের কোণে দাঁড় করালেন। জিবরাস্তেল তাঁর কাছে এসে বললেনঃ আপনি বায়তুল্লাহর দিকে দেখে দেখে কেবলা নির্দিষ্ট করুন। অতঃপর জিবরাস্তেল হাতে ইশারা করতেই হ্যুর (সাঃ) ও বায়তুল্লাহর মধ্যবর্তী সকল পাহাড় সরে গেল। অতঃপর বায়তুল্লাহর দিকে দেখে দেখে তিনি মসজিদের কোন সমূহ নির্দিষ্ট করলেন। তাঁর দৃষ্টির সমুখে কোন কিছু অন্তরাল ছিল না। কাজ সমাপ্ত হওয়ার পর জিবরাস্তেল আবার হাতে ইশারা করলেন। ফলে পাহাড়, বৃক্ষ ও সকল বস্তু আসল অবস্থায় ফিরে এল।

তিবরানী মোজামে কবীরে শামুস বিনতে নোমান থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ রসূলে করীম (সাঃ) যখন কুবায় আগমন করে, মসজিদে-কুবার ভিত্তি

প্রস্তর স্থাপন করেন, তখন আমি তাঁকে দেখেছি। আমি তাঁকে পাথর বহন করতে দেখেছি। তাঁকে পাথর দেখিয়ে দেয়া হত। অবশেষে তিনি মসজিদের ভিত্তি স্থাপন করলেন। তিনি বলছিলেন, জিবরাস্তেল বায়তুল্লাহর দিকে পথপ্রদর্শন করছিলেন।

যুবায়র ইবনে বাক্সার আখবারে-মদীনায় হ্যুরত আবু হৱায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ যদি আমার এই মসজিদ ছাফা নামক স্থান পর্যন্ত সম্প্রসারিত করা হয়, তবে তা আমারই মসজিদ থাকবে।

কেবলা পরিবর্তন রসূলুল্লাহ (সাঃ)-এর বৈশিষ্ট্য

ইবনে সাদ হ্যুরত ইবনে-আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মদীনায় হিজরতের পর নবী করীম (সাঃ) মোল মাস পর্যন্ত বায়তুল মোকাদ্দাসের দিকে মুখ করে নামায পড়েন। তাঁর বাসনা ছিল যে, বায়তুল্লাহকে কেবলা করা হোক। সে মতে তিনি জিবরাস্তেলকে বললেনঃ আমার বাসনা এই যে, আল্লাহ তায়ালা আমার মুখ ইহুদীদের কেবলা থেকে ফিরিয়ে দিন। জিবরাস্তেল বললেনঃ আমি তো একজন বান্দি। আপনি আপনার প্রতিপালকের কাছে দোয়া করুন এবং আবেদন করুন। সে মতে তিনি যখন বায়তুল-মোকাদ্দাসের দিকে নামায পড়তেন, তখন আপন মন্তক আকাশের দিকে উত্তোলন করতেন। অতঃপর আল্লাহ তায়ালা এ আয়াত নায়িল করলেনঃ

قَدْ نَرِ تَقْلُبَ وَجْهَكَ فِي السَّمَاءِ فَلَنُوَلِّنَّكَ قِبْلَةً تَرَضَاهَا

আমি দেখছি আপনি বার বার আকাশের দিকে মুখ তুলে তাকান। তাই আমি আপনাকে সেই কেবলা অভিমুখী করে দিব, যাকে আপনি পছন্দ করেন।

ইবনে সাদ মোহাম্মদ ইবনে কাবুর থেকে রেওয়ায়েত করেন যে, কোন নবীর কেবলা ও সুন্নত পরিবর্তন করা হয়নি। কিন্তু রসূলুল্লাহ (সাঃ) মদীনায় আসার পর মোল মাস পর্যন্ত বায়তুল মোকাদ্দাসের দিকে নামায পড়তে থাকেন। এরপর তিনি বায়তুল্লাহ অভিমুখী হয়ে গেলেন।

আযান প্রবর্তন

আবু দাউদ ও বায়হাকী ইবনে আবী ইয়ালা থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমার সহচরগণ নবী করীম (সাঃ)-এর এ উক্তি বর্ণনা করেছেন যে, নামাযের জন্যে মানুষকে ডাকার জন্যে আমি ঘরে ঘরে লোক প্রেরণ করার ইচ্ছা করলাম। আমি আরও ইচ্ছা করলাম যে, ডুঁচ স্থানে দাঁড়িয়ে নামাযের জন্যে মুসলমানদেরকে ডাক দেয়ার আদেশ করব। এমতাবস্থায় জনৈক আনছারী ব্যক্তি এসে আরায করলেনঃ ইয়া রসূলুল্লাহ! আপনার স্বত্ত্ব প্রমাণ দেখে আমি যখন

গৃহে ফিরলাম, তখন এক ব্যক্তিকে দেখলাম সে সবুজ বন্দু পরিহিত হয়ে মসজিদে দাঢ়িয়ে আযান দিল। অতঃপর সে বসল এবং আযানের মতই একামত বলল।

তবে **قَدْ قَامَتِ الصَّلَاةُ** ।^১ অতিরিক্ত বলল। আপনাদের বিরুপ মন্তব্যের আশংকা না করলে আমি এ কথাই বলতাম যে, আমি তখন জাগ্রত ছিলাম; নিদ্রাবস্থায় দেখিনি।

এ কথা শুনে রসূলুল্লাহ (সাঃ)-বললেনঃ আল্লাহ তোমাকে কল্যাণের পথ প্রদর্শন করেছেন। বেলালকে আযান দিতে বল। অতঃপর হ্যরত ওমর (রাঃ) বললেনঃ আমি তাই দেখেছি। কিন্তু আমার আগেই যখন বলে দেয়া হল, তখন আমি শরমে কিছু বলিনি।

ইবনে মাজা হ্যরত আবদুল্লাহ ইবনে যায়দ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ঘন্টা ও শঙ্খ বাজানোর ইচ্ছা করলেন। আমি স্বপ্নে সবুজ বন্দু পরিহিত এক ব্যক্তিকে শঙ্খ হাতে দেখলাম। আমি তাঁকে জিজ্ঞাসা করলামঃ শঙ্খ বিক্রয় কর নাকি? সে বললঃ তুমি শঙ্খ দিয়ে কি করবে? আমি বললামঃ নামাযের জন্যে মানুষকে ডাকব। লোকটি বললঃ আমি তোমাকে এর চেয়ে ভাল পন্থা বলে দেই। তোমরা এ কলেমাণ্ডলো বলবে- আল্লাহু আকবার আল্লাহু আকবার। অতঃপর সে আযান বর্ণনা করল। আবদুল্লাহ ইবনে যায়দ রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এলেন এবং তাকে ঘটনা সম্পর্কে অবহিত করলেন। ইতিমধ্যে ওমর ফারুক (রাঃ) এলেন এবং বললেনঃ আমি এরূপ দেখেছি।

তিবরানী কিতাবুল আওসাতে হ্যরত বুরায়দা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনেক আনন্দারীর কাছে স্বপ্নে কেউ আগমন করে তাকে আযান শিক্ষা দিল। হ্যরত ওমর ও বেলাল (রাঃ) এই আযান শুনলেন। কিন্তু হ্যরত ওমর (রাঃ) অংশে এ সম্পর্কে রসূলুল্লাহ (সাঃ)-কে অবহিত করলেন। এরপর বেলাল এলে রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ এ বিষয়ের বর্ণনায় ওমর অংশবর্তী হয়ে গেছে।

বায়হাকী হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনেক ইহুদী মুয়ায়িনকে আযান দিতে শুনে বলতঃ আল্লাহ এ মিথুককে অগ্নিদণ্ড করুন। এ দোয়ার ফলস্বরূপ সে নিজেই অগ্নিদণ্ড হয়ে মারা যায়। তার এক বাঁদি আগুনের স্ফুলিঙ্গ নিয়ে আসে। অসর্কর্তা বশতঃ তা থেকে গৃহমধ্যে আগুন ছড়িয়ে পড়ে। ইহুদী তার কবল থেকে আত্মরক্ষা করতে সক্ষম হল না।

ইবনে সাদ হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ইবনে উষ্মে মকতুম ছোবহে ছাদেক তালাশ করতে থাকতেন। ছোবহে ছাদেক তাঁকে ফাঁকি দিতে পারত না, অথচ তিনি অন্ধ ছিলেন।

ইমাম মুসলিম হ্যরত সুহায়ল ইবনে আবী ছালেহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমার পিতা আমার পিতা বনী হারেছা গোত্রে প্রেরণ করলেন। আমার সঙ্গে ছিল এক বালক। এক ব্যক্তি বাগান থেকে আমার নাম ধরে ডাক দিল। আমার সঙ্গী বাগানে তালাশ করেও কাউকে পেল না। আমি পিতার কাছে এ ঘটনা বললে তিনি বললেনঃ এ ধরনের আওয়াজ শুনা গেলে আযান দিবে। কেননা, আমি আবু হুরায়রা (রাঃ)-এর কাছে রসূলুল্লাহ (সাঃ)-এর এ উক্তি শুনেছি যে, যখন নামাযের জন্যে আযান দেয়া হয়, তখন শয়তান বাতাসের বেগে পলায়ন করে।

বায়হাকী হ্যরত ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তোমাদের কাউকে ভূতপ্রেতে উত্ত্যক্ত করলে আযান দিবে। এতে ভূতপ্রেত কোন ক্ষতি করতে পারবে না।

বায়হাকী হ্যরত হাসান (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, খলিফা ওমর (রাঃ) এক ব্যক্তিকে সাদ ইবনে আবী ওয়াকাসের কাছে প্রেরণ করলেন। সে যখন রাস্তা থেকে দূরে গমন করল, তখন ভূতপ্রেত দেখতে পেল। সে সাদ (রাঃ)-কে এ ঘটনা সম্পর্কে অবহিত করল। তিনি বললেনঃ এরূপ ভূতপ্রেত দেখা গেলে রসূলুল্লাহ (সাঃ) আমাদেরকে আযান দিতে বলেছেন। লোকটি ফেরার পথে সেই জায়গায় পৌঁছলে আবার ভূতপ্রেত দৃষ্টিগোচর হল। সে আযান দিল। ফলে ভূত দূর হয়ে গেল। কিন্তু চুপ করতেই আবার আত্মপ্রকাশ করল। সে পুনরায় আযান দিলে ভূত দূরে চলে গেল।

বিভিন্ন যুদ্ধে মোজেয়ার প্রকাশ

বদর যুদ্ধঃ আল্লাহপাক এরশাদ করেন —

وَلَقَدْ نَصَرْكُمُ اللَّهُ بِبَدْرٍ

আল্লাহ তোমাদেরকে বদরে সাহায্য করেছেন অর্থে তোমরা নিঃসংহাল ছিলে।

আল্লাহ তায়ালা আরও বলেনঃ

إِذْ تَسْتَغْفِرُونَ رَبَّكُمْ

স্মরণ কর, যখন তোমরা তোমাদের প্রতিপালকের কাছে ফরিয়াদ করছিলে! আরও বলা হয়েছেঃ ৪

إِذْ يُرِكُّمُوهُمْ إِذْ الْقَيْتُمْ فِي أَعْيُنِكُمْ قَلِيلًاً

স্মরণ কর, যখন রণস্থলে আল্লাহ তাদেরকে তোমাদের দৃষ্টিতে কম করে দেখাচ্ছিলেন।

ইমাম বোখারী ও বায়হাকী হযরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, সা'দ ইবনে মুয়ায ওমরার উদ্দেশে মক্কা পৌঁছে উমাইয়া ইবনে ছফওয়ানের মেহমান হলেন। উমাইয়া যখন মদীনা হয়ে সিরিয়া গমন করত, তখন মদীনায় সা'দের কাছে মেহমান হত। উমাইয়া সা'দকে বললঃ আরও কিছু বিলম্ব কর। দ্বিতীয় হয়ে গেল মানুষ যখন গাফেল হয়ে যাবে, সেই ফাঁকে তুমি যেয়ে তওয়াফ করে নিবে। সেমতে সা'দ ইবনে মুয়ায যখন তওয়াফ করছিলেন, তখন আবু জহল তার কাছে এসে বললঃ কে তুমি বায়তুল্লাহর তওয়াফ করছ? সা'দ বললেনঃ আমি সা'দ। আবু জহল বললঃ তুমি তো বেশ স্বচ্ছে বায়তুল্লাহর তওয়াফ করে যাচ্ছ। অথচ তোমরা মোহাম্মদ ও তাঁর অনুসারীদেরকে আশ্রয় দিয়ে রেখেছ। অতঃপর তাদের উভয়ের মধ্যে কথা কাটাকাটি হয়ে গেল। উমাইয়া মেহমান সা'দকে বললঃ আবুল হাকামের সামনে উচ্চেস্থে কথা বলবে না। কেননা, সে এ তল্লাটের সরদার। সা'দ তাকে বললেনঃ আল্লাহর কসম! যদি তুমি আমাকে বায়তুল্লাহর তওয়াফ করতে বাধা দাও তবে আমি তোমার সিরিয়ার বাণিজ্য বন্ধ করে দিব। মোটকথা, উমাইয়া সা'দকে বার বার বুবাবার চেষ্টা করল এবং ঠাণ্ডা করতে চাইল; কিন্তু সা'দ নারাজ হয়ে গেলেন এবং বললেনঃ শুন, আমি মোহাম্মদ (সাঃ)কে বলতে শুনেছি যে, তিনি তোমাকে হত্যা করবেন।

উমাইয়া বললো : আমাকে হত্যা করবেন?

সা'দঃ হাঁ, তোমাকে।

উমাইয়াঃ খোদার কসম! মোহাম্মদ কোন কথা বললে তা ভুল বলে না।

অতঃপর উমাইয়া তার স্ত্রীর কাছে এসে বললঃ ওগো শুনেছ, আমার মদীনার দোষ্ট কি বলেছে?

স্ত্রী, কি বলেছে?

উমাইয়া : সে নাকি শুনেছে যে, মোহাম্মদ আমাকে হত্যা করতে চায়।

স্ত্রীঃ খোদার কসম, মোহাম্মদ মিথ্যা বলেন না।

কিছুক্ষণ পরই কাফেররা বদর যুদ্ধে যাওয়ার ঘোষণা করলে উমাইয়ার স্ত্রী তাকে বললঃ তোমার মদীনার ভাইয়ের কথা মনে আছে? উমাইয়া বললঃ তাহলে আমি বদরে যাব না। কিন্তু আবুজহল এসে উমাইয়াকে বললঃ তুমি এ উপত্যকার সন্ত্বান্ততম ব্যক্তিবর্গের একজন। সুতরাং একদিন কিংবা দু'দিনের জন্যেই আমাদের সাথে চল। অবশ্যে উমাইয়া বদরে গেল এবং আরও অনেক কোরায়শ সরদারের সাথে নিহত হল।

বায়হাকীর রেওয়ায়েতে ইবনে শিহাব ও ওরওয়া ইবনে যুবায়ের বলেনঃ কাফের কোরায়শের বদরের উদ্দেশে রওয়ানা হয়ে এশার সময় জাহফায় পৌঁছে। তাদের

মধ্যে জুহায়ম ইবনে ছলত নামে বনী-আবদুল মুত্তালিবের এক ব্যক্তি ছিল। দলের অবতরণের পর সে ঘূরিয়ে পড়ল এবং কিছুক্ষণ পর জাগ্রত হয়ে বললঃ এই মাত্র আমার কাছে যে অশ্বারোহী দণ্ডয়ামান ছিল, সে কোথায় গেল? তোমরা কি তাকে দেখেছ? সঙ্গীরা বললঃ আমরা দেখিনি। তুমি পাগল হয়ে যাওনিতো? সে বললঃ এই মাত্র আমার কাছে এক অশ্বারোহী দণ্ডয়ামান ছিল। সে বললঃ আবু জহল, ওতবা, শায়বা, সমআ, আবুল বুখতরী, উমাইয়া প্রমুখ নিহত হয়েছে। সে আরও বড় বড় সরদারদের নাম বলল। সঙ্গীরা বললঃ শয়তান তোমার সাথে তামাশা করেছে।

আবু জহল এ কথা শুনে বললঃ জুহায়ম, তুমি বনী-মুত্তালিবের মিথ্যাকে বনী হাশেমের মিথ্যার সাথে মিশ্রিত করে এনেছ। কারা নিহত হবে, তা আগামী কল্যাই দেখে নিবে।

বোখারী হযরত বারা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বারা বলেনঃ আমরা পরস্পরে এ আলোচনা করতাম যে, বদরযোদ্ধাদের সংখ্যা তালুতের সৈন্যদের অনুরূপ তিনিশ উনিশ ছিল, যারা তালুতের সঙ্গে নদী পার হয়েছিল।

ইবনে সা'দ ও বায়হাকী হযরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বদর যুদ্ধে তিনিশ পনের জন সৈন্য নিয়ে বের হয়েছিলেন; যেমন তালুত বের হয়েছিলেন। রসূলুল্লাহ (সাঃ) তাঁর সৈন্যদের জন্যে এ দোয়া করেন :

اللهم انهم حفاة فاحملهم اللهم انهم عراة فاكسهم

اللهم انهم جياع فاستبقهم

হে আল্লাহ, এরা (সওয়ারীর অভাবে) পদব্রজেই রওয়ানা হয়েছে, এদেরকে সওয়ারী দাও। হে আল্লাহ, এরা বস্ত্রহীন, এদেরকে বস্ত্র দাও। হে আল্লাহ, এরা ক্ষুধার্ত, এদেরকে অন্ন দাও।

আল্লাহ তায়ালা এই দোয়া কবুল করেন। ফলে বদরযুদ্ধে তাঁরাই বিজয়ী হন। বিজয়ের পর যখন তারা ফিরে আসে, তখন প্রত্যেকেই একটি কিংবা দু'টি উট নিয়ে ফিরে আসে। তারা পোশাকও পরিধান করে এবং পেটভরে আহার করে।

হাকেম ও বায়হাকী হযরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ বদর যুদ্ধে আমাদের সাথে দু'টি ঘোড়া ছিল। একটি যুবায়রের, অপরটি মেকদাদ ইবনে আসওয়াদের।

বায়হাকী হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ বদর যুদ্ধে আমরা শত্রুপক্ষের দু'জন সৈন্যকে পাকড়াও করলাম। কিন্তু একজন কোনরূপে পালিয়ে গেল। দ্বিতীয় জনকে আমরা জিজ্ঞাসা করলামঃ তোমাদের সৈন্যসংখ্যা কত? সে সঠিক সংখ্যা গোপন করে বললঃ অনেক। আমরা তাকে প্রহার করলাম এবং প্রহার করতে করতে রসূলুল্লাহ (সাঃ) পর্যন্ত নিয়ে গেলাম। সে রসূলুল্লাহ (সাঃ)-কেও সঠিক সংখ্যা বলতে অস্থীকার করল। হ্যুর (সাঃ) তাকে জিজ্ঞাসা করলেনঃ

তোমরা প্রত্যহ কয়টি উট যবেহ কর? সে বললঃ প্রত্যহ দশটি উট যবেহ করি।

রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ এদের সংখ্যা এক হাজার। প্রতি একশ' জনের জন্যে একটি উট লাগে।

ইবনে ইসহাক ও বায়হাকী হ্যরত এয়ায়িদ ইবনে রুমান থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) জিজ্ঞাসা করলেনঃ তোমরা প্রত্যহ কয়টি উট যবেহ কর? সৈনিক বললঃ একদিন দশটি এবং একদিন নয়টি যবেহ করি। হ্যুর (সাঃ) বললেনঃ শক্র পক্ষের সৈন্য সংখ্যা এক হাজার ও নয়শতের মধ্যে।

ইবনে সাদ, রাহওয়াইহি, ইবনে মাস্তা ও বায়হাকী হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধে শক্রপক্ষের সৈন্য আমাদের দৃষ্টিতে কম প্রতীয়মান হচ্ছিল। আমি আমার পার্শ্বে দণ্ডায়মান এক সৈনিককে প্রশ্ন করলামঃ তুমি তাদেরকে কয়জন দেখ? সত্ত্ব জন, না আরও বেশি? সে বললঃ আমার মনে হয় একশ' জন। এরপর আমরা যখন একজন শক্রসৈন্যকে গ্রেফতার করলাম, তখন তাকে জিজ্ঞাসা করলামঃ তোমাদের সংখ্যা কত? সে বললঃ এক হাজার।

বায়হাকী ইবনে শিহাব যুহরী ও ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বদর যুদ্ধে এক পর্যায়ে শুয়ে পড়লেন এবং সাহাবীগণকে বললেনঃ আমি অনুমতি না দেয়া পর্যন্ত তোমরা যুদ্ধ শুরু করবে না। অতঃপর তিনি গভীর নির্দ্রাঘণ্ঠ হয়ে পড়লেন এবং কিছুক্ষণ পরেই জাগ্রত হয়ে গেলেন। আল্লাহতায়াল্লা স্বপ্নে তাঁকে শক্রদের কম করে দেখালেন। অপরপক্ষে মুশারিকদের চোখেও মুসলমানদেরকে কম দেখানো হল। ফলে একপক্ষ অপর পক্ষের সাথে যুদ্ধে প্রবৃত্ত হতে উৎসাহিত হল।

বায়হাকী ইবনে আবী তালহা ও ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন উভয় পক্ষ একে অপরের কাছাকাছি হল, তখন আল্লাহতায়াল্লা মুশারিকদের চোখে মুসলমানদেরকে এবং মুসলমানদের চোখে মুশারিকদেরকে কম করে দেখালেন।

বায়হাকী হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ বদরের রণাঙ্গনে আমরা যখন সৈন্যদের সারিবদ্ধ করছিলাম, তখন হঠাৎ শক্রপক্ষের মধ্যে এক সৈনিককে লাল উটে সওয়ার হয়ে ঘুরাফেরা করতে দেখা গেল। রসূলুল্লাহ (সাঃ) জিজ্ঞাসা করলেনঃ এই লাল উটওয়ালা সৈনিকটি কে? ইতিমধ্যে হ্যরত হময়া (রাঃ) এসে খবর দিলেন যে, লাল উটওয়ালা সৈনিক হচ্ছে ওতবা ইবনে রবিয়া। সে কোরায়শদেরকে যুদ্ধ করতে নিষেধ করেছে এবং ফিরে যেতে বলছে। সে বলেঃ হে আমার কওম! অদ্য আমার মাথায় পত্তি বেঁধে দাও এবং ঘোষণা কর যে, ওতবা কাপুরুষ হয়ে গেছে।

কিন্তু আবু জহল তার কথা মেনে নিচ্ছে না।

মুসলিম, আবু দাউদ ও বায়হাকী হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) বদর যুদ্ধের রাতে বললেনঃ ইনশাআল্লাহ, আগামীকল্য এটা অমুকের ভূতলশায়ী হওয়ার জায়গা। তিনি আপন হাত মাটিতে রাখলেন এবং বললেনঃ ইনশাআল্লাহ, আগামীকল্য এটা অমুকের ভূতলশায়ী হওয়ার স্থান। রাবী বলেনঃ সেই স্তুতি কসম, যিনি তাঁকে সত্য নবী করে প্রেরণ করেছেন, হ্যুর (সাঃ)-এর কথা একটুও এদিক-সেদিক হয়নি। তিনি কাফের সরদারদের জন্যে যে যে স্থান নির্দেশ করেছিলেন, তাদেরকে সেই সেই স্থানে ভূতলশায়ী অবস্থায় পাওয়া যায়। এরপর মৃতদেহগুলো বদর ময়দানের মধ্যস্থলে রেখে দেয়া হয়। হ্যুর (সাঃ) সেখানে আগমন করলেন এবং বললেনঃ হে অমুকের পুত্র অমুক! হে অমুকের পুত্র অমুক! তোমাদের প্রতিপালকের প্রতিশ্রূত শাস্তি তোমরা ঠিক ঠিক পেয়েছ কি? আমার প্রতিপালক আমাকে যে ওয়াদা দিয়েছিলেন, তা আমি সত্য পেয়েছি। সাহাবায়ে-কেরাম আরয করলেনঃ ইয়া রসূলুল্লাহ! আপনি প্রাণহীন দেহগুলোর সাথে কথা বলছেন। হ্যুর (সাঃ) বললেনঃ তোমরা তাদের চেয়ে বেশি শুননা। কিন্তু তাদের সাধ্য নেই যে, আমার কথা খণ্ডন করে।

বায়হাকী ইবনে শিহাব ও ওরওয়া ইবনে যুবায়র থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) যখন বদর যুদ্ধে যাওয়ার জন্যে সাহাবায়ে-কেরামের সাথে পরামর্শ করেন, তখন বললেনঃ তোমরা আল্লাহর নাম নিয়ে রওয়ানা হয়ে যাও। শক্রপক্ষের কোন্ সরদার কোথায় ভূতলশায়ী হবে, তা আমাকে দেখানো হয়েছে।

আবু নবীম ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বদর যুদ্ধের দিন শুশিরিকদের দিকে দৃষ্টিপাত করেন এবং বলেনঃ হে আল্লাহর দুশ্মনরা! তোমরা পাহাড়ের এই লাল মাটিতে নিহত হবে।

বায়হাকী হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি সত্যের কসম দেয়ার ব্যাপারে হ্যুর (সাঃ)-এর চেয়ে অধিক শক্ত কসম দিতে কাউকে নিনি নি। তিনি বদর যুদ্ধের দিন আল্লাহ তায়ালাকে এই বলে কসম

দিছিলেন— হে আমার আল্লাহ! আমি তোমাকে তোমার অঙ্গীকার[’] ও তোমার প্রতিশ্রূতির কসম দিছি, হে আমার আল্লাহ! যদি তুমি তোমার বিশ্বাসীদের এ দলকে ধ্রংস করে দাও, তবে তোমার এবাদত কেউ করবে না।

এরপর হ্যুর (সাঃ) মুসলমানদের দিকে মুখ ফিরালেন। তাঁর মুখমণ্ডল চাঁদের মত উজ্জ্বল ছিল। তিনি বললেন : আমি শক্রপক্ষের সরদারদের ভূতলশায়ী হওয়ার জায়গাগুলো দেখতে পাচ্ছি। তারা এশার সময়ে ভূতলশায়ী হবে।

বোধারী হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বদর যুদ্ধের দিন তাঁবুতে বসে এই মর্মে দোয়া করলেন যে, হে আল্লাহ! আমি তোমাকে তোমার অঙ্গীকার, তোমার ওয়াদার কসম দিছি, হে আমার আল্লাহ! তুমি চাইলে আজিকার পর থেকে কথনও তোমার এবাদত করা হবে না। তিনি এই দোয়ায় ব্যস্ত ছিলেন, এমন সময় হ্যরত আবু বকর (রাঃ) এসে তাঁর হাত ধরে ফেললেন এবং বললেন : ইয়া রসূলাল্লাহ! অতুকু আরয করাই যথেষ্ট। প্রার্থনায় প্রতিপালকের সাথে পীড়াপীড়ি করার প্রয়োজন কি?

অতঃপর রসূলাল্লাহ (সাঃ) তাঁবুর ভিতর থেকে বের হলেন। তাঁর পরনে ছিল লৌহবর্ম এবং তিনি লাফিয়ে লাফিয়ে চলছিলেন। তিনি বললেন :

سَيِّفِرُ الْجَمْعِ وَيُولُونَ الدَّبَّرِ

সত্ত্বরই শক্রবাহিনী পরাম্পর হবে এবং পৃষ্ঠ প্রদর্শন করবে।

মুসলিম ও বায়হাকী হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে এবং তিনি হ্যরত ওমর ফারুক (রাঃ) থেকে বর্ণনা করেন যে, বদর যুদ্ধের দিন রসূলাল্লাহ (সাঃ) মুশরিকদের দিকে তাকালেন। তাদের সংখ্যা ছিল এক হাজার। আর রসূলাল্লাহ (সাঃ)-এর সাহাবীগণের সংখ্যা ছিল তিনশ' সতের। তিনি কেবলামুখী হয়ে গেলেন এবং উভয় হাত প্রসারিত করে পরওয়ারদেগোরকে ডাকতে লাগলেন। এমন কি, তাঁর ক্ষক্ষব্য থেকে চাদর খসে পড়ে গেল। হ্যরত আবু বকর (রাঃ) অঘসর হলেন এবং চাদরটি তুলে হ্যুর (সাঃ)-এর দু কাঁধে রেখে দিলেন। অতঃপর পিছনে দাঁড়িয়ে বললেন : হে নবী (সাঃ)! পরওয়াদেগোরের কসম দেয়াই আপনার জন্যে যথেষ্ট। তিনি যে ওয়াদা করেছেন, তা অতি সত্ত্বর পূর্ণ করবেন। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আল্লাহতায়ালা নিম্নোক্ত আয়াত নাযিল করেন :

إِذْ تَسْتَغْفِرُونَ رَبَّكُمْ فَأَسْتَجَابَ لَكُمْ أَنَّى مُسْدِكُمْ بِالْفِ

مِنَ الْمُلَائِكَةِ مُرْدِفِينَ

স্মরণ করুন, যখন আপনি প্রতিপালকের কাছে সাহায্য প্রার্থনা করছিলেন। তিনি আপনার ডাকে সাড়া দিলেন এবং আপনাকে এক হাজার সুসজ্জিত ফেরেশতা দিয়ে সাহায্য করলেন।

ইবনে আববাস (রাঃ) বলেন : সেদিনকার যুদ্ধের একটি চিত্র ছিল এই যে, মুসলিম বাহিনী এক সৈনিক এক মুশরিক সৈনিকের পিছনে থেকে তার উপর হামলা করছিল। হঠাৎ সে মুশরিকের উপর চাবুকের আঘাতের আওয়াজ শুনল এবং সঙ্গে এক অশ্঵ারোহী বলে উঠল : হে খায়যুম! সামনে অঘসর হও। মুসলিম সৈনিক মুশরিককে দেখল চিত হয়ে মাটিতে পড়ে আছে। তার নাক পিষ্ট করে দেয়া হয়েছে এবং মুখমণ্ডল বিদীর্ঘ হয়ে গেছে, চাবুকের আঘাতে যা হয়ে থাকে। তার সমস্ত দেহ সবুজ হয়ে গেছে। মুসলিম সৈনিকটি রসূলে করীম (সাঃ)-এর কাছে এসে এ ঘটনা বর্ণনা করল। তিনি শুনে বললেন : তুমি সত্য বলেছ। এটা আল্লাহতায়ালার সাহায্যের আলামত। বলাবাহ্য, বদর যুদ্ধে মুশরিকদের পক্ষে সত্ত্বর জন নেতৃস্থানীয় ব্যক্তি নিহত এবং সত্ত্বরজন বন্দী হয়েছিল।

ইবনে সাদ ও বায়হাকী হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বদরের রণাঙ্গনে আমি কিছুক্ষণ যুদ্ধ করে রসূলাল্লাহ (সাঃ)-এর কাছে ছুটে এলাম এটা দেখার জন্যে যে, তিনি কোথায় আছেন এবং কি করছেন। আমি দেখলাম তিনি সিজদারত আছেন এবং ইয়া হাইয়ু (হে চিরজীব), ইয়া কাইয়ুম্বু (হে চিরপ্রতিষ্ঠিত) বলে যাচ্ছেন। তিনি এর বেশি কিছু করছিলেন না। এরপর আমি যুদ্ধে ফিরে গেলাম। কিছুক্ষণ পর আবার এলাম। তিনি পূর্ববৎ সিজদায় ছিলেন এবং ইয়া হাইয়ু, ‘ইয়া কাইয়ুম্বু’ বলে যাচ্ছিলেন। এরপর আমি আবার যুদ্ধে ফিরে গেলাম এবং পুনরায় এসে তাঁকে সিজদায় পেলাম। তিনি ইয়া হাইয়ু, ইয়া কাইয়ুম্বু উচ্চারণ করছিলেন। অবশেষে আল্লাহতায়ালা তাঁকে বিজয়দান করলেন।

ওয়াকেদী ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে আবদুর রহমান ইবনে আওফ (রাঃ) বলেন : বদর যুদ্ধে আমি দু'জন সিপাহীকে দেখলাম—একজন নবী করীম (সাঃ)-এর ডান দিকে ছিল এবং একজন বামদিকে। তারা শক্রদের বিরুদ্ধে প্রচণ্ড যুদ্ধ চালিয়ে যাচ্ছিল। এরপর ত্তীয় সিপাহী পিছনে এসে গেল, এরপর চতুর্থ সিপাহী সম্মুখে এসে লড়তে লাগল।

ইবনে ইসহাক, বায়হাকী, ইবনে জরীর, ও আবু নয়ীম হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বনী গেফারের একব্যক্তি বলল : আমি এবং আমার চাচাত ভাই বদর যুদ্ধে উপস্থিত ছিলাম। আমরা উভয়ে পাহাড়ে আরোহণ করে অপেক্ষা করছিলাম যে, যেকোন এক পক্ষ পরায়বরণ করে পলায়ন করলে আমরা নিচে যেয়ে মালামাল লুঁঠনে প্রবৃত্ত হব। ইতিমধ্যে এক দিক থেকে মেঘমালা উঠিত হল। মেঘ অঘসর হয়ে পাহাড়ের নিকটে এলে আমরা ঘোড়ার

হেষারব শুনতে পেলাম। আরও শুনলাম এক অশ্বারোহী বলছিল : হে হায়যূম, সম্মুখে অগ্সর হও।

এ ঘটনায় স্তুপিত হয়ে আমার সঙ্গীর হৃদযন্ত্র ফেটে গেল এবং সে স্থানে মৃত্যুবরণ করল। আমি মৃত্যুর কাছাকাছি পৌছে গিয়েছিলাম। কিছুক্ষণ পর আমার জ্ঞান ফিরে আসে।

ইবনে রাহওয়াইহি, ইবনে জরীর, বায়হাকী ও আবু নয়ীম আবু ওসায়দ সায়েদী থেকে রেওয়ায়েত করেন যে, ইবনে ওসায়দ দৃষ্টি শক্তি হারানোর পর বলল : যদি আমি তোমাদের সাথে এখন বদরে থাকতাম এবং আমার দৃষ্টিশক্তি বহাল থাকত, তবে আমি সেইসব ঘাঁটি দেখাতাম, যেগুলো থেকে ফেরেশতারা নির্গত হয়েছিল। এ ব্যাপারে আমার কোন সন্দেহ ও সংশয় নেই।

বায়হাকী হ্যরত ইবনে আবাস (রাঃ) ও হাকীম ইবনে হেয়াম থেকে রেওয়ায়েত করেন যে, বদরে যখন যুদ্ধ অপরিহার্য হয়ে গেল, তখন রসূলুল্লাহ (সাঃ) উভয় হাত তুলে আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করলেন এবং প্রতিশ্রূতি পূর্ণ করার জন্যে আল্লাহর দরবারে আবেদন করলেন। তিনি আরয় করলেন : পরওয়ারদেগার! মুশরিকরা এই দলটির বিরুদ্ধে বিজয়ী হয়ে গেলে শিরক প্রাধান্য বিস্তার করবে এবং তোমার দীন কায়েম থাকবে না। তখন হ্যরত আবু বকর (রাঃ) তাঁকে এই বলে সাম্মনা দেন : আল্লাহতায়ালা অবশ্যই আপনাকে সাহায্য করবেন এবং সাফল্য দান করবেন। বস্তুতঃ আল্লাহতায়ালা এক হাজার ফেরেশতা নামিয়ে দিলেন।

রসূলুল্লাহ (সাঃ) হ্যরত আবু বকরকে বললেন : হে আবু বকর! সুসংবাদ প্রাপ্ত কর। এই দেখ জিবরাস্তে! তিনি মাথায় হলদে পাগড়ি বেঁধে নভোমণ্ডল ও ভূমণ্ডলের মধ্যস্থলে আপন অশ্বের লাগাম ধরে আছেন। তিনি যখন মাটিতে নামলেন, তখন এক মুহূর্ত আমার দৃষ্টির আড়ালে থেকে পুনরায় আত্মপ্রকাশ করলেন। তখন তাঁর সম্মুখস্থ দু' দাঁতে ধুলি ছিল। তিনি বললেন : আল্লাহতায়ালার সাহায্য আপনার কাছে এসেছে। কেননা, আপনি তাঁর কাছে সাহায্যের দোয়া করেছিলেন।

বোঝারী হ্যরত ইবনে আবাস থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধের দিন রসূলুল্লাহ (সাঃ) বললেন : ইনি জিবরাস্তে আপন অশ্বের মস্তক ধরে আছেন এবং তার অঙ্গে রয়েছে যুদ্ধাস্ত্র।

আবু ইয়ালা, হাকেম ও বায়হাকী হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আমি বদরের কৃপের কাছে পায়চারি করছিলাম, এমন সময় একটি প্রচণ্ড বায়ুবায়ু এল। এমন ভয়ংকর বায়ুবায়ু আমি ইতিপূর্বে কখনও দেখিনি। এটি চলে যাওয়ার পর এরই অনুরূপ আরও একটি বায়ুবায়ু এল। এরপর আরও একটি এল।

প্রথম বায়ুবায়ুটি ছিল হ্যরত জিবরাস্তে, যিনি এক হাজার ফেরেশতা সমভিব্যহারে রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে যুদ্ধে যোগদানের জন্যে আগমন করেন। দ্বিতীয়টি ছিল হ্যরত মিকান্টেল। তিনিও এক হাজার ফেরেশতার মঞ্জে নিচে অবতরণ করেন এবং রসূলুল্লাহ (সাঃ)-এর ডানদিকে অবস্থান নেন। এদিকে ছিলেন হ্যরত আবু বকর (রাঃ)। তৃতীয়টি ছিল হ্যরত ইসরাফীল। তিনি এক হাজার ফেরেশতা নিয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর বাম দিকে অবতরণ করেন। এদিকে আমি ছিলাম।

আহমদ, বায়য়ার, আবু ইয়ালা হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধের দিন হ্যরত আবু বকর ও আমাকে বলা হল : তোমাদের একজনের সাথে জিবরাস্তে ও একজনের সাথে মিকান্টেল রয়েছেন। ইসরাফীল মহান ফেরেশতা। তিনি যুদ্ধক্ষেত্রে সারিতে উপস্থিত থাকেন— যুদ্ধ করেন না।

আবু নয়ীম ও বায়হাকী হ্যরত সহল ইবনে হানীফ থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধে আমরা দেখলাম, আমাদের যেকোন যোদ্ধা কোন মুশরিকের মাথার দিকে তরবারি উত্তোলন করত, তরবারি মাথায় পৌছার পূর্বেই মাথা মুশরিকের দেহ থেকে বিচ্ছিন্ন হয়ে ভুলুষ্ঠিত হয়ে যেত।

ইবনে ইসহাক ও বায়হাকীর রেওয়ায়েতে ওয়াকেদ লায়হী বলেন : বদর যুদ্ধে আমি তরবারি দিয়ে আঘাত করার জন্যে এক মুশরিকের পশ্চাদ্বাবন করছিলাম। আমার তরবারি তার কাছে পৌছার পূর্বেই দেখি তার মস্তক মাটিতে পড়ে গেছে। এ থেকে আমি বুবলাম যে, এই মুশরিককে আমাকে ছাড়া অন্য কেউ হত্যা করেছে।

আবু নয়ীমের রেওয়ায়েতে আবু ফারা বলেন : আমার কওম বন্সাদ ইবনে বকরের এক ব্যক্তি বর্ণনা করেছে যে, বদর যুদ্ধে সে পরাজয়ের মুখোমুখি হয়ে হঠাত সম্মুখ দিয়ে এক ব্যক্তিকে পলায়ন করতে দেখে। সে মনে মনে বলল : এর কাছে পৌছে তার সাহায্য নিব। ইতিমধ্যে পলায়নপর ব্যক্তি একটি গর্তের কাছে পৌছে গেল। সে-ও তার কাছে গেল। হঠাত সে দেখল যে, লোকটির মস্তক কর্তিত হয়ে মাটিতে পড়ে গেছে। অথচ তার কাছে অন্য কোন লোক ছিল না।

ইবনে সাদের রেওয়ায়েতে হ্যরত ইকরামা বলেন : সেদিন মুশরিক যোদ্ধার মস্তক পড়ে যেত অথচ কে মেরেছে তা জানা যেত না। অনুরূপভাবে হস্ত কর্তিত হয়ে পড়ে যেত অথচ জানা যেত না কে কর্তন করেছে।

বায়হাকী রবী ইবনে আনাস থেকে রেওয়ায়েত করেন যে, বদরযুদ্ধে মানুষ ফেরেশতাগণ কর্তৃক নিহতদেরকে মানুষ কর্তৃক নিহতদের থেকে চিনে নিতে পারত। ফেরেশতাগণ কর্তৃক নিহত ব্যক্তির চিহ্ন ছিল এই যে, তার ঘাড়ে এবং অঙ্গুলিতে আগুনে পোড়ার দাগ থাকত।

ইবনে ইসহাক, ইবনে জরীর, বায়হাকী ও আবু নয়ীম হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধে ফেরেশতাগণের আলামত ছিল সাদা পাগড়ী। বদর যুদ্ধ ছাড়া তারা কোন দিন যুদ্ধে প্রবৃত্ত হয়নি। তবে অন্যান্য যুদ্ধে তারা সংখ্যাবৃদ্ধি ও সহায়ের জন্যে উপস্থিত থাকত। সক্রিয়ভাবে যুদ্ধে অংশ গ্রহণ করেনি।

বায়হাকী ও ইবনে আসাকির সোহায়ল ইবনে আমর থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধে আমি শ্বেতকায় যোদ্ধাদেরকে বিচ্ছি রঙের ঘোড়ায় আকাশ ও পৃথিবীর মধ্যস্থলে দেখেছি। তারা যুদ্ধের মহড়া দিছিল এবং কাফেরদেরকে হত্যা ও বন্দী করছিল।

ইবনে সাদ হ্যাইতিব ইবনে আবদুল ওয়্যাথা থেকে রেওয়ায়েত করেন যে, বদরে মুশরিকদের সাথে আমি উপস্থিত ছিলাম। আমি ফেরেশতাগণকে দেখেছি, তারা আকাশ ও পৃথিবীর মাঝখানে মুশরিকদেরকে হত্যা ও বন্দী করছিল।

ওয়াকেদী ও বায়হাকী খারেজা ইবনে ইবরাহীম থেকে এবং তিনি আপন পিতার কাছ থেকে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ (সাঃ) জিবরাইল কে জিজ্ঞাসা করলেন : বদর যুদ্ধে কোন ফেরেশতা একথা বলছিল - হায়যুম, সম্মুখে অগ্সর হও। জিবরাইল বলেন : আমি আকাশবাসী সকলকে চিনি না।

ওয়াকেদী ও বায়হাকী ছোহায়ব থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আমি জানি না বদরযুদ্ধে কি পরিমাণ হাত কর্তিত ছিল এবং কতগুলো ক্ষত রক্তবিহীন শুষ্ক ছিল! অর্থাৎ বিপুল সংখ্যক হাত কর্তিত ছিল এবং অনেক যথম রক্তবিহীন ছিল।

বায়হাকী ও ওয়াকেদী ইবনে বুরদা থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধে আমি তিনটি মস্তক এনে রসূলুল্লাহ (সাঃ)-এর সামনে রেখে দিলাম। অতঃপর আরয় করলাম : ইয়া রসূলুল্লাহ! দু'টি মস্তকধারীকে আমি হত্যা করেছি। তৃতীয় মস্তকের ঘটনা এই যে, আমি একজন শ্বেতকায় দীর্ঘদেহী ব্যক্তিকে দেখেছি - সে একে তরবারির আঘাত করেছে। এরপর আমি তার মস্তক কেটে এনেছি। রসূলুল্লাহ (সাঃ) বললেন : এই শ্বেতকায় ব্যক্তি ছিলেন একজন ফেরেশতা।

ওয়াকেদী ও বায়হাকী হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ফেরেশতারা পরিচিত জনদের আকৃতিতে দৃষ্টি গোচর হত। তারা মুমিনদেরকে যুদ্ধক্ষেত্রে দৃঢ়পদ রাখত এবং তাদেরকে বলত - কাফেরদের শক্তির বল বলতে কিছু নেই। তোমাদের আক্রমণের মুখে তারা টিকে থাকতে পারবে না। আল্লাহতায়ালা বলেন :

إِذْ يُوحَى رَبُّكَ إِلَيْهِ الْمَلَائِكَةَ مَعَكُمْ فَشَتَّا النَّاسَ أَمْنًا

স্বরূপ করলেন যখন আপনার প্রতিপালক ফেরেশতাদেরকে প্রত্যাদেশ করলেন যে, আমি তোমাদের সঙ্গে আছি। অতএব তোমরা মুমিনদেরকে অটল ও দৃঢ়পদ রাখ।

ওয়াকেদী ও বায়হাকী সায়েব ইবনে আবু জায়শ থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আল্লাহর কসম, আমাকে কোন মানুষ পাকড়াও করেনি। তাকে জিজ্ঞাসা করা হল : তাহলে কে পাকড়াও করেছে? সায়েব বললেন : যখন কোরায়শরা পলায়ন করল, তখন আমিও তাদের সাথে পলায়ন করলাম। একজন শ্বেতকায়, দীর্ঘদেহী, সাদা ঘোড়ায় সওয়ার সৈনিক আকাশ ও পৃথিবীর মাঝখানে বিরাজমান ছিল। সে আমাকে ধরে ফেলল এবং দড়ি দিয়ে বেঁধে ফেলল। ইত্যবসরে আবদুর রহমান ইবনে আওফ এলেন এবং আমাকে বাঁধা অবস্থায় পেয়ে নিজের সৈন্যদেরকে ডেকে জিজ্ঞাসা করলেন : একে কে বেঁধেছে? কেউ আমাকে বেঁধেছে বলে দাবী করল না। অবশেষে তিনি আমাকে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে নিয়ে এলেন। তিনি আমাকে জিজ্ঞাসা করলেন : তোকে কে বন্দী করেছে? আমি বললাম : আমি সেই ব্যক্তিকে চিনি না। তবে আমি যাকে দেখেছিলাম, তার সম্পর্কে কিছু বলা সমীচীন মনে করলাম না। রসূলুল্লাহ (সাঃ) বললেন : তোকে এক ফেরেশতা ঘ্রেফতার করেছে।

ওয়াকেদী, হাকেম ও বায়হাকী হাকীম ইবনে হেয়াম থেকে রেওয়ায়েত করেন যে, বদরযুদ্ধের কলাকৌশল আমাদেরকে দেখিয়ে দেয়া হয়েছে। খলীছ উপত্যকায় একটি কম্বল আকাশ থেকে পতিত হয়ে আকাশের প্রান্তকে ঘিরে ফেলে। হঠাৎ আমরা দেখলাম উপত্যকার সর্বত্র পিপীলিকাই পিপীলিকা। তখন আমার বোধোদয় হয় যে, এই প্রশ্ন বিষয় দ্বারা মোহাম্মদ (সাঃ)-কে সমর্থন দেয়া হয়েছে। বস্তুতঃ ফেরেশতারাই ছিল কাফেরদের পরাজয়ের কারণ।

বায়হাকী ও আবু নয়ীম জুবায়র ইবনে মুতায়িম থেকে রেওয়ায়েত করেন যে, শক্তপক্ষের পলায়নের পূর্বে সৈন্যরা অমিততেজে লড়ে যাচ্ছিল। আমি আকাশ থেকে একটি কাল কম্বল নেমে আসতে দেখলাম। অবশেষে কম্বলটি মাটিতে পড়ে গেল। এরপর আমি দেখলাম কাল পিপীলিকাই পিপীলিকা বিচরণ করছে। মরজুমি পিপীলিকায় আচ্ছন্ন হয়ে গেল। আমি নিঃসন্দেহে বলতে পারি যে, কাফেরদের পরাজয়ের জন্যে এরা ছিল পিপীলিকারূপী ফেরেশতা।

বায়হাকী ও আবু নয়ীম হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনৈক বেঁটে আনছারী সৈনিক বনু হাশেমের এক দীর্ঘদেহী সৈনিককে ঘ্রেফতার করে নিয়ে এল। আবু নয়ীম হ্যরত আব্বাস ইবনে আবদুল মুতালিব থেকে বর্ণিত তাঁর রেওয়ায়েতে এই বন্দীর নামও বলেছেন। বন্দী সৈনিক বলল : খোদার কসম, আমাকে এই সিপাহী ঘ্রেফতার করেনি; বরং এমন এক সৈনিকে ঘ্রেফতার করেছে

যার মাথার অগ্রভাগে চুল কয় ছিল এবং মুখশী সুন্দরতম ছিল। সে বিচিত্র রঙের ঘোড়ায় সওয়ার ছিল। আমি তাকে সাধারণ সৈনিকদের মধ্যে দেখি না। একথা শুনে রসূলুল্লাহ (সাঃ) বললেন : এই সৈনিক ছিলেন একজন ফেরেশতা।

আহমদ, ইবনে সাদ, ইবনে জরীর ও আবু নয়ীম হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যে সিপাহী আবাসকে প্রেফতার করেছিল, সে ছিল আবুল ইউসর কা'ব ইবনে আমর। সে ছিল দুর্বল ও ক্ষীণকায়। আর আবাস ছিলেন সুষ্ঠাম দেহী বলবান ব্যক্তি। নবী করীম (সাঃ) আবুল ইউসরকে জিজাসা করলেন : তুমি আবাসকে কিরূপে বন্দী করলে? আবুল ইউসর বললেন : ইয়া রসূলুল্লাহ! একাজে একজন সৈনিক আমাকে সাহায্য করেছে। আমি তাকে আগে পরে কথনও দেখিনি। তার দেহাবয় এমন এমন ছিল। রসূলুল্লাহ (সাঃ) বলেন : একাজে একজন বড় ফেরেশতা তোমাকে সাহায্য করেছেন।

আবু নয়ীম হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আমি আমার পিতাকে জিজাসা করলাম : আবুল ইউসরের মত ব্যক্তি আপনাকে কিরূপে প্রেফতার করল? আপনি ইচ্ছা করলে তো তাকে হাতের তালুতে পুরে নিতে পারতেন। পিতা বললেন : বৎস! এরূপ বলো না। সে যখন আমার মুখেমুখী হয়, তখন আমার দৃষ্টিতে খন্দমা পাহাড়ের চেয়েও বৃহৎ ছিল।

ইবনে সাদ মাহমুদ ইবনে লবীদ ও ওয়ায়দ ইবনে আউস থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন; বদর যুদ্ধে আমি আবাস ও আকীল ইবনে আবু তালেবকে প্রেফতার করি। রসূলুল্লাহ (সাঃ) তাঁদেরকে দেখে বললেন : এদের প্রেফতারীতে একজন বড় ফেরেশতা তোমাকে সাহায্য করেছেন।

ইবনে সাদ আতিয়্যা ইবনে কায়স থেকে রেওয়ায়েত করেন যে, বদরযুদ্ধ সমাপ্ত হলে জিবরাস্তল একটি লাল ঘোড়ায় সওয়ার হয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর নিকট এলেন। তাঁর শরীরে ছিল লৌহবর্ম এবং হাতে ছিল বশি। তিনি বললেন : হে মোহাম্মদ! আল্লাহ আমাকে এই আদেশ দিয়ে প্রেরণ করেছেন যে, আপনি সন্তুষ্ট না হওয়া পর্যন্ত যেন আমি আপনার সঙ্গ ত্যাগ না করি। বলুন, এখন আপনি সন্তুষ্ট কি না? হ্যুন্ন (সাঃ) বললেন : নিঃসন্দেহে আমি সন্তুষ্ট। এরপর জিবরাস্তল প্রস্থান করলেন।

ইবনে সা'দের রেওয়ায়েতে হ্যরত জাবের (রাঃ) বলেন : বদর যুদ্ধে আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে নামায আদায় করছিলাম। তিনি হঠাতে নামাযে মুচকি হাসলেন। নামাযান্তে আমরা আরয করলাম : ইয়া রসূলুল্লাহ! আমরা দেখলাম আপনি মুচকি হাসলেন। এর কারণ কি? তিনি বললেন : আমার কাছ দিয়ে মিকাস্তল যাচ্ছিলেন। তাঁর বাছ ধূলি ধূশরিত ছিল। তিনি শক্তদের অনুসন্ধান করে ফিরছিলেন। আমাকে দেখে হাসলে আমি জওয়াবে মুচকি হেসেছি।

ইমাম আহমদ, বায়হাকী ও তিবরানী আওসাতে হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধে আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে থেকে আত্মরক্ষা করতাম। তিনি যুদ্ধ ও বাহবলে সকলের চেয়ে শক্তিমান ছিলেন। মুশরিকদের কেউ তাঁর নিকটবর্তী হত না।

বায়হাকী ও আবু নয়ীম মূসা ইবনে ওকবা ও ইবনে শিহাব ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) এক মুষ্টি কংকর হাতে নিয়ে মুশরিকদের মুখ লক্ষ্য করে নিক্ষেপ করলেন। আল্লাহ তায়ালা এই কংকরগুলোতে অন্তুত শান্তি করলেন। এগুলো প্রত্যেক মুশরিকের চক্ষুদ্বয়কে কংকরভর্তি করে দিল। তাদের প্রতিটি সৈনিক উপুড় হয়ে যুদ্ধক্ষেত্রে পতিত হিল। সে জানত না যে, কোন্দিকে যেয়ে চোখের কংকর দূর করবে। ইবনে মসউদ (রাঃ) আবু জহলকে ভূতলশায়ী অবস্থায় দেখতে পেলেন। যুদ্ধক্ষেত্র এবং আবু জহলের মধ্যস্থলে অনেক ধূলাবালি ছিল। তার মুখমণ্ডল লৌহবর্মে আবৃত ছিল। তার তরবারি উর্জতে রাখা ছিল এবং তার শরীরে ক্ষতের চিহ্নমাত্র ছিল না। কিন্তু সে তার কোন অঙ্গ নাড়াতে সক্ষম ছিল না। কেবল উপুড় হয়ে মাটির দিকে দেখে যাচ্ছিল। ইবনে মসউদ (রাঃ) পিছন দিক থেকে তার ঘাড়ে তরবারি দিয়ে আঘাত করলেন। তার মস্তক বিচ্ছিন্ন হয়ে গেল। অতঃপর তার পোশাক ও অন্তর্শস্ত্র করতলগত করলেন। হঠাতে তিনি আবু জহলের ঘাড়ে ফুলা দেখলেন। এছাড়া উভয়হাত ও কাঁধে কশাঘাতের মত চিহ্ন দেখলেন। ইবনে মসউদ (রাঃ) এই সংবাদ রসূলুল্লাহ (সাঃ)-কে দিলে তিনি বললেন : এগুলো ফেরেশতাদের আঘাতের চিহ্ন।

আবু নয়ীমের রেওয়ায়েতে জাবের ইবনে আবদুল্লাহ বলেন : বদর যুদ্ধে আকাশ থেকে পতিত কংকরের আওয়াজ আমি শুনেছি। এই আওয়াজ বড় থালায় পতিত হওয়ার মত আওয়াজ ছিল। সৈন্যদের সারিবদ্ধ হওয়ার পর রসূলুল্লাহ (সাঃ) এই কংকরগুলো হাতে নেন এবং মুশরিকদের মুখে নিক্ষেপ করেন। কোরআন পাকের এই আয়াতে আল্লাহতায়ালা এই কংকর নিক্ষেপের কথা উল্লেখ করেছেন-

وَمَا رَمَيْتَ أَذْرَمِيتَ وَلَكِنَ اللَّهُ رَمَى

-আপনি যখন নিক্ষেপ করেন, তখন প্রকৃতপক্ষে আপনি নিক্ষেপ করেননি-আল্লাহ করেছেন।

ইবনে ইসহাক হাকেম ও বায়হাকী হ্যরত আবদুল্লাহ ইবনে ছালাবা থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধে আবু জহল মূর্খতাসূলভ দোয়া করে। সে বলে - হে খোদা! মোহাম্মদ আমাদের আত্মায়তার বন্ধন ছিন্ন করেছে। গোত্রসমূহের মধ্যে বিভেদ সৃষ্টি করেছে। আমাদের সামনে এমন এক ধর্ম এনেছে, যার সাথে আমরা পরিচিত নই। অতএব সত্য আমাদের পক্ষে রয়েছে এবং আমাদেরকেই জয়ী হতে হবে।

অতঃপর যখন উভয়পক্ষ সংঘর্ষে লিপ্ত হল, তখন অনতিবিলম্বেই আবু জহল নিহত হল। এ সম্পর্কে আল্লাহতায়ালা এই আয়াত নাযিল করেন-

إِنَّ تَسْتَفِتُ حَوْافِقَ جَآءَكُمُ الْفَتْحُ

ঘ যদি তোমরা বিজয় প্রার্থনা কর, তবে বিজয় তোমাদের সন্নিকটে এসে গেছে।

বায়হাকী ও আবু নয়াম হযরত ইবনে আকাশ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মদীনায় এই সংবাদ পৌছে যে, মক্কার একটি বাণিজ্যিক কাফেলা সিরিয়ার উদ্দেশে যাত্রা করেছে। সে মতে কেবার পথে তাদের উপর চড়াও হওয়ার জন্যে মুসলমানরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে বের হল। এ সংবাদ অবগত হয়ে মক্কার কাফেলা দ্রুতগতিতে মক্কা অভিযুক্ত ধারিত হল, যাতে কাফেলা রসূলুল্লাহ (সাঃ) ও মুসলমানদের হাতে পর্যুদ্ধ না হয়।

মুসলমানদের পৌছার পূর্বেই কাফেলা তাদের নাগালের সীমা অতিক্রম করে গেল। আল্লাহ তায়ালা মুসলমানদের সাথে দু'টি দলের মধ্য থেকে একটির ওয়াদা করেছিলেন। সিরিয়া প্রত্যাগত কাফেলাকে পাওয়ার জন্য মুসলমানরা অধিক আগ্রহী ছিলেন। কিন্তু এটি হাতছাড়া হয়ে গেল। মক্কায়সীদের আর একটি দল মুসলমানদের উপর আক্রমণের উদ্দেশ্যে মদীনা অভিযুক্ত অগ্রসর হচ্ছিল। তারা বদর প্রান্তরে এসে শিবির স্থাপন করল। এদের মোকাবিলা করার জন্যে রসূলুল্লাহ (সাঃ) মুসলমানদেরকে নিয়ে বদরে উপনীত হলেন। তাদের এবং পানির মাঝখানে ধুলাবালুর শুর ছিল, যাতে পা ঢুকে যেত। পানি না পাওয়ার কারণে মুসলমানরা ঝুঁঝুই কঠের সম্মুখীন হল। শয়তান তাদেরকে এই বলে কুমক্রগা দিতে লাগল যে, তোমরা মনে করতে যে, তোমরা আল্লাহর দোষ্ট এবং আল্লাহর রসূল তোমাদের মধ্যে আছেন। কিন্তু মুশারিকরাই তো পারি দখল করে নিতে সক্ষম হল; আর তোমরা রয়ে গেলে পিপাসায় কাতর।

এই শয়তানী কুমক্রগার জবাবে আল্লাহ তায়ালা মুসলমানদের উপর মুষলধারে বৃষ্টিবর্ষণ করলেন। তাঁরা পানি পান করল এবং ওয় গোসল সেরে নিলেন। শয়তানের কুমক্রগা থেকে তারা মুক্তি পেলেন। বৃষ্টির কারণে ধুলাবালু জমে মানুষের চলাফিরার উপযুক্ত হয়ে গেল। এহেন অনুকূল পরিস্থিতিতে মুসলমানরা কাফেরদের বিরুদ্ধে অস্থাভিযান করল। আল্লাহতায়ালা তাঁর নবী ও মুসলমানদেরকে এক হাজার ফেরেশতা দিয়ে সাহায্য করলেন। একদিকে অবস্থানকারী 'পাঁচশ' ফেরেশতার দলে জিবরাইল (আঃ) ছিলেন এবং অপর দিকে অবস্থানকারী 'পাঁচশ' ফেরেশতার দলে মিকাট্স (আঃ) ছিলেন।

এহেন সময়ে অতিশঙ্ক ইবলীশ তার বাহিনী নিয়ে বনী-মুনাফাজের সৈনিকদের বেশ ধারণ করে অবস্থানে অবর্তীর্ণ হল। তার সাথে তার ঝাঁঝ ছিল

সুরাকা ইবনে মালেকের আকৃতিতে। সে মুশারিকদেরকে আখ্বাস দিয়ে বলল : আজিকার দিনে কোন শক্তিই তোমাদের বিরুদ্ধে বিজয়ী হতে পারবে না ; তোমাদের বিভেদের সময়ে আমি তোমাদের হিতৈষী প্রতিবেশী।

আবু জহল দোয়া করল : হে খোদা! আমাদের মধ্যে যে সত্যের অধিক নিকটবর্তী, তাকে তুমি মদদ দাও। অপর দিকে রসূলে করীম (সাঃ) হাত তুলে দোয়া করলেন : পরওয়ারদেগার! আজ যদি তুমি এই দলটিকে ধ্বংস করে দাও, তবে পৃথিবীতে কখনও তোমার এবাদত করা হবে না।

জিবরাইল এসে তাঁকে বললেন : একমুঠি মাটি নিন। তিনি এক মুঠি মাটি নিয়ে মুশারিকদের মুখের দিকে নিষ্ফেপ করলেন। আল্লাহতায়ালার কুরুরতে এই মাটি প্রতিটি মুশারিকের চক্ষুব্রহ্মে, নাকের ছিদ্রে এবং মুখে পৌছে গেল। ফলে সকলেই পৃষ্ঠ প্রদর্শন করে পলায়ন করতে বাধ্য হল।

বায়হাকী মূসা ইবনে ওকবা, ইবনে শিহাব ও ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহতায়ালা সেদিন সকলের উপর একই বৃষ্টিবর্ষণ করেন। কিন্তু এই বৃষ্টি মুশারিকদের জন্যে ত্যক্তির বিপদের কারণ ছিল। কেননা, এর ফলে তাদের চলাচলের পথ দুর্গম হয়ে যায়। আর মুসলমানদের জন্যে এই বৃষ্টি ছিল সুখকর। কেননা এতে তাদের চলার পথ ও অবতরণের স্থান সুগম হয়ে যায়।

রসূলুল্লাহ (সাঃ) বললেন : ইনশাআল্লাহ, 'আগামীকাল মুশারিকদের ধরাশায়ী হওয়ার জায়গা এগুলো।

ইবনে সাদ হযরত ইকবামা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধের দিন মুসলমানরা তন্ত্রার কারণে ঝুঁকে পড়ছিল। তারা এমন টিলায় অবতরণ করেছিল, যার বালু সরে গিয়েছিল। বৃষ্টির কারণে টিলার মাটি শক্ত পাথরের ন্যায় হয়ে গেল। তারা এর উপর ঝুঁকে দৌড়াদৌড়ি করত। এদিন সম্পর্কেই আল্লাহতায়ালা নিষ্ক্রিয় আয়াত নাযিল করেন-

إِذْ يُغَيِّبُكُمُ النَّعَاسُ أَمْنَةً وَيُنَزِّلُ عَلَيْكُمْ مِّنَ السَّمَاءِ مَاءً
لِيُطَهِّرَكُمْ بِهِ وَيُذْهِبَ عَنْكُمْ رِجْزَ الشَّيْطَانِ وَلِيُرْبِطَ عَلَى
قَلْوبِكُمْ وَيُشَيِّطَ بِهِ الْأَقْدَامَ

শ্বরণ কর, যখন তিনি তোমাদেরকে তন্ত্রাচ্ছন্ন করে দেন নিজের পক্ষ থেকে তোমাদের প্রশাস্তির জন্যে। তিনি তোমাদের উপর আকাশ থেকে পানি নাযিল করেন, যাতে তোমাদেরকে পবিত্র করেন এবং যাতে তোমাদের থেকে অপসারিত

করেন শয়তানের অপবিত্রতা। আর যাতে সুরক্ষিত করেন তোমাদের অন্তর্মুহূর্ম এবং যাতে তোমাদের পদযুগল সুদৃঢ় করে দেন। (সুরা আনফাল)

ওয়াকেদী ও বায়হাকী হাকেম ইবনে হেয়াম থেকে রেওয়ায়েত করেন যে, বদরযুদ্ধে আমরা উভয়পক্ষ তুমুল সংঘর্ষে লিঙ্গ হলাম। আমি একটি আওয়াজ শুনলাম, যা আকাশ থেকে মাটিতে এমনভাবে পতিত হল, যেমন বড় থালায় কংকর পতিত হলে আওয়াজ হয়। রসূলুল্লাহ (সা:) এই কংকরগুলো থেকে এক মুঠি কংকর নিলেন এবং নিষ্কেপ করলেন। এরপর আমরা পালিয়ে গেলাম।

ইবনে ইসহাক ও বায়হাকী খাবীব ইবনে আবদুর রহমান থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : বদর যুদ্ধে আমার দাদা খাবীরের দেহে তরবারির আঘাত লাগে এবং দেহের একঅংশ কেটে ঝুলতে থাকে। রসূলুল্লাহ (সা:) তাতে মুখের থুথু লাগিয়ে দিলেন এবং কর্তিত স্থানটুকু মিলিয়ে দিলেন। ফলে দেহের সেই অংশ পূর্বে যেমন ছিল, তেমনি হয়ে গেল।

ইবনে আদী, আবু ইয়ালা ও বায়হাকী আছেম ইবনে ওমর থেকে এবং তিনি তাঁর দাদা কাতাদাহ ইবনে নো'মান থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধে তাঁর চক্ষু আহত হয়ে যায়, অর্থাৎ চোখের পুতলী কোটির থেকে বের হয়ে গওদেশে এসে পড়ে। লোকেরা একে কেটে দেয়ার ইচ্ছা করে রসূলুল্লাহ (সা:)-কে জিজ্ঞাসা করল। তিনি এক্ষেত্রে নিষেধ করলেন এবং কাতাদাহকে দেকে পাঠালেন। অতঃপর আপন পবিত্র হাতে পুতলীটিকে কোটিরে স্থাপন করে হাতের তালু দিয়ে চাপ দিলেন। এরপর এটা জানার কোন উপায় ছিল না যে, কোন চোখে আঘাত লেগেছিল।

কাতাদাহ থেকে বায়হাকীর অন্য এক হাদীসে আছে যে, রসূলুল্লাহ (সা:) চাপ দেয়ার পর দোয়া করলেন **اللهم اكسه جما**

হে আল্লাহ! একে সৌন্দর্যের পোশাক পরিয়ে দাও।

ওয়াকেদী, বায়হাকী ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে ওকাশা ইবনে মুহাম্মদ বলেন : বদরযুদ্ধে আমার তরবারি ভেঙ্গে গেল। রসূলুল্লাহ (সা:) আমাকে একটি কাষ্ঠখণ্ড দিলেন। হঠাৎ সেই কাষ্ঠখণ্ড একটি বালমলে লম্বা তরবারিতে রূপান্তরিত হয়ে গেল। আমি সেই তরবারি দিয়ে যুদ্ধ করলাম। অবশেষে আল্লাহতায়ালা মুশারিক বাহিনীকে পলায়নে বাধ্য করলেন। রাবী বলেন : এই তরবারি আমৃত্যু ওকাশার কাছে ছিল।

বোখারী ও মুসলিম হ্যরত কাতাদাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সা:) কাঁবার সন্নিকটে নামায়রত ছিলেন। কোরায়শদের একটি দল তাঁর নামায পড়া নিরীক্ষণ করছিল। তারা পরম্পরে বলল : তোমাদের কে অমুক গোত্রের উটের গোয়ালের দিকে যাবে? সেখানে উটের ভুড়ি পড়ে আছে। সেটি এনে মোহাম্মদ যখন সিজদা করে, তখন তাঁর স্ফন্দয়ের মাঝখানে বেঁথ দিবে।

দিলেন। তিনি তাদেরকে বললেন, আল্লাহ ও রসূলের আনুগত্য করা তোমরা পছন্দ করতে না। আমাদের প্রতিপালক আমাদেরকে যে ওয়াদা দিয়েছেন, তা আমরা সত্য পেয়েছি।

হ্যরত ওমর (রাঃ) বললেন : ইয়া রসূলাল্লাহ! এরা তো আস্থাহীন লাশ। এরা আপনার কথা শুনবে কি? হ্যুর (সা:) বললেন : সেই সন্তার কসম, যার কবজ্জায় আমার প্রাণ, আমি যা বলছি, তা তাদের চেয়ে তোমরা বেশি শ্রবণ কর না।

কাতাদাহ বলেন : এ স্থলে আল্লাহতায়ালা নিহতদেরকে জীবিত করে দেন, যাতে রসূলুল্লাহ (সা:)-এর তিরক্ষার শুনতে পারে।

ওয়াকেদী ও বায়হাকী যুহরী থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধে রসূলুল্লাহ (সা:) এই দোয়া করেন -

اللهم اكفني نوفل بن خوبيل

হে আল্লাহ! আমাকে নওফেল ইবনে খুয়ায়লিদ থেকে নিরাপদ রাখ। অতঃপর তিনি সাহাবায়ে কেরামকে জিজ্ঞাসা করলেন : তোমাদের কে নওফেল সম্পর্কে জানে? হ্যরত আবী (রাঃ) বললেন : ইয়া রসূলুল্লাহ! আমি ওকে হত্যা করেছি। হ্যুর (সা:) তকবীর বললেন এবং এই বলে আল্লাহর শোকুর করলেন-

الحمد لله الذي اجاب فيه دعوتي

সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি নওফেল সম্পর্কে আমার দোয়া করুল করেছেন।

বায়হাকী হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে,

وَذْرَنِي وَالْمُكَدِّبِينَ أُولَئِنَّ النَّعْمَةٌ وَمِهْلَمُهُمْ قَلِيلًا

ঃ আমাকে এবং বিশ্বালী মিথ্যারোপকারীদেরকে ছাড় (অর্থাৎ আমিই তাদেরকে বুঝে নিব।) এবং তাদেরকে সামান্য সময় দাও।

কোরআন পাকের এই আয়াত নাযিল হওয়ার অংশ পরেই আল্লাহতায়ালা বদর যুদ্ধে কোরায়শদেরকে বিপর্যস্ত করেন।

বোখারী ও মুসলিম হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সা:) কাঁবার সন্নিকটে নামায়রত ছিলেন। কোরায়শদের একটি দল তাঁর নামায পড়া নিরীক্ষণ করছিল। তারা পরম্পরে বলল : তোমাদের কে অমুক গোত্রের উটের গোয়ালের দিকে যাবে? সেখানে উটের ভুড়ি পড়ে আছে। সেটি এনে মোহাম্মদ যখন সিজদা করে, তখন তাঁর স্ফন্দয়ের মাঝখানে বেঁথ দিবে।

তাদের মধ্যে যে ছিল সর্বাধিক হতভাগা, সে ভূড়িটি এনে পরিকল্পনা অনুযায়ী হ্যুর (সাঃ)-এর কাঁধে রেখে দিল। তিনি সিজদাবস্থায় অটল রইলেন। আর পাপিষ্ঠরা অট্টহাসিতে ফেটে পড়ছিল এবং একে অপরের উপর ঝুঁচিয়ে পড়ছিল। জনেক পথিক কঢ়ি বালিকা হ্যরত ফাতেমা যুহরাকে যেয়ে ঘটনা বলে দিল। তিনি দৌড়ে এলেন এবং খুব কষ্ট সহকারে ভূড়িটি সরিয়ে দিলেন। অতঃপর দুর্ব্বলদের কাছে এসে তাদেরকে গালমন্দ করলেন।

রসূলুল্লাহ (সাঃ) নামায সমাঞ্চ করে নিম্নোক্ত দোয়া তিনবার উচ্চারণ করলেন -

“হে আল্লাহ! আমর ইবনে হেশাম (অর্থাৎ আবু জহল), ওতবা ইবনে রবীয়া, শায়বা ইবনে রবীয়া, ওলীদ ইবনে ওতবা, উমাইয়া ইবনে খলফ, ওকবা ইবনে আবী মুয়াত, আশ্বারা ইবনেওলীদ এদের সকলের উপর আযাব নাযিল কর।”

ইবনে মসউদ বলেন : আমি এদের সকলকে বদরযুক্তে ধরাশায়ী হতে দেখেছি।

আহমদ ও বায়হাকী হ্যরত ইবনে আবুস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুক্তে রসূলুল্লাহ (সাঃ) যখন নিহতদের দিক থেকে অবসর লাভ করলেন, তখন কেউ বলল : কোরায়শদের কাফেলার দিকে ধাবমান হওয়া আপনার কর্তব্য। সেখানে কোন বাধা নেই। হ্যরত আবুস -যিনি তখন মুসলমানদের বন্দী ছিলেন - বললেন : কাফেলার দিকে ধাবমান হওয়া সমীচীন নয়। হ্যুর (সাঃ) বললেন : কেন সমীচীন নয়? আবুস বললেন : কেননা, আল্লাহতায়ালা আপনাকে দু'দলের মধ্য থেকে একটির ওয়াদা দিয়েছিলেন। তিনি তাঁর ওয়াদা পূরণ করেছেন এবং এক দলের বিরুদ্ধে আপনাকে মদদ দিয়েছেন। সেই দলটি নিহত হয়েছে।

ইবনে আবিদুনিয়া ও বায়হাকী শা'বী থেকে রেওয়ায়েত করেন যে, এক ব্যক্তি নবী করীম (সাঃ)-কে বলল : আমি বদরের ময়দানে গিয়েছিলাম। সেখানে দেখলাম এক ব্যক্তি ভূগর্ভ থেকে বের হয়, অপর এক ব্যক্তি তাকে হাতুড়ি দিয়ে আঘাত করে। ফলে সে ভূগর্ভে বিলীন হয়ে যায়। পুনরায় এই ব্যক্তি ভূগর্ভ থেকে বের হয় এবং পূর্বোক্ত ব্যক্তি তাকে হাতুড়ি দিয়ে প্রচণ্ড আঘাত করে। সে আবার ভূগর্ভে চলে যায়। তার সাথে বারবার একাপ করা হচ্ছে। রসূলুল্লাহ (সাঃ) বললেন : ভূগর্ভ থেকে যে বের হয়, সে হচ্ছে আবু জহল। কিয়ামত পর্যন্ত তাকে আযাব দেয়া হবে।

ইবনে আবিদুনিয়া ও তিবরানী আওসাতে আবদুল্লাহ ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আমি বদর যুক্তের পর একদিন এই ময়দানের পার্শ্ব দিয়ে যাচ্ছিলাম। হঠাৎ দেখলাম এক ব্যক্তি গর্ত থেকে বের হয়েছে। তার গলায় একটি শিকল ছিল। সে আমাকে ডেকে বলল : হে আবদুল্লাহ! আমাকে পানি পান করাও। আমি জানি না সে আমার নাম জেনে বলেছে, না প্রত্যেক

অপরিচিতকে আবদুল্লাহ বলার আরবদের সাধারণ রীতি অনুযায়ী আবদুল্লাহ বলে ডেকেছে। আমি আরও দেখলাম, অন্য এক ব্যক্তি একই গর্ত থেকে বের হল। তার হাতে ছিল একটি চাবুক। সে আমাকে ডেকে বলল : হে আবদুল্লাহ! একে পানি পান করিয়ো না। কেননা, সে কাফের। এরপর সে তাকে চাবুক দিয়ে প্রহার করল। অবশেষে প্রথমোক্ত লোকটি গর্তের মধ্যে ফিরে গেল। এই ঘটনা দেখার পর আমি হ্যুর (সাঃ)-এর কাছে এলাম এবং তাঁকে অবহিত করলাম। তিনি বললেন : তুমি বাস্তবিকই এঘটনা দেখেছ? আমি বললাম : নিঃসন্দেহে দেখেছি। তিনি বললেন : সে হচ্ছে আল্লাহর দুশ্মন আবু জহল। কিয়ামত দিবস পর্যন্ত তাকে এমনিভাবে চাবুক দিয়ে প্রহার করা হবে।

বায়হাকী মূসা ইবনে ওকবার তরিকায় ইবনে শিহাব ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুক্তে আল্লাহতায়ালা মুশরিক ও মুনাফিকদের মাথা চিরতরে নত করে দেন। মদীনায় কোন মুনাফিক ও ইহুদী এমন ছিল না, যার মাথা বদরের প্রারজ্যের কারণে হেট হয়নি। এটা যেন “ইয়াওমুল-ফোরকান” (পার্থক্যকরণ দিবস) ছিল। এ দিবসে আল্লাহতায়ালা কুফর ও ঈমানের মধ্যে পার্থক্য সৃষ্টি করে দেন।

বায়হাকীর রেওয়ায়েতে আতিয়া আওফী বলেন : আমি আবু সায়েদ খুদরী কে **غُلْبَتِ الرُّومُ الْأَلِيَّة** (রোমকরা পরাজিত হয়েছে) আয়াত সম্পর্কে জিজ্ঞাস করলে তিনি বললেন : পারসিকরা প্রথমে রোমকদের বিরুদ্ধে যুদ্ধে জয়লাভ করে। এরপর রোমকরা পারসিকদের বিরুদ্ধে বিজয়ী হয়। এরপর আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গী হয়ে বদরে মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ করি। আমরা মুশরিকদের বিরুদ্ধে সাহায্য পাই এবং আহলে-কিতাব অঙ্গী উপাসক অর্থাৎ পারসিকদের বিরুদ্ধে সাহায্য পায়। আল্লাহতায়ালা আমাদেরকে যে বিশেষ মদদ দেন, তাতে আমরা আনন্দিত হই এবং আহলে কিতাবকে যে সাহায্য দান করেন, তাতেও আমরা প্রফুল্ল হই। এ সম্পর্কেই আল্লাহ বলেন :

يَوْمَئِذٍ يَفْرَحُ الْمُؤْمِنُونَ بِنَصْرِ اللَّهِ الْأَلِيَّة

সেইদিন মুমিনরা আল্লাহর সাহায্যের কারণে হর্ষেৎফুল্ল হবে।

ইবনে সাঁদ হ্যরত ইকবারা থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বদরযুক্তে একটি তাঁবুর ভিতর থেকে বললেন : সেই জাম্মাতের দিকে চল, যার প্রস্থ নভোমগুল ও তৃতীয়গুলের সমান।

একথা শুনে ওমায়র ইবনে হ্যাম বললেন : বাহু বাহু। রসূলুল্লাহ (সাঃ) বললেন : তুমি আমর প্রকাশ করলে কেন? ওমায়র বললেন : এই আশায় যে, আমি

জাল্লাতীদের মধ্যে শামিল হয়ে যাই এবং সেখানকার বিস্তীর্ণ পরিসরে ঘুরাফিরা করিব।

হ্যার (সাঃ) বললেন : তুমি জাল্লাতী। অতঃপর তিনি কিছু খেজুর বের করলেন। ওমায়ের সেগুলো মুখে পুরে বললেন : যদি আমি বাকী থাকি, তবে খেজুর থেতে থাকব। নতুবা জাল্লাতের জীবন তো চিরস্তন। এরপর কিছু মনে করে হাতের খেজুর ফেলে দিলেন এবং যুদ্ধক্ষেত্রে ঝাপিয়ে পড়লেন। অবশ্যে আল্লাহর পথে শহীদ হয়ে গেলেন।

বায়হাকী হ্যরত আলী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বদর যুদ্ধের কয়েদীদের সম্পর্কে বললেন : মুসলমানগণ! তোমরা ইচ্ছা করলে তাদেরকে হত্যা কর, আর ইচ্ছা করলে তাদের কাছ থেকে মুক্তিপণ নিয়ে ছেড়ে দাও। মুক্তিপণ নিলে তা তোমরা ভোগ করতে পারবে। তোমাদের মধ্য থেকে তাদের সমসংখ্যক ব্যক্তি শহীদ হবে। সতর জনের মধ্যে হ্যরত কায়েস ইবনে ছাবেত ছিলেন সর্বশেষ ব্যক্তি, যিনি এয়ামায়া যুদ্ধে শহীদ হন।

আবু নয়ীম হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওকবা ইবনে আবু মুয়াত্তির রসূলুল্লাহ (সাঃ)-কে খানার দাওয়াত দিলে তিনি বললেন : যে পর্যন্ত তুমি “আশহাদু আল্লাহ ইলাহা ইলাহাহ ওয়া আশহাদু আল্লা মোহাম্মাদার রসূলুল্লাহ” উচ্চারণ না করবে, আমি তোমার দাওয়াত খাব না। অগত্যা ওকবা কলেমায়ে শাহাদত উচ্চারণ করল। অতঃপর তার এক বন্ধু তার সাথে দেখা করে এজন্যে তাকে ভর্তসনা করল। ওকবা বলল : যা হবার হয়ে গেছে। এখন বল কি করলে কোরায়শদের অন্তরে আমার সম্মান পুনর্বহাল হবে এবং আমার প্রতি তাদের অন্তরের মলিনতা দূর হবে?

বন্ধু বলল : তুমি মোহাম্মদের মজলিসে যাও এবং তাঁর মুখে থুথু নিক্ষেপ কর। ওকবা তাই করল। রসূলুল্লাহ (সাঃ) আপন মুখমণ্ডল পরিষ্কার করে প্রতিজ্ঞা করলেন : যদি তোকে মক্কার পর্বতমালার বাইরে কথনও পাই, তবে তোকে হত্যা করব। অতঃপর সাহাবায়ে-কেরাম বদরের রণাঙ্গনে উপস্থিত হলে ওকবা তাঁর থেকে বের হয়ে যুদ্ধে অবতীর্ণ হতে অঙ্গীকার করল এবং বলল : সেই লোকটি বলেছে যে, মক্কার পর্বতমালার বাইরে আমাকে পেলে হত্যা করবে। সঙ্গীরা তাকে বলল : আমরা তোমাকে দ্রুতগামী লাল উট দিচ্ছি। পলায়নের পরিস্থিতি হলে বাতাসের ন্যায় উড়ে যাবে। সে কোনরূপে তোমাকে ধরতে পারবে না।

সঙ্গীদের পীড়াপীড়িতে ওকবা তাদের সঙ্গে রণাঙ্গনে গেল। যুদ্ধে কোরায়শপক্ষ পরাজয়বরণ করলে সে বিশেষ উটের পিঠে বসে পলায়নোদ্যত হল। উট তাকে এক জনশুন্য প্রান্তরে নামিয়ে দিল। সেখানে তাকে ঘোফতার করা হল। অতঃপর নবী করীম (সাঃ) তাকে হত্যা করার নির্দেশ দিলেন।

আবু নয়ীম হ্যরত আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, যখন তার কাছ থেকে মুক্তিপণ নেয়া হয়, তখন তিনি বলেন : মোহাম্মদ! যতদিন আমি জীবিত থাকব, আমাকে কোরায়শদের ফকির হয়ে থাকতে হবে। (অর্থাৎ আমি নিঃস্ব। মুক্তিপণ দেয়ার সাধ্য নেই।) রসূলুল্লাহ (সাঃ) বললেন : আপনি কোরায়শদের ফকির হবেন কেন? আপনি তো আপনার পত্নী উম্মে ফয়লকে এক খণ্ড স্বর্ণ দিয়ে এসেছেন এবং তাঁকে বলেছেন : যদি আমি নিহত হই, তবে তুমি যতদিন বাঁচবে অভিব্যক্ত হবে না। হ্যরত আবাস একথা শুনে বললেন : আমি সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর রসূল। কেননা, স্বর্ণ সম্পর্কিত এই বিষয়টি আমি এবং আমার পত্নী ছাড়া এ পৃথিবীতে আর কেউ জানে না। আল্লাহ তায়ালা ছাড়া কেউ আপনাকে এ সম্পর্কে অবগত করেনি।

ইবনে ইসহাক ও বায়হাকী যুহরী থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আবাস রসূলুল্লাহ (সাঃ)কে বললেনঃ আমার কাছে মুক্তিপণ দেয়ার মত কিছু নেই। রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ সেই সম্পদ কোথায়, যা আপনি এবং উম্মে ফয়ল মিলে মাটিতে পুঁতে রেখেছেন? আপনি উম্মে ফয়লকে বলেছেনঃ এ সফরে আমি মারা গেলে এই সম্পদ আমার সত্ত্বান ফয়ল, আবদুল্লাহ ও কাছেমের হবে। আবাস এ কথা শুনে বললেনঃ আল্লাহর কসম, আমি জানি আপনি আল্লাহর রসূল। যে বিষয়টি আপনি বললেন, তা আমি এবং উম্মে ফয়ল ছাড়া আর কেউ জানত না।

ইবনে সাদ ও বায়হাকী আবদুল্লাহ ইবনে হারেছ ইবনে নওফেল থেকে রেওয়ায়েত করেন যে, নওফেল বদর যুদ্ধে বন্দী হলে রসূলুল্লাহ (সাঃ) তাকে বললেনঃ নওফেল! মুক্তিপণ দাও। নওফেল বললঃ আমার কাছে কিছু নেই। হ্যার (সাঃ) বললেনঃ জেন্দায় তোমার যে সম্পদ আছে, সেখান থেকে মুক্তিপণ দাও। নওফেল বলল, আমি সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর রসূল। এরপর সে সেই সম্পদ থেকে মুক্তিপণ দিয়ে দিল।

ইবনে জরীর, ইবনে ইসহাক, ইবনে সাদ ও হাকেম হুসায়ন ইবনে আবদুল্লাহ ইবনে আবাস, ইকরামা ইবনে আবাস ও আবু রাফে থেকে রেওয়ায়েত করেন যে, তারা বলেনঃ আমরা আবাস-পরিবার ইসলাম গ্রহণ করার পর তা স্বয়ত্ত্বে গোপন রাখতাম। আমি আবু রাফে হ্যরত আবাস (রাঃ)-এর গোলাম ছিলাম। কোরায়শরা যুদ্ধ করার জন্যে বদরে গেলে আমরা কোন গুরুত্বপূর্ণ খবর পাওয়ার আশায় ছিলাম। হাসীমান খুয়ায়ী আমাদের কাছে রসূলুল্লাহ (সাঃ)-এর বিজয়ের সংবাদ নিয়ে এল। এতে আমাদের মনে শক্তি আসে এবং আমরা উৎকুল্পন হই। আল্লাহর কসম, আমি যময়মের ধারে উপবিষ্ট ছিলাম এবং উম্মে ফয়ল আমার কাছে ছিলেন। হঠাৎ দেখলাম দূরাচারী আবু লাহাব অহংকারে পা হেঁচড়িয়ে হেঁচড়িয়ে আগমন করল। সংবাদ আসার পর আল্লাহ তাকে অপমানিত ও লাঞ্ছিত করলেন।

আবু লাহাব এসেই কক্ষের পর্দার কাছে বসে গেল। লোকেরা এসে বললঃ সুফিয়ান ইবনে হারেছ আগমন করেছে এবং খবর জানার জন্যে মানুষ তার কাছে ভাসায়েত হয়েছে। আবু লাহাব বলল, আবু সুফিয়ান! তুমি আমার কাছে এস। তোমার নিকট খবর আছে। আবু সুফিয়ান এসে তার কাছে বসল এবং বললঃ আমরা যুদ্ধে শক্রপক্ষকে পৃষ্ঠ প্রদর্শন করেছি। ফলে তারা আমাদের শরীরে ইচ্ছামত অন্ত চালিয়েছে। আমাদের সৈন্যরা পৃষ্ঠ প্রদর্শন করেছে, এতদস্বেও আমি তাদেরকে ধিক্কার দেইনি। আমরা প্রেতকায় জওয়ানদেরকে বিচিত্র রঙের ঘোড়ায় দেখেছি। খোদার কসম, তারা কোন কিছু ছাড়ছিল না।

আবু রাফে বলেনঃ আমি হজরার পর্দা তুলে বললামঃ খোদার কসম, এরা ছিল ফেরেশতা।

এই সংবাদ শুনে আবু লাহাব দ্রুতগতিতে দাঁড়িয়ে গেল। ক্ষেত্রে ও অপমানে সে মাটিতে পা ঘর্ষণ করছিল। এ সময়েই আল্লাহ তায়ালা তাকে মারাত্মক পায়ের ফোঞ্চা রোগে আক্রান্ত করে দিলেন। অতঃপর সাতদিন অশেষ রোগ যন্ত্রণা ভোগ করার পর সে জাহানামবাসী হয়ে গেল।

আবু লাহাবের পুত্ররা তার মৃতদেহ তিনদিন পর্যন্ত গৃহে রেখে দিল এবং দাফন করা থেকে বিরত রাইল। অবশেষে মৃতদেহ পঁচে তাতে দুর্গংস সৃষ্টি হয়ে গেল। কোরায়শীরা প্রেগের অনুরূপ এই ব্যাধি থেকে দূরে থাকত। অবশেষে জনেক কোরায়শী আবু লাহাবের পুত্রদ্বয়কে বললঃ তোমাদের লজ্জা হয় না! তোমাদের পিতা গৃহে পঁচে গেল। তোমরা তাকে দাফন করছ না। পুত্ররা বললঃ আমাদের আশংকা হয় যে, এই ছেঁয়াচে রোগ আমাদেরকেও লেগে যাবে। কোরায়শী বললঃ তোমরা চল। আমি এ কাজে তোমাদেরকে সাহায্য করব।

আবু লাহাবকে তার পুত্ররা গোসল দিল না। কিন্তু দূরে দাঁড়িয়ে কিছু পানি ছিটিয়ে দিল। অতঃপর তার লাশ মক্কার উপরিভাগে নিয়ে গেল এবং একটি আচীরে ঠেস লাগিয়ে চতুর্দিকে পাথর বসিয়ে দিল।

বোধারী ও মুসলিম ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, আবু লাহাব ছয়াবিয়াকে দাসত্বের বন্ধন থেকে মুক্ত করেছিল। আর এই ছয়াবিয়াই রসূলুল্লাহ (সাঃ)-কে শৈশবে দুধ পান করিয়েছিলেন। আবু লাহাবের মৃত্যুর পর তার পরিবারের কেউ স্বপ্নে দেখল যে, সে খুব কঢ়ে আছে। সে আবু লাহাবকে জিজ্ঞাসা করলঃ তোমার কি অবস্থা হয়েছে? আবু লাহাব বললঃ তোমাদেরকে ছেড়ে আসার পর আমি এছাড়া কোন আরাম পাইনি যে, ছওবিয়াকে মুক্ত করার বদলে আমাকে এই গর্তে পান করানো হয়েছে। আবু লাহাব সেই গর্তের দিকে ইশারা করল, যা বৃক্ষাঙ্গুলি ও তার নিকটের অঙ্গুলি মিলালে তৈরী হয়।

বায়হাকী ওয়াকেদী ও অন্যান্য রাবী থেকে বর্ণনা করেন যে, কুবাছ ইবনে হায়শাম কেন্দ্রানী বদর যুদ্ধে মুশরিকদের পক্ষে উপস্থিত ছিল। সে বলেঃ আমি মোহাম্মদের সাহাবীদের সংখ্যালভতা এবং আমাদের পদাতিক ও অশ্বারোহী সৈন্যদের সংখ্যাধিক্য স্বচক্ষে দেখছিলাম এবং গর্ববোধ করছিলাম। কিন্তু পরক্ষণেই পলায়নকারীদের সঙ্গে সঙ্গে আমিও পলায়ন করলাম। আমি মনে মনে বলছিলাম—নিরাদের ছাড়া আমি কখনও কাউকে এভাবে লেজ গুটিয়ে পলায়ন করতে দেখিনি।

খন্দক যুদ্ধের পর যখন আমার অন্তরে ইসলামের নূর প্রজ্ঞালিত হল, তখন আমি রসূলুল্লাহ (সাঃ)-এর নিকট মদীনায় এলাম এবং সালাম আরয় করলাম। আমাকে দেখেই তিনি জিজ্ঞাসা করলেনঃ হে কুবাছ! তুমই সেই বাক্তি, যে বদর যুদ্ধে বলেছিলে— মহিলাদের ছাড়া আমি কাউকে এমনভাবে দিকবিদিক জ্ঞানশূন্য হয়ে পলায়ন করতে দেখিনি?

এ কথা শুনে আমার বিস্ময়ের অবাধ রইল না। আমি আরয় করলামঃ আমি সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর রসূল। উপরোক্ত কথা আমার মুখ থেকে বের হয়ে কারও কানে যায়নি। আমি কেবল এ কথা মনে মনে বলেছিলাম। আপনি নবী না হলে আল্লাহ আপনাকে এ সম্পর্কে অবহিত করতেন না। এরপর আমি মুসলমান হয়ে গেলাম।

বায়হাকী, তিবরানী ও আবু নয়াম মূসা ইবনে ওকবা ও ওরওয়া ইবনে যুবায়র থেকে রেওয়ায়েত করেন যে, তাঁরা উভয়েই বলেনঃ যখন মুশরিকদের বিপর্যয়ের সংবাদবাহক মুক্তি ফিরে এল, তখন ওমায়র ইবনে শুয়াহ জুঁহুহী এসে নিহত উমাইয়ার পুত্র ছফওয়ানের কাছে হিজর নামক স্থানে বসল। ছফওয়ান বললঃ বদরে নিহতদের কারণে জীবন দুর্বিশহ ও বিস্তাদ হয়ে গেছে। ওমায়র বললঃ হাঁ, এতে সন্দেহ নেই যে, তাদের পরে জীবনে কোন আকর্ষণ বাকী নেই। আমার উপর বড় অংকের ঝণ রয়েছে, যা শোধ করতে আমি অক্ষম। আর আমার পরিবার পরিজনের জন্যেও কোন সঁত্তি সম্পদ নেই। এ দুটি অপারগতা না থাকলে আমি অবশ্যই মোহাম্মদের দিকে যাত্রা করতাম এবং তাঁকে হত্যা করতাম। আমার সন্তান তাঁর হাতে বন্দী রয়েছে। তাই আমি বাহানা করব যে, আমি আমার পুত্রের কাছে এসেছি।

ছফওয়ান ওমায়রের কথা শুনে উৎফুল্প হয়ে উঠল। অতঃপর বললঃ তোমার যাবতীয় ঝণ আমার যিচ্ছায় এবং তোমার পরিবার-পরিজনের ভরণপোষণ তাই হবে, যা আমার পরিবারের হবে। এ ছাড়াও আমি সাধ্যানুযায়ী তোমাকে মদদ দিতে ত্রুটি করব না।

এরপর ছফওয়ান ওমায়রের জন্যে সওয়ারীর ব্যবস্থা করল এবং পাথেয় সংগ্ৰহ করল। একটি উৎকৃষ্ট, শান্তি ও বিষমিলিত তৰবাৰি তার হাতে ভুলে দিল। ওমায়র

৩৯৬

খাসায়েসুল কুবরা-১ম খণ্ড

বললঃ আমার ফিরে আসা পর্যন্ত এই পরিকল্পনা সম্পূর্ণ গোপন রাখবে এবং ঘুণাঘরেও কাউকে কিছু বলবে না।

এরপর ওমায়র মদীনায় পৌছল এবং মসজিদে নবতীর দরজার সন্নিকটে অবতরণ করল। সে এক জায়গায় সওয়ারী বেঁধে দিল এবং তরবারি হাতে নিল। অতঃপর রসূলুল্লাহ (সা:) এর দিকে যাওয়ার ইচ্ছা করল। ঘটনাক্রমে হ্যরত ওমরও তখন এসে গেলেন। তারা উভয়েই এক সঙ্গে মসজিদে প্রবেশ করলেন। হ্যুর (সা:) হ্যরত ওমরকে বললেনঃ এস ওমর, বস। অতঃপর ওমায়রের দিকে ফিরে বললেনঃ ওমায়র! তুমি কিরূপে এলে?

ওমায়রঃ আমি আমার বন্দী পুত্রের সাথে দেখা করতে এসেছি। সে আপনাদের কাছে রয়েছে।

হ্যুরঃ ওমায়র! সত্য বল। মিথ্যা বলা মহাপাপ।

ওমায়রঃ আমার লোকের সঙ্গে দেখা করা ছাড়া আমার আর কোন উদ্দেশ্য নেই।

হ্যুরঃ তুমি ছফওয়ান ইবনে উমাইয়ার সাথে হিজরের কাছে বসে কি পরিকল্পনা করে এসেছ?

ওমায়র ভীত হয়ে গেল। সে ডিঙ্গনা করলঃ আমি কি পরিকল্পনা করেছি?

হ্যুর (সা:) বললেনঃ ছফওয়ান তোমাকে এই শর্তে সম্মত করিয়ে প্রেরণ করে নাই কি যে, তুমি আমাকে হত্যা করবে এবং সে তোমার পরিবার-পরিজনের ভরণপোষণ ও ঝগ পরিশোধের দায়িত্ব নিবে?

ওমায়র হতবাক হয়ে আরয় করলঃ হে আল্লাহর রসূল! আমি সাক্ষ্য দেই যে, আপনি বাস্তবিকই আল্লাহর রসূল। ছফওয়ান ও আমার মধ্যে উপরোক্ত চুক্তি হয়েছিল। কিন্তু এটা হিল অত্যন্ত গোপন বিষয়। আমি এবং ছফওয়ান ছাড়া কেউ এটা জানত না। অবশ্যই আল্লাহ আপনাকে এ সম্পর্কে অবগত করেছেন। ওমায়র বলেনঃ এরপর আমি আল্লাহ ও তার রসূলের প্রতি ঈমান আনলাম।

এরপর ওমায়র মকাব ফিরে যান এবং ইসলাম প্রচারে আত্মনিয়োগ করেন। তাঁর হাতে অনেক মানুষ মুসলমান হয়।

বায়হাকীর রেওয়ায়েতে জুবায়র ইবনে মুতয়িম বলেনঃ বদরের বন্দীদের সম্পর্কে আলাপ-আলোচনার জন্যে আমি রসূলুল্লাহ (সা:)-এর খেদমতে উপস্থিত হলাম। তিনি তখন তাঁর সহচরগণকে নামায পড়াচ্ছিলেন। আমি তাঁকে এই আয়াত পাঠ

করতে শুনলামঃ
إِنَّ عَذَابَ رَبِّكَ لَوَاقِعٌ مَّا لَهُ مِنْ دَافِعٍ
নিশ্চয় আপনার প্রতিপালকের আয়াব অবশ্যই বাস্তবায়িত হবে। কারও সাধ্য নাই যে, একে

আয়াতখানি শুনে মনে হল যেন আমার হাদপিও বিদীর্ঘ হয়ে গেছে।

হ্যরত ইবনে আবুস (রা:) থেকে বর্ণিত আবু নয়ামের রেওয়ায়েতে নবী করীম (সা:) এরশাদ করেনঃ বদর যুদ্ধে মুশরিকদের শোচনীয় পরাজয়ের পর আমি ক্ষুধার্ত ও পিপাসার্ত অবস্থায় মদীনায় এলাম। জনেকা ইহুদী মহিলা আমার কাছে এল। তার মাথায় ছিল একটি বড় থালা, যাতে ছাগল-ছানা ভাজা করা ছিল। সে বললঃ হে মোহাম্মদ! সমস্ত প্রশংসা আল্লাহ তায়ালার, যিনি আপনাকে ছহী-সালামত রেখেছেন। আমি আল্লাহর ওয়াস্তে মানুত করেছিলাম যে, আপনি ছহী-সালামত মদীনায় ফিরে এলে এই ছাগল-ছানাটি অবশ্যই যবেহ করব এবং তা ভাজা করে আপনার সম্মুখে উপস্থিত করব। এক্ষণে এটি খেয়ে আমাকে কৃতার্থ করুন। আল্লাহ তায়ালা ছাগল-ছানাকে বাকশক্তি দান করলেন। সে বললঃ হে মোহাম্মদ! আমাকে খাবেন না। আমার মধ্যে বিষ মিশ্রিত আছে।

আনুষঙ্গিক আলোচনা

সুবকী (রহঃ)-কে কেউ প্রশ্ন করলঃ রসূলুল্লাহ (সা:)-এর সঙ্গে মিলিত হয়ে ফেরেশতাদের যুদ্ধ করার রহস্য কি? জিবরাইল (আ:) একাই তো নিজের একটি পাখা দ্বারা সমগ্র কাফের বাহিনীকে হটিয়ে দিতে সক্ষম ছিলেন।

এ প্রশ্নের জওয়াবে সুবকী (রহঃ) বলেনঃ আল্লাহর তায়ালা চেয়েছেন যে, এটা নবী (সা:) ও তাঁর সাহাবীগণের কাজ হোক এবং সামরিক নিয়ম অনুযায়ী যেমন এক বাহিনী অন্য বাহিনীকে সাহস্য করে, তেমনি ফেরেশতারা মুসলমানদের মদদ দান করুক। এতে কারণ ও ঘটনা এবং মানুষের মধ্যে প্রবর্তিত আল্লাহ তায়ালার নিয়ম-কানুনের প্রতি লক্ষ্য রাখা হয়েছে। আল্লাহ তায়ালাই সবাকিছুর কর্তা।

কোরআনে আছে

وَمَا أَنْزَلْنَا عَلَىٰ قَوْمٍ مِّنْ بَعْدِهِ مِنْ جُنْدٍ مِّنَ السَّمَاءِ وَمَا كُنَّا مُنْزِلِينَ

আমি তার পরে তার সম্প্রদায়ের বিরুদ্ধে আকাশ থেকে কোন বাহিনী প্রেরণ করিনি এবং এর প্রয়োজনও ছিল না।

এই আয়াতের ব্যাখ্যা প্রসঙ্গে আল্লামা জারুল্লাহ যমখশরী বলেনঃ প্রশ্ন হতে পার যে, আল্লাহতায়ালা বদর যুদ্ধে ও খন্দক যুদ্ধে আকাশ থেকে ফেরেশতা বাহিনী নাফিল করলেন কেন? এ সম্পর্কে তিনি বলেনঃ

فَارْسَلْنَا عَلَيْهِمْ رِحَّاً جُنُودًا لَّمْ تَرُوهَا

অতঃপর আমি তাদের বিরুদ্ধে বায় এবং তোমাদের দৃষ্টি থেকে অদৃশ্য বাহিনী
প্রেরণ করলাম।

بِأَلْفِ مِنَ الْمَلَائِكَةِ مُرْدِفِينَ

আমি সাহায্য করেছি পর পর আগমনকারী এক হাজার ফেরেশতা দ্বারা।

بِشَّالَاتِ أَلْأَفِ مِنَ الْمَلَائِكَةِ مُسْرِلِينَ

অবতরণকারী তিন হাজার ফেরেশতা দ্বারা

আমি এ প্রশ্নের জওয়াবে বলব যে, একজন ফেরেশতাই যথেষ্ট হত, যেমন
কওমে লৃতের শহর জিবরাইল (আঃ)-এর পাখা দ্বারা ধ্বনি করে দেয়া হয়েছিল।
সামুদ্র গোত্রের বসতিসমূহ এবং কওমে- ছালেহকে একটিমাত্র চীৎকারের মাধ্যমে
নিষ্ঠনাবৃদ্ধ করে দেয়া হয়েছিল। কিন্তু আল্লাহ তায়ালা প্রত্যেক ব্যাপারে মোহাম্মদ
(সাঃ)-কে মহান পয়গাম্বর এবং স্থিরপ্রতিজ্ঞ রসূলগণের উপর শ্রেষ্ঠত্ব দান
করেছেন। হাবীব নাজার কি জিনিস! মাহায্য ও সম্মানদানের এমনসব উপায়াদি
তাঁর ক্ষেত্রে অবলম্বন করা হয়েছে, যা অন্য কারও ক্ষেত্রে অবলম্বন করা হয়নি।
সম্মানদানের এসব উপায়ের মধ্য থেকে একটি হচ্ছে তাঁর জন্যে আকাশ থেকে
বাহিনী নাখিল করব। আয়াতে “আমি প্রেরণ করিনি” “এবং এর প্রয়োজনও ছিল
না” এসব কথা বলে আল্লাহ পাক যেন ইশারা করেছেন যে, আকাশ থেকে বাহিনী
প্রেরণ করে সাহায্য করা মাঝুলী ব্যাপার নয় বরং বিরাট ব্যাপার সম্মতের
যার যোগ্য কেউ নেই। কিন্তু মোহাম্মদ (সাঃ)-এর কথা স্বতন্ত্র, তাঁকে ছাড়া আমি
কারও জন্যে আসমান থেকে বাহিনী নাখিল করি না।

গাতফান যুদ্ধ

মোহাম্মদ ইবনে যিয়াদ, সায়দ ইবনে আবু এতাব ও ওয়াকেদী ঘাহহাক ইবনে
ওহ্মান ও আবদুর রহমান ইবনে মোহাম্মদ ইবনে আবু বকর প্রমুখ থেকে
বেগুনায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) সংবাদ পান যে, বনী ছালাবার গাতফান
গোত্র যীআমর নামক স্থানে সমবেত হয়েছে। তাদের পরিকল্পনা হ্যুর (সাঃ)-কে
চারদিক থেকে ঘিরে গেলা। তাদের নেতা হচ্ছে দাঁচুর ইবনে হারেছ। এ সংবাদের
ভিত্তিতে রসূলুল্লাহ (সাঃ) চারশ' যোদ্ধা নিয়ে রওয়ানা হন। তারা পাহাড়ে
অস্তাগোপন করল। হ্যুর (সাঃ) যীআমরে অবতরণ করে বাহিনী সন্নিবেশিত
করলেন। এ সময় প্রচুর বৃক্ষপাত হল। হ্যুর (সাঃ) প্রকৃতির ভাকে সাড়া দেওয়ার
জন্যে চলে গেলেন। মৃচ্ছির পানিতে তাঁর কাপড় ভিজে গেল। তিনি উগ্রভুক্ত এক
বৃক্ষের কাছে যেতে কাপড় ধূলি ফেললেন। অতঃপর ভিজা কাপড় নিংড়ে হকানের

জন্যে ছড়িয়ে দিলেন এবং নিজে বৃক্ষের নিচে শয়ন করলেন। জনেক বেদুইন শক্ত
তাঁকে লক্ষ্য করছিল। সে দলনেতাকে বললঃ হে দাঁচুর! তুমি আমাদের বীর
সরদার। এক্ষণে মোহাম্মদ তার সঙ্গীদের থেকে দূরে তোমার আয়ত্তের মধ্যে
রয়েছে।

দাঁচুর উলঙ্গ তরবারি হাতে নিয়ে হ্যুর (সাঃ)-এর নিকটে এসে বললঃ
মোহাম্মদ! তোমাকে আজ কে রক্ষা করবে? হ্যুর (সাঃ) গভীর স্বরে বললেনঃ
আল্লাহ।

জিবরাইল (আঃ) দাঁচুরের বুকে আঘাত করে দূরে ঠেলে দিলেন। ভয়ে তার
হাত থেকে তরবারি খসে পড়ল।

রসূলুল্লাহ (সাঃ) দ্রুত সেই তরবারি তুলে নিলেন এবং দাঁচুরের মাথার উপর
উভোলন করে বললেনঃ এখন তোকে আমার হাত থেকে কে রক্ষা করবে? সে
বললঃ কেউ না। সে আরও বললঃ আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া কোন মাবৃদ
নেই, মোহাম্মদ আল্লাহর রসূল। হ্যুর (সাঃ) দাঁচুরের তরবারি ফিরিয়ে দিলেন। সে
পিছনে সরে গেল, অতঃপর অগ্রসর হল এবং বললঃ আপনি আমার চেয়ে শ্রেষ্ঠ।
হ্যুর (সাঃ) বললেনঃ তোমার চেয়ে শ্রেষ্ঠ হওয়াই আমার জন্যে সমীচীন।

দাঁচুর তার সম্পদায়ের কাছে গেলে তারা বললঃ পরিতাপের বিষয়, তুমি কিছুই
করতে পারলে না; কিছু কথাবার্তা বলে ফিরে এসেছ। অথচ তুমি সশ্রদ্ধ ছিলে এবং
সে নিরন্তর ও অন্যমন্ত্র করে নি।

দাঁচুর বললঃ হত্যা করাই আমার অভিষ্ঠায় ছিল; কিন্তু কাছে পৌছার পর এক
শ্রেষ্ঠকায় ও দীর্ঘদেহী ব্যক্তির আবির্ভাব ঘটল। সে আমার বুকে ঘূরি মারলে আমি
মাটিতে পড়ে গেলাম। আমি চিনেছি এই লোকটি ছিল ফেরেশতা। পরক্ষণেই
আমি সাক্ষ্য দিলাম যে, মোহাম্মদ আল্লাহর রসূল। এরপর দাঁচুর তার সমগ্র
গোত্রকে ইসলামের দাওয়াত দিল। এ স্থলে নিমোক্ত আয়ত অবর্তীর্ণ হয়ঃ

يَا أَيُّهَا الَّذِينَ أَمْنَوْا ذَكْرَ رَبِّهِمْ نَعْمَلُ مَا شَاءُمْ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ فَكَفَ أَيْدِيهِمْ عَنْكُمْ

মুমিনগণ! শরণ কর তোমাদের প্রতি আল্লাহর নেয়ামতের কথা যখন একটি
সম্পদায় তোমাদের প্রতি হস্ত প্রস্তাবিত করার সংকল্প করল, তখন আল্লাহ তাদের
হাত স্তুক করে দিলেন।

ইহুদীদের চুক্তি লঙ্ঘন ও নির্বাসন

এয়াকুব ইবনে সুফিয়ান তিনটি মাধ্যমে ইবনে শেহাব থেকে রেওয়ায়েত করেন যে, বদর যুদ্ধের ছয় মাস পর রসূলুল্লাহ (সাঃ) বনী-নুয়ায়রের ইহুদীদের অবরোধ করেন। অবশেষে তারা দেশত্যাগে সম্মত হয়ে যায়। রসূলুল্লাহ (সাঃ) তাদেরকে অর্থ সম্পদ ও আসবাবপত্র জাতীয় যা কিছু উট বহন করতে পারে, তা নিয়ে অন্যত্র চলে যাবার অনুমতি দিলেন। কিন্তু অন্তর্শত্র নেয়া নিষিদ্ধ করে দিলেন। তিনি তাদেরকে সিরিয়ার দিকে নির্বাসিত করে দিলেন।

গৃহসামগ্রীর মধ্যে কাঠ, চৌকাঠ ইত্যাদি যা কিছু তাদের পছন্দনীয় ছিল, তারা সব খুলে উটের পিঠে বহন করে নিয়ে গেল। আল্লাহ তায়ালা তাদের সম্পর্কে **سَبَحَ مَافِي السَّمَاءِ وَلَيَجِزِي الْفَاسِقِينَ** পর্যন্ত আয়াত নায়িল করেন। বনী-নুয়ায়রের ইহুদীরা তওরাতে উল্লিখিত যাবত সম্পদায়ভূত ছিল। রসূলুল্লাহ (সাঃ)-এর পূর্বে এরা কখনও এমন বিপর্যয়ের সম্মুখীন হয়নি।

বোখারী ও মুসলিম হয়রত ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বনী নুয়ায়রের ধন-সম্পদ আল্লাহ তায়ালা স্বীয় রসূলকে (সাঃ) দিয়েছিলেন। এসব ধন-সম্পদের জন্যে মুসলিম বাহিনীকে কোনরূপ যুদ্ধ করতে হয়নি। তাই এগুলো বিশেষভাবে রসূলুল্লাহ (সাঃ)-এর ছিল। এসব সম্পদ থেকে তিনি আপন পদ্ধীগণকে বার্ষিক খোরগোষ দিতেন। এরপর যা অবশিষ্ট থাকত, তা আল্লাহর পথে জেহাদের জন্যে ঘোড়া ও অন্তর্জয়ে ব্যয়িত হত।

বায়হাকী ও আবু নয়ীম মূসা ইবনে ওকবা ও ওরওয়া ইবনে যুবায়র থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) বনু-কেলাবের রক্তপণের ব্যাপারে বনু নুয়ায়রের সাহায্য লাভের উদ্দেশ্যে তাদের মধ্যে গমন করেন। বনু নুয়ায়র বললঃ হে আবুল কাসেম! আপনি বসুন, আহার করুন, অতঃপর আমাদের তরফ থেকে রক্তপণের অর্থ নিয়ে যান।

হ্যুর (সাঃ) সঙ্গীগনসহ এক প্রাচীরের ছায়ায় বসে গেলেন। বনু-নুয়ায়র একে সুবর্ণ সুযোগ মনে করল। তারা পরামর্শ করে স্থির করল যে, অমুক ইহুদী প্রাচীরের উপরিভাগে আরোহণ করে হ্যুর (সাঃ)-এর মাথার উপর একটি বড় পাথর গড়িয়ে দিবে, যাতে তিনি সেখানেই প্রাণত্যাগ করেন।

আল্লাহ তায়ালা ওহীর মাধ্যমে রসূলুল্লাহ (সাঃ)কে এই ঘড়্যন্ত সম্পর্কে অবহিত করালেন। তিনি বিলম্ব না করে সাহাবীগণকে নিয়ে সেখান থেকে ফিরে এলেন। এ হলে এই আয়াত নায়িল হয় —

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذْ كُرُوا نَعْمَتُ اللَّهِ عَلَيْكُمْ إِذْ هُمْ قَوْمٌ أَنْ يَسْطُوا إِلَيْكُمْ أَيْدِيهِمْ

মুমিনগণ! তোমরা আল্লাহর নেয়ামত স্মরণ কর যখন একটি সম্প্রদায় তোমাদের প্রতি তাদের হাত প্রসারিত করার সংকল্প করেছিল।

ইহুদীদের পুনঃ পুনঃ চুক্তি লঙ্ঘন ও ঘড়্যন্তে অতিষ্ঠ হয়ে রসূলুল্লাহ (সাঃ) ওদেরকে শহর ছেড়ে যেখানে ইচ্ছা চলে যাওয়ার আদেশ দিলেন। মদীনার মুনাফিকরা তাদেরকে সাহায্য ও সহযোগিতার আশ্বাস দিল এবং বলে পাঠাল-আমাদের জীবন-মরণ তোমাদের সাথে এক সূতায় গাঁথা। তোমরা যুদ্ধ করলে তোমাদের সাহায্য করা আমাদের জন্যে অপরিহার্য হবে। আর তোমাদেরকে বহিক্ষার করা হলে আমরাও পিছনে থাকব না।

মুনাফিকদের এই প্রস্তাবে ইহুদীরা ভরসা করে ঘড়্যন্তের জাল আরও বিস্তৃত করল। শয়তানও তাদেরকে বিজয়ী হওয়ার আশা দিল। তারা নবী করীম (সাঃ) ও সাহাবায়ে-কেরামকে ডেকে বললঃ খোদার কসম! আমরা মাতৃভূমি ছেড়ে কোথাও যাব না এবং প্রয়োজন হলে যুদ্ধ করব।

ইহুদীদের এ কথা শুনে রসূলুল্লাহ (সাঃ) তাদের অবরোধ করলেন এবং শেষ পর্যন্ত আদেশ মানতে বাধ্য করলেন। আল্লাহ তায়ালা ইহুদী ও মুনাফিকদের হাত নিষ্ক্রিয় রাখলেন। তারা যুদ্ধ করতে সক্ষম হল না। মুনাফিক তো মুনাফিকই। তারা ইহুদীদের সাথেও মুনাফেকী করল এবং কোনরূপ সাহায্য দিল না। উভয় সম্প্রদায়ের মনে আল্লাহ তায়ালা মুসলমানদের ভয়ভীতি ঢুকিয়ে দিলেন।

মুনাফিকদের সাহায্য থেকে নিরাশ হয়ে ইহুদীরা নিজেরাই মদীনা ছেড়ে দেয়ার প্রস্তাব পাঠাল। রসূলুল্লাহ (সাঃ) প্রস্তাব মেনে নিয়ে তাদেরকে অন্ত ছাড়া সকল অস্থাবর সম্পত্তি সঙ্গে নিয়ে যাওয়ার অনুমতি দিলেন।

ওয়াকেদী ইবরাহীম ইবনে জাফর থেকে এবং তিনি তাঁর পিতা থেকে রেওয়ায়েত করেন যে, বনু-নুয়ায়র মদীনা ত্যাগ করার পর আমর ইবনে সাদী সেখানে আসে এবং ইহুদীদের পরিত্যক্ত বাস্তুভিটা পরিদর্শন করে। সে জনশূন্য বাসভবনগুলো দেখার পর বনু-কোরায়ার কাছে যায় এবং বলেঃ আজ আমি শিক্ষাপ্রদ দৃশ্য দেখে এসেছি। যাদের সম্মান, বীরত্ব ও শৌরবের কোন শেষ ছিল না আমাদের সেই ভাইদের গৃহগুলোকে উজাড়, শুশান ও ভয়ংকর আকৃতিতে দেখেছি। তারা বিপুল ধন সম্পত্তি পরিত্যাগ করে অপমান ও গান্ধির বোধা কাঁধে

নিয়ে বের হয়ে গেছে। তওরাতের কসম, আল্লাহ এই ব্যক্তিকে বিনা কারণে তাদের উপর ঢাও করে দেননি। আমার কথা মানলে এস আমরা সকলেই মোহাম্মদ (সাঃ)-এর অনুসারী হয়ে যাই। আল্লাহর কসম! তোমার অবশ্যই জান যে, তিনি সত্য নবী। ইবনুল-হাবিবান আবু আমর এবং ইবনে জাওয়াম প্রমুখ ছিলেন ইহুদীদের সর্বাপেক্ষা বড় আলেম। তারা মোহাম্মদ (সাঃ)-এর সুসংবাদ দিয়েছেন। শুধু তাই নয়, তারা আখেরী নবীর (সাঃ) সাক্ষাত পেতে পারেন এই আশাবাদের উপর ভিত্তি করেই মাতৃভূমি বায়তুল-মোকাদ্দাস ত্যাগ করে এই বিজন তৃণ-লতাহীন মরু এলাকায় চলে এসেছিলেন। তারা আমাদেরকে এই নবীর আনুগত্য করার পরামর্শ দিয়েছিলেন এবং তাদের সালাম নবীর কাছে পৌঁছিয়ে দিতে বলেছিলেন। এরপর তারা ইস্তেকাল করেন এবং আমরা তাদেরকে এই কংকরময় ভূমিতে দাফন করে দেই।

এসব কথা শুনে যুবায়র ইবনে বাত্তা বললঃ মোহাম্মদের (সাঃ) গুণাবলী সেই তওরাতে রয়েছে, যা মুসা (আঃ)-এর প্রতি অবতীর্ণ হয়েছে। আমি তা পড়েছি। আজকাল আমাদের সামনে যে রেওয়ায়েত শোনানো হয়, তাতে এ কথা নেই।

এ কথা শুনে কাব ইবনে আসআদ বললঃ তা হলে মোহাম্মদের (সাঃ) অনুসরণে বাধা কিসের?

সে বললঃ ব্যস, তুমিই বাধা। কাব জিজাসা করলঃ এ কথা তুমি কিরূপে বলছ? আমি তো তোমাদের এবং তার মধ্যে কখনও অন্তরায় হইনি।

যুবায়র বললঃ তুমিই তো আমাদের মুরাবিব। তুমি মেনে নিলে আমাদের জন্যে মেনে নেয়া সহজ হয়ে যাবে এবং কোন বাধা থাকবে না।

এরপর আমর ইবনে সাদী কাবের মুখোমুখি দাঁড়িয়ে গেল এবং এ ব্যাপারে উভয়ের মধ্যে কথা কাটাকাটি হতে লাগল। কাব বললঃ আমার কাছে মোহাম্মদ সম্পর্কে কোন কথা নেই; যা আছে, তা এই যে, তাঁর অনুসারী হতে আমার মন সন্তুষ্ট হয় না।

আবু নয়ীম হ্যরত জাবের (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বনু-নুয়ায়রের দীর্ঘকাল অবরোধ চলাকালে একদিন নবী করীম (সাঃ)-এর কাছে জিবরাস্তল আগমন করলেন। তিনি তখন মাথা ধৌত করছিলেন। জিবরাস্তল বললেনঃ হে আল্লাহর নবী! আপনার লোকেরা কত তাড়াতাড়িই না ঝান্ত হয়ে গেছেন! আল্লাহর কসম, যতদিন ধরে আপনি এখানে অবতরণ করেছেন, আমরা লৌহবর্মণ খুলিনি। উঠুন, অন্তসজ্জিত হোন। পরিষ্কার পাথরে তিম পিষ্ট করার মত আমি ওদেরকে পিষ্ট করে দিব।

কাব ইবনে আশরাফের হত্যা

ইবনে ইসহাক, ইবনে রাহওয়াইহি, আহমদ ও বায়হাকী হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) সেই লোকদের সাথে বাকিউল গারকাদ পর্যন্ত চলে গেলেন, অতঃপর তাদেরকে গন্তব্য স্থলের উদ্দেশ্যে প্রেরণ করলেন এবং বললেনঃ আল্লাহর নাম নিয়ে যাও। তিনি তাদের জন্যে দোয়া করলেনঃ হে আল্লাহ!, তাদের মদদ কর।

এরা ছিল সেই সব লোক, যাদেরকে তিনি কাব ইবনে আশরাফকে হত্যা করার জন্য প্রেরণ করেছিলেন।

বায়হাকী আবদুল্লাহ ইবনে মুয়াইকিব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কাব ইবনে আশরাফকে হত্যা করার ঘটনায় হারেছ ইবনে আরস (রাঃ) মাথা ও পায়ে আঘাত পান। আহত অবস্থায় লোকেরা তাঁকে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে বহন করে আনলে তিনি তার যথমে খুঁতু লাগিয়ে দেন। ফলে তার ব্যথা-বেদনা দূর হয়ে যায়?

ওহুদ যুদ্ধ

বোখারী ও মুসলিম হ্যরত আবু মুসা আশআরী থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন— আমাকে স্বপ্নে দেখানো হয়েছে যে, আমি মক্কা থেকে এমন এক ভূখণ্ডের দিকে হিজরত করব, যেখানে খর্জুর বাগান আছে। আমি ধারণা করলাম যে, সেই ভূখণ্ড ইয়ামামা কিংবা হিজল হতে পারে। অতঃপর অক্ষয়াঙ্গ জানা গেল যে, সেই ভূখণ্ড ইয়াচ্চিব (মদীনা)। এতদসঙ্গেই আমি দেখলাম যে, আমি একটি তরবারি হাতে নিয়েছি। অমনি তার হাতল ভেঙ্গে গেল। এর ব্যাখ্যা ছিল সেই বিপর্যয়, ওহুদ যুদ্ধে মুসলিম বাহিনী যার সম্মুখীন হয়। স্বপ্নে আমি আবার সেই তরবারি স্বুরালাম। অমনি তা যেমন পূর্বে ছিল, তেমনি হয়ে গেল। এর ব্যাখ্যা ছিল সেই বিজয়, যা পরিশেষে আল্লাহ তায়ালা আমাদেরকে দান করেন, যা মুসলমানদের পুনরায় একত্রিত হওয়ার কারণে সম্ভব হয়েছিল।

ইমাম আহমদ, বায়হাক ও তিবরানী হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওহুদ যুদ্ধের সময় মুশরিক বাহিনী অগ্রসর হলে রসূলুল্লাহ (সাঃ)-এর মত ছিল মদীনায় অবস্থান করে শত্রুর মোকাবিলা করা। পক্ষান্তরে ইতিপূর্বে বদর যুদ্ধে যারা অনুপস্থিত ছিল, তারা আরব করলঃ ইয়া রাসূলুল্লাহ! আপনি আমাদের সঙ্গে শহরের বাইরে চলুন। আমরাও ওহুদে শত্রু সৈন্যের সাথে যুদ্ধে লিঙ্গ হব। অবশেষে তাদের পীড়াপীড়িতে রসূলুল্লাহ (সাঃ) যুদ্ধসাজ পরিধান করে যুদ্ধের জন্যে প্রস্তুত হলেন।

অতঃপর এই দলটি অনুপ্ত হল এবং রসূলুল্লাহ (সা:) -এর রায়কে অগাধিকার দিল। তারা আরয় করলঃ ইয়া রসূলুল্লাহ! আপনার অভিমতই সঠিক ও নির্ভুল। আপনি মদ্রেন বাইরে যাবেন না এবং এখানে থেকেই যুদ্ধ করুন।

হ্যুর (সা:) বললেনঃ অস্ত্র পরিধান করার পর যুদ্ধ না করেই তা খুলে ফেলা কোন নবীর পক্ষে শোভা পায় না। অতএব, ওহদেই চল।

সেদিন অস্ত্র পরিধানের পূর্বে তিনি কথা প্রসঙ্গে বলেছিলেনঃ আমি স্বপ্নে নিজেকে একটি মজবুত লোহবর্মের মধ্যে দেখেছি। এর অর্থ আমি এই পেয়েছি যে, সেই মজবুত লোহবর্ম হচ্ছে মদ্রেন। আমি স্বপ্নে আরও দেখেছি যে, আমি একটি মেষের পিছনে আছি। আমি এর অর্থ এই নিয়েছি যে, সেই মেষ হচ্ছে বাহিনীর সরদার। আমি স্বপ্নে আরও দেখেছি যে, আমার তরবারি যুলফীকারে ছিদ্র হয়ে গেছে। আমি এর অর্থ নিয়েছি যে, তোমাদের পরাজয় হবে। অতঃপর আমি গাড়ী দেখেছি। আল্লাহর কসম, গাড়ী হচ্ছে কল্যাণ।

আহমদ, বায়বার, হাকেম ও বায়হাকী হ্যরত আনাস (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) বলেনঃ আমি স্বপ্নে দেখেছি আমি যেন একটি মেষের পিছনে আছি এবং আমার তরবারির কিনারা ভেঙ্গে গেছে। আমি এর অর্থ নিয়েছি যে, আমি শক্ত বাহিনীর সরদারকে হত্যা করব। আর তরবারির কিনারা ভেঙ্গে যাওয়ার অর্থ নিয়েছি যে, আমার পরিবারের এক ব্যক্তি নিহত হবে। সে যতে হ্যরত হাম্মদা (রা:) নিহত হলেন এবং কাফেরদের ঝাঙ্গাবাহী তালহা হজৰীও মুসলমানদের দ্বারা নিহত হয়।

বায়হাকীর রেওয়ায়েতে আছে যে, হাদীসবিদগণ বলেনঃ রসূলুল্লাহ (সা:) আপন তরবারি সম্পর্কে স্বপ্নে যা দেখেছিলেন, সেটা ছিল সেই আঘাত, যা তার পবিত্র মুখ্যমণ্ডলে লেগেছিল।

বায়হাকী মুসা ইবনে উকবা ও সায়ীদ ইবনে মুসাইয়ির থেকে রেওয়ায়েত করেন যে, উবাই ইবনে খলফ মুক্তিপণ দেয়ার সময় বলেছিল- আমার কাছে একটি ঘোড়া আছে, যাকে আমি ‘প্রত্যহ চারশ’ রতল ভুট্টা খাওয়াই। এই ঘোড়ায় সওয়ার হয়ে আমি মোহাম্মদকে (সা:) হত্যা করব। তার এসব কথা জানতে পেরে রসূলুল্লাহ (সা:) বললেনঃ বরং ইনশাআল্লাহ আমি তাকে হত্যা করব।

এরপর ওহদ যুদ্ধের সময় উবাই ইবনে খলফ লৌহ বর্ম পরিহিত অবস্থায় সেই ঘোড়ায় চড়ে আগমন করল। সে বললঃ মোহাম্মদ আগের বার বেঁচে গেছে। এবার তাকে কিছুতেই ছাড়ব না। সে হ্যুর (সা:)-এর উপর হত্যার উদ্দেশ্যে হামলা করল। রাবী সায়ীদ ইবনে মুসাইয়ির বলেন- অনেক মুসলিম সৈন্য উবাইয়ের পথরুদ্ধ করতে চাইল। কিন্তু তিনি গভীর স্বরে বললেনঃ ওর পথ ছেড়ে দাও।

তাকে আসতে দাও। অতঃপর তিনি উবাইয়ের শরীরে শিরস্ত্রাণ ও বর্মের মাঝখানে বর্শা দিয়ে আঘাত করলেন। সে আহত হয়ে অশ্বপৃষ্ঠ থেকে মাটিতে পড়ে গেল। বর্শার আঘাতে তার রক্ত বের হল না। সায়ীদ বলেনঃ উবাইয়ের পাঁজরের একটি অঙ্গ ভেঙ্গে গেল।। এ সম্পর্কে **وَمَا رَمَيْتَ إِذْ رَمَيْتَ الْخ** আয়াত নাফিল হয়।

উবাই মাটিতে পড়ে যাওয়ার পর তার কয়েকজন সাথী অবস্থা জিজ্ঞাসা করার জন্যে এগিয়ে এল। কিন্তু সে তখন ঘাঁড়ের মত গর্জন করছিল। তারা বললঃ তুমি এত চেঁচামেচি করছ কেন? তোমার তো সামান্য একটি আঁচড় লেগেছে মাত্র। উবাই বললঃ আল্লাহর কসম, সে আমাকে হত্যা করবে বলেছিল। এখন আমার প্রাণ তার হাতে। যে কষ্ট আমার হচ্ছে, তা গোটা একটি কবিলার লোকদের হলে তারা সকলেই মরে যেত। অতঃপর মকায় পৌঁছার পূর্বেই পথিমধ্যে তার প্রাণবায়ু নির্গত হয়ে গেল।

ইবনে ইসহাক ইবনে শিহাব, আছেম ইবনে ওমর, ইবনে কাতাদাহ প্রমুখ থেকে রেওয়ায়েত করেন যে, ওহদ যুদ্ধে মুশরিকদের দল থেকে এক উষ্ট্রারোহী বের হল। সে মল্ল যুদ্ধের জন্যে কাউকে ডাকল। যুবায়র লাফ দিয়ে তার উটের পিঠে বসে গেলেন এবং উটের ঘাড় চেপে ধরলেন। সেখানে থেকেই তিনি প্রতিপক্ষের সাথে যুদ্ধ করতে লাগলেন। রসূলুল্লাহ (সা:) বললেনঃ যে নিম্নভূমিতে থাকবে, সে নিহত হবে। কিছুক্ষণের মধ্যে মুশরিক মাটিতে পড়ে গেল এবং যুবায়র তার উপরে পড়ে গেলেন। তিনি মুশরিকের তরবারি দিয়ে তাকে যবেহ করলেন। বায়হাকীও এ হাদীসটি রেওয়ায়েত করেছেন।

আহমদ, বোখারী, ও নাসায়ী হ্যরত বারা (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সা:) ওহদ যুদ্ধে পঞ্চশজন তীরন্দাজকে হ্যরত আবদুল্লাহ ইবনে জুবায়রের নেতৃত্বে একটি বিশেষ স্থানে মোতায়েন করে বললেনঃ যদি তোমরা দেখ যে, পাথী আমাদেরকে ছো মেরে নিয়ে গেছে, তবুও পুনরাদেশ না দেয়া পর্যন্ত এ স্থান ত্যাগ করবে না।

এরপর মুসলিম বাহিনীর আক্রমণে মুশরিকরা পলায়ন করল। রাবী বলেনঃ আমি নারীদেরকে পাহাড়ের উপর দৌড়াতে দেখেছি। তাদের পায়ের থোকা থোকা অলঙ্কার খুলে গিয়েছিল। তারা পরনের কাপড় উপরে তুলে নিয়েছিল। এই পরিস্থিতি দেখে আবদুল্লাহ ইবনে জুবায়রকে তার সঙ্গীরা বললঃ গণীমত আহরণ কর না কেন? আমাদের মুসলিম বাহিনী বিজয়ী হয়েছে। এখন তুমি কিসের অপেক্ষায় আছ?

হযরত আবদুল্লাহ ইবনে জুবায়র বললেনঃ তোমরা কি হ্যুর (সাঃ)-এর জোরদার আদেশ ভুলে গেছ যে, পুনরাদেশ না আসা পর্যন্ত এ স্থান ত্যাগ করবে না?

সঙ্গীরা বললঃ যুক্তের সমাপ্তি ঘটেছে। এখন এখানে থাকা মোটেই জুরুরী নয়। গনীমত সংগ্রহের কাজে আমাদের অবশ্যই অংশ নেয়া উচিত। অতঃপর তারা দলনায়কের সম্মতির অপেক্ষা না করেই সে স্থান ত্যাগ করল। এ গিরিপথটি অরক্ষিত দেখতে পেয়ে পলায়নপর মুশরিক সৈন্যরা পিছন দিক থেকে আক্রমণ করে বসল এবং মুহূর্তের মধ্যে পরিস্থিতি পাল্টে গেল। এই পরিস্থিতি সম্পর্কে

وَالرَّسُولُ يَدْعُوكُمْ فِي أَخْرَأَكُمْ

রসূল তোমাদেরকে পশ্চাতের দিকে ডাকছিলেন। এ সময় হ্যুর (সাঃ)-এর কাছে বার জন অনুগত মুসলিম ছাড়া কেউ ছিল না। মুশরিকরা আমাদের স্বরূপ ব্যক্তিকে শহীদ করল। অথচ বদর যুক্তে রসূলুল্লাহ (সাঃ) ও তাঁর ছাহাবায়ে কেরামের হাতে স্বরূপ জন মুশরিক নিহত এবং স্বরূপ আহত হয়েছিল।

ইমাম আহমদ ও বায়হাকী হযরত ইবনে আবুস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) ওহুদ যুক্তে যে সাহায্য ও সমর্থন পেয়েছিলেন, তেমন অন্য কোথাও পাননি। মানুষ এটা অস্বীকার করেছে। হযরত ইবনে আবুস (রাঃ) বলেনঃ যারা এটা অস্বীকার করেছে, তাদের মধ্যে ও আমার মধ্যে আল্লাহর কিতাব ফয়সালাকারী রয়েছে। ওহুদ যুক্ত সম্পর্কে আল্লাহ তায়ালা বলেনঃ

وَلَقَدْ صَدَقْتُمُ اللَّهُ وَعْدَهُ إِذْ تَحْسُنُونَهُمْ بِإِيمَانِ

নিশ্চয়ই আল্লাহ তাঁর প্রতিশ্রুতি সত্য করে দেখিয়েছেন যখন তোমরা তাঁর নির্দেশে মুশরিকদেরকে হত্যা করছিলে। **حَتَّىٰ إِذَا فَسَلَّمْتُمْ** অবশেষে যখন ভীরূতা প্রদর্শন করলে এর অর্থ সেই তীরন্দাজ দল।

ঘটনা এই যে, নবী করীম (সাঃ) তীরন্দাজগণকে এক জায়গায় মোতায়েন করে বললেনঃ তোমরা আমাদের পশ্চাত ভাগের হেফায়ত করবে। যদি আমাদেরকে দলে দলে নিহত হতেও দেখ, তবুও তোমরা আমাদের সাহায্যার্থে অঞ্চল হবে না। যদি দেখ আমরা গনীমত সংগ্রহ করছি, তবুও আমাদের সাথে শরীক হবে না। কিন্তু যখন রসূলুল্লাহ (সাঃ) যুক্তে প্রবৃত্ত হলেন এবং মুশরিক বাহিনীকে তচ্ছন্দ করে দিলেন, তখন তীরন্দাজরাও এসে গণীমত সংগ্রহে শামিল হয়ে গেল। তারা স্থান ত্যাগ করতেই রসূলুল্লাহ (সাঃ) ও সাহাবায়ে-কেরামের পশ্চাত্দিক থেকে মুশরিক বাহিনী চুক্তে পড়ল। এমতাবস্থায় মুসলিম বাহিনী একেবারে ছত্রভঙ্গ ও বিশ্বাল হয়ে গেল এবং মুসলমানরা শাহাদতবরণ করতে লাগল। এ যুক্তে মুশরিকদের সাত

অথবা নয়জন পতাকাবাহী নিহত হল। এ সময় শয়তান ঘোষণা ছড়িয়ে দিল-মোহাম্মদ নিহত হয়েছেন। এই আওয়াজের বিশুদ্ধতায় কারও সন্দেহ হল না। অবশেষে রসূলুল্লাহ (সাঃ) দুই সাঁদের মাঝখানে আত্মপ্রকাশ করলেন। তাঁর নুয়ে চলার কারণে আমরা তাঁকে চিনে নিলাম। তখন আমাদের আনন্দ আর ধরে না। মনে হচ্ছিল যেন আমরা কোন কঠেই পতিত হইনি। হ্যুর (সাঃ) আমাদের দিকে অঞ্চল হলেন। তিনি বলছিলেনঃ সেই জাতির প্রতি আল্লাহর ক্রোধান্ত তীব্রতর হয়ে গেছে, যে তার রসূলের মুখমণ্ডলকে রক্ষাক করেছে। তিনি আরও বললেনঃ

اللَّهُمَّ لِيْسَ لَهُمْ أَنْ يَعْلُوْنَا

হে আল্লাহ! আমাদের উপর বিজয়ী হওয়ার কোন অধিকার মুশরিকদের নেই।

বোখারী ও মুসলিম হযরত সাঁদ ইবনে আবী ওয়াকাস থেকে রেওয়ায়েত করেন যে, আমি ওহুদ যুক্তে রসূলুল্লাহ (সাঃ)-এর ডান ও বাম পার্শ্বে দু' ব্যক্তিকে তাঁর পক্ষে তুমুল যুদ্ধ করতে দেখেছি। আমি এই দুই ব্যক্তিকে আগেও দেখিনি, পরেও দেখিনি। অর্থাৎ তাঁরা ছিলেন হযরত জিবরান্সিল ও মিকান্সিল (আং)।

বায়হাকী মুজাহিদ থেকে রেওয়ায়েত করেন যে, বদরযুদ্ধ ছাড়া অন্য কোন যুক্তে ফেরেশতারা অস্ত্রধারণ করেননি। বায়হাকী বলেনঃ মুজাহিদের উদ্দেশ্য এই যে, মুসলিম বাহিনীর কিছু লোক যখন অবাধ্যতা করল এবং রসূলুল্লাহ (সাঃ)-এর নির্দেশের উপর কায়েম রইল না, তখন ফেরেশতারা ওহুদযুক্তে মুসলমানদের পক্ষে যুদ্ধ করেনি। ওয়াকেদী! **إِنْ تَصْبِرُواْ وَتَسْقُواْ** আয়াত প্রসঙ্গে তাঁর উত্তোলণ্ণ

থেকে বলেন যে, এই মুসলিম সৈন্যরা যখন ছবর করল না, তাদের পা পিছলে গেল এবং দুনিয়ার ধন-সম্পদের লোভ করল, তখন ফেরেশতারা তাদের সাহায্য করলেন না। বায়হাকী ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, আল্লাহ তায়ালা ওয়াদা করেছিলেন, যদি তোমরা ছবর কর এবং তাকওয়ার উপর কায়েম থাক, তবে আল্লাহ তায়ালা পাঁচ হাজার চিহ্নযুক্ত ফেরেশতা দিয়ে তোমাদের মদদ করবেন। আল্লাহতায়ালা তাঁই করেছিলেন; কিন্তু তাঁরা যখন আপন রক্ষাবুহ ছেড়ে দিল এবং গণীমতের লোভ করল, তখন আল্লাহ তায়ালা ফেরেশতাদের সাহায্য প্রত্যাহার করে নিলেন।

ইবনে সাঁদ ওয়াকেদীর তরিকায় রেওয়ায়েত করেন যে, মুশরিকরা পলায়ন করলে তীরন্দাজ বাহিনী লুট-তরাজের জন্যে স্থান ত্যাগ করে। এই সুযোগে মুশরিকরা ফিরে আসে এবং পশ্চাত্দিক থেকে আক্রমণ করে। ফলে মুসলিমদের সারি তচ্ছন্দ হয়ে যায়।

ইত্যবসরে অভিশপ্ত ইবলীস ডাক দেয়— মোহাম্মদ নিহত হয়েছেন। এতে মুসলমানরা দিকবিদিক জ্ঞানশূন্য হয়ে অজ্ঞাতসারে একে অপরকে হত্যা করতে থাকে। তড়িঘড়ি ও আতংকের মধ্যে নির্বিচারে একে অপরের উপর আঘাত হানতে থাকে। মুসলিম বাহিনীর পতাকাবাহী মুসলিম ইবনে ওমায়র (রাঃ) এই বিশৃঙ্খলার মধ্যে শহীদ হয়ে গেলেন। এক ফেরেশতা মুসলিমের আকৃতিতে পতাকা তুলে নিল। সেদিন ফেরেশতাগণের বাহিনী যুদ্ধক্ষেত্রে উপস্থিত ছিল। কিন্তু তারা যুদ্ধ করেননি।

তিবরানী, ইবনে মান্দা ও ইবনে আসাকির মাহমুদ ইবনে লবীদের তরিকায় রেওয়ায়েত করেন যে, হারেছ ইবনে যমমা বলেছেনঃ ওহু যুদ্ধ চলাকালে রসূলুল্লাহ (সাঃ) একটি সুরক্ষিত স্থানে অবস্থানকালে আমাকে আবদুর রহমান ইবনে আওফ (রাঃ) সম্পর্কে জিজ্ঞাসা করলেন। আমি আরয করলামঃ আমি তাঁকে পাহাড়ের পাদদেশে দেখেছি। হৃষ্ণুর (সাঃ) বললেনঃ তাঁর সঙ্গী হয়ে ফেরেশতারা যুদ্ধ করছেন। হারেছ বলেনঃ এ কথা শুনে আমি আবদুর রহমান ইবনে আওফের (রাঃ) কাছে গেলাম। আমি তাঁর নিকটে মুশরিকদের বেশ কয়েকটি মৃতদেহ পড়ে থাকতে দেখলাম। আমি বললামঃ আল্লাহ তায়ালা আপনার হাতকে সাফল্য দান করেছেন। এদের সবকটিকেই আপনি হত্যা করেছেন? তিনি বললেনঃ একে এবং একে আমি হত্যা করেছি। অন্য মৃতদেহগুলোর প্রতি ইশারা করে বললেনঃ এ যে লাশগুলো দেখছ, এদেরকে যারা হত্যা করেছে, আমি তাদেরকে দেখিনি। এ কথা শুনে আমি বললামঃ আল্লাহ ও তাঁর রসূল সত্য বলেছেন।

ইবনে সাদ মোহাম্মদ ইবনে শোরাহবিল থেকে রেওয়ায়েত করেন যে, ওহু যুদ্ধে মুসলিম ইবনে ওমায়র (রাঃ) পতাকা ধারণ করে রেখেছিলেন। তাঁর ডান হাত কেটে গেলে পতাকা বাম হাতে নিয়ে নিলেন। তখন তাঁর মুখে এই আয়াত উচ্চারিত হচ্ছিলঃ

وَمَا مُحَمَّدٌ إِلَّا رَسُولٌ قَدْ خَلَّتْ مِنْ قَبْلِهِ الرُّرُسُلُ

মোহাম্মদ তো একজন রসূল মাত্র। তাঁর পূর্বে অনেক রসূল অতিক্রান্ত হয়ে গেছেন।

আয়াতের শেষাংশে পৌঁছা পর্যন্ত তিনি শহীদ হয়ে গেলেন এবং পতাকা মাটিতে পড়ে গেল। মোহাম্মদ ইবনে শোরাহবিল বলেনঃ এই আয়াত সেদিন পর্যন্ত নায়িল হয়নি; বরং এই ঘটনার পর নায়িল হয়েছে। ইবনে সাদ বলেনঃ আমি ওয়াকেদীর কাছ থেকে শুনেছি যে, হ্যারত আবদুল্লাহ ইবনে ফযল ইবনে আবাস থেকে বর্ণিত আছে রসূলুল্লাহ (সাঃ) ওহু যুদ্ধে মুসলিম ইবনে ওমায়র (রাঃ)-কে পতাকা দিলেন। অতঃপর মসলিম শহীদ হয়ে গেলে তাঁর আকৃতিতে একজন

ফেরেশতা পতাকা তুলে নিল। রসূলুল্লাহ (সাঃ) বলতে লাগলেনঃ হে মুসলিম! সম্মুখে অগ্রসর হও। ফেরেশতা তাঁর দিকে তার্কিয়ে বললঃ আমি মুসলিম নই। তার কথায় রসূলুল্লাহ (সাঃ) চিনতে পারলেন যে, সে ফেরেশতা, যার দ্বারা তাঁকে সমর্থন দেয়া হয়েছে।

ইবনে আবী শায়বা বিভিন্ন রাবী থেকে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ (সাঃ) ওহু যুদ্ধে বললেনঃ হে মুসলিম, সম্মুখে অগ্রসর হও। হ্যারত আবদুর রহমান (রাঃ) তাঁকে বললেনঃ ইয়া রসূলুল্লাহ! মুসলিম শহীদ হননি? হৃষ্ণুর (সাঃ) জবাব দিলেন, নিশ্চিতই সে শহীদ হয়ে গেছে। কিন্তু একজন ফেরেশতা তার জায়গায় দণ্ডয়মান আছে। মুসলিমের নামে তার নাম রাখা হয়েছে।

ওয়াকেদী ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যারত সাদ ইবনে আবী ওয়াকাছ (রাঃ) বলেনঃ আমি লোকদেরকে বলেছি যে, ওহু যুদ্ধে আমি শত্রুদের লক্ষ্য করে তীর নিক্ষেপ করছিলাম। একজন শ্বেতকায় সুশ্রী ব্যক্তি আমার নিক্ষিপ্ত তীর আমার কাছে ফিরিয়ে দিত। আমি তাকে চিনতাম না। সে এখন পর্যন্ত এখানে ছিল। আমি মনে করলাম সে একজন ফেরেশতা।

ইবনে ইসহাক, ইবনে আসাকির ও ওয়াকেদী হ্যারত আবদুল্লাহ ইবনে আওন থেকে, তিনি ওমায়র ইবনে ইসহাক থেকে রেওয়ায়েত করেন যে, ওহু যুদ্ধে মুসলমানগণ রসূলুল্লাহ (সাঃ)-এর নিকট থেকে বিছিন্ন হয়ে পড়ে। হ্যারত সাদ তাঁর সম্মুখে দাঁড়িয়ে তীর নিক্ষেপ করছিলেন। জনৈক যুবক হ্যারত সাদকে তীর যোগান দিয়ে যাচ্ছিল। যখন কোন তীর চলে যেত, সেই যুবক তীরটি এনে সাদকে দিত এবং বলত, হে আবু ইসহাক! সজোরে তীর চালাও। যুদ্ধশেষে লোকেরা যুবককে তালাশ করল, কিন্তু কেউ পেল না। কেউ তার সম্পর্কে জানতে পারল না।

ইবনে ইসহাকের রেওয়ায়েতে যুহুরী বলেনঃ কোরায়শরা একটি উঁচু পাহাড়ে আরোহণ করল। এটা দেখে রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ হে আল্লাহ! আমাদের চেয়ে উঁচুতে থাকার অধিকার তাদের নেই। এরপর হ্যারত ওমর ইবনে খাতোব (রাঃ) মুহাজিরদের একটি দল নিয়ে তাদের সাথে যুদ্ধ করলেন এবং তাদেরকে নিচে নেমে আসতে বাধ্য করলেন।

নাসায়ী, তিবরানী ও বায়হাকী হ্যারত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তালহার (রাঃ) অঙ্গুলি আঘাতপ্রাপ্ত হলে তিনি ‘হিস’ বললেন। রসূলুল্লাহ (সাঃ) শুনে বললেনঃ যদি তুমি আল্লাহর নাম শ্রবণ করতে তবে ফেরেশতারা অবশ্যই তোমাকে তুলে নিত এবং আসমানে দাখিল করে দিত। মানুষ এ দৃশ্য দেখতে পেত।

তিবরানী হ্যরত তালহা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বললেনঃ ওহুদ যুক্তে আমার শরীরে একটি তীর লাগলে আমি ‘হিস’ বললাম। রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ যদি তুমি আল্লাহ তায়ালার পবিত্র নাম উচ্চারণ করতে তবে আল্লাহ জান্নাতে তোমার জন্যে যে ইমারত নির্মাণ করেছেন, তা দুনিয়াতে থেকেই দেখে নিতে।

বৌখারী ও মুসলিম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আনাসের চাচা আনাস ইবনে নুসায়র ওহুদ যুক্তের সময় বললেনঃ আল্লাহর কসম, যার হাতে আমার প্রাণ- আমি ওহুদ পাহাড়ের এ পারে জান্নাতের হাওয়া পাচ্ছি। এটা নিশ্চিতরপেই জান্নাতের হাওয়া।

ইবনে ইসহাক হ্যরত আছেম ইবনে ওমর ইবনে কাতাদাহ থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ শহীদ হানযালাকে ফেরেশতারা গোসল দিছিল। তাঁর শ্রীকে লোকেরা জিজ্ঞাসা করলঃ হানযালা কি অবস্থায় বের হয়েছিলেন? স্তৰি বললেনঃ তিনি গোসল ফরয হওয়া অবস্থায় বের হয়েছিলেন। যুক্তের দামামা শুনে তিনি কালবিলশ না করে বের হয়ে পড়েন। রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ এ কারণেই ফেরেশতারা হানযালাকে গোসল দিয়েছিল।

আবু নয়ীম হ্যরত সাঁদ ইবনে আবী ওয়াক্হাহ থেকে রেওয়ায়েত করেন যে, সাঁদ ইবনে মুয়ায় খন্দক যুক্তের পর ইন্তিকাল করলে রসূলুল্লাহ (সাঃ) তড়িঘড়ি ঘর থেকে বের হলেন। তিনি এত দ্রুত যাচ্ছিলেন যে, জুতার ফিতা ছিঁড়ে যাচ্ছিল। পরনের চাদরের প্রতিও তাঁর খেয়াল ছিল না, যা বার বার কাঁধ থেকে পড়ে যাচ্ছিল। কারও প্রতি ভুক্ষেপ করারও যেন তাঁর সময় ছিল না। সাহাবায়ে-কেরাম বললেনঃ ইয়া রসূলুল্লাহ! আপনি এত দ্রুত চলছিলেন যে, আমরা হাঁপাতে হাঁপাতে কুল পাচ্ছিলাম না। হ্যুর (সাঃ) বললেনঃ আমার আশংকা ছিল যে, আমি পৌছার আচ্ছে গোসলের ফেরেশতারা মোয়ায়কে গোছল দিয়ে ফেলবে, যেমনটি হানযালার গোসলে হয়েছিল।

আবু ইয়ালা, বায়ার, হাকেম ও আবু নয়ীম হ্যরত আনাস ইবনে মালেক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মদীনার আউস ও খাজরাজ গোত্রদ্বয় পরম্পরে গর্ব করল। খাজরাজ গোত্র বললঃ আমাদের মধ্যে চার জন এমন ব্যক্তিত্ব রয়েছেন, যারা রসূলে করীম (সাঃ)-এর পবিত্র আমলে কোরআন করীম একত্রে সন্নিবেশিত করেছেন। অর্থাৎ হ্যরত মুয়ায়, যায়দ, উবাই এবং আবু যায়দ (রাঃ)।

আউস গোত্র বললঃ আমাদের মধ্যে এমন ব্যক্তিত্ব রয়েছেন, যাদের জন্যে আল্লাহর আরশ নড়ে উঠেছে। তাঁরা হলেন সাঁদ ইবনে মুয়ায় এবং খুয়ায়মা ইবনে ছাবেত (রাঃ)। তাঁদের প্রত্যেকের সাক্ষ্য দু'জন পুরুষের সমান সাব্যস্ত করা হয়েছে। আমাদের মধ্যে এক ব্যক্তি এমন আছেন, যাঁর হেফায়ত মৌমাছিরা করেছে। তিনি হচ্ছেন আছেম ইবনে ছাবেত (রাঃ)। আমাদের মধ্যে আরও এক

ব্যক্তি আছেন, যাঁকে ফেরেশতারা গোসল দিয়েছেন। তিনি হচ্ছেন হ্যরত হানযালা ইবনে আবী আমের (রাঃ)।

হাকেম হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত হানযালা গোসল ফরয অবস্থায় শহীদ হন। এ জন্যে রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ তাকে ফেরেশতারা গোসল দিয়েছে।

ইবনে সাঁদ হ্যরত হাসান (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) বললেনঃ আমি ফেরেশতাগণকে হানযালাকে গোসল দিতে দেখেছি।

বৌখারী ও মুসলিম হ্যরত জাবের (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বললেন— আমার পিতা আবদুল্লাহ ওহুদ যুক্তে শহীদ হয়ে গেলে আমার ফুর্ফী আমা কাঁদতে থাকেন। রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ কেঁদো না। অথবা তিনি বললেনঃ তার জন্যে কাঁদছ কেন? তুমি তাকে না উঠানো পর্যন্ত ফেরেশতারা তাকে বাহু দ্বারা ঢেকে রেখেছিল।

বায়হাকী হ্যরত যায়দ ইবনে ছাবেত (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) ওহুদ যুক্তে আমাকে হ্যরত সাঁদ ইবনে রবী'র খৌজ করতে প্রেরণ করলেন এবং বললেনঃ তার সাথে দেখা হলে আমার সালাম বলবে এবং তার অবস্থা জিজ্ঞেস করবে। অতঃপর আমি সাঁদকে তার অস্তিম অবস্থায় পেলাম। তাঁর শরীরে তলোয়ার, তীর ও বর্ণার সন্তরণি আঘাত লেগেছিল। আমি তাকে রসূলুল্লাহ (সাঃ)-এর সালাম বললাম এবং তাঁর অবস্থা জিজ্ঞেস করলাম। হ্যরত সাঁদ বললেনঃ হ্যুরকে বলবে ইয়া রসূলুল্লাহ! আমি জান্নাতের খোশবু অনুভব করছি। আর আমার সপ্তদায় আনচারগণকে বলবে, যদি তোমরা হ্যুর (সাঃ)-এর নির্দেশে জীবন উৎসর্গ করতে বিন্দুত্ব অবহেলা কর, তবে এর জন্যে আল্লাহর দরবারে তোমাদের কোন ওষ্ঠ কবুল হবে না। এ কথা বলেই তিনি আল্লাহর সান্নিধ্যে চলে গেলেন।

বায়হাকী ওয়াকেদী থেকে রেওয়ায়েত করেন যে, ওহুদ যুক্তের সময় খায়চামা আবী সায়ীদ রসূলে করীম (সাঃ)-এর কাছে আরথ করলেনঃ আপনি বদর যুক্তে আমাকে পিছনে ফেলে দিয়েছেন, অথবা আমি যুদ্ধ করতে একান্ত আঘাতী ছিলাম। বদরে আমার পুত্রের যোগদানের জন্যে আপনি লটারী দিয়েছেন। এতে জিতে সে যুক্তে যোগদান করে এবং শাহাদত লাভ করে। আজ রাতে আমি তাকে স্বপ্নে দেখেছি। তার বেশভূষা খুবই ভাল ছিল। সে জান্নাতের নির্বাচনী ও উদ্যানসমূহে ঘূরাফিরা করছিল। সে আমাকে দেখে বললঃ পিতঃ, আমার কাছে এসে যান। আমরা এক সঙ্গে থাকব। আমি সেইসব অঙ্গীকার সত্য পেয়েছি, যা আমার প্রতিপালক আমাকে দিয়েছিলেন। অতএব হে আল্লাহর রসূল! আমি জান্নাতে আমার পুত্রের সঙ্গ লাভে আঘাতী। আল্লাহ পাকের কাছে দোয়া করুন, যাতে শাহাদত এবং জান্নাতে তার সঙ্গ আমার নিষ্ঠিত হয়।

রসূলে আকরাম (সাৎ) তাঁর জন্যে দোয়া করলেন। তিনি ওহুদ যুদ্ধে শহীদ হয়ে গেলেন।

ইবনে সাদ হাকেম ও বায়হাকী হ্যরত সায়ীদ ইবনুল মুসায়িব থেকে রেওয়ায়েত করেন যে, আবদুল্লাহ ইবনে জাহাশ (রাঃ) জনৈক ছাহাবীকে ওহুদ যুদ্ধের একদিন পূর্বে এই দোয়া করতে শুনলেনঃ

হে আল্লাহ! আগামীকাল ওহুদ উপত্যকায় যখন যুদ্ধের দাবানল দাউ দাউ করে জুলে উঠবে, তখন এক শক্তিশালী দুশমনের সাথে যেন আমার মোকাবিলা হয়, সে যেন আমার বুকে আরোহণ করে আমাকে হত্যা করে এবং পেট বিদীর্ণ করে দেয়, নাক কান কেটে ফেলে। এরপর হে পরওয়ারদেগার! আমি যখন তোমার দরবারে এই অবস্থায় পৌঁছি, তখন ভূমি যেন আমাকে জিজেস কর, এরূপ কেন হল? আমি যেন তখন আরয় করতে পারি, এটা তোমার রাস্তায় হয়েছে!

পরদিন যখন শত্রুর সাথে মোকাবিলা হল, তখন শত্রুরা তার সাথে এক্সপাই করল। তাঁকে হত্যা করে নাক কান কেটে ফেলা হল। যে ব্যক্তি তাঁর এ দোয়া শুনেছিল, সে বললঃ আমি আশা করি আল্লাহ তায়ালা তাঁর দোয়ার প্রথমাংশ যেমন বাস্তবায়িত করেছেন, এখন দ্বিতীয় অংশও বাস্তবায়িত করবেন।

বায়হাকী সায়ীদ ইবনে আবদুর রহমান থেকে, তিনি তার উস্তাদগণ থেকে বর্ণনা করেন যে, হ্যরত আবদুল্লাহ ইবনে জাহাশ ওহুদের দিন রসূলুল্লাহ (সাৎ)-এর কাছে এলেন। তার তরবারি বিনষ্ট হয়ে গিয়েছিল। হ্যুর (সাৎ) তাকে একটি খর্জুর শাখা দিলেন। সেই শাখা আবদুল্লাহ ইবনে জাহাশের হাতে তরবারি হয়ে গেল।

আবু নয়ীম আছেম ইবনে ওমর ইবনে কাতাদাহ থেকে রেওয়ায়েত করেন যে, ওহুদ যুদ্ধে কাতাদাহ ইবনে নোমানের চোখে আঘাত লাগলে চোখ বের হয়ে তার গওদেশে ঝুলতে লাগল। রসূলুল্লাহ (সাৎ) আপন পবিত্র হাতে চোখটি তার জায়গায় স্থাপন করলেন। ফলে চোখটি অন্য চোখ অপেক্ষা অধিক সুস্থ ও উজ্জ্বল হয়ে গেল।

তিবরানী ও আবু নয়ীম হ্যরত কাতাদাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ ওহুদ যুদ্ধে রসূলে করীম (সাৎ)-এর নূরানী মুখমণ্ডলের হেফায়ত করতে গিয়ে আমার মুখে তীরবিদ্ধ হল। এটা ছিল শেষ তীর, যা রসূলুল্লাহ (সাৎ)-কে লক্ষ্য করে নিষিদ্ধ হয়েছিল। আমি তাঁকে তীর থেকে আড়াল করে রাখছিলাম; এমন সময় এই তীর এসে আমার চোখে পড়ল। ফলে চোখের পুতুলি গহবর থেকে বের হয়ে পড়ল। আমি সেটি হাতে নিয়ে নিলাম। হ্যুর (সাৎ) আমার হাতে আমার চোখ দেখে ব্যথিত হলেন। তাঁর চক্ষু অশুস্কিত হয়ে গেল। তিনি বললেনঃ ইলাহী, কাতাদাহকে হেফায়ত কর। সে নিজের মুখমণ্ডল দিয়ে তোমার নবীর মুখমণ্ডল রক্ষা করেছে। তার উভয় চক্ষু আরও সুন্দর আরও উজ্জ্বল করে দেও।

আবু ইয়ালা হ্যরত ওবায়দা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ওহুদ যুদ্ধে আবু যর (রাঃ)-এর চোখ আহত হয়। হ্যুর (সাৎ) তাতে মুখের খুথু দিলে তার সেই চক্ষুটি অপর চোখের তুলনায় অধিক সুস্থ হয়ে যায়।

আবু ইয়ালার রেওয়ায়েতে নাফে ইবনে জুবায়র (রাঃ) বলেন যে, আমি জনেক মুহাজিরের কাছ থেকে শুনেছি, তিনি বলেনঃ ওহুদ যুদ্ধে আমি উপস্থিত ছিলাম। চতুর্দিক থেকে তীর আসছিল। হ্যুর (সাৎ) তীরের মাঝখানে ছিলেন। আমি দেখলাম প্রতিটি তীর তাঁর চোখ থেকে ফিরিয়ে দেয়া হত। আমি কাফের আবদুল্লাহ ইবনে শিহাবকে ওহুদে দেখলাম; সে চীৎকার করে বলছিলঃ কেউ আমাকে বল মোহাম্মদ কোথায়? সে জীবিত থাকলে এখন আমি তাকে জীবিত ছাড়ব না।

অর্থ হ্যুর (সাৎ) তার পাশেই দণ্ডয়ান ছিলেন এবং তাঁর কাছে কেউ ছিল না। এরপর সেই কাফের তাঁর কাছ থেকে দূরে চলে গেল। এ কারণে তার সহচর ছফওয়ান তাকে খুব করে শাসল। সে বললঃ খোদার কসম! আমি তাঁকে দেখিনি। আমার বিশ্বাস অলৌকিকভাবে তাঁকে হেফায়ত করা হয়েছে। তাঁকে হত্যা করার প্রতিজ্ঞা কীরে আমরা চারজন বের হয়েছিলাম। কিন্তু আমরা সুযোগ পেলাম না।

মাকসাম রেওয়ায়েত করেন যে, ওহুদ যুদ্ধে নবী করীম (সাৎ)-এর সম্মুখের দাঁত শহীদ হয়ে যায় এবং মুখমণ্ডল আহত হয়। তিনি তখন ওতবা ইবনে আবী ওয়াকাছকে বদ দোয়া দিলেন এবং বললেনঃ

اللهم لا يحل عليه الحول حتى يموت كافرا

হে আল্লাহ! এক বছর যেতে না যেতেই যেন তার কাফের অবস্থায় মৃত্যু হয়।

সে বছরেই সে কাফের অবস্থায় মৃত্যুবরণ করে।

আবু নয়ীমের রেওয়ায়েতে নাফে ইবনে আছেম বলেনঃ যে ব্যক্তি রসূলুল্লাহ (সাৎ)-এর মুখমণ্ডলকে রক্তাপুত করে, সে ছিল আবদুল্লাহ ইবনে কুমসা। সে ছিল হ্যায়ল গোত্রের এক ব্যক্তি। আল্লাহ তায়ালা একটি ছাগলকে তার উপর ঢাঁও করেন, যার শিংয়ের ঝঁঁতায় সে নিহত হয়।

খতীব তারীখ ধান্তে মোহাম্মদ ইবনে ইউসুফ ফারইয়াবী থেকে রেওয়ায়েত করেন যে, যারা নবী করীম (সাৎ)-এর সামনের দাঁত মোবারক শহীদ করেছিল, পরবর্তীতে তাদের ওরসে যতশিশ জন্মগ্রহণ করেছিল, তাদের কারুরই সম্মুখে দাঁত গজায়নি।

বায়হাকী হ্যরত আমর ইবনে সায়েব থেকে রেওয়ায়েত করেন, ওহুদ যুদ্ধে রসূলুল্লাহ (সাৎ) আহত হলে আবু সায়ীদ খুদরীর পিতা হ্যরত মালেক (রাঃ) তাঁর ক্ষতস্থান চেঁটে পরিষ্কার করে দেন। তাঁকে বলা হল, তোমার মুখে যে রক্ত লেগেছে

তা থুঁথুর সাথে ফেলে দাও। তিনি বললেন : আমি কখনও হ্যুরের রক্ত থুঁথুর সাথে ফেলব না। এরপর তিনি পুনরায় যুদ্ধে লিঙ্গ হয়ে গেলেন। রসূলুল্লাহ (সাঃ) বললেন : যে ব্যক্তি কোন জাতীয়কে দেখার আগ্রহ রাখে, সে এ ব্যক্তিকে দেখুক। এরপর মালেক শহীদ হয়ে গেলেন।

বায়হাকী ইমাম শাফেয়ী (রহঃ) থেকে রেওয়ায়েত করেন, বদর যুদ্ধের বন্দীদের মধ্যে যাদেরকে বিনা মুক্তিপথে ছেড়ে দেয়া হয়েছিল, তাদের মধ্যে এক ব্যক্তি ছিল আবু ওয়ায়া। হ্যুর (সাঃ) তাকে তার পুত্রের কারণে ছেড়ে দিয়েছিলেন। তার কাছ থেকে অঙ্গীকার নেওয়া হয়েছিল, ভবিষ্যতে সে কখনও যুদ্ধে শরীক হবে না। কিন্তু সে অঙ্গীকার ভঙ্গ করে কাফের বাহিনীর একজন হয়ে উল্লেখ আগমন করল। রসূলে করীম (সাঃ) দোয়া করলেন, যাতে সে নিহতও না হয়, ফিরেও না যায়; বরং মুসলমানদের হাতে বন্দী হয়। শেষ পর্যন্ত উল্লেখ কেবল একজনকেই বন্দী করা সম্ভব হয় এবং সে ছিল আবু ওয়ায়া। রসূলুল্লাহ (সাঃ) তাকে প্রাণদণ্ডে দণ্ডিত করেন।

বায়হাকী হ্যরত ওরওয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, নবী করীম (সাঃ) উল্লেখের দিন এরশাদ করেন— মুশরিকরা আজকের পর আমাদিগকে আর এ ধরনের কষ্ট দিতে সক্ষম হবে না।

ইবনে সাদ ওয়াকেদী থেকে রেওয়ায়েত করেন, রসূলুল্লাহ (সাঃ) বললেন : উল্লেখ যুদ্ধের পরে মুশরিকরা আর আমাদের উপর প্রবল হতে পারবে না। ইন্শাআল্লাহ আমরা কাঁবা ঘরের রোকন চুম্বন করব।

ইবনে সাদ, হাকেম ও বায়হাকী হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, হ্যরত হাময়া (রাঃ) শহীদ হয়ে গেলে হ্যরত সফিয়া (রাঃ) তাঁর পৌঁজে বের হয়ে পড়েন। তিনি জানতেন না, হ্যরত হাময়ার মরদেহের সাথে কাফেররা কি আচরণ করেছে। তালাশ করার সময় হ্যরত আলী ও হ্যরত যোবায়র (রাঃ)-এর দেখা পেলেন। তিনি তাঁদেরকে জিজ্ঞেস করলেন : হাময়া কোথায়? তারা এমন জবাব দিলেন, যেন তারা নিজেরাই জানেন না। এরপর হ্যরত সফিয়া নবী করীম (সাঃ)-এর কাছে এলেন। নবী করীম (সাঃ)-এর ধারণা ছিল, আমার ফুফী যখন তাঁর ভাইকে মর্মান্তিক অবস্থায় দেখবেন, তখন হ্যরত মানসিক ভারসাম্য রক্ষা করতে পারবেন না। তিনি নিজের পবিত্র হাত ফুফুর বুকের উপর রেখে দোয়া করলেন। তখন হ্যরত সফিয়া বুঝতে পেরে ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহাই রাজিউন পাঠ করলেন এবং নিরবে কাঁদতে লাগলেন।

হাকেম, ইবনে সাদ ও বায়হাকী আওন ইবনে মোহাম্মদ থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন : আমি খবর পেলাম যে, হিন্দ বিনতে ওতবা উল্লেখ এই মান্তব করে আসে যে, হ্যরত হাময়ার উপর কাবু পেলে সে তার কলিজা অবশ্যই খেয়ে ফেলবে। কাফেররা হ্যরত হাময়ার কলিজার একটি টুকরা আনলে হিন্দ

সে-টি নিয়ে নিল এবং খাওয়ার জন্য মুখে পুরে চিবাতে লাগল, কিন্তু খেতে পারল না; বরং উদগিরণ করে দিল। এ সংবাদ রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে পৌছলে তিনি বললেন : আল্লাহ তায়ালা হ্যরত হাময়ার শরীরের কোন অংশকে পুড়িয়ে দেয়া দোষের আগ্নির উপর হারাম করে দিয়েছেন।

ইবনে সাদ ওয়াকেদীর তরিকায় রেওয়ায়েত করেন, ইসলামোন্তরকালে এক যুদ্ধে সুয়ায়দ ইবনে হামেত আবু মাজয়ারকে হত্যা করেছিল। কিন্তু দিন পর মাজয়ার পিতৃহত্যার প্রতিশোধে সুয়ায়দকে হত্যা করল। রসূলে করীম (সাঃ) মদীনায় আগমন করলে সুয়ায়দের পুত্র হারেছ এবং মাজয়ার উভয়েই মুসলমান হয়ে গেল এবং উভয়েই বদর যুদ্ধে অংশগ্রহণ করল। হারেস পিতা সুয়ায়দের প্রতিশোধ গ্রহণের জন্যে মাজয়ারকে খুঁজতে লাগল। কিন্তু তার উপর কাবু পেল না। এক বছর পর উল্লেখ যুদ্ধ সংঘটিত হল। হারেস ও মাজয়ার উভয়েই-মুসলিম বাহিনীতে সারিবদ্ধ হল। যখন তুমুল যুদ্ধ চলছিল, তখন হারেস মাজয়ারের পিছনে এসে তাকে হত্যা করল। রসূলুল্লাহ (সাঃ) যখন হামরাউল আসাদের ঘটনা থেকে মদীনায় প্রত্যাবর্তন করলেন, তখন জিবরাস্তেল এসে অবগত করলেন, হারেস মাজয়ারকে প্রতারণাপূর্বক হত্যা করেছে। অতএব হারেসকে প্রাণদণ্ড দেয়া হোক।

রসূলুল্লাহ (সাঃ) তখনি দ্বিপ্রহরের ভীষণ উভাপের মধ্যে মদীনার পার্শ্ববর্তী বন্তি কোবায় চলে গেলেন এবং মসজিদে নামায পড়লেন। কোবাবসীরা তাঁর আগমনের সংবাদ জানতে পেরে সালাম করার জন্যে উপস্থিত হল। এ সময়ে তাঁর আগমনে তারা বিশ্বিত হলেন। হারেসও একটি হলদে চাদর গায়ে দিয়ে উপস্থিত হল। তাকে দেখে হ্যুর (সাঃ) আদীম ইবনে সায়েদাকে দেকে বললেন : হারেসকে মসজিদের সামনে নিয়ে যাও এবং মাজয়ার হত্যার বিনিময়ে তার প্রাণ বধ কর। কেননা, সে মাজয়ারকে প্রতারণাপূর্বক হত্যা করেছে।

হারেস একথা শুনে বলল : আল্লাহর কসম, আমি মাজয়ারকে হত্যা করেছি, কিন্তু আমার এ কর্ম ইসলাম থেকে বিমুখ হওয়ার কারণে ছিল না। ইসলামের সত্যতায় আমার মনে কোন সন্দেহও ছিল না; বরং এ হত্যাকাণ্ড শয়তানের ধোকা ও প্ররোচনায় সংঘটিত হয়েছে। আমি আল্লাহ তায়ালার দরবারে এ গোনাহের জন্যে এক্ষেত্রে করতে ও রক্তবিনিময় দিতে প্রস্তুত আছি কিংবা এক নাগাড়ে দু'মাস রোয়া রাখতে এবং একটি ক্রীতদাস মুক্ত করতে সম্মত আছি। হারেসের কথা শেষ হলে হ্যুর (সাঃ) আদীমকে বললেন :

আদীম! একে নিয়ে যাও এবং গর্দান উড়িয়ে দাও। আদীম তাই করলেন। এ সম্পর্কে হ্যরত হাস্সান ইবনে সাবেত এই কবিতা রচনা করলেন :

“হে হারেস! তুমি মূর্খতা যুগের নিদ্রায় মগ্ন ছিলে এবং শক্রতাপরবশ হয়ে মাজয়ার ইবনে যিয়াদকে হত্যা করেছ। তোমার জন্যে আক্ষেপ! তামি জিবরাস্তেলের

ওহীর ব্যাপারে গাফেল ছিলে। তখন তোমার কি অবস্থা ছিল, যখন তুমি ইবনে যিয়াদকে প্রতারণাপূর্বক এমন স্থানে হত্যা করলে, যেখানে আত্মরক্ষার্থে পলায়নের কোন পথ ছিল না।”

বায়হাকীর রেওয়ায়েতে জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) বলেন : হ্যরত মুয়াবিয়া ইবনে আবু সুফিয়ান (রাঃ)-এর শাসনকালে আমার পিতা আবদুল্লাহর লাশ কবর থেকে বের করা হয়। তখন তাঁকে তেমনই পাওয়া গেল, যেমন দাফন করার সময় ছিলেন।

ইবনে সাদ, বায়হাকী ও আবু নয়ীম আর একটি সনদ সহকারে হ্যরত জাবের (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, ওহুদের শহীদগণের জন্যে আর একবার কান্নার রোল উঠেছিল। আমীর মুয়াবিয়া (রাঃ) যখন একটি খাল খনন করান, তখন অনেক মানুষ খননকার্যে নিয়োজিত হয়। তারা কতক শহীদকে কবর থেকে উত্তোলন করেন। চলিশ বছর পরেও তাঁদের অবস্থা তেমনই ছিল, যেমন দাফন করার সময় ছিল। তাঁদের শরীরের গ্রন্থিসমূহ জীবিত শরীরের ন্যায় সহজেই আকৃতিত করা যেত।

খনন কার্যের সময় হ্যরত হাময়ার শরীরে কোদাল পড়ে গেলে তা থেকে তাজা রক্ত বের হতে থাকে। ওয়াকেদীর ওস্তাদগণ থেকে বর্ণিত আছে, হ্যরত জাবেরের পিতা আবদুল্লাহকে এমতাবস্থায় পাওয়া যায় যে, তাঁর হাত ছিল তাঁর ক্ষতস্থানের উপর। যখন হাত আলাদা করা হল, তখন সেখান থেকে রক্ত বের হতে লাগল। তাঁর হাত পুনরায় ক্ষতস্থানের উপর রেখে দেয়া হলে রক্ত বন্ধ হয়ে গেল।

হ্যরত জাবের (রাঃ) বলেন : আমি আমার পিতাকে কবরে যেতাবে দেখেছি, তা এই : তিনি যেন নিদ্রাচ্ছন্ন আছেন। যে চাদরে তাঁকে কাফন দেয়া হয়েছিল, তা তেমনি ছিল। তাঁর পায়ের উপর যা রাখা হয়েছিল, তাও তেমনি আকারে বিদ্যমান ছিল। অথচ ইতিমধ্যে চলিশ বছর অতিবাহিত হয়ে গেছে। শহীদগণের মধ্যে একজনের পায়ে কোদাল লাগলে সেখান থেকে রক্ত বের হতে লাগল।

হ্যরত আবু সায়দ খুদরী (রাঃ) বলেন : ওহুদের কবরসমূহ খননের পর ব্যাপকভাবে যা প্রত্যক্ষ করা গেছে, তারপর শহীদগণ জীবিত আছেন এ সত্য অঙ্গীকার করার সাধ্য কারও নেই।

এক রেওয়ায়েতে আছে, যখন কবরসমূহ খনন করা হয়, তখন মেশকের অনুরূপ একটি খোশবু চতুর্দিকে ছড়িয়ে পড়ে।

বায়হাকী হ্যরত আবু হুরায়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) এরশাদ করেছেন - আমি সাক্ষ্য দেই যে, ওহুদের শহীদগণ আল্লাহ তায়ালার কাছে শহীদ। তোমরা যেযে তাদের যিয়ারত কর। সেই মহান সন্তান কসম, যাঁর

কজায় আমার প্রাণ, কিয়ামত পর্যন্ত তাদের প্রতি যে-কেউ সালাম প্রেরণ করবে, তাঁরা তাদের সালামের জবাব দিবেন।

হাকেম ও বায়হাকী হ্যরত আবদুল আ'লা ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন, রসূলে করীম (সাঃ) ওহুদ যুদ্ধের দিন শহীদগণের কবর যিয়ারত করেছেন এবং বলেছেন :

اللَّهُمَّ انْ عَبْدُكَ وَنَبِيُّكَ يَشْهَدُانْ هُؤُلَاءِ شَهِداً وَأَنْهُمْ مِنْ

زَارُهُمْ أَوْ سَلَمُ عَلَيْهِمْ إِلَى يَوْمِ الْقِيَامَةِ رَدْوَاعُلَيْهِ

হে আল্লাহ, তোমার বান্দা ও তোমার নবী সাক্ষ্য দেয়, এরা শহীদ। যারা তাদের যিয়ারত করবে অথবা কিয়ামত পর্যন্ত তাদের প্রতি সালাম পাঠাবে, এঁরা তার জবাব দিবে।

আতাফ বলেন : আমার খালা বর্ণনা করেছেন, তিনি ওহুদের শহীদগণের কবরস্থানের যিয়ারত করেছেন। তিনি বলেন : আমার সঙ্গে কেবল দু'টি গোলাম ছিল। তারা যানবাহনের হেফায়ত করছিল। আমি কবরবাসীগণকে সালাম করলাম। আমি সালামের জবাব শুনেছি। এরপর এই কঠস্বর শুনতে পেলাম : আমরা তোমাকে তেমনি চিনি, যেমন আমরা একে অপরকে চিনি। এরপর আমার লোমকুপ শিউরে উঠল। আমি ফিরে এলাম।

বায়হাকী ওয়াকেদী থেকে রেওয়ায়েত করেন যে, ফাতেমা খুয়ায়িয়া বর্ণনা করেন, - আমি শহীদগণের সরদার হ্যরত হাময়ার (রাঃ) কবরের যিয়ারত করেছি। আমি সেখানে দাঁড়িয়ে বললাম :

السلام عليك يا عاص رسول الله

হে রসূলুল্লাহ (সাঃ)-এর চাচা, আপনাকে সালাম। জবাবে আমি শুনলাম : ওয়া আলাইকুমুস সালামু ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ।

ইবনে মান্দার রেওয়ায়েতে তালহা ইবনে ওবায়দ বলেন : আমি আমার বাগানে গেলাম। সেখানে রাত হলে আমি হ্যরত আবদুল্লাহ ইবনে ওমর ইবনে হারামের কবরের কাছে রাত যাপনের স্থান করলাম। আমি কবর থেকে এমন সুমধুর কঢ়ে কেরাত শুনলাম, যা জীবনে কখনও শুনিনি। আমি রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এসে একথা বর্ণনা করলে তিনি বললেন : সে আল্লাহর বান্দাই ছিল। তুম জান না, আল্লাহ তায়ালা তাদের ঝুঁক করে পান্না ও ইয়াকতের লঞ্চনে বাঁকেন। এরপর

জান্মাতের মধ্যস্থলে লটকে দেন। সারা রাতের জন্যে রহ তাদের শরীরের কাছে আসে এবং ফজর পর্যন্ত থাকে, অতঃপর আপন আপন স্থানে চলে যায়।

তিরমিয়ী, হাকেম ও বায়হাকী হ্যারত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনৈক সাহাবী এক কবরের উপর তাঁর স্থাপন করে। তিনি জানতেন না, এখানে কবর। তিনি শুনতে পেলেন কবর থেকে কোন মানুষ সুরা মুলক তেলাওয়াত করছে এবং সে পূর্ণ সূরাই তেলাওয়াত করল। সাহাবী হ্যার (সাঃ)-কে এ ঘটনা অবগত করলে তিনি এরশাদ করলেন : এ সূরাটি আযাব প্রতিরোধক ও মুক্তিদাতা।

হামরাউল-আসাদের ষষ্ঠি

ইবনে ইসহাক আবদুল্লাহ ইবনে আবী বকর ইবনে মোহাম্মদ ইবনে আমর ইবনে হায়ম থেকে বর্ণনা করেন - আবদুল কায়স গোত্রের মদীনাগামী একটি কাফেলাকে আবু সুফিয়ান বলল তোমরা মোহাম্মদ ও তাঁর সঙ্গীদেরকে বলে দিয়ো, আমরা তাদের মূলোৎপাটনের জন্যে তাদের কাছে ফিরে যেতে মনস্ত করেছি। কাফেলা মদীনা এসে এ বার্তা রসূলুল্লাহ (সাঃ)-এর গোচরীভূত করল। তিনি শুনে সাহাবায়ে-কেরামকে সমবেত করে বললেন :

حَسْبَنَا اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ

আল্লাহ আমাদের জন্যে যথেষ্ট। তিনি সর্বোত্তম কার্যনির্বাহী।

এ সম্পর্কে আল্লাহ তায়ালা নিম্নোক্ত আয়াত নাফিল করেন :

قَدْ جَمِعْتُكُمْ فَاخْشُوْهُمْ فَزَادَهُمْ إِيمَانًا وَقَالُوا حَسْبُنَا

اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ

: (লোকেরা তাদেরকে বলল :) তোমাদের বিকল্পে বিশাল সৈন্যবাহিনী সমবেত হয়েছে। তাদেরকে ভয় কর। একথা শুনে তাদের স্বীমান আরও বেড়ে গেল। তাঁরা জবাবে বললেন : আমাদের জন্যে আল্লাহই যথেষ্ট। তিনি সর্বোত্তম কার্যনির্বাহী। (সূরা আলে এমরান)

ইমাম বোখারী হ্যারত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, হ্যারত ইবরাহীম (আঃ)-কে যখন অগ্নিকুণ্ডে নিক্ষেপ করা হয়, তখন তিনি **حَسْبُنَا اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ** বলেন। এ কলেমাটিই নবী করীম (সাঃ) এ স্থলে উচ্চারণ করলেন।

এই আয়াতের তফসীরে ইবনে মুন্যির ইবনে জুরায়জ থেকে বর্ণনা করেন যে, এক ব্যক্তি মক্কাবাসীদের কাছে এসে একটি দুর্বর্ষ ঘোড়সওয়ার যুদ্ধ দল সম্পর্কে অবগত করলে ওরা ভীত হয়ে পড়ল এবং মুসলমানদের বিকল্পে যুদ্ধ করার ইচ্ছা ত্যাগ করল।

রাজী' যুদ্ধ

বোখারী ও বায়হাকী হ্যারত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, একবার নবী করীম (সাঃ) একটি দলকে গোপনে শক্রদের পতিবিধি সম্পর্কিত সংবাদ সংগ্রহ করার উদ্দেশ্যে প্রেরণ করলেন। হ্যারত আসেম ইবনে সাবেত (রাঃ)-কে দলনেতা নিযুক্ত করা হয়। দলটি যখন আসফান ও মক্কার মধ্যস্থলে পৌছল, তখন লোকেরা টের পেয়ে হ্যায়ল গোত্রকে অবগত করল। হ্যায়ল গোত্রে তখন একশ 'তীরন্দাজের একটি দল ছিল। তারা মুসলিম দলের পশ্চাদ্বাবন করল এবং পদচিহ্ন দেখে দেখে অগ্রসর হল। অবশেষে তারা মুসলিম দলের কাছে পৌছে গেল। হ্যারত আসেম ও তাঁর সঙ্গীগণ একটি সমতল ভূমিতে পৌছে যাত্রাবিবরণ করলেন। ইতমধ্যে হ্যায়ল গোত্রের তীরন্দাজরা সেখানে উপস্থিত হয়ে তাঁদেরকে ঘিরে ফেলল এবং বলল : আমরা ওয়াদা করছি, যদি তোমরা স্বেচ্ছায় আত্মসমর্পণ কর, তবে আমরা কাউকে হত্যা এবং দৈহিক নির্যাতন করব না।

হ্যারত আসেম বললেন : আমরা কাফেরদের অঙ্গীকারে আস্থা রাখি না। অতঃপর তিনি দোয়া করলেন : পরওয়ারদেগার! আমাদের নবীকে আমাদের অবস্থা সম্পর্কে অবগত করে দাও।

এরপর শক্রপক্ষ অবিরাম তীর বর্ষন করতে লাগল। অবশেষে তারা হ্যারত আসেম ও তাঁর সাত জন সঙ্গীকে শহীদ করে দিল। হ্যারত খুবায়ব, যায়দ ইবনে দসনা এবং অন্য একজন অবশিষ্ট রইলেন। ওয়াদা-অঙ্গীকারের পর তাঁরা হ্যায়লীদের হাতে ধরা দিলেন। তাঁদের উপর কাবু পাওয়ার সাথে সাথে হ্যায়লীরা তাদের ধনুকের রশি খুলে তাঁদেরকে বেঁধে ফেলল। মুসলমানদের ত্রুটীয় ব্যক্তি বলল : এটা সর্বপথম বিশ্বাসঘাতকতা। অতঃপর এই সাহাবী তাদের সাথে যেতে অঙ্গীকার করলেন। হ্যায়লীরা টেনে হেঁচড়ে তাঁকে সঙ্গে নিয়ে যাওয়ার চেষ্টা করল। কিন্তু তিনি গেলেন না। অতঃপর ওরা তাঁকে হত্যা করল। খুবায়ব ও যায়দকে সঙ্গে নিয়ে গেল এবং মক্কাবাসীদের হাতে বিক্রয় করে দিল।

হ্যারত খুবায়ব (রাঃ)-কে হারেস ইবনে আমরের পুত্রা ক্রয় করল। বদরে তিনি হারেসকে হত্যা করেছিলেন। খুবায়ব তাদের কাছে বন্দী অবস্থায় অবস্থান করতে লাগলেন। অবশেষে ওরা যখন তাঁকে হত্যা করার চূড়ান্ত সিদ্ধান্ত নিল, তখন তিনি তাদের কাছে একটি ক্ষুর চাইলেন, যা তাকে দেওয়া হল। হ্যারত খুবায়ব ক্ষুরটি ধার দিয়ে ধার পরীক্ষা করেছিলেন, এমন সময় হারেসের কন্যার শিশুপুত্র তাঁর কাছে চলে

গেল। খুবায়ব সন্মেহে শিশুটিকে আপন উরতে বসিয়ে নিলেন। শিশুর মা এসে এ দৃশ্য দেখেই কেঁপে উঠল। হ্যরত খুবায়ব হারেস-কন্যার অস্থিরতা আঁচ করে বললেন : তুমি আশংকা করছ যে, আমার কাছে ক্ষুর আছে। আমি তা দিয়ে এই শিশুকে হত্যা করব! আমি ইনশাআল্লাহ কখনও এরূপ করব না। হারেস-কন্যা পরবর্তীকালে বলত, আমি খুবায়বের মত এমন ভাল ও অদ্ভুত বন্দী কখনও দেখিনি। আমি দেখেছি, মক্কার বাজারে যখন কোন প্রকার ফল ছিল না, তখন আমাদের গৃহে শিকলাবন্ধ খুবায়বের কাছে টাটকা আসুরের গুচ্ছ দেখা যেত। সে তা খেত এবং আমি সামনে এসে গেলে আমাকেও কিছু দিয়ে দিত।

শক্রুরা যখন হ্যরত খুবায়বকে হেরেমের বাইরে বধ্যভূমিতে নিয়ে গেল, তখন তিনি বললেন : আমাকে দুরাকআত নামায পড়ে নিতে দাও। নামায আদায় করার পর তিনি দোয়া করলেন : হে আল্লাহ! এ নাফরমানদেরকে ঘিরে নাও এবং তাদেরকে আলাদা আলাদা করে হত্যা কর। তাদের কাউকে জীবিত রেখো না।

(এবার আসা যাক হ্যরত আসেমের কথায়।) হ্যরত আসেম (রাঃ) শহীদ হওয়ার দিন আল্লাহ পাকের দরবারে দোয়া করেছিলেন : হে আল্লাহ! আমাদের অবস্থা তুমি তোমার নবীকে জানিয়ে দাও।” আল্লাহ তায়ালা তাঁর এই দোয়া কবুল করেন এবং রসূলুল্লাহ (সাঃ)-কে এ সংবাদ পৌছে দেন।

হ্যায়ল গোত্র হ্যরত আছেমের লাশ নিয়ে যাওয়ার জন্যে কিছু লোক প্রেরণ করল, যাতে তারা এই লাশ দেখিয়ে কোরায়শদের মন্ত্রস্তুতি অর্জন করতে পারে। কেননা, বদর যুদ্ধে হ্যরত আসেম অনেক কোরায়শকে হত্যা করেছিলেন। কিন্তু আল্লাহ তায়ালা হ্যায়ল গোত্রের এই প্রচেষ্টা ব্যর্থ করে দেন। তিনি এক বাঁক মৌমাছিকে তাঁর লাশের উপর চড়াও করিয়ে লাশের হেফায়ত করেন। ফলে তাঁরা লাশ বহন করে নিয়ে যেতে কিংবা শরীর থেকে কোন অঙ্গ কেটে নিতে সক্ষম হল না।

বায়হাকী আবু নয়ীম মুসা ইবনে ওকবা, ইবনে শিহাব ও ওরওয়া থেকে রেওয়ায়েত করেন, হ্যরত খুবায়ব নামাযাণ্ডে এই দোয়া করলেন : হে আল্লাহ! তোমার রসূলের কাছে প্রেরণ করার জন্যে আমার কাছে কোন লোক নেই। আমার সালাম তুমই তোমার রসূলের কাছে পৌছে দাও।

জিবরাইল (আঃ) রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এসে এ সংবাদ দিলেন। তিনি তখন সাহাবীগণের মধ্যে উপস্থিত ছিলেন। হঠাৎ তিনি বললেন : ওয়া আলাইকুমুস সালাম। সাহাবীগণ আরজ করলেন : ইয়া রসূলুল্লাহ! আপনি কার সালামের জওয়াব দিচ্ছেন? তিনি বললেন : তোমাদের ভাই খুবায়বকে কাফেররা বধ করতে নিয়ে যাচ্ছে সে আমকে শেষ বার মহুবতের সালাম প্রেরণ করেছে।

ইবনে ইসহাক আসেম ইবনে ওমর ইবনে কাতাদাহ থেকে রেওয়ায়েত করেন, হ্যায়ল গোত্র আসেম ইবনে ছাবেতকে হত্যা করার পর তাঁর শির কেটে নিয়ে সুলাফা বিনতে সাঁদ নাম্মী এক মহিলার কাছে বিক্রয় করতে চাইল। সুলাফার পুত্র বদর যুদ্ধে আসেমের হাতে নিহত হলে সে মানুন্ত করেছিল, যদি আসেমকে কাবু করতে পারি, তবে তাঁর মস্তকের খুলিতে শরাব পান করব। কিন্তু আল্লাহ তায়ালা আসেমের মদ্দেহের হেফায়ত করলেন এবং এক বাঁক মৌমাছি তাদের উদ্দেশ্য সাধনের পথে অস্তরায় হয়ে গেল। ওরা মৌমাছির বাধা দেখে বলল : রাত পর্যন্ত লাশটি পড়ে থাকতে দাও। রাত হলে মৌমাছিরা চলে যাবে। তখন এসে শির কেটে নেয়া যাবে, কিন্তু রাত আসার সাথে সাথে আল্লাহ তায়ালা অবিশ্রান্ত ধারায় বারিবর্ষণ করলেন। পানির স্রোত হ্যরত আছেমের মরদেহ ভাসিয়ে নিয়ে গেল। হ্যরত আসেম আল্লাহর কাছে প্রতিজ্ঞা করেছিলেন— আমি জীবদ্ধশায় কোন মুশরিককে স্পর্শ করব না এবং কোন মুশরিক আমাকে স্পর্শ করবে না। তিনি জীবদ্ধশায় এই প্রতিজ্ঞা পালন করেছিলেন। আল্লাহ তায়ালা ওফাতের পরও কোন মুশরিকের ছেঁয়া থেকে তাঁকে বাঁচিয়ে নিলেন।

ইবনে ইসহাক ও ইবনে সাঁদ হজায়র ইবনে আবী ইহাবের বাঁদী মারিয়া থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন : খুবায়বকে মক্কায় আমার গৃহে বন্দী করা হয়েছিল। একদিন আমি তাঁর হাতে তাঁর মাথার চেয়ে বিঁড় একটি আঙুরের গুচ্ছ দেখতে পেলাম। তিনি তা থেকে খাচ্ছিলেন। তখন আমাদের অঞ্চলে আঙুরের কোন একটা দানাও খুঁজে পাওয়া ছিল অসম্ভব।

ইবনে আবী শায়বা ও বায়হাকী জাফর ইবনে আমর ইবনে উমাইয়া থেকে বর্ণনা করেন, নবী করীম (সাঃ) উমাইয়া যমরীকে একা গুণ্ঠচরুরপে প্রেরণ করেন। এই উমাইয়া বলেন : আমি সংগোপনে সেই কাঠের কাছে এলাম, যার উপর খুবায়বকে ঝুলানো হয়েছিল। কেউ দেখে ফেলে কিনা, মনে এই আশংকা নিয়ে আমি উপরে উঠে হ্যরত খুবায়বের মরদেহের বাঁধন খুলে দিলাম। তাঁর মরদেহ মাটিতে পড়ে গেল। আমি এক দিকে সরে গেলাম। এরপর আমি যখন তাঁর দিকে তাকালাম, তখন কিছুই দেখলাম না। মনে হল যেন মাটি তাঁকে গিলে ফেলেছে। সেমতে আজ পর্যন্ত কেউ তাঁর গলিত শব বা হাত্তি কোথাও পড়ে থাকার কথা বলেনি।

আবু ইউসুফ ‘কিতাবুল্লা তায়িফে’ হ্যরত যাহাক থেকে রেওয়ায়েত করেন, নবী করীম (সাঃ) হ্যরত মেকদাদ ও হ্যরত যুবায়রকে প্রেরণ করলেন, যাতে তাঁরা খুবায়বের লাশ ফাঁসিকাঠ থেকে নামিয়ে আনেন। তাঁরা উভয়েই তানয়ীম পর্যন্ত গেলেন। সেখানে তাঁরা খুবায়বের চার পাশে চলিশ ব্যক্তিকে নেশায় মাতাল অবস্থায় দেখতে পেলেন। মাতালদের উপস্থিতিতেই তাঁরা খুবায়বের লাশ নামালেন। হ্যরত যুবায়ব তাঁকে আপন ঘোড়ার পিঠে রাখলেন। মুশরিকরা এ সংবাদ জেনে গেল।

ওরা কাছে এলে খুবায়র মরদেহ মাটিতে রেখে দিলেন। মাটি তাঁকে গিলে ফেলল। একারণেই হযরত খুবায়বকে “বলীউল-আরদ” (মৃত্তিকা গিলিত) বলা হয়।

ওয়াকেদী জা’ফর, আবু ইবরাহীম ও আবদুল ওয়াহিদ ইবনে আবী আউন প্রমুখ অনেক বাবী থেকে বর্ণনা করেন যে, একদিন আবু সুফিয়ান ইবনে হরব মকায় একদল কোরায়শের কাছে বলল : আমি এমন কোন ব্যক্তি পাই না, যে মোহাম্মদকে অতর্কিতে হত্যা করে দেয় এবং আমাদের প্রতিশেধ গ্রহণ করে। সে হাটে বাজারে চলাফেরা করে।

অতঃপর আবু সুফিয়ানের কাছে জটৈক বেদুঈন এসে বলল : আপনি আমাকে শক্তি যোগালে আমি অতর্কিতে মোহাম্মদকে হত্যা করব। আমি মানুষকে পথ দেখানোর কাজ করি। পথের উচু নীচু অবস্থা সম্পর্কে আমি সবিশেষ জ্ঞাত। আমার কাছে চিলের পাখার ন্যায় একটি খঞ্জরও আছে।

আবু সুফিয়ান বলল : তুমি আমাদের বন্ধু। অতঃপর সে ওকে পথখরচ ও উট প্রদান করল। অতঃপর বলল : তুমি তোমার এই উদ্দেশ্য গোপন রাখবে। কারও কাছে বলবে না। কেউ হয়তো যেয়ে মোহাম্মদকে বলে দিতে পারে।

আরব বলল : একথা কেউ জানতে পারবে না। অতঃপর লোকটি রাতের বেলায় রওয়ানা হল। পাঁচ দিন সফর করার পর ঘষ্ট দিন প্রত্যুষে হাররাহ নামক স্থানে পৌছল। সে নবী করীম (সা:) -এর দিকে অগ্রসর হল। হ্যুর (সা:) তাকে দেখে সাহাবীগণকে বললেন : লোকটি বিশ্বাসযাতকতার ইচ্ছা রাখে। তার ইচ্ছার পথে আল্লাহ তায়ালা অস্তরায় হয়ে আছেন। এরপর তিনি লোকটিকে বললেন : সত্য করে বল তো তুমি কে? কি উদ্দেশ্যে এসেছ? আমি অবগত হয়ে গেছি।

লোকটি বলল : আপনি আমাকে অভয় দিন। রসূলুল্লাহ (সা:) বললেন : তোমাকে অভয় দিলাম। এরপর সে আবু সুফিয়ানের দুরভিসংবি এবং ওর পারিশ্রমিক সম্পর্কে হ্যুর (সা:) -কে সবকিছু খুলে বলল। হ্যুর (সা:) বললেন : আমি তোমাকে অভয় দিয়েছি। এখন যেখানে মন চায় চলে যাও। এছাড়া তোমার কল্যাণার্থে আর একটি বিষয় আছে। লোকটি বলল : সেটি কি? হ্যুর (সা:) এরশাদ করলেন : তুমি এ বিষয়ের সাক্ষ্য দাও যে, আল্লাহ ব্যতীত অন্য কোন উপাস্য নেই। এবং আমি তাঁর রসূল।

লোকটি মুসলমান হয়ে গেল এবং বলল : আল্লাহর কসম, আমি মানুষকে ভয় করতাম না, কিন্তু যখন আপনাকে দেখলাম, তখন আমার বুদ্ধি লোপ পেল এবং আমার মন দুর্বল হয়ে গেল। এছাড়া আপনি আমার উদ্দেশ্য সম্পর্কে অবগত হয়ে গেছেন। অথচ আমার উদ্দেশ্য সম্পর্কে কেউ অবগত নয়। এতে আমার বুঝতে বাকী নেই যে, আপনি শক্তিদের কবল থেকে সংরক্ষিত এবং আপনি সত্যপথে আছেন।

এরপর রসূলুল্লাহ (সা:) আমর ইবনে উমাইয়া এবং সালাম ইবনে আসলাম ইবনে হুবায়শকে বললেন : তোমরা উভয়েই আবু সুফিয়ানের উদ্দেশ্যে রওয়ানা হয়ে যাও এবং অসাবধান অবস্থায় পেলে তাকে হত্যা কর। তাঁরা উভয়েই রওয়ানা হলেন। আমর ইবনে উমাইয়া বর্ণনা করেন- আমার সঙ্গী আমাকে বলল : চল, বায়তুল্লায় যেয়ে সাত বার তওয়াফ করি এবং দু’রাকআত নামায পড়ি। আমি মকায় আমার বিচ্ছিন্ন রঙের ঘোড়ার কারণে পরিচিত। মকায় লোকেরা আমাকে দেখলেই চিনে নিবে। কিন্তু আমার সঙ্গী এ কথা মানল না। অগত্য আমরা উভয়েই বায়তুল্লাহর তওয়াফ সেরে দু’রাকআত নামায পড়লাম। আবু সুফিয়ানের পুত্র মোয়াবিয়ার দেখা পেলাম। সে আমাকে চিনে ফেলল এবং তার পিতাকে যেয়ে অবগত করল। মকাবাসীরা আমাদেরকে খুব শাসাল এবং বলল : আমর সদুদেশে আসেনি। এর আগে সে মানুষকে অতর্কিতে হত্যা করে দিত। আবু সুফিয়ান মকার লোকদেরকে একত্রিত করল। ইতিমধ্যে আমরা সেখান থেকে পলায়ন করতে সক্ষম হলাম। তারা আমাদের খোঁজে বের হল। আমি একটি গুহায় সকাল পর্যন্ত আঞ্চলিক করে রইলাম। তারা সারারাত তন্ত্রজ্ঞ করে আমাদেরকে তালাশ করল; কিন্তু আল্লাহপাক তাদের সামনে সঠিক পথ গোপন করে দিলেন। আমার সঙ্গী বলল : খুবায়ব শূলিতে ঝুলছে। চল, আমরা তাঁকে নামিয়ে দেই। সেমতে আমি তাঁকে শূলি থেকে নামিয়ে দিলাম।

বীরে মাউনার ঘটনা

ইমাম বোখারীর রেওয়ায়েতে হেশাম ইবনে ওরওয়া বলেন : আমার পিতা বর্ণনা করেছেন, বীরে মাউনায় মুসলমানগণ শহীদ হয়ে গেলে এবং আমর ইবনে উমাইয়া যমরী ফ্রেফতার হলে আমের ইবনে তোফায়ল একজন শহীদের দিকে ইশরা করে জিজ্ঞাসা করল : ইনি কে? আমর ইবনে উমাইয়া বললেন : ইনি হচ্ছেন আমের ইবনে ফুহায়রা। আমের ইবনে তোফায়ল বলল : তাঁকে শহীদ করার পর আমি দেখলাম তাঁকে আকাশ পর্যন্ত উথিত করা হল। আমি তাঁর লাশ আসমান ও যমীনের মাঝখানে ঝুলত্ব দেখছিলাম। এরপর তাঁকে যমীনে রেখে দেয়া হয়েছে।

নবী করীম (সা:) -এর কাছে আমের ইবনে ফুহায়রার শাহাদতের সংবাদ এসে পৌছলে তিনি ছাহাবায়ে-কেরামকে অবগত করান এবং বলেন : তোমাদের ভাইকে শহীদ করা হয়েছে। সে তার প্রতিপালকের কাছে এই আবেদন করেছিল : পরওয়ারদেগার! আমরা তোমার প্রতি সন্তুষ্ট এবং তুমি আমাদের প্রতি সন্তুষ্ট। আমাদের এ অবস্থা সম্পর্কে আমাদের ভাইদেরকে অবহিত কর।

মুসলিম ও বায়হাকী হযরত আনাস (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, কিছু লোক নবী করীম (সা:) -এর কাছে এসে আরয় করেন যে, ইয়া রাসূলুল্লাহ! আমাদের সাথে কয়েকজন সাহাবীকে প্রেরণ করুণ। তাঁরা আমাদেরকে কোরআন

ও সুন্মাহর শিক্ষা প্রদান করবেন। রসূলুল্লাহ (সাঃ) সন্দেশক কারী আনছারকে তাদের সম্মতি পাঠিয়ে দিলেন। গন্তব্য স্থলে পৌছার পূর্বেই ওরা তাঁদেরকে পথিমধ্যে প্রেরণ করে শহীদ করে দিল। মৃত্যুর পূর্বে কারী সাহাবীগণ আল্লাহতায়ালার কাছে দোয়া করলেন : পরওয়ারদেগুর! আমাদের পক্ষ থেকে আমাদের নবীকে সংবাদ পৌছিয়ে দাও যে, তাঁর কাছ থেকে বিদ্যায় হওয়ার সময় আমরা তাঁর প্রতি সন্তুষ্ট ছিলেন।

ঠিক সেই মুহূর্তে নবী করীম (সাঃ) সাহাবীগণকে বললেন : মুসলমানগণ! তোমাদের ভাইদেরকে শহীদ করে দেয়া হয়েছে। তাঁরা দোয়া করেছেন, পরওয়ারদেগুর! আমরা তোমার প্রতি সন্তুষ্ট এবং তুমি আমাদের প্রতি সন্তুষ্ট— এ অবস্থায় আমরা তোমার কাছে পৌছে গেছি। এ বিষয় সম্পর্কে তুমি আমাদের নবীকে অবহিত কর।

বায়হাকী হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) একটি দল প্রেরণ করলেন। এর কিছুক্ষণ পরেই তিনি আমাদের মধ্যে বিরাজমান হয়ে প্রথমে আল্লাহতায়ালার হামদ ও ছানা পাঠ করলেন, অতঃপর বললেন : মুশরিকদের সাথে তোমাদের ভাইদের মোকাবিলা হয়েছে। মুশরিকরা তাদেরকে খণ্ডিত করে দিয়েছে। তাদের কেউ বেঁচে নেই। তাঁরা দোয়া করেছে— পরওয়ারদেগুর আমরা তোমার প্রতি সন্তুষ্ট এবং তুমি আমাদের প্রতি সন্তুষ্ট— এ সংবাদ আমাদের সম্প্রদায়কে পৌছে দাও। হ্যুর (সাঃ) আরও বললেন : আমি তোমাদের কাছে তাদের পক্ষ থেকে ঘোষণা করছি যে। তাঁরা সন্তুষ্ট এবং তাঁদের প্রতি তাঁদের পরওয়ারদেগুরও সন্তুষ্ট।

ওয়াকেদী ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত ওরওয়া পূর্বোক্ত রেওয়ায়েতের সাথে আরও সংযোজন করে বলেন যে, আমের ইবনে তোফায়ল আমর ইবনে উমাইয়াকে জিজ্ঞাসা করল : তুমি তোমার সঙ্গীগণকে চিন? আমর বললেন : জিন্ন হাঁ। অতঃপর আমের শহীদগণের মধ্যে ঘুরে ঘুরে তাদের বংশপরিচয় জিজ্ঞাসা করতে লাগল, অতঃপর বলল : তুমি তাদের মধ্যে কাকে দেখছ না? আমর বললেন : হ্যরত আবু বকরের গোলাম আমর ইবনে ফুহায়রাকে দেখছি না।

আমের জিজ্ঞাসা করল : তোমাদের মধ্যে তাঁর মর্যাদা কিরূপ ছিল? আমের বললেন : তিনি আমাদের শ্রেষ্ঠতম ব্যক্তিবর্গের একজন ছিলেন।

আমের বলল : আমি তোমার কাছে তাঁর ঘর্ণনা বর্ণনা করছি। তাঁকে এ ব্যক্তি বর্ণ দিয়ে আঘাত করল, অতঃপর সে তার বর্ণ ক্ষতিশান থেকে বের করে আনল। এরপর কেউ তাঁকে আকাশে তুলে নিল। আমি তাঁকে দেখছিলাম না। আমেরের ঘাতক জাব ইবনে সলমী কেলাব গোত্রের লোক ছিল। সে বর্ণনা করে, যখন আমি তাঁকে বর্ণ দিয়ে আঘাত করলাম, তখন তিনি বললেন : আল্লাহ, আমি সফল হয়ে

গেছি। এরপর আমি যাহহাক ইবনে সুফিয়ান কেলাবীর কাছে এসে ঘটনা বর্ণনা করলাম এবং ইসলাম গ্রহণ করে ধন্য হলাম। আমের ইবনে ফুহায়রার শাহাদত এবং তাঁকে আসমানে তুলে নেয়ার যে দৃশ্য আমি দেখলাম, তাই আমার ইসলাম গ্রহণের কারণ” হয়ে গেল।

রাবী বর্ণনা করেন— যাহহাফ কেলাবী রসূলুল্লাহ (সাঃ)-কে লেখল, ফেরেশতারা হ্যরত আমেরের শবদেহকে গোপন করে ফেলেছে এবং ইলিয়ামে নামিয়ে দিয়েছে।

ইয়াম বায়হাকী বলেন : এরপ সভাবনা আছে যে, আমের (রাঃ)-কে আসমানে উঠানো হয়েছে, এরপর যমীনে নামানো হয়েছে এবং এরপর তিনি নিখোঁজ হয়ে গেছেন। এতে করে বোখাবীর ওরওয়া থেকে বর্ণিত প্রথম রেওয়ায়েতের সাথে সমর্থ্য সাধিত হয়ে যাবে। কেননা, তাতে আমেরকে যমীনে রেখে দেয়ার কথা বলা আছে। আমরা মাগারী মূসা ইবনে ওকবা গ্রন্থে এ ঘটনা প্রসঙ্গে ওরওয়া থেকে বর্ণনা করেছি যে, হ্যরত আমেরের দেহাবশেষ পাওয়া যায়নি। মানুষের ধারণা ফেরেশতারা তাঁর লাশ গোপন করে ফেলেছে।

ইয়াম সুয়তী বলেন : এরপর ইয়াম বায়হাকী ওরওয়া থেকে এবং তিনি হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত উদ্ভৃত করেছেন যে, আমেরকে হত্যা করা হলে তাঁকে আকাশে তুলে নেয়া হয়। এমনকি, আমি তাঁকে আসমান ও যমীনের মধ্যস্থলে প্রত্যক্ষ করছিলাম, কিন্তু এ রেওয়ায়েতে হ্যরত আমেরকে অতঃপর যমীনে রেখে দেয়ার কথা নেই। মোট কথা, এই রেওয়ায়েত দ্বারা হাদীসের সবগুলো তাঁরক শক্তিশালী হয়ে গেছে এবং আকাশে তাঁর লাশ দৃষ্টির আড়াল হয়ে যাওয়ার বর্ণনা একাধিক হয়ে গেছে।

ইবনে সা'দের রেওয়ায়েতে হ্যরত আয়েশা (রাঃ) বলেন : হ্যরত আমের ইবনে ফুহায়রা আকাশে উথিত হয়েছেন এবং তাঁর শবদেহ পাওয়া যায়নি। মানুষের ধারণা ফেরেশতারা তাঁকে গোপন করে ফেলেছে।

যাতুর-রিকার যুদ্ধ

বোখাবী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ বলেন : আমরা নবী করীম (সাঃ)-এর সঙ্গে জেহাদের জন্যে নজদ অভিমুখে রওয়ানা হলাম। ফেরার পথে একদিন এক কন্টকাকীর্ণ ‘উপত্যকায় ‘কায়লুলা’ তথা দিবাভাগে বিশ্রামের সময় এসে গেল। নবী করীম (সাঃ) নিচে অবতরণ করলেন এবং ছাহাবায়ে কেরামও উপত্যকায় ছায়া বিশিষ্ট বৃক্ষের খোঁজে ছড়িয়ে পড়লেন। হ্যুর (সাঃ) একটি ঝাউ বৃক্ষের ছায়ায় নামলেন এবং তরবারি বৃক্ষ শাখায় ঝুলিয়ে দিলেন। অন্যরা দলে দলে বিভক্ত হয়ে আপন আপন পছন্দ অনুযায়ী বিভিন্ন বৃক্ষের

নিচে লঘা হয়ে গেলেন। কিছুক্ষণ নিদ্রা যাওয়ার পর আমরা শুনলাম, রসূলুল্লাহ (সাঃ) আমাদেরকে ডাকছেন। আমরা তাঁর কাছে এলাম। দেখি কি, জনেক বেদুইন তাঁর সামনে উপবিষ্ট আছে। হ্যুৱ (সাঃ) বললেনঃ এ ব্যক্তি আমার তলোয়ার নামিয়ে নেয়। আমি জগ্রত হয়ে গেলাম। তরবারি তার হাতে কোষমুক্ত অবস্থায় বিদ্যমান ছিল। সে আমাকে হংকার দিয়ে বললঃ তোমাকে কে রক্ষা করবে? আমি বললামঃ আল্লাহ! অতঃপর সে তরবারি কোষবদ্ধ করে বলে পুড়ল।

ରାବୀ ବର୍ଣନା କରେନ, ରସ୍ମଲୁହାଇ (ସାଃ) ବେଦଟୈନକେ ଭର୍ତସନାଓ କରଲେନ ନା ।

হাকেম ও বায়হাকী হ্যরত জাবের (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, রসূলে
করীম (সাঃ) মাহারিবে-খাচফা থেকে নখল নামক স্থান পর্যন্ত যুদ্ধ করলেন।
একবার মুসলিম বাহিনীর অনবধানতা লক্ষ্য করে শত্রুপক্ষের গোরিছ ইবনে হারেস
নামক এক ব্যক্তি অগ্রসর হল। সে তরবারি উঁচিয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর সম্মুখে
দণ্ডয়মান হয়ে বলতে লাগল : আপনাকে কে রক্ষা করবে? নবী করীম (সাঃ)
বললেন : আল্লাহ! একথা শুনেই আগস্তুকের হাত থেকে তরবারি পড়ে গেল।
রসূলুল্লাহ (সাঃ) তরবারি হাতে নিয়ে ওকে বললেন : এবার তাকে কে রক্ষা করবে?
সে বলল : আপনি মহৎ ব্যক্তি! একথা শুনে হ্যুর (সাঃ) ওকে ছেড়ে দিলেন। সে
সঙ্গীদের কাছে এসে বলল : আমি তোমাদের কাছে একজন সর্বোত্তম ব্যক্তির কাছ
থেকে এসেছি।

ଆବୁ ନୟିମ ହ୍ୟରତ ଜାବେର (ରାଏ) ଥେକେ ବର୍ଣନା କରେନ, ରସୂଲେ କରୀମ (ସାଃ) ଛଫର ମାସେ ରଓୟାନା ହଲେନ । ତିନି ଏକଟି ବୃକ୍ଷେର ନିଚେ ଏକଟୁ ବିଶ୍ଵାମ ନିଛିଲେନ । ତାଁର ତରବାରିଟି ଏକଟି ଗାଛେ ଝୁଲିଯେ ରାଖା ହୟେଛି । ଏକ ବେଦୁନେ ଏସେ ତରବାରି କୋଷମୁକ୍ତ କରେ ତାଁର ମାଥାର ଉପର ଦାଡ଼ିଯେ ଗେଲ ଏବଂ ବଲଳ : ମୋହାମଦ ! ତୋମାକେ କେ ବେ ? ହ୍ୟୁର (ସାଃ) ଜାଗିତ ହୟେ ଗେଲେନ ଏବଂ ବଲଲେନ : ଆଲ୍ଲାହ । ଏକଥା ଶୁନେଇ ବେଦୁନେ କାପିତେ ଲାଗଲ । ସେ ତରବାରି ରେଖେ ଚଲେ ଗେଲ ।

ବାୟହାକୀ ଅନ୍ୟ ଏକ ସନଦେ ହ୍ୟରତ ଜାବେର (ରାଃ) ଥିକେ ରେଓୟାଯେତ କରେନ, ରମ୍ବୁଲୁପ୍ଲାହ (ସାଃ) ସାହାବୀଗଣକେ ନଥିଲ ନାମକ ସ୍ଥାନେ ଯୋହରେର ନାମାୟ ପଡ଼ାଲେନ । ମୁଶରିକରା ତାଁର ଉପର ହାମଲା କରାଇ ଇଚ୍ଛା କରଲ, ଏରପର ବଲତେ ଲାଗଲାଃ ତାଁକେ ଏଥିନ ଥାକତେ ଦୋଷ । ଏ ନାମାୟେର ପର ତାଁର ଏମନ ଏକଟି ନାମାୟ ଆଛେ, ଯା ତାଁର କାଛେ ସନ୍ତାନେର ଚେଯେଓ ଅଧିକ ପ୍ରିୟ । ଜିବରାଟିଲ (ଆଃ) ଆଗମନ କରଲେନ ଏବଂ ତାଁକେ ଶକ୍ତିଦେର ଦୂରଭିସନ୍ଧି ସମ୍ପର୍କେ ଅବହିତ କରଲେନ । ଅତଃପର ହ୍ୟୂର (ସାଃ) “ଛାଲାତୁଳ-ଖ୍ୱଫ” (ସୁନ୍ଦରକାଳୀନ ନାମାୟ) ଆଦାୟ କରଲେନ ।

মুসলিমের রেওয়ায়তে হ্যরত জাবের (রাঃ) বলেন : আমরা রস্তাকারী (সাঃ) এবং সাথে জাহানা গোবের একটি দলের বিরুদ্ধে জেহাদ করলাম। ওরা

তুমুল যুদ্ধ করে। আমরা যখন যোহরের নামায সমাপ্ত করলাম, তখন মুশরিকরা
বলাবলি করল : হায়, বড় ভুল হয়ে গেছে। আমরা যদি নামাযের মধ্যে অতর্কিতে
আক্রমণ করতাম, তবে তাদেরকে অন্যায়ে বিছিন্ন করে দিতে পারতাম। যাক,
তাদের আর একটি নামায আছে, যা তাদের কাছে সন্তানের চেয়েও অধিক প্রিয়।
অতঃপর জিবরাইল এসে হ্যুর (সাঃ)-কে এ সম্পর্কে অবহিত করলেন। ফলে
আল্লাহর রসূল (সাঃ) যুদ্ধকালীন নামায আদায় করলেন।

ଇମାମ ଆହମ୍ଦ ଓ ବାୟହକୀର ରେଓୟାଯେତେ ହ୍ୟରତ ଆବୁ ଆଇଯାଶ ସରକା (ରାୟ) ବଲେନ : ଆମରା ରୁସ୍ତିଲୁହାଇ (ସାଧ)-ଏର ସଙ୍ଗେ ଆସଫାନ ନାମକ ସ୍ଥାନେ ଛିଲାମ ମୁଶରିକଦେର ସେନାନୀଯକ ଛିଲେନ ଖାଲିଦ ଇବନେ ଓଲିଦ । ତାରା ବଲାବଲି କରଲ ମୁସଲମାନରା ଏମନ ଅବସ୍ଥା ଛିଲ ଯେ, ଆମରା ଇଚ୍ଛା କରଲେ ଅର୍ତ୍ତିକେ ଆକ୍ରମଣ କରେ ତାଦେରକେ କାବୁ କରତେ ପାରତାମ । ଅତଃପର ଯୋହର ଓ ଆଛରେ ମଧ୍ୟବର୍ତ୍ତୀ ସମ୍ମନନ୍ଦିତ କରେଇଲା ଆଯାତ ନାହିଁ ହିଲ ।

কসরের আয়াত নাম্বাৰ ২০।
ওয়াকেদীৰ রেওয়ায়েতে খালিদ ইবনে ওলীদ বলেন : নবী করীম (সা:) যখন হৃদায়বিয়া অভিমুখে রওয়ানা হন, তখন আমি মুশৱিকদেৱ একটি অশ্বারোহী দল নিয়ে বেৱ হুলাম। তিনি সাহারীগণসহ আসফানে ছিলেন। আমি তাঁৰ সম্মুখে এসে যোকাবিলার জন্যে দাঁড়িয়ে গোলাম। তিনি আমাদেৱ দৃষ্টিৰ সামনে সকলকে নিয়ে যোহুৱের নামায আদায় কৱলেন। আমুৱা তাঁৰ উপৰ হামলা কৱাৰ ইচ্ছা কৱেও পৰক্ষণে মত পাল্টে গৈল। তিনি আমাদেৱ মনেৱ ইচ্ছা জেনে ফেললেন। সেমতে তিনি আছুৱেৱ ওয়াকে সঙ্গীগণকে যুদ্ধকালীন নামায পড়ালেন।

মুসলিম ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) বলেন : আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে যাতুর-রিকা যুদ্ধের জন্যে রওয়ানা হলাম এবং একটি প্রশংস্ত উপত্যকায় পৌছলাম। তিনি প্রকৃতির ডাকে সাড়া দিতে রওয়ানা হলে আমি এক বালতি পানি নিয়ে সঙ্গে চললাম। হ্যুর (সাঃ) কোন আড়াল পেলেন না। আমি এক বালতি পানি নিয়ে সঙ্গে চললাম। হ্যুর (সাঃ) কোন আড়াল পেলেন না। অবশেষে দেখলেন, উপত্যকার এক প্রান্তে দু'টি বৃক্ষ দাঁড়িয়ে আছে। তিনি একটির কাছে যেয়ে সেটির শাখা ধরে বললেন : আল্লাহর নির্দেশে আমার অনুগামী হয়ে কাছে যেয়ে সেটির শাখা ধরে বললেন। আল্লাহর নির্দেশে আমার অনুগামী হয়ে গেল, যে তার নাকারণি যা। বৃক্ষটি অমনি সেই উটের মত তাঁর অনুগামী হয়ে গেল, যে তার নাকারণি ধারকের পিছনে পিছনে চলে। এরপর তিনি দ্বিতীয় বৃক্ষের কাছে এসে একই কথা ধারকের পিছনে পিছনে চলে। অবশেষে রসূলুল্লাহ (সাঃ) উভয় বললেন। সে-ও তেমনি তাঁর অনুগামী হয়ে গেল। অবশেষে রসূলুল্লাহ (সাঃ) উভয় বৃক্ষকে মিলিয়ে বললেন : আল্লাহর নির্দেশে কাছাকাছি হয়ে যা। বৃক্ষ দু'টি কাছাকাছি হয়ে গেল। হ্যরত জাবের (রাঃ) বর্ণনা করেন : আমি এক জায়গায় বসে পড়লাম এবং আপন মনের সাথে কথা বলতে লাগলাম। হঠাৎ দেখি কি, নবী করীম (সাঃ) সম্মুখ দিয়ে আগমন করছেন এবং বৃক্ষদ্বয় পৃথক হয়ে আপন আপন জায়গায় দাঁড়িয়ে গেছে। এরপর আমি দেখলাম, রসূলুল্লাহ (সাঃ) এক জায়গায় কিছুক্ষণ দাঁড়িয়ে

রইলেন। অতঃপর মাথায় ডানে বামে ইশারা করলেন। তিনি আমার কাছে এসে বললেনঃ জাবের, আমি যেখানে দণ্ডয়মান ছিলাম, সে স্থানটি তুমি লক্ষ্য করেছো? আমি বললামঃ হাঁ ইয়া রসূলল্লাহ। তিনি বললেনঃ ঐ বৃক্ষ দু'টির কাছে যাও এবং প্রত্যেক বৃক্ষ থেকে একটি করে শাখা কেটে আন। যখন আমার দাঁড়ানোর জায়গায় পৌঁছবে, তখন একটি শাখা ডান দিকে এবং একটি বাম দিকে ফেলে দিবে।

হ্যরত জাবের (রাঃ) বর্ণনা করেনঃ আমি একটি পাথর নিয়ে সেটি ভেঙ্গে ধারাল করলাম। অতঃপর বৃক্ষ দু'টির কাছে এসে প্রত্যেক বৃক্ষ থেকে একটি করে ডাল কাটলাম। উভয় ডাল টেনে টেনে সেই স্থানে নিয়ে এলাম, যেখানে রসূলল্লাহ (সাঃ) দাঁড়িয়েছিলেন। এরপর একটি ডাল ডান দিকে এবং একটি বাম দিকে ফেলে দিলাম। অতঃপর হ্যুর (সাঃ)-এর কাছে এসে আরজ করলামঃ ইয়া রাসূলল্লাহ! আপনি যা বললেন, আমি তাই করলাম, কিন্তু রহস্য বুঝা গেল না। তিনি বললেন, আমি দু'টি কবরের কাছ দিয়ে গমন করেছিলাম। কবরবাসীদের আযাব হচ্ছিল। আমি তাদের সুপারিশ করতে চাইলাম। সন্তুষ্টঃ এই শাখা দু'টি সবুজ ও সতেজ থাকা অবধি তাদের আযাব হালকা হতে পারে।

এরপর আমরা লশকরের মধ্যে পৌঁছলাম। হ্যুর (সাঃ) বললেনঃ জাবের, লোকদের মধ্যে ওয়ুর ঘোষণা করে দাও। আমি ওয়ু করে নেয়ার জন্যে ঘোষণা করলাম। আমি আরয করলামঃ ইয়া রসূলল্লাহ! কাফেলার মধ্যে পানির বড় অভাব। জনৈক আনন্দারী রসূলল্লাহ (সাঃ)-এর জন্যে মশকে পানি ঠাণ্ডা করত। তিনি বললেনঃ সেই আনন্দারীর কাছে যেয়ে দেখ মশকে কিছু পানি আছে কিন। আমি গেলাম। দেখলাম মশকের মুখে কয়েক ফোঁটা পানি আছে। মশক উপড় করলে মশকের শুকনো অংশ সেই পানি পান করে ফেলবে। আমি হ্যুরের কাছে এসে একথা বললে তিনি বললেনঃ মশকটি নিয়ে আস। আমি মশকটি আনলে তিনি সেটি হাতে নিলেন, অতঃপর মুখে কিছু বললেন, যা আমি বুঝতে পারিনি। তিনি নিজের পবিত্র হাত দিয়ে মশকে চাপ দিয়ে যাচ্ছিলেন। এরপর মশকটি আমার হাতে দিয়ে বললেনঃ ঘোষণা করে দাও, পানির জন্য যেন সবাই পাত্র নিয়ে আসে। আমি তাই করলাম। বড় একটি পাত্র আনা হল। লোকজন সেটি বহন করে এনেছিল। আমি পাত্রটি হ্যুরের সামনে রেখে দিলাম। তিনি আপন হাত তাতে বুলিয়ে অঙ্গুলিসমূহ প্রশস্ত করতঃ পাত্রের গভীরে রেখে দিলেন। অতঃপর আমাকে বললেনঃ জাবের, সেই মশকটি নিয়ে বিসমিল্লাহ বলে আমার হাতের উপর ঢেলে দাও। আমি তাই করলাম। হঠাৎ দেখি কি, হ্যুরের অঙ্গুলিসমূহের মাঝখান থেকে পানি উথলে উঠছে। অবশেষে পাত্রটি পানির তোড়ে ঘুরে গেল এবং ভরে গেল। হ্যুর (সাঃ) বললেনঃ জাবের, ঘোষণা কর, যার পানির প্রয়োজন

হয়, সে আসুক। সেমতে সাহাবীগণ এসে পানি নিয়ে গেলেন। এরপর তিনি যখন পাত্র থেকে হাত তুললেন, তখনও পাত্র পানিতে পূর্ণ ছিল।

সাহাবায়ে-কেরাম হ্যুর (সাঃ)-কে ক্ষুধার কথা বললেন। তিনি বললেনঃ সত্তরই আল্লাহ তায়ালা তোমাদেরকে খাওয়াবেন। সেমতে আমরা সমুদ্র পারে গেলাম। সমুদ্র একটি বিরাটকায় মৎস্য বাইরে নিষ্কেপ করল। আমরা সমুদ্র সীরে অগ্নি প্রজ্ঞালিত করলাম। মৎস্য ভাজা করলাম এবং পেট পুরে আহার করলাম। হ্যরত জাবের (রাঃ) বর্ণনা করেন, অতঃপর আমরা পাঁচ ব্যক্তি মৎস্যের চোখের কোটরে চুকে গেলাম। আমরা সেটির একটি পাঁজরের হাড়ি সঙ্গে আনলাম। সেটিকে ধনুকের মত বাঁকা করে খাড়া করলে কাফেলার দীর্ঘতম ব্যক্তি বৃহত্তম উটে সওয়ার হয়ে মাথা নিচু না করেই এপার থেকে ওপারে চলে গেল।

বোখারী ও মুসলিম হ্যরত জাবের (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেনঃ আমরা রসূলল্লাহ (সাঃ)-এর সঙ্গে ‘যাতুর-রিকার’ যুদ্ধের জন্যে রওয়ানা হলাম। আমরা যখন হাররাহ-ওয়াকেসে ছিলাম, তখন এক বেদুইন মহিলা তার পুত্রকে নিয়ে এল। সে আরজ করলঃ ইয়া রসূলল্লাহ! আমার পুত্র আমার অবাধ্য হয়ে গেছে। ওর ঘাড়ে শয়তান সওয়ার হয়েছে। হ্যুর (সাঃ) পুত্রের মুখ খুললেন এবং তাতে মুখের থুথু দিয়ে তিনি বার বললেনঃ আল্লাহর দুশ্মন লাঞ্ছিত হও। আমি আল্লাহর রসূল। এরপর মহিলাকে বললেনঃ তোমার পুত্রকে নিয়ে যাও। এর শয়তান আর কখনও এসে একে প্রয়োচিত করবে না। আমরা যুদ্ধ শেষে যখন ফিরে আসছিলাম, তখন সেই মহিলা আবার এল। হ্যুর (সাঃ) তাকে তার পুত্রের হালচাল জিজ্ঞাসা করলেন। সে বললঃ যে শয়তান তার কাছে আসত সেটি আর আসে না। এরপর আমরা হাররাহ নিম্নভূমিতে পৌঁছলে সমুখ থেকে একটি উট দৌড়ে এল। হ্যুর (সাঃ) বললেনঃ তোমরা জান এ উটটি কি বলেছে? সে তার মালিকের মোকাবিলায় আমার কাছে সাহায্য চায়। তার মালিক কয়েক বছর ধরে তাকে কৃষিকাজে নিয়োজিত রেখেছে। এখন তাকে যবেহ করতে চায়। জাবের, তুম যেয়ে তার মালিককে আমার কাছে নিয়ে এসো। আমি আরয করলামঃ হ্যুর, আমি তাঁর মালিককে চিনি না। হ্যুর (সাঃ) বললেনঃ এটা তোমাকে তার কাছে নিয়ে যাবে। জাবের (রাঃ) বর্ণনা করেন, সে উটটি আমার আগে আগে দ্রুত গতিতে চলল এবং আমাকে তার মালিকের কাছে পৌঁছে দিল। আমি মালিককে নিয়ে এলাম। হ্যরত জাবের বর্ণনা করেন, ‘যাতুর-রিকার’ যুদ্ধ ছিল আসলে আশ্চর্য অনেক আশ্চর্যজনক ঘটনাবলীতে পূর্ণ।

বোখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত জাবের (রাঃ) বলেনঃ আমি রসূলল্লাহ (সাঃ)-এর সাথে জেহাদের জন্যে রওয়ানা হলে আমার উট ক্লান্ত হয়ে পড়ল এবং আমাকেও ক্লান্ত করে দিল। হ্যুর (সাঃ) আমার কাছে এসে এবং

জিজ্ঞেস করলেন : তোমার অবস্থা কি? আমি বললাম : আমার উট অলস হয়ে গেছে এবং আমাকেও ঝুঁত করে দিয়েছে। ফলে আমি পশ্চাতে থেকে যাচ্ছি। হ্যুর (সাঃ) নিজের ঢাল দিয়ে উটকে ম্দু আঘাত করে বললেন : এখন সওয়ার হয়ে যাও। এরপর অবস্থা এই দাঁড়াল যে, আমি সেই উটকে হ্যুর (সাঃ)-এর অগ্নে চলে যাওয়া থেকে ফিরিয়ে রাখতাম।

ওয়াকেদী ও আবৃ নয়ীম হ্যরত জাবের (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, আমরা যখন ‘যাতুর-রিকার’ যুদ্ধে রওয়ানা হওয়ার প্রস্তুতি নিছিলাম, তখন ওলবা ইবনে যিয়াদ হারেসী তিনটি উট পাখীর ডিম নিয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এল। সে বলল : ইয়া রসূলুল্লাহ! আমি এই ডিমগুলো উট পাখীর বাসায় পেয়েছি। হ্যুর (সাঃ) বললেন : জাবের, ডিমগুলো নিয়ে রান্না কর। আমি সেগুলো পাকিয়ে একটি বড় পেয়ালায় করে নিয়ে এলাম। আমি রুটি খুঁজতে লাগলাম, কিন্তু নবী করীম (সাঃ) ও তাঁর সাহাবীগণ রুটি ছাড়াই ডিমগুলো খাওয়া শুরু করলেন। তাঁরা তৎপৰ হয়ে খাওয়ার পর ডিম তেমনি রয়ে গেল, যেমন পূর্বে ছিল। এরপর সেই ডিম সাহাবীগণ সকলেই খেলেন এবং আমরা পরিত্পুর অবস্থায় জেহাদের জন্যে রওয়ানা হলাম।

বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত জাবের (রাঃ) বলেন : আমরা ‘বনী-আনমার’ যুদ্ধে রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে গেলাম। তিনি এক ব্যক্তি সম্পর্কে বললেন : তাঁর অবস্থা কি? আল্লাহ ওর গর্দান মারুন। কথাটি সে ব্যক্তি শুনল। সে আরজ করল : ইয়া রসূলুল্লাহ! আল্লাহর পথে আমার গর্দান মারা হোক। হ্যুর বললেন : জি, হাঁ, আল্লাহর পথে। পরে লোকটি বাস্তবিকই শহীদ হয়ে গেল।

যাতুর-রিকা যুদ্ধকেই বনী তানমার যুদ্ধ বলা হয়।

খন্দক যুদ্ধ

বায়হাকী হ্যরত কাতাদাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, খন্দক যুদ্ধের দিন রসূলুল্লাহ (সাঃ) বললেন : আজকের পরে মুশারিকরা তোমাদের সাথে কথন ও নিয়মিত ও আক্রমণাত্মক যুদ্ধ করবে না। সেমতে কোরায়শরা এর পরে মুসলমানদের উপর আর কোন আগ্রাসী যুদ্ধ করতে পারেনি।

বৌখারী ও মুসলিম সোলায়মান সরদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, খন্দক যুদ্ধে মুশারিক বাহিনী মোকাবিলা করে প্রত্যাবর্তন করলে রসূলুল্লাহ (সাঃ) বললেন : এখন আমরা তাদের সাথে জেহাদ করব। ওরা আমাদের উপর চড়াও হতে পারবে না; বরং আমরাই তাদের দিকে যাব।

বৌখারীর রেওয়ায়েতে হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) বলেন : খন্দক যুদ্ধে পরিখা খননকালে একটি বৃহৎ পাথর নির্গত হল। ছাহাবায়ে কেরাম নবী করীম

(সাঃ)-এর কাছে এসে আরজ করলেন: পরিখায় একটি কঠিনতম পাথর নির্গত হয়েছে; ফলে আমাদের কোদাল অকেজো হয়ে যাচ্ছে, কিন্তু পাথরের কিছু হচ্ছে না। রসূলুল্লাহ (সাঃ) বললেন: আমি পরিখায় নামছি। অতঃপর তিনি দাঁড়ালেন। ক্ষুধার কারণে তাঁর পেটে একটি পাথর বাঁধা ছিল। আমরা সকলে তিনি দিন যাবত অভুক্ত ছিলাম। হ্যুর (সাঃ) কোদাল হাতে নিলেন এবং পাথরে সজোরে আঘাত করলেন। পাথরটি ভেঙ্গে বালুকার স্তুপের মত চতুর্দিকে ছড়িয়ে পড়ল। আমি আরজ করলাম : ইয়া রসূলুল্লাহ, আমাকে গৃহে যাওয়ার অনুমতি দিন। তিনি অনুমতি দিলেন। আমি গৃহে এসে স্ত্রীকে বললাম : আমি রসূলুল্লাহ (সাঃ)-কে ক্ষুধাকাতৰ দেখে সহ্য করতে পারলাম না, তাই গৃহে চলে এলাম। তোমার কাছে কোন খাদ্যদ্রব্য আছে কি? স্ত্রী বলল : আমার কাছে যব আছে, আর আছে একটি ছাগলছানা। আমি ছাগলছানাটি যবেহ করলাম এবং স্ত্রী যব পিষল। অবশেষে আমরা গোশত হাঁড়িতে চড়িয়ে দিলাম।

অতঃপর আমি রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এসে আরজ করলাম : ইয়া রসূলুল্লাহ, আমার গৃহে যৎসামান্য খাদ্য আছে। আপনি আরও একজন দু'জনকে নিয়ে চলুন। হ্যুর (সাঃ) জিজ্ঞাসা করলেন : খাদ্য কি পরিমাণ আছে? আমি পরিমাণ বললে তিনি বললেন : অনেক আছে, ভাল, খুব ভাল। তিনি আরও বললেন: তোমার স্ত্রীকে বলে দাও, আমি না আসা পর্যন্ত যেন উনুন থেকে হাঁড়ি না নামায় এবং চুল্লি থেকে রুটি বের না করে। অতঃপর তিনি সাহাবায়ে-কেরামকে বললেন : চল। সকল মুহাজির ও আনসার দাঁড়িয়ে গেলেন। হ্যরত জাবের গৃহে এসে স্ত্রীকে বললেন : ওগো শুনেছ, হ্যুর (সাঃ) সকল মুহাজির ও আনসার এবং তাদের সঙ্গী সাথী সকল ক্ষুধাকাতৰ মানুষকে নিয়ে এসে গেছেন। স্ত্রী জিজ্ঞাসা করলেন : হ্যুর কি আপনাকে খাদ্যের পরিমাণ জিজ্ঞাসা করেছিলেন? আমি বললামঃ হাঁ।

রসূলুল্লাহ (সাঃ) সাহাবায়ে-কেরামকে বললেনঃ ভিতরে এস, ভিড় করো না। তিনি নিজ হাতে রুটির টুকরা করে তাতে গোশত রাখতে লাগলেন। তিনি যখন রুটি ও গোশত নিতেন, তখন সাথে সাথে চুল্লি ও হাঁড়ি ঢেকে দিতেন। অতঃপর রুটির টুকরা ও গোশত সাহাবায়ে-কেরামের মধ্যে পরিবেশন করতেন। তিনি এমনিভাবে রুটি ভাঙতে এবং গোশত দিতে লাগলেন। অবশেষে সকলেই তৎপৰ হয়ে গেল এবং রুটি ও গোশত বেঁচে গেল। তিনি আমার স্ত্রীকে বললেনঃ তুম খাও এবং পাড়া-প্রতিবেশীকে হাদিয়ী দাও। তারাও সম্ভবতঃ ক্ষুধার্ত।

অন্য এক রেওয়ায়েতে এই মেহমানদের সংখ্যা এক হাজার বর্ণিত আছে।

ওয়াকেদী ও ইবনে আসাকির আবদুল্লাহ ইবনে মুগীস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, উমে আমের নবী করীম (সাঃ)-এর জন্যে একটি বড় থালা প্রেরণ করলেন, যাতে খেজুর, ঘি ও পনির দ্বারা প্রস্তুত করা খাদ্য ছিল। তিনি তখন স্তীয় তাঁবতে

হ্যরত উম্মে সালামার (রাঃ) কাছে ছিলেন। এ খাদ্য থেকে উম্মে সালামা নিজ প্রয়োজন মোতাবেক আহার করলেন। অবশিষ্ট খাদ্য নিয়ে রসূলুল্লাহ (সাঃ) তাঁবুর বাইরে এলেন। তাঁর ঘোষক সকলকে রাতের বেলায় আহারের দাওয়াত দিল। সে মতে এই খাদ্য থেকে খন্দকের সকল যোদ্ধা আহার করলেন। এরপরও খাদ্য তেমনি অবশিষ্ট রয়ে গেল।

আবু ইয়ালা ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে হ্যরত আবু রাফে (রাঃ) বলেন : খন্দক যুদ্ধের দিন একটি পাত্রে করে ভাজা করা একটি ছাগল নিয়ে আমি রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে এলাম। তিনি বললেন : আবু রাফে, আমাকে এই ছাগলের একটি বাহু দাও। আমি দিলাম। তিনি আবার বললেনঃ আমাকে বাহু দাও। আমি অপর বাহুটি দিয়ে দিলাম। তিনি আবার বললেন : আমাকে বাহু দাও। আমি আরজ করলামঃ ইয়া রসূলুল্লাহ, ছাগলের তো দুটি বাহুই হয়। তিনি বললেনঃ যদি তুমি কিছুক্ষণ চুপ থাকতে তবে আমার চাওয়া বাহু দিতে সক্ষম হতে।

মু'জাম গ্রন্থে আবুল কাসেম বগভী মুয়াবিয়া ইবনে হাকাম থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেনঃ খন্দক যুদ্ধে আমরা নবী করীম (সাঃ)-এর সঙ্গে ছিলাম। পরিখার প্রাচীর আলী ইবনে হাকামের ভাইয়ের পায়ের উপর পড়ে গেলে তার পায়ে জখম হয়ে যায়। রসূলুল্লাহ (সাঃ) বিসমিল্লাহ বলে আপন পবিত্র হাত তার পায়ে দিলেন। ফলে পা সম্পূর্ণ নিরাময় হয়ে যায়।

আবু নয়ীম হ্যরত আবদুল্লাহ ইবনে আমর ইবনে আস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, খন্দক যুদ্ধের দিন নবী করীম (সাঃ) কোদাল হাতে নিয়ে একবার সজোরে আঘাত করলেন এবং বললেন : এটা সেই আঘাত, যার দ্বারা আল্লাহ তায়ালা রোমের ধনভাড়ার তোমাদের জন্য উন্মুক্ত করে দিবেন। এরপর দ্বিতীয় আঘাত করে বললেন : এটা সেই আঘাত, যার দ্বারা আল্লাহ তায়ালা পারস্যের রত্নভাড়ার তোমাদের জন্য উন্মুক্ত করে দিবেন। এরপর তৃতীয় আঘাত করে বললেন : এটা সেই আঘাত, যার দ্বারা ইয়ামনবাসীদেরকে আমার মদদগ্রাহ করে আনবেন।

বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত সালমান (রাঃ) বলেন : আমি পরিখার একদিকে কোদালের একটি আঘাত করলাম। নবী করীম (সাঃ) আমার দিকে মুখ ফিরালেন। তিনি যখন দেখলেন, আমি সংকীর্ণ জায়গায় কোদালের আঘাত করে যাচ্ছি, তখন নিজেই পরিখায় নেমে পড়লেন। আমার হাত থেকে কোদাল নিয়ে তিনি একটি আঘাত করলেন। কোদালের নিচে বিদ্যুতের মত চমক সৃষ্টি হল। তিনি আবার সর্বশক্তি দিয়ে দ্বিতীয় আঘাত হানলেন। আবার কোদালের নিচে বিদ্যুৎ চমকে উঠল। এরপর তৃতীয় আঘাত হানলেন। এবারও কোদালের নিচে চমক সৃষ্টি হল। আমি আরজ করলামঃ ইয়া রসূলুল্লাহ, এই চমক সৃষ্টি হচ্ছে কেন? তিনি

বললেন : প্রথম চমক দ্বারা আল্লাহ তায়ালা আমাকে যামনের উপর বিজয় দান করবেন। দ্বিতীয় চমক দ্বারা আমাকে মুলকে-শাম সহ পচিমা দুনিয়ার উপর বিজয় দিবেন এবং তৃতীয় চমক দ্বারা প্রাচ্যের উপর বিজয় দিবেন।

ইবনে ইসহাক বলেনঃ আমার কাছে নির্ভরযোগ্য এক ব্যক্তি বর্ণনা করেছেন যে, হ্যরত ওমর ও হ্যরত ওসমান (রাঃ)-এর আমলে এবং তাঁদের পরে হ্যরত আবু হৱায়ার (রাঃ) বলতেনঃ তোমরা যা চাও, জয় করে নাও। সেই সন্তার কসম, যাঁর কজায় আমার প্রাণ, যে শহরই তোমরা জয় করেছ এবং কিয়ামত পর্যন্ত যত শহর জয় করবে, সবগুলোর চাবি আল্লাহ তায়ালা নবী করীম (সাঃ)- কে দান করেছেন।

বায়হাকী ও আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত বারা ইবনে আযেব (রাঃ) বলেন : পরিখার এক অংশে আমাদের সামনে একটি কঠিনতম পাথর পড়ল, যার উপর কোদাল কোন কাজ করছিল না। আমরা রসূলুল্লাহ (সাঃ)-কে অবগত করলে তিনি পাথরটি পরিদর্শন করলেন। অতঃপর কোদাল হাতে নিলেন এবং বিসমিল্লাহ বলে একটি আঘাত করলেন। ফলে এক তৃতীয়াংশ ভেঙ্গে গেল। তিনি বললেনঃ আল্লাহ আকবার, আমাকে সমগ্র শামের চাবি দেয়া হয়েছে। আল্লাহর কসম, আমি শামের লাল রাজপ্রাসাদ দেখতে পাচ্ছি।

অতঃপর তিনি দ্বিতীয় আঘাত করলেন। এতে পাথরের আর এক তৃতীয়াংশ ভেঙ্গে গেল। তিনি বললেনঃ আল্লাহ আকবার, আমাকে পারস্যের চাবি দান করা হয়েছে। আমি মাদায়েনের ষ্টেত প্রাসাদ প্রত্যক্ষ করছি। এরপর তিনি পাথরে তৃতীয় আঘাত করলেন। এতে পাথরের অবশিষ্টাংশও ভেঙ্গে চুরমার হয়ে গেল। তিনি এরশাদ করলেন : আল্লাহ আকবার, আমাকে ইয়ামনের চাবি দান করা হয়েছে। আল্লাহর কসম, এক্ষণে আমি এখান থেকেই সানআর দ্বারসমূহ প্রত্যক্ষ করছি।

আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত আমর ইবনে আওফ মুয়নী বলেন : পরিখা খনকালে আমাদের সামনে একটি সাদা চতুর্কোণ পাথর দৃষ্টিগোচর হয়। সেটি আমাদের লোহার যন্ত্রপাতি ভেঙ্গে দিল এবং পাথরটি ভাঙ্গা খুবই কঠিন হয়ে গেল। নবী করীম (সাঃ)-কে এ বিষয়ে অবহিত করলে তিনি হ্যরত সালমান (রাঃ)-এর হাত থেকে কোদাল নিলেন এবং এক আঘাতেই পাথরটি ভেঙ্গে দিলেন। পাথরের ভিতর থেকে বিদ্যুৎ চমক উঠল। ফলে মদীনার উভয় প্রান্তে অবস্থিত সকল বস্তু আলোকময় হয়ে গেল। অন্ধকার রাতের মধ্যে যেন প্রদীপ জুলে উঠল। রসূলুল্লাহ (সাঃ) আল্লাহ আকবার বললেন : এরপর দ্বিতীয় আঘাত হানলেন, ফলে পাথরটি আরও ভেঙ্গে গেল।

এবারও এমন চমক সৃষ্টি হল, যাতে মদীনার সকল ঘর বাড়ী আলোকিত হয়ে গেল। রসূল (সাঃ) তকবীর বললেন। এরপর তিনি তৃতীয় বার আঘাত করলেন।

ফলে পাথরটি একেবারে চূর্ণ-বিচূর্ণ হয়ে গেল। এবারও বিদ্যুৎ চমকে উঠল এবং মদীনার সকল বস্তুকে আলোকিত করে দিল। তিনি আবার তকবীর বললেন। আমরা আরজ করলাম : ইয়া রসূলুল্লাহ! আপনার প্রতিটি আঘাতে বিদ্যুতের মত চমক সৃষ্টি হল এবং আপনি তকবীর বললেন। এর কারণ কি?

রসূলুল্লাহ (সা:) এরশাদ করলেনঃ প্রথম আঘাতে আমার দৃষ্টিতে হীরার রাজপ্রাসাদ এবং পারস্য রাজের শহর উজ্জ্বল হয়ে ফুটে উঠে। জিবরাইল এসে আমাকে বললেন যে, আমার উষ্মত এগুলো করতলগত করবে। দ্বিতীয় আঘাতে আমার সামনে রোমের লাল প্রাসাদগুলো উজ্জ্বল হয়ে উঠে। জিবরাইল বললেন, আমার উষ্মত এগুলোও দখল করবে। তৃতীয় আঘাতে আমার সামনে সানআর প্রাসাদগুলো দৃশ্যমান হয়ে যায়। জিবরাইল বললেনঃ আপনার উষ্মত এগুলোও জয় করবে। তোমরা সুসংবাদ গ্রহণ কর।

এ কথা শুনে মুনাফিকরা বললঃ মোহাম্মদ (সা:) তো মদীনায় বসে হীরা ও মাদায়েন প্রত্যক্ষ করা এবং এগুলো জয় করার স্থল দেখছেন; অথচ তোমরা কোরায়শদের ভয়ে পরিখা খনন করছ। সামনাসামনি যুদ্ধ করার শক্তি তোমাদের নেই। এ ঘটনা সম্পর্কে আল্লাহ তায়ালা এই আয়াত নাখিল করেনঃ

وَإِذْ يَقُولُ الْمُنَافِقُونَ وَالَّذِينَ فِي قُلُوبِهِمْ مَرْضٌ مَا وَعَدْنَا^{۱۰۰}
اللَّهُ وَرَسُولُهُ لَا غُرُورًا^{۱۰۱}

ঃ শ্বরণ কর, যখন মুনাফিকরা এবং যাদের অন্তরে রোগ আছে, তারা বলছিলঃ আল্লাহ ও তাঁর রসূল আমাদেরকে যত ওয়াদা দিয়েছেন, সবই প্রতারণাপূর্ণ। (সূরা আহ্�যাব)

আবু নয়ীম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, খন্দক যুদ্ধের দিন রসূলুল্লাহ (সা:) নিজের হাতের কোদাল দিয়ে একটি আঘাত করেন। এতে একটি বিদ্যুৎ চমকে উঠে এবং ইয়ামনের দিক থেকে আলো প্রকাশ পায়। অতঃপর তিনি দ্বিতীয় আঘাত করেন। এতে পারস্যের দিক থেকে একটি আলো আঞ্চনিক করে। অতঃপর তিনি তৃতীয় আঘাত করেন। এতে রোমের দিক থেকে আলো ফুটে উঠে। এ দৃশ্য দেখে হ্যরত সালমান (রাঃ) বিশ্বয়ে হতবাক হয়ে যান। নবী করীম (সা:) তাঁকে জিজ্ঞেস করলেনঃ তুমি দেখেছো? তিনি আরজ করলেনঃ হ্যাঁ। হ্যুর (সা:) বললেনঃ আমার সামনে মাদায়েন আলোকময় হয়ে গেছে। আল্লাহ তায়ালা এখানে আমাকে ইয়ামন, রোম ও পারস্য বিজিত হওয়ার সুসংবাদ দান করেছেন।

আবু নয়ীম হ্যরত সহল ইবনে সাদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেনঃ আমরা রসূলুল্লাহ (সা:) এর সাথে পরিখাৰ যুদ্ধে ছিলাম। পরিখাৰ খনন কৰা হচ্ছিল, এমন সময় একটি পাথর বের হল। হ্যুর (সা:) মুচকি হাসলেন। জিজ্ঞাসা কৰা হল, ইয়া রসূলুল্লাহ! আপনি হাসলেন কেন? তিনি বললেনঃ সেই লোকদের কারণে, যাদেরকে প্রাচ্য থেকে বন্দী করে আনা হবে। তাদেরকে জানাতের দিকে নিয়ে যেতে চাওয়া হবে, কিন্তু তারা সেটা পছন্দ করবে না।

বায়হাকী ও আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত নোমান ইবনে বশীর (রাঃ)-এর ভগিনী বলেনঃ আমার মা আমার কাপড়ের আঁচলে কিছু খেজুর দিয়ে আমাকে আমার পিতা ও মামার কাছে পাঠালেন। তারা পরিখাৰ খননে রত ছিলেন। আমি রসূলুল্লাহ (সা:) এর কাছ দিয়ে গেলে তিনি আমাকে ডাক দিলেন। আমি তাঁর কাছে এলে তিনি খেজুরগুলো আমার হাত থেকে নিয়ে নিলেন। এতে তাঁর হাত ভরল না। তিনি মাটিতে একটি কাপড় বিহিন্নে খেজুরগুলো তাতে ছড়িয়ে দিলেন। কাপড়ের চতুর্দিকেই খেজুর পতিত হল। অতঃপর তিনি পরিখাৰ সকলকে একত্র হতে বললেনঃ তারা সমবেত হয়ে খেজুর খেল। তখনও কাপড়ের কোণায় কোণায় খেজুর পতিত হচ্ছিল।

বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত ইবনে আবুস (রাঃ) বলেনঃ মুগীরা বংশের এক ব্যক্তি বললঃ আমি মোহাম্মদকে হত্যা করব। এক্রপ সংকল্প ব্যক্ত করে সে ঘোড়ার পিঠে বসে পরিখায় লাফিয়ে পড়ল। ফলে তার ঘাড় ভেঙ্গে গেল। তার পরিবারের লোকেরা বললঃ মোহাম্মদ! একে আমাদের হাতে অর্পণ করুন। আমরা তাকে দাফন করব। এর মুক্তিপূর্ণ শোধ করে দিব। হ্যুর (সা:) বললেনঃ বাদ দাও একে। সে পাপিষ্ঠ এবং তার মুক্তিপূর্ণ হবে ঘৃণ্য।

বায়হাকী হ্যরত কাতাদা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, আল্লাহ তায়ালা সূরা বাকারার আয়াতে বলেন, তোমরা কি মনে কর, তোমাদের পূর্ববর্তীরা যে সকল কঠিন পরিস্থিতি অতিক্রম করেছে, সেগুলো অতিক্রম না করেই তোমরা জান্নাতে চলে যাবে? তারা এমন এমন সংকট ও দুঃসহ অবস্থার মোকাবিলা করেছে এবং এমন এমন ঝাঁকানি খেয়েছে। সেমতে মুসলমানরা যখন দলে দলে কাফের বাহিনীকে আসতে দেখল, তখন বললঃ এটাই সেই পরিস্থিতি, যার মোকাবিলা করার ওয়াদা আল্লাহ ও তাঁর রসূল দিয়েছেন।

বোখারী ও মুসলিম হ্যরত ইবনে আবুস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, রসূলুল্লাহ (সা:) এরশাদ করেছেন- তোরের বায়ু দ্বারা আমাদেরকে মদদ যোগানো হয়েছে, আর বৈকালিক ঝঁঝঁ দ্বারা আদ সম্পদায়কে ধ্বনি করা হয়েছে।

আল্লাহ পাক এরশাদ করেন **فَارْسَلْنَا عَلَيْهِمْ رِبِّحًا** (অতঃপর আমি প্রেরণ করলাম তাদের উপর বাযু) এই আয়াতের তফসীর প্রসঙ্গে বায়হাকী মুজাহিদ থেকে রেওয়ায়েত করেন, এর অর্থ ভোরের বাযু, যা খন্দক যুদ্ধে কাফের দলসমূহের উপর প্রেরণ করা হয়েছিল। এই বাযু এত প্রচও ছিল যে, কাফেরদের হাঁড়ি পাতিল সব উপুড় করে দেয় এবং ওদের তাবু উপড়ে ফেলে। ফলে তাদেরকে সে স্থান পরিত্যাগ করতে হয়। **جُنُودًا لَمْ تَرُوهَا** (এমন সৈন্যদল প্রেরণ করলেন, যাদেরকে তোমরা দেখতে না।) এ প্রসঙ্গে তিনি বলেন : এই অদৃষ্টিগ্রাহ্য বাহিনী ছিল ফেরেশতাদের; কিন্তু সেদিন তারা যুদ্ধ করেনি।

বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত হ্যায়ফা (রাঃ) বলেনঃ খন্দক যুদ্ধের রাতে ভীষণ ঝঁঝঁা এবং প্রবল শীত ছিল। আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে ছিলাম। নবী করীম (সাঃ) বললেন : তোমাদের মধ্যে এমন কে আছে, যে কাফের বাহিনীর খবর নেয়ার জন্যে বাইরে যাবে? যে এ কাজ করবে, কিয়ামতের দিন সে আমার সঙ্গে থাকবে। আমাদের মধ্যে কেউ তাঁর এ কথায় সাড়া দিল না। তিনি দ্বিতীয় বার এবং তৃতীয় বারও এ কথা বললেন : এরপর তিনি বললেন : হ্যায়ফা, তুমি যেয়ে লোকদের খবর নিয়ে এস। সেমতে আমি গেলাম এবং এমন পরিবেশে গেলাম যেন গরম হাত্তামের ভিতর দিয়ে পথ চলছি। এমনি অবস্থায় ফিরে এলাম। যখন আমার কাজ সমাপ্ত হয়ে গেল তখন পুনরায় শৈত্য অনুভব করলাম।

বায়হাকীর রেওয়ায়েতে আছে, হ্যরত হ্যায়ফা (রাঃ) আরজ করলেনঃ ইয়া রাসূলুল্লাহ! আপনার বলার পর প্রচও শীতের কারণে আমি যেতে উদ্যত হইনি, কিন্তু আপনার প্রতি লজ্জার কারণে। তিনি বললেন : তুমি যাও, গরম শৈত্য কোন কিছুই তোমাকে কষ্ট দিবে না যে পর্যন্ত আমার কাছে ফিরে না আস।

হ্যরত হ্যায়ফা (রাঃ) বলেন : আমি যেতে উদ্যত হলাম। হ্যুর (সাঃ) বললেন, কাফের বাহিনীর মধ্যে কোন নতুন খবর আত্মপ্রকাশ করবে। তুমি সে সংবাদ নিয়ে এস। হ্যায়ফা বলেনঃ আমার ভয় ও শৈত্য অন্যের তুলনায় বেশী অনুভূত হত। তবুও আমি চললাম। হ্যুর দোয়া করলেন : পরওয়ারদেগার! সম্মুখ, পশ্চাত, ডান, বাম, উপর, নিচ- চতুর্দিক থেকে তার হেফায়ত কর। এই দোয়ার ফলে আল্লাহ তায়ালা আমার মন থেকে ভয় ও শৈত্য মুছে ফেললেন। আমি এর কিছুই অনুভব করলাম না। আমি কাফের লশকরের মধ্যে ঢুকে পড়লাম। আমি তাদেরকে পরস্পর বলাবলি করতে শুনলাম- এখান থেকে চল, এখান থেকে চল। এখানে তোমাদের অবস্থানের ঠিকানা নেই। দেখলাম ঘূর্ণিবায়ুর ধ্রংসকারীতা তাদের লশকরের মধ্যেই সীমিত ছিল, সেখান থেকে এক গজও বাইরে ছিল না। আমি তাদের উটের গদি এবং ফরশের মধ্যে পাথরের আওয়াজ শুনছিলাম। বাযু

পাথর উড়িয়ে নিয়ে তাদেরকে আঘাত করছিল। এরপর আমি সেখান থেকে ফিরে এলাম। অর্দেক পথে পৌঁছার পর পাগড়ী পরিহিত বিশ জন অশ্বারোহীর দেখা পেলাম। তারা আমাকে বললেনঃ তোমার নবীকে যেয়ে বল, শক্রপক্ষকে আল্লাহ তায়ালা পর্যুদস্ত করেছেন। আমি তৎক্ষণাতঃ ফিরে এলাম। ফিরে আসার সাথে সাথে প্রবল শীত আমাকে জড়িয়ে ধরল এবং আমি কাঁপতে লাগলাম। এ স্থলে আল্লাহ তায়ালা এই আয়াত নায়িল করেন :

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذْ كُরُوا نِعْمَةَ اللَّهِ عَلَيْكُمْ إِذْ جَاءَتْكُمْ جُنُودٌ فَارْسَلْنَا عَلَيْهِمْ رِبِّحًا وَجَنُودًا لَمْ تَرُوهَا الْآيَةُ (১-৩২)

মুমিনগণ, আল্লাহর! সেই নেয়ামতের কথা স্মরণ কর, যখন তোমাদের উপর বিপুল সৈন্য ধেয়ে এল, অতঃপর আমি তাদের উপর প্রেরণ করলাম ঝঁঝঁবাযু এবং এমন এক সেনাদল, যাদেরকে তোমরা চোখে দেখতে না।

বায়হাকীর এক রেওয়ায়েতে হ্যরত হ্যায়ফার (রাঃ) বর্ণনায় আরও সংযোজিত হয়েছে, কাফেররা ভীষণ ঝঁঝঁা বাযুর দাপটে পড়ে সেখান থেকে সরে যেতে বাধ্য হলো। তাদের সাজসরঞ্জামেরও ভীষণ ক্ষতি হল।

হ্যরত হ্যায়ফা (রাঃ) আরও বর্ণনা করেন, নবী করীম (সাঃ) আমাকে জিজ্ঞেস করলেনঃ তুমি যাবে কি না? আমি বললাম : আল্লাহর কসম, কাফেররা আমাকে হত্যা করবে, এ ভয় আমার নেই। তবে তাদের হাতে বন্দী হওয়ার আশংকা আছে। নবী করীম (সাঃ) বললেন : তুমি কখনও বন্দী হবে না।

বোখারী ও মুসলিম হ্যরত আবদুল্লাহ ইবনে আবীআওফা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, রসূলুল্লাহ (সাঃ) কাফের বাহিনীর জন্যে এই বলে বদদোয়া করলেনঃ পরওয়ারদেগার! তুমই কিতাব অবতরণকারী, দ্রুত হিসাব গ্রহণকারী, কাফের বাহিনীকে পরাস্ত কর এবং তাদেরকে কম্পমান করে দাও।

ইবনে সাদ ইবনে জুবায়র (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, খন্দক যুদ্ধের দিন জিবরাইল ঝঁঝঁা বাযু নিয়ে আগমন করলেন। নবী করীম (সাঃ) জিবরাইল কে দেখে তিনবার বললেন : সুসংবাদ, আল্লাহ তায়ালা কাফেরদের উপর ঝঁঝঁা বাযু চাপিয়ে দিয়েছেন। এই বাযু তাদের তাঁবুস্মূহকে ছিন্ন বিছিন্ন করে দিয়েছে, তাদের হাঁড়িপাতিল উল্টে দিয়েছে, উটের গদি ভুলুষ্টিত করেছে এবং তাঁবুর পেরেক ভেঙ্গে দিয়েছে। ফলে তারা কেউ কারও দিকে ঝক্ষেপ না করে উর্ধ্বশাস্ত্রে পলায়ন করেছে। আল্লাহ তায়ালা আয়াত নায়িল করলেন : স্মরণ কর যখন তোমাদের দিকে বিপুল সংখ্যক সৈন্য ধেয়ে এল, অতঃপর আমি তাদের উপর ঝঁঝঁা বাযু নায়িল করলাম এবং এমন বাহিনী প্রেরণ করলাম, যাদেরকে তোমরা চোখে দেখতে না।

ইবনে সাদ হযরত ইবনে মুসাইয়ের থেকে রেওয়ায়েত করেন, রসূলে আকরাম (সা:) ও সাহাবায়ে কেরাম খন্দক যুদ্ধে পনের দিন পর্যন্ত অবরুদ্ধ থেকে অবর্ণনীয় দুঃখ-দুর্দশার সম্মুখীন হন। এক পর্যায়ে হ্যুর (সা:) দোয়া করলেন যে, পরওয়ারদেগার, আমি তোমাকে তোমার অঙ্গীকার-ওয়াদার কসম দিছি, কাফেররা যে পরিকল্পনা নিয়ে সমবেত হয়েছে, যদি তাই বাস্তবায়িত হয়, তবে তোমার এবাদত করার মত কেউ থাকবে না। ইবনে সাদ হযরত জাবের ইবনে আবনুল্লাহ (রা:) থেকে রেওয়ায়েত করেন, রসূলে করীম (সা:) মসজিদে আহ্যাবে সোম, মঙ্গল ও বুধবারে দোয়া করলেন, বুধবারে যোহর ও আছরের মধ্যবর্তী সময়ে দোয়া করুল হল। আমরা তাঁর পরিত্র মুখ্যভালে সুসংবাদের প্রতিক্রিয়া প্রত্যক্ষ করলাম। হযরত জাবের বর্ণনা করেন, আমি কেন দুঃখজনক বিষয়ের সম্মুখীন হইনি; কিন্তু আমি সময় তালাশ করে আল্লাহ তায়ালার কাছে দোয়া করলাম। দোয়া করুল হওয়া কি, তা আমি জানি।

ইবনে সাদ ওয়াকেদীর তরিকায় রেওয়ায়েত করেন, কাফের সরদার আমর ইবনে আবদে বুদ খন্দকের দিন ঘোষণা করতে লাগলঃ আমার সাথে মোকাবিলা করতে কেউ আসবে কি? হযরত আলী (রা:) গর্জে উঠে বললেনঃ আমি যাচ্ছি তার মোকাবিলায়। নবী করীম (সা:) হযরত আলীকে নিজে তরবারি দান করলেন। অতঃপর তাঁর মাথায় পাপড়ী বেঁধে বললেনঃ পরওয়ারদেগার! তাকে সাহায্য দ্বারা ভূষিত কর। অতঃপর হযরত আলী (রা:) অগ্রসর হলেন। দুজনই পরস্পরে কাছাকাছি এল এবং উভয়ের মধ্যে ধুলা উথিত হল। হযরত আলী (রা:) তরবারির এক আঘাতে প্রতিপক্ষকে হত্যা করলেন। তার সঙ্গীরা পৃষ্ঠ প্রদর্শন করে পালিয়ে গেল।

ইমাম তাহাতী রেওয়ায়েত করেন, একদিন নবী করীম (সা:) খন্দক যুদ্ধের সময় ব্যক্ততার কারণে যথাসময়ে আছরের নামায আদায় করতে ব্যর্থ হন। ফলে সূর্য ডুবে যাওয়ার উপক্রম হল। আল্লাহ তায়ালা সূর্যকে থামিয়ে দিলেন এবং আছরের মাত্রায় ফিরিয়ে দিলেন। হ্যুর (সা:) আছরের নামায পড়ে নিলেন। ইমাম নবী মুসলিমের টীকায় বলেনঃ এই বর্ণনাটির বর্ণনাকারী নির্ভরযোগ্য।

বনী-কুরায়য়ার যুদ্ধ

বোখারী ও মুসলিম হযরত আয়েশা (রা:) থেকে রেওয়ায়েত করেন, যখন রসূলুল্লাহ (সা:) খন্দক যুদ্ধে প্রত্যাবর্তন করলেন, অন্ত খুলে ফেললেন এবং গোসল করলেন, তখন জিবরাসৈল (আ:) তাঁর কাছে এসে বললেনঃ আপনি অন্ত খুলে ফেলেছেন। আমরা অন্ত খুলিনি। চলুন। রসূলুল্লাহ (সা:) বললেনঃ কোথায়? জিবরাসৈল ইহুদী বনী-কুরায়য়ার দিকে ইশারা করে বললেনঃ ওদিকে চলুন। সেমতে তিনি সেদিকে রওয়ানা হলেন।

বোখারী হযরত আনাস (রা:) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেনঃ আমি সেই ধুলাবালি প্রত্যক্ষ করছিলাম, যা জিবরাসৈলের ঘোড়ার পদাঘাতে বনী গনমের সড়কে উথিত হচ্ছিল। তখন নবী করীম (সা:) বনী কুরায়য়ার দিকে গমন করছিলেন।

বায়হাকী ও হাকেম হযরত আয়েশা (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:) আমার কাছে এলেন, এমতাবস্থায় এক ব্যক্তি এসে আমাদেরকে সালাম করল। নবী করীম (সা:) হতবুদ্ধি হয়ে দাঁড়িয়ে গেলেন। আমি তাঁর পিছনে যেয়ে দাঁড়ালাম। আমি দেহইয়া কলবীকে দেখতে পেলাম। নবী করীম (সা:) বললেনঃ ইনি জিবরাসৈল (আ:)। আমাকে বনী-কুরায়য়ার দিকে যাওয়ার নির্দেশ দিচ্ছেন। তিনি বলছেনঃ আপনি অন্ত খুলে ফেলেছেন; কিন্তু আমরা এখনও খুলিনি। আমরা মুশরিকদের খোঁজে হামরাউল আসাদ পর্যন্ত গেছি। এ ঘটনা তখনকার, যখন রসূলুল্লাহ (সা:) খন্দক যুদ্ধ থেকে ফিরে আসেন। অতঃপর রসূলুল্লাহ (সা:) রওয়ানা হলেন। তাঁর এবং বনী কুরায়য়ার মাঝখানে বসার জায়গাগুলো পর্যন্ত তিনি গেলেন এবং লোকদেরকে জিজেস করলেনঃ তোমাদের কাছ দিয়ে কি কেউ গমন করেছে? তারা বললঃ আমাদের কাছ দিয়ে দেহইয়া কলবী সাদা খচের বসে গমন করেছেন। খচরটির গদিতে রেশমী গদি ছিল। নবী করীম (সা:) বললেনঃ তিনি দেহইয়া কলবী নন; তিনি জিবরাসৈল (আ:)। তাঁকে বনী-কুরায়য়ার দিকে পাঠানো হয়েছে, যাতে তাদের স্থানসম্মূহ কম্পমান করে দেন এবং তাদের অন্তরে ত্রাস সৃষ্টি করে দেন।

ইবনে সাদ হযরত ইবনে হেলাল (রা:) থেকে রেওয়ায়েত করেন, নবী করীম (সা:) ও ইহুদী বনী কুরায়য়ার মধ্যে চুক্তি ছিল। খন্দক যুদ্ধের জন্যে কাফেরদের বাহিনী আগমন করলে বনী-কুরায়য়া চুক্তি ভঙ্গ করে এবং নবী করীম (সা:)-এর বিরুদ্ধে মুশরিকদের সাহায্য করে। আল্লাহ তায়ালা খন্দকে ঝঁঝঁা বায়ু ও ফেরেশতাদের দল প্রেরণ করেন। ফলে মুশরিকরা পলায়ন করে এবং বনী-কুরায়য়া নিজেদের দুর্গে আশ্রয় গ্রহণ করে। নবী করীম (সা:) ও সাহাবীগণ যুদ্ধের হাতিয়ার খুলে ফেলেছিলেন। জিবরাসৈল এসে বললেনঃ আমি তো এখন পর্যন্ত হাতিয়ার খুলিনি। আপনি বনী কুরায়য়ার দিকে যান। নবী করীম (সা:) বললেনঃ আমার সৈন্যরা ক্লান্ত পরিশ্রান্ত। তাদেরকে কয়েকদিন সময় দিলে ভাল হত। জিবরাসৈল বললেনঃ আপনি চলুন। আমি নিজের এই ঘোড়া তাদের দুর্গে দাখিল করে তাদেরকে প্রকশ্পিত করে দিব। সে মতে জিবরাসৈল ও তাঁর সঙ্গীয় ফেরেশতাগণ ফিরে চললেন। বনী-গনমের গলিসমূহে ধুলিকণা উড়তে দেখা গেল। খন্দকে হযরত সাদ ইবনে মুয়ায় (রা:)-এর ধর্মনীতে তীর লেগেছিল। ক্ষতিহ্রাস থেকে রক্তপাত বৰ্ষ হয়ে পুনরায় শুরু হয়েছিল। তিনি আল্লাহ তায়ালার কাছে দোয়া করলেন, বনী-কুরায়য়ার কাছ থেকে প্রতিশোধ গ্রহণ করে সান্ত্বনা লাভ না করা পর্যন্ত

যেন তাঁর মৃত্যু না হয়। মোট কথা, বনী-কুরায়য়া তাদের দুর্গের মধ্যে অশেষ কষ্ট ভোগ করল। অবশেষে সাঁদ ইবনে মুয়ায় (রাঃ)-এর ফয়সালার শর্তে তারা দুর্গ থেকে অবতরণ করল। হ্যরত সাঁদ ফয়সালা দিলেন, তাদের মধ্যে যারা যোদ্ধা, তাদেরকে হত্যা করা হোক এবং তাদের সন্তান সন্ততিকে বন্দী করা হোক।

বায়হাকী, ইবনে সাকান ও আবু নয়ীম ইবনে ইসহাকের তরিকায় হ্যরত আসেম ইবনে ওমর ইবনে কাতাদাহ বনী-কুরায়য়ার এক বয়োবৃন্দ ব্যক্তি থেকে রেওয়ায়েত করেন, ইবনুল বায়ান নামক এক ইহুদী সিরিয়া থেকে আমাদের কাছে আসে। তার চেয়ে ভাল মানুষ আমরা দেখিনি। বৃষ্টিপাত বন্ধ থাকলে আমরা তাকে দোয়ার জন্যে বলতাম। সে বলত, দোয়ার জন্যে বের হওয়ার পূর্বে সদকা-খয়রাত কর। আমরা তাই করতাম। সে আমাদেরকে হারার ময়দান পর্যন্ত নিয়ে যেত। আমরা সেখান থেকে ফিরে আসার পূর্বেই সকল উপত্যকা ও নালা পানিতে ভরে যেত। এরূপ এক দু'বার হয়নি, কয়েকবার হয়েছে। মৃত্যুর সময় এলে সে বলল : হে ইহুদী সম্প্রদায়! মৃত্যু সম্পর্কে তোমাদের ধারণা কি? মৃত্যু আমাকে আবাদ ভূমি থেকে ক্ষুধা ও অভাব-অন্টনের জায়গায় বের করে দিয়েছে। আমরা বললাম : এ বিষয়টি আপনিই উত্তরণে জানেন। কেননা, আপনি আমাদের চেয়ে বেশী জ্ঞানী। সে বললঃ শুন, আমি আশা করছি একজন নবী আবির্ভূত হবেন, এ শহরটি হবে তাঁর হিজরত ভূমি। এই নবী রক্তপাত ঘটানোর জন্যে এবং সন্তানদেরকে বন্দী করার জন্যে প্রেরিত হবেন এ বিষয়টি তাঁর আনুগত্য করতে তোমাদের জন্যে যেন বাধা না হয়। তোমরা যুদ্ধ করার ইচ্ছায় এই নবীর দিকে কখনও অগ্রাভিয়ান করবে না। এ কথা বলে ইবনুল-বায়ান প্রাণত্যাগ করল। বনী-কুরায়য়াকে জয় করার রাতে এ ঘটনাটি সালাবা ইবনো সায়ীদ, ওসায়দ ইবনে সায়ীদ এবং আসাদ ইবনে ওবায়েদের ইসলাম গ্রহণের কারণ হয়ে গেল।

ইবনে সাঁদ ইয়ায়ীদ ইবনে রোমান ও আসেম ইবনে ওমর প্রমুখ থেকে রেওয়ায়েত করেন, নবী করীম (সাঃ) যখন বনী কুরায়য়ার দুর্গে প্রবেশ করলেন, তখন কা'ব ইবনে আসাদ বললঃ হে ইহুদী সম্প্রদায়! তোমরা এই ব্যক্তির অনুসরণ কর। খোদার কসম, ইনি নবী। ইনি যে প্রেরিত নবী, এ কথা তোমাদের সামনে সুস্পষ্ট হয়ে গেছে। ইনি সেই নবী, যাঁর কথা তোমরা তোমাদের কিতাবে পাও। ইহুদীরা বললঃ নিঃসন্দেহে ইনি সেই নবী। কিন্তু আমরা তওরাতের নির্দেশ ত্যাগ করব না।

ইবনে সাঁদ ছালাবা ইবনে মালেক থেকে রেওয়ায়েত করেন, সালাবা ইবনে সায়ীদ ও আসাদ ইবনে ওবায়দ বললেনঃ হে বনী-কুরায়য়া! তোমরা ভালুকপেই জান যে, ইনি আল্লাহর রসূল। তাঁর গুণবলী ও প্রশংসা আমাদের কিতাবে বিদ্যমান আগমন করলেন এবং জিজেস করলেন ও কার ইন্দ্রিকাল হয়েছে, যার জন্যে

অবহিত করেছেন। এই হ্যাই ইবনে আখতাব উপস্থিত রয়েছেন, যিনি ইহুদী আলেমগণের প্রথম কাতারের একজন। অন্য একজন ইহুদী আলেম ইবনুল বয়ান শ্রেষ্ঠতম সত্যভাষী আলেম। তিনি মৃত্যুর সময় নবী করীম (সাঃ)-এর গুণবলী সম্পর্কে আমাদের অবহিত করেছেন। বনী-কুরায়য়া জবাবে বললঃ আমরা তওরাত পরিত্যাগ করব না। বনী-কুরায়য়াকে ইসলাম গ্রহণে সম্মত হতে না দেখে তারা সে রাতেই দুর্গ থেকে বের হয়ে ইসলাম গ্রহণ করেন। পরদিন সকালে বনী কুরায়য়া আত্মসমর্পণ করে দুর্গ থেকে নিচে নেমে এল।

বোখারী ও মুসলিম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, খন্দক যুদ্ধে হ্যরত সাঁদ ইবনে মুয়ায়কে লক্ষ্য করে হাইয়ান ইবনে আরাফাহ একটি তীর নিক্ষেপ করে, যা তার ধমনীতে বিন্দু হয়। রসূলুল্লাহ (সাঃ) সাঁদের জন্যে মসজিদে একটি তাঁবু স্থাপন করে দেন। তিনি সেখানেই নিকট থেকে তাঁর কুশলাদি জেনে নিতেন। দীর্ঘ অবরোধের পর যখন বনী-কুরায়য়া আত্মসমর্পণ করে দুর্গ থেকে অবতরণ করে, তখন রসূলুল্লাহ (সাঃ) তাদের সম্পর্কে ফয়ছালার ভার হ্যরত সাঁদ ইবনে মুয়ায়কে অর্পণ করেন। হ্যরত সাঁদ বললেনঃ আমার ফয়সালা, বনী কুরায়য়ার মধ্যে যারা যুদ্ধ করতে সক্ষম, তাদেরকে হত্যা করা হোক, তাদের শিশু ও মহিলাদেরকে বন্দী করা হোক এবং তাদের ধন সম্পদ জৰু করা হোক। অতঃপর হ্যরত সাঁদ দোয়া করলেনঃ পরওয়ারদেগার! ভূমি জান, তোমার রসূলের শক্তিদের বিরুদ্ধে জেহাদ অপেক্ষা কোন কিছুই আমার কাছে অধিক প্রিয় নয়।

পরওয়ারদেগার! আমি মনে করি, ভূমি আমাদের ও তাদের মধ্যে লড়াই খতম করে দিয়েছ। এখন আমাদের ও কোরায়শদের মধ্যে যদি লড়াই বাকী থেকে থাকে, তবে তার জন্যে আমাকে জীবিত রাখ। আমি তোমার পথে তাদের বিরুদ্ধে জেহাদ করব। অন্যথায় আমার এই জখম তাজা করে দাও এবং এ জখমেই আমাকে মৃত্যু দান কর। শেষ পর্যন্ত তিনি সেই জখমের কারণেই ইন্দ্রিকাল করেন।

বায়হাকী হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, নবী করীম (সাঃ) হ্যরত সাঁদ ইবনে মুয়ায় (রাঃ) সম্পর্কে বললেনঃ তাঁর জন্যে আল্লাহর আরশ নড়ে গেছে এবং তাঁর জানায়ায় সন্তুর হাজার ফেরেশতা অংশ গ্রহণ করেছে।

বায়হাকী ইবনে ইসহাকের বরাতে হ্যরত মুয়ায় ইবনে রেফাআ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেনঃ আমার সম্প্রদায়ের এক প্রিয়জন আমাকে অবগত করেছেন, জিবরাইল রেশমী পাগড়ী পরিহিত হয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে অর্ধ রাতে আগমন করলেন এবং জিজেস করলেন ও কার ইন্দ্রিকাল হয়েছে, যার জন্যে

আকাশের দ্বার উন্মুক্ত করা হয়েছে এবং আরশ গতিশীল হয়েছে? এ কথা শুনে হ্যুর (সাঃ) দ্রুত গতিতে সাদ ইবনে মুয়ায়ের কাছে এসে দেখলেন, তিনি ইন্তেকাল করেছেন।

বায়হাকী হ্যরত হাসান (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, হ্যরত সাদ (রাঃ)-এর রূহ যখন উর্ধ্ব জগতে নীত হতে থাকে, তখন আনন্দে আল্লাহর আরশ গতিশীল হয়ে যায়।

আবু নয়ীম হ্যরত আশআস ইবনে হসহাক (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, হ্যরত সাদ (রাঃ) ভারী ও দীর্ঘদেহী ব্যক্তি ছিলেন। যখন তাঁর জানায়া বহন করা হল, তখন জনেক মুনাফিক বলতে লাগল : আজকের মত এত হাঙ্কা পাতলা জানায়া আমরা বহন করিনি। নবী করীম (সাঃ) বললেনঃ সাদ ইবনে মুয়ায়ের জানায়া এমন সন্তুর হাজার ফেরেশতা অংশগ্রহণ করেছিল, যারা কখনও পৃথিবীতে পা রাখেনি। অন্য এক রেওয়ায়েতে তিনি বলেন : তাঁর জানায়া হাঙ্কা হবে না কেন, এমন ফেরেশতারাও তোমাদের সাথে জানায়া বহন করেছিল, যারা ইতিপূর্বে কখনও নিচে অবতরণ করেনি।

ইবনে সাদ হ্যরত মোহাম্মদ ইবনে শোরাহবিল (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, এক ব্যক্তি সেদিন হ্যরত সাদের কবর থেকে এক মুষ্টি মাটি সঙ্গে নিয়ে যায়। এরপর অন্য সময় সে এ মাটি মেশকের অনুরূপ পায়। নবী করীম (সাঃ) এ জন্যে ‘সোবহানাল্লাহ! সোবহানাল্লাহ’!! বললেন : এরপর তিনি আলহামদু লিল্লাহ বলে এরশাদ করলেন : যদি কবরের পাকড়াও থেকে কেউ মুক্তি পেত, তবে সাদই পেত। তাকে কবর একবার মাত্র চাপ দিয়েছে। এরপর আল্লাহ তায়ালা তা দূর করে দিয়েছেন।

ইবনে সাদের রেওয়ায়েতে সায়দ ইবনে খুদরী (রাঃ) বলেন : আমিও হ্যরত সাদ ইবনে মুয়ায়ের কবর খননকারীদের মধ্যে শরীক ছিলাম। আমরা যখন মাটি খনন করছিলাম, তখন মাটি থেকে মেশকের সুস্বাণ ভেসে আসছিল।

আবু রাফে'র হত্যা

বোখারী হ্যরত বারা ইবনে আয়েব (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, আবদুল্লাহ ইবনে আতীক যখন দুরাচারী আবু রাফেকে হত্যা করে তাঁর গৃহের সিঁড়ি বেয়ে নিচে নামছিলেন, তখন মাটিতে পড়ে যান। ফলে তাঁর গোছার হাজির ভেসে যায়। তিনি বর্ণনা করেন, আমি রসূলুল্লাহ (সাঃ) -কে এ কথা বললাম। তিনি বললেন : পা ছড়াও। আমি পা ছড়িয়ে দিলাম। তিনি নিজের পবিত্র হাত আমার পায়ের উপর বললেন। আমার মনে হল যেন কোন ব্যথাই লাগেনি।

সুফিয়ান ইবনে নবীহ হ্যালীর হত্যা

বায়হাকী ও আবু নয়ীম আবদুল্লাহ ইবনে আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন : রসূলে আকরাম (সাঃ) আমাকে ডাকলেন এবং বললেন : আমি সংবাদ পেয়েছি, সুফিয়ান ইবনে নবীহ আমার সাথে যুদ্ধ করার জন্যে সেনাদল একত্র করছে। এক্ষণে সে নখলায় কিংবা আরনায় অবস্থান করছে। তুমি যেয়ে তাকে হত্যা কর। আমি আরজ করলাম : ইয়া রসূলুল্লাহ! কোন চিহ্ন বলুন, যাতে তাকে চিনতে পারি। তিনি বললেন : চিহ্ন, সে তোমাকে দেখে কাঁপতে থাকবে।

সেমতে আমি গেলাম। যখন তাকে দেখলাম, তখন তাঁর সে অবস্থাই ছিল! যা রসূলুল্লাহ (সাঃ) বর্ণনা করেছিলেন। সে অবিরাম কাঁপতে ছিল। আমি তাঁর সঙ্গে কিছুদূর গেলাম। যখন সুযোগ পেয়ে গেলাম, তখন তরবারি দিয়ে হামলা করলাম এবং তাঁর দফা রফা করে দিলাম। অতঃপর রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে ফিরে এলে তিনি বললেনঃ **أَفْلَحَ الوجه**। অর্থাৎ আল্লাহ তোমাকে সফলকাম করুন। আমি আরজ করলাম : ইয়া রসূলুল্লাহ, আমি তাকে হত্যা করেছি। তিনি বললেনঃ তুমি সত্য বলেছ। অতঃপর তিনি আমাকে একটি লাঠি দান করলেন এবং বললেনঃ এটি রাখ। আমি আরয করলামঃ এটি আমাকে কেন দিলেন? তিনি এরশাদ করলেনঃ কেয়ামতের দিন এ লাঠি তোমার ও আমার মধ্যে একটি নির্দশন হবে। আবদুল্লাহ ইবনে আনাস (রাঃ) লাঠিটি তাঁর তলোয়ারের সাথে সংযুক্ত রেখে দেন। ইন্তেকালের পর তাঁর নির্দেশ অনুযায়ী লাঠিটি তাঁর কাফনের সাথে রেখে দেওয়া হয়।

বনী মুস্তালিক যুদ্ধ

বায়হাকী ও আবু নয়ীমের রেওয়ায়েতে ওয়াকেদী বলেন : আমার কাছে সায়দ ইবনে আবদুল্লাহ ইবনে আবিল আবইয়ান তাঁর পিতা থেকে, তিনি তাঁর দাদী (যিনি হ্যরত জুয়াইরিয়া [রাঃ]-এর বাঁদী ছিলেন) থেকে এই হাদীস বর্ণনা করেছেন যে, তিনি হ্যরত জুয়াইরিয়া (রাঃ)-কে বলতে শুনেছেন, আমাদের মোকাবিলা করার জন্যে রসূলে করীম (সাঃ) আগমন করলেন। আমরা মুরাইসীতে ছিলাম। আমার পিতা বলছিলেন, বিপক্ষের কাছে এত সৈন্য সামন্ত আছে, যার মোকাবিলা করার শক্তি আমাদের নেই। হ্যরত জুয়াইরিয়া বলেন : আমি এত লোকজন, ঘোড়া ও অশ্রেষ্ঠ দেখছিলাম, যাদের সংখ্যা বর্ণনা করা সম্ভব নয়। আমি ইসলাম গ্রহণ করলাম। নবী করীম (সাঃ) আমাকে বিবাহ বন্ধনে আবদ্ধ করে নিলেন। আমরা যখন মদীনায় ফিরে এলাম, তখন মুসলমানদের সেই সংখ্যা দৃষ্টিগোচর হল না, যা আমি পূর্বে দেখেছিলাম। তখন আমি বুঝতে পারলাম, এটা আল্লাহ তায়ালার পক্ষ থেকে ত্রাস সৃষ্টি করার কার্যক্রম ছিল। মুশরিকদের এক ব্যক্তি ইসলাম গ্রহণ করে

মন্তব্য করছিলেন— আমরা এমন শ্রেতকায় ব্যক্তিগতিকে বিচিত্র রঙের ঘোড়ায় সওয়ার দেখছিলাম, যাদেরকে ইতিপূর্বে কথনও দেখিনি।

বায়হাকী হযরত জুয়াইরিয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন : রসূলুল্লাহ (সাঃ)-এর আগমনের তিনি রাত পূর্বে আমি স্বপ্নে দেখলাম, চাঁদ মদীনা থেকে অগ্রসর হয়ে আমার কক্ষে প্রবেশ করেছে। এ স্বপ্ন আমি কারও কাছে প্রকাশ করিনি। অবশেষে হ্যুর (সাঃ) আগমন করলেন। যখন আমাদেরকে বন্দী করা হল, তখন আমি আমার স্বপ্নের প্রত্যাশা করলাম। হ্যুর (সাঃ) আমাকে মুক্ত করে বিয়ে করে নিলেন।

মুসলিম হযরত জাবের ইবনে আবদুল্লাহ থেকে রেওয়ায়েত করেন, রসূলুল্লাহ (সাঃ) সফর থেকে ফেরার পথে যখন মদীনার নিকটবর্তী হলেন, তখন প্রবল বাতাস চলতে থাকে। বাতাসের তোড়ে সওয়াররা ভূলুষ্ঠিত হওয়ার উপক্রম হয়। হ্যুর (সাঃ) বললেন : এই প্রবল বাতাস মুনাফিকের মৃত্যুর কারণে প্রেরিত হয়েছে। আমরা মদীনা পৌঁছে দেখলাম এক মুনাফিক নেতা মরে গেছে।

বায়হাকী ও আবু নয়ীমের রেওয়ায়েতে এ ঘটনায় বনী-মুস্তালিক যুদ্ধের উল্লেখ আছে। আরও আছে যে, দিনের শেষ ভাগে এই বাতাস থেমে যায়। লোকেরা নিজ নিজ উট একত্রিত করে নেয়। রসূলুল্লাহ (সাঃ)-এর উট হারিয়ে যায়। সাহাবায়ে কেরাম উটের তালাশে দৌড় দিলেন।

জনৈক মুনাফিক আনসারগণের মজলিসে মন্তব্য করলঃ আল্লাহ তায়ালা তাঁর রসূলকে তাঁর উটের জ্যাগা বলে দেন না কেন? অথচ মোহাম্মদ তো উটের চেয়ে অনেক বড় বড় কথা আমাদের কাছে বর্ণনা করেন। এ কথা বলে মুনাফিক রসূলুল্লাহ (সাঃ)-এর কথা শুনার জন্যে তাঁর কাছে চলে গেল, কিন্তু তার সেখানে পৌঁছার পূর্বেই আল্লাহ তায়ালা তার মন্তব্য রসূলুল্লাহ (সাঃ)-এর গোচরীভূত করে দিলেন। সেমতে তিনি মুনাফিককে শুনিয়ে বললেন : জনৈক মুনাফিক উপহাস করে বলেছে, আল্লাহ তায়ালা তার রসূলকে হারানো উটের সন্ধান বলে দিবেন না? তোমরা শুন, আল্লাহ পাক আমাকে উটের জ্যাগা বলে দিয়েছেন। মনে রাখবে, গায়েবী বিষয়াদি আল্লাহ ছাড়া কেউ জানে না। আমার উন্নী সম্মুখের মাঠটিতে আছে। সেখানে একটি বৃক্ষের সাথে তার নাকারশি জড়িয়ে গেছে। সাহাবায়ে কেরাম সেখানে যেয়ে উটনীটি নিয়ে এলেন। অতঃপর মুনাফিক দ্রুতগতিতে আনছারগণের পূর্বোক্ত মজলিসের দিকে গেল। মজলিস তখনও অব্যাহত ছিল এবং সেখান থেকে কেউ প্রস্থান করেনি। মুনাফিক বললঃ আমি আল্লাহর কসম দিয়ে আপনাদেরকে জিজ্ঞেস করছি, আপনাদের কেউ কি আমার মন্তব্য রসূলুল্লাহ (সাঃ)-কে বলে দিয়েছেন? আনসারগণ বললেন : হায় আল্লাহ! আমাদের কেউ তো তাঁর কাছে যায়নি এমনকি এখন পর্যন্ত কেউ এ মজলিসও ত্যাগ করেনি। মুনাফিক

বললঃ আমি তো তাঁর পবিত্র মুখ থেকে সেই কথা শুনলাম, যা আমি আপনাদের কাছে বলেছিলাম। এ পর্যন্ত তাঁর কথাবার্তার সত্যতা সম্পর্কে আমি সন্দিহান ছিলাম। এখন আমি সাক্ষ্য দেই যে, তিনি নিশ্চিতরপেই আল্লাহ তায়ালার রসূল।

আবু নয়ীম হযরত জাবের ইবনে আবদুল্লাহ থেকে রেওয়ায়েত করেন, তিনি বলেন : আমরা এক সফরে নবী করীম (সাঃ)-এর সঙ্গে ছিলাম। দুর্গন্ধিযুক্ত বাতাস বইতে লাগল। হ্যুর (সাঃ) বললেন : কিছু সংখ্যক মুনাফিক কিছু সংখ্যক মুমিনের গীবত করেছে। তাই এ বাতাস বইছে।

ইবনে আসাকির হযরত আবদুল্লাহ ইবনে যিয়াদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, বনী-মুস্তালিক যুদ্ধে হযরত জুয়াইরিয়া বিনতে হারেস (রাঃ) রসূলুল্লাহ (সাঃ)-এর হস্তগত হন। তাঁর পিতা মুক্তিপেরে অনেকগুলো উট নিয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর উদ্দেশে রওয়ানা হয়। আকীক নামক স্থানে পৌঁছে সে উটগুলোর মধ্যে থেকে উৎকৃষ্ট দু'টি বেছে নিয়ে আকীকের একটি ঘাটিতে গোপন করে ফেলে এবং অবশিষ্ট উট নিয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে উপস্থিত হয়। সে বললঃ মোহাম্মদ! আমার কন্যা আপনার হস্তগত হয়েছে। এই নিন তার মুক্তিপণ। হ্যুর (সাঃ) বললেনঃ সেই উট দু'টি কোথায়, যেগুলো তুমি আকীকের অমুক অমুক স্থানে গোপন করে এসেছ?

হারেস বললঃ আমি সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর রসূল। দু'টি উটই আমি গোপন করেছি, যা আল্লাহ তায়ালা ছাড়া কেউ জানে না। অতঃপর হারেস মুসলমান হয়ে গেল।

অপবাদের ঘটনা

বোখারী ও মুসলিম হযরত আয়েশা সিদ্দীকা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন, রসূলে-আকরাম (সাঃ) যখন সফরে যেতেন, তখন পত্নীগণের মধ্যে লটারি করতেন। লটারীতে যার নাম বের হত, তিনি সফরে তাকে সঙ্গে নিয়ে যেতেন। একবার জেহাদের উদ্দেশে সফরে গেলে লটারিতে আমার নাম বের হল। সেমতে আমি তাঁর সঙ্গে গেলাম।

এ ঘটনার পূর্বেই পর্দার বিধান নায়িল হয়েছিল। তাই উটের পিঠে পাক্ষী বসিয়ে আমাকে সফরে যেতে হল। যেখানেই শিবির স্থাপন করা হত, আমার পাক্ষী নামিয়ে নেয়া হত। জেহাদ শেষে নবী করীম (সাঃ) মদীনার উদ্দেশে রওয়ানা হলেন। মদীনার নিকটবর্তী এক স্থানে শিবির স্থাপন করা হল। অতঃপর রাত্রিকালে সেখান থেকে যাত্রা করার কথা ঘোষণা করা হল। ঘোষণা শুনেই আমি প্রকৃতির ডাকে সাড়া দেওয়ার জন্যে এক জ্যাগায় গেলাম এবং সেখান থেকে পদব্রজে ফিরে এলাম। বক্ষদেশ হাতড়ে দেখলাম আমার গেফারী শঙ্গের হার ছিন হয়ে কোথাও

পড়ে গেছে। আমি তৎক্ষণাত্মে তা তালাশ করার জন্যে ফিরে চললাম। কিন্তু তালাশে বিলম্ব হয়ে গেল। সৈন্যদের যে দলটি আমার পাঞ্চী উটের পিঠে বসাত, তারা আমার পাঞ্চী বহন করে উটের পিঠে রেখে দিল। তারা মনে করল, আমি পাঞ্চীতেই আছি। তখনকার দিনে আমি খুবই হালকা-পাতলা ছিলাম। মোটাসোটা ও ভারী ছিলাম না। তাই পাঞ্চী বাহকরা আমার পাঞ্চী কখনও ভারী অনুভব করত না। এরপর উট দাঁড় করিয়ে তারা দলের সঙ্গে রওয়ানা হয়ে গেল। আমি যে পাঞ্চীতে নেই এটা কেউ টের পেল না। লশকর রওয়ানা হয়ে যাওয়ার পর আমি আমার হার পেয়ে গেলাম। আমি শিবিরে ফিরে এলাম, কিন্তু সেখানে না কেউ বলার মত ছিল, না কেউ জবাব দেওয়ার মত। আমি আমার শিবিরের স্থানে ফিরে এলাম এই মনে করে যে, আমাকে না পেয়ে তারা আমার জন্যে এখানে ফিরে আসবে। বসে থাকতে থাকতে আমার চোখে তন্ত্র এসে গেল। আমি ঘুমিয়ে পড়লাম। হ্যারত সাফওয়ান ইবনে মুহাম্মাদ (রাঃ) লশকরের পিছনে রাত্রিকালীন তদারককারী কর্মকর্তা ছিলেন। তিনি কাফেলার বেশ পশ্চাতে সফর করে অঘবর্তী কাফেলার কোন জিনিসপত্র পড়ে থাকলে তা কুড়িয়ে নিতেন। তিনি প্রত্যুষে আমার শিবিরের স্থানে পৌছে গেলেন। তিনি একজন নিদ্রিত মানুষের অবয়ব দেখতে পেলেন। নিকটে এসে তিনি আমাকে চিনতে পারলেন। কেননা, পর্দার বিধান নায়িল হওয়ার পূর্বে তিনি আমাকে দেখেছিলেন। আমাকে দেখেই তিনি সজোরে ‘ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন’ পাঠ করলেন। তাঁর আওয়াজে আমার নিদ্রাভঙ্গ হল। আমি ওড়না দিয়ে নিজের মুখমণ্ডল আবৃত করে নিলাম। তিনি কোন কথা বললেন না। ইন্না লিল্লাহি ছাড়া আমি তাঁর মুখ থেকে কোন কথা শুনিনি। তিনি আপন উদ্ধৃতি বসালেন। আমাকে তাতে সওয়ার করালেন। অতঃপর উদ্ধৃতির নাকারশি ধরে পায়েহেঁটে রওয়ানা হয়ে গেলেন। দ্রুতগতিতে চলে তিনি লশকরের সাথে মিলিত হলেন। লশকরের কাফেলা দ্বিপ্রভবের তীব্র গরমের সময় এক জায়গায় থেমে পড়েছিল। কিন্তু লোক আমার এ ঘটনায় মনে কু ধারনা স্থান দিয়ে ধূংস হয়ে গেল। সর্বাপেক্ষা বেশী অনর্থ সৃষ্টির জন্যে দায়ী ছিল মুনাফিক সর্দার আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সলুল। মদীনায় পৌছে দীর্ঘ এক মাস আমি অসুস্থ রইলাম। মানুষ অপবাদ রটনাকারীদের কথা নিয়ে চিন্তা-ভাবনা করতে থাকল, কিন্তু আমি তার কিছুই জানতাম না। তবে অসুস্থ থাকাকালীন সময়ে এ বিষয়ে অবশ্যই সন্দেহ জাগত যে, আমার অসুস্থতায় রসূলুল্লাহ (সাঃ) আমার প্রতি যে কৃপা দৃষ্টি দিতেন, এ অসুস্থতায় তা দৃষ্টিগোচর হল না। এটা অবশ্যই ছিল যে, তিনি আসার পর সালাম করে বলতেন : তোমার অবস্থা কেমন? এরপর ফিরে যেতেন। এ কারণে আমার সন্দেহ হত। মন্দ কোন কিছুর অনুভূতি ও ছিল না।

অবশ্যে একদিন আমি দুর্বল অবস্থায় মিসতাহের জন্মীকে সঙ্গে নিয়ে সানাছের দিকে রওয়ানা হলাম। তখনকার দিনে সানাসে ছিল আমাদের “বায়তুল-খালা” (প্রকৃতির ডাকে সাড়া দেওয়ার স্থান)। আমরা রাতের বেলায় সেখানে যেতাম। তখন আমাদের অবস্থা ছিল সম্পূর্ণরূপে প্রাথমিক যুগের আরবদের অনুরূপ। গৃহমধ্যে বায়তুল-খালা তৈরী করতে আমাদের কষ্ট হত। বায়তুল-খালার কাজ সমাপ্ত হওয়ার পর মিসতাহের জন্মী আপন ওড়নায় জড়িয়ে মাটিতে পড়ে যায়। সঙ্গে সঙ্গে তার মুখে উচ্চারিত হয় “মিসতাহ ধূংস হোক।” আমি বললাম : তুমি ভাল করনি। এমন এক ব্যক্তির জন্যে বদ দোয়া করেছ, যে বদর যুদ্ধে অংশ গ্রহণ করেছে। মিসতাহের জন্মী বলল : হায়রে সরলা আত্মভোলা নারী! মিসতাহের কুকর্মের কথা তুমি শুনিনি? আমি বললাম : তার আবার কুকর্মের কথা কি? এরপর মিসতাহ-জন্মী অপবাদ রটনাকারীদের কথাবার্তা আমার কাছে সবিস্তারে বর্ণনা করল। এসব কথা শুনে আমার অসুস্থতা আরও বেড়ে গেল। আমি গৃহে ফিরে এলাম। রসূলুল্লাহ (সাঃ) এলেন এবং সালাম করার পর বললেন : তোমার অবস্থা কেমন? আমি বললাম : আপনি আমাকে পিতামাতার কাছে চলে যাওয়ার অনুমতি দিবেন কি? তিনি অনুমতি দিলেন এবং আমি পিতামাতার কাছে চলে এলাম। আমি মাকে জিজ্ঞেস করলাম : মা, মানুষ কি কানাঘুষা করছে? মা বললেন : বেটি, তুমি দুঃখ করো না। যদি কোন নারী রূপ ও সৌন্দর্যের অধিকারিনী হয়, তার সতীনও থাকে এবং স্বামী তাকে প্রাণ দিয়ে ভালবাসে, তবে শক্তি ও তাকে হেয় করার চেষ্টা করে এবং তার বিরুদ্ধে নানান আজগুবী কথা তোলে। আমি বললাম : সোবহানাল্লাহ! খেয়ে পরে মানুষের আর কোন কাজ নেই। কি সব কানাঘুষায় মেতে উঠেছে! মোটকথা, আমি সারারাত কাঁদলাম। সকালেও আমার অশ্রু থামল না এবং নিদ্রা এল না। সকালে আমি যখন ত্রুট্নন্দন করালাম, তখন রসূলুল্লাহ (সাঃ) আমার সাথে সম্পর্ক ছিল করার ব্যাপারে পরামর্শের জন্যে হ্যারত আলী ও হ্যারত উসামাকে (রাঃ) ডাকলেন। কেননা, ওহী অবতরণে বিলম্ব হচ্ছিল। হ্যারত ওসামা আপন জ্ঞান অনুসারে পরামর্শ দিলেন, আপনার পত্নী সতী সার্খী, এতে কোন সন্দেহ নেই। আপনি তো পত্নীগণকে ভালবাসেন। ইয়া রসূলুল্লাহ! আয়েশার চরিত্রে মন্দ কোন কিছু আমি জানি না। হ্যারত আলী (রাঃ) আরজ করলেন : ইয়া রসূলুল্লাহ, আল্লাহ আপনার জন্যে নারীর অভাব রাখেননি। ইনি ছাড়া নারী অনেক আছে। আপনি পরিচারিকাকে ডেকে জিজ্ঞেস করলে সে সঠিক তথ্য সরবরাহ করতে পারবে। রসূলুল্লাহ (সাঃ) বুরায়দাকে ডাকলেন এবং জিজ্ঞাসা করলেন : বুরায়দা, তুমি কখনও আয়েশার মধ্যে সন্দেহজনক কোন কিছু দেখেছ কি? বুরায়দা বলল : কসম আল্লাহর, যিনি আপনাকে সত্য রসূল করে প্রেরণ করেছেন, আমি আয়েশার মধ্যে সমালোচনার যোগ্য কোন কিছু দেখিনি। তবে এতটুকু যে, তিনি অল্লবয়কা

কিশোরী মেয়ে। গোলা আঁটা রেখে ঘূমিয়ে পড়েন, আর ছাগলের বাক্ষা এসে তা খেয়ে ফেলে। অতঃপর সেদিন রসূলুল্লাহ (সা:) দণ্ডয়মান হয়ে মুনাফিক সরদার উভাই ইবনে সল্লের কাছে জবাব তলব করলেন।

আমি সেদিন দিনভর ক্রন্দন করলাম। অশ্রুও থামল না এবং নিদ্রাও এল না। অবশেষে আমার মনে হতে লাগল যে, কান্নাকাটির কারণে আমার কলিজা বিস্ফোরিত হয়ে যাবে। আমার পিতামাতা আমার কাছে উপবিষ্ট ছিলেন। আমি কাঁদছিলাম। ইত্যবসরে এক আনঙ্গীর মহিলা আমার কাছে আসার অনুমতি চাইল। আমি অনুমতি দিলাম। সে-ও আমার কাছে বসে আমার সাথে কাঁদতে লাগল। ঠিক এই অবস্থায় রসূলুল্লাহ (সা:) আগমন করলেন এবং সালাম করে বসে গেলেন। যেদিন থেকে এই রটনা শুরু হয়েছিল, রসূলুল্লাহ (সা:) কখনও আমার কাছে বসেন নি। একমাস অতীত হতে চলছিল, আমার এ ঘটনা সম্পর্কে তাঁর উপর কোন ওহী নাযিল হয়নি। তিনি তাশাহদ পাঠ করে বললেন : আয়েশা, তোমার সম্পর্কে আমি এমন এমন কথা শুনেছি। যদি তুমি এই অভিযোগ থেকে মুক্ত থাক, তবে আল্লাহর কান্নাকাটির পরিব্রতি বর্ণনা করে দিবেন। আর যদি কোন ভুল হয়েই থাকে, তবে আল্লাহর কান্নাকাটি ক্ষমা প্রার্থনা কর। কেননা, বাস্তু নিজের ক্রটি স্বীকার করে তওবা করলে আল্লাহ পাক তার তওবা করুন করেন। রসূলুল্লাহ (সা:) কথা শেষ করতেই আমার অশ্রু বন্ধ হয়ে গেল। এরপর এক ফেঁটা অশ্রুও বের হয়েছে বলে মনে হল না। আমি আমার পিতাকে বললাম : আমার পক্ষ থেকে হ্যারকে জবাব দিন। তিনি বললেন : আল্লাহর কসম, কি জওয়াব দিব আমি জানি না। এরপর আমি আমার মাকে বললাম : রসূলুল্লাহ (সা:)-কে আমার পক্ষ থেকে জবাব দিন। তিনিও বললেন : আমি জানি না কি জবাব দিব। আমি তখন অল্পবয়স্কা জবাব দিন। বেশী কোরআনও পড়িনি। কিন্তু আমি বললাম : আল্লাহর কসম, আমি জানি আপনারা একটি কথা শুনেছেন, যা আপনাদের অন্তরে বন্ধমূল হয়ে গেছে। আপনারা একে সত্য মনে করছেন। অতএব আমি যদি বলি যে, আমি এ বিষয় থেকে পরিত্র ও নির্দোষ, তবে আপনারা তা সত্য বলে বিশ্বাস করবেন না। পক্ষান্তরে যদি আমি স্বীকারোক্তি করি, অথচ আল্লাহ সাক্ষী আছেন যে, আমি নির্দোষ, তবে আপনারা আমার স্বীকারোক্তিকে সত্য মনে করবেন। অতএব আমার ও আপনাদের মধ্যে মীমাংসার কোন পথ দৃষ্টিগোচর হচ্ছে না। সুতরাং হ্যারত ইউসুফ (আ:)-এর পিতা হ্যারত এয়াকুব (আ:)-র যেমন বলেছিলেন -

فَصَرِبْ جَمِيلٌ - وَاللَّهُ الْمُسْتَعَنُ عَلَىٰ مَاتَصْفُونَ

(অতএব পূর্ণ দৈর্ঘ্য ধারণ করাই আমার পক্ষে শ্রেয় : তোমরা যা বলছ, সে বিষয়ে একমাত্র আল্লাহই আমাকে সাহায্য করবেন।)

আমিও তাই বলছি। একথা বলে আমি মুখ ফিরিয়ে আপন বিছানায় শুয়ে পড়লাম। আমি তখন ভাল রূপেই জানতাম যে, আল্লাহর তায়ালা আমাকে এই অভিযোগ থেকে অবশ্যই পরিত্র করবেন। কিন্তু আমার জ্ঞানে আমার অবস্থা যেহেতু ঝুঁঝুই নগণ্য ছিল, তাই আমি ভাবতেও পারতাম না যে, আল্লাহর তায়ালা আমার সম্পর্কে সরাসরি ওহী নাযিল করবেন। তবে আশা করতাম যে, তিনি নবী করীম (সা:)-কে কোন স্বপ্ন দেখিয়ে আমার নির্দোষতা প্রকাশ করে দিবেন। কিন্তু আল্লাহর কসম, রসূলুল্লাহ (সা:)-এর সে স্থান ত্যাগ করার পূর্বেই এবং গৃহের কারও বাইরে যাওয়ার আগেই আল্লাহ পাক তাঁর নবীর উপর ওহী নাযিল করে দিলেন। ওহী অবতরণের সময় রসূলুল্লাহ (সা:) যে বিশেষ অবস্থার সম্মুখীন হতেন, তা হলেন। কন্কনে শীতের মধ্যেও ওহী নাযিল হওয়ার সময় তিনি ঘর্মাঙ্গ কলেবর হয়ে যেতেন। ঘামের ফেঁটা রৌপ্যের মেত্রিত মত তাঁর সর্বাঙ্গ থেকে টপকে পড়ত। ওহীর এই অবস্থা দূর হওয়ার পর রসূলুল্লাহ (সা:) মুচকি হেসে সর্বপ্রথম একথা বললেন : আয়েশা, আল্লাহর তায়ালা তোমার নির্দোষতা বর্ণনা করে আয়াত নাযিল করেছেন। আমার মা উল্লিপিত হয়ে আমাকে বললেন : উঠ এবং রসূলুল্লাহর (সা:) শোকর আদায় কর। আমি বললাম : আল্লাহর কসম, আমি তাঁর শোকর আদায় করতে উঠব না এবং আল্লাহর তায়ালা ছাড়া অন্য কারও প্রশংসা ও গুণকীর্তন করব না।

إِنَّ الْأَذِيْنَ
جَاءُوكُمْ مِّنْ أَهْلِ فَاقْدَ

নিম্নে দশটি আয়াতের তরজমা উল্লেখ করা হল :

নিচ্য যারা অপবাদ রটনা করেছে, তারা তো তোমাদেরই একটি দল। এ অপবাদকে তোমরা তোমাদের জন্যে অনিষ্টকর মনে করো না; বরং এটা তোমাদের জন্যে কল্যাণকর। তাদের প্রত্যেকের জন্যে আছে তাদের কৃত পাপকর্মের ফল এবং তাদের মধ্যে যে এ ব্যাপারে প্রধান ভূমিকা গ্রহণ করেছে, তার জন্যে আছে কঠিন শাস্তি। একথা শোনার পর মুমিন পুরুষ ও নারীগণ কেন নিজেদের ব্যাপারে সৎ ধারণা করল না এবং কেন বলল না যে, এটা তো নির্জলা মিথ্যা অপবাদ! তারা কেন এ ব্যাপারে চারজন সাক্ষী উপস্থিত করেনি? যেহেতু তারা সাক্ষী উপস্থিত করেনি, সেকারণে তারা আল্লাহর কাছে মিথ্যাবাদী। দুনিয়া ও আখেরাতে তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে তোমরা যাতে মগ্ন ছিলে তজ্জন্যে কঠিন শাস্তি তোমাদেরকে স্পর্শ করত। যখন তোমরা মুখে মুখে এটা ছড়াচ্ছিলে এবং এমন বিষয় মুখে উচ্চারণ করছিলে, যার কোন জ্ঞান তোমাদের ছিল না এবং তোমরা একে তুচ্ছ গণ্য করছিলে, যদিও আল্লাহর দৃষ্টিতে এটা ছিল গুরুতর বিষয়।

তোমরা যখন এটা শ্রবণ করলে, তখন কেন বললে না যে, এ বিষয়ে বলাবলি করা আমাদের উচিত নয়, আল্লাহ পবিত্র, এটা তো এক গুরুতর অপবাদ। আল্লাহ তোমাদেরকে উপদেশ দিচ্ছেন, যাতে এ ধরনের ঘটনার কথনও পুনরাবৃত্তি না কর যদি তোমরা মুমিন হও। আল্লাহ তোমাদের জন্যে আয়াতসমূহ সুস্পষ্টভাবে বিবৃত করেন এবং আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। যারা মুমিনদের মধ্যে অশ্রীলভাবে প্রসার পছন্দ করে, তাদের জন্যে রয়েছে দুনিয়াতে ও আখেরাতে মর্মস্তুদ শাস্তি। আল্লাহ জানেন, তোমরা জাননা। তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে এবং আল্লাহ দয়ার্দ ও পরম দয়ালু না হলে তোমাদের কেউ অব্যাহতি পেতে না। (সূরা নূর ১১-২০ আয়াত)।

আল্লামা যমখীশৱী বলেন : যে সংক্ষিপ্ত অথচ বিপুল অর্থবহু ভঙ্গিতে অপবাদের ঘটনায় তীব্র ভর্তসনা বিবৃত হয়েছে, তা কোরআন পাকে অন্যকোন পাপকর্মের জন্যে বিবৃত হয়নি। কেননা, এতে রয়েছে ভর্তসনা, কঠোর শাস্তি সম্পর্কিত সতর্কবাণী, তীব্র অসন্তোষ এবং কড়া ধর্মকি। অপবাদের প্রশ্নে এগুলোর মধ্যে যে কোন একটিই যথেষ্ট। এমনকি, মূর্তি পূজারীদের সম্পর্কে যে পরিমাণ শাস্তির কথা বর্ণিত হয়েছে, তা-ও এর তুলনায় কম। এ পরিমাণ সতর্কবাণীর উদ্দেশে রসূলে কর্যাম (সাঃ)-এর অন্য সাধারণ মর্যাদা প্রকাশ করা এবং সে ব্যক্তিত্বের পবিত্রতা তুলে ধরা যিনি হ্যুর (সাঃ)-এর সাথে জড়িত আছেন।

কায়ী আবু বকর বাকেল্লানী বর্ণনা করেন : মুশরিকরা আল্লাহ তায়ালার সাথে সমন্বযুক্ত করে অনেক অযৌক্তিক কথাবার্তা বলত, যেমন তারা বলত আল্লাহ সন্তান প্রহণ করেছেন, ফেরেশতারা আল্লাহর কন্যা ইত্যাদি। আল্লাহ তায়ালা কোরআন পাকে যেখানেই তাদের এসব কথা উল্লেখ করেছেন, সেখানেই বহু আয়াতে আপন সন্তান পবিত্রতা বর্ণনা করেছেন। হ্যরত আয়েশা (রাঃ)-এর চরিত্রে কলংক লেপন করে মুনাফিকরা যে ঘৃণিত উক্তি করে ছিল, আল্লাহ তায়ালা সেটির আলোচনা করে এরশাদ করেছেন- (আল্লাহ পবিত্র, এটা তো এক গুরুতর অপবাদ)। এখানে হ্যরত আয়েশা (রাঃ)-এর চারিত্রিক পবিত্রতা সপ্রমাণ করার জন্যে আল্লাহ তায়ালা একই নিজের পবিত্রতা বর্ণনা করেছেন। এতে করে হ্যরত আয়েশার অসাধারণ মান-মর্যাদা প্রমাণিত হয়।

ইবনে জরীর মোহাম্মদ ইবনে আবদুল্লাহ ইবনে জাহাশ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, উম্মুল-মুমিনীন হ্যরত আয়েশা ও হ্যরত যয়নব (রাঃ) একবার পরস্পরে গর্ব প্রকাশ করেন। হ্যরত যয়নব বললেন : আমাকে বিয়ে করার আদেশ আল্লাহ তায়ালা নাযিল করেছেন। হ্যরত আয়েশা বললেন : আমিও কম নই। ছফ ওয়ান

ইবনে মুয়াত্তাল যখন আমাকে নিজের উটে সওয়ার করিয়েছেন, তখন আমার ওয়ান

আল্লাহ তায়ালা আপন কিতাবে নাযিল করেছেন। যয়নব বললেন : আয়েশা, যখন তুমি উটে সওয়ার হয়েছিলে, তখন কি বলেছিলে? হ্যরত আয়েশা বললেন :

حَسِّيَ اللَّهُ وَنَعَمُ الْوَكِيلُ

(আল্লাহ আমার জন্যে যথেষ্ট। তিনি চমৎকার কার্যনির্বাহী)। হ্যরত যয়নব বললেন : তুমি মুমিনের কলেমা বলেছিলে।

ইবনে আবী হাতেম সায়ীদ ইবনে জুবায়ির (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কোরআন পাকের আঠারটি আয়াত লাগাতার হ্যরত আয়েশার (রাঃ) নির্দোষতা ও অপবাদ রটনাকারীদের সম্পর্কে নাযিল হয়েছে।

ইবনে আবী হাতেমের রেওয়ায়েতে হ্যরত ইবনে আবাস (রাঃ) বলেন : নিম্নোক্ত আয়াতও বিশেষভাবে হ্যরত আয়েশার (রাঃ) শানে নাযিল হয়েছে :

إِنَّ الَّذِينَ يَرْمَوْنَ الْمُحْصَنَاتِ الْغَافِلَاتِ الْمُرْمَنَاتِ

যারা সতীসাধী, নিরীহ ও ঈমানদার নারীগণের প্রতি অপবাদ আরোপ করে, তারা ইহলোকে ও পরলোকে অভিশঙ্গ এবং তাদের জন্যে রয়েছে মহাশাস্তি।

সায়ীদ ইবনে মনছুর ও ইবনে জরীরের অন্য এক রেওয়ায়েতে আছে, হ্যরত ইবনে আবাস (রাঃ) উপরোক্ত আয়াতটি তেলাওয়াত করে বললেন : এটা হ্যরত আয়েশা ও রসূলুল্লাহ (সাঃ)-এর পবিত্রা পন্থীগণের সম্পর্কে নাযিল হয়েছে। তাঁদের প্রতি অপবাদ আরোপকারীদের জন্যে আল্লাহ তায়ালা তওবার অবকাশ রাখেন নি। কিন্তু যে ব্যক্তি সাধারণ ঈমানদার নারীদের মধ্য থেকে কারও প্রতি অপবাদ আরোপ করে, তার জন্যে তওবার অবকাশ রাখা হয়েছে। এর প্রমাণ স্বরূপ হ্যরত ইবনে আবাস এই আয়াত তেলাওয়াত করেন :

وَالَّذِينَ يَرْمَوْنَ الْمُحْصَنَاتِ لَمْ يَأْتُوا بِأَرْبَعَةَ شَهَادَاتٍ فَاجْلِدُوهُمْ ثَمَانِينَ جَلَدَةً وَلَا تَقْبِلُوا لَهُمْ شَهَادَةً أَبَدًا - وَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ -

যারা সাধী নারীগণের প্রতি অপবাদ আরোপ করে, অতঃপর স্বপক্ষে চারজন সাক্ষী উপস্থিত না করে, তাদেরকে আশ্রিতি বেত্রাঘাত করবে এবং তাদের সাক্ষ্য কখনও গ্রহণ করবে না। এরাই ফাসেক।

এর পরের আয়াতেই আল্লাহ তায়ালা এরশাদ করেছেন -

رَلَا الَّذِينَ تَابُوا مِنْ بَعْدِ ذَلِكَ وَأَصْلَحُوا فِي أَنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ

ঃ তবে যদি এরপর তারা তওবা করে এবং নিজেদের সংশোধন করে, তবে আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (সূরা নূর ৫ আয়াত)

সারকথা এই যে, যে ব্যক্তি কোন মুমিন নারীর প্রতি অপবাদ আরোপ করে, আল্লাহ তায়ালা তার জন্যে তওবার অবকাশ রেখেছেন, আর যে ব্যক্তি রসূলুল্লাহ (সা:) এর পবিত্র পত্নীগণের মধ্য থেকে কারও প্রতি অপবাদ আরোপ করে, তার জন্যে কোন প্রকার তওবা নেই।

তিবরানীর রেওয়ায়েতে খাইফ বললেন : আমি সায়দ ইবনে জুবায়র (রাঃ)-কে জিজ্ঞাসা করলাম, যিনি ও অপবাদের মধ্যে কোন্টি গুরুতর ও কবীরা? তিনি জবাব দিলেন, এতদুভয়ের মধ্যে জব্যন্যতম হচ্ছে যিনি। আমি বললাম : আল্লাহ তায়ালা তো বলেন :

إِنَّ الَّذِينَ يَرْمُونَ الْمُحْصَنَاتِ أُلْغَافِلَاتٍ

তিনি বললেন : এ আয়াতখানি বিশেষভাবে হ্যরত আয়েশা (রাঃ) সম্পর্কে নায়িল হয়েছে।

তিবরানী যাহহাক ইবনে মুয়াহিম থেকে রেওয়ায়েত করেন যে, উপরোক্ত আয়াত বিশেষভাবে রসূলুল্লাহ (সা:) এর পত্নীগণ সম্পর্কে অবর্তীণ হয়েছে।

ইবনে জবারি ও ইবনে আবী হাতেম হ্যরত ইবনে আবুআস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কোন নবীর পত্নী কখনও কুকর্ম করেননি।

আচহাবে ওরায়নার ঘটনা

বুখারী ও মুসলিম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আকল ও ওরায়না গোত্রের একদল লোক মদীনায় রসূলুল্লাহ (সা:) এর খেদমতে উপস্থিত হয়ে নিজেদেরকে মুসলমানরূপে পরিচিত করে। তারা আরয করল : ইয়া রাসূলুল্লাহ! আমরা উট ছাগল পালন করে জীবিকা নির্বাহ করি-যমিনের মালিক নই। মদীনার আবহাওয়া তাদের অনুকূল না হওয়ায় তারা রোগাঙ্গাত হয়ে পড়ল। রসূলুল্লাহ (সা:) তাদেরকে বায়তুল মালের উট-ছাগলের মধ্যে বাস করে সেগুলোর দুধ ইত্যাদি পান করার আদেশ দিলেন। তারা সেখানে চলে গেল। হাররায় পৌছে দুরপে আত্মপ্রকাশ করে এবং বাইতুল মালের রাখালদেরকে হত্যা করে উট হাঁকিয়ে নিয়ে গেল। সংবাদ পেয়ে রসূলুল্লাহ (সা:) তাদেরকে ধরে আনার জন্যে

লোক পাঠালেন। ধরে আনার পর তিনি আদেশ দিলেন, এদের চোখে উত্পন্ন লোহার শলাকা প্রবেশ করাও এবং হাত কেটে দাও। অতঃপর তাই করা হল এবং ওদেরকে হাররায় ফেলে দেয়া হল। তদবস্তুয়েই ওদের মৃত্যু হল।

বায়হাকী হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যুর (সা:) ওদের খোঁজে লোক পাঠালেন এবং তাদের জন্যে একপ বদদোয়া করলেন : পরওয়াদেগার, ওদের চলার পথ অজ্ঞাত করে দাও। সেমতে আল্লাহ তায়ালা তাদের চলার পথ অজ্ঞান আচেনা করে দেন। ফলে তারা সহজেই ধরা পড়ে এবং রসূলুল্লাহ (সা:) এর সামনে আনীত হয়। অতঃপর তাদের হাত পা কাটা হয় এবং চক্ষু ফোঁড়ে দেয়া হয়।

দওমাতুল জন্দলের যুদ্ধ

ইবনে সাদ ওয়াকেদীর তরিকায় রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) একটি ক্ষুদ্র বাহিনী হ্যরত আব্দুর রহমান ইবনে আউফের নেতৃত্বে বনু কলবের দিকে দওমাতুল-জন্দলে প্রেরণ করেন এবং নির্দেশ দেন যে, তারা ইসলাম করুল করলে তুমি তাদের সরদারের কন্যাকে বিয়ে করে নিয়ো।

আবদুর রহমান (রাঃ) সেখানে পৌছলেন এবং তিনি দিন অবস্থান করেন। তাদেরকে ইসলামের দাওয়াত দিলে তাদের সরদার আচ্ছাবাগ ইবনে আমর কলবী ইসলাম করুল করলেন। তিনি ছিলেন ধর্ম খণ্টান। তার গোত্রের অধিকাংশ লোকও ইসলামে দাখিল হয়ে গেল। যারা জিয়িয়া দিতে সম্মত হল, কেবল তারা স্বর্ধমে রয়ে গেল। হ্যরত আবদুর রহমান তামাসুর বিনতে আচ্ছাবাগকে বিয়ে করলেন এবং মদীনায় নিয়ে এলেন।

ইবনে আসাকির মূসা, এমরান ও ইসমাইল থেকে অনুরূপ রেওয়ায়েত করেছেন। তাতে আরও আছে যে, হ্যুর (সা:) আবদুর রহমানকে সরোধন করে বললেন : আল্লাহকে খুব বেশী স্বরণ করবে। আশা করা যায় যে, তিনি তোমাকে বিজয় দান করবেন। যদি তুমি বিজয়ী হও, তবে তাদের গোত্রপতির কন্যাকে বিয়ে করে নিয়ো।

হোদায়বিয়ার ঘটনা

বোখারী মেসওয়ার ইবনে মাখরামা ও মারওয়ান ইবনে হাকাম থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সা:) হোদায়বিয়ার বছর পনের শ' মুসলমানকে সঙ্গে নিয়ে ওমরার উদ্দেশে রওয়ানা হন। যুল-হলায়ফা পৌছার পর তিনি কোরবানীর জন্মদের গলায় চামড়ার হার পরান এবং “এহরাম” করেন। তিনি বনী-খুয়াআর এক ব্যক্তিকে গুপ্তচর হিসাবে অগ্রে প্রেরণ করেন। রসূলুল্লাহ (সা:) যখন গাদীরে-আশতাত পৌছলেন, তখন গুপ্তচর ফিরে এসে বলল : কোরায়শরা

খাসায়েসুল কুবরা-১ম খণ্ড

আপনার মোকাবিলা করার জন্যে সেনাদল গঠন করেছে এবং বিভিন্ন গোত্র থেকে বিভিন্ন দলের সমাবেশ ঘটিয়েছে। তারা আপনার সাথে যুদ্ধ করার এবং আপনাকে বাধা দেয়ার ইচ্ছা রাখে। হ্যুর (সাঃ) ছাহাবায়ে-কেরামকে সহোধন করে বললেন : তোমাদের কি মত? যারা আমাদেরকে বায়তুল্লাহ থেকে বাধা দিতে চায়, আমি তাদের দিকে মনোযোগ দিব, না শুধু বায়তুল্লাহর ইচ্ছায় অগ্রসর হব? এরপর যারা প্রত্যক্ষভাবে বাধা দিবে, তাদের সাথে যুদ্ধ করব?

হ্যরত আবুবকর (রাঃ) বললেন : ইয়া রসূলুল্লাহ, আপনি বায়তুল্লাহর উদ্দেশ্যে বের হয়েছেন- কারও সাথে যুদ্ধ বিশ্বের ইচ্ছা নেই। সুতরাং আপনি বায়তুল্লাহর দিকেই অগ্রসর হোন, যারা আমাদেরকে বাধা দিবে, আমরা তাদের সাথে যুদ্ধ করব। নবী করীম (সাঃ) বললেন : ভাল কথা, আল্লাহর নাম নিয়ে রওয়ানা হয়ে যাও।

পথিমধ্যে রসূলুল্লাহ (সাঃ) বললেন : খালিদ ইবনে ওলীদ অশ্বারোহী দল নিয়ে অগ্রসর হচ্ছে। তোমরা ডান দিকের পথে চল। খালিদ ইবনে ওলীদ একথা জানতেও পারল না। তারা ধুলা উড়তে দেখল। খালিদ ঘোড়া দৌড়িয়ে কোরায়শদের দিকে রওয়ানা হয়ে গেল। নবী করীম (সাঃ) সমুখে অগ্রসর হলেন। একটি টিলায় পৌছার পর তাঁর উদ্ধী বসে পড়ল। ছাহাবায়ে কেরাম সেটিকে তোলার জন্যে ‘হল, হল’ বললেন। কিন্তু সে উঠল না। ছাহাবীগণ বললেন : ‘কুছওয়া’ অবাধ্য হয়ে গেছে। রসূলুল্লাহ (সাঃ) বললেন : না, কুছওয়া অবাধ্য হয়নি এবং অবাধ্য হওয়ার তার স্বত্বাব নয়; বরং তাকে সেই সত্তা বাধা দিয়েছে, যে আছহাবে ফীল (হস্তিবাহিনী)-কে বাধা দিয়েছিল। অতঃপর তিনি বললেন : সেই সত্তা রকম, যার হাতে আমার প্রাণ, আল্লাহর তায়ালার মাহাত্ম্য অঙ্গুণ থাকে, এরপ যে-কোন আবেদন কোরায়শ আমার কাছে করবে, আমি তা মণ্ডে করব। এরপর তিনি তাঁর উদ্ধীকে খুব শাসালেন। সে লক্ষ দিয়ে দাঁড়িয়ে গেল। রসূলুল্লাহ (সাঃ) খালিদ-বাহিনীকে এড়িয়ে সমুখে অগ্রসর হলেন। অবশেষে হোদায়বিয়ার শেষ প্রান্তে এক গর্তের কাছে অবতরণ করলেন, যাতে অল্প বিস্তর পানি ছিল। সকলেই গর্ত থেকে অল্প পানি সংগ্রহ করতে লাগল। কিছুক্ষণ পর পানি ফুরিয়ে গেল। রসূলুল্লাহ (সাঃ)-কে পানি সংকটের কথা জানানো হলে তিনি তুন থেকে একটি তীর বের করলেন এবং ছাহাবায়ে-কেরামকে বললেন : এটি পানির গর্তে গেড়ে দাও। আল্লাহর কসম, এত পানি উথলে উঠল যে, সকলেই তৃণ হয়ে পানি পান করল। ইত্যবসরে বুদায়ল ইবনে ওয়ারাকা খুয়ায়ী একদল সোক নিয়ে সেখানে উপস্থিত হল এবং বলল : আমি বনী কা'ব ইবনে লুয়াই এবং আমের ইবনে লুয়াইকে ছেড়ে এসেছি। তারা হোদায়বিয়ায় পানি সংগ্রহের জন্যে অবতরণ করেছে। তাদের সঙ্গে রয়েছে দুঃখবতী উদ্ধী। তারা আপনার সঙ্গে যুদ্ধ করতে এবং

আপনাকে বায়তুল্লাহ থেকে বাধা দিতে চায়। রসূলুল্লাহ (সাঃ) বললেন : আমরা কারও সাথে যুদ্ধ করতে চাই নে। আমরা ওমরা করার উদ্দেশ্যে এসেছি। কোরায়শরা যুদ্ধে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং দুর্বল হয়ে গেছে। তারা চাইলে আমি তাদের জন্যে একটি সময়সীমা ঠিক করে দিব। তারা যেন আমার পথে অন্তরায় না হয়। আমি বিজয়ী হয়ে গেলে তারা ইচ্ছা করলে সকলের মত ইসলামে দাখিল হয়ে যাবে, না হয় যুদ্ধ করে স্বত্ত্ব লাভ করবে। তারা যদি এই প্রস্তাবে সম্মত না হয়, তবে সেই স্তুতির কসম, যার হাতে আমার প্রাণ -আমি ইসলামের জন্যে যুদ্ধ করে প্রাণ বিসর্জন দিব, না হয় আল্লাহ তায়ালা ইসলামকে প্রতিষ্ঠিত করে দিবেন।

বুদায়ল বলল : আমি আপনার প্রস্তাব কোরায়শদের কাছে পৌছিয়ে দিব। অতঃপর সে কোরায়শদের কাছে এসে বলল : আমি সেই ব্যক্তির কাছ থেকে এসেছি। আমি তাঁর মুখ থেকে একটি কথা শুনেছি। তোমরা চাইলে আমি তা তোমাদের কাছে পেশ করব। কোরায়শদের মধ্যে যারা নির্বোধ তারা বলল : তুমি সেই লোকের কোন কথা আমাদের কাছে বর্ণনা করবে, আমাদের তা কাম্য নয়। কিন্তু জরীবীরা বলল : তুমি তার কাছ থেকে যা শুনেছ, বর্ণনা কর। অতঃপর বুদায়ল আদ্যোপাস্ত আলোচনার বিষয়বস্তু বর্ণনা করল।

সকল কথা শুনে ওরওয়া ইবনে মসউদ দাঁড়িয়ে বলল : হে আমার সম্প্রদায়, তোমরা কি আমার বড় ও গুরুজন নও? কোরায়শ বলল : অবশ্যই। ওরওয়া জিজ্ঞেস করল : আমি কি তোমাদের পুত্র নই? তারা বলল : অবশ্যই তুমি আমাদের স্তুতান। ওরওয়া বলল : তোমরা কি জান না যে, তোমাদের সাহায্যার্থে আমি ওকায়বাসীদেরকে একত্রিত করেছি। তারা যখন আমার ডাকে সাড়া দিতে বিলম্ব করল, তখন আমি আমার পরিবারবর্গকে এবং যারা আমার কথা মেনে নিয়েছিল তাদেরকে তোমাদের সামনে পেশ করেছি। এখন আমাকে অনুমতি দাও। আমি সেই লোকের কাছে যাই। কোরায়শরা বলল : যাও।

ওরওয়া রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এসে আলোচনা শুরু করল। নবী করীম (সাঃ) ওরওয়াকে তাই বললেন, যা বুদায়লকে বলেছিলেন। ওরওয়া বলল : মোহাম্মদ! আপনি কি নিজ সম্প্রদায়কে সম্মুলে উৎপাটিত করে দিতে চান? আপনি আরবের কোন ব্যক্তি সম্পর্কে এরূপ শুনেছেন কি যে, সে নিজে আপন কওমের লোকদেরকে ধ্বংস ও বরবাদ করে দিয়েছে? যদি তিনি পরিস্থিতির উদ্ভব ঘটে; অর্থাৎ কোরায়শরা বিজয়ী হয়, তবে আল্লাহর কসম, আমি অনেক মুখ মণ্ডল ও বিভিন্ন লোককে দেখতে পাইছি, তারা তখন আপনাকে ছেড়ে পলায়ন করবে। একথা শুনে হ্যরত আবু বকর ঘৃণ্যব্যক্তি স্বরে বললেন : আমরা রসূলুল্লাহ (সাঃ)-কে ছেড়ে পলায়ন করব? ওরওয়া জিজ্ঞাসা করল : এ ব্যক্তি কে? হ্যুর (সাঃ) বললেন : আবু বকর ছিদ্রীক। ওরওয়া বলল : আমার উপর তার একটি অনুচ্ছাহ আছে, যার প্রতিদ্বন্দ্ব

আমি আজ পর্যন্ত দিতে পারিনি। খোদার কসম, এই অনুগ্রহ না থাকলে আমি অবশ্যই তাকে জবাব দিতাম।

আলোচনায় ওরওয়া যখনই কোন কথা বলত, তখন রসূলুল্লাহ (সা:) এর শুক্র স্পর্শ করত। হ্যন্তে মুগীরা ইবনে শো'বা তরবারি হস্তে শিরস্ত্রাণ পরিহিত হয়ে রসূলুল্লাহ (সা:) -পিছনে দণ্ডয়মান ছিলেন। ওরওয়া যখন রসূলুল্লাহ (সা:) এর শুক্র মোবারকের দিকে হাত প্রসারিত করল, অমনি মুগীরা তরবারির হাত তার হাতে মেরে বললেন : শুক্র থেকে আপন হাত দূরে রাখ। ওরওয়া মাথা তুলে তাকাল এবং জিজ্ঞাসা করল : এ লোকটি কে? উপস্থিত লোকেরা বলল : ইনি মুগীরা ইবনে শো'বা। ওরওয়া বলল : হে বিশ্বাসঘাতক! বিশ্বাসঘাতকতার সময়কালে আমি কি তোর জন্যে চেষ্টা করি নি?

মুগীরা প্রাক ইসলামিক যুগে এক সম্প্রদায়ের সাথে বাস করতেন। তিনি তাদের সকলকে হত্যা করে তাদের ধনসম্পদ কুক্ষিগত করে নেন। এরপর ইসলামের আবির্ভাব হলে তিনি এসে মুসলমান হয়ে যান। রসূলুল্লাহ (সা:) তাকে বললেন : আমি তোমার ইসলাম প্রহ্ল স্বীকার করে নিছি। কিন্তু তোমার অর্জিত ধনসম্পদের সাথে আমার কোন সম্পর্ক নেই।

এরপর ওরওয়া ছাহাবায়ে-কেরামের অবস্থা নিরীক্ষণ করে বলল : খোদার কসম, যখন আপনার মুখ থেকে থুথু কিংবা শ্লেষা নির্গত হয়, তখন তারা সেটাকে মাটিতে পড়তে দেয় না। হাতে হাতে নিয়ে নেয় এবং মুখমণ্ডলে ও শরীরে মালিশ করে। আপনি কোন কাজের আদেশ দিলে সকলেই সেদিকে অগ্রগামী হয়। যখন আপনি ওয় করেন, তখন ওয়ুর অবশিষ্ট পানি নিয়েও তারা তাই করে। এমন কি, লড়াই লেগে যাওয়ার উপক্রম হয়। আপনি যখন কথা বলেন, তখন আপনার সামনে নিজেদের কঠ্টন্ত্র নিচু করে নেয়। আপনার মাহাত্ম্য ও সম্মানের কারণে আপনার দিকে দৃষ্টি তুলে তাকায় না।

ওরওয়া কোরায়শদের কাছে প্রত্যাবর্তন করে বলল : হে আমার সম্প্রদায়! খোদার কসম, আমি রোম স্মার্ট, পারস্যরাজ এবং নাজাশীর দরবার দেখেছি, আমি কোন বাদশাহকে দেখিনি যে, তার সঙ্গীসহচরগণ তাকে এতটুকু সম্মান ও শুক্রা করে, যতটুকু মোহাম্মদের ছাহাবীগণ তাঁর প্রতি প্রাণচালা শুন্দা প্রদর্শন করে। মোহাম্মদ তোমাদের সামনে সত্য ও ন্যায়ের মহান বাণী পেশ করেছেন। তোমরা এটা মেনে নাও। বনী কেনানার এক ব্যক্তি বলল : আমাকে তার কাছে যাওয়ার অনুমতি দাও। সকলেই বলল : যাও। লোকটি ছাহাবায়ে-কেরামের নিকটে পৌছলে রসূলুল্লাহ (সা:) বললেন : আগত্ত্বক এমন গোত্রের লোক, যারা কোরবানীর জন্মের সম্মান করে। তার সামনে আমাদের কোরবানীর জন্মগুলোকে দাঢ় করিয়ে দাও। সেমতে জন্মগুলো খাড়া করা হল এবং ছাহাবায়ে-কেরাম

'লাবায়ক' বলতে বলতে এলেন। এ দৃশ্য দেখে লোকটি বলল : তাদেরকে বায়তুল্লাহ যেতে বাধা দেয়া মোটেই উচিত নয়।

লোকটি কোরায়শদের মধ্যে ফিরে এসে বলল : আমি কোরবানীর উটগুলোকে হার পরিহিত অবস্থায় দেখেছি। আমার মতে তাদেরকে বায়তুল্লায় আসতে বাধা দেয়া সমীচীন নয়। একথা শুনে মুকরিয ইবনে হাফ্ছ নামক এক ব্যক্তি দণ্ডয়মান হল। সে বলল : আমাকে মোহাম্মদের কাছে যাওয়ার অনুমতি দাও। সকলেই বলল : যাও। মুকরিয যখন রসূলুল্লাহ (সা:) -এর নিকটে এল, তখন তিনি বললেন : এ হচ্ছে মুকরিয। সে একটি পাপাচারী ব্যক্তি। মুকরিয এসে রসূলুল্লাহ (সা:) -এর সাথে আলোচনা শুরু করল। ইত্যবসরে কোরায়শ পক্ষের বিশেষ দৃত সুহায়ল ইবনে আমর এসে গেল। নবী করীম (সা:) তাকে দেখে ছাহাবায়ে-কেরামকে বললেন : তোমাদের ব্যাপারটি এখন কিছু 'সহল' অর্থাৎ সহজ হয়ে গেছে।

যুহরী বর্ণনা করেন যে, সুহায়ল ইবনে আমর নবী করীম (সা:) -কে বলল : আপনার মধ্যে এবং আমাদের মধ্যে একটি দলীলপত্র লিখে দিন। নবী করীম (সা:) দলীল লেখককে ডাক দিলেন এবং বললেন : লিখ "বিসমিল্লাহির রাহমানির রাহীম।" সুহায়ল আপত্তি করে বলল : আমি 'রহমান'কে চিনি না। তাই "বিহসমিকা আল্লাহস্মা" লিখুন। ছাহাবীগণ বললেন : আল্লাহর কসম, আমরা বিসমিল্লাহির রাহমানির রাহীমই লিখব। হ্যুর (সা:) বললেন : বিহসমিকা আল্লাহস্মা ই লিখ। রসূলুল্লাহ (সা:) বললেন : এবার লিখ- এটা সেই ছুঁতি। যেটা মোহাম্মদ রসূলুল্লাহ সম্পাদন করেছেন। সুহায়ল বাধা দিয়ে বলল : আপনি আল্লাহর রসূল- এ বিশ্বাস আমাদের থাকলে তো কোন বাগড়াই ছিল না। আমরা আপনাকে বাধা দিতাম না এবং আপনার সাথে যুদ্ধ করতাম না।

রসূলুল্লাহ (সা:) বললেন : আমি নিশ্চিতরূপে আল্লাহর রসূল। যদি তোমরা না মান, তবে মোহাম্মদ ইবনে আবদুল্লাহ-ই লিখে দেয়া হবে।

ইমাম যুহরী বলেন : রসূলুল্লাহ (সা:) -এর এ সম্মতির কারণ তাঁর সেই উক্তি, যাতে তিনি ইতিপূর্বে বলেছিলেন- কোরায়শের আল্লাহ তায়ালার মাহাত্ম্য অঙ্গুল থাকে, - এরূপ যে কোন আবেদন আমার কাছে করবে, আমি তা মণ্ডু করব।

মোটকথা, নবী করীম (সা:) সুহায়লকে বললেন : একথা আমরা এই শর্তে লিখছি যে, তোমরা আমাদের ও বায়তুল্লাহর মধ্যে অন্তরায় হবে না। আমাদেরকে তওয়াফ করতে দিবে।

সুহায়ল বলল : এটা হবে না। এখন আপনারা তওয়াফ করলে আরবরা বলাবলি করবে যে, শক্ররা জোরে জবরে মক্কা এসে ওমরা করে গেছে। যদি আপনারা আগামী বছর এসে তওয়াফ ও যিয়ারাত করতে চান, তবে কোরায়শের বাধা দিবে না। সেমতে এ বিষয়ের উপরই ঐকমত্য হল এবং সঙ্ক্ষিপ্ত লিপিবদ্ধ করা হল।

সুহায়ল বলল : এই চুক্তিপত্রের একটি শর্ত আছে। তা এই যে, আমাদের দিক থেকে যেকোন ব্যক্তি আপনাদের দিকে আসবে, সে মুসলমান হলেও আপনারা তাকে আমাদের হাতে প্রত্যর্পণ করবেন। মুসলমানরা একথা শুনে বললেন : “সোবাহনাল্লাহ”! মুসলমান হয়ে এলেও তাকে মুশরিকদের হাতে ফিরিয়ে দিতে হবে— এটা কিরূপে সম্ভব! এই কথাবার্তা হচ্ছিল এমন সময় সুহায়লের পুত্র আবু জন্দল বেড়ি হেঁচড়িয়ে হেঁচড়িয়ে উপস্থিত হল এবং নিজেকে মুসলমানদের হাতে সমর্পণ করল।

সুহায়ল বলল : মোহাম্মদ! সে প্রথম ব্যক্তি, যাকে চুক্তির শর্ত অনুযায়ী ফিরিয়ে দেয়া উচিত। রসূলুল্লাহ (সাঃ) বললেন : এখনও তো চুক্তিপত্র পুরাপুরি লিখাই হয়নি। সুহায়ল বলল : তা হলে আমি আপনার সাথে সঙ্গি করতে রাখী নই।

রসূলুল্লাহ (সাঃ) বললেন : সুহায়ল! আবু জন্দলকে আমাদের মধ্যে থাকার অনুমতি দিয়ে দাও। সুহায়ল বলল : আমি অনুমতি দিব না। এখন আপনার ইচ্ছা।

রসূলুল্লাহ (সাঃ) অনুমতি দেয়ার জন্যে পুনরায় বললেন। কিন্তু সুহায়ল নাহোড় বান্দা। সে বলল আমি কখনও এ অনুমতি দিব না।

এটা দেখে আবু জন্দল বলল : হে মুসলিম সম্প্রদায়, আমাকে কাফেরদের হাতে ফিরিয়ে দেয়া হবে, অথচ আমি ইসলাম গ্রহণ করে এসেছি! আমি যে কি অবর্ণনীয় নির্যাতন ও কষ্টের সম্মুখীন হচ্ছি, তা তোমরা দেখ না?

আবু জন্দলকে ইসলাম গ্রহণ করার অপরাধে অকথ্য নির্যাতন ও কষ্ট দেয়া হয়েছিল। তার সর্বাঙ্গে এ নির্যাতনের ছাপ সুস্পষ্ট ছিল। মুসলমানগণ এই বীভৎস দৃশ্য দেখে কেঁপে উঠলেন। হ্যারত ওমর ফারুক (রাঃ) তো সহ্য করতেই পারলেন না। নিজেই বলেন : আমি অস্ত্রিচিত্ত হয়ে নবী করীম (সাঃ)-এর খেদমতে হায়ির হয়ে আরয় করলাম ; ইয়া রসূলুল্লাহ, আপনি কি আল্লাহ তায়ালার সত্য নবী নন? হ্যুর (সাঃ) এরশাদ করলেন : নিঃসন্দেহে আমি আল্লাহতায়ালার সত্য নবী।

আমি : আমরা সত্যপন্থী এবং আমাদের শক্তিরা বাতিলপন্থী নয় কি?

হ্যুর : অবশ্যই।

আমি : তা হলে দ্বিনের ব্যাপারে আমরা এই অবমাননা কেন সহ্য করব?

হ্যুর : ওমর, আমি আল্লাহ তায়ালার রসূল। তাঁর আদেশের বিরুদ্ধাচরণ করতে পারি না। তিনি আমার সাহায্যকারী, মদদগার।

ওমর : আপনি বলেন নি যে, আমরা বায়তুল্লায় আসব এবং তওয়াফ করবঃ

হ্যুর : অবশ্যই; কিন্তু একথা কবে বলেছিলাম যে, এবারই আসব এবং তওয়াফ করব?

ওমর : না। আপনি বলেছিলেন : তোমরা বায়তুল্লাহ আসবে এবং তওয়াফ করবে।

হ্যারত ওমর বলেন : এরপর আমি হ্যারত আবু বকর (রাঃ)-এর কাছে এলাম এবং বললাম : আবু বকর, হ্যুর সত্যনবী নন কি?

আবু বকর : নিঃসন্দেহে হ্যুর সত্য নবী।

আমি : আমরা সত্যপন্থী এবং দুশ্মন বাতিলপন্থী নয় কি?

আবুবকর : অবশ্যই।

আমি : তা হলে আমরা আমাদের দ্বিনের ব্যাপারে এ অবমাননা মেনে নিব কেন?

আবু বকর : হে মর্দে মুমিন, হ্যুর আল্লাহর রসূল। তিনি তাঁর প্রতিপালকের অবাধ্যতা করতে পারেন না। আল্লাহ তো তাঁর মদদগার। তুম রসূলে করীম (সাঃ)-এর পদাক্ষ শক্ত করে ধরে রাখ— সন্দেহ করো না। আল্লাহর কসম, তিনি হকপন্থী।

আমি : রসূলুল্লাহ (সাঃ) তো বলেছিলেন আমরা বায়তুল্লাহ আসব এবং তওয়াফ করব।

আবু বকর : বলেছিলেন ঠিকই; কিন্তু তিনি তো বলেন নি যে, এ বছরই আসব এবং তওয়াফ করব। মনে রেখ, আমরা একদিন বায়তুল্লাহ যাব এবং তওয়াফ করব।

ইমাম যুহরীর রেওয়ায়েতে হ্যারত ওমর (রাঃ) বলেন : পরবর্তী কালে এই ধৃষ্টার ক্ষতিপূরণ করার জন্যে আমি অনেকগুলো সৎকর্ম সম্পাদন করি।

মোটকথা, নবী করীম (সাঃ) এ দলীল সম্পাদনের ব্যাপারটি চূড়ান্ত করে ছাহাবায়ে-কেরামকে বললেন : তোমরা দাঁড়াও, কোরবানীর জন্মগুলো যবেহ কর এবং মাথা মুণ্ড কর। কিন্তু কেউ দাঁড়াল না। তিনি একই কথা তিনবার বললেন। তবুও সাড়া মিলল না। অগত্যা তিনি হ্যারত উষ্মে সালামাহ (রাঃ)-এর কাছে চলে গেলেন। তাঁর কাছে ছাহাবায়ে কেরামের এই অন্তর্ভুক্ত বর্ণনা করলেন। হ্যারত উষ্মে সালামাহ বললেন : হে আল্লাহর নবী, যদি ভাল মনে করেন, তবে আপনি নিজে যান এবং কাউকে কিছু না বলে নিজের কোরবানীর উট যবেহ করুন। অতঃপর কাউকে ডেকে মাথা মুণ্ড করান।

রসূলুল্লাহ (সাঃ) বাইরে এলেন। তিনি কাউকে কিছু বললেন না। অবশেষে নিজের জন্ম যবেহ করে একজন লোককে ডাকলেন। সে এসে তাঁর মাথার কেশ মুণ্ড করে দিল। ছাহাবায়ে-কেরাম এই দৃশ্য দেখলেন। অতঃপর অন্তিবিলম্বে তারাও এসে কোরবানীর জন্ম যবেহ করলেন এবং একে অপরের মাথার কেশ মুণ্ড করতে লাগলেন।

এরপর মক্কার দিক থেকে কয়েকজন নওমুসলিম মহিলা রসূলুল্লাহ (সা:) -এর নিকট উপস্থিত হলেন। আল্লাহ তায়ালা তাদের সম্পর্কে এই নির্দেশ নাফিল করলেনঃ

ঃ মুমিনগণ, তোমাদের নিকট ঈমানদার নারীরা দেশত্যাগী হয়ে এলে তাদেরকে পরীক্ষা করো। আল্লাহ তাদের ঈমান সম্পর্কে সম্যক জ্ঞাত আছেন, যদি তোমরা জানতে পার যে, তারা ঈমানদার, তবে তাদেরকে কাফেরদের কাছে ফেরত পাঠিয়ো না। ঈমানদার নারীগণ কাফেরদের জন্যে হালাল নয়। কাফেররা যা ব্যয় করেছে, তা তাদের কাছে ফিরিয়ে দিয়ো। অতঃপর তোমরা এই নারীদেরকে বিয়ে করলে তোমাদের কোন অপরাধ হবে না যদি তোমরা তাদেরকে তাদের মোহরানা দিয়ে দাও। তোমরা কাফের নারীদের সাথে দাম্পত্য সম্পর্ক বজায় রাখবে না, তোমরা যা ব্যয় করেছো, তা ফেরত চাইবে। আর কাফেররা (মুমেন নারীদের জন্য) যা ব্যয় করেছে, তা তারা ফেরত চাইবে। এটাই আল্লাহর বিধান; তিনি তোমাদের মধ্যে ফয়সালা করে থাকেন। আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। (সূরা মুমতাহিনা - ১০ আয়াত)।

উপরোক্ত বিধান নাফিল হওয়ার পর হ্যরত ওমর (রাঃ) দু'জন পত্নীকে তালাক দিলেন, যারা শিরকপন্থী ছিল। তাদের একজনকে মুয়ায ইবনে আবু সুফিয়ান ও অপরজনকে ছফওয়ান ইবনে উমাইয়া বিয়ে করে নেয়।

নবী করীম (সা:) হোদায়বিয়া থেকে মদীনায় ফিরে আসার পর আবু বছীর কোরায়শী মুসলমান হয়ে মদীনায় এলেন। কোরায়শীর আবু বছীরকে ফিরিয়ে নেয়ার জন্যে দু'ব্যক্তিকে প্রেরণ করল। তারা এসে রসূলুল্লাহ (সা:) -কে বলল : চুক্তির শর্ত অনুযায়ী আবু বছীকে প্রত্যর্পণ করুন। রসূলুল্লাহ (সা:) আবু বছীরকে তাদের হাতে তুলে দিলেন। তারা তাকে নিয়ে রওয়ানা হল এবং যুল-হলায়ফা পৌছে বিশ্রামের জন্যে অবতরণ করল। সঙ্গে যে খেজুর ছিল, সেগুলো খাওয়া শুরু করল। আবু বছীর তাদের একজনকে বললেন : তোমার তরবারিটি তো বেশ! লোকটি কোষ থেকে তরবারিটি বের করে বলল : হাঁ, খোদার কসম, এটি খুব উৎকৃষ্ট তরবারি। আমি বারবার একে পরীক্ষা করেছি।

আবু বছীর লোকটিকে বললেন : আমাকেও দেখাও তো, দেখি কেমন তরবারি। লোকটি তরবারি দিয়ে দিল। আবু বছীর কালবিলম্ব না করে তৎক্ষণাত্ম আঘাত করলেন এবং তাকে হত্যা করলেন। অপর ব্যক্তি প্রাণপণে পলায়ন করে মদীনায় এল এবং মসজিদে-নববীতে প্রবেশ করল। রসূলুল্লাহ (সা:) তাকে দেখে বললেন : নিচয়ই লোকটি কোন ভয়ংকর ঘটনার সম্মুখীন হয়েছে। সে রসূলুল্লাহ (সা:) -এর নিকটে যেয়ে বলল : আমার সঙ্গীকে হত্যা করা হয়েছে। এখন আমাকেও কতল করা হবে। ইতিমধ্যে আবু বছীরও এসে গেলেন। তিনি আরায করলেন : ইয়া রসূলুল্লাহ! আল্লাহ তায়ালা আপনার অঙ্গীকারকে পূর্ণ করেছেন।

আপনি আমাকে তাদের হাতে অর্পণ করেছেন। এরপর আল্লাহ আমাকে তাদের কবল থেকে মুক্তি দিয়েছেন। নবী করীম (সা:) বললেন : আবু বছীর, তুমি তো যুদ্ধের অনল প্রজ্ঞালিত করে দিচ্ছ। যদি কেউ তার সঙ্গী থাকে, তবে খবর পৌছে যাবে এবং যুদ্ধ শুরু হয়ে যেতে পারে।

রসূলুল্লাহ (সা:) -এর একথা শুনে আবু বছীর বুঝলেন হ্যুন আবার তাকে কোরায়শদের হাতে অর্পণ করবেন। তাই তিনি মদীনা থেকে বের হয়ে সমুদ্রোপকূলে যেয়ে বাস করতে লাগলেন।

রাবী বর্ণনা করেন, এদিকে আবু জন্দলও কোরায়শদের কাছ থেকে পলায়ন করে আবু বছীরের সাথে মিলিত হলেন। এরপর কোরায়শদের মধ্য থেকে যেই মুসলমান হয়ে মক্কা থেকে বের হত, সে আবু বছীরের সাথে মিলিত হয়ে যেত। অবশ্যে তাদের একটি দল তৈরী হয়ে গেল এবং যথেষ্ট শক্তি সামর্থ্যও অর্জিত হয়ে গেল। তারা যখন শুনত যে, কোরায়শদের কোন কাফেলা সিরিয়া যাচ্ছে, তখন অতর্কিতে কাফেলার উপর আক্রমণ করে লোকজনকে হত্যা করত এবং ধনসম্পদ লুট করে নিত। কোরায়শীর বাধ্য হয়ে রসূলুল্লাহ (সা:) -এর কাছে দৃত পাঠিয়ে আবেদন করল : আল্লাহ তায়ালা ও আমাদের আয়াতুল্লাহ দোহাই, এখন থেকে কেউ মুসলমান হয়ে মদীনায় গেলে তাকে ফেরত পাঠাবেন না। আমরা এ শর্তটি প্রত্যাহার করে নিলাম। আপনি আবু বছীর ও আবু জন্দলকে মদীনায় ডেকে নিন। সেমতে রসূলুল্লাহ (সা:) তাদের কাছে দৃত প্রেরণ করলেন এবং আল্লাহতায়ালা নিম্নোক্ত আয়াত নাফিল করলেন :

ঃ তিনিই আল্লাহ যিনি, তোমাদেরকে বিজয়ী করার পর মক্কা অঞ্চলে কাফেরদের হাতকে তোমাদের থেকে এবং তোমাদের হাতকে কাফেরদের হাত থেকে নিবারিত করেছেন। তোমরা যা কিছু কর, আল্লাহ তা দেখেন। তারাই তো কুফৰী করেছে, তোমাদেরকে নিবৃত্ত করেছে, বাধা দিয়েছে মসজিদুল-হারাম থেকে এবং বাধা দিয়েছে কোরবানীর জঙ্গুলোকে যথাস্থানে পৌছুতে। যদি মক্কায় কাফেরদের মধ্যে কিছু সংখ্যক মুমিন পুরুষ ও মুমিন নারী না থাকত, যাদেরকে অঙ্গাতসারে হত্যা করলে তোমরা অনুত্পন্ন হতে, তবে তোমাদেরকে যুদ্ধের আদেশ দেয়া হত। এ জন্যে যে, তিনি যাকে ইচ্ছা আপন অনুগ্রহ দান করবেন। যদি তারা পৃথক থাকত, তবে আমি কাফেরদেরকে মর্মান্তিক শাস্তি দিতাম। কেননা, কাফেররা তাদের অন্তরে মূর্খতাযুগের ঔদ্ধত্য পোষণ করে। অতঃপর আল্লাহ তাঁর রসূল ও মুমিনদেরকে প্রশাস্তি দান করলেন, তাদের উপর তাকওয়ার কলেমা অপরিহার্য করলেন। তারা ছিল এর অধিকতর যোগ্য ও উপযুক্ত। আল্লাহ সকল বিষয়ে সম্যক জ্ঞাত।”

ଇମାମ ଆହମଦ, ନାସାଯି ଓ ହାକେମେର ରେଓୟାରେତେ ହ୍ୟରତ ଆବଦୁଲ୍ଲାହ ଇବନ୍‌ଏମୁଗାଫଫାଲ (ରାଃ) ବଳେନଃ ଆମରା ରସଲୁଲ୍‌ଲାହ (ସାଃ)-ଏର ସାଥେ ସେଇ ବୃକ୍ଷର ନିଚେ ଛିଲାମ, ଯାର ଉଲ୍ଲେଖ କୋରଆନ ଘଜୀଦେ କରା ହ୍ୟେଛେ । ଏ ବୃକ୍ଷର ଶାଖା ପଣ୍ଡବ ହ୍ୟୂର (ସାଃ)-ଏର ପିଠେର ଉପରେ ନୁହେ ଛିଲ । ହ୍ୟରତ ଆଲୀ (ରାଃ) ଓ କୋରାଯଶ ଦୂତ ସୁହାଯଲ ଇବନ୍‌ଏମାର ତାର ସମ୍ମୁଖେ ଛିଲେନ । ନବୀ କରୀମ (ସାଃ) ହ୍ୟରତ ଆଲୀକେ ବଲଲେନ ବିସାମିଲ୍ଲାହିର ରାହମନିର ରାହିମ ଲିଖ ।

সুহায়ল হ্যরত আলীর হাত চেপে ধরল এবং বললঃ আমরা রাহমান ও রাহীমকে
চিনি না ; আমাদের ব্যাপারে তাই লিখ, যার সাথে আমরা পরিচিত, অর্থাৎ
বিইসমিক আল্লাহুম্মা অতঃপর হ্যরত আলী লিখগেন

الله رسول رسمو মোহাম্মদ রসুলুল্লাহ সম্পাদন কৃতি এটা সক্রিপ্ট, যা মোহাম্মদ রসুলুল্লাহ সম্পাদন

করেছেন।) এবারও সুহায়ল হ্যরত আলীর হাত চেপে ধরল এবং রসূলুল্লাহ
(সা:) -কে বললঃ আপনি আল্লাহর রসূল হলে আমরা এ যাবত নিজেদের উপর
অভ্যন্ত বাড়াবাড়ি করেছি। আমদের ব্যাপারে তাই লিখুন, যা আমরা বিশ্বাস করি,
অর্থাৎ মোহাম্মদ ইবনে আবদুল্লাহ' লিখুন। এ কথাবার্তা ঢলাকালেই ত্রিশজন সশস্ত্র
যুবক আমদের সামনে আত্মপ্রকাশ করল। তারা আমদের মুখ্যমণ্ডল আলোড়ন সৃষ্টি
করে দিল। নবী করীম (সা:) তাদের জন্যে বদদোয়া করলেন। আল্লাহ তাদেরকে
মুক করে দিলেন। হাকেমের রেওয়ায়েতে বলা হয়েছে আল্লাহ তাদেরকে অন্ধ করে
দিলেন। আমরা তাদেরকে পাকড়াও করলাম। হ্যুর (সা:) তাদেরকে জিজ্ঞাসা
করলেনঃ কেউ তোমাদেরকে অভয দিয়েছেন কি? তারা বললঃ না। অতঃপর
রসূলুল্লাহ (সা:) তাদেরকে ছেড়ে দিলেন।

মুসলিম হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ তোমাদের কোন ব্যক্তি শানিয়াতুল মিরারে আরোহণ করবেঃ যে ব্যক্তি আরোহণ করবে, আল্লাহ তার বনী-ইসরাইলের সম্পরিমাণ গোনাহ মাফ করে দিবেন। অতঃপর সর্বপ্রথম সেই ঘাটিতে বনী-খায়রাজের ঘোড় সওয়াররা আরোহণ করল। এরপর অন্যরা আরোহণ করল। রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ লাল উটওয়ালা ছাড়া তোমাদের সকলেরই মাগফেরাত করা হয়েছে। ছাহাবীগণ লাল উটওয়ালাকে বললেনঃ এস, তোমার জন্যে নবী করীম (সাঃ)-এর কাছে এঙ্গেগফার করি। সে বললঃ আমার উট হারিয়ে গেছে। তোমাদের নবী আমার জন্যে মাগফেরাতের দোয়া করবেন— এর তুলনায় হারানো উট পাওয়াটাই আমার কাছে অধিক প্রিয়। লোকটি আসলে তার হারানো উটের তালাশে ছিল।

আবু নয়ামের রেওয়ায়েতে হ্যারত আবু সায়িদ খুদরী (রাঃ) বলেনঃ হোদায়বিয়ার বছরে আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে রওয়ানা হলাম। আসফানে বিশাঘ গ্রহণের

ପର ଶେଷ ରାତେ ସେଖାନ ଥିକେ ଯାତ୍ରା ଶୁରୁ କରେ ହାନ୍ୟାଳ ଘାଁଟିତେ ଏଲାମ । ରସୁଲୁଆହ
(ସାଃ) ବଲଲେନଃ ଏହି ଯେ ସମ୍ମୁଖେ ଘାଁଟି ଦେଖିତେ ପାଛ, ଆଜିକାର ରାତେ ଏହି ଆମାଦେର
ଜନ୍ୟେ ଯେହି ଦାରେର ମତ, ଯାର ସମ୍ପର୍କେ ଆହ୍ଵାହ ତାଯାଳା ବନୀ-ଇସରାଈଲକେ ବଲେଛିଲେନ-
(ତୋମରା) وَادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَقُولُوا حَسْكَةً نَفِرْلَكُمْ خَطَايَاكُمْ

সেজদাবনত হয়ে দ্বারে প্রবেশ কর এবং “হিতাতুন” বল। আমি তোমাদের সকল
গোলাহ মাফ করব।) অর্থাৎ, আজিকার রাতে যে মুসলমান এ টিলা অতিক্রম
করবে; তাকে মাফ করা হবে। আমরা সেই টিলা অতিক্রম করার সময় কিছুক্ষণ
থেমে গেলাম। আমি আরয় করলামঃ ইয়া রসূলাল্লাহ, কোরায়শরা আমাদের
আগন্তনের আলো দেখে ফেলবে। তিনি বললেনঃ আবু সায়ীদ, একপ কখনও হবে
না।

তোর হলে হ্যুম্র (সাথ) আমাদেরকে নামায পড়ালেন এবং বললেনঃ সেই সন্তার কসম, যার হাতে আমার থাণ, আজিকার রাতে তোমাদের সকলেরই মাগফেরাত করা হয়েছে। তবে একজন উদ্ধিরোহীর মাগফেরাত হয়নি। আমরা সকলেই লোকটির খুঁজে বের হলাম কিন্তু সে সেখানে ছিল না। অতঃপর আমরা এক বেদুইনকে সকলের মধ্যে পেলাম।

ରସ୍ତୁଲାହ (ସାଂ) ବଲଲେନଃ ଏମନ ଏକ କଣ୍ଠମ ଆସିତେ ପାରେ ଯାଦେର ଆମଲେର ସାମନେ ତୋମରା ନିଜେଦେର ଆମଲକେ ତୁଳ୍ବ ମନେ କରବେ । ଆମରା ଆରଧ କରଲାମଃ ଇଯା ରସ୍ତୁଲାହ, ତାରା କୋଣ୍ଠ କଣ୍ଠମ? ତାରା କି କୋରାଯଶୀଳ ତିନି ବଲଲେନଃ ନା; ବରଂ ତାରା ଏଯାମନୀ, ତାରା ଅତ୍ୟନ୍ତ କୋମଲପ୍ରାଣ । ଆମରା ବଲଲାମ : ତାରା କି ଆମାଦେର ଚେଯେ ଶ୍ରେଷ୍ଠ? ତିନି ବଲଲେନ : ଯଦି କାରାଓ କାହେ ସ୍ଵରେ ପାହାଡ଼ ଥାକେ ଏବଂ ସେ ତା ବ୍ୟାକ କରେ, ତବେ ସେ ତୋମାଦେର ଏକ ମୁଦ ଓ ଅର୍ଧ ମୁଦ ବ୍ୟାକ କରାର ମୋକାବିଲା କରତେ ସକ୍ଷମ ହିବେ ନା । ମନେ ରେଖ, ଆମାଦେର ଓ ତାଦେର ମଧ୍ୟକାର ବ୍ୟବଧାନ ଏମନ, ଯେମନ ତୋମାଦେର ଓ ତୋମାଦେର ପରବର୍ତ୍ତୀ ମୁସଲମାନଦେର ମଧ୍ୟକାର ବ୍ୟବଧାନ ।

ওয়াকেনীর রেওয়ায়েতে আমর ইবনে আবদ বলেনঃ আমাদের লক্ষ্য ছিল যাতুল-খায়তলের ঘাঁটি। আমরা এর কাছে এলাম। যদি আমি একা সেটা পার করতে চাইতাম, তবে ঘাঁটিটি ছিল একটি ফিতার সমান। ঘাঁটিটি একটি প্রশংসন্ত মহাসড়কের মত বিস্তৃত হয়ে গেল। সে রাতে এর বিস্তৃতির কারণে সকলেই সারিবদ্ধ হয়ে অগ্রসর হচ্ছিল। ঘাঁটিটি জোছনা রাতের মত আলোকময় হয়ে গেল। সকালে নামায়ের পর রসূলুল্লাহ (সা:) বলেনঃ আজিকার রাতে আল্লাহ তায়ালা সকল উদ্ধারোহীকে ক্ষমা করে দিয়েছেন। তবে একজন ছেট উদ্ধারোহীর মাগফেরাত হয়নি। সে লাল রঙের উটের উপর সওয়ার।

মুসলিম হ্যরত সালামাহ ইবনে আকওয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ এক জেহাদে আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে গমনকালে দারণ ক্ষুধা অনুভব করলাম। এমন কি, আমরা সওয়ারীর কিছু উট যবেহ করে ক্ষুণ্ণিবৃত্তি নিবারণের ইচ্ছা করলাম। রসূলুল্লাহর (সাঃ) আদেশে আমরা নিজেদের খাদ্যসামগ্রী একটি চামড়ার দস্তরখান বিছিয়ে একত্রিত করলাম। আমি এগুলোর পরিমাণ আন্দজ করার জন্যে গলা বাড়লাম। একটি ছাগলছানা যতটুকু জায়গা নিয়ে বসে, খাদ্যসামগ্রীগুলো ততটুকু জায়গার মধ্যে ছিল। আমরা ছিলাম সংখ্যায় চৌদ্দ'শ। আমরা সকলেই সেখান থেকে তৃপ্ত হয়ে আহার করলাম। অবশেষে আমাদের খাদ্যের খলেগুলো তরে নিলাম। এরপর রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ ওয়ুর পানি আছে কি? এক ব্যক্তি তার লোটা নিয়ে উপস্থিত হল, যার মধ্যে সামান্য পানি ছিল। হ্যুর (সাঃ) সেই পানি একটি বড় পাত্রে ঢেলে দিলেন। অতঃপর আমরা চৌদ্দ'শ মানুষ সেখান থেকে ওয়ুর পানি আহার করলাম। আমরা শুরু স্বাক্ষর্দ্য সহকারে পানি ব্যবহীর করলাম।

বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত ইবনে আববাস (রাঃ) বলেনঃ হোদায়বিয়া থেকে ফিরার পথে কতক ছাহাবী রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে তীব্র ক্ষুধার অভিযোগ করলেন। তারা বললেনঃ আপনি সওয়ারীর উট যবেহ করে খাওয়ার অনুমতি দিন। হ্যরত ওমর ফারুক (রাঃ) আর করলেনঃ ইয়া রসূলুল্লাহ, একপ করবেন না। অতিরিক্ত উট থাকলে তা আমাদের কাজে লাগবে। নবী করীম (সাঃ) বললেনঃ আচ্ছা, তোমরা তোমাদের চামড়ার দস্তরখান বিছাও। সকলে তাই করল। অতঃপর তিনি বললেনঃ যার কাছে অবশিষ্ট খাদ্যসামগ্রী আছে, সে তা দস্তরখানে এনে রাখ। এরপর তিনি দোয়া করলেন এবং বললেনঃ আপন আপন পাত্র নিয়ে এস। অতঃপর আল্লাহ যে পরিমাণ চাইলেন, তারা খাদ্যসামগ্রী নিয়ে নিলেন।

বায়হাকী হ্যরত ওরওয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) হোদায়বিয়া অবস্থান করে হ্যরত ওসমান (রাঃ)-কে কোরায়শদের কাছে প্রেরণ করলেন। তিনি ওসমানকে বললেনঃ তুমি কোরায়শদেরকে বলবে যে; আমরা যুদ্ধ করার ইচ্ছায় আসিনি; বরং ওমরা করার জন্যে এসেছি। আর তাদেরকে ইসলামের দাওয়াত দিবে। মকায় যে সকল মুমিন পুরুষ ও নারী রয়েছে, তুমি তাদের কাছে যেয়ে সুসংবাদ দিবে যে, আল্লাহ তায়ালা অতি অল্প সময়ের মধ্যেই মকার মাটিতে ইসলামকে প্রতিষ্ঠিত করে দিবেন। তখন ঈমান গোপন করা প্রয়োজন হবে না।

হ্যরত ওছমান (রাঃ) কোরায়শদের কাছে চলে গেলেন এবং তাদেরকে ইসলামের দাওয়াত দিলেন। কোরায়শরা দাওয়াত প্রত্যাখ্যান করে যুদ্ধের জন্যে প্রস্তুত হয়ে গেল। এদিকে রসূলুল্লাহ (সাঃ) সাহাবায়ে-কেরামকে বয়াত তথ্য শপথ করার জন্যে অহ্বান জানালেন। ঘোষণা করা হল, জিবরাসিল বয়াতের আদেশ নিয়ে রসূলুল্লাহ (সাঃ) এর কাছে আগমন করেছেন। সাহবায়ে-কেরাম রসূলুল্লাহ

(সাঃ)-এর হাতে এই শর্তে বয়াত করলেন যে, তারা কোন অবস্থাতেই পৃষ্ঠপ্রদর্শন করবেন না। এ সংবাদে মুশ্রিকরা ভীত হয়ে পড়ল। তারা সেইসব মুসলমানকে ছেড়ে দিল, যাদেরকে যিনি করে রেখেছিল এবং সন্ধির প্রত্ত্বাব করল।

হোদায়বিয়ায় অবস্থানকারী মুসলমানগণ হ্যরত ওছমান (রাঃ)-এর ফিরে আসার পূর্বে পরম্পরে বলাবলি করতে লাগলেন— ওছমান গণী বায়তুল্লাহয় চলে গেছেন। তিনি তওয়াফও করে থাকবেন। একথা শুনে রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ ওছমান সম্পর্কে আমি একপ ধারণা করি না যে, আমাদিগকে এখানে বাধাপ্রাপ্ত অবস্থায় রেখে সে একা বায়তুল্লাহর তওয়াফ করবে।

অতঃপর হ্যরত ওছমান (রাঃ) ফিরে এলে সাহাবায়ে-কেরাম তাঁকে জিজ্ঞাসা করলেন, আপনি বায়তুল্লাহর তওয়াফ করছেনঃ তিনি বললেনঃ আমার সম্পর্কে আপনাদের এই ধারণা ভাস্ত। আল্লাহর কসম, নবী করীম (সাঃ)-এর হোদায়বিয়ায় থাকা অবস্থায় যদি আমি এক বছরও মকায় অবস্থান করতাম, তবে তাঁর তওয়াফ না করা পর্যন্ত আমি বায়তুল্লাহর তওয়াফ করতাম না। কোরায়শরা আমাকে তওয়াফের অনুমতি দিয়েছিল; কিন্তু আমি রাখী হইনি।

একথা শুনে সাহাবায়ে কেরাম বললেনঃ আল্লাহর বিধানাবলী সম্পর্কে রসূলুল্লাহ (সাঃ) সর্বাধিক জ্ঞাত এবং তাঁর ধারণা আমাদের ধারণার চেয়ে অনেক বেশী উন্নত মানের।

বায়হাকী মোহাম্মদ ইবনে কাব থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে-আকরাম (সাঃ) হ্যরত আলী (রাঃ)কে বললেনঃ লেখ এটা সেই সন্ধিপত্র, যা মোহাম্মদ ইবনে আবদুল্লাহ ও সুহায়ল ইবনে আমর সম্পাদন করেছেন। কিন্তু হ্যরত আলী বেঁকে বসলেন যে, তিনি মোহাম্মদ রসূলুল্লাহ ছাড়া অন্য কিছু লিখবেন না। রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ তুমি লিখ। তোমাকে সমান ছোয়াবই দেয়া হবে। কারণ, তুমি প্রাতৃত।

ইবনে সাদ এয়াকুব থেকে রেওয়ায়েত করেন যে, হোদায়বিয়ায় বাধাপ্রাপ্ত হ্যুয়ার পর রসূলুল্লাহ (সাঃ) ও সাহাবায়ে-কেরাম সকলেই মাথার কেশ মুগ্ন করেন এবং কোরবানীর উট যবেহ করেন। অতঃপর আল্লাহতায়ালার প্রেরিত একটি ঝঁঝঁ বায়ু তাদের কেশসমূহ উড়িয়ে হেরেমের মধ্যে ফেলে দেয়।

জাহমদ ও বায়হাকী হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হোদায়বিয়া দিবসে সওরাতি উট যবেহ করা হয়। কোরায়শদের বাধার কারণে বায়তুল্লাহয় পৌছতে না পেরে উটগুলো এমনভাবে কাঁদতে থাকে, যেমন সন্তানের শোকে কাঁদে।

ওয়াকেদী আবদুল্লাহ ইবনে আবী বকর ইবনে হ্যম থেকে রেওয়ায়েত করেন যে, হ্যয়ায়তাব ইবনে আবদুল ওয়্যাম বলত, হোদায়বিয়ার সন্ধিচক্র সম্পাদন করে

যখন আমি মক্কায় ফিরে এলাম, তখন আমার পূর্ণ বিশ্বাস ছিল মোহাম্মদ অচিরেই বিজয়ী হয়ে যাবেন।

বায়হাকী হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) হোদায়বিয়া থেকে ফিরার পথে এক শেষ রাতে দণ্ডয়মান হলেন এবং বললেন : আমার হেফায়ত কে করবে? আমি আরয় করলাম : আমি করব। তিনি বললেন : তুমি ঘুমিয়ে পড়বে। এরপর তিনি বললেন : আমাকে কে পাহারা দিবে? আমি পুনরায় আরয় করলাম : আমি দিব। তিনি বললেন : আচ্ছা, তুমই পাহারা দাও। সেমতে আমি সম্পূর্ণ কাফেলাকে পাহারা দিলাম। যখন ভোর হয়ে গেল, তখন রসূলুল্লাহ (সাঃ)-এর কথা অনুযায়ী আমাকে ঘুমে পেয়ে বসল। আমি ঘুমিয়ে পড়লাম। এরপর সূর্যোদয়ের পরেই জাগ্রত হলাম। সকলেই জাগ্রত হয়ে গেলে হ্যুর (সাঃ) বললেন : তোমরা নামায থেকে গাফেল হয়ে যাবে- এটাই যদি আল্লাহর অভিথায় না হত, তবে তোমরা ঘুমিয়ে পড়তে না। কিন্তু আল্লাহ তায়ালা চেয়েছেন যে, তাঁর বিধান তোমাদের পরে আগমনকারীদের জন্যে প্রকাশিত হোক। অতঃপর তিনি দাঁড়িয়ে গেলেন এবং সকলকে নিয়ে যথারীতি নামায আদায় করলেন। নামায শেষে তিনি বললেন : আমার উপরের যে ব্যক্তি নামাযের সময় ঘুমিয়ে পড়ে, তার জন্যে বিধান হচ্ছে, যখন জাগ্রত হবে, তখনই সে নামায আদায় করবে।

এরপর সকলেই আপন আপন সওয়ারী নিয়ে এসে গেল। হ্যুর (সাঃ) আমাকে বললেন : তুমি এদিকে যাও। আমি গেলাম এবং তাঁর উদ্ধীর নাকারশি নিয়ে এলাম, যা একটি বৃক্ষে লটকে গিয়েছিল। আমি আরয় করলাম : ইয়া রসূলুল্লাহ! আমি আপনার উদ্ধীর নাকারশি একটি বৃক্ষে জড়ানো অবস্থায় পেয়েছি। হাত না লাগালে এটা খুলত না।

বায়হাকীর রেওয়ায়েতে মাজধা, ইবনে জারিয়া (রাঃ) বলেন : আমরা যখন রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে হোদায়বিয়া থেকে ফিরে এলাম, তখন ‘কুরা-গামীম’ নামক স্থানে সূরা ফাতাহ নায়িল হল। এক ব্যক্তি আরয় করল : এটা কি ফাতাহ (বিজয়)? হ্যুর (সাঃ) বললেন : সেই সত্ত্বার কসম, যাঁর হাতে আমার প্রাণ, এটা বিজয়।

বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত আবদুর রহমান ইবনে আবী ইয়ালা ^{وَأَشَّبِّهُمْ} _{فَتَحًا قَرِبًا} আয়াতের তফসীর প্রসঙ্গে বললেন : এই নিকটবর্তী বিজয়ের অর্থ হচ্ছে খয়বর বিজয় এবং ^{وَأَخْرَى لَمْ تَقْدِرُوا عَلَيْهَا} এর অর্থ হচ্ছে পারস্য ও রোম বিজয়, যা পরবর্তী কালে ইয়ালা আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত হয়েছিল।

বায়হাকী মোজাহিদ থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) যখন হোদায়বিয়াতে ছিলেন, তখন তাঁকে স্বপ্নে দেখানো হয় যে, তিনি এবং তাঁর সাহায্যগণ শাস্তিতে মক্কায় প্রবেশ করেছেন। তাঁদের কারও মাথা মুগ্ননো ছিল এবং কারও কেশ কর্তিত ছিল। অতঃপর সাহাবায়ে-কেরাম যখন হোদায়বিয়াতে কোরবানীর পশু যবেহ করলেন, তখন রসূলুল্লাহ (সাঃ)-কে জিজ্ঞাসা করলেন : ইয়া রসূলুল্লাহ! আপনার স্বপ্নের ব্যাখ্যা কি? এর প্রেক্ষণপটে আল্লাহতায়ালা এই জায়াত নায়িল করলেন :

**لَقَدْ حَدَّى اللَّهُ رَسُولُهُ الرُّقْبَابُ الْحَقِيقَ - لِتَدْخُلَنَ الْمَسْجِدَ
الْحَرَامَ إِنْ شَاءَ اللَّهُ أَمْنِيْنَ مُحَلِّقِيْنَ رُؤُسَكُمْ وَمَقْصِرِيْنَ لَا
تَخَافُونَ -**

আল্লাহ তাঁর রসূলকে সত্য স্বপ্ন দেখিয়েছেন। আল্লাহ চাহেন তো তোমরা মসজিদুল-হারামে অবশ্যই প্রবেশ করবে নিরাপদে - কেউ কেউ মন্তক মুক্তি করবে কেউ কেউ কেশ কর্তন করবে। তোমাদের কোন ভয় থাকবে না। (সূরা ফাতাহ)

এরপর সাহাবায়ে-কেরাম সেখান থেকে ফিরে আসেন এবং খয়বর জয় করেন। এর পরের বছর তাঁরা ওমরা আদায় করলেন। এভাবে রসূলুল্লাহ (সাঃ)-এর স্বপ্ন বাস্তবায়িত হল।

বায়হাকী ও আবু নয়ীম হ্যরত আবু হৱায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) যখন এশার নামায পড়তেন, তখন শেষ রাকআতে ‘কুন্তে-নামেলা’ পাঠ করতেন এবং এই দোয়া করতেন-পরওয়ার দেগোর! ওলীদ ইবনে ওলীদকে মুক্তি দাও, পরওয়ারদেগোর, আইয়াশ ইবনে আবী রবীয়াকে রক্ষা কর, পরওয়ারদেগোর, দুর্বল মুমিনদেরকে মুক্তি দাও। পরওয়ারদেগোর, মুয়ার গোত্রের উপর এমন দুর্ভিক্ষ নায়িল কর, যেমন হ্যরত ইউসুফ (আঃ)-এর আমলে হয়েছিল। রসূলুল্লাহ (সাঃ) সবসময় দুর্বল মুমিনদের জন্যে দোয়া করতে থাকেন। অবশ্যে আল্লাহতায়ালা তাদেরকে কোরায়শদের কবল থেকে মুক্তি দিলেন। মুক্তি জ্ঞানের পর তিনি তাদের জন্যে দোয়া করা ছেড়ে দেন।

‘আল-আখবার’ প্রস্ত্রে হায়হাম ইবনে আবীর রেওয়ায়েতে সাইদ ইবনে আছ (রাঃ) বলেন : আমার পিতা আছ বদর যুদ্ধে নিহত হলে আমি আমার চাচা আবান ইবনে যামাদের লালন-পালনে এসে পড়লাম। সে বাণিজ্যের উদ্দেশ্যে সিবিয়া গেল এবং এক বছর সেখানে অবস্থান করল। এরপর সে ফিরে এল। সে বস্তুজ্যের

(সাঃ)-এর প্রতি মাত্রাতিরিক্ত ধৃষ্টতা প্রদর্শন করত। ফিরে এসেই সে সর্বপ্রথম জিজ্ঞাসা করল : মোহাম্মদের কি হল? আমার চাচা আবদুল্লাহ জবাব দিল : খোদার কসম, মোহাম্মদ পূর্বের তুলনায় অনেক বেশি শান্ত-শুক্তে অবস্থান করছেন এবং তাঁর সম্মান আরও বেড়ে গেছে। তাঁর প্রচারিত ধীন পূর্বের চেয়ে অনেক বেশি উচ্চতরে উন্নীত হয়ে গেছে।

এ কথা শুনে আবান চুপ হয়ে গেল এবং কোন প্রকার ধৃষ্টতা প্রদর্শন করল না। এরপর সে ভোজের আয়োজন করে বনী-উমাইয়ার নেতৃত্বকে আমন্ত্রণ জানাল। ভোজ শেষে সে বলল :

ঃ বনী উমাইয়ার সম্মানিত নেতৃত্ব! সিরিয়ায় অবস্থানকালে আমি বাকা নামক এক সন্ন্যাসীকে দেখেছি। সে চল্লিশ বছর পর্যন্ত গির্জার বাইরে মাটিতে পা রাখেনি। একদিন সে গির্জা থেকে নিচে অবতরণ করলে সকল মানুষ তাকে দেখার জন্যে সমবেত হল। আমিও তার কাছে গেলাম। আমি তাকে বললাম : আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনাকে জিজ্ঞাসা করতে চাই। সে আমাকে নিভৃতে নিয়ে গেল। আমি বললাম : আমি একজন কোরায়শী। আমাদের মধ্যে এক ব্যক্তি আত্মপ্রকাশ করেছে। তাঁর দাবী এই যে, আল্লাহ তাকে প্রেরণ করেছেন।

সন্ন্যাসী : তার নাম কি?

আমি : তার নাম মোহাম্মদ।

সন্ন্যাসী : কতদিন পূর্বে আত্মপ্রকাশ করেছেন?

আমি : প্রায় বিশ বছর হয়ে গেছে।

সন্ন্যাসী : আমি তোমার কাছে তার গুণাবলী ও দেহাবয়ব বর্ণনা করব না কি?

আমি হতবাক হয়ে বললাম : অবশ্যই বর্ণনা করুন।

সন্ন্যাসী তাঁর গুণাবলী সম্পূর্ণ নির্ভুলভাবে বর্ণনা করল। অতঃপর সে বলল : তিনি এই উপর্যুক্ত নবী। তিনি অবশ্যই বিজয়ী হবেন। তাঁকে আমার সালাম বলে দিয়ো। এরপর সন্ন্যাসী তাঁর গির্জায় চলে গেল। এটা হোদায়বিয়ার বছরের ঘটনা।

ইবনে সাদ ও বায়হাকীর রেওয়ায়েতে হয়রত খালিদ ইবনে ওলীদ (রাঃ) বলেন : আল্লাহতায়ালা আমার কল্পণারে ইচ্ছা করে আমার অন্তরে ইসলামের প্রতি আকর্ষণ সৃষ্টি করে দেন। আমি মনে মনে বললামঃ মোহাম্মদ (সাঃ)-এর মোকাবিলা করার জন্যে আমি সকল ক্ষেত্রেই উপস্থিত হয়েছি এবং প্রতি ক্ষেত্রেই আশাতীতরূপে এবং অলৌকিক পদ্ধায় তিনি সাফল্য অর্জন করেছেন। তাঁর এসব সাফল্য আল্লাহর সমর্থন ও সাহায্যের কথাই প্রমাণ করে। আমি মনে মনে ভাবছিলাম যে, এক অসার বস্তুর জন্যে আমি আমার প্রচেষ্টা নিয়েজিত করছি। মোহাম্মদ (সাঃ) অচিরেই বিজয়ী হয়ে যাবেন।

মোহাম্মদ (সাঃ) যখন হোদায়বিয়া অভিমুখে গমন করছিলেন, তখন তাকে বাধা দেয়ার জন্যে আমি মুশরিকদের অধ্যারোহী বাহিনীর সাথে বের হলাম। আমি আসফান নামক স্থানে তাঁর ও তাঁর সাহায্যগণের সাথে মিলিত হলাম। আমি তাঁর পথ আগলিয়ে দাঁড়িয়ে গেলাম। তিনি তাঁর সহচরগণকে যোহরের নামায পড়ালেন। আমরা এই অবস্থায় তাঁর উপর হামলা করার ইচ্ছা করলাম। কিন্তু পরক্ষণেই আমাদের ইচ্ছা বদলে গেল। এতে কল্পণাই ছিল। তিনি আমাদের পরিকল্পনা সম্পর্কে অবগত হয়ে গেলেন। সেমতে তিনি আছরের নামায যুক্তকালীন পদ্ধতিতে পড়ালেন। ফলে আমাদের পরিকল্পনা ভেঙ্গে গেল। আমি মনে মনে বললাম, সোকটি খোদায়ী হেফায়তপ্রাণ। এরপর আমরা বিছিন হয়ে গেলাম। আমাদের অধ্যারোহীরা যে রাস্তায় মোতায়েন ছিল, তিনি সেই রাস্তা পরিত্যাগ করে ডাঙদিকের পথ ধরলেন।

কোরায়শরা হোদায়বিয়াতে রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে সন্ধিশুক্তি স্থাপন করল। এর ফলে তিনি স্বত্ত্ব পেলেন। তখন আমি মনে মনে বললাম, এখন আশ্রয়ের আর কি বাকী রইল। নাজাশীর কাছে আশ্রয় নেয়ারও পথ বদ্ধ হয়ে গেছে। তিনি রসূলুল্লাহ (সাঃ)-এর অনুসারী হয়ে গেছেন। মুসলমানরা তার কাছে সুখে শান্তিতে বাস করছে। এখন আমি কি করব? সন্তাট হিয়াফিয়াসের দিকে চলে যাব এবং আপন ধর্ম বিসর্জন দিয়ে ধৃষ্টধর্ম অথবা ইহুদী ধর্ম গ্রহণ করে নিব? এভাবে অন্যান্যদের অনুগামী হয়ে তাদের মধ্যেই অবস্থান করব, না এখানে যায়া এখনও ইসলাম গ্রহণ করেনি, তাদের সহযোগী হয়ে আপন গৃহেই থেকে যাব? আমি সাংঘাতিকরূপে কিংকর্তব্যবিমৃষ্ট ছিলাম। ঠিকএমনি সময়ে রসূলুল্লাহ (সাঃ) ‘ওমরাতুল-কায়ার’ উদ্দেশ্যে মকাব আগমন করলেন। আমি পা ঢাকা দিলাম। আগরা ভাতা ওলীদ ইবনে ওলীদ নবী করীম (সাঃ)-এর সাথে এলেন। তিনি আমাকে অনেক তালাশ করেও পেলেন না। অবশ্যে তিনি আমার নামে এই মর্মে একটি পত্র লিখলেন :

বিসমিল্লাহির রাহমানির রাহীম।

ইসলাম থেকে তোমার পলায়ন আমাকে যারপর নাই বিশ্বিত করেছে। তোমার বুদ্ধি বিকৃত, ইসলামের মত অমূল্য ধন কেউ হারাতে পারে কি? রসূলুল্লাহ (সাঃ) আমাকে তোম সম্পর্কে জিজ্ঞাসা করেছেন এবং বলেছেন : খালিদ কোথায়? আমি আবায করেছি, আল্লাহ তাকে নিয়ে আসবেন। তিনি বলেন : তাঁর মত ব্যক্তিত্বের ইসলাম থেকে দূরে থাকা উচিত নয়। সে যদি ইসলামের কাতারে এসে মুশরিকদের অবমাননা ও লাঞ্ছনার কারণ হত, তবে এটা তাঁর জন্যে কল্পণকর হত। আমরা তাকে অন্যদের অগ্রে স্থান দিতাম।

অতএব হে ভাই! যে সৌভাগ্য তোমার হাত ছাড়া হয়ে গেছে, সেটি পুনরুৎস্বারে ব্রতী হও এবং এই ক্ষতি পূরণ করে নাও।

হযৱত খালিদ (রাঃ) বর্ণনা করেন - ভাইয়ের পত্র পাঠ করে আমি প্রভাবিত না হয়ে পারলাম না। ইসলামের প্রতি যে আগ্রহ আমার মনে দানা বেঁধেছিল, এ পত্র তাকে সজীব করে তুলল। রসূলুল্লাহ (সাঃ)-এর উক্তি আমাকে অনন্বিত আনন্দ ও প্রশান্তি দান করল। আমি তাঁর কাছে যাওয়ার প্রস্তুতি নিতে লাগলাম। ইতিমধ্যে আমি দৃশ্যে দেখলাম যে, আমি সংকীর্ণ ও অপ্রস্তুত জনবসতি এবং দুর্ভিক্ষ প্রপীড়িত এলাকা ও শহর থেকে বের হয়ে সতেজ ও সবুজে ঘেরা প্রশস্ত এলাকায় পৌছে গেছি। আমি মনে মনে বললাম, এটা নিশ্চিতই একটি সুসংবাদ।

মদীনায় পৌছার পর আমি স্থির করলাম যে, হ্যরত আবু বকর (রাঃ)-এর সাথে এই স্বপ্ন সম্পর্কে আলোচনা করব। সেমতে আমি তাঁকে স্বপ্নের কথা বললে তিনি মন্তব্য করলেন : এটাই তোমার বের হওয়া, যার বদলে আগ্রাহ পাক তোমাকে ইসলামের তওফীক দান করেছেন। আর যে কঠোর অবস্থার মধ্যে তুমি ছিলে, সেটা ছিল কফরী ও শিরকের অবস্থা।

ରସୂଲୁଛାହ (ସାଧ)-ଏର ସାମନେ ଉପଚ୍ଛିତ ହୋଯାର ପାକାପୋକୁ ସଂକଳନ କରାର ପର ଆମି ମନେ ମନେ ଭାବଲାମ, ତା'ର କାହେ ଯାଓଯାର ଜନ୍ୟ ଆମି କାକେ ସମେ ନିଯେ ଯାବ? ଆମି ଛଫ଼ଓୟାନ ଇବନେ ଉମାଇଯାର ସାଥେ ଦେଖା କରଲାମ ଏବଂ ବଲଲାମ ୪ ହେ ଆବୁ ଓ ଯାହାବ! ଆମରା କି ପରିଚ୍ଛିତିତେ ଆଛି, ତା ତୁମି ଦେଖଛ ନା? ଆମରା ସକଳେଇ ଦାତସଦୃଶ । ତୁମି ଦେଖତେଇ ପାଛ ଯେ, ମୋହାମଦ ଆରବ ଓ ଆଜମେର ବିରଳଙ୍କୁ ବିଜରୀ ହୟେ ଗେଛେ । ସନ୍ତି ଆମରା ତା'ର ଖେଦମତେ ହୟିର ହୟେ ତା'ର ଅନୁସାରୀ ହୟେ ଯାଇ, ତବେ ଏଟା ଆମାଦେର ଜନ୍ୟ ଉତ୍ତମ ହବେ । କେନନା, ମୋହାମଦେର ଗୌରବ ଓ ମାହାତ୍ମ୍ୟ ଆମାଦେରଇ ଗୌରବ ଓ ମାହାତ୍ମ୍ୟ ।

ছফওয়ান কঠোরভাবে অস্বীকার করল এবং বলল : যদি আমাকে ছাড়া কেউ অবশিষ্ট না থাকে, তবুও আমি মোহাম্মদের অনুসরণ করব না । এই কথাবার্তার পর আমি তার কাছ থেকে চলে এলাম এবং মনে মনে বললাম, ছফওয়ানের পিতা ও ভাতা বদর যুদ্ধে নিহত হয়েছে । ফলে তার অস্তরে জ্বালা আছে । এরপর আমি ইকরামা ইবনে আবী জহলের সাথে দেখা করলাম এবং ছফওয়ানের কাছে যা যা বলেছিলাম, তার কাছেও তাই বললাম । ইকরামা ও আমাকে ছফওয়ানের অনুরূপ জওয়াব দিল ; আমি তাকে বললাম : তোমার সাথে যে কথাবার্তা হল, তা গোপন রাখবে । সে বলল : আগি এ সম্পর্কে কারও কাছে কিছু বলব না ।

হ্যৱত খালিদ (রাঃ) বৰ্ণনা কৰেন, এৱপৰ আমি গৃহে এসে সওয়াৱী প্ৰস্তুত কৰাৱ আদেশ দিলাম। অতঃপৰ আমি ওছমান ইবনে তালহার কাছে গেলাম।

আমি মনে মনে ভাবতে লাগলাম ওছমান আমার গভীর অত্তরদ্বয়। তার সাথে এ ব্যাপারে কথা বলা উত্তম হবে। এরপর তার বাপদাদার নিহত হওয়ার কথা আমার মনে পড়ে যাবে। এরপর আর তার সাথে আলাপ করা সমীচীন মনে করলাম

ନା । କିନ୍ତୁ ପରକଣେଇ ମନେ ହଲ ଯେ, ଆମି ସଥନ ଏଥାନ ଥେକେ ଚଲେ ଯାଓଯାଇ ସିଦ୍ଧାନ୍ତ ନିଯେଇ ଫେଲେଛି, ତଥନ ତାର ସାଥେ କଥା ବଲିଲେ ଶ୍ରତି କି?

সেমতে আমি ওছমানের কাছে যেয়ে সেইসব কথাই বললাম, যা ইতিপূর্বে ছফওয়ান ও ইকরামার কাছে বলেছিলাম। আমি আরও বললাম : আমাদের অবস্থা এখন শৃঙ্গালের গর্তের মত। এতে যত পানিই ঢালা হোক না কেন, গর্ত সকল পানি গিলে ফেলে।

আমার কথাবার্তা মনোযোগ দিয়ে শুনে অতি শীঘ্ৰই সে পরিস্থিতিৰ গভীৰে
পৌছে গেল। সে বিনা দ্বিধায় আমার সাথে একমত হয়ে সেই মূহূৰ্তেই রওয়ানা
হতে সম্ভত হল। সে বললঃ আমার এই উদ্ধীকে তুমি পথিমধ্যে বসা দেখতে
পাবে।

খালিদ (ৰাঃ) বৰ্ণনা কৱেন, আমি ইয়াজিজ নামক স্থানে ওছমানের সাথে মিলিত হওয়ার পরিকল্পনা তৈরি কৱলাম। স্থিৰ হল সে আমাৰ পূৰ্বে সেখানে পৌছলে যাত্রা বিৱৰিতি দিয়ে আমাৰ জন্যে অপেক্ষা কৱবে। আৱ আমি অঞ্চে পৌছে গেলে তাৱে জন্যে অপেক্ষা কৱব। সেমতে আমৰা প্ৰত্যুষে রওয়ানা হয়ে গেলাম এবং ছোবহে ছাদিক পৰ্যন্ত ইয়াজিজে পৰস্পৰে মিলিত হলাম। পৰদিন প্ৰত্যুষে সেখান থেকে রওয়ানা হয়ে হাদা নামক স্থানে পৌছলাম। সেখানে আমৰা আমৰ ইবনুল আছকে পেলাম। সে আমাদেৱকে দেখে মাৰহাৰা বলে জিজেস কৱলঃ কোথায় যাওয়া হচ্ছে? আমৰা বললামঃ আপনি কোথায় যাচ্ছেন? সে বললঃ আগে তোমৰা বল কি উদ্দেশ্যে এখানে এসেছে?

ଆମରା ବଲଲାମ୍ ୪ ଇସଲାମେ ପ୍ରବେଶ କରତେ ଏବଂ ମୋହାମ୍ମଦେର ଅନୁସରଣ କରତେ ଯାଇଁ । ଆମର ଇବନ୍‌ମୁଲ ଆଛ ବଲଲ ୫ ଏ ସଂକଳନ ଆମାକେ ଓ ଗୃହ ଥେକେ ବେର କରାରେ ।

খালিদ ইবনে ওলীদ (রাঃ) বলেন : আমরা তিনজনেই আনন্দে আস্থাহারা হয়ে
একসঙ্গে মদীনা অভিযুক্ত রওয়ানা হলাম। হাররার ময়দানে উপস্থিত হয়ে উট থেকে
অবতরণ করলাম। আমাদের আগমনের সংবাদ কেউ রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে
পৌছিয়ে দিল। তিনি অত্যন্ত খুশী হলেন। আমি সর্বোত্তম পোশাক পরিধান করে
তাঁর কাছে যা ওয়ার ইচ্ছা করতেই ভাইয়ের সাথে দেখা হল। তিনি বললেন :
তাড়াতাড়ি যাও। তোমার আগমনের সংবাদ রসূলুল্লাহ (সাঃ) পেয়েছেন। তিনি
অত্যন্ত আনন্দিত মনে তোমাদের জন্যে অপেক্ষক্ষমাগ আছেন। আমরা দ্রুত রওয়ানা
হয়ে গেলাম। রসূলুল্লাহ (সাঃ) আমাকে দেখে মুচকি হাসছিলেন। আমি সম্মুখে
উপস্থিত হয়ে সালাম করলাম। তিনি হাসিমুখে জবাব দিলেন। আমি বললাম :
আশহাদু আন্লা ইলাহা ইল্লাহাহ ওয়া আন্লাকা রসূলুল্লাহ।” তিনি বললেন :
الحمد لله الذي هدَّاك
لِلَّهِ الْأَكْبَرُ
সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি তোমাকে সুপথ দেখিয়েছেন।

অতঃপর বললেন : খালিদ! আমি তোমার মধ্যে প্রজ্ঞা ও বিচক্ষণতা লঙ্ঘ্য করতাম। আমার ধারণা ছিল যখনই তুমি আল্লাহ প্রদত্ত এসব প্রতিভাকে কাজে লাগাবে, তখনই তোমার বিবেক তোমাকে কল্যাণের দিকে নিয়ে আসবে।

খালিদ ইবনে গৌলীদ বর্ণনা করেন, আমি আরয করলাম : ইয়া রসূলুল্লাহ! আপনি জানেন আমি বহুবার ইসলামের পথে বাধা হয়ে দাঁড়িয়েছি এবং সত্য ধর্মের অনুসারীদের মোকাবিলায় অশ্বারোহী সৈন্যদেরকে নিয়ে এসেছি। আপনি আল্লাহ পাকের দরবারে আমার এসব কুর্ম ক্ষমা করার জন্যে দোয়া করুন।

রসূলুল্লাহ (সা:) এরশাদ করলেন : ইসলাম পূর্ববর্তী সকল গোনাই মিটিয়ে দেয়।

হাকেম হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:) জেহাদের উদ্দেশ্যে উয়কান নামক স্থানে মুশরিকদের সম্মুখীন হলেন। তিনি যখন সাহাবীগণকে যোহুরের নামায পড়ালেন, তখন মুশরিকরা মুসলমানদেরকে ঝুক্ক ও সিজদা করতে দেখে পরম্পরে বলাবলি করতে লাগল : এটা চমৎকার সুযোগ। এই অবস্থায় তোমরা তাদের উপর অতর্কিতে হামলা করতে পারবে। তারা পূর্বাহ্নে টেরও পাবে না। তাদের এক ব্যক্তি বলল : মুসলমানদের এরপর আরও একটি নামায (আহর) আছে, যা তাদের কাছে তাদের পরিবার-পরিজনের চেয়ে অধিক প্রিয়। অতএব সে সময় তাদের উপর একবোগে আক্রমণ করার জন্যে প্রস্তুত থাক।

আল্লাহ তায়ালা^{وَإِذَا كُنْتَ فِيهِمْ أَخْ}

আয়াত নায়িল করলেন এবং মুশরিকদের এই পরিকল্পনা সম্পর্কে রসূলুল্লাহ (সা:)কে অবগত করে দিলেন। তিনি যখন আছুরের নামায পড়ালেন, তখন মুশরিক বাহিনী সম্মুখে কেবলার দিকে ছিল। রসূলুল্লাহ (সা:) নিজের পশ্চাতে মুসলমানদের দু'টি কাতার করে ‘ছালাতে-খওফ’ তথা যুদ্ধকালীন পদ্ধতিতে নামায পড়ালেন। ফলে মুশরিকরা দেখল যে, মুসলমানদের এক কাতার সিজদা করছে এবং এক কাতার দাঁড়িয়ে শক্তপক্ষের দিকে দৃষ্টি নিবন্ধ রেখেছে। তারা বলতে লাগল : আমরা তাদের উপর হামলা করার ব্যাপারে যে পরিকল্পনা করেছিলাম, সে সম্পর্কে তারা অবহিত হয়ে গেছে।

বীকার্দ যুদ্ধ

মুসলিম সালামাহ ইবনে আকওয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মুশরিকরা মুসলমানদের কিছু সংখ্যক উট লুট করে নিয়ে গেলে রসূলুল্লাহ (সা:) বললেন : তারা (লুটের উট নিয়ে) গাতফান ভূমিতে অবস্থান করবে। ইতিবধূ জনেক গাতফানী এসে সংবাদ দিল যে, মুশরিকরা অনুক গাতফানীর বাড়ী হয়ে গমন করেছে। সে তাদের জন্যে একটি উট যবেহ করেছে।

মুসলিম ইমরান ইবনে হুছাইল (রাঃ) থেকে রেওয়ায়েত করেছেন যে, মুশরিকরা মদীনার গবাদি পশু লুট করে পালিয়ে যায়। ‘আয়া’ নামী একটি উদ্ধৃতি এসব গবাদি পশুর মধ্যে ছিল। তারা একজন মুসলমান মহিলাকেও ঘোষিত করে নিয়ে যায়। লুটেরাবা সকলেই এক জায়গায় ঘুমিয়ে পড়লে মহিলা সন্তোষে উঠে আয়া উদ্ধৃতির কাছে এল এবং তার পিঠে সওয়ার হয়ে ছহিছালামতে মদীনায় পৌছে গেল।

বায়হাকীর রেওয়ায়েতে আছে যে, আবু কাতাদাহ (রাঃ) মদীনায় আগত সওয়ারীর জন্মস্থানের মধ্য থেকে একটি ঘোড়া ত্রয় করলেন। এরপর তার সাথে মুশরিক মুসাইদা কেবারী দেখা করতে এল। সে জিজাসা করল : হে আবু কাতাদাহ! এই ঘোড়া কেন? আবু কাতাদাহ বললেন : আমি রসূলুল্লাহ (সা:) -এর সঙ্গী হয়ে জেহাদে যেতে চাই। তাই ঘোড়াটি ত্রয় করে প্রস্তুত রেখেছি। মুসাইদা বলল : তোমাদেরকে হত্যা করা তো খুবই সহজ।

একথা ওনে আবু কাতাদাহ বললেন : আমি আল্লাহ তায়ালার কাছে আশা করছি যে, ভবিষ্যতে এই ঘোড়ার পিঠে সওয়ার হয়ে আমি তোমার সাথে দেখা করব। মুসাইদা বলল : আমীন!

একদিন আবু কাতাদাহ এই ঘোড়াকে চাদরের আঁচল থেকে খোরমা খাওয়াচ্ছিলেন। ঘোড়াটি হঠাতে মাথা উঁচু করল এবং কান নিচু করল। আবু কাতাদাহ বললেন : আল্লাহর কসম, সে প্রতিপক্ষের ঘোড়ার শ্রাণ পেয়েছে। আবু কাতাদাহের জননী বললেন : বেটা, আমরা মূর্খতা যুগে বাপের বেটাই ছিলাম ‘মায়ের বেটা’ ছিলাম না। এখন যখন আল্লাহ তায়ালা মোহাম্মদ (সা:) -কে আমদের মধ্যে এনেছেন, তখন আমরা কিন্তু মায়ের বেটা হতে পারি? অতঃপর ঘোড়াটি পুনরায় তার মাথা উত্তোলন করল এবং কান নিচু করল। আবু কাতাদাহ বললেন : খোদার কসম, সে প্রতিপক্ষের ঘোড়ার শ্রাণ পেয়েছে। এরপর বিলম্ব না করে তিনি ঘোড়ার পিঠে গদি কষলেন এবং অন্ত নিয়ে রওয়ানা হয়ে গেলেন। পথিমধ্যে এক ব্যক্তির সাথে দেখা হলে সে বলল : লুটিত উটগুলোর সঙ্গান পাওয়া গেছে। রসূলুল্লাহ (সা:) ও তাঁর সাহাবীগণ সেগুলো উদ্ধার করতে গেছেন। আবু কাতাদাহ রসূলুল্লাহ (সা:) -এর সাথে দেখা করলেন। তিনি আদেশ করলেন : আবু কাতাদাহ! যাও। আল্লাহ তায়ালা তোমার সঙ্গে আছেন।

আবু কাতাদাহ বর্ণনা করেন- আমি গেলাম। হঠাতে আমি দেখলাম কিছুলোক উটগুলোকে হাঁকিয়ে নিয়ে যাচ্ছে। আমি কালবিলম্ব না করে তাদের উপর হামলা করলাম। আমার ললাটে একটি তীর লাগল। আমি সেটি বের করে আনলাম। আমার ধারণা ছিল যে, আমি তীরের ফলা বের করে ফেলেছি। আমার সম্মুখে জনেক দক্ষ অশ্বারোহী এল। তার মুখমণ্ডল শিরস্তাগে আবৃত ছিল। সে বলল : আবু

কাতাদাহ! আল্লাহ আমাকে তোর সাথে মিলিয়েছেন। অতঃপর সে আপন মুখমণ্ডল খুলে দিল। অমনি আমি মুসইদা ফেয়ারীকে চিনতে পারলাম। সে বলল : তোমার কিংবা বর্ণ দিয়ে যুদ্ধ করব, না মন্ত্রযুদ্ধে অবর্তীর্ণ হব? তুমি যা চাইবে, তাই করব। আমি বললাম : তোর ইচ্ছ। সে বলল : মন্ত্রযুদ্ধই ভাল। অতঃপর সে তার ঘোড়া থেকে নিচে অবতরণ করল। আমিও আমার ঘোড়া থেকে নেমে পড়লাম। শুরু হল মন্ত্রযুদ্ধ। আমি তাকে ভূতলশায়ী করে বুকের উপর চেপে বসলাম। অতঃপর হাত দিয়ে তার তরবারিতে আঘাত করলাম। পরক্ষণেই সে দেখল যে, তার তরবারি আমার হাতে এসে গেছে।

মুসইদা বলল : হে আবু কাতাদাহ! আমাকে জীবিত থাকতে দে। আমি বললাম : আমি তোকে জীবিত ছাড়ব না। সে বলল : আমার সন্তানদের কে লালন-পালন করবে? আমি বললাম : অগ্নি আছে। অতঃপর আমি তার প্রাণ সংহার করলাম। আমি আমার চাদর খুলে তাতে মুসইদার মৃতদেহ জড়িয়ে দিলাম। তার কাপড় নিজে পরিধান করে অন্তর্ব নিয়ে নিলাম। অতঃপর তার ঘোড়ায় সওয়ার হয়ে গেলাম। কেননা, আমার ঘোড়া মোকাবিলার সময়ে পালিয়ে মুসলিম বাহিনীর দিকে চলে গিয়েছিল। বাহিনীর জওয়ানরা তাকে দেখে চিনে নেয়।

আমি সেখান থেকে রওণানা হয়ে মুসইদার ভাতিজার নিকট পৌছলাম। সে সতের জন অশ্বারোহীর মধ্যে ছিল। আমি এত জোরে তার প্রতি বর্ণ নিক্ষেপ করলাম যে, তার কোমর ভেঙ্গে নাড়িভুংডি বের হয়ে পড়ল। যে উটগুলোকে তারা নিয়ে যাচ্ছিল, আমি বর্ণ উঠিয়ে সেগুলোকে ফিরালাম।

নবী করীম (সাঃ) ও তাঁর সাহাবীগণ লশকরের জায়গায় আগমন করলেন। তিনি আবু কাতাদাহর ঘোড়াটিকে পা কাটা অবস্থায় দেখতে পেলেন। এক ব্যক্তি বলল : ইয়া রসূলাল্লাহ! আবু কাতাদাহর ঘোড়ার পা কেটে দেয়া হয়েছে। রসূলে করীম (সাঃ) তাকে দু'বার বললেন : তোমার জননীর কল্যাণ হোক, যুদ্ধে তোমার অনেক শক্ত আছে!

আবু কাতাদাহ বলেন : এরপর রসূলাল্লাহ (সাঃ) সেই জায়গায় এলেন, যেখানে আমি মুসইদার সাথে মন্ত্রযুদ্ধে প্রবৃত্ত হয়েছিলাম। হঠাৎ তিনি আবু কাতাদাহর চাদরে জড়ানো একটি মৃতদেহকে পড়ে থাকতে দেখলেন। এক ব্যক্তি বলে উঠল : ইয়া রসূলাল্লাহ! আবু কাতাদাহকে শহীদ করা হয়েছে। হ্যুন্ন (সাঃ) বললেন : আল্লাহ আবু কাতাদাহর প্রতি রহমত নাযিল করুন। আল্লাহর কসম, আবু কাতাদাহ লশকরের পিছনে সমর সঙ্গীত গাইতেছে।

হ্যরত আবু বকর ছিদ্রীক ও ওমর ফারুক (রা�) দ্রুতগতিতে মৃতদেহের দিকে অগ্রসর হলেন। মৃতদেহের উপর থেকে কাপড় সরিয়ে নিতেই তারা মুসইদাকে দেখতে পেলেন। তারা বললেন : আল্লাহ আকবার, আল্লাহ ও তাঁর রসূল সত্য

বলেছেন। এদিকে আমি উটগুলোকে একত্রিত করতে করতে রসূলাল্লাহ (সাঃ)-এর কাছে উপস্থিত হলাম। তিনি বললেন : আবু কাতাদাহ, তোমার মুখমণ্ডল গৌরবোজ্জ্বল হোক। তুমি অশ্বারোহীদের সরদার। আল্লাহ তোমার মধ্যে, তোমার সন্তানদের মধ্যে এবং তোমার পৌত্রদের মধ্যে বরকত দান করুন। তিনি আরও বললেন : তোমার মুখমণ্ডলে একি দেখছি! আমি বললাম : আমার ললাটে একটি তীর লেগেছে। হ্যুন্ন (সাঃ) বললেন : আমার কাছে এস। অতঃপর তিনি খুব নবমভাবে তীরের ফলাটি টেনে বের করলেন এবং ক্ষতস্থানে পবিত্র মুখের খুব লাগিয়ে দিলেন। অতঃপর তার উপরে আপন হাতের তালু দিয়ে ঈষৎ চাপ দিলেন। কসম সেই সত্তার, যিনি তাঁকে নবুওয়তের সম্মানে ভূষিত করেছেন। এরপর সারা জীবন আমার শরীরে কোন আঘাত লাগেনি এবং কোন ক্ষতও সৃষ্টি হয়নি।

ইবনে সা'দের রেওয়ায়েতে হ্যরত মুহরিয় ইবনে নয়লা (রা�) বলেন : আমি স্বপ্নে দেখলাম দুনিয়ার আকাশ আমার জন্যে খুলে দেয়া হয়েছে। আমি তাতে প্রবেশ করে সগুম আকাশ পর্যন্ত পৌছে গেলাম। এরপর আমি সিদরাতুল-মুভাহা পর্যন্ত গেলাম। আমাকে বলা হল, এটা তোমার জায়গা। আমি এ স্বপ্নটি হ্যরত আবু বকর (রা�)-এর কাছে বর্ণনা করলাম। কেননা, তিনি ছিলেন স্বপ্নের সর্বোত্তম ব্যাখ্যাতা। তিনি বললেন : তোমাকে শাহাদাতের সুসংবাদ দেওয়া হয়েছে। এর একদিন পর যীকার্দ যুদ্ধে হ্যরত মুহরিম শহীদ হয়ে যান।

ইবনে সা'দের রেওয়ায়েতে আবু কাতাদাহ (রা�) বলেন : যীকার্দ যুদ্ধের দিন রসূলে করীম (সাঃ) আমাকে পেয়ে আমার দিকে দ্রষ্টিপাত করেন এবং বলেন : ইলাহী! তার কেশে এবং তৃকে বরকত দান কর। তিনি আমাকে বললেন : তোমার মুখমণ্ডল গৌরবোজ্জ্বল হোক। তুমি মুসইদাকে হত্যা করেছ; আমি বললাম : জী হ্যাঁ। তিনি বললেন : তোমার মুখে কি হল? আমি বললাম : তীর লেগেছে। তিনি বললেন : আমার কাছে এস। আমি কাছে গেলে তিনি তাতে পবিত্র খুব লাগিয়ে দিলেন। এরপর কখনও আমার কোন আঘাত লাগেনি এবং আঘাতে পুঁজও সৃষ্টি হয়নি। আবু কাতাদাহ সন্তুর বছর বয়সে ইস্তেকাল করেন; কিন্তু মনে হত যেন পনের বছরের কিশোর।

ইবনে সা'দ মোহাম্মদ ইবনে ইবরাহীম থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) যীকার্দ যুদ্ধে ‘বায়সান’ নামক ঝরণার কাছ দিয়ে গমন করেন। এই ঝরণা সম্পর্কে জিজ্ঞাসার জওয়াবে আরয় করা হল যে, এর নাম বায়সান। এর পানি লবণাক্ত। হ্যুন্ন (সাঃ) বললেন : বরং এর নাম নো'মান এবং এর পানি মিঠা। অতএব রসূলাল্লাহ (সাঃ) এই ঝরণার নাম বদলে দিলেন এবং আল্লাহ পাক এর পানির স্বাদ পরিবর্তন করে মিঠা করে দিলেন।

খয়বর যুদ্ধ

বুখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত সালামাহ ইবনে আকওয়া (রাঃ) বলেন : আমরা রসূলুল্লাহ (সা�)-এর সঙ্গে খয়বরের উদ্দেশ্যে রওয়ানা হলাম এবং সারারাত বিরতিহীনভাবে চলতে লাগলাম। কাফেলার এক ব্যক্তি হ্যরত আমের ইবনে আওফকে বলল : আপনি আমাদেরকে নিজের কিছু কবিতা শুনো। বলাবাহ্যল্য, তিনি কবি ছিলেন। আমের উষ্ট্রপৃষ্ঠ থেকে অবতরণ করলেন এবং কবিতা গেয়ে গেয়ে উট হাঁকাতে লাগলেন। তাঁর কবিতার বিষয়বস্তু ছিল একুপ : ইলাহী! তোমার সাহায্য না হলে আমরা সৎপথ পেতাম না। না আমরা যাকাত দিতাম না নামায পড়তাম। আমাদের গোনাহসমূহ মার্জনা কর। আমরা এটাই প্রার্থনা করি। শক্তের সাথে মোকাবিলার সময় আমাদের পদবুগল অনড় রাখ। রসূলে আকরাম (সা�) বললেনঃ কে উট হাঁকাচ্ছে? সাহাবীগণ বললেনঃ আমের। তিনি এরশাদ করলেনঃ আল্লাহ তায়ালা তার প্রতি রহমত নাখিল করুন। এক ব্যক্তি আরয করল : ইয়া রসূলুল্লাহ! তার জন্যে শাহাদত ওয়াজেব হয়ে গেছে।

যুদ্ধের সারিতে দণ্ডয়মান হয়ে আমের জন্মেক ইহুদীর গোছায় আঘাত করার জন্যে তরবারি উদ্বেলন করলেন। ঘটনাটকে তরবারির অঞ্চলভাগ তারই ইঁটুতে আঘাত করল এবং এতেই তিনি শহীদ হয়ে গেলেন।

মুসলিমের রেওয়ায়েতে হ্যরত সালামাহ ইবনে আকওয়া (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সা�) জিজ্ঞাসা করলেনঃ এই কবিতা পাঠক কে? সাহাবীগণ জওয়াব দিলেনঃ আমের। তিনি বললেনঃ আল্লাহ তায়ালা তোমার মাগফেরাত করুন। রসূলুল্লাহ (সা�) যখন কারও জন্যে বিশেষভাবে এস্তেগফার করতেন, তখন সে অবশ্যই শহীদ হত।

বুখারী ও মুসলিম হ্যরত সালামাহ ইবনে আকওয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, খয়বর যুদ্ধে হ্যরত আলী (রাঃ) নবী করীম (সা�)-এর সাথে যেতে পারেন নি। তাঁর চোখে অসুখ ছিল। তিনি মনে মনে বললেন, এটা কিরূপে সন্তুষ্ট যে, আমি রসূলুল্লাহ (সা�) থেকে পিছনে থেকে যাব? সেমতে তিনি অসুস্থ চোখ নিয়েই রওয়ানা হলেন এবং রসূলুল্লাহ (সা�)-এর সাথে মিলিত হলেন। খয়বর বিজয়ের পূর্ব রাত্তিতে রসূলুল্লাহ (সা�) বললেনঃ আগামীকাল আমি এমন ব্যক্তিকে বাণি দিব, যাকে আল্লাহ ও তাঁর রসূল পছন্দ করেন। আল্লাহ তায়ালা তাঁর হাতেই বিজয় দিবেন। এরপর দেখা গেল যে, হ্যরত আলী উপস্থিত আছেন। অর্থ আমরা তাঁর উপস্থিতি আশাও করতাম না। সাহাবায়ে-কেরাম আরয করলেনঃ এই যে আলী উপস্থিত আছেন। রসূলুল্লাহ (সা�) তাঁকে বাণি দিলেন। আল্লাহ তায়ালা তাঁর হাতে সাফল্য দান করলেন।

মুসলিম অন্য তরিকায় সালামাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা�) হ্যরত আলীর চোখে পবিত্র থুথু দিলে তিনি সুস্থ হয়ে যান। সালামাহ থেকে আরও বর্ণিত আছে যে, হ্যরত আলী বাণি নিলেন এবং দূর্গের নিচে গেড়ে দিলেন। দূর্গের উপর থেকে এক ইহুদী তাঁকে দেখে জিজ্ঞাসা করল : আপনি কে?

উত্তর হল : আমি আলী। ইহুদী বলল : হ্যরত মুসা (আঃ)-এর প্রতি অবতীর্প কিভাবের কসম, আপনারা আমাদের বিকল্পে বিজয় অর্জন করবেন। এরপর আল্লাহ তায়ালা সেদিনই হ্যরত আলীর হাতে খয়বর বিজয় সম্পন্ন করলেন।

আবু নয়ীম বলেনঃ এ থেকে প্রমাণিত হল যে, ইহুদীদের প্রতি প্রেরিত কিভাবের তথ্য অনুযায়ী হ্যরত আলী সম্পর্কে তারা পূর্ব থেকেই জানত যে, তাঁর হাতে খয়বর বিজিত হবে।

ইমাম সুযুক্তি বলেনঃ এ ঘটনাটি ইবনে ওমর, ইবনে আবাস, সাদ ইবনে আবী ওয়াকাহ, আবু হুরায়রা, আবু সায়িদ খুদরী, এমরান ইবনে হুচায়ন, জাবের ও আবু লায়লা আনন্দারীর রেওয়ায়েতসমূহে বর্ণিত আছে। আবু নয়ীম সবগুলো রেওয়ায়েত উদ্ভৃত করেছেন। সবগুলো রেওয়ায়েতেই চোখে থুথু দেয়া এবং তাতে হ্যরত আলীর চোখ সুস্থ হওয়ার কথা ও বর্ণিত আছে।

বায়হাকী ও আবু নয়ীম হ্যরত বুরায়দ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সা�) খয়বরে বললেনঃ আগামীকাল্য বাণি এমন এক ব্যক্তিকে দিব, যে আল্লাহ ও রসূলের প্রিয়। সে খয়বরের দুর্গ জয় করবে। হ্যরত আলী সেখানে উপস্থিত ছিলেন না। অন্য কোরায়শগণ বাণি পাওয়ার জন্যে উৎসাহী হয়ে উঠেন। কিন্তু এর পরেই হ্যরত আলী (রাঃ) এসে পড়লেন। তিনি তখন চক্ষু রোগে ভুগছিলেন। রসূলে করীম (সা�) তাঁকে বললেনঃ আমার কাছে এস। অতঃপর তিনি আলীর (রাঃ) উভয় চোখে পবিত্র থুথু দিয়ে দিলেন। ফলে তাঁর অসুখ দূর হয়ে গেল। রসূলুল্লাহ (সা�) তাঁর হাতেই বাণি দিয়ে দিলেন।

বায়হাকী, আবু নয়ীম ও তিবরানী আওসাতে আবদুর রহমান ইবনে আবী ইয়ালা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আলী (রাঃ) তীব্র গরমের দিনে মোটা কাপড়ের আলখেল্য তুলা ভর্তি করে পরিধান করতেন এবং কন্কনে শীতের দিনে দু'টি হালকা ও পাতলা কাপড় পরিধান করতেন। তিনি শীতের কোন পরওয়া করতেন না। কেউ এর কারণ জিজ্ঞাসা করলে তিনি বললেনঃ নবী করীম (সা�) খয়বর যুদ্ধের দিন বললেন, কাল আমি এমন ব্যক্তিকে বাণি দিব, যে আল্লাহ ও রসূলের প্রিয়। আল্লাহ তায়ালা তাঁর হাতে কামিয়াবী দান করবেন। সেমতে হৃষ্ণ (সা�) আমাকে দেকে বাণি দিলেন এবং বললেনঃ ইলাহী! শৈত্য ও উত্তাপ থেকে তাকে হেফায়ত কর। এরপর থেকে আমি শৈত্য ও উত্তাপ অন্বেষ করিন।

ইবনে ইসহাক, হাকেম ও বায়হাকী হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, ইহুদী মারহাব খ্যবরের দূর্গ থেকে বের হয়ে ঘোষণা করল : আমার মোকাবিলা কে করবে? মোহাম্মদ ইবনে মাসলামা বললেন : আমি করব। হ্যুর (সাঃ) মোহাম্মদ ইবনে মাসলামাকে বললেন : মোকাবিলার জন্যে দাঢ়িয়ে যাও। অতঃপর তিনি দোয়া করলেন : পরওয়ারদেগার! মারহাবের মোকাবিলা করার জন্যে ইবনে মাসলামাকে সাহায্য কর। এরপর মোকাবিলায় মোহাম্মদ ইবনে মাসলামা মারহাবকে হত্যা করলেন।

বায়হাকী মুসা ইবনে ওকবা ও হ্যরত ওরওয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, খ্যবরবাসীদের মধ্য থেকে জনৈক কৃক্ষণকায় গোলাম আগমন করল। তার সঙ্গে ছিল তার মালিকের এক পাল ছাগল। সে এসেই বলল : যদি আমি মুসলমান হয়ে যাই, তবে কি পাব? নবী করীম (সাঃ) বললেন : তুমি আল্লাহতে পাবে। গোলাম আরয় করল : হে আল্লাহর নবী! এই ছাগলগুলো আমার কাছে আমানতস্বরূপ। রসূলুল্লাহ (সাঃ) বললেন : এগুলোকে আমাদের লশকর এলাকার বাইরে নিয়ে যাও। এরপর এগুলোর প্রতি কংকর নিষ্কেপ করে আওয়াজ সহকারে তাঢ়িয়ে দাও। আল্লাহ তায়ালা তোমার আমানত যথাস্থানে পৌছে দিবেন। গোলাম তাই করল। সেমতে ছাগলগুলো মালিকের কাছে পৌছে গেল। ইহুদী মালিক বুঝতে পারল যে, তার গোলাম মুসলমান হয়ে গেছে। অতঃপর গোলাম ঘাতকের হাতে নিহত হল। রসূলুল্লাহ (সাঃ) বললেন : আল্লাহ তায়ালা এই গোলামকে মাহায্য দান করেছেন। তার অন্তর কল্যাণের প্রতি আগ্রহী এবং সাচ্ছ ইমানদার ছিল। আমি তার মাথার কাছে দু'জন আয়তলোচনা হুরকে দেখতে পেয়েছি।

বায়হাকী হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, খ্যবর যুদ্ধে সৈন্যরা এক ব্যক্তিকে পাকড়াও করে। তার সাথে এক পাল ছাগল ছিল, সেগুলোকে সে চরাছিল। শোকটিকে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে আনা হলে সে বলল : আমি আপনার প্রতি এবং আপনার আনীত বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপন করছি। কিন্তু এই ছাগলগুলোর কি ব্যবস্থা করব? এগুলো আমার কাছে আমানত। এতে কারও একটি, কারও দুটি কারও এর বেশি ছাগল রয়েছে।

রসূলুল্লাহ (সাঃ) বললেন : ছাগলদের মুখে কংকর নিষ্কেপ কর। তারা তাদের মালিকদের কাছে পৌছে যাবে। সেমতে এক মুঠি কংকর নিয়ে ছাগলগুলির মুখে মেরে দেয়া হল। তারা দোড়ে দোড়ে আপন আপন মালিকের কাছে পৌছে গেল। এরপর লোকটি যুদ্ধক্ষেত্রের দিকে অগ্রসর হল। তার গায়ে একটি তীর বিন্দু হলে সে শহীদ হয়ে গেল। অথচ সে ইসলাম গ্রহণের পর আল্লাহর সামনে একটি সিজদাও করেন। রসূলুল্লাহ (সাঃ) বললেন : তার কাছে আয়তলোচনা দু'জন হুরু কী রয়েছে।

হাকেম ও বায়হাকী শান্দাদ ইবনে হাদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, জনৈক বেদুইন ইসলাম গ্রহণ করে এবং মদীনায় হিজরত করে। খ্যবর যুদ্ধে রসূলুল্লাহ (সাঃ) কিছু গণ্মীত লাভ করে তা মুসলমানদের মধ্যে বন্টন করেন। এ লোকটিকেও তার অংশ দিলেন। সে বলে উঠল : আমি এজনে আপনার অনুসরণ করিনি; বরং এই উদ্দেশ্যে অনুসরণ করেছি, যাতে আমার (কঞ্চনলীর দিকে ইশারা করে) এই জায়গায় একটি তীর লেগে যায়, যার ফলশ্রুতিতে আমি মারা যাই এবং জান্নাতে প্রবেশ করি। রসূলে করীম (সাঃ) বললেন : যদি তুমি আল্লাহকে সত্য বলে বিশ্বাস কর, তবে আল্লাহ তোমার বাসনা পূর্ণ করবেন। সেমতে যুদ্ধ শুরু হলে লোকটির সেই জায়গায় তীর লাগল, যেদিকে সে ইশারা করেছিল। নবী করীম (সাঃ) বললেন : সে আল্লাহকে সত্য বলে বিশ্বাস করেছে। তাই আল্লাহ তার সাথে পূর্ণ করেছেন।

বায়হাকী হ্যরত আবদুল্লাহ ইবনে আবী বকর ইবনে হ্যম (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি খ্যবরে হ্যুর (সাঃ)-এর খেদমতে উপস্থিত হয়ে আরয় করলেন : আমরা অর্থভাবে খুবই কষ্টে দিনাতিপাত করছি। আমাদের কাছে কিছুই নেই। হ্যুর (সাঃ) দোয়া করলেন : পাওয়ারদেগার! তুমি তাদের অবস্থা সম্পর্কে জ্ঞাত আছ। তাদের কোন সামর্থ্য নেই। তাদেরকে দেয়ার মত আমার কাছেও কিছু নেই। অতএব তুমি তাদের হাতে একটি বড় খাদ্যসামগ্ৰী বিশিষ্ট দূর্গ জয় করে দাও। সেমতে সাহাবায়ে-কেৱাম গেলেন। আল্লাহ পাক তাঁদের হাতে ছা'ব ইবনে মুয়ায়ের কেল্লা জয় করে দিলেন। খ্যবরে এর চেয়ে অধিক খাদ্যসামগ্ৰী বিশিষ্ট কোন কেল্লা ছিল না।

ওয়াকেদী ও বায়হাকী আবু সুফিয়ান মোহাম্মদ ইবনে সহল থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যখন খ্যবরে ইহুদীদের মোকাবিলা করছিলেন, তখন খ্যবরবাসীরা নিয়ার নামক দুর্গে আশ্রয় গ্রহণ করল এবং কঠোর মোকাবিলা করল। এমন কি, একটি তীর এসে রসূলুল্লাহ (সাঃ)-এর কাপড়ে লাগল। তখন রসূলুল্লাহ (সাঃ) এক মুঠি কংকর নিয়ে তাদের দুর্গে নিষ্কেপ করলেন। দূর্গ নড়ে উঠল এবং দেখতে দেখতে ভূমিসাঁৎ হয়ে গেল। মুসলমানরা অগ্রসর হয়ে দুর্গের অধিবাসীদেরকে গ্রেফতার করল।

বায়হাকী হ্যরত ইবনে হ্যম (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) হ্যরত ছফিয়ার চোখে সবুজ চিহ্ন দেখে জিজ্ঞাসা করলেন : এই সবুজ চিহ্ন কেন? তিনি বললেন : আমি ইবনে আবিল হাকীকের কোলে মাথা রেখে ঘুমাচ্ছিলাম। স্বপ্নে দেখলাম যে, একটি চাঁদ আমার কোলে এসে গেছে। আমি এ স্বপ্ন ইবনে আবিল হাকীকের কাছে বর্ণনা করলে সে আমাকে সজোরে চপেটাঘাত করে বলল : ইয়াসরিবের রাজাৰ রাণী হওয়ার বাসনা রাখ? (এটা সেই চপেটাঘাতেরই চিহ্ন।)

ইবনে সাদ হুমায়দ ইবনে হেলাল থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত ছফিয়া বর্ণনা করেন, আমি স্বপ্নে দেখলাম যে, এক জায়গায় আমি আছি এবং সেই ব্যক্তি আছেন, যিনি আল্লাহর রসূল হওয়ার দাবী করেন। একজন ফেরেশতা আমাদের দু'জনকে তার পাখার মধ্যে লুকিয়ে রেখেছে। আমার লোকজন এই স্বপ্নের খণ্ডন করল এবং এ ব্যাপারে আমার সাথে কঠোর ব্যবহার করল।

আবু ইয়ালা হুমায়দ ইবনে হেলাল থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত ছফিয়া বলেছেন, আমি যখন রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে নীত হই, তখন তিনি আমার কাছে সর্বাধিক অপচন্দনীয় ব্যক্তি ছিলেন। তিনি বললেন : তোমার কওম এরূপ করেছে, এরূপ করেছে। এরপর সেখানে থাকতে থাকতেই আমার পছন্দ হঠাতে এমন পাল্টে যায় যে, তিনি সর্বাধিক পছন্দনীয় ব্যক্তি মনে হতে লাগল।

বায়হাকী আছেম আহয়ালের তরিকায় রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যখন খয়বরে আগমন করেন, তখন খয়বরে খেজুর ফসলের অপূর্ব সমাহার ছিল। সাহাবীগণ প্রচুর খেজুর খেলেন এবং জুরাকান্ত হয়ে পড়লেন। এর প্রতিকারের জন্যে রসূলুল্লাহ (সাঃ) বললেন : মশকে পানি ঠাণ্ডা কর। অতঃপর ফজরের উভয় আয়ানের মধ্যবর্তী সময়ে আল্লাহর নাম নিয়ে সেই পানি শরীরে ঢেলে দাও। সাহাবায়ে কেরাম তাই করলেন। ফলে তাঁরা রোগ মুক্ত হয়ে গেলেন।

ওয়াকেদী ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত আবদুল্লাহ ইবনে আনাস (রাঃ) বলেন : আমি খয়বর রওয়ানা হলাম। সঙ্গে আমার গর্ভবতী স্ত্রীও ছিল। পথিমধ্যে তার রক্তস্নাব শুরু হয়ে যায়। রসূলুল্লাহ (সাঃ)-কে একথা জানালে তিনি বললেন : পানিতে খেজুর ভিজিয়ে রাখ। খেজুর উত্তমরূপে ভিজে গেলে তোমার স্ত্রী সেই পানি পান করে নিবে। আমি তাই করলাম। ফলে আমার স্ত্রী কোন অসহনীয় পরিস্থিতির সম্মুখীন হয়নি।

আবু নফিয়াম হ্যরত ইবনে মসউদ (বাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আমরা খয়বর যুক্তে রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে ছিলাম। তিনি প্রকৃতির ডাকে সাড়া দেয়ার ইচ্ছা করে আমাকে বললেন : আবদুল্লাহ! দেখ তো আড়াল করার কোন বস্তু দৃষ্টিগোচর হয় কিনা? আমি একটি বৃক্ষ দেখতে পেয়ে তাঁকে জানালে তিনি বললেন : দেখ, আরও কিছু দেখা যায় কিনা? আমি এ বৃক্ষ থেকে যথেষ্ট দূরে আরও একটি বৃক্ষ দেখলাম। রসূলুল্লাহ (সাঃ) বললেন : উভয় বৃক্ষকে বলে দাও যে, আল্লাহর রসূলের নির্দেশে তোমারা পরম্পরে মিলে যাও। আমি উভয় বৃক্ষকে তাই বলে দিলাম। তারা পরম্পরে একত্রিত হয়ে গেল। প্রয়োজন শেষে রসূলুল্লাহ (সাঃ) প্রস্থান করলে প্রত্যেক বৃক্ষ পুনরায় আপন আপন স্থানে চলে গেল।

ইবনে সাদ হ্যরত ইবনে আব্বাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সাঃ) যুক্তে জয়লাভের পর খয়বরবাসীদের সাথে নিম্নোক্ত শর্তে সন্তুষ্ট করেন :

- (১) আপন প্রাণ ও পরিবার পরিজনকে নিয়ে এখান থেকে চলে যাবে,
 - (২) সোনা, রূপা ও এগুলো দিয়ে নির্মিত কোন বস্তু সঙ্গে নেয়া যাবে না।
- এরপর কেনানা ও রবী রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে উপস্থিত হল। তিনি তাদেরকে বললেনঃ তোমাদের সেইসব পাত্র কোথায়, যেগুলো তোমরা মক্কাবাসীদেরকে ধার দিতে? তারা বলল : আমরা পলায়নপর অবস্থায় দিনাতিপাত করেছি। এক ভূখণ্ড আমাদেরকে লাঞ্ছিত করত এবং অন্য ভূখণ্ড সম্মান দিত। এই অবস্থায় আমরা সকল পাত্র নষ্ট করে ফেলেছি। রসূলে করীম (সাঃ) বললেনঃ মনে রেখ, তোমরা কোন বস্তু গোপন করলে আমি তার সংবাদ পেয়ে যাব। তখন এ জন্যে তোমাদের প্রাণ ও সন্তান-সন্তুতিকে কঠোর শাস্তি ভোগ করতে হবে।

তারা উভয়েই এক বাক্যে বললঃ আপনি আমাদের সম্পর্কে এরূপ ধারণা করবেন না। আমরা যা বলেছি এর খেলাফ হলে আমরা যে-কোন শাস্তি মাথা পেতে নিব।

এরপর রসূলে করীম (সাঃ) জনৈক আনছারীকে ডেকে বললেনঃ তামুক ভূ-খণ্ডের দিকে যাও। সেখানে কোন পানি ও বৃক্ষলতা নেই। এরপর সেখান থেকে খর্জুর বাগানের দিকে অগ্রসর হলে তুমি প্রথমেই ডানে কিংবা বামে একটি খর্জুর বৃক্ষ দেখবে। এরপর আরও একটি উঁচু বৃক্ষ দেখবে। সেই বৃক্ষে যা কিছু আছে, সব আমার কাছে নিয়ে এস। সেমতে আনছারী সেখানে গেলেন এবং সেখান থেকে ইহুদীদের পাত্র ও অন্যান্য সম্পদ নিয়ে এলেন। অতঃপর রসূলুল্লাহ (সাঃ) তাদের উভয়কে মৃত্যুদণ্ড দিলেন এবং তাদের সন্তান-সন্তুতিকে বন্দী করে নিলেন।

হারেছ ইবনে আবু উসামা হ্যরত আবু ওসামা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সাঃ) খয়বর যুক্তে বললেনঃ যে ব্যক্তির উট দুর্বল কিংবা অবাধ্য, সে যেন যুদ্ধ থেকে ফিরে যায়। অতঃপর তিনি হ্যরত বেলালকে এক কথা লশকরের মধ্যে ঘোষণা করে দিতে বললেন। ঘোষণার পর এ ধরনের লোক ফিরে গেল। কিন্তু লশকরের মধ্যে এক ব্যক্তি একটি অবাধ্য উটে সওয়ার হয়ে রাতের বেলায় একটি দলের কাছ দিয়ে গমন করল। উট ক্ষিণ্ঠ হয়ে সওয়ারকে মাটিতে ফেলে দিল। এতে তার মৃত্যু হল লোকটির লাশ হ্যুর (সাঃ)-এর খেদমতে আনা হলে তিনি জিজ্ঞাসা করলেনঃ এর কি হয়েছে? ছাহাবীগণ ঘটনা বর্ণনা করলে রসূলুল্লাহ (সাঃ) হ্যরত বেলালকে জিজ্ঞাসা করলেনঃ তুমি আমার ফরমান ঘোষণা করনি? বেলাল (রাঃ) বললেনঃ আমি ঘোষণা করেছিলাম। অতঃপর রসূলুল্লাহ (সাঃ) লোকটির নামাযে জানায় পড়াতে অস্বীকার করলেন।

বায়হাকী হ্যরত ছওবান (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) সফরবাহিলে বললেনঃ ইনশাঅল্লাহ, আজ রাতে আমরা সফর করব। তাই

আমাদের সাথে এমন কোন ব্যক্তি যেন না চলে, যার উট দুর্বল কিংবা অবাধ্য। এতদসত্ত্বেও এক ব্যক্তি তার অবাধ্য উটে সওয়ার হয়েই রওয়ানা হয়ে গেল। পথিমধ্যে উট তাকে নিচে ফেলে দিল। ফলে তার উরু চূর্ণ বিচূর্ণ হয়ে গেল এবং সে মারা গেল। হ্যুর (সাঃ) বেলালকে আদেশ দিলেন। তিনি তিনবার ঘোষণা করলেন যে, নবী করীমের (সাঃ) নির্দেশ অমান্যকরীদের জন্য জাল্লাত বৈধ নয়।

ইবনে সা'দের রেওয়ায়েতে হ্যরত আবু বকর ইবনে মোহাম্মদ ইবনে আমর (রাঃ) বলেনঃ হ্যরত ওমর ইবনে আবদুল আজীজ (রহঃ) তাঁর শাসনামলে আমাকে লিখিত আদেশ দিলেন, 'কাছিবা' সম্পর্কে তদন্ত কর, এটা খ্যাবরের মাল থেকে রসূলুল্লাহর (সাঃ) প্রাপ্য এক পঞ্চমাংশ ছিল, না বিশেষভাবে তাঁরই ছিল! আমি এ সম্পর্কে ওমরা বিনতে আবদুর রহমানকে জিজ্ঞাসা করলে তিনি বললেনঃ

রসূলুল্লাহ (সাঃ) ইবনে আবিল হাকীকের সাথে সঞ্চি করার সময় নাতাত ও শিকের পাঁচটি অংশ করেন। তন্মধ্যে 'কাছিবা' ছিল এক অংশ। অতঃপর তিনি পাঁচটি বড়ি তৈরী করে একটিতে 'আল্লাহ' শব্দ লিখে দিলেন এবং দোয়া করলেনঃ পরওয়ারদেগুর! আমার অংশ কাছিবায় করে দাও। সে মতে সর্বপ্রথম 'আল্লাহ' শব্দ লিখিত বড়িটি কাছিবার সীমার ভিতরই পাওয়া গেল। সুতরাং প্রমাণিত হলো যে, কাছিবা হচ্ছে নবী করীম (সাঃ)-এর এক পঞ্চমাংশ। অবশিষ্ট অংশগুলোর উপর কোন চিহ্ন ছিল না। সেগুলো মুসলমানদের জন্যে আঠার অংশে ভাগ করা হয়। আবু বকর বলেনঃ আমি এ তথ্যটি লিপিবদ্ধ করে ওমর ইবনে আবদুল আজীজের কাছে পাঠিয়ে দিলাম।

বোখারীর রেওয়ায়েতে হ্যরত এয়াফিদ ইবনে আবী ওবায়দ (রাঃ) বলেনঃ আমি হ্যরত সালামাহ ইবনে আকওয়ার (রাঃ) পায়ের গোছায় একটি আঘাতের চিহ্ন দেখে জিজ্ঞাসা করলামঃ এটি কিসের চিহ্ন? তিনি বললেনঃ এ আঘাতটি খ্যাবর যুদ্ধে লেগেছিল। সকলেই বলছিল সালামাহ শহীদ হয়ে গেছে। অতঃপর আমি রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এলে তিনি তিনটি ফুঁক দিলেন। এরপর আজ পর্যন্ত এ আঘাতের কারণে আমার কোন কষ্ট হয়নি।

বোখারী ও মুসলিম হ্যরত সহল ইবনে সা'দ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, কোন এক যুদ্ধে মুশরিকদের সাথে মুসলমানদের তুমুল সংঘর্ষ হল। বহুলক হতাহত হল। অতঃপর উভয় দলই আপন আপন লশকরের দিকে চলে গেল। মুসলমানদের মধ্যে এক (মুনাফিক) ব্যক্তি এদিক-ওদিক বিক্ষিপ্ত কাফেরের পক্ষান্বান করে তাদের হত্যা করছিল। মুসলমানরা রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে আলোচনা করলেন যে, আজকের যুদ্ধে অন্যক ব্যক্তি যেরূপ অসাধারণ বীরত্ব দেখিয়েছে, তা আর কেউ দেখাতে পারেনি। রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ এ লোকটি

তো দোষী। ছাহাবায়ে-কেরামের কাছে এ উক্তি দুঃখজনক ঠেকল। তাঁরা বলতে লাগলেন, যদি অন্যক ব্যক্তিও দোষী হয়, তবে আমাদের মধ্যে জাল্লাতী কে হবে? এক ব্যক্তি বললঃ আল্লাহর কসম, সে এই অবস্থায় কখনও মৃত্যু বরণ করবে না। এ কথা বলে সে লোকটির পিছনে পিছনে রইল। লোকটি দ্রুত চললে সেও দ্রুত চলত। সে থেমে গেলে সেও থেমে যেত। অবশেষে লোকটি গুরুতর ঝুঁপে আহত হল। যখনের কষ্ট সহ্য করতে না পেরে সে আত্মহত্যা করার সংকল্প করল। সেমতে নিজের তরবারি মাটিতে রেখে আপন বক্ষ তার ধারাল অংশের উপর স্থাপন করল। অতঃপর সজোরে চাপ দিয়ে আত্মহত্যা করল। পশ্চাতে গমনকারী মুসলমান হ্যুর (সাঃ)-এর কাছে এসে আরয করলঃ আমি সাক্ষ দেই যে, আপনি আল্লাহর সাক্ষা রসূল। হ্যুর (সাঃ) জিজ্ঞাসা করলেনঃ ব্যাপার কি? সে লোকটির ঘটনা বর্ণনা করল।

বোখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত আবু হুরায়রা (রাঃ) বলেনঃ আমরা সফরে রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে ছিলাম। তিনি এক ব্যক্তি সম্পর্কে বললেন যে, সে দোষী, অথচ সে নিজেকে মুসলমান বলে দাবী করত। যুদ্ধ ক্ষেত্রে গৌচে লোকটি অসম সাহসিকতার সাথে যুদ্ধ করল এবং গুরুতর আহত হল। ফলে সে নড়াচড়া করতেও সক্ষম ছিল না। হ্যুর (সাঃ)-কে বলা হলঃ আপনি যার সম্পর্কে দোষী বলেছিলেন, আল্লাহর কসম, সে আল্লাহর পথে অসাধারণ বীরত্ব প্রদর্শন করেছে এবং গুরুতর আহত হয়েছে।

হ্যুর (সাঃ) বললেনঃ সে দোষী। এতে কারও কারও মনে সন্দেহ দেখা দিল। অবশেষে লোকটি যখনের যন্ত্রণায় অস্থির হয়ে আপন তুনের দিকে হাত বাড়াল এবং একটি তীর নিয়ে নিজেই নিজেকে হত্যা করল। ছাহাবায়ে-কেরাম আরয করলেনঃ ইয়া রসূলুল্লাহ! আল্লাহ তায়ালা আপনার কথা সত্য করে দিয়েছেন।

বোখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত আবু হুরায়রা (রাঃ) বলেনঃ আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে যখন যুদ্ধে ছিলাম। আমরা গুনীয়তে সোনাকপ পেলাম।

না। তবে কাপড় ও অন্যান্য সম্পদ পেলাম। এরপর রসূলুল্লাহ (সা:) উপত্যকার দিকে মনোমোগ দিলেন। তিনি মুদগাম নামক একটি গোলাম উপহার পেয়েছিলেন। সে তাঁর গদি খুলছিল, এমন সময় একটি তীর এসে লাগায় সে শহীদ হয়ে গেল। ছাহাবীগণ বললেনঃ তার জন্যে জান্নাত মোরারক হোক।

রসূলুল্লাহ (সা:) বললেনঃ কখনই নয়। সে সত্ত্বার কসম, যাঁর হাতে আমার প্রাণ, খয়বর যুক্ত গনীমত বন্টনের পূর্বে যে চাদরটি সে ছুরি করেছিল, সেটি তার প্রতি অগ্নিবর্ষণ করছে।

বোঝারী হ্যরত আবু হুরায়রা (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, খয়বর বিজিত হয়ে গেলে রসূলুল্লাহ (সা:)-এর খেদমতে বিষমিত্রিত একটি রান্না করা ছাগল পেশ করা হল। হ্যুর (সা:) বললেনঃ এখানে যত ইহুদী উপস্থিত আছে, সবাইকে একত্রিত কর। সে মতে সকল ইহুদীকে তাঁর সম্মুখে সমবেত করা হল। তিনি তাদেরকে জিজ্ঞাসা করলেনঃ আমি তোমাদেরকে একটি বিষয়ে প্রশ্ন করব। তোমরা হয় অঙ্গীকার করবে, না হয় স্বীকার করবে নিবে।

ইহুদীরা বললঃ খুব ভাল কথা।

হ্যুরঃ তোমাদের পিতা কে?

ইহুদীঃ আমাদের পিতা অমুক।

হ্যুরঃ তোমরা মিথ্যা বলেছ। তোমাদের পিতা অমুক নয়; বরং অমুক।

ইহুদীঃ আপনি ঠিকই বলেছেন।

হ্যুরঃ তোমরা এই ছাগলে বিষ মিত্রিত করেছ?

ইহুদীঃ হ্য, আমরা এতে বিষ দিয়েছি।

হ্যুরঃ কি কারণে তোমরা এরূপ করলে?

ইহুদীঃ আমাদের উদ্দেশ্যে ছিল আপনি মিথ্যা নবী হলে আমরা স্বত্তি পেয়ে যাব। আর সত্য নবী হলে এই বিষে আপনার কোন ক্ষতি হবে না।

বায়হাকী হ্যরত আবু হুরায়রা (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, এক ইহুদী মহিলা নবী কর্নীম (সা:)-এর কাছে একটি রান্না করা বিষ মিত্রিত ছাগল প্রেরণ করল। ছাহাবীগণ খেতে উদ্যত হলে রসূলুল্লাহ (সা:) বললেনঃ থাম। এতে বিষ মিত্রিত আছে। তিনি মহিলাকে জিজ্ঞাসা করে পাঠালেন যে, তুমি এরূপ করলে কেন? সে বললঃ আমি জানতে চেয়েছিলাম যে, আপনি নবী হলে আল্লাহ আপনাকে এ সম্পর্কে অবগত করে দিবেন। আর মিথ্যাবাদী হলে মানুষ স্বত্তি পেয়ে যাবে। অতঃপর রসূলুল্লাহ (সা:) মহিলাকে কিছুই বললেন না।

বায়হাকী হ্যরত আবদুর রহমান ইবনে কা'ব ইবনে মালেক থেকে রেওয়ায়েত করেন যে, খয়বরে এক ইহুদী মহিলা রসূলুল্লাহ (সা:)-এর খেদমতে একটি বিষ মিত্রিত ছাগল প্রেরণ করল। তিনি তা থেকে কিছু খেলেন এবং ছাহাবীগণও খেলেন। অতঃপর তিনি বললেনঃ থেমে যাও। এরপর মহিলাকে বললেনঃ তুমি এতে বিষ মিত্রিত করেছ? সে বললঃ আপনাকে কে বলল? তিনি হস্তস্থিত একটি হাড়ের দিকে ইশারা করে বললেনঃ সে বলেছে। মহিলা বললঃ হ্য, আমি বিষ মিত্রিত করেছি।

ওয়াকেদী ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত উম্মে আম্বারা (রা:) বলেনঃ আমি জরফ নামক স্থানে রসূলুল্লাহ (সা:)-কে বলতে শুনেছি- এশার নামায়ের পরে কারও কাছে যেয়ো না। গোত্রের এক ব্যক্তি রাতের বেলায় তার স্ত্রীর কাছে এসে অসহনীয় পরিস্থিতি দেখতে পেল। সে স্ত্রীকে কিছুই বলল না এবং তালাক দেওয়ার ইচ্ছা করল। কিন্তু স্ত্রীর গর্ভ থেকে তার সভানও ছিল এবং স্ত্রীর প্রতি তার অগাধ ভালবাসা ও ছিল। বলাবাহ্যে, সে রসূলুল্লাহ (সা:)-এর নাফরমানীর কারণে এই দুঃখজনক পরিস্থিতি দেখতে পেল।

মুসলিম হ্যরত আবু হুরায়রা (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) খয়বর থেকে ফেরার পথে সারা রাত সফর করেন। যখন আমাদের চোখে নিদ্রা প্রবল হল, তখন শেষ রাত্রে তিনি অবস্থান করলেন এবং বেলালকে বললেনঃ রাতে আমার হেফায়ত কর। অতঃপর আপনি সওয়ারীর সাথে ঠেস দিয়ে বসা অবস্থায় বেলালেরও নিদ্রা এসে গেল। তিনি ও জাহাত হলেন না এবং রসূলুল্লাহ (সা:) ও ছাহাবায়ে-ক্রেতামের মধ্যে কেউ জাগ্রত হলেন না। এমতাবস্থায় রৌদ্র উঠে গেল।

যায়দ ইবনে আসলাম (রা:) থেকে বর্ণিত বায়হাকীর রেওয়ায়েতে উপরোক্ত ঘটনা সম্পর্কে রসূলুল্লাহ (সা:) হ্যরত আবু বকর (রা:)-কে বললেনঃ বেলাল যখন দাঁড়িয়ে নামায পড়ছিল, তখন শয়তান তার কাছে এসে তাকে শুইয়ে দিল এবং শিশুকে যেমন ঘুম পাড়ানি গান গেয়ে ঘুম পাড়ানো হয়, তেমনিভাবে বেলালকে ঘুম পাড়াল। এরপর হ্যুর (সা:) বেলালকে ডাকলেন। তিনিও তাই বললেন, যা রসূলুল্লাহ (সা:) হ্যরত আবু বকরের কাছে বলেছিলেন। এ কথা শুনে হ্যরত আবু বকর (রা:) বললেনঃ আমি সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর রসূল।

আবদুল্লাহ ইবনে রাওয়াহার লশকর

বায়হাকী ও আবু নবীম হ্যরত শিহাব থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) আবদুল্লাহ ইবনে রাওয়াহাকে ত্রিশজন অশ্বারোহীর সঙ্গে ইয়াসির ইবনে রিসাম ইহুদীর উদ্দেশ্যে প্রেরণ করেন। এই দলে আবদুল্লাহ ইবনে আনীসও

ছিলেন। ইয়াসির আবদুল্লাহ ইবনে আনীসের মুখ্যমন্ত্রে এমন মারাঞ্চক আঘাত করল, যা তার মস্তিষ্ক পর্যন্ত পৌঁছে গেল।

আবদুল্লাহ ইবনে আনীস হ্যুর (সাঃ)-এর খেদমতে আগমন করলেন। তিনি ক্ষতস্থানে পরিত্র থুথু লাগিয়ে দিলেন। অতঃপর তাঁর মৃত্যু পর্যন্ত এই ক্ষতস্থান থেকে কোন রক্তও বের হয়নি এবং তাঁর কোন প্রকার কষ্টও হয়নি।

ওমরাত্তুল কায়া

ওয়াকেদী ও বায়হাকী হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) ওমরাত্তুল কায়ার জন্যে অন্তশ্শ্রসহ বাতনে-ইয়াজিজ পর্যন্ত আগমন করেন। এরপর একদল কোরায়শ তাঁর কাছে উপস্থিত হয়ে বললঃ মোহাম্মদ! আপনি এ পর্যন্ত আমাদের ছোটবড় কাউকে বিশ্বাসঘাতকতা করতে দেখেননি। আপনি নিজের কওমের কাছে অন্তশ্শ্র নিয়ে যাচ্ছেন; অথচ আপনি সঞ্চিপত্রে শর্ত করেছিলেন যে, আপনি তাদের কাছে মুসাফির সুলভ হাতিয়ার নিয়ে এবং তরবারি কোষবদ্ধ করে যাবেন। হ্যুর (সাঃ) এরশাদ করলেনঃ আমি তোমাদের কাছে অন্তসহ যাব না।

আহমদ হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) ও সাহাবায়ে-কেরাম মক্কায় আগমন করলে মুশরিকরা পরম্পর বলাবলি করলঃ তোমাদের কাছে যারা আসছে, তাদেরকে মদীনার জুর দুর্বল ও নিষ্ঠেজ করে দিয়েছে। আল্লাহ তায়ালা তাঁর নবীকে তাদের এই উপহাস সম্পর্কে অবগত করে দিলেন। সেমতে রসূলুল্লাহ (সাঃ) ছাহাবায়ে-কেরামকে আদেশ দিলেন, তোমরা তওয়াফের তিন চক্রে রমল করবে; অর্থাৎ বুক ফুলিয়ে গর্ভভরে চলবে, যাতে মুশরিকরা তোমাদের শক্তি সামর্থ্য প্রত্যক্ষ করে।

আহমদ ও বায়হাকী হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সাঃ) যখন ওমরার সফরে 'মারকুয়্য-হাত্রানে' অবস্থান করছিলেন, তখন ছাহাবায়ে-কেরাম সংবাদ পেলেন, কোরায়শরা বলাবলি করছে- এরা এত দুর্বল ও কৃশ হয়ে গেছে যে, ঠিকমত দাঁড়াতেও পারে না। সাহাবায়ে-কেরাম একে অপরকে বললেনঃ যদি আমরা নিজেদের সওয়ারীর উটগুলোকে যবেহ করে এগুলোর গোশত ও শোরবা খেয়ে নেই, তবে আগামীকাল মক্কাবাসীদের কাছে পৌঁছুলে আমরা যথেষ্ট শক্তিবান ও সতেজ থাকতে পারব। রসূলুল্লাহ (সাঃ) বললেনঃ এরপ করো না। তবে নিজেদের খাদ্য পাত্র আমার কাছে নিয়ে এস। সকলেই আপন আপন খাদ্য পাত্র এনে একত্রিত করলেন। অতঃপর দস্তরখান বিছিয়ে সকলেই পেটপরে আহার করলেন। প্রত্যেকেই আপন খাদ্য পাত্রও তরে

নিলেন। পরদিন রসূলুল্লাহ (সাঃ) মসজিদে হারামে প্রবেশ করলেন এবং ছাহাবায়ে-কেরামকে রমল করার আদেশ দিলেন। তখনকার দৃশ্য দেখে কোরায়শরা বলতে লাগল, কোথায় চলতেও রায়ী ছিল না, আর এখন কি না হরিণের মত লাফালাফি করছে!

গালিব লায়ছীর অভিযান

ইবনে সাদ জুনদুব ইবনে মুকায়ছ জুহানী থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) গালিব লায়ছীকে একটি লশকরের সাথে প্রেরণ করেন। আমিও তাদের সাথে ছিলাম। রসূলুল্লাহ (সাঃ) লশকরকে কুদিয়া নামক স্থানে বনী মলুহ গোত্রে অভিযান পরিচালনা করার আদেশ দেন। আমরা অভিযান শেষে তাদের উট হাঁকিয়ে নিয়ে এলাম। তারা তড়িৎগতিতে বিপদসংকেত দিল এবং অল্প সময়ের মধ্যে গোটা গোত্রকে আমাদের পশ্চাদ্বাবন ও মোকাবিলা করার জন্যে প্রেরণ করল। আমাদের সংখ্যা খুবই অল্প ও সীমিত ছিল এবং তাদের মোকাবেলা করার শক্তি আমাদের ছিল না। আমরা উটগুলোকে হাঁকিয়ে সেখান থেকে বের হয়ে পড়লাম কিন্তু তারা আমাদের পশ্চাদ্বাবন করতে করতে নিকটে পৌঁছে গেল। অবশেষে আমাদের ও তাদের মধ্যে একটি ক্ষুদ্র উপত্যকা অন্তরায় হয়ে গেল। আমরা উপত্যকার একদিকে মুখ করা অবস্থায় ছিলাম। অবশেষে আল্লাহ তায়ালা এই উপত্যকায় পানি নিয়ে এলেন। উপত্যকার উভয় প্রান্ত জলমগ্ন হয়ে গেল। সেদিন আমরা মেঘ অথবা বৃষ্টি কিছুই দেখিনি। অথচ উপত্যকায় এতবেশী পানি এসে গেল যে, তা পার করার সাধ্য কারও ছিল না। আমরা তাদেরকে দেখলাম, তারা আমাদের দিকে তাকিয়ে আছে: ক্ষেত্রে আমরা তাঁদের নাগালের বাইরে চলে এলাম।

যায়দ ইবনে হারেছার লশকর

আবু নয়ীম হ্যরত আয়েশা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, বনী ফিজারা গোত্রের উম্মে কারফা নামী এক মহিলা নবী করীম (সাঃ)-কে হত্যা করার জন্যে তার পুত্র ও পৌত্রদের সমবর্যে গঠিত ত্রিশ জনের একটি অশ্বারোহী দল প্রেরণ করল। রসূলুল্লাহ (সাঃ) সংবাদ পেয়ে বললেনঃ ইয়া আল্লাহ! তাঁকে সবৎশে খতম করে দাও। অতঃপর তিনি যায়দ ইবনে হারেছাকে একটি দলসহ তাদের উদ্দেশ্যে প্রেরণ করলেন। উভয় লশকরের মধ্যে সংঘর্ষ হল। ফলপ্রতিত্বে উম্মে কারফা ও তার সন্তান সন্ততি সকলেই নিহত হল।

মৃতা অভিযান

বোখারী হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) মৃতা অভিযানে যায়দ ইবনে হারেছা (রাঃ)-কে আমীর নিয়ন্ত করে বলেনঃ

যদি সে শহীদ হয়ে যায়, তবে হ্যরত জাফরকে আমীর করে নিবে। তাকেও শহীদ করা হলে আবদুল্লাহ ইবনে রাওয়াহা আমীর হবে।

ওয়াকেদী রবীয়া ইবনে ওছমানের তরিকায় রেওয়ায়েত করেন যে, ইহুদী নোমান ইবনে রাহতী এসে অন্যান্য লোকের সাথে রসূলুল্লাহ (সা:) এর নিকটে দাঁড়িয়ে গেল। রসূলুল্লাহ (সা:) তখন বলছিলেন- যায়দ ইবনে হারেছা লশকরের আমীর, সে শহীদ হয়ে গেলে জাফর ইবনে আবী তালেব আমীর এবং সেও শহীদ হয়ে গেলে আবদুল্লাহ ইবনে রাওয়াহা আমীর হবে। যদি আবদুল্লাহও শহীদ হয়ে যায়, তবে মুসলমানরা নিজেদের মধ্য থেকে কাউকে আমীর নির্বাচিত করে নিবে।

এ কথা শুনে ইহুদী নোমান বললঃ হে আবুল কাসেম! আপনি নবী হলে আপনি কমবেশী যাদের নাম বলেছেন, তারা সবাই শহীদ হয়ে যাবে। কেননা, বনী-ইসরাইলের নবীগণের মধ্যে এটাই হয়ে এসেছে। তারা যখন কোন কওমের বিরুদ্ধে কাউকে আমীর নিযুক্ত করে বলতেন, সে শহীদ হয়ে গেলে অনুক আমীর হবে, তখন তারা একশ জনের নাম উচ্চারণ করলে একশ জনই শহীদ হয়ে যেত। এরপর সেই ইহুদী যায়দ ইবনে হারেছাকে বললঃ তুমি প্রসূত থাক, মোহাম্মদ নবী হলে তুমি আর ফিরে আসবে না। যায়দ বললেনঃ আমি সাক্ষ্য দেই যে, তিনি সত্য নবী এবং অত্যন্ত সৎকর্মপ্রায়ণ নবী।

ওয়াকেদী ও বায়হাকীর রেওয়ায়েতে হ্যরত আবু হুরায়রা (রাঃ) বলেনঃ আমি মৃতা অভিযানে উপস্থিত ছিলাম। আমি এত সাজ-সরঞ্জাম, অন্তর্শপ্ত, ঘোড়া, রেশম ও সোনারপা দেখলাম, যা দেখা কারও সাধ্যে ছিল না। আমার দৃষ্টি ঝলসে গেল। ছাবেতে ইবনে আকবার আমাকে বললঃ আবু হুরায়রা! তোমার কি হল? তুমি শত্রুপক্ষের বিপুল সংখ্যাধিক্য দেখে হতভুব হয়ে যাচ্ছ। তুমি বদর যুক্তে আমাদের সাথে ছিলে না। আমরা যে সাফল্য অর্জন করেছিলাম, তা সংখ্যাধিক্যের ভিত্তিতে ছিল না।

বায়হাকী ও আবু নয়ীম মূসা ইবনে ওকবা ও ইবনে শিহাব থেকে রেওয়ায়েত করেন, রসূলুল্লাহ (সা:) বললেনঃ আমার কাছ দিয়ে জাফর ফেরেশতাদের দলের সাথে গমন করেছেন। তিনি ফেরেশতার মতই দ্রুতগতিতে যাচ্ছিলেন। যেন তাঁর দুটি পাখা ছিল।

সাহাবায়ে-কেরাম বর্ণনা করেন যে, হ্যরত ইয়ালা রসূলুল্লাহ (সা:) এর কাছে মৃতার মুজাহিদগণের খবর নিয়ে এলেন। রসূলুল্লাহ (সা:) বললেনঃ তুমি ইচ্ছা করলে আমাকে সংবাদ দাও। আর যদি চাও, তবে আমি তোমাকে বিস্তারিত সংবাদ বলে দিতে পারি। ইয়ালা বললেনঃ ইয়া রসূলুল্লাহ, আপনিই বর্ণনা করুন। অতঃপর রসূলুল্লাহ (সা:) সমস্ত ঘটনা ও পরিস্থিতি বর্ণনা করলেন।

এসব শুনে ইয়ালা বললেনঃ সেই সন্তার কসম, যিনি আপনাকে সত্য নবী করে প্রেরণ করেছেন, আপনি তাদের ঘটনাবলীর মধ্য থেকে কোন একটি ও বর্ণনা না করে ছাড়েননি। রসূলে করীম (সা:) বললেনঃ আল্লাহ তায়ালা আমার সম্মুখ থেকে ভূগঠের সকল আড়াল দূর করে দিয়েছিলেন। ফলে আমি স্বচক্ষে রণাঙ্গনের অবস্থা প্রত্যক্ষ করেছি।

রোখারী হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সা:) হ্যরত যায়দ, জাফর ও আবদুল্লাহ ইবনে রাওয়াহাকে প্রেরণ করেন এবং যায়দের হাতে ঝাঁঁক সমর্পণ করেন। তাঁরা তিনজনই শহীদ হয়ে গেলেন। তাঁদের শাহাদতের সংবাদ আমার পূর্বেই রসূলুল্লাহ (সা:) সাহাবায়ে-কেরামকে বলে দিলেন। তিনি বললেনঃ যায়দের হাতে ঝাঁক ছিল। সে শহীদ হয়ে গেলে জাফর ঝাঁক তুলে নিল। সে-ও শহীদ হয়ে গেল। অতঃপর আবদুল্লাহ ইবনে রাওয়াহা ঝাঁক হাতে নিলে সে-ও শহীদ হয়ে গেল। এরপর খালিদ ইবনে ওলীদ আমীর নিযুক্ত না হয়েই ঝাঁক হাতে নিল। সে কামিয়াব হয়ে গেল।

বায়হাকী আবু কাতাদাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) মৃতার উদ্দেশ্যে সৈন্য প্রেরণের সময় বললেনঃ যায়দ ইবনে হারেছা তোমাদের আমীর। সে শহীদ হয়ে গেলে জাফর তোমাদের আমীর হবে। যদি সে-ও শহীদ হয়ে যায়, তবে আবদুল্লাহ ইবনে রাওয়াহা আমীর হবে। তাঁরা রওয়ানা হয়ে গেলেন এবং যতদিন আল্লাহর ইচ্ছা সেখানে অবস্থান করলেন। এরপর হ্যুর (সা:) মিস্বরে এলেন এবং নামাযের প্রস্তুতি ঘোষণা করা হল। সকলেই সমবেত হয়ে গেলে রসূলুল্লাহ (সা:) এরশাদ করলেনঃ তোমাদের লশকর সম্পর্কে আমি তোমাদেরকে অবগত করছি যে, দুশ্মনের সাথে মোকাবিলায় যায়দ শহীদ হয়ে গেছে। এরপর ঝাঁক জাফরের হাতে যায়। শেষ পর্যন্ত সে-ও শহীদ হয়ে গেছে। অতঃপর আবদুল্লাহ ইবনে রাওয়াহা ঝাঁক তুলে নেয় এবং দৃঢ়তার সাথে জেহাদে প্রবৃত্ত হয়। শেষ পর্যন্ত তাকেও শহীদ করে দেওয়া হয়েছে। তারপর খালিদ ইবনে ওলীদ নিজেই আমীর হয়ে ঝাঁক তুলে নিয়েছে। রসূলুল্লাহ (সা:) আরও বললেনঃ পরওয়ারদেগার! খালিদ তোমার একটি তরবারি। তুমই তাকে সাহায্য কর। তখন থেকে হ্যরত খালিদ সায়ফুল্লাহ উপাধিতে ভূষিত হন।

ওয়াকেদী ও বায়হাকী আবদুল্লাহ ইবনে আবী বকর ইবনে হ্যম থেকে রেওয়ায়েত করেন যে, যখন মৃতায় কাফেরদের সাথে সাহাবীগণের মোকাবিলা হল, তখন রসূলুল্লাহ (সা:) মিস্বরে এসে বসলেন। তাঁর ও সিরিয়ার মাঝখানে যে সকল বস্তু অন্তরায় ছিল, সেগুলোকে হটিয়ে দেওয়া হল। তিনি মিস্বরে বসে রণাঙ্গণ পরিদর্শন করছিলেন। তিনি বললেনঃ যায়দ ঝাঁক নিয়েছে। তার কাছে শয়তান

এসেছে। সে তার দৃষ্টিতে পার্থিব জীবনের মহবত, মৃত্যুর তিক্ততা এবং দুনিয়ার মহবত সৃষ্টি করল। যায়দ বললঃ এখন মুমিনদের অন্তরে ঈমান বদ্ধমূল হয়ে গেছে। কাজেই দুনিয়ার মোহ সৃষ্টি করে লাভ হবে না। অতঃপর সে সম্মুখে অগ্রসর হয়ে শহীদ হয়ে গেল। এরপর জান্নাতে প্রবেশ করল। সেখানে সে দ্রুতগতিতে পদচারণা করছে।

এরপর ঝান্ডা জা'ফরের হাতে গেল। তার কাছেও শয়তান এসে তার মনে জীবনের মহবত এবং মৃত্যুর তিক্ততা সৃষ্টি করার প্রয়াস পেল। জা'ফর বললঃ মুমিনদের অন্তরে ঈমান সুড় হয়ে গেছে। কাজেই তোর চেষ্টা ব্যর্থ হবে। অতঃপর সে সম্মুখে অগ্রসর হল এবং শহীদ হয়ে জান্নাতে চলে গেল। সে জান্নাতে ইয়াকৃতের দু'টি পাখায় ভর করে উড়ছে। যথেচ্ছা গমন করছে। এরপর আবদুল্লাহ ইবনে রাওয়াহা ঝান্ডা হাতে নিল এবং শহীদ হয়ে গেল। সে থেমে থেমে জান্নাতে প্রবেশ করল।

সর্বশেষ খবরটিতে আনন্দারগণের মনে কিছুটা বিষাদের ছায়া নেমে এল। তাঁরা প্রশ্ন করলেনঃ ইয়া রসূলুল্লাহ, তাঁর থেমে থেমে জান্নাতে প্রবেশ করার কারণ কি? তিনি বললেনঃ আহত হওয়ার কারণে তার মধ্যে শৈথিল্য দেখা দিয়েছে। ফলে সে নিজেকে তিরক্ষার করে সাহসিকতার পরিচয় দিয়েছে এবং শহীদ হয়ে জান্নাতে প্রবেশ করেছে। এ কথা শুনে আবদুল্লাহ ইবনে রাওয়াহার গোত্রের লোকজন আশ্চর্ষ হল।

ওয়াকেদী স্বীয় ওস্তাদগণ থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সা:)—এর জন্যে পৃথিবীস্থিত আড়ালসমূহ তুলে নেওয়া হয়। ফলে তিনি যন্ত্র প্রত্যক্ষ করেন। যখন খালিদ ইবনে ওলীদ ঝাঁঁকা হাতে নিলেন, তখন রসূলুল্লাহ (সা:) বললেনঃ এবার যুদ্ধের চুলী গরম হবে।

ইবনে সা'দ আবু আমের থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সা:)-এর কাছে যখন হ্যরত জা'ফর ও তাঁর সঙ্গীগণের শাহাদতের সংবাদ এল, তখন তিনি কিছুক্ষণ বিষম্বন হয়ে বসে থাকেন, এরপর মুচকি হাসেন। এই হাসির কারণ জিজ্ঞাসিত হয়ে তিনি বললেনঃ আমার সহচরগণের শাহাদত আমাকে বিষম্বন করেছিল। এরপর আমি তাদেরকে জান্নাতে পরম্পর ভাই ভাই হয়ে থাকতে দেখে হেসেছি। তারা সিংহাসনে মুখোমুখি উপবিষ্ট রয়েছে। তাদের কারও মধ্যে আমি বিমুখতা অনুভব করেছি। যেন সে তরবারিকে অপছন্দ করছে। আমি জাফরকে দু'পাখা বিশিষ্ট ফেরেশতার মত দেখেছি। তার উভয় পাখা রক্ত ঝঁঝিত।

হাকেম হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) উপবিষ্ট ছিলেন। তাঁর নিকটে হ্যরত আসমা বিনতে ওমায়স বসা ছিলেন।

হঠাৎ তিনি সালামের জওয়াব দিলেন, অতঃপর বললেনঃ হে আসমা, সে জা'ফর। সে জিব্রাইল, মিকাইল ও ইসরাফীলের সঙ্গে রয়েছে। সে আমাকে সালাম করেছে। তুমিও তার সালামের জওয়াব দাও। জা'ফর আমাকে বলেছে যে, সে অমুক অমুক দিন দুশ্মনের সাথে মোকাবিলা করেছে। তার শরীরের সম্মুখভাগে তীর, বর্ণ, ও তরবারির তেহাতরটি যথম আছে। সে ডান হাতে ঝাঁঁক নিলে ডান হাত কর্তিত হল। এরপর বাম হাতে নিলে তা-ও কর্তিত হয়ে গেল। উভয় হাতের বিনিময়ে আল্লাহ তায়ালা তাকে দু'টি পাখা দিয়েছেন। সে জিবরাইল, মিকাইল উভয়ের সাথে উড়েয়ন করে। জান্নাতে যেখানে ইচ্ছা অবতরণ করে এবং জান্নাতের ফলমূলের মধ্য থেকে যেটি ইচ্ছা ভক্ষন করে।

ইবনে ইসহাক, ইবনে সা'দ, বায়হাকী ও আবু নয়ীম হ্যরত আসমা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) আমার কাছে এসে বললেনঃ জা'ফরের শিশু সন্তানদেরকে আমার কাছে নিয়ে এস। আমি তাদেরকে নিয়ে এলাম। তিনি তাদের প্রাণ নিলেন। তার চক্ষু থেকে অশ্রু প্রবাহিত হল। আমি আর করলামঃ ইয়া রসূলুল্লাহ! আপনি কাঁদছেন কেন? জা'ফর ও তার সঙ্গীদের কোন দুঃসংবাদ এসেছে কি? তিনি বললেনঃ হাঁ, অদ্য সে শহীদ হয়ে গেছে।

ওয়াকেদী, বায়হাকী ও ইবনে আসাকির হ্যরত আবদুল্লাহ ইবনে জা'ফর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বললেনঃ রসূলুল্লাহ (সা:) আমার মায়ের কাছে এলেন এবং তাঁকে আমার পিতার শাহাদতের সংবাদ দিলেন।। তিনি বললেনঃ আমি সুসংবাদ দেই যে, আল্লাহ তায়ালা জা'ফরের দু'টি পাখা তৈরী করে দিয়েছেন। সে জান্নাতে উড়েছে। রসূলুল্লাহ (সা:) যখন এলেন, তখন আমি আমার ভাইয়ের জন্যে ছাগল ত্রয় করছিলাম। তিনি বললেনঃ পরওয়ারদেগার! তার কারবারে বরকত দান কর। তখন থেকে আমি যে-কোন বস্তু ত্রয়-বিত্রয় করি, তাতে বরকত হয়।

বোখারী হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সা:) যখন হ্যরত জা'ফরের পুত্রকে সালাম করতেন, তখন বলতেন **سَلَامٌ عَلَيْكَ يَارَبِنَ ذِي الْجَنَاحَيْنِ** সালাম তোমার প্রতি হে দু'পাখা ওয়ালার পুত্র।

হাকেম হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ (সা:) এরশাদ করেছেন- আমি জান্নাতে গিয়ে দেখি, জা'ফর ফেরেশতাদের সাথে উড়েছে এবং হাম্মা সিংহাসনে ঠেস দিয়ে বসে আছেন।

দারেকুতন্তী গারায়েবে-মালেক প্রাণে হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে ছিলাম। তিনি আকাশের দিকে মাথা তুলে বললেনঃ “ওয়া আলাইকুমুস সালাম ওয়া রহমাতুল্লাহ”। সাহাবায়ে-কেরাম আরয় করলেনঃ ইয়া রসূলুল্লাহ, এটা কি? তিনি বললেনঃ আমার কাছ দিয়ে জা’ফর একদল ফেরেশতার সাথে গমন করেছে। সে আমাকে সালাম করেছে।

হাকেম হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ রাতে জা’ফর আমার কাছ দিয়ে একদল ফেরেশতার সাথে গমন করেছে। তার দু’টি রক্তাঙ্গ পাখা আছে, যার অগ্রভাগ সাদা।

ইবনে সাদ মোহাম্মদ ইবনে ওমর ইবনে আলী থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) বলেছেনঃ আমি জা’ফরকে ফেরেশতার আকৃতিতে দেখেছি। সে জান্নাতে উড়ে বেড়াচ্ছে। তার পাখাহয়ের অগ্রভাগ থেকে রক্ত ঝরছে। আমি যায়দ ইবনে হারেছাকে তার চেয়ে কম মর্তবায় দেখেছি। আমি বললামঃ আমি তো যায়দকে জা’ফররের চেয়ে কম মর্তবায় মনে করতাম না। তখন জিবিরাস্ত আমার কাছে এসে বললেনঃ যায়দ জা’ফর অপেক্ষা মর্তবায় কম নয়। কিন্তু আমরা জা’ফরকে আপনার সাথে আত্মীয়তার কারণে একটু বেশী সম্মান করে থাকি।

হাকেম হ্যরত ইবনে আবুবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সাঃ) বলেছেনঃ আমি স্বপ্নে দেখলাম যেন আমি জান্নাতে প্রবেশ করেছি। আমি জা’ফরের মর্তবাকে যায়দের মর্তবার চেয়ে উচ্চ দেখলাম। আমাকে জিজ্ঞাসা করা হল, আপনি এর কারণ জানেন কি? আমি বললামঃ না। বলা হল, আপনার এবং জা’ফরের মধ্যে যে আত্মীয়তার সম্পর্ক রয়েছে, সে কারণেই জা’ফরের মর্তবা উচু করা হয়েছে।

যাতুস সালাসিল অভিযান

বায়হাকী ও ইবনে ইসহাকের রেওয়ায়েতে আওফ ইবনে মালেক আশজায়ি (রাঃ) বলেনঃ আমি যাতুস-সালাসিল অভিযানে উপস্থিত ছিলাম। হ্যরত আবু বকর এবং ওমরও (রাঃ) আমার সঙ্গে ছিলেন। আমি এক সম্প্রদায়ের কাছ দিয়ে গেলাম। তারা একটি যবেহ করা উটের কাছে সমবেত ছিল এবং উটের গোশত কাটাকাটি করতে পারছিল না। আমি উট যবেহ করা ও গোশত তৈরী করার কাজে পারদর্শী ছিলাম। আমি তাদেরকে বললামঃ তোমরা যদি এই উটের এক দশমাংশ আমাকে দাও তবে আমি এর গোশত দ্রুত তৈরি করে দিব। তোমরা এ শর্তে রায়ী আছ কি? তারা বললঃ হাঁ, দিব।

আমি গোশত কেটে-কুটে তাদের মধ্যে বন্টন করে দিলাম এবং শর্ত অনুযায়ী এক দশমাংশ গোশত নিয়ে সঙ্গীদের কাছে এলাম। আমরা সকলেই সে গোশত খেলাম। হ্যরত আবু বকর ও ওমর (রাঃ) বললেনঃ হে আওফ, তোমার কাছে এই গোশত কেথেকে এল?

আমি সমস্ত ঘটনা বর্ণনা করলাম। তারা উভয়েই বললেনঃ আমাদেরকে এই গোশত খাইয়ে ভূমি ভাল করনি। অতঃপর তারা উভয়েই বমি করে পেট থেকে এই গোশত বের করতে শুরু করলেন।

ছাহাবীগণ যখন মদীনায় প্রত্যাবর্তন করলেন, তখন আমি সর্বপ্রথম রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে হায়ির হলাম। তিনি বললেনঃ আওফ নাকি? আমি আরয় করলামঃ জী হাঁ। এছাড়া তিনি আমার সাথে আর কোন কথা বললেন না।

সাইফুল-বাহর অভিযান

বোখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) বলেনঃ রসূলে করীম (সাঃ) আমাদেরকে তিনশ অশ্বারোহীর সাথে প্রেরণ করলেন। আমাদের নেতা ছিলেন আবু ওবায়দা ইবনুল জাররাহ। আমরা কোরায়শদের একটি কাফেলার সঙ্গানে ছিলাম। আমরা তীব্র ক্ষুধার সম্মুখীন হয়ে শেষ পর্যন্ত বৃক্ষের লতা-পাতা খেতে শুরু করলাম। এরপর সমুদ্র আমাদের জন্যে আধুর নামক একটি মৎস্য তীরে নিষ্কেপ করল। পনের দিন পর্যন্ত আমরা এই মাছ খেয়ে বেশ মোটাতাজা হয়ে গেলাম। আবু ওবায়দা এর একটি পাঁজরের হাড় নিয়ে খাড়া করলেন এবং লশকরের মধ্যে দীর্ঘতম ব্যক্তিকে তালাশ করলেন। তেমনি সর্বাধিক দীর্ঘ উট নিলেন। লোকটিকে উটে সওয়ার করিয়ে দিলেন। অতঃপর সে এই হাড়ের নিচ দিয়ে ওপারে চলে গেল।

মুসলিম হ্যরত জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে রেওয়ায়েত করেনঃ রসূলুল্লাহ (সাঃ) আমাদেরকে হ্যরত আবু ওবায়দার নেতৃত্বে কোরায়শদের একটি কাফেলার সঙ্গানে প্রেরণ করেন। তিনি আমাদেরকে এক বস্তা খেজুর পাথের স্বরূপ দিলেন। এ ছাড়া আমাদের কাছে কোন কিছু ছিল না। আবু ওবায়দা আমাদেরকে একটি করে খেজুর দিতেন। আমরা সেটি চুয়ে চুম্বে পানি পান করে নিতাম। এটিই সারা দিনের জন্যে যথেষ্ট হয়ে যেত। ঘটনাক্রমে সমুদ্র আমাদের জন্যে আধুর নামক একটি মৎস্য নিষ্কেপ করল। আমরা এক মাস পর্যন্ত সেখানে অবস্থান করে এই মৎস্য খেলাম এবং মোটাতাজা হয়ে গেলাম।

মক্কা বিজয়

বায়হাকী মারওয়ান ইবনে হাকাম ও মিসওয়ার ইবনে মাখরামা থেকে রেওয়ায়েত করেন যে, হুদায়বিয়ার সঙ্গির ফল স্বরূপ এটা স্তুর হয়েছিল যে, কেউ

রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে কোন চুক্তি করতে চাইলে করতে পারে। পক্ষান্তরে কেউ কোরায়শদের সাথে চুক্তিতে আবদ্ধ হতে চাইলে তারও এক্রপ করার ক্ষমতা আছে। সে মতে বনী খোয়ায়া রসূলুল্লাহ (সাঃ)-এর সাথে এবং বনু বকর কোরায়শদের কাতারে শামিল হয়ে গেল। তাদের এই চুক্তি সতের কিংবা আঠার মাস পর্যন্ত কার্যকর থাকে। এরপর বনু বকর ও বনী খোয়ায়ার মধ্যে পানি তথা একটি কৃপের প্রশ্ন বিবাদ হয়ে গেল। বনু বকর রাতের বেলায় বনী খোয়ায়ার উপর হামলা করে বসল। কোরায়শরা মনে করল, রাতের অঙ্কারে কেউ টের পাবে না। সে মতে তারা বনু বকরকে কেবল অস্ত্রশস্ত্র ও সাজ সরঞ্জাম দিয়েই সাহায্য করল না, উপরন্তু নিজেরা বনু-বকরের সাথে মিলে মিশে বনী খোয়ায়ার উপর হামলাও করল।

বনী খোয়ায়ার আমর ইবনে সালেম দ্রুতগামী উটে সওয়ার হয়ে রসূলুল্লাহ (সাঃ)-কে খবর দেওয়ার জন্যে রওয়ানা হল। সে রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে উপস্থিত হয়ে ঘটনা বর্ণনা করল। তিনি বললেনঃ হে আমর! তোমাদের মদদ করা হবে। এ কথাবার্তা বলার সময় আকাশে মেঘবন্ধ দেখা গেল। হ্যুৱ (সাঃ) মেঘবন্ধ দেখে বললেনঃ এই মেঘ বনী কা'বের সাহায্যার্থে প্রচুর বারিবর্ষণ করবে।

মোটকথা, রসূলুল্লাহ (সাঃ) সাহাবায়ে কেরামকে যুদ্ধপ্রস্তুতির আদেশ দিলেন এবং নিজেদের রওয়ানা হওয়ার বিষয়টি গোপন রাখলেন। তিনি আল্লাহ তায়ালার কাছে এই বলে দোয়া করলেন যে, শত্রুর বন্তীতে উপনীত হওয়া পর্যন্ত যেন বিষয়টি কোরায়শদের কাছে অজানা থাকে।

ইবনে ইসহাক ও বায়হাকী ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যখন মক্কা অভিযুক্তে রওয়ানা হওয়ার পাকাপোক্ত ইচ্ছা করলেন, তখন হ্যরত হাতেব ইবনে আবী বালতায়া গোপনে কোরায়শদের কাছে একটি পত্র লিখলেন যে, রসূলুল্লাহ (সাঃ) তোমাদের উপর হামলা করার জন্যে মুসলিম বাহিনীর প্রতি প্রস্তুতি গ্রহণের আদেশ জারি করেছেন।

পত্রটি মুয়ায়ন গোত্রের এক মহিলাকে পারিশ্রমিক ঠিক করে অর্পন করা হল, যাতে সে স্বল্পতম সময়ের মধ্যে কোরায়শদের হাতে সেটি পৌঁছে দেয়। মহিলা পত্রটি তার মাথার চুলের মধ্যে রেখে উপরিভাগে খোপা বেঁধে নিল। অতঃপর সে মক্কা অভিযুক্তে রওয়ানা হয়ে গেল।

হ্যরত হাতেব (রাঃ)-এর এই কার্যক্রমের সংবাদ উর্ধজগত থেকে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এসে গেল। তিনি হ্যরত আবী ও যুবায়র ইবনে আওয়াম (রাঃ)-কে প্রেরণ করলেন। তাঁরা যেয়ে হাতেব (রাঃ)-এর প্রেরিত মহিলাকে পত্রসহ ধৈরে ফেললেন।

বোখারী ও মুসলিমের রেওয়ায়েতে হ্যরত আলী (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সাঃ) আমাকে, যুবায়রকে এবং মেকদাদকে প্রেরণ করলেন এবং বললেনঃ তোমরা ‘রওয়া খাখ’ পর্যন্ত যাও। সেখানে তোমরা উটের পিঠে এক পর্দানশীন মহিলাকে পাবে। তার কাছে একটি পত্র আছে। তোমরা পত্রটি হস্তগত করে নিবে। হ্যরত আলী (রাঃ) বলেনঃ আমরা ঘোড়ায় সওয়ার হয়ে দ্রুত গতিতে ছুটে চললাম এবং রওয়া খাখে পৌঁছে গেলাম। সেখানে উটের পিঠে এক মহিলাকে পেয়ে বললামঃ শীত্র করে পত্রটি বের কর। কিন্তু সে এমন ভান করল যেন কিছুই জানে না। বললঃ একজন মুসাফির মহিলাকে উত্ত্যক্ত করো না। আমার কাছে কোন পত্র নেই।

আমরা বললামঃ তোকে পত্র অবশ্যই দিতে হবে। নতুনা আমরা তোর দেহ তল্লাশী করব। যদি তোকে উলঙ্গ করার প্রয়োজন হয়, তবে আমরা তা করতেও দ্বিধা করব না।

অনেক কথা কাটাকাটির পর মহিলা খোপার ভিতর থেকে পত্র বের করে দিল। আমরা সেটি নিয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে উপস্থিত হলাম। পত্রটি হাতেব ইবনে আবী বালতায়া (রাঃ)-এর পক্ষ থেকে মক্কার কতিপয় মুশরিকের নামে ছিল। এতে তিনি রসূলুল্লাহ (সাঃ)-এর কতিপয় গোপনীয় বিষয় সম্পর্কে তাদেরকে অবগত করেছিলেন।

রসূলে করীম (সাঃ) হাতেবকে ডেকে এনে জিজ্ঞাসা করলেনঃ হাতেব, এটা কি?

(বলাবাহ্ল্য, হ্যরত হাতেবে ছিলেন একজন পাক্কা ও নিষ্ঠাবান মুসলমান।) তিনি বললেনঃ ইয়া রসূলুল্লাহ, আমার সম্পর্কে দ্রুত সিদ্ধান্ত নিবেন না। ব্যাপার এই যে, মক্কায় আমার সন্তানাদি থাকার কারণে আমি কোরায়শদের মিত্র ছিলাম। কারণ, আমি কোরায়শ বংশীয় নই। আপনার সঙ্গে যত মুহাজির আছেন, কোরায়শদের সাথে তাদের আত্মীয়তার বন্ধন আছে। ফলে কোরায়শরা তাদের সন্তান-সন্তির হেফায়ত করে। তাদের সাথে আমার কোন বংশগত সম্পর্ক না থাকার কারণে আমি সমীচীন মনে করলাম যে, তাদের সাথে কোন অনুগ্রহ মূলক আচরণ করা উচিত, যাতে তারা আমার সন্তান-সন্তির হেফায়ত করে। সুতরাং আমি এই পত্র ধর্মত্যাগ করার এবং ইসলামের পর কুফরে সন্তুষ্ট হওয়ার কারণে লিপিবদ্ধ করিনি।

রসূলুল্লাহ (সাঃ) ছাহাবায়ে-কেরামকে লক্ষ্য করে বললেনঃ দেখ, যা সত্য, হাতেব তাই বর্ণনা করেছে।

ওমর ফারুক (রাঃ) বললেনঃ ইয়া রসূলুল্লাহ, আমাকে অনুমতি দিন এই মুনাফিকের গর্দান উঠিয়ে দেই।

রসূলুল্লাহ (সা:) বললেনঃ হাতের বদর যুদ্ধে শরীক ছিল। তোমরা কি জান, যারা বদরযোদ্ধা, তাদেরকে আল্লাহপাক বলে দিয়েছেন- যা চাও, কর। আমি তোমাদেরকে মাফ করলাম। এরপর আল্লাহ তায়ালা এই আয়াত নাখিল করলেনঃ

يَأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَخِذُوا عَدُوّي وَعَدُوكُمْ أَوْلِيَاءُ إِلَّا

অর্থাৎ হে মুমিনগণ! তোমরা আমার ও তোমাদের অভিন্ন দুশমনকে বন্ধুরপে গ্রহণ করো না।

হাকেম ও বায়হাকী হয়রত ইবনে আব্বাস (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) মক্কা বিজয়ের বছরে দশ হাজার মুসলমান সমভিব্যাহারে মক্কা যাওয়ানা হন এবং 'মাররূয়-যাহরানে' অবস্থান গ্রহণ করেন। তাঁর এই আগমনের বিষয়টি কোরায়শদের অজ্ঞান ছিল। রসূলুল্লাহ (সা:)-এর কোন খবর তারা পাচ্ছিল না। তিনি কি করছেন, তাও তারা জানত না।

বায়হাকী ইবনে শিহাব থেকে রেওয়ায়েত করেন, কথিত আছে, মক্কা গমনের পথে হয়রত আবু বকর (রা:) রসূলুল্লাহ (সা:)-কে বললেনঃ ইয়া রসূলুল্লাহ, আমি নিজেকে এবং আপনাকে স্বপ্নে দেখেছি, আমরা মক্কার নিকটে পৌঁছলে একটি কুরু হাঁপাতে হাঁপাতে বের হয়ে এল।

আমরা তার কাছে পৌঁছলে সে চিৎ হয়ে শুয়ে পড়ল। আমি দেখলাম, তার স্তন থেকে দুধ বের হচ্ছে। ভূয়ৰ (সা:) বললেনঃ তাদের কুরুর চলে গেছে এবং দুধও এসে গেছে। তারা তোমার কাছে স্বজন তোষণের আবেদন করবে এবং তুমি তাদের কতকের মোকাবিলা করবে। যদি তুমি আবু সুফিয়ানের মুখোমুখি হয়ে যাও, তবে তাকে হত্যা করবে না। আবু সুফিয়ান ও হাকামের সাথে আমাদের মোকাবিলা হল।

মুসিলিম, তায়ালেসী ও বায়হাকী হয়রত আবু হুরায়রা (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, মক্কা বিজয়ের দিন আনছারগণ বলাবলি করলেনঃ রসূলুল্লাহ (সা:) আপন শহর ও আপন বংশের প্রতি দয়াদুর্দ হয়ে গেছেন। আবু হুরায়রা (রা:) বলেনঃ এ সময় ওহী আসতে শুরু করল। যখন ওহী আসত, তখন আমরা জানতে পারতাম। ওহী নাখিল হওয়ার সময় পর্যন্ত কেউ তাঁর দিকে দৃষ্টি তুলে তাকাতে পারত না।

যখন ওহী সমাপ্ত হল, তখন রসূলুল্লাহ (সা:) বললেনঃ হে আনছারগণ! তোমরা বলেছ যে, তাঁর মনে আপন শহরের প্রতি মহবত এবং আপন গোত্রের প্রতি দয়া সৃষ্টি হয়ে গেছে। কথনই নয়। তোমরা যা মনে করছ, তা কথনই হবে না। আমি তো আল্লাহর বার্তাবাহক ও রসূল। আমার জীবন মরণ তোমাদের সঙ্গে রয়েছি। আমি তোমাদেরকে কিরূপে ত্যাগ করতে পারিঃ

এ কথা শুনে আনছারগণ ভাবের আতিশয়ে কাঁদুতে লাগলেন। অতঃপর বিনয় সহকারে বললেনঃ আল্লাহর কসম, আল্লাহ ও তাঁর রসূলের মহবতের তাগিদে এ কথাটি আমাদের মুখ থেকে বের হয়ে পড়েছে। কোন মন্দ খেয়ালের বশবর্তী হয়ে নয়। রসূলে আকরাম (সা:) বললেনঃ আল্লাহ ও তাঁর রসূল তোমাদের ভাবাবেগ সম্পর্কে ওয়াকিফহাল এবং তোমাদের ওয়র কবুল করেন।

ইবনে সাদ আবু ইসহাক সুবাইয়ী থেকে রেওয়ায়েত করেন যে, যুলজৌশন কেলাবী রসূলুল্লাহ (সা:)-এর কাছে এলে তিনি তাকে বললেনঃ তোমার ইসলাম গ্রহণে বাধা কিসের? সে বললঃ আপনার কওম কোরায়শ আপনার প্রতি মিথ্যারোপ করেছে, দেশ থেকে বহিকার করেছে এবং আপনার সঙ্গে যুদ্ধে লিঙ্গ হয়েছে। এখন আমি ভাবছি, যদি আপনি তাদের বিরুদ্ধে বিজয়ী হন, তবে আমি আপনার প্রতি ইমান আনব এবং আপনার অনুসরণ করব। পক্ষান্তরে যদি তারা বিজয়ী হয়, তবে আমি আপনার অনুসরণ করব না।

রসূলে আকরাম (সা:) বললেনঃ হে যুলজৌশন, যদি তুমি কিছুদিন জীবিত থাক, তবে ইনশাআল্লাহ অতি সত্ত্ব আমার বিজয় প্রত্যক্ষ করবে।

যুলজৌশন বর্ণনা করেন- আমি খরবিয়া নামক স্থানে অবস্থান কালে মক্কার দিক থেকে জনেক উদ্ধারোহী আগমন করল। আমি তাকে জিজ্ঞাসা করলামঃ মক্কার খবর কি? সে বললঃ মোহাম্মদ (সা:) মক্কাবাসীদের বিরুদ্ধে সুস্পষ্ট বিজয় অর্জন করেছেন। তখন আমি অনুভব করলাম যে, এ পর্যন্ত ইসলাম থেকে দূরে অবস্থান করে আমি মূর্খতারই পরিচয় দিয়েছি।

হাকেম ও বায়হাকী আবু মসউদ (রা:) থেকে রেওয়ায়েত করেন যে, মক্কা বিজয়ের দিন রসূলুল্লাহ (সা:)-এর সাথে কথা বলার সময় এক ব্যক্তি থর থর করে কাঁপছিল। তিনি তাকে বললেনঃ সহজ হও। আমি ও একজন কোরায়শী মহিলার সন্তান, যিনি অনেক সময় গোশতের শুটকি থেয়েও জীবন ধারণ করতেন।

এক রেওয়ায়েত আছে- আমি তো কোন বাদশাহ নই।

বায়হাকী ও আবু নবীম হয়রত ইবনে ওমর'(রা:) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) যখন মক্কায় প্রবেশ করলেন, তখন সেখানে তিনশ ঘাটটি মূর্তি দেখতে পেলেন। তিনি প্রত্যেকটি মূর্তির দিকে ছড়ি দিয়ে ইশারা করলেন এবং বললেন- সত্য এসে গেছে এবং বাতিল অপসৃত হয়েছে। বাতিল অপসৃত হওয়ারই বিষয়। তিনি যে মূর্তির দিকেই ইশারা করতেন, সেটিই ছড়ি স্পর্শ করা ব্যতিরেকেই আপনা-আপনি ভূমিসাং হয়ে যেত।

আবু নয়ীম হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) মক্কা বিজয়ের দিন ছড়ি হাতে দণ্ডয়মান হলেন। তখন বায়তুল্লাহর আশেপাশে তিনশ ষাটটি প্রতিমা রাখা ছিল। পৌত্রলিকেরা এগুলোকে সীসা ও তামা গলিয়ে স্থাপন করে রেখেছিল। তিনি যখনই হাতের ছড়ি কোন প্রতিমার দিকে উত্তোলন করতেন, তখনই সেটি আপনা-আপনি ভূমিস্যাং হয়ে যেত। রসূলে করীম (সাঃ) তখন আল্লাহর এই বাণী উচ্চারণ করতেন :

جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ إِنَّ الْبَاطِلَ كَانَ زُهْوًا

সত্য এসে গেছে এবং বাতিল অপসৃত হয়েছে। নিচ্য বাতিল অপসৃত হওয়ারই বিষয়।

এ সম্পর্কেই তামীম ইবনে আসাদ খুয়ায়ী এই কবিতা বলেছেন, যে ব্যক্তি প্রতিমার কাছে ছোয়াব অথবা শাস্তির আশা রাখে, তার জন্যে প্রতিমাদের মধ্যে শিক্ষা ও জ্ঞান আছে।

ইবনে আসাকির হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মক্কা বিজয়ের সময় এক রাতে মক্কার নিকটবর্তী হয়ে রসূলুল্লাহ (সাঃ) বলেন : কোরায়শের মধ্যে এমন চার ব্যক্তি আছে, যারা শিরক থেকে অনেকটি মুক্ত এবং সকলের চেয়ে বেশি ইসলামের প্রতি আগ্রহশীল। তাঁকে প্রশ্ন করা হলঃ ইয়া রসূলুল্লাহ! তারা কারা?

তিনি বললেন : ইতাব ইবনে ওসায়দ, জুবায়ব ইবনে মুতয়িম, হাকীম ইবনে হেয়াম এবং সুহায়ল ইবনে আমর।

হাকেমের রেওয়ায়েতে হ্যরত আলী (রাঃ) বলেনঃ রসূলুল্লাহ (সাঃ) আমাকে সঙ্গে নিয়ে গেলেন। বায়তুল্লায় পৌছে আমাকে বললেন : বসে যাও। আমি কা'বা প্রাচীরের এক পার্শ্বে বসে গেলাম। রসূলুল্লাহ (সাঃ) আমার কাঁধে আরোহণ করে বললেন : দাঁড়িয়ে যাও। আমি তাঁকে বহন করে দাঁড়িয়ে গেলাম। তিনি আপন পায়ের নিচের দিকে দুর্বলতা অনুভব করে বললেন : আলী, তুমি আমার কাঁধে আরোহণ কর। আমি আরোহণ করলে তিনি আমাকে নিয়ে দাঁড়িয়ে গেলেন। তখন আমরে মনে হচ্ছিল যেন আমি ইচ্ছা করলেই আকাশের প্রান্ত স্পর্শ করতে পারি। আমি কা'বার ছাদে আরোহণ করলাম এবং রসূলুল্লাহ (সাঃ) আলাদা হয়ে গেলেন। তিনি বললেন : কোরায়শদের প্রতিমাই হচ্ছে কাফেরদের সর্ববৃহৎ প্রতিমা, সেটি ভূমিস্যাং করে দাও।

কোরায়শদের প্রতিমাটি ছিল তাত্ত্বনির্মিত। এটি লোহার পেরেগ দ্বারা মজবুতভাবে স্থাপন করা হয়েছিল। পেরেগগুলো মাটি পর্যন্ত প্রোথিত ছিল। রসূলে

করীম (সাঃ) আমাকে বললেন : এটি ভূমিস্যাং করার কৌশল কর; অর্থাৎ বল যে, সত্য এসে গেছে এবং বাতিল অপস্যমান।

সেমতে আমি সেটি উপড়ানোর তদবীর করতে লাগলাম। অবশেষে আমি সক্ষম হয়ে গেলাম। প্রতিমাটি ভূমিস্যাং হয়ে ভেঙ্গে খান খান হয়ে গেল।

ইবনে সা'দের রেওয়ায়েতে হ্যরত আববাস (রাঃ) বলেন : মক্কা বিজয়ের দিন শহরে প্রবেশ করে রসূলুল্লাহ (সাঃ) আমাকে বললেন : চাচা, তোমার দুই ভ্রাতুপ্পত্র ও তুম ইবনে আবী লাহাব ও মা'তাব ইবনে আবী লাহাব কোথায়? আমি আরয করলাম। যে সকল কোরায়শ দূরে পালিয়ে গেছে, তারাও তাদের সাথে চলে গেছে। তিনি বললেন : তাদেরকে আমার কাছে আন।

আমি উটে সওয়ার হয়ে আরনা পর্যন্ত গেলাম এবং তাদেরকে নিয়ে এলাম। রসূলুল্লাহ (সাঃ) তাদেরকে ইসলামের দাওয়াত দিলেন। তারা ইসলাম গ্রহণ করে ধন্য হল। তারা বয়াতও করল। এরপর হ্যুর (সাঃ) তাদেরকে হাত ধরে মুলতায়াম পর্যন্ত নিয়ে এলেন এবং কিছুক্ষণ পর্যন্ত দোয়া করে হাসিখুশী ফিরে এলেন। তাঁর চোখে মুখে আনন্দের চিহ্ন পরিস্কৃত ছিল। আমি আরয করলামঃ ইয়া রসূলুল্লাহ! আল্লাহ আপনাকে সদা প্রফুল্ল রাখুন, আমি আপনার মুখমণ্ডলে আনন্দের চিহ্ন দেখতে পাচ্ছি। তিনি বললেন : আমি পরওয়ারদেগারের কাছে আমার এই চাচাত আত্মকে চেয়েছিলাম। তিনি আমাকে দিয়ে দিলেন।

তিবরানী 'আওসাতে' হ্যরত আবু সায়দ খুদরী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সাঃ) মক্কাবিজয়ের দিন বললেন : এটা সেই বিজয়, যার ওয়াদা আল্লাহ পাক আমাকে দিয়েছিলেন। অতঃপর তিনি তেলাওয়াত করলেন :

إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ

(যখন আল্লাহর সাহায্য ও বিজয় আসবে)।

আবু ইয়ালা হ্যরত ইবনে আববাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যখন মক্কা জয় করলেন, তখন ইবলীস বুকফাট বিলাপে ভেঙ্গে পড়লো। তার কাছে তার চেলাচামুণ্ডারা সমবেত হলে সে বলল : আজিকার পর তোমরা আর আশা করোনা যে, উচ্চতে-মোহাম্মদীকে শিরকের দিকে ফিরিয়ে দিতে পারবে।

বায়হাকী ইবনে আবয়া থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যখন মক্কা জয় করলেন, তখন এক কৃষ্ণাঙ্গী বৃক্ষ এলোকেশী নারী আগমন করল। সে তার মুখ মণ্ডল আঁচড়াচ্ছিল এবং অভিশাপ দিয়ে যাচ্ছিল। আরয করা হল : ইয়া রসূলুল্লাহ! আমরা এক কৃষ্ণাঙ্গী বৃক্ষকে দেখেছি। সে নিজের মুখমণ্ডল আঁচড়াচ্ছে

এবং ধ্রংস ও বিনাশ আহ্বান করছে। রসূলুল্লাহ (সা:) বললেন : সে হচ্ছে ‘নায়েলা’ প্রতিমার প্রতিচ্ছবি। সে হতাশ হয়ে গেছে যে, তোমাদের এই জনপদে কখনও তার পূজাপাট করা হবে!

ইবনে সা'দ, তিরমিয়ী, হাকেম, ইবনে হাবৰান, দারেকুতনী ও বায়হাকীর রেওয়ায়েতে হারেছে ইবনে মালেক বলেন : আমি মক্কা বিজয়ের দিন রসূলুল্লাহ (সা:) -কে বলতে শুনেছি, আজিকার পরে কিয়ামত পর্যন্ত কখনও এই শহরকে জেহাদের ময়দানে পরিণত করা হবে না।

ইমাম বায়হাকী বলেন : এই উক্তির অর্থ এই যে, মক্কাবাসীরা কখনও কুফরে ফিরে যাবে না। ফলে তাদের বিরুদ্ধে জেহাদও করতে হবে না। সেমতে তাই হয়েছে।

মুসা ইবনে দাউদ ও ইবনে লুহাইয়ার রেওয়ায়েতে হ্যরত মুতী বলেন : আমি মক্কা বিজয়ের দিন রসূলুল্লাহকে (সা:) বলতে শুনেছি, আজিকার পরে কিয়ামত পর্যন্ত কোন কোরায়শীকে বন্দী অবস্থায় হত্যা করা হবে না।

ইমাম বায়হাকী বলেন : এই উক্তির অর্থ এই যে, কোরায়শোরা সকলেই মুসলমান হয়ে যাবে। কোন কোরায়শীকে কুফরের কারণে হত্যা করা হবে না।

ইবনে সা'দের রেওয়ায়েতে হ্যরত আবু হৱায়রা (রাঃ) বলেনঃ মক্কা বিজয়ের দিন আকাশে ধোঁয়া ছিল এবং দিনটি ছিল আল্লাহ তায়ালার এই উক্তির প্রতীকঃ

يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُّبِينٍ

যেদিন আকাশ সুস্পষ্ট ধূমে আচ্ছাদিত হবে।

ইবনে আবী হাতেম বলেনঃ আল্লাহর ফরমান,

يَوْمَ تَأْتِي السَّمَاءُ بِدُخَانٍ مُّبِينٍ

এর তফসীর প্রসঙ্গে আল মরজ বলেনঃ এটা ছিল মক্কা বিজয়ের দিন।

বায়হাকী ও আবু নফীয় হ্যরত আবু তোফায়ল থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সা:) যখন মক্কা জয় করলেন, তখন হ্যরত খালিদ ইবনে ওলী-বকে নখলায় প্রেরণ করলেন। নখলায় ‘ওয়ায়া’ নামক প্রতিমাটি স্থাপিত ছিল। তিনটি পেরেগের উপর প্রতিমাটি প্রতিষ্ঠিত ছিল। খালিদ সেখানে যেয়ে পেরেগগুলো কেটে দিলেন এবং তার উপর নির্মিত গৃহ বিধ্বন্ত করে দিলেন। অতঃপর তিনি রসূলুল্লাহ (সা:) এর স্মারক এসে তাঁকে অবহিত করলেন। হ্যুর (সা:) বললেনঃ

তুমি কিছুই করনি। তুমি আবার সেখানে যাও। হ্যরত খালিদ আবার গেলেন। তাকে পুনরায় আসতে দেখে ওয়ায়ার পূজারীরা পালিয়ে পাহাড়ে আশ্রয় নিল। তারা বলছিল : হে ওয়ায়া! তুমি তাকে অঙ্ক করে দাও। নতুনা তুমি নিজেই লাঞ্ছিত হয়ে মরে যাও।

হ্যরত খালিদ বর্ণনা করেন, অকস্মাৎ আমি একজন উলঙ্গ এলোকেশী নারীকে দেখলাম। সে নিজের মাথায় মাটি নিষ্কেপ করছিল। তিনি মাথায় তরবারির আঘাত করে ওকে হত্যা করলেন। অতঃপর রসূলুল্লাহ (সা:) -এর কাছে এসে তাঁকে অবহিত করলেন। হ্যুর (সা:) বললেনঃ এই নারী ছিল ওয়ায়া।

ইবনে সা'দ সায়ীদ ইবনে আমর হৃষ্যালী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সা:) যখন মক্কা জয় করলেন, তখন দ্বীয় লশকরকে বিভিন্ন দিকে ছড়িয়ে দিলেন। তিনি খালিদ ইবনে ওলী-বকে প্রেরণ করলেন ওয়ায়া প্রতিমাটি বিধ্বন্ত করার জন্যে। খালিদ ওয়ায়ার কাছে যেয়ে তরবারি উত্তোলন করতেই হঠাৎ এক কৃষ্ণকায়া, উলঙ্গ দেহ, এলোকেশী নারী তাঁর দিকে তেড়ে এল। হ্যরত খালিদ তরবারির আঘাতে ওটিকে দ্বিখণ্ডিত করে দিলেন। এরপর তিনি রসূলুল্লাহ (সা:) -এর কাছে এসে ঘটনা বিবৃত করলেন। তিনি এরশাদ করলেনঃ হ্যা, এই নারীই ছিল ওয়ায়া। তোমাদের এই জনপদে যে আর কোন কালেই ওর উপাসনা অর্চনা হবে না এরূপ নিশ্চিত দেখেই সে এরূপ বেপরোয়া হয়ে আত্মপ্রকাশ করেছিল।

ওয়াকেদী তাঁর ওস্তাদগণ থেকে বর্ণনা করেন যে, মক্কা বিজয়ের পর রসূলুল্লাহ (সা:) যায়দ আশহালকে প্রেরণ করলেন ‘মানাত’ প্রতিমাটি ধ্রংস করার জন্যে। মানাত প্রতিমার মন্দির ছিল মুশাল্লাম নামক স্থানে। যায়দ বিশজন অশ্বারোহী নিয়ে রওয়ানা হলেন। সেখানে পৌছার পর মানাতের সেবকরা বললঃ তোমার ইচ্ছা কি? যায়দ বললেনঃ মানাত প্রতিমা বিধ্বন্ত করার ইচ্ছা রাখি। সেবকরা বললঃ হ্যা, তুমি আর মানাত!

যায়দ মানাতের দিকে অগ্সর হতে লাগলেন। হঠাৎ একটি কৃষ্ণকায়া এলোকেশী নারী তাঁর দিকে তেড়ে এল। সে ক্রমাগত অভিশাপের বানী উচ্চারণ করছিল এবং নিজের বুকে করাঘাত করছিল। পূজারীরা বললঃ হে মানাত! কিছু ক্রোধ প্রদর্শন কর।

হ্যরত যায়দ তরবারির এক আঘাতে সেই নারীকে হত্যা করলেন এবং প্রতিমার দিকে এগিয়ে চললেন, অতঃপর সেটি মাটিতে মিশিয়ে দিলেন।

ইবনে সাদ, বায়হাকী ও ইবনে আসাকির আবু ইসহাক সুফিয়ান থেকে রেওয়ায়েত করেন যে, মক্কা বিজয়ের পর আবু সুফিয়ান ইবনে হরব বসে বসে এই বলে বিড়বিড় করছিল যে, হায়! যদি আমি মোহাম্মদের মোকাবিলার জন্যে একটি বড় সৈন্যদল গঠন করতাম! ইত্যবসরে রসূলুল্লাহ (সাঃ) তার উভয় কাঁধে করাঘাত করে বললেন : তুমি এরূপ করলে আল্লাহ তায়ালা তোমাকে লাক্ষিত করে দিতেন। আবু সুফিয়ান মাথা তুলতেই রসূলুল্লাহ (সাঃ)-কে মাথার কাছে দণ্ডায়মান দেখতে পেলেন। আবু সুফিয়ান বললেন : এই মুহূর্তে আমি আপনার নবুওয়তে বিশ্বাসী ছিলাম না। নিঃসন্দেহে আমি মনে মনে এসব কথা বলেছি।

বায়হাকী ও ইবনে আসাকির হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, আবু সুফিয়ান দেখলেন, রসূলুল্লাহ (সাঃ) যাচ্ছেন এবং পিছনে বহু লোকজন তাঁকে অনুসরণ করছে। আবু সুফিয়ান মনে মনে বলতে লাগলেন : হায়! আমি যদি এই ব্যক্তির সাথে পুনরায় যুদ্ধ করতাম! অতঃপর রসূলুল্লাহ (সাঃ) এলেন এবং নিজের পবিত্র হাতে আবু সুফিয়ানের বুক স্পর্শ করে বললেন : তাহলে আল্লাহ তোমাকে অপদন্ত করে দিতেন।

আবু সুফিয়ান বললেন : আমি মনে মনে যে কথা বলেছি, তার জন্যে আল্লাহর কাছে তওবা ও এন্টেফার করছি।

বায়হাকী, ইবনে আসাকির ও আবু নয়ীম হ্যরত সায়ীদ ইবনে মুসাইয়ির (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মক্কা বিজয়ের সময় সাহাবায়ে-কেরাম রাতের বেলায় শহরে প্রবেশ করেন এবং সকাল পর্যন্ত সকলেই তকবীর, তাহলীল ও তওয়াফে ব্যাপ্ত থাকেন। এ সময় আবু সুফিয়ান তার স্ত্রী হিন্দাকে বলেন : দেখতে পাচ্ছ, এটা আল্লাহর পক্ষ থেকে। এরপর সকালে আবু সুফিয়ান রসূলুল্লাহর (সাঃ)-এর খেদমতে হায়ির হলে তিনি এরশাদ করলেন : তুমি হিন্দাকে বলেছ- দেখতে পাচ্ছ, এটা আল্লাহর পক্ষ থেকে। ঠিকই এই বিজয় আল্লাহর পক্ষ থেকে। আবু সুফিয়ান বললেন : আমি সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর বান্দা ও রসূল। খোদার কসম, আমার এ কথা আল্লাহ ও হিন্দা ছাড়া কেউ শুনেনি।

ওকায়লী ও ইবনে আসাকির হ্যরত ইবনে আবাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বায়তুল্লায় তওয়াফরত অবস্থায় আবু সুফিয়ানের দেখা পান। তিনি আবু সুফিয়ানকে বললেন : তোমার ও হিন্দার মধ্যে এইসব কথা হয়েছে। আবু সুফিয়ান মনে মনে বললেন : হিন্দা আমার গোপন কথা ফাঁস করে দিয়েছে। আমি তাকে শাস্তি দিব। তওয়াফ শেষে রসূলুল্লাহ (সাঃ) আবু সুফিয়ানের সাথে দেখা করে বললেন : আবু সুফিয়ান! হিন্দাকে এ ধরনের কোন কথা বলবে

না। কেননা, হিন্দা তোমার কোন গোপন কথা ফাঁস করেনি। আবু সুফিয়ান বললেন : আমি সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর রসূল।

ইবনে সাদ, ইবনে আসাকির ও হারেছ ইবনে আবী উমামা স্বীয় মসনদে হ্যরত আবদুল্লাহ ইবনে আবী বকর ইবনে হ্যম থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) বাইরে চলে গেলেন এবং আবু সুফিয়ান মসজিদে বসে মনে মনে বললেন : মোহাম্মদ (সাঃ) কেন যে বিজয়ী হলেন, তা আমি বুঝি না। অতঃপর রসূলুল্লাহ (সাঃ) তার কাছে এলেন এবং বুকে হাত মেরে বললেন : আল্লাহ তায়ালাৰ সমর্থনের কারণে তোমাদের বিরুদ্ধে জয়লাভ করেছি। আবু সুফিয়ান বললেন : আমি সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর রসূল।

বুখারী ও মুসলিম হ্যরত আবু শুরায়হ আদভী (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সাঃ) মক্কা বিজয়ের দিন দণ্ডায়মান হয়ে এরশাদ করলেন : আল্লাহ তায়ালা মক্কাকে সম্মানিত ও নিষিদ্ধ করেছেন- মানুষ তা করেনি। সুতরাং যে ব্যক্তি আল্লাহ ও কিয়ামত দিবসের প্রতি দ্বিমান রাখে, তার জন্যে মক্কায় রক্তপাত সংঘটিত করা অথবা মক্কার বৃক্ষ কর্তন করা জায়েয নয়। যদি কোন ব্যক্তি আল্লাহর রসূলের যুদ্ধ করার কারণে এখানে যুদ্ধ করাকে বৈধ মনে করে, তবে তাকে বলে দাও যে, আল্লাহ তাঁর রসূলকে অনুমতি দিয়েছেন- তোমাদেরকে অনুমতি দেননি। আমাকেও কেবল দিনের এক মুহূর্তের জন্যে অনুমতি দেয়া হয়েছে। আজ মক্কার নিষিদ্ধতা তেমনি বহাল হয়ে গেছে, যেমন কাল ছিল।

বুখারী ও মুসলিম হ্যরত আবু হুরায়রা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) এরশাদ করেছেন, আল্লাহ তায়ালা মক্কা থেকে ‘আচ্ছাবে-ফীল’ তথা হঙ্গীবাহিনীকে প্রতিহত করে দেন এবং স্বীয় রসূল ও মুমিনগণকে এখানে প্রবেশের পথ উন্মুক্ত করে দেন। সাবধান! মক্কা আমার পূর্বে কারও জন্যে হালাল ছিল না এবং আমার পরে কারও জন্যে হালাল হবে না। আমার জন্যেও কেবল দিনের এক মুহূর্তের জন্যে হালাল হয়েছে।

ইবনে সাদের রেওয়ায়েতে হ্যরত ওছমান ইবনে তালহা (রাঃ) বলেন : রসূলুল্লাহ (সাঃ) হিজরতের পূর্বে মক্কায় আমার সাথে মিলিত হন এবং আমাকে ইসলামের দাওয়াত দেন। আমি বললামঃ মোহাম্মদ! আমি অবাক যে, আপনি চান আমি আপনার অনুসরণ করি! অথচ আপনি স্বগোত্রের বিরোধিতা করেছেন এবং একটি নতুন দীন নিয়ে আগমন করেছেন।

আমরা ইতিপূর্বে সোমবার ও বৃহস্পতিবার বায়তুল্লাহর দ্বার খুলতাম। একদিন রসূলুল্লাহ (সাঃ) এলেন এবং মানুষের সাথে ভিতরে প্রবেশ করতে লাগলেন। আমি

কঠোর ভাষায় তাঁকে ভিতরে প্রবেশে বাধা দিলাম। কিন্তু তিনি আমার সাথে সহনশীল আচরণ করলেন এবং বললেন : আশা করি একদিন তুমি এই চাবি আমার হাতে দেখবে। তখন আমি যার হাতে ইচ্ছা, চাবি দিয়ে দিব। আমি বললাম : তাহলে কোরায়শ ধৰ্স ও লাঞ্ছিত হয়ে যাবে? তিনি বললেন : সেদিন কোরায়শ থাকবে এবং সসম্মানে থাকবে। একথা বলার পর তিনি বায়তুল্লাহর ভিতরে চলে গেলেন।

তাঁর এ উক্তি আমার মনে গভীর দাগ কাটলো। আমি বিশ্বাস করে নিলাম যে, তিনি যেমন বলেছেন, তেমনি হবে। সেমতে আমি ইসলাম গ্রহণের সংকল্প করলাম। এ জন্যে আমার গোত্র আমাকে খুব শাসাল। এরপর মক্কা বিজয়ের দিন হ্যুর (সাঃ) আমাকে বললেন : ওছমান! বায়তুল্লাহর চাবি আন। আমি চাবি নিয়ে এলাম। তিনি চাবি হাতে নিলেন এবং আমাকে দিয়ে দিলেন, অতঃপর বললেন : চিরকালের জন্যে এই চাবি নিয়ে নাও। জানেম ছাড়া কেউ এ চাবি তোমার কাছ থেকে ছিনিয়ে নিবে না। আমি যখন পিঠ ঘুরিয়ে সেখান থেকে রওয়ানা হলাম, তখন হ্যুর (সাঃ) আমাকে ডাক দিলেন। আমি তাঁর কাছে ফিরে এলে তিনি বললেন : মনে আছে আমি একদিন তোমাকে কি বলেছিলাম? আমার সেই কথা মনে পড়ে গেল, যা হিজরতের পূর্বে মক্কায় তিনি আমাকে বলেছিলেন। তিনি বলেছিলেন, ওছমান! অচিরেই তুমি এই চাবি আমার হাতে দেখতে পাবে। তখন আমি যার হাতে ইচ্ছা, এ চাবি তুলে দিব। তিনি আমাকে জিজ্ঞাসা করলেন : কি বল, আমার কথা বাস্তবে পরিণত হয়েছে কি না? আমি আরয করলাম : নিঃসন্দেহে ঘটনা তাই। আমি সাক্ষ্য দেই যে, আপনি আল্লাহর রসূল।

যুহুরী বর্ণনা করেন, খুয়ায়মা ইবনে হাকীম আসলামী একবার হ্যরত খাদীজা (রাঃ)-এর কাছে এলেন এবং মোহাম্মদ (সাঃ)-এর প্রতি অকৃত্রিম ভালবাসা প্রকাশ করে বললেন :

: মোহাম্মদের মধ্যে আমি এমন অনেক গুণ দেখতে পাই, যা অন্য কারও মধ্যে দেখি না। তিনি আপন বংশের মধ্যে মহৎ এবং অত্যধিক বিশ্বস্ত ব্যক্তি। তাঁর প্রতি মানুষের মহৱত দেখে আমি বিশ্বিত হই। আমি মনে করি, তিনি সেই নবী, যিনি তেহামায় (মক্কায়) আবির্ভূত হবেন।

রসূলুল্লাহ (সাঃ) তাকে বললেন : আমি মোহাম্মদ আল্লাহর রসূল।

খুয়ায়মা বললেন : আমি সাক্ষ্য দেই যে, আপনি সত্যবাদী। অতঃপর তিনি নিজের দেশে চলে গেলেন এবং বলে গেলেন : ইয়া রসূলুল্লাহ! যখন আমি

আপনার আবির্ভাবের সংবাদ পাব, তখনই আপনার খেদমতে হার্ষির হয়ে যাব। অতঃপর খুয়ায়মা মক্কা বিজয়ের দিন উপস্থিত হন।

হ্যায়ন যুদ্ধ

বুখারী ও মুসলিমের রেওয়ায়েতে বর্ণিত আছে যে, বারা ইবনে আয়েব (রাঃ)-কে জিজ্ঞাসা করা হল : আপনি হ্যায়ন যুদ্ধে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছ থেকে পালিয়েছিলেন? হ্যরত বারা বললেন : কিন্তু রসূলুল্লাহ (সাঃ) পলায়ন করেননি। হাওয়ায়েনের লোকজন ছিল দক্ষ তীরন্দাজ। আমরা যখন তাদের উপর আক্রমণ করলাম, তখন তারা পরাজিত হয়ে পলায়ন করল। সাহাবীগণ গণীয়ত সংগ্রহে মেতে উঠলেন। তখন তারা আমাদের উপর অজস্র ধারায় তীরবর্ষণ করতে লাগল। এতে মুসলিম বাহিনী পরাজয়বরণ করল। আমি সেদিন রসূলুল্লাহ (সাঃ)-কে দেখলাম যে, আবু সুফিয়ান তাঁর খচরের লাগাম ধারণ করে আছেন এবং তিনি বলছেন,

أَنَّ النَّبِيُّ لَا كَذِبٌ - أَنَّابْنُ عَبْدِ الرَّحْمَنِ

আমি নবী। মিথ্যা নয়। আবদুল মুতালিবের রক্ত আমার ধমনীতে প্রবহমান।

মুসলিম, আবু উয়ায়না ও নাসায়া হ্যরত আবরাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) হ্যায়ন যুদ্ধে কয়েকটি কংকর হাতে নেন এবং কাফেরদের মুখমণ্ডলের উদ্দেশ্যে নিক্ষেপ করেন। অতঃপর তিনি বললেন : পরওয়ারদেগারের কসম, কাফেররা পরাজিত হয়েছে। তাঁর কংকর নিক্ষেপের পর আমি লক্ষ্য করলাম কাফেরদের জোর বহুলাংশে হ্রাস পেয়েছে এবং তাদের ব্যাপারটির কায়া পলট হয়ে গেছে।

মুসলিম সালামাহ ইবনে আকওয়া (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, হ্যায়ন যুদ্ধে যখন মুশরিকরা রসূলুল্লাহ (সাঃ)-কে ঘিরে ফেলল, তখন তিনি খচর থেকে অবতরণ করলেন এবং এক মুষ্টি মাটি হাতে তুলে মুশরিকদের মুখের প্রতি নিক্ষেপ করলেন। তিনি বললেন : শক্রের মুখ লাঞ্ছিত হোক। সে মতে এমন কোন লোক ছিল না, যার চোখ এই মাটিতে ভরে না গিয়েছিল। অতঃপর তারা পৃষ্ঠ প্রদর্শন করে পালিয়ে গেল।

ওবায়দ ইবনে হুমায়দ ও বায়হাকীর রেওয়ায়েতে এয়ামিদ ইবনে আমের বর্ণনা করেন যে, তাকে সেই ভয়ভীতির পরিস্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করা হয়, যা হ্যায়ন যুদ্ধে আল্লাহ তায়ালা মুশরিকদের অন্তরে জাগরুক করে দিয়েছিলেন। জবাবে

এয়াখিদ কংকর হাতে নিয়ে বড় বাসনে ফেলতেন, ফলে তাতে আওয়াজ সৃষ্টি হত। অতঃপর এয়াখিদ বলতেনঃ আমরা অন্তরে এমনি ধরনের আওয়াজ অনুভব করতাম।

বায়হাকী ও ইবনে আসাকির উষ্মে বরছনের মুক্ত ক্রীতদাস আবদুর রহমান থেকে রেওয়ায়েত করেন যে, হনায়নে উপস্থিত ছিল এমন এক মুশরিক বলে-মুসলমানদের সাথে আমাদের মোকাবিলা হলে তারা ততক্ষণও চিকে থাকতে পারল না যতক্ষণে একটি ছাগলকে দোহন করা যায়। আমরা তাদের মুখ ফিরিয়ে দিলাম। আমরা যখন তাদের পশ্চান্দাবন করছিলাম, তখন হঠাত সাদা খচরের আরোহীকে দেখতে পেলাম। তিনি ছিলেন রসূলে করীম (সাঃ)। আমরা তাঁর কাছে শুন্মুক্ত সুন্দর লোকদেরকে দেখলাম। তিনি বললেনঃ শক্র লাঞ্ছিত হোক। ফিরে যাও। আমরা ফিরে এলাম। অতঃপর আমরা পরাজিত হলাম।

ইবনে ইসহাক, আবু নয়ীম ও বায়হাকীর রেওয়ায়েতে জুবায়র ইবনে মুতায়িম বলেনঃ আমি হনায়ন যুদ্ধে রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে ছিলাম। সাহাবায়ে কেরাম লড়াইরত ছিলেন। হঠাত আমি কাল চাদরের মত একটি বস্তু দেখলাম, যা আকাশ থেকে নেমে আমাদের লশকরের মধ্যে পতিত হল। এরপর আমরা বিক্ষিপ্ত পিপৌলিকায় উপত্যকা ভরে যেতে দেখলাম। অতঃপর কাফেরদের পরাজয় ছাড়া কিছুই অবশিষ্ট ছিল না। আমরা এ বিষয়ে সন্দেহ করি না যে, তারা ছিল ফেরেশতা।

ইবনে সাদ ও ইবনে আসাকির আবদুল মালেক ইবনে ওবায়দ প্রমুখ থেকে রেওয়ায়েত করেন যে, শায়বা ইবনে ওছমান স্থীয় ইসলাম ঘরগের কাহিনী বর্ণনা প্রসঙ্গে বলেনঃ নবী করীম (সাঃ) যখন বিজয়ীবেশে মকাব প্রবেশ করলেন, তখন আমি মনে মনে বললাম, আমি কোরায়শদের সাথে হাওয়ায়েনবাসীদের সাহায্যার্থে হনায়ন যাব। কোরায়শ ও হাওয়ায়েনের সম্মিলিত বাহিনীর যুদ্ধ আসন্ন। যদি আমি যুদ্ধের চরম মুহূর্তে মোহাম্মদের বিরুদ্ধে সফল হয়ে যাই, তবে আমি হব সকল কোরায়শের পক্ষ থেকে প্রতিশোধ গ্রহণকারী। আমি মনে মনে আরও বললামঃ যদি আরব ও অন্যান্যের মধ্য থেকে একটি লোকও অবশিষ্ট না থাকে এবং সকলেই মোহাম্মদের অনুসরী হয়ে যায়, তবুও আমি তাঁর অনুসরণ করব না।

সে মতে আমি যে ইচ্ছা নিয়ে হনায়নে শরীক হয়েছিলাম, সেই সুযোগের অপেক্ষায় রইলাম। আমার এই ইচ্ছা আমার মনে অত্যন্ত সুন্দর হয়ে যাচ্ছিল। মোকাবিলা শুরু হলে রসূলুল্লাহ (সাঃ) নিজের খচর থেকে নামলেন। আমি তরবারি উত্তোলন করলাম এবং তাঁকে হত্যা করার উদ্দেশ্যে তাঁর কাছে গেলাম।

তরবারি তুলে যেই তাঁকে আঘাত করব, অমনি বিদ্যুতের মত অগ্নি স্ফুলিঙ্গ আমার সম্মুখে অন্তরায় হয়ে গেল। অগ্নি স্ফুলিঙ্গ আমাকে জ্বালিয়ে দেয়ার উপক্রম হল। দৃষ্টিশক্তি রহিত হওয়ার আশংকায় আমি দুঃহাত দিয়ে দুই চোখ চেপে ধরলাম। রসূলুল্লাহ (সাঃ) আমার প্রতি মনোনিবেশ করলেন। তিনি ডাক দিলেনঃ শায়বা! আমার কাছে এস। আমি কাছে গেলে তিনি আমার বুকে হাত বুলিয়ে বললেনঃ পরওয়ারদেগুর! একে শয়তানের কবল থেকে বাঁচাও।

শায়বা বর্ণনা করেনঃ সেই মুহূর্তেই রসূলুল্লাহ (সাঃ) আমার কাছে আমার দৃষ্টিশক্তি, আমার শ্রবণশক্তি এবং আমার প্রাণের চেয়েও অধিক প্রিয় হয়ে গেলেন। আমার মধ্যে শক্তির যে আগুন ছিল, আল্লাহ তায়ালা তা দূর করে দিলেন। অতঃপর তিনি বললেনঃ কাছে এস এবং যুদ্ধ কর। আমি সম্মুখে অগ্সর হয়ে তাঁর দুশ্মনদেরকে তরবারি দিয়ে খতম করছিলাম। আল্লাহ জানেন আমি সবার চেয়ে বেশি আপন প্রাণের সাথে তাঁর হেফায়ত করাকেই পছন্দ করতাম। তখন যদি আমার মৃত পিতা জীবিত হয়ে আমার যুখোযুখি হত, তবে আমি তার উপরও হামলা করতে দ্বিধা করতাম না। এরপর হ্যুর (সাঃ) তাঁর তাবুতে চলে গেলেন। আমিও সঙ্গে গেলাম। তিনি বললেনঃ শায়বা! আল্লাহ তোমার ব্যাপারে যে ইচ্ছা করেছেন, তা তোমার মনে লুক্ষিয়ত ইচ্ছা অপেক্ষা উত্তম। এরপর তিনি সেইসব ইচ্ছা সম্পর্কে আমাকে অবহিত করলেন, যেগুলো আমি মনে মনে করেছিলাম। আমি সেসব ইচ্ছার কথা কথনও কারও কাছে ব্যক্ত করিনি। আমি আরয করলামঃ আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া কোন মাবুদ নেই এবং আপনি আল্লাহর রসূল। আমি আরও বললামঃ ইয়া রসূলুল্লাহ! আমার মাগফেরাতের জন্যে দোয়া করুন। তিনি বললেনঃ আল্লাহ তোমার মাগফেরাত করে দিয়েছেন।

আবুল কাসেম বগভী, বায়হাকী, আবু নয়ীম ও ইবনে আসাকির শায়বা ইবনে ওছমান (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ রসূলুল্লাহ (সাঃ) যখন হনায়নের যুদ্ধে অবতরণ করেন, তখন আমি আমার পিতা ও চাচাকে স্মরণ করলাম। তাদেরকে হ্যরত আলী ও হ্যরত হামযা (রাঃ) হত্যা করেছিলেন। আমি মনে মনে বললামঃ আজ মোহাম্মদের কাছ থেকে প্রতিশোধ নিয়ে ছাড়ব। আমি তাঁর কাছে এসে হ্যরত আব্বাসকে তাঁর ডান দিকে দেখলাম। আমি ভাবলাম আব্বাস তো তাঁর চাচা। তাঁকে ছেড়ে যাবে না। আমি তাঁর বাম দিকে এসে আবু সুফিয়ান ইবনে হারেছকে দেখলাম। আমি ভাবলাম আবু সুফিয়ান তাঁর চাচাত ভাই। তাঁর সঙ্গ ছাড়বে না। অতঃপর আমি তাঁর পিছন দিকে থেকে এলাম এবং একেবারে কাছে এসে গেলাম। যখন তরবারি দিয়ে আঘাত করতে কেন ব্যবধান রইল না,

তখন আমার সামনে বিদ্যুতের মত আগুনের স্ফুলিঙ্গ উথিত হল। আমি ভীত হয়ে পিছনে সরে এলাম। রসূলুল্লাহ (সা:) ঘুরে আমার দিকে দেখলেন এবং বললেন : শায়বা, এস। অতঃপর তিনি আমার বুকে হাত রাখলেন। আল্লাহ তায়ালা আমার মন থেকে শয়তান বের করে দিলেন। আমি তাঁর দিকে দৃষ্টিপাত করতেই তিনি আমার কাছে প্রাণাধিক প্রিয় হয়ে গেলেন। তিনি বললেনঃ কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ কর। এরপর হ্যুর আবাসকে বললেনঃ যে সকল মুহাজির বৃক্ষতলে আমার হাতে বয়াত করেছে এবং যে সকল আনছার মুহাজিরগণকে আশ্রয় দিয়েছে এবং সাহায্য করেছে, তাদের সকলকে ডেকে আন।

শায়বা বলেনঃ আনছারগণ যেরূপ দ্রুতবেগে হ্যুর (সা:)-এর কাছে এলেন, আমি তার তুলনা খুঁজে পাই না। তবে এটা বলা যায় যে, যেরূপ উট দ্রুতবেগে তার বাচ্চাদের কাছে যায়। সাহাবীগণ এত অধিক সংখ্যায় তাঁর কাছে জমায়েত হলেন যেন তিনি লোকারণ্যের মধ্যে আছেন। আনছারগণের বর্ণা রসূলুল্লাহ (সা:) এর এত বেশি নিকটে ছিল যে, ভয়াবহতার দিক দিয়ে সেগুলো কাফেরদের বর্ণ অপেক্ষা অধিক বিপজ্জনক ছিল। অতঃপর হ্যুর (সা:) বললেনঃ আবাস! আমাকে কিছু কংকর দাও। শায়বা বর্ণনা করেন, আল্লাহ তায়ালা খচরকে কথা বুঝার ক্ষমতা দান করেছিলেন। সে হ্যুর (সা:)-কে পিঠে নিয়ে মাটির দিকে ঝুঁকে পড়ল এবং তার পেট মাটিতে লেগে যাওয়ার উপক্রম হল। রসূলুল্লাহ (সা:) কংকর নিয়ে কাফেরদের মুখের উপর মারলেন এবং বললেনঃ

شَاهِتُ الْوُجُوهُ - حَمْ لَا يُنْصَرُونَ

তারা ধূংস হোক। তরা সাহায্যপ্রাপ্ত হবে না।

আবু নয়ীম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, মুসলমানরা হ্যায়ন যুদ্ধে পরাজয় বরণ করল। তখন রসূলুল্লাহ (সা:) 'দুলদুল' নামক সাদা খচের সওয়ার ছিলেন। তিনি বললেনঃ দুলদুল! মাটির সাথে মিশে যা। সে তার পেট মাটিতে লাগিয়ে দিল। রসূলুল্লাহ (সা:) এক মুষ্টি মাটি নিয়ে কাফেরদের মুখ লক্ষ্য করে ছুঁড়ে মারলেন এবং বললেনঃ লাইন্সেরুন - حَمْ لَا يُنْصَرُونَ তারা সাহায্যপ্রাপ্ত হবে না। এরপর সকল কাফের পলায়ন করল। আমরা না কোন তীর মারলাম, না কোন বর্ণ।

তায়েফ যুদ্ধ

যুবায়র ইবনে বাক্তার ও ইবনে আসাকির যায়ীদ ইবনে ওবায়দ শফকী থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেনঃ আমি তায়েফ যুদ্ধের সময় আবু সুফিয়ানকে

ইবনে ইয়ালার প্রাচীরের ছায়ায় বসে ফল খেতে দেখলাম। আমি তাকে লক্ষ্য করে একটি তীর মারলাম। তীরটি তার চেখে লাগল। আবু সুফিয়ান হ্যুর (সা:)-এর খেদমতে হাথির হয়ে আরব করলেনঃ ইয়া রসূলুল্লাহ! আমার এই চক্ষু আল্লাহর পথে আহত হয়েছে। হ্যুর (সা:) এরশাদ করলেনঃ তুমি চাইলে আমি আল্লাহর কাছে দোয়া করব। তিনি তোমার দৃষ্টি ফিরিয়ে দিবেন। আর যদি চাও, তবে এর বিনিময়ে তোমার জন্যে রয়েছে জান্নাত। আবু সুফিয়ান বললেনঃ আমি জান্নাতই চাই।

বায়হাকী ও আবু নয়ীম ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, উনিয়া ইবনে হিছন রসূলুল্লাহ (সা:) কে বললেনঃ আপনি আমাকে তায়েফবাসীদের কাছে যাওয়ার অনুমতি দিন। আমি তাদের সাথে ইসলাম সম্পর্কে আলাপ-আলোচনা করব। সম্ভবতঃ আল্লাহতায়ালা তাদেরকে হেদায়েত দান করবেন। রসূলুল্লাহ (সা:) তাকে অনুমতি দিলেন। সে তায়েফবাসীদের কাছে যেয়ে বললঃ তোমরা স্বস্থানে অটল থাক। আমরা গোলামের চেয়েও বেশি লাঞ্ছিত হয়ে গেছি। আমি কসম খেয়ে বলছি যদি তোমরা জয়যুক্ত হতে পার তবে আরবরা সম্মানিত ও শক্তিশালী হবে। তোমরা তোমাদের দুর্গে অটল থাক এবং নিজেদের শক্তি নিজেদের হাতে খতম করা থেকে বেঁচে থাক। তারা যেন তোমাদের উপর এত বেশি হামলা না করতে পারে যে, এই বৃক্ষকেও কেটে ফেলে। এরপর উনিয়া ফিরে এল।

রসূলুল্লাহ (সা:) তাকে বললেনঃ তুমি তাদেরকে কি বলেছ? সে বললঃ আমি তাদের সাথে আলোচনা করেছি এবং তাদেরকে ইসলামের দাওয়াত দিয়েছি। দোয়খ থেকে সতর্ক করেছি এবং জান্নাতের দিকে পথ প্রদর্শন করেছি। হ্যুর (সা:) বললেনঃ তুমি মিথ্যা বলছ; বরং তুমি তাদেরকে এই এই কথা বলেছ। উনিয়া বললঃ ইয়া রসূলুল্লাহ! আপনি সত্য বলেছেন। আমি আল্লাহর কাছে এবং আপনার কাছে তওবা করছি।

ওরওয়া বলেনঃ ইত্যবসরে খওলা বিনতে হাকীম আগমন করল এবং বললঃ ইয়া রসূলুল্লাহ! আপনার তায়েফ গমনে বাধা কিসের? তিনি বললেনঃ আমাকে এ পর্যন্ত তায়েফবাসীদের সম্পর্কে অনুমতি দেয়া হয়নি। আর আমি মনেও করি না যে, আমরা এ সময়ে তায়েফ জয় করতে পারব। হ্যরত ওমর (রাঃ) বললেনঃ আপনি তায়েফবাসীদের উদ্দেশ্যে বদ দোয়া করুন এবং অগ্রসর হোন। আশা করা যায় যে, আল্লাহ তায়ালা বিজয় আপনাকেই দিবেন। হ্যুর (সা:) বললেনঃ তাদের সাথে যুদ্ধ করার ব্যাপারে অনুমতি আসেনি। এরপর তিনি সেখান থেকে ফিরে আসেন। ফিরে

আসার সময় তিনি এই দোয়া করলেন : পরওয়ারদেগার ! এদেরকে হেদায়াত দান কর এবং এরা আমাদিগকে কষ্ট দিচ্ছে সে বিষয়ে আমাদেরকে মদদ কর ।

অন্য এক রেওয়ায়েতে আরও বলা হয়েছে যে, রম্যান মাসে তায়েফের একটি প্রতিনিধি দল রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে হায়ির হয়ে মুসলমান হয়ে যায় ।

ইবনে সা'দ হ্যরত হাসান থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) তায়েফ অবরোধ করলেন । ওমর ফারুক (রাঃ) আরয করলেন : ইয়া রসূলুল্লাহ ! ছক্ষীফ গোত্রের জন্যে বদ-দোয়া করুন । হ্যুর (সাঃ) বললেন : আল্লাহ তায়ালা ছক্ষীফ গোত্র সম্পর্কে আমাকে অনুমতি দেননি । হ্যরত ওমর বললেন : তবে যাদের সম্পর্কে আল্লাহতায়ালা অনুমতি দেননি, তাদের সাথে আমরা যুদ্ধ করব কেন ? অতঃপর অবরোধ তুলে সকলেই ফিরে এলেন ।

বায়হাকী ও আবু নয়ীম ইবনে আমর থেকে রেওয়ায়েত করেন যে, আমরা যখন রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে তায়েফের উদ্দেশ্যে যাত্রা করলাম, তখন পথিমধ্যে এক কবরের কাছ দিয়ে গমন করলাম । হ্যুর (সাঃ) বললেন : এটা আবু রিগালের কবর । আবুরিগাল হচ্ছে ছক্ষীফ গোত্রের মূল প্রতিষ্ঠাতা । সে ছিল ছামুদ বংশীয় । এখানে তার প্রতি কোন বালা এলে তা প্রতিহত করা হত । যখন সে এই হেরেম থেকে বের হল, তখন তার উপর সেই আযাব নাযিল হল, যা তার সম্প্রদায়ের উপর নাযিল হয়েছিল । তাকে এখানেই দাফন করা হয় । এর চিহ্ন এই যে, তার সাথে স্বর্ণ নির্মিত একটি বৃক্ষ শাখা দাফন করা হয়েছে । যদি তুমি এই কবর খনন কর, তবে তুমি স্বর্ণের শাখাটি পেয়ে যাবে । এরপর সকলেই তার কবর খননে তৎপর হয়ে উঠল । কবরের ভিতর থেকে বাস্তবিকই একটি স্বর্ণের শাখা বের করা হল ।

ইবনে সা'দ মোহাম্মদ ইবনে জাফর থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) জেয়েররানা নামক স্থান থেকে ওমরা করেন এবং বলেন : এখান থেকে সন্তুর জন নবী ওমরা করেছেন ।

তাবুক যুদ্ধ

ইবনে ইসহাক, হাকেম ও বায়হাকী হ্যরত ইবনে মসউদ (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে করীম (সাঃ) যখন তাবুক রওয়ানা হন, তখন কয়েকজন সাহাবী পিছনে থেকে যান । তাঁরা নানা কারণে প্রিয় নবীজীর (সাঃ) সহগামী হতে পরেননি । হ্যরত আবু যর (রাঃ) ছিলেন তাঁদের অন্যতম । কাফেলার একজন এক ব্যক্তিকে অনেক দূরে আসতে দেখে বলল : ইয়া রসূলুল্লাহ ! রাস্তায় একজনকে একা একা আসতে দেখা যাচ্ছে । হ্যুর (সাঃ) বললেন : আবু যর হবে ।

অতঃপর সাহাবীগণ গভীর দৃষ্টিতে দেখে বললেন : ইয়া রসূলুল্লাহ ! আল্লাহর কসম, আবু যরই তো আসছে । হ্যুর (সাঃ) এরশাদ করলেন : আল্লাহ আবু যরের প্রতি রহম করুন । সে একাকী চলে এবং একাকীই ইস্তেকাল করবে । একাকীই জীবিত থাকবে ।

তাঁর ইস্তেকালের ঘটনা এই যে, জীবন-সায়াহে তিনি সমসাময়িক লোকদের কাছ থেকে যন্ত্রণা ভোগ করে রবব্যা নামক এক নিভৃত স্থানে চলে যান । সেখানেই তার ইস্তিকাল হয় । তাঁর সঙ্গে তাঁর পত্নী ও গোলাম ছিল । তাঁর জানায়া পথের উপর রেখে দেয়া হয় । এ সময়ে সম্মুখ থেকে একটি কাফেলাকে আসতে দেখা যায় । কাফেলার মধ্যে ছিলেন খ্যাতনামা সাহাবী হ্যরত ইবনে মসউদ (রাঃ) । তিনি এসেই জিজ্ঞাসা করলেন : এটা কি ? বলা হল : এটা হ্যরত আবু যর (রাঃ)-এর জানায়া । একথা শুনে হ্যরত ইবনে মসউদ (রাঃ) কেঁদে ফেললেন এবং বললেন : রসূলুল্লাহ (সাঃ) সত্য বলেছিলেন : আল্লাহ আবু যরের প্রতি রহমত নাযিল করুন, বেচারা একা চলে, একা ইস্তিকাল করবে এবং একই পুনরুদ্ধিত হবে । এরপর ইবনে মসউদ (রাঃ) উট থেকে অবতরণ করে স্বহস্তে তাঁকে কবরস্থ করেন ।

বায়হাকী হ্যরত আবদুল্লাহ ইবনে আবী বকর ইবনে হ্যম থেকে রেওয়ায়েত করেন যে, হ্যরত আবু খুছায়মা (রাঃ) রসূলুল্লাহ-এর পশ্চাতে তাবুক রওয়ানা হন । রসূলুল্লাহ (সাঃ) যখন এক মঙ্গিলে অবতরণ করছিলেন, তখন লোকেরা বলল : এক সওয়ার রাস্তা দিয়ে আগমন করেছে । হ্যুর (সাঃ) বললেন : আবু খুছায়মা হবে । সাহাবীগণ বললেন : আল্লাহর কসম সে আবু খুছায়মাই ।

বায়হাকী ও আবু নয়ীম ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যে সময়ে তাবুকে অবস্থান করেন, তখন পানি একেবারে কমে গিয়েছিল । হ্যুর (সাঃ) আপন পবিত্র হাতে এক অঞ্জলি পানি নিয়ে কুলি করলেন । অতঃপর কুলির পানি একটি ঝরণায় ফেলে দিলেন । ঝরণা উখলে উঠতে লাগল । অবশেষে উপরিভাগ পর্যন্ত পানিতে ভরে গেল । আল্লাহর রহমতে আজপর্যন্তও ঝরণাটি তেমনি রয়ে গেছে ।

মুসলিমের রেওয়ায়েতে হ্যরত মৃয়ায ইবনে জবল (রাঃ) বলেন : আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে তাবুক রওয়ানা হলাম । তিনি বললেন : আমরা ইনশাআল্লাহ আগামীকল্য তাবুকের ঝরনায় পৌছে যাব । কিন্তু সূর্যোদয়ের পূর্বে পৌছা যাবে না । সুতরাং তোমাদের কেউ ঝরনার কাছে গেলে তাতে হাত লাগাবে না । অতঃপর রসূলুল্লাহ (সাঃ) ঝরনার কাছে গেলেন । ঝরনায় জুতার ফিতা সমান

পানি ছিল। তা-ও খুব ধীরে ধীরে প্রবাহিত হচ্ছিল। বরণা থেকে অঞ্জলি দিয়ে অল্প অল্প পানি নিয়ে একটি পাত্রে জমা করা হল। অতঃপর হ্যুর (সাঃ) সেই পানি দিয়ে আপন মুখ্যমণ্ডল ও হাত ধৌত করলেন এবং ব্যবহৃত পানি ঝরণায় ঢেলে দিলেন। বরণা থেকে প্রচুর পানি নির্গত হতে লাগল। সকলেই তা থেকে পানি পান করলেন। এবপর নবী করীম (সাঃ) বললেন : মুয়ায়! যদি তুমি বেঁচে থাক, তবে দেখবে যে, এর পানি উদ্যানসমূহকে সিক্ত করবে।

হ্যরত মুয়ায়ের অন্য এক রেওয়ায়েতে আছে যে, বরণার পানি সশঙ্কে বিদ্যুৎবেগে নির্গত হতে লাগল। সেই পানি আজপর্যন্ত ফোয়ারার অনুরূপ উৎক্ষিণ্ঠ হচ্ছে।

মুসলিমের রেওয়ায়েতে হ্যরত আবু হুরায়রা (রাঃ) বলেন : নবী করীম (সাঃ) তাবুক পৌছলে সাহাবায়ে-কেরাম ক্ষুধায় কাতর হয়ে আরায করলেন : ইয়া রসূলুল্লাহ! আপনি অনুমতি দিন আমরা সওয়ারীর উটগুলো যবেহ করে গোশত খাই এবং চর্বি হাচ্ছিল করি। ওমর ফারঞ্জ (রাঃ) বললেন : হ্যুর, একপ করলে সওয়ারীর সংখ্যা হ্রাস পাবে। আপনি বরং অবশিষ্ট খাদ্য সামগ্রী এক জায়গায় একত্রিত করে বরকতের দোয়া করুন। আশা করা যায় আল্লাহ পাক তাতে বরকত দিবেন।

রসূলে করীম (সাঃ) বললেন : ভাল কথা। অতঃপর তিনি একটি চামড়ার দস্তরখান বিছালেন এবং তাতে প্রত্যেকের অবশিষ্ট খাদ্যসামগ্রী একত্রিত করার আদেশ দিলেন। কেউ একমুষ্টি গম নিয়ে এল এবং কেউ এক মুষ্টি খেজুর এবং কেউ এক খণ্ড রূটি আনল। ফলে দস্তরখানে কিছু জমা হয়ে গেল। এরপর রসূলুল্লাহ (সাঃ) বরকতের দোয়া করে সাহবায়ে-কেরামকে বললেন : আপন আপন পাত্র ভরে নাও। লক্ষকরে এমন কোন পাত্র রইল না, যা খাদ্য সামগ্রীতে ভর্তি হল না। এরপর সকলেই তৃপ্ত হয়ে খেয়ে নিলেন। তা সত্ত্বেও খাদ্য বেঁচে গেল। রসূলুল্লাহ (সাঃ) বললেন : আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ব্যতীত কোন মাবুদ নেই এবং আমি আল্লাহর রসূল। যে বান্দা সন্দেহাতীতরূপে এই কলেমায় বিশ্বাস করে সে আল্লাহতায়ালার সাথে মিলিত হবে, তাকে জান্মাত প্রবেশে বাধা দেয়া হবে না।

আবু নয়ীমের রেওয়ায়েতে হ্যরত আমর আসলামী (রাঃ) বলেন : তাবুক সফরে ঘৃয়ের মশকের দেখাশুনা আমরা দায়িত্বে ছিল। মশকে সামান্যই ধি অবশিষ্ট ছিল। মনি নবী করীম (সাঃ) এর জন্যে খাদ্য প্রস্তুত করার ইচ্ছা করে মশকটি

রৌদ্রে রেখে ঘুমিয়ে পড়লাম। মশকের ধি গলে গেল এবং উপচে পড়তে লাগল। আমার ঘুম ভেঙ্গে গেল। আমি দৌড়ে গিয়ে মশকের মুখ চেপে ধরলাম। রসূলুল্লাহ (সাঃ) আমাকে দেখছিলেন। তিনি বললেন : যদি তুমি মশকের মুখ বন্ধ না করতে এবং এমনিতেই ছেড়ে দিতে, তবে এ উপত্যকায় ঘিয়ের একটি নহর বয়ে যেত।

ইবনে সাঁ'দের রেওয়ায়েতে হাময়া ইবনে আমর আসলামী বলেন : আমরা যখন তাবুকে ছিলাম, তখন মুনাফিকরা রসূলুল্লাহ (সাঃ)-এর উষ্ণী নিয়ে পালিয়ে গেল। যাওয়ার সময় উটের পিঠ থেকে কতক আসবাবপত্র মাটিতে পড়ে যায়। হাময়া বলেন : আমার হাতের পাঁচটি অঙ্গুলিই আলোকময় হয়ে গেল এবং চমকিতে লাগল। অবশ্যে আমি অঙ্গুলির আলোকে পড়ে যাওয়া আসবাবপত্র কুড়িয়ে নিলাম।

ওয়াকেদী, আবু নয়ীম ও ইবনে আসাকিরের রেওয়ায়েতে এরবায় ইবনে সারিয়া (রাঃ) বলেন : তাবুকে অবস্থানকালে রসূলুল্লাহ (সাঃ) হ্যরত বেলালকে জিজেস করলেন : খাওয়ার কিছু আছে কি? হ্যরত বেলাল বললেন : সেই সন্তার কসম, যিনি আপনাকে সত্যসহ প্রেরণ করেছেন, আমরা আমাদের থলে ঘেড়ে ফেলেছি। হ্যুর (সাঃ) বললেন : দেখ, হয়তো কিছু পেয়ে যাবে। হ্যরত বেলাল একটি একটি থলে নিয়ে সেগুলো ঝাড়তে শুরু করলেন। কোন থলে থেকে এক খেজুর এবং কোনটি থেকে দু'টি খেজুর মাটিতে পড়ল। অবশ্যে আমি বেলালের হাতে সাতটি খেজুর দেখলাম। রসূলুল্লাহ (সাঃ) একটি বড় থালা আনিয়ে তাতে খেজুরগুলো রাখলেন। অতঃপর খেজুরগুলোর উপর আপন পবিত্র হাত রেখে বললেন : বিসমিল্লাহ, খাও। আমরা তিন জনেই খেজুর খেলাম। আমি একটি একটি করে খেজুর গননা করে চুয়ান্তি খেজুর গননা করলাম। এগুলোর আঁটি আমার অপর হাতে ছিল। আমার উভয় সঙ্গীও তাই করছিল। অবশ্যে আমরা তৃপ্ত হয়ে হাত গুটিয়ে নিলাম। আমি অবাক হয়ে দেখলাম যে, সেই সাতটি খেজুর তখনও অবশিষ্ট ছিল। হ্যুর (সাঃ) বেলালকে বললেন : এই খেজুরগুলো তুলে রাখ। এগুলো থেকে যে খাবে, সে তৃপ্ত হয়ে যাবে।

পরদিন রসূলুল্লাহ (সাঃ) বেলালকে বললেন : খেজুরগুলো নিয়ে এসো। তিনি খেজুরগুলোর উপর পবিত্র হাত রেখে বললেন : বিসমিল্লাহ, খাও। আমরা ছিলাম দশজন। সকলেই খেয়ে তৃপ্ত হয়ে গেলাম। এরপর যখন হাত গুটিয়ে নিলাম তখন খেজুর তেমনি অবশিষ্ট ছিল। রসূলে করীম (সাঃ) বললেন : আমার আল্লাহ পাকের কাছে লজ্জা লাগে। নতুবা মদ্রিনায় পৌছে যাওয়া পর্যন্ত আমরা এই খেজুর খেতাম।

অতঃপর তিনি খেজুরগুলো এক শিশুকে দিয়ে দিলেন। সে ঐগুলো চর্বণ করতে করতে চলে গেল।

আবৃ নয়ীমের রেওয়ায়েতে বনী সা'দের এক ব্যক্তির বর্ণনা : আমি তাবুকে রসূলুল্লাহ (সা:) -এর কাছে এলাম। তিনি একদল সাহাবীর সঙ্গে উপবিষ্ট ছিলেন। তিনি ছিলেন তাদের সপ্তম। আমি মুসলমান হয়ে গেলাম। তিনি বললেন : বেলাল! আমাদেরকে কিছু খাওয়াও। হ্যরত বেলাল একটি চামড়ার দস্তরখান বিছিয়ে একটি থলে থেকে খাদ্য বের করতে লাগলেন। অতঃপর যি ও পনীর মিশ্রিত খেজুর সমুখে রাখলেন। রসূলুল্লাহ (সা:) বললেন : খাও। আমরা থেতে থেতে ত্প্ত হয়ে গেলাম।

আমি আরয করলাম : ইয়া রাসূলুল্লাহ! এই খেজুর তো এই পরিমাণে ছিল যে, আমি একাই থেতে পারতাম। পরের দিন আমি তাঁর খেদমতে এসে দশ ব্যক্তিকে বসা দেখলাম। তিনি বললেন : বেলাল ! কিছু খাওয়াও। হ্যরত বেলাল থলে থেকে স্বহস্তে এক মুষ্টি খেজুর বের করতে লাগলেন। হ্যুর (সা:) বললেন : বের কর। আরশের মালিকের কাছে অন্টনের আশংকা করো না। হ্যরত বেলাল থলের খেজুরগুলো ছড়িয়ে দিলেন। আমি অনুমান করলাম দু' মুদের বেশি হবে না। নবী করীম (সা:) আপন পবিত্র হাত খেজুরের উপর রেখে বললেন : বিসমিল্লাহ, খাও। সকলেই খেল। আমিও তাদের সঙ্গে খেলাম। অবশেষে পেটে খাওয়ার জায়গা রইল না। বেলাল যে পরিমাণ খেজুর এনেছিলেন, দস্তরখানে সেই পরিমাণ বাকী রয়ে গেল। মনে হচ্ছিল যে, আমরা যেন একটি খেজুরও খাইনি। পরের দিন ভোরে আমি আবার এলাম। রসূলুল্লাহ (সা:) -এর কাছে আরও দশ ব্যক্তি উপস্থিত ছিল। এক কিংবা দু'জন বেশি হবে। হ্যুর (সা:) বললেন : বেলাল, খানা খাওয়াও। বেলাল হ্বহ সেই থলেটি এনে ছড়িয়ে দিলেন। হ্যুর (সা:) আপন পবিত্র হাত তার উপর রেখে বললেন : বিসমিল্লাহ, খাও। আমরা খেলাম। অতঃপর যে পরিমাণ খেজুর ছড়ানো হয়েছিল, সেই পরিমাণ তুলে নেয়া হল। তিনিদিন পর্যন্ত তিনি তাই করলেন।

আবৃ নয়ীম ও ওয়াকেদীর রেওয়ায়েতে হ্যরত আবৃ কাতাদাহ (রাঃ) বলেন : তাবুক থেকে মদীনায ফেরার পথে তীব্র উত্তাপের মধ্যে লশকরের লোকজন দারুন পিপাসার সম্মুখীন হল। কারও কাছে কোন পানি ছিল না। রসূলে করীম (সা:) যায়দ ইবনে হুয়ায়রকে পানির খেঁজে প্রেরণ করলেন। তিনি তাবুক ও হিজরের মধ্যবর্তী স্থানে গেলেন এবং চতুর্দিকে পানির খেঁজে ছুটাছুটি করলেন। অবশেষে পানি ভর্তি

একটি পুরাতন মশক এক মহিলার কাছে পেলেন। ওসায়দ মহিলার সাথে কথাবার্তা বললেন এবং মশকটি রসূলুল্লাহ (সা:) -এর কাছে নিয়ে এলেন। তিনি মশকের পানিতে বরকতের দোষা করলেন এবং বললেন : তোমরা আপন আপন মশক নিয়ে এস। অতঃপর যত মশক ছিল, সবগুলো ভরে নেয়া হল। এরপর তিনি লশকরের উট ও ঘোড়া সমবেত করে সেগুলোকে পেট ভরে পানি পান করালেন। রসূলুল্লাহ (সা:) ওসায়দের আনা পানি একটি বড় পাত্রে ঢাললেন এবং তাতে হাত রেখে আপন মুখমণ্ডল ও উভয় পা ধৌত করলেন। অতঃপর দু'রাকাত নামায পড়লেন। তিনি যখন সেখান থেকে ফিরে এলেন, তখন পাত্র থেকে পানি উথলে উঠছিল।

মুসলিমের রেওয়ায়েতে আবৃ হুমায়দ বলেন : আমরা রসূলুল্লাহ (সা:) -এর সঙ্গে তাবুকের উদ্দেশ্যে রওয়ানা হলাম। অবশেষে ওয়াদিউল ফুলায় এক মহিলার বাগানে পৌছলাম। রসূলুল্লাহ (সা:) বললেন : তোমরা অনুমান কর এই বাগানে কি পরিমাণ খেজুর আছে। আমরা অনুমান করলাম। কিন্তু রসূলুল্লাহ (সা:) -এর অনুমান ছিল দশ ওয়াসক। তিনি মহিলাকে বললেন : আমার এই অনুমানটি মনে রাখবে। আমরা এ পথেই আবার ফিরে আসব।

এরপর আমরা সম্মুখে অগ্সর হয়ে তাবুক পৌছলাম। রসূলুল্লাহ (সা:) বললেন : আজ রাতে ভীষণ বাড়বঝগ্নি হবে। এতে কেউ স্বস্তানে দাঁড়িয়ে থাকতে সক্ষম হবে না। তোমরা আপন আপন উট খুব শক্ত করে বেঁধে রাখ। শেষ পর্যন্ত তাই হল। ভীষণ বায়ু চলল। এক ব্যক্তি বাইরে দাঁড়ালে তাকে বাতাস উড়িয়ে নিয়ে গেল এবং তয় পাহাড়ের কাছে ফেলে দিল।

এরপর আমরা তাবুক থেকে ফেরার পথে উপরোক্ত ওয়াদিউল-ফুলায় পৌছলাম। রসূলুল্লাহ (সা:) মহিলাকে কি পরিমাণ ফল পাওয়া গেল জিজ্ঞাসা করলেন। মহিলা বলল : পূর্ণ দশ ওয়াসক।

ইবনে সা'দ রেওয়ায়েত করেন যে, মুগীরা ইবনে শো'বাকে জিজ্ঞাসা করা হল : এই উশ্মাহর মধ্যে হ্যরত আবৃ বকর (রাঃ) ছাড়া কেউ নামাযে রসূলুল্লাহ (সা:) -এর ইমামতি করেছে কি? মুগীরা বললেন : হঁ, আমরা একবার সফরে ছিলাম। সেহরীর সময় রসূলুল্লাহ (সা:) একটি দূরে পড়ে গেলেন। আমিও সঙ্গে গেলাম। অবশেষে আমরা সকলের দৃষ্টি থেকে উধাও হয়ে গেলাম। হ্যুর (সা:) সওয়ারী থেকে নেমে আমার দৃষ্টি থেকে উধাও হয়ে গেলেন। অনেকক্ষণ পর্যন্ত আমি তাঁকে দেখলাম না। এরপর তিনি আগমন করলেন। আমি পানি ঢেলে দিলাম। তিনি ওয়ু করলেন এবং মোজার উপর মসেহ করলেন। এরপর আমরা এসে সকলের সাথে মিলিত হলাম।

তখন ফজরের নামায শুরু হয়ে গিয়েছিল। ছাহাবীগণ হ্যরত আবদুর রহমান ইবনে আওফ (রাঃ)-কে ইমাম করে নিয়েছিলেন। তিনি এক রাকআত পড়ে দ্বিতীয় রাকাতে ছিলেন। আমি আবদুর রহমান ইবনে আওফকে অবহিত করার জন্যে যেতে শুরু করলে হ্যুর (সাঃ) আমাকে নিষেধ করলেন। অতঃপর আমরা যে রাকাত পেলাম, তাই পড়ে নিলাম এবং বাকী রাকাতের কায়া পড়লাম। নবী করীম (সাঃ) আবদুর রহমান ইবনে আওফের পিছনে নামায পড়ে বললেন : কোন নবীকে আল্লাহর দরবারে ডাকা হয় না, যে পর্যন্ত তিনি উম্মতের কোন সৎ ব্যক্তির পিছনে নামায না পড়ে নেন।

ইবনে সাদ বলেন : আমি ওয়াকেদীর কাছে এ হাদীসটি বর্ণনা করলে তিনি বললেন : এটা তাবুক যুদ্ধের ঘটনা।

ইবনে ইসহাক ও বায়হাকী সহল ইবনে সাদ সায়েদী থেকে রেওয়ায়েত করেন যে, নবী করীম (সাঃ) যখন তাবুকের পথে হিজর নামক স্থানে অবস্থান করলেন, তখন বললেন : আজ রাতে তোমাদের মধ্যে কেউ যেন সঙ্গী ছাড়া বাইরে না যায়। দু' ব্যক্তি ছাড়া সকলেই তাই করল। দু'ব্যক্তির মধ্যে একজন প্রকৃতির ডাকে সাড়া দেয়ার জন্যে একা একা বাইরে গেল এবং অন্যজন তার উটের খোঁজে বের হল। প্রথমোক্ত ব্যক্তিকে তার প্রয়োজনের স্থলে গলা টিপে দেয়া হল এবং শেয়োক্ত ব্যক্তিকে প্রবল বাতাসে উড়িয়ে নিয়ে গেল এবং তায় পাহাড়ে ফেলে দিল।

রসূলুল্লাহ (সাঃ)-কে ঘটনার সংবাদ দেয়া হলে তিনি বললেন : আমি তো আগেই নিষেধ করেছিলাম যে, সঙ্গী ছাড়া কেউ বাইরে যাবে না।

অতঃপর তিনি প্রথমোক্ত ব্যক্তির জন্যে দোয়া করলেন। সে সুস্থ হয়ে গেল এবং দ্বিতীয় ব্যক্তি তাঁর কাছে তখন পৌছল, যখন তিনি মদীনায় ফিরে গেলেন।

ইবনে আবী দুনিয়া ও হাকেম হ্যরত আনাস (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, তিনি বলেন : আমরা রসূলুল্লাহ (সাঃ)-এর সঙ্গে জেহাদের উদ্দেশ্যে রওয়ানা হলাম। হিজর নামক স্থানের নিকটে পৌছে আমরা একটি আওয়াজ শুনলাম। কেউ বলছিল, পরওয়াদেগার! আমাকে মোহাম্মদ (সাঃ)-এর উম্মতের অন্তর্ভুক্ত কর, যাদের মাগফেরাত করা হবে এবং যাদের দোয়া করুল করা হবে। রসূলুল্লাহ (সাঃ) বললেন : আনাস, যেয়ে দেখ তো কিসের আওয়াজ? আমি পাহাড়ে গেলাম। আমি এক শুভ পোশাকধারী ব্যক্তিকে দেখলাম। তার মাথা ও দাঁড়ি সাদা এবং সে দৈর্ঘ্যে তিনশ' হাত। সে আমাকে দেখেই বলল : তুমি নবী করীম (সাঃ)-এর প্রেরিত?

আমি বললাম হাঁ। সে বলল : তাঁর কাছে যেয়ে আমার সালাম আরয় কর এবং বল যে, আপনার ভাই ইলিয়াস (আঃ) আপনার সাথে দেখা করতে চান।

হ্যরত আনাস (রাঃ) বলেন : আমি হ্যুর (সাঃ)-এর কাছে এসে এ সংবাদ জ্ঞাত করলাম। তিনি আমাকে সঙ্গে নিয়ে রওয়ানা হলেন। নিকটে পৌছার পর তিনি আমার অংশে চলে গেলেন এবং আমি পিছনে রয়ে গেলাম। তাঁরা দীর্ঘক্ষণ আলাপ আলোচনা করলেন। এরপর তাঁদের উভয়ের উপর আকাশ থেকে খাদ্য নায়িল হল। হ্যুর (সাঃ) আমাকেও ডেকে নিলেন। আমি তাঁদের সঙ্গে রকমারি খাদ্য খাওয়ার পর দাঁড়িয়ে এক তরফে চলে গেলাম। এরপর একটি মেঘখণ্ড এল। মেঘ খণ্ডটি সেই মহৎ ব্যক্তিকে নিজের মধ্যে তুলে নিল। আমি তাতে তাঁর বন্দের শুভতা দেখতে পাচ্ছিলাম। মেঘখণ্ড তাঁকে আকাশ পানে নিয়ে যাচ্ছিল।

আবু নয়ীম ওয়াকেদীর তরিকায় রেওয়ায়েত করেন যে, তাবুকের সফরে সাহাবায়ে-কেরামের সামনে একটি বিশাল বপু সর্প আত্মপ্রকাশ করল। সকলেই এর সামনে থেকে পালিয়ে গেলেন। সর্পটি সমুখে অগ্রসর হয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে এসে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে রইল। তিনি উটের উপর সওয়ার ছিলেন। এরপর সর্পটি রাস্তা থেকে সরে গিয়ে সটান দাঁড়িয়ে গেল। সাহাবীগণ ফিরে এলে রসূলুল্লাহ (সাঃ) জিজ্ঞাসা করলেন : তোমরা জান এ সর্পটি কে? সাহাবীগণ আরয় করলেন : আল্লাহ ও তাঁর রসূলই ভাল জানেন। তিনি বললেন : আটজন জিনের যে দলটি আমার কাছে কোরআন শ্রবণ করতে এসেছিল, সে তাদেরই একজন। আমি তাদের বন্তীতে এসেছি। তাই সে কর্তব্য মনে করে আমাকে সালাম করতে এসেছে। সে তোমাদেরকেও সালাম বলেছে। সাহাবীগণ বললেন : ওয়া আলাইকুমস সালাম ওয়া রাহমাতুল্লাহ।

আবু দাউদ ও বায়হাকী রেওয়ায়েত করেন যে, সাহাবায়ে কেরাম তাবুকে অবতরণ করে চলাফিরায় অক্ষম এক ব্যক্তিকে দেখতে পেলেন। তাকে তার অবস্থার কারণ জিজ্ঞাসা করা হলে সে বলল : রসূলুল্লাহ (সাঃ) তাবুকে এক খর্জুর বৃক্ষের ছায়ায় অবতরণ করলেন। তিনি বৃক্ষকে সমুখে আড়াল করে নামায পড়তে শুরু করলেন। আমি এবং একটি বালক সমুখ দিয়ে দৌড়ে এসে তাঁর এবং বৃক্ষের মাঝখান দিয়ে চলে গেলাম। তিনি বললেন : যে আমার নামায কেটে দিয়েছে আল্লাহ তার পদচিহ্ন কেটে দিন। এরপর থেকে আমি পদযুগলের উপর দাঁড়াতে পারি না।

বায়হাকী হ্যরত ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যখন তাবুক থেকে ফিরে আসতে মনস্ত করলেন, তখন হ্যরত খালিদ ইবনে ওলীদকে

দওমাতুল-জন্দলের খৃষ্টান বাদশাহ ওকায়দরের বিরুদ্ধে অভিযান করতে প্রেরণ করেন। তাঁর সঙ্গে চারশ' বিশজন অশ্বারোহী দেয়া হল।

হ্যরত খালিদ আরয করলেনঃ ইয়া রসূলুল্লাহ! আমরা দওমাতুল-জন্দলে যেয়ে কি করতে পারব? সেখানে ওকায়দরের মত ক্ষমতাশালী বাদশাহ রয়েছে। আমরা একটি ক্ষুদ্র দলের আকারে সেখানে পৌঁছব।

হ্যুর (সাঃ) এরান্দ করলেনঃ আশা করি আল্লাহ তায়ালা যখন তোমাদেরকে ওকায়দরের সম্মুখীন করবেন, তখন সে শিকাররত থাকবে। তোমরা দওমাতুল-জন্দলের চাবি হস্তগত করবে এবং ওকায়দরকে বন্দী করে নিবে। আল্লাহ তোমাকে সাফল্য ও বিজয় দান করবেন।

সে মতে হ্যরত খালিদ রওয়ানা হলেন এবং দওমাতুল-জন্দলের নিকটে পৌঁছে এক জায়গায় অবস্থান করলেন। এ দিকে রাতের বেলায় একটি বন্য গাভী এসে ওকায়দরের দুর্গের দ্বারে গুঁতা মারতে লাগল। ওকায়দর তখন মদ্যপানে রত ছিল এবং দুর্গের অভ্যন্তরে দুই পঞ্চীর মাঝে বসে গান গেয়ে যাচ্ছিল। তার এক পঞ্চী দেখতে পেল যে, একটি বন্য গাভী দুর্গের দ্বারে গুঁতা মেরে যাচ্ছে। সে বললঃ অদ্য রাতে মাংস খেতে পারিনি। এ কথা শুনে গাভী শিকার করার জন্যে ওকায়দর ঘোড়ায় সওয়ার হল। তার চাকর ও পরিবারের সদস্যরাও তার সাথে রওয়ানা হল। অবশ্যে তারা হ্যরত খালিদ ও তাঁর সঙ্গীদের কাছ দিয়ে গমন করল। অমনি হ্যরত খালিদ ওকায়দর ও তাঁর সঙ্গীদেরকে গ্রেফতার করে আঞ্চেপৃষ্ঠে বেঁধে ফেললেন। আতঃপর নবী করীম (সাঃ)-এর উক্তি স্মরণ করলেন। ওকায়দর বললঃ খোদার কসম, এ রাত ছাড়া আমরা কখনও বন্যগাভী আমাদের কাছে আসতে দেখিনি। অন্য রেওয়ায়েতে আছে যে, এরপর ওকায়দরকে রসূলুল্লাহ (সাঃ)-এর খেদমতে পাঠিয়ে দেয়া হল।

বায়হাকী হ্যরত ওরওয়া থেকে রেওয়ায়েত করেন যে, রসূলুল্লাহ (সাঃ) যখন তাবুক থেকে ফিরছিলেন, তখন তাঁর সঙ্গীদের মধ্যে কিছু (মুনাফিক) লোক তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয়। পরামর্শ করে যে, পথিমধ্যে কোন একটি উঁচু জায়গা থেকে তাঁকে ধাক্কা মেরে নিচে ফেলে দেয়া হবে। তারা এর জন্যে প্রস্তুতও হয়ে যায় এবং মুখোশ পরে নেয়। পরবর্তী উচু স্থানটিতে পৌঁছার পর রসূলুল্লাহ (সাঃ) হ্যরত হ্যায়ফা (রাঃ)-কে আদেশ দিলেনঃ এই দুর্ভিকারীদেরকে তাড়িয়ে দাও। হ্যরত হ্যায়ফা ঢাল নিয়ে গেলেন এবং তাদের উটের মুখে আঘাত করলেন। তিনি তাদেরকে মুখোশ পরিহিত দেখতে পেলেন। আল্লাহ তাদের মনে ভূতি সঞ্চার

করে দিলেন। তারা বুবাতে পারল যে, রসূলে করীম (সাঃ) তাদের ষড়যন্ত্র টের পেয়ে গেছেন। তারা দ্রুতবেগে এসে কাফেলার সাথে মিলিত হয়ে গেল।

হ্যরত হ্যায়ফা ক্ষিরে এলে রসূলুল্লাহ (সাঃ) তাঁকে বললেনঃ তুমি তাদের দ্বন্দ্বপ ও দুরভিসন্ধির কথা জান? তিনি বললেনঃ না। হ্যুর (সাঃ) বললেনঃ ওরা স্থির করেছিল যে, আমি যখনই উচুস্থানে আরোহণ করব, তারা তখন আমাকে ধাক্কা মেরে নিচে ফেলে দিবে।

অন্য এক রেওয়ায়েতে আরও আছে যে, আল্লাহ তায়ালা আমাকে তাদের নাম বাপের নামসহ বলে দিয়েছেন। আমি তোমাকে এসব নাম বলে দিব। সে মতে হ্যুর (সাঃ) হ্যরত হ্যায়ফাকে (রাঃ) বারটি নাম বলে দিলেন।

বায়হাকীর অন্য এক রেওয়ায়েতে হ্যরত হ্যায়ফা (রাঃ) বলেনঃ আমি রসূলে করীম (সাঃ)-এর উদ্ধীর লাগাম ধরে অঞ্চে অঞ্চে হেঁটে যাচ্ছিলাম এবং আশ্মার পিছন থেকে হাঁকছিলেন। আমরা যখন একটি উচ্চভূমিতে উপনীত হলাম, তখন হঠাৎ বারজন উদ্ধারোহীকে দেখতে পেলাম। তারা সম্মুখ দিক থেকে টিলার উপর এসে গেল। আমি রসূলুল্লাহ (সাঃ)-কে বললে তিনি তাদেরকে ধর্মক্ষয়ে দিলেন। তারা পৃষ্ঠ প্রদর্শন করে পলায়ন করল। হ্যুর (সাঃ) আমাকে জিজ্ঞেস করলেনঃ তুমি এই লোকদেরকে চিনেছ? আমি বললামঃ না। তারা মাথায় এবং মুখে কাপড় জড়িয়ে রেখেছিল। তিনি এরশাদ করলেনঃ এরা ছিল মুনাফিক। কিয়ামত পর্যন্ত এরা মুনাফিক থাকবে। তুমি জান ওদের অভিসন্ধি কি ছিল? আমি আরয করলামঃ না। তিনি বললেনঃ ওরা চেয়েছিল আমার চারপাশে ভিড় করে আমাকে নিচে ফেলে দিতে। তিনি আরও বললেনঃ আল্লাহ তায়ালা ওদেরকে “দবীলা” দিয়ে মেরে ফেলবেন। আমরা আরয করলামঃ হ্যুর! দবীলা কি? তিনি বললেনঃ এটা আগন্তের একটি শিখা, যা তাদের প্রত্যেকের ধর্মনীতে পতিত হবে এবং তাকে বধ করবে।

মুসলিম হ্যরত হ্যায়ফা (রাঃ) থেকে রেওয়ায়েত করেন যে, রসূলে আকরাম (সাঃ) বলেছেন- আমার উম্মতের মধ্য থেকে বারজন মুনাফিক কখনও জানাতে দাখিল হবে না। যে পর্যন্ত সুইয়ের ছিদ্র দিয়ে উট প্রবেশ না করে। তাদের মধ্যে আটজনকে দবীলা দ্বারা আক্রমণ করা হবে। দবীলা একটি অগ্নি শিখা যা তাদের কাঁধের মধ্যস্থলে প্রকাশ পাবে এবং বক্ষ ভেদ করে চলে যাবে।

আসওয়াদ অভিযান

‘কিতাবুর-রিদতে’ জাশীশ দায়লামী বর্ণনা করেন- আমাদের কাছে রসূলুল্লাহ (সাঃ)-এর একটি পত্র এল। তাতে তিনি আমাদেরকে ইসলামের উপর অটল

থাকা, জেহাদের জন্যে বের হওয়া এবং আসওয়াদ কায়্যাবের বিরুদ্ধে কার্য ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছিলেন। সেমতে আমরা আসওয়াদের বিরুদ্ধে লড়াই করে তাকে হত্যা করলাম। রসূলুল্লাহ (সাঃ) তখনও জীবিত ছিলেন। আমরা ঘটনার সংবাদ দিয়ে একটি পত্র লিখলাম এবং একজন দৃতকে তাঁর কাছে প্রেরণ করলাম। কিন্তু দৃত পৌঁছার আগেই হ্যুর (সাঃ) ইহধাম ত্যাগ করলেন। কিন্তু আসওয়াদের সাথে যেদিন যুদ্ধ হয়, সেই রাতেই রসূলুল্লাহ (সাঃ) ওহীর মাধ্যমে সংবাদ পেয়ে যান এবং সাহাবীগণকে অবহিত করেন। আমাদের প্রেরিত দৃত হ্যরত আবু বকর (রাঃ)-এর কাছে পৌঁছে এবং তিনি আমাদের পত্রের জওয়াব দেন।

দায়লামী হ্যরত ইবনে ওমর (রাঃ) থেকে বর্ণনা করেন যে, যে রাতে আসওয়াদকে হত্যা করা হয়, সে রাতেই ওহীর মাধ্যমে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে খবর এসে যায়। হ্যুর (সাঃ) আমাদের কাছে এসে বললেনঃ আজ রাতে আসওয়াদ আনাসী নিহত হয়েছে। তাকে একজন পুণ্যবান ব্যক্তি হত্যা করেছে। সে সন্তুষ্ট বংশোদ্ধৃত। জিজ্ঞাসা করা হলঃ সে কে?

হ্যুর (সাঃ) এরশাদ করলেনঃ সে হচ্ছে ফিরোজ। ফিরোজ সাফল্য অর্জন করেছে।